For the educational, cultural and socio-economic uplift of people belonging to SC, ST & OBC communities, the State Government has taken up various schemes. During the current financial year about 16 lakh SC and 2.33 lakh ST students have been benefited under the educational schemes of the Government at the pre-matric stage. In order to give special emphasis on infrastructure development in the areas having concentration of SC and ST people, the Government released funds for 160 schemes which include construction of roads, culverts, irrigation channels, drinking water supply, repair of schools and hostel buildings etc. For promotion of literary and cultural activities among the backward classes, State level awards have been introduced for eminent tribal persons in the fields of arts, crafts, music, literature and performing art.

My Government is continuously striving to improve the existing health-care system in this State. The major thrust is on preventive health-care. The hospitals under the State Government cater to the health-care needs of more than 70% of the people of West Bengal. The efforts of my Government are directed towards upgrading the existing infrastructure and creating more facilities in the Government hospitals and health centres. It has been decided that one-third of the 932 Public Health Centres would be upgraded to at least 10 bedded hospitals. The emergency-wards in all the medical teaching institutions have been revamped and strengthened with 40 additional observation beds for better casualty-care services. A project for development of a National Institute of Medical Science & Technology as a joint-venture with I.I.T., Kharagpur has been taken up.

Balanced regional growth is one of the development strategies of my Government. With this end in view Bardhaman Development Authority has been established. Setting-up of a New Satellite Township for Asansol on a plot of 117 acres at Kalyanpur having facilities like health centre, educational institutes, bank, road, etc. meant for low, middle and high income groups is in progress.

My Government has been according due attention to the housing sector to meet the increasing demand of dwelling units in the urban areas and semi-urban areas. The West Bengal Housing Board on its own and through the joint venture companies have

so far constructed more than 33,400 dwelling units. Preparation of schemes for 40 flats for Low Income Group, 30 flats for Middle Income Group, 280 flats for Rental Housing Estate Scheme, 20 flats under the ownership scheme and construction of a working women's hostel at Bidhan Nagar are in progress. The West Bengal Housing Board has already constructed 224 dwelling units in the New Town, Kolkata. Construction of a 6-Lane double carriage-way bridge over Krishnapur Canal connecting the New Town with Salt Lake City has been completed. Water supply, drainage and sewerage schemes for the New Town have also been started.

The Municipal Affairs Department of my Government has launched the Kolkata Urban Services Project for improving the quality of life of the urban poor living in the 40 urban local body areas of KMDA. Under this programme the urban infrastructure including slums would be improved and the capacity of the urban local bodies would be upgraded through introduction of accounting reforms, property tax reforms and use of Information Technology. Under the "Swarna Jayanti Sahari Rojgar Yojana" programme, about 85,000 families are being benefited through extension of micro credit. Six towns namely, English Bazar, Tarakeswar, Habra, Cooch Behar, Basirhat and Midnapore have also been brought under the coverage of Integrated Development of Small and Medium Towns Programme during this year.

Provision and supply of safe drinking water to the large majority of the people living in the rural and semi-urban areas is a key programme of the State Government. The Public Health Engineering Department has been continuing its major programme to combat arsenic menace by providing safe drinking water to the rural populace by providing at least one safe drinking water source in every arsenic affected habitations by installing Arsenic Treatment Unit with Hand Pump fitted Tube Well or a Deeper Aquifer Spot Tube Well.

The Food & Supplies Department of my Government operates a broad based public distribution system to ensure food security for the people of the State and specially for the poorer sections. In this State 814 lakh ration card holders including about 250 lakh belonging to below the poverty line category are being served through 20,447 fair price shops. The programme for replacing the

existing ration cards by cards with distinct colours is already on. The replaced cards would enable the BPL card holders to avail all other benefits to be extended by the State Government like free medical treatment in Government hospitals, free education upto a certain level and free legal aid in some cases.

The Relief Department acts as a nodal department for disaster management to reduce loss of life and property in times of a natural calamity and to undertake timely rescue and relief operation and post-disaster restoration and rehabilitation work. Several Plan schemes are being executed for construction of Relief Complex, Flood or Cyclone Shelter, Relief Godown and Store and for building Disaster Warning System as well as computerisation of Relief Department.

My Government has taken up several schemes for welfare of the youth. Self-employment schemes for the youth under Bangla Swanirbhar Karmasansthan Prakalpa are being implemented with the help of different agencies. A counseling and guidance centre at the State Youth Centre, Moulali in Kolkata is functioning to guide the prospective entrepreneurs. 78 existing Youth Computer Training Centres are conducting Computer Courses for the students and youth at various districts in the State. Vocational Training Courses for the youth are also being conducted by the existing three Youth Vocational Training Centres.

Advancement of science and technology is one of the priority areas of my Government. Bio-Technology Policy of the Government of West Bengal has already been announced. The Science & Technology Department of my Government has taken up a number of programmes in the fields of bio-fertilisers, floriculture and agro-technology.

The Forest Department of my Government has taken up a number of schemes for development and conservation of forests and wild life by involving forest-fringe dwellers through formation of Forest Protection Committees and Eco-Development Committees. At present, there are 3,805 Forest Protection Committees and 93 Eco-Development Committees in this State and they are protecting more than 6,000 sq. km. of forest area. The West Bengal Forest Development Corporation Limited has taken encouraging steps in

the promotion and development of eco-tourism in West Bengal by setting up several Eco-Tourism Centres both in North Bengal and in South Bengal. A new Centrally Sponsored Scheme entitled "Integrated Forest Protection Scheme" is being implemented from this year to take up protection measures against incidents such as forest fire.

Efforts have been made by the State Government for abatement and control of pollution, arresting environmental degradation and also for conservation of natural resources. A common facility centre has been set up in Howrah in the private sector for treatment and disposal of bio-chemical wastes from health-care organisations located in Kolkata and Howrah. In addition, a unit for treatment and disposal of hazardous industrial wastes is being set up in the joint sector in Haldia. The West Bengal Pollution Control Board has issued orders banning the use of plastic carry bags in the district of Darjeeling, the Sunderbans, the coastal and forest areas and in ten heritage spots of this State.

My Government has taken appropriate steps to develop the Sundarbans area. Schemes for construction of all-weather roads, jetties, culverts, foot-bridges, construction of drainage network and creation of irrigation potential are being taken up to improve the economy of the area. Social forestry, social infrastructure, delivery of safe water, non-conventional energy and conservation of biosphere have been identified as priority areas.

The Development and Planning Department of my Government has introduced publication of a quarterly "Report on West Bengal Economy" which contains the latest data on different sectors along with analytical notes to reflect the actual economic situation of West Bengal. A Technical Committee has also been constituted to suggest, co-ordinate and improve the statistical system of the State.

With these words, I leave you to your deliberations and I wish you all success.

JAI HIND

...(When the Governor was addressing the House, several Trinamul Congress Members thumped desks. They were displaying

placards. They were shouting slogans. Complete chaos was continuing. The Governor could not continue his speech. He then read out the last line of his speech.)...

The Governor having finished his speech, the National Anthem was again played. All Members rose in their seats. The Governor then left the Chamber in procession in the same order in which it came in.

[4.30—4.33 p.m. including adjournment]

**Mr. Speaker:** I beg to report that the Governor has been pleased to make a speech today and a copy of the speech has been placed on the Table.

Motion, if any, under rule 16(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly may now be moved.

## MOTION OF THANKS

**শ্রী পদ্মনিধি ধর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, "রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক :

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ২৬শে ফেব্রুয়ারি, ২০০৪ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে'।"

**শ্রী সুব্রত বসু :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপাল মহোদয় এই বিধানসভা অধিবেশনের শুরুতে যে ভাষণ প্রদান করেছেন তার জন্য যে ধন্যবাদসূচক প্রস্তাব মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর উত্থাপন করেছেন, আমি সর্বান্তঃকরণে সেই প্রস্তাব সমর্থন করছি।

**Mr. Speaker:** Hon'ble Members, amendments to this Motion of Thanks will be received in the Office upto 2 p.m. on Thursday, the 4th March, 2004.

## Adjournment

The House was then adjourned at 4-33 p.m. till tomorrow, Friday, the 27th February, 2004.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 27th February, 2004 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (**Shri Hashim Abdul Halim**) in the Chair, 05 Ministers, 02 Ministers of State and 124 Members.

[ 11.00—11.10 a.m. ]

## OBITUARY REFERENCES

**Mr. Speaker:** I rise to perform a melancholy duty to refer to the sad demise of former Minister of West Bengal, former Members of West Bengal Legislative Assembly and other renowned personalities in different spheres who breathed their last after the last session of the Assembly.

**Dr. Santi Kumar Desgupta**, former Minister of Government of West Bengal breathed his last on the 10th January,2004 at his residence at Dum Dum, North 24-Parganas after a prolonged illness. He was 89.

Dr. Dasgupta was born on the 9th November, 1914 in an illustrious family of Dhaka of undivided Bengal now in Bangladesh. He had his primary education at Ishan Chandra Vidyalaya at Faridpur, Bangladesh. But later, when his parents settled permanently at Howrah, he had his higher education at B.K. Paul Institute and Bangabasi College. While studying M.Sc. he participated in various political activities. At that time, owing to his active participation in political movements, he suffered imprisonment several times. As a brilliant student he passed the M.A. examination from Jail. Later he did masters degree in Philosophy and Political Science. In recognition of his valuable research work on allegorical drama of Rabindranath he got a Ph.D from the Calcutta University. In his political career he also suffered imprisonment and was detained in Jail for his active involvement in Non-cooperation movement. August movement and several other movements.

A man of unostentatious life style Dr. Dasgupta started his professional career initially at the daily 'Ananda Bazar Patrika' and a monthly magazine 'Matribhumi Patrika'. Later, for a brief stint he served as a lecturer at Shibpur Dinabandhu College, Belur Lalbaba College and Harimohan College. Afterwards he joined the City College as a lecturer and held the chair of Principal of that College which he continued till his retirement. Meanwhile he became a member of the Syndicate of the Calcutta University. In his noble profession he earned an enviable reputation.

Dr. Dasgupta was associated with so many social and cultural organisations. He authored a good number of books out of which 'Rabindra Natya Prabaha', 'Nirban', etc. are remarkable.

Dr. Dasgupta was elected a member of the West Bengal Legislative Assembly first in 1971 from Howrah South Assembly Constituency as a Congress(R) Candidate and then in 1972 from the same constituency as a Congress Candidate. He held the portfolio of Minister-in-Charge of the Education Department, Government of West Bengal in the Cabinet headed by Ajoy Kumar Mukhopadhyay.

At the demise of Dr. Dasgupta the State has lost an able administrator, a veteran freedom fighter and a renowned educationist.

**Shri Atahar Rahaman**, former Member of the West Bengal Legislative Assembly breathed his last on the 13th December, 2003 at his native place in Murshidabad after a prolonged suffering from Cancer. He was 69.

A true believer of Marxism Shri Rahaman was attracted to Communist movement in his student life. In the fifty's decade Shri Rahaman involved himself in the peasant movement. He actively participated in the Communist movement at different times and became a true friend of the toiling masses. He was associated with many philanthropic organisations and devoted his life for the upliftment of the downtrodden people.

He was elected to the West Bengal Legislative Assembly in 1977, 1982 and 1987 from Jalangi, Murshidabad Constituency as a candidate of the Communist Party of India (Marxist).

At the sad demise of Shri Rahaman the State has lost a veteran politician and an arden social worker.

**Shri Abdus Sobahan Gazi**, former Member of the West Bengal Legislative Assembly breathed his last at Ramchandrapur, Joynagar, South 24-Parganas on the 27th January, 2004 after a prolonged suffering from Cancer. He was 66.

Shri Gazi was born at Ramchandrapur, Joynagar, South 24-Parganas on the 18th April, 1938. He had his education at Dakshin Barasat S.A. High School, Surendra Nath College and Jadavpur University. He was an active worker of different democratic organisations from his student life.

He took his profession as a teacher. He got membership of the Communist Party of India (Marxist) in 1969 and played a key role in organising the Party at Joynagar and adjoining areas. A prominent leader of the Teachers movement, Shri Gazi became the Secretary and then the President of the South 24-Parganas District Committee of A.B.T.A. He was one of the pioneer organisors of 'Itihas Congress'.

Shri Gazi had been elected to the West Bengal Legislative Assembly for three consecutive terms from Magrahat (West) Assembly constituency since 1977 as a candidate of the Communist Party of India (Marxist).

At the sad demise of Shri Gazi the State has lost a veteran politician and ardent social worker.

**Shri Mir Fakir Mohammad**, former member of West Bengal Legislative Assembly breathed his last on the 8th February, 2004 at N.R.S. Medical College and Hospital, Kolkata following a cardio-respiratory failure. He was 66.

[ 11.10—11.18 a.m. ]

Shri Mohammad was born on the 9th June, 1938 at Debagram, Nadia. He had his schooling at Debagram S.A. Vidyapith in his native village. By profession he was a primary school teacher. He was the President of Nikhil Banga Pradeshik Sikshak Samiti. He was an active member of C.P.I.(M) since 1971. As a sincere political worker he was associated with many political organisations. He was a renowned social worker too.

Shri Mohammad was elected a member of the West Bengal Legislative Assembly first in 1971 from Kaliganj Assembly Constituency as an Independent candidate and then in 1977 from Nakashipara Assembly Constituency as a C.P.I.(M) candidate.

At the demise of Shri Mohammad the State has lost a veteran politician as well as an ardent social worker.

**Shri Subinay Roy,** a legendary Rabindra Sangeet exponent breathed his last on the 9th January, 2004 at a nursing home in Bidhannagar after a prolonged illness. He was 83.

Shri Roy was born in the year 1921 in the musical environment of a Brahmo family. From his very childhood he was nurtured in Brahmo sangeet. He was educated at Metropolitan School, Biswa Bharati and City College in Kolkata. While studying at Biswa Bharati he had his music lessons from Sailajaranjan Mazumdar, Indira Debi Chowdhurani and V.V. Majhelwar and also from Rabindra Nath himself. Besides, he learnt classical music especially Drupad of Bishnupur Gharana from Ramesh Chandra Bandyopadhyay first and then Khayal, Thumre from Girija Sankar Chakraborty. For a brief stint he was associated with Sangeet Bhawan of Biswa Bharati as a teacher of music. Later, after obtaining diploma in Chartered Librarianship from London he joined the Indian Statistical Institute where he worked for a long period. He was a teacher of music of 'Dakshinee', an musical institution, from its very foundation. He was also associated with 'Gaandharbee' Sangeet institution for a brief period . He himself set up a Sangeet Shikshayatan named 'Geetabeethi'. He was equally popular to his students and music-lovers in general. As an ideal teacher he was very much conscious of the correctness of musical notation of Rabindra Sangeet.

An outstanding melodist of high repute Shri Roy started singing at all India Radio in the Forties. In 1945 his songs 'AEYEE KARECHHO BHAALO NITHURA HEY' and 'TUMI DAAK DEYACHHO KONE SAKAALEY' was first recorded and brought out from Colombia.

At the demise of Shri Roy the state has lost a luminary in the arena of music.

**Pandit Vishnu Govinda Yoga**, popularly known V.G. Yog, an eminent violin maestro breathed his lost on the 31st January, 2004 after a protracted illness. He was 82.

The talented violin maestro Pandit V.G. Yoga was born at wat, Maharashtra in 1922. Since his boyhood he was very fond of music and continued cultivation of music under his elder brother, Atwoli and Ganapat Rao Purohit. Later he started learning how to play Violin under Pandit Bishwaswar Shastri. Afterwards he got training under Pandit Ratan Jhalkar and Ustad Alauddin Khan too. In 1935 his performance at Allahabad Music Conference enchanted the audience highly. In 1952 he joined Aakashbani as a music director and remained associated with that institution till 1996. Though trained in Gwalior-Agra style, Pandit Yoga created a unique style. He accompanied many renowned artists like Ustad Faiaz Khan, Pandit Onkar Nath Thakur, Ustad Barey Golam Ali Mia, Begum Akhtar, etc. by playing on the Violin. He had a close association with Ustad Ali Akbar Khan and Pandit Rabi Shankar. Pandit V.G. Yoga had received several honours, like Hafiz Ali Khan award, the Kalidas Samman, Rajya Natak award, the Sangeet Natak award and Padma Bhushan. He was also honoured 'Behala Sura Samrat' from America in 1973.

At the sad demise of Pandit V.G. Yoga the State as well as the country has lost a lumingary in the field of music.

**Smt. Subrata Chattopadhyay**, an eminent Bengali screen and stage actress breathed her last on the 24th February, 2004 at Nilratan Sarkar Medical College and Hospital after a prolonged illness. She was 64.

Smt. Chattopadhyay was born on the 18th July, 1940 at Faridpur of undivided Bengal now in Bangladesh. She had her schooling at Mitra Institution and learnt recitation from Satya Bandyopadhyay, a renowned actor. As a film artist she made her maiden appearance in the film 'Ladies Seat' in 1954. The next film she featured in was "Shashurbari".. her brilliant performance in the film "Personal Assistant" brought her in the limelight. In her career she acted with extraordinary conviction in more than 100 films. The most challenging roles she had to play were those in

"Sat Pake Bandha", "Ban Palasir Padabali", etc. In recognition of her excellent role in Satyajit Ray's "Chiriakhana" she was awarded by Bengal Film Journalists' Association. Besides film, she acted in more than a dozen plays on commercial stage. Her performance in "Kshudhaa" and "Arogya Niketan" in Biswarupa were widely acclaimed. She also acted in a number of plays on All India Radio and Doordarshan, Kolkata and left a deep impression on the audience.

At the demise of Smt. Chattopadhyay the State has lost an outstanding actress of rare versatility.

**Smt. Sindhubala Debi**, an eminent Jhumur artist breathed her last on the 5th January, 2004 at her own residence at Kenari Village in Purulia after a prolonged illness. She was 92.

Smt. Sindhubala, the founder of Court Jhumur as well as professional Jhumur, was born in the year 1912 in a poor peasant family of Makhla under Bunduan P.S., Purulia. From her very childhood she had a keen affinity to dancing and singing. Under the inspiration of her husband she soon established herself as a talented Jhumur artist. In her career she was able to earn an enviable reputation by virtue of her brilliant performance. During the last part of her life she always endeavoured to uphold the culture of Jhumur. She set up a school of folk-song in her native village. In 1984 she was honoured with the award 'Lalan Puraskar' by the Government of West Bengal. She was honoured by the Rabindra Bharati Viswa Vidyalaya in 1986. She was also a recipient of 'Sangeet Natak Academy' award.

At her death the State has lost a legendary Jhumur artist.

**Shri Ajoy Bose**, former Footballer, Criketer, renowned Sports Journalist and the doyen of Bengali Commentary breathed his last on the 9th February, 2004 at S.S.K.M. Hospital, Kolkata after a prolonged illness. He was 83.

A man of versatile genuine Shri Bose was born on the 3rd October 1920 in Kolkata. From his very student life he had a natural habit of writing. He had also a keen interest in both Football and Cricket. In 1941 he came into limelight as a footballer when he

joined Sporting Union. He played football for Sporting Union with full command for over a decade. In his Cricket career he was a good leg-spinner and middle-order batsman. He played cricket for Jorabagan Club, Aurora Athletic Club and also for Sporting Union. In 1944 he took up his profession as an assistant in Amrita Bazar Patrika. In 1946 he was assigned with works at News Desk of Jugantar Newspaper. During last two decades of his life he was closely associated with the daily "Aajkal".

The pioneer of Bengali Commentary Shri Bose alongwith Puspen Sarkar first started Bengali Commentary in Football on the match between East Bengal and Mohun Bagan in 1957 on All India Radio, Kolkata. In 1959, when All India Radio, Kolkata started Bengali Commentary in Cricket, he had to Commentate on the Test match between Richie Benaud—led Australia and GS Ram Chand—led India at Eden Gardens. In his career he earned an enviable reputation by virtue of his brilliant knowledge of game and excellent description of action on-field. His golden voice made him more eminent and so popular that even housewives took an active interest in the game. Besides, he was the first television Commentator in Bengali and had the distinction of being only commentator in the World to do commentary in as many as 16 sports. Apart from sports commentary he relayed the action live on the occasion when Sheikh Mujibar Rahman, the first Prime Minister of Bangladesh came to Kolkata and addressed the crowd alongwith Indira Gandhi, the then Prime Minister of India after Indo-Pak war in 1971 and when Nelson Mandela, the President of South Africa came to Kolkata.

Shri Bose used to contribute articles regularly for a Bengali Sports magazine. He authored 16 books on sports in the Pseudonym 'Sabyasaachi', out of which "Aakaashey Cricketbani" are remarkable. He was one of the founders of 'Sports Journalists' Federation of India. He also served as guest lecturer at Calcutta University's Journalism Department.

At the demise of Shri Bose the State has lost a legendary Bengali Commentator, an outstanding Sports Journalist and an eminent football and cricket player.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

...(At this stage Hon'ble Members rose in their seats and observed two minutes' silence)...

(After 2 minutes)

**Thank you Ladies and Gentlemen.**

Principal Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## Adjournment

The House was then adjourned at 11.18 a.m. till 11.00 a.m. on Monday, the 8th March, 2004 at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 8th March, 2004 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 09 Ministers,09 Ministers-of-State, and 137 Members.

[ 11.00 – 11.10 a.m. ]

## OBITUARY REFERENCES

**Mr. Speaker** : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Mukul Gopal Mukherjee, former Justice of Calcutta High Court and Shri Achintya Chakraborty, veteran Journalist who died very recently.

**Shri Mukul Gopal Mukherjee**, former Justice of Calcutta High Court as well as former Chairman of West Bengal Human Rights Commission breathed his last on the 28th February, 2004 at a hospital in Kolkata following a cardiac arrest. He was 68.

Shri Mukherjee started his professional career as a lawyer at the Calcutta High Court in the Sixties. He soon shot into prominence as an outstanding lawyer. In the Eighties he was appointed a Justice of the Calcutta High Court. Afterwards, he took over the charge of office of the Chief Justice of Rajasthan High Court. After his retirement from Judicial Service he was inducted in the office of Chairman of the West Bengal Human Rights Commission. Besides his legal profession, he had been on the National Panel of the Board of Control for Cricket in India. He was also the Vice-President of the Trustee Board of the Cricket Association, Bengal.

At the demise of Shri Mukherjee the State has lost an outstanding personality in the arena of law and justice.

**Shri Achintya Chakraborty**, veteran Journalist breathed his last on the 25th February, 2004 ata R.G.Kar Medical College and Hospital, Kolkata after a prolonged illness. He was 81.

Shri Chakraborty was born on the 26th January, 1923 in Pabna of undivided Bengal now in Bangladesh. He matriculated

from Balurghat and had his college education at Rajsahi-Rangpur in Bangladesh. He did his Master degree in Commerce from the Calcutta University. From his very student life he was involved in politics. He actively participated in 'Tebhaga' movement and suffered imprisonment for years together. In 1948 when the Communist Party was banned, he was again arrested and detained in Berhampore Jail first and then Dum Dum Central Jail. While in Jails, he came in close contact with many forefront leaders of the Communist Party. In 1952 after his release from Jail, he took up his profession of a journalist and served in the News Agency 'U.P.I.' without any remuneration. At that time he also served as a Reporter of a Chinese daily published from Kolkata. He worked at Bombay office of U.P.I. till 1958. Later, after working with different news agencies he joined the daily 'Statesman' in 1959, where he worked till 1983 as on able and efficient journalist. As an outstanding journalist he earned reputation by virtue of his excellent reporting on some important events like Goa Liberation movement, earthquake in Algiers, etc.

At the demise of Shri Chakraborty the State has lost a luminary in the field of journalism.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(After 2 minutes)

Thank you Ladies and Gentlemen.

Principal Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

[11.00 – 11.10 a.m.]

**Mr. Speaker** : I beg to present the 48th report of the B.A. Committee. The Committee met in my chamber and recommended the following programme of the business from the 8th March to 11th March, 2004.

Now I request the Hon'ble Minister in-charge of Parliamentary Affairs to please move the motion for acceptance.

**Shri Probodh Chandra Sinha** : Sir, I beg to move that the 48th Report of the B.A. Committee presented this day be agreed to by the House.

The Motion was then put and agreed to.

## Starred Questions
## (to which oral answers were given)

### টোল শিক্ষা উন্নয়ন পর্ষদ

*১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫) **শ্রী জ্যোতির্ময় কর** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ক) এটা কি সত্যি যে, সংস্কৃত শিক্ষা বিস্তারের জন্য রাজ্য সরকার টোল শিক্ষা উন্নয়ন পর্যদ গঠন করেছেন এবং

(খ) সত্যি হলে, এর কার্যধারা কি?

**শ্রী কান্তি বিশ্বাস** :

ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি অত্যন্ত শুষ্কং কাষ্ঠং-এর মত উত্তর দিলেন। সংস্কৃত শিক্ষা বিস্তারের জন্য, সংস্কৃত টোল শিক্ষার জন্য ডঃ রমারঞ্জন মুখোপাধ্যায়ের সভাপতিত্বে কোনো কমিটি গঠন করা হয়েছে কিনা ? কমিটি গঠন করা হলে তার কার্যবিধি এবং উদ্দেশ্য কি ?

**শ্রী কান্তি বিশ্বাস** : অধ্যাপক রমারঞ্জন মুখোপাধ্যায়ের নেতৃত্বে ১০ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। বাংলার সংস্কৃত শিক্ষার প্রসারের জন্য যে সমস্ত অধ্যাপক কাজ করেন—তাঁদের নিয়োগবিধি, তাঁদের আর্থিক সুযোগ-সুবিধা প্রদান এবং নিয়মিতভাবে সেই সুযোগ-সুবিধা সরকারের পক্ষ থেকে প্রদান করা এবং সংস্কৃত শিক্ষাকে আরও জনপ্রিয় করা এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয় বিচার-বিবেচনা করে ১ বছরের মধ্যে এই কমিটি তার বিবেচনা প্রসূত সুপারিশ সরকারের কাছে পেশ করবে। এই সিদ্ধান্ত গত ডিসেম্বর মাসে গ্রহণ করা হয়। গত ডিসেম্বর মাসে সরকারী আদেশ বলে এই কমিটিকে নিয়োগ করা হয়েছে।

**শ্রী জ্যোতির্ময় কর** : এর মধ্যে সিলেবাস অন্তর্ভুক্ত আছে কিনা ? এঁরা কাজ শুরু করেছেন কিনা ? এবং কাজ শুরু করলে এর ইনফ্রাস্ট্রাকচারাল সাপোর্ট বা পরিকাঠামোগত কি ব্যবস্থা তাঁরা করেছেন বা সরকার করেছেন, সেটা যদি অনুগ্রহ করে জানান তাহলে ভাল হয়।

**শ্রী কান্তি বিশ্বাস** : অত্যন্ত স্বাভাবিকভাবে সংস্কৃত শিক্ষার যদি প্রসার ঘটাতে হয় তাহলে তার পঠিতব্য বিষয়, তার পাঠক্রম, তার পাঠ্যসূচীকে পরিহার করে কখনই সংস্কৃত

শিক্ষা চালু করা যায় না। এই কমিটির কাছে সংস্কৃত শিক্ষার পঠিতব্য কি হবে, পাঠক্রম কি হবে, পাঠ্যসূচী কি হবে—এই সব বিষয়ে মতামত দেওয়ার অবকাশ সরকারের পক্ষ থেকে রাখা হয়েছে। আপনার দ্বিতীয় প্রশ্নের উত্তরে জানাই যে, এই কমিটি তাঁদের কাজ শুরু করেছেন। বিভিন্ন জায়গায় তাঁরা অনুসন্ধান করছেন। আমরা বলেছি, প্রয়োজন হলে ভারতবর্ষের অন্যান্য রাজ্যে সেখানে সংস্কৃত শিক্ষার ব্যাপারে কি ব্যবস্থা চালু আছে, কি ব্যবস্থা প্রবর্তিত আছে, সেই সম্পর্কে তাঁরা খোঁজ-খবর নেবেন।

[ 11.10 a.m.—11.20 a.m. ]

এই কমিটির কাজ কিভাবে চলছে সেই সম্পর্কে আপনি জিজ্ঞাসা করেছেন। মাননীয় বিধায়ককে এই প্রসঙ্গে বলতে চাইছি যে অসুবিধা কিছু আছে ঠিকই। এখন আমাদের অর্থনৈতিক সংকট—গোটা ভারতবর্ষের রাজ্য সরকারের সাথে আমাদের রাজ্যের অর্থনৈতিক সংকট চলছে। এখন এই পরিকাঠামোর সুযোগ-সুবিধা তেমনি হলে পরে যে অর্থনৈতিক ব্যয়ভার বহন করতে হবে, অন্যদের সুযোগ-সুবিধা তৈরি করতে হবে, সেক্ষেত্রে আমাদের কোন যদি ঘাটতি থাকে—বঙ্গীয় সংস্কৃতি শিক্ষা পরিষদ—সেই বঙ্গীয় সংস্কৃতি শিক্ষা পরিষদ তারা স্বেচ্ছায় আমাদের প্রস্তাব দিয়েছে। সরকারের পক্ষ থেকে তাকে আমরা সে প্রস্তাব পূরণ করেছি। পরিকাঠামোর ক্ষেত্রে কোথাও যদি কোনো দুর্বলতা থাকে, কোনো অসম্পূর্ণতা থাকে বঙ্গীয় সংস্কৃতি শিক্ষা পরিষদ তারা পরিপূর্ণভাবে তারা সহযোগিতা করবে এবং তাদের সে সহযোগিতা আমরা পাচ্ছি। সেইজন্য বঙ্গীয় সংস্কৃতি শিক্ষা পরিষদকে আমাদের সরকারের পক্ষ থেকে আমরা কৃতজ্ঞতা নিবেদন করছি।

**শ্রী জ্যোতির্ময় কর :** আপনি কি মনে করেন বঙ্গীয় সংস্কৃতি শিক্ষা পরিষদ যেটা আছে, সেটার পরিকাঠামো সঠিক আছে ? আপনি কি মনে করেন তার গণতান্ত্রিক যে পরিকাঠামো যেটা ছিল কনস্টিটিউশানাল যে অবস্থা সেটা ঠিক আছে তো ? যে আর একজনকে সাহায্য করবে ?

**মিঃ স্পীকার :** মনে করাটা রেলেভেন্ট নয়, আপনি কি জানতে চান সেটা জিজ্ঞাসা করুন।

**শ্রী জ্যোতির্ময় কর :** বিনয়ের সাথে যেটা জানতে চাইছি—আমার মনে হয়েছে যে ওটা উইক।

**মিঃ স্পীকার :** মনে করা কোনো ব্যাপার নয়, আপনি কি মনে করছেন ওটা নট রেলেভেন্ট।

**শ্রী জ্যোতির্ময় কর :** স্যার, আর্থিক দায়বদ্ধতা যদি না নেবেন তাহলে আর্থিক দায় বিমুক্ত কোনো সংস্কার কি সম্ভব ?

**শ্রী কান্তি বিশ্বাস :** আর্থিক দায়-দায়িত্ব যা সরকারের আছে এই অবস্থায় অন্যান্য রাজ্যের তুলনায় টোল পরিচালিত করবার জন্য আমরা অধিক টাকা ব্যয় করি আর সংস্কৃতি

শিক্ষা পরিষদ—তার যে পরিকাঠামো—তাকে আরও গণতান্ত্রিক করবার প্রয়োজনীয়তা বিলক্ষণ আছে। এই কমিটির সুপারিশ পাওয়ার পরে সেই বিষয়টি আমরা বিচার-বিবেচনা করব।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত প্রশ্ন—মাননীয় বিদ্যালয় শিক্ষা মন্ত্রী আপনি তো একজন প্রাক্তন শিক্ষক। আপনি জানেন যে, দেশের যে সমস্ত সমৃদ্ধ ভাষা তার অরিজিন—বেশিরভাগই সংস্কৃত। সংগত কারণে সংস্কৃত শিক্ষা ব্রিটিশ যুগে, তারও আগে থেকে এর ব্যবস্থাপনা ছিল এবং এই সরকার—বামফ্রন্ট সরকার আসার পরেও সংস্কৃত শিক্ষা বিষয়ে যে দৃষ্টিভঙ্গী বা তার যে অ্যাটেনশান যেটা, সেটা দেওয়া ছাড়া সবটা না হলেও কিছু কিছু দেওয়া হয়েছে। এখন যে টোলগুলি আছে আমাদের রাজ্যে—খুব বেশি সংখ্যা না এবং আমাদের পাশাপাশি একটা রাজ্যের কথা বলছি—অতীতে রাজ্য কিন্তু বর্তমানে জেলা কুচবিহার—সেখানে কুচবিহারের মহারাজা সংস্কৃত শিক্ষা বিস্তারের জন্য নানা ব্যবস্থা গ্রহণ করেছিলেন, একটা সংস্কৃত কলেজও ছিল, এখনও আছে—ধিকিধিকি চলছে। আমার যেটা প্রশ্ন যেসমস্ত টোলগুলি আছে সেগুলি খুব আর্থিক কারণে একেবারে বন্ধ। এমনকি একটা সময় কিছু কিছু পয়সা আপনি টোলগুলিকে দিতেন। টোলের মাস্টারমশাই যাঁরা আসতেন বলতেন খুবই খারাপ অবস্থার কথা বলতেন। যেগুলি চলছে, সেগুলি আরও ভালভাবে চালাবার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন ? বর্তমান আর্থিক বছরে সংস্কৃত শিক্ষার যে সমস্ত টোলগুলি চলছে বা কলেজগুলি চলছে আপনি কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন বিশেষ করে কুচবিহার এবং আমার বিধানসভা এলাকা আলিপুরদুয়ারে যে টোল আছে তার যে দুরবস্থা সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি—কি ব্যবস্থা গ্রহণ করলে এগুলিকে আরও ভালভাবে পরিচালনা করা যায়—এগুলিকে টিকিয়ে রাখা যায় অনুগ্রহ করে জানাবেন।

**শ্রী কান্তি বিশ্বাস :** যে কমিটির কথা একটু আগে বলেছি, সেই কমিটির সুপারিশ পাওয়ার পরে টোলগুলি আরও কিভাবে মসৃণভাবে পরিচালিত করা যেতে পারে আমরা চিন্তা-ভাবনা করব। যে টোলগুলি চলছে তাদের অধ্যাপক-অধ্যাপিকাদের সরকারের পক্ষ থেকে মহার্ঘভাতা দেওয়া হয়। তাদের কোনো বেতনক্রম চালু নেই। সেইজন্য এই কমিটি ঠিক করবেন সরকার যে মহার্ঘভাতা দেন, সে মহার্ঘভাতার পরে তাদের কোনো বেতনক্রম চালু করা যায় কি না ? যদি বেতনক্রম চালু করতে হয় তাহলে তা কি হারে দিতে হবে ইত্যাদি সমস্ত বিষয় এই কমিটি বিচারবিবেচনা করে সরকারকে সুপারিশ করবে। তারপর নির্দিষ্ট কোনো টোল সম্বন্ধে জানতে চাইলে আমাকে আলাদাভাবে নোটিশ দিতে হবে, আমি সেই নির্দিষ্ট টোল সম্বন্ধে তথ্য পেশ করব।

**শ্রী অরুণাভ ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে আমি একটা ছোট প্রশ্ন করব, সেটা হল : আপনি গত সেশনে বলেছিলেন, 'মাদ্রাসা শিক্ষার জন্য এবারে ১৬ কোটি টাকা বরাদ্দ হয়েছে।' অথচ আপনারা সরকারী স্কুলে সরস্বতী বন্দনার বিরোধিতা করেছেন। মাদ্রাসাগুলি কি ধর্মীয় শিক্ষা প্রদান করছে না ?

**শ্রী কান্তি বিশ্বাস :** ধর্মীয় শিক্ষার বিষয়টা অত্যন্ত ব্যাপক। তবে মাদ্রাসার পাঠক্রমে কোরান, হাদিস পড়াবার অবকাশ আছে। স্বাভাবিকভাবেই সেখানে ধর্মীয় বিষয় পড়াবার অবকাশ আছে এবং তা পড়ানো হয়।

**শ্রীমতী সোনালী গুহ :** স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করছি। অনেক টোল বন্ধ হয়ে গেছে। অনেক টোলের পুথিপত্র নষ্ট হয়ে গেছে। এখনো যে সমস্ত পুরোনো পুথি আছে সেগুলিকে কম্পিউটারের মাধ্যমে সি.ডি. করে সংরক্ষণের কোনো ব্যবস্থা মাননীয় মন্ত্রী করেছেন কি ?

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তরে আমি তাঁকে বলি, সংস্কৃত পুরোনো পুঁথি-পত্র যা আছে তা সংরক্ষণের অধিকার বিদ্যালয় শিক্ষা বিভাগের নেই। মূল্যবান পুঁথি-পত্র, গ্রন্থ আমাদের যা আছে তা সংরক্ষণ করবার অধিকার উচ্চশিক্ষা বিভাগের অধীন 'সংস্কৃত কলেজ'-এর। ওটা আমাদের এক্তিয়ারে পড়ে না। তারপর উনি বললেন,—অনেক সংস্কৃত টোল বন্ধ হয়ে গেছে। আমি ওঁকে জানাচ্ছি যে, আমরা সরকারে আসার পর থেকে আজ পর্যন্ত কোনো টোল বন্ধ করা হয়নি। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, নির্দিষ্ট কিছু টোল আছে যাদের কার্যাবলী অনুযায়ী বন্ধ করার প্রয়োজনীয়তা আছে। কিন্তু এখন পর্যন্ত আমরা বন্ধ করিনি।

**শ্রী তপন হোড় :** এখন কেন্দ্রীয় সরকারের শিক্ষানীতি অনুসারে ধর্মীয় শিক্ষা আমাদের দেশের শিক্ষা-সূচীর মধ্যে চাপাবার চেষ্টা চলছে। সে ক্ষেত্রে সরস্বতী বন্দনার একটা ব্যাপার আছে। আমাদের স্কুলগুলিতে সরস্বতী বন্দনা বাধ্যতামূলক করতে চাইছে। এ ব্যাপারে আমাদের রাজ্য সরকারের পরিষ্কার মতামত কি ?

**শ্রী কান্তি বিশ্বাস :** কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সরস্বতী বন্দনার প্রস্তাব কখনোই দেওয়া হয়নি। যেটা করার চেষ্টা করছেন—সরকারী অনুষ্ঠান সরস্বতী বন্দনা দিয়ে শুরু করতে চাইছেন। সেখানেই আমাদের প্রতিবাদ। কিন্তু কোনো শিক্ষালয়ে সরস্বতী বন্দনা করতে হবে, এমন কোনো নির্দেশ দেওয়া হয়নি। তবে কেন্দ্রীয় সরকারের শিক্ষানীতি নিয়ে বিতর্ক আছে। শিক্ষা এবং শিক্ষক জগতেএ নিয়ে বিতর্ক আছে, বিশেষ করে সংস্কৃত শিক্ষার বিষয়ে বিতর্ক আছে। আমাদের বক্তব্য হচ্ছে, পৃথিবীর বহু পুরোনো ভাষা, যেমন ল্যাটিন ভাষা শেষ হয়ে গেছে—সংস্কৃত ভাষা নিশ্চয়ই অমূল্য সম্পদে সমৃদ্ধ, সে বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু আজকে সংস্কৃত ভাষার সেভাবে আর ব্যবহার করার কোনো যুক্তি নেই বর্তমান বিশ্বে। সুতরাং এ বিষয়ে শিক্ষা এবং শিক্ষক মহলে বিতর্ক আছে।

[ 11.20 – 11.30 a.m. ]

**শ্রী কমল মুখার্জী :** আমি জানতে চাইছি, বর্তমানে রাজ্যে এই সংস্কৃত শিক্ষা কেন্দ্র অর্থাৎ টোল বা চতুষ্পাঠীর সংখ্যা কত এবং একটু আগে আপনি বললেন সবগুলিই সচল আছে। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, চন্দননগরে একটি নামকরা টোল আছে কালিদাস চতুষ্পাঠী সেটি বহুদিন ধরে বন্ধ হয়ে গেছে। আপনি আমাকে বলতে পারেন কি, ক'টি সচল আছে এবং ক'টি অচল আছে ?

**শ্রী কান্তি বিশ্বাস :** আমি মাননীয় বিধায়ককে বলতে চাইছি, সংস্কৃত শুধু টোলেই পড়ানো হয় না, মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে সংস্কৃত পড়ানোর সুযোগ আছে। সপ্তম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি এবং নবম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত মাধ্যমিক পরীক্ষা দিতে আর একাদশ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ঐচ্ছিক বিষয় নিয়ে ছেলে-মেয়েরা পড়তে পারে এবং বহু ছাত্র-ছাত্রী এই বিষয়টি নিয়ে ঐচ্ছিক বিষয় হিসাবে উচ্চ-মাধ্যমিকে পড়ে। শুধু টোলেই একমাত্র পড়ার সুযোগ নেই। আমাদের পশ্চিমবঙ্গে ৫৭টি সংস্কৃত টোল আছে আর আপনি যে টোলের কথা বললেন সেটি হঠাৎ করে আমি বলতে পারবো না, তার অবস্থান কি আছে সেটি অনুসন্ধান করে জানাবো।

**শ্রী কাশীনাথ মিশ্র :** আপনি বললেন, সংস্কৃত শিক্ষা বিস্তারের প্রয়োজনীয়তা আছে এবং আপনি বলেছেন, অষ্টম শ্রেণি পর্যন্ত আবশ্যিক এবং পাশাপাশি মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিকে ঐচ্ছিক হিসাবে এই সংস্কৃত গ্রহণ করতে পারে। কিন্তু এই সমস্ত চতুষ্পাঠীগুলিতে বা টোলগুলিতে যেখানে আদ্য, মধ্য, উপাধি পরীক্ষাগুলি হয়, সেই সমস্ত টোলগুলির আর্থিক দুরবস্থা দূরীকরণের জন্য রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার কতটা আর্থিক সাহায্য করে থাকেন তা দয়া করে জানাইবেন কি ?

**শ্রী কান্তি বিশ্বাস :** সংস্কৃত কিন্তু বাধ্যতামূলক নয়। আমাদের যে ত্রি-ভাষা সূত্র সেটি বহুদিন ধরেই প্রচলিত। কোনো শিক্ষার্থী প্রথমে তার মাতৃভাষা, তারপর ইংরাজী এবং তৃতীয় ভাষা হিসাবে সংস্কৃত বা হিন্দী যে কোনো ভাষা নিতে পারে এবং এটা এইভাবে চালু থাকবে অষ্টম শ্রেণি পর্যন্ত। নবম থেকে দশম শ্রেণি পর্যন্ত ইচ্ছা করলে সংস্কৃত নিতে পারে, তবে বাধ্যতামূলক ঐচ্ছিক বিষয় নয়। টোলে যে বিভিন্ন বিষয় পড়ানো হয়—আদ্য, মধ্য, কাব্য, ব্যাকরণ এগুলি চতুষ্পাঠীতে পড়ানো হয়। টোল বা চতুষ্পাঠীতে এই সংস্কৃত শিক্ষা বিস্তারের জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কোনো সাহায্যের কথা বলা হয়নি। তবে কেন্দ্রীয় সরকার কয়েক বছর আগে একটা প্রস্তাব দিয়েছিল, বিশ্ববিদ্যালয় বা কলেজে যদি সংস্কৃত ভাষার প্রবর্তন করা হয় তাহলে তারা সাহায্য করতে পারে, কিন্তু টোল বা চতুষ্পাঠীগুলিকে জনপ্রিয় করার জন্য কোনো আর্থিক সাহায্য দেবার কথা কেন্দ্রীয় সরকার বলেনি। এখন আমাদের যে অসুবিধাগুলি আছে—একটু আগে আমি যে কমিটির কথা উল্লেখ করেছি তার সুপারিশ পাবার পর সরকার কি করতে পারে, না পারে সেটা পরবর্তী পর্যায়ে চিন্তা-ভাবনা করা হবে।

**শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা :** আপনি বললেন, সংস্কৃত শিক্ষার প্রসার হয়তো এতটা উন্নতি করতে পারেনি, কিন্তু যেগুলি চলছে সেগুলিকে সচল করার চেষ্টা করছেন না। নবদ্বীপ সংস্কৃত চর্চার একটা পীঠস্থান যাকে বলা হতো অক্সফোর্ড অফ বেঙ্গল, আজকে সেই পরিস্থিতি দেখা যাচ্ছে না। অতীব দুঃখের এবং লজ্জার ব্যাপার—আপনাকে এর আগেও আমি অনুরোধ করেছিলাম এই বিধানসভায় বক্তব্যের মাধ্যমে—নবদ্বীপে একটা সংস্কৃত কলেজ আছে, সেখানে আচার্য্য এবং শিক্ষকরা একের পর এক রিটায়ার করে গেছেন, কেউ মৃত্যু বরণ করেছেন, বর্তমানে সেখানে একজন সুইপার এবং একজন গ্রুপ ডি স্টাফ আছে।

নবদ্বীপ হচ্ছে সংস্কৃত চর্চার একটা পীঠস্থান কেন্দ্র। সেই পীঠস্থান আজকে বিলুপ্তির পথে চলেছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রী এবং কান্তিবাবুকে বলবো এই চতুষ্পাঠী এবং টোল, সংস্কৃত চর্চার কেন্দ্রগুলো যাতে অন্তত সুষ্ঠুভাবে চলতে পারে সেই ব্যাপারে আপনি উদ্যোগ নেবেন কিনা ? আমার বক্তব্য হলো কেন এতো দিন নেওয়া হয়নি ? আমরা সকলে এই ব্যাপারে গভীর উদ্বেগে রয়েছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখছি, তিনি যেন নবদ্বীপের এই টোল এবং সংস্কৃত কেন্দ্রের ক্ষেত্রে বিশালভাবে উদ্যোগ নেন। এই হল আমার আবেদন।

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয় বিধায়কের সঙ্গে এই ব্যাপারে আমি সম্পূর্ণ একমত। অবিভক্ত বাংলায় সংস্কৃত শিক্ষার প্রাণকেন্দ্র হল নবদ্বীপ। এটা অনস্বীকার্য ভারতবর্ষের মধ্যে এই নবদ্বীপে সংস্কৃত শিক্ষার প্রাণকেন্দ্র ছিল। টোল এবং চতুষ্পাঠীর কথা যদি বলেন, আপনি অন্যভাবে নেবেন না দয়া করে, পশ্চিমবাংলায় যত টোল এবং চতুষ্পাঠী ছিল তার মধ্যে তিন ভাগের একভাগ একটা মহকুমায় ছিল সেটা নদীয়া জেলায় নয়, অন্য জেলায়। যত টোল এবং চতুষ্পাঠী আছে তার তিন ভাগের এক ভাগ হচ্ছে একটা মহকুমায়। সেটা হলো কাঁথি মহকুমায়। বিশেষ কারণে এই টোল এবং চতুষ্পাঠীগুলোর এক সময় পরিস্থিতি খারাপ হয়ে যায় কিন্তু সেইগুলোকে আমরা বন্ধ করতে চাইনি। অতীতে নবদ্বীপে এই সংস্কৃত চর্চা গৌরব করার মতো। সেখানে সংস্কৃত শিক্ষার যে সুযোগ আছে তাকে শুধু রক্ষা করা নয়, তাকে আরো সুবিন্যস্তভাবে সম্প্রসারণের বিলক্ষণ প্রয়োজন আছে। সেখানে যে কলেজ আছে সেটা সরাসরি আমার বিভাগের সঙ্গে যুক্ত নয়, আমার বিভাগের মধ্যে পড়ে না। কিন্তু সংস্কৃতর একজন সেবক হিসাবে এখানে সংস্কৃত চর্চা যাতে আরো উন্নত হতে পারে তার যতটা করার আমি চেষ্টা করবো।

## অগ্নি নির্বাপণ পরিষেবার উন্নতি

*২। (অনুমোদিত প্রশ্ন নং *২৮১) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের সীমান্ত অঞ্চল উন্নয়ন প্রকল্পে অগ্নি নির্বাপণ পরিষেবার উন্নতির জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং

(খ) সত্যি হলে, ৩১শে ডিসেম্বর, ২০০৩ পর্যন্ত সংশ্লিষ্ট প্রকল্পে গৃহীত ব্যবস্থাগুলি কী কী ?

**শ্রী প্রতীম চট্টোপাধ্যায়** :

(ক) হ্যাঁ।

(খ) উক্ত সময়ের মধ্যে দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুর, উত্তরদিনাজপুরের ইসলামপুর, মালদহের ইংলিশবাজার এবং উত্তর ২৪-পরগনার বনগাঁ-এ দমকল কেন্দ্র তৈরি করা হয়েছে, উত্তর ২৪-পরগনার বসিরহাট দমকল কেন্দ্রের জমি অধিগ্রহণ এবং বাড়ী পুন নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করা আছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে নির্দিষ্ট সময়ের মধ্যে ৪টি কেন্দ্র স্থাপিত হয়েছে এবং আর একটির জন্য জমি অধিগ্রহণ করছেন এবং তার অগ্রগতির কাজ চলছে। এই রাজ্যে সীমান্ত অঞ্চল উন্নয়ন প্রকল্পে অগ্নিনির্বাপণ পরিষেবার উন্নতির জন্য যে বিশেষ ব্যবস্থা নিয়েছেন তাতে এই ৪টির মধ্যে কতগুলো হয়েছে এবং এইগুলো যেহেতু সীমান্ত অঞ্চলে সেই জন্য এই অত্যাধুনিক কেন্দ্রের অগ্রগতি কি রূপ দয়া করে জানাবেন কি ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী :** আপনি ২০০৩ সাল পর্যন্ত চেয়েছিলেন সেটা আমি বলেছি। বর্ডার এরিয়া ডেভলপমেন্ট প্রোগ্রামে যেটা বলা হয় তাতে আমাদের যেটা হবে এখানে সেটা বলছি। সেটা হবে নদীয়ার করিমপুরে।

[ 11.30—11.40 a.m. ]

তারজন্য আমরা টাকা পেয়েছি। আমরা কেন্দ্রীয় সরকার থেকে ৭৪.৩৫ লক্ষ টাকা পেয়েছি এবং জায়গাও জোগাড় করা হয়েছে। আমরা এগ্রিকালচার মার্কেটিং থেকে জায়গা কিনে নিচ্ছি। সেই জায়গাতে খুব অল্প সময়ের মধ্যে আমরা কাজ শেষ করতে পারবো। উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে হবে, উত্তর ২৪-পরগনার গাইঘাটায় হবে। আর তেহট্টতে আমরা বর্ডার এরিয়া ডেভলপমেন্টের জন্য স্কীম পাঠিয়েছি।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** আমি প্রশ্ন রেখেছিলাম, অত্যাধুনিক যন্ত্রপাতি বসাবার যে পরিকল্পনা আছে, সেগুলো দয়া করে জানাবেন কিনা ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী :** বর্ডার এরিয়া ডেভালপমেন্টের যে প্রোজেক্টগুলো হচ্ছে তাতে মোটামুটি যন্ত্রপাতি হচ্ছে, ওয়াটার টেন্ডার আছে এবং অন্যান্য আবশ্যিক যন্ত্রপাতি যেগুলো আছে, সেগুলোর অর্থ বর্ডার এরিয়া ডেভালপমেন্ট ফান্ডের মধ্যে দেয় না। সেগুলো আমাদের বাজেটে যে টাকা আছে সেখান থেকে খরচ করতে হয়। সেজন্য এটা আমরা আমাদের যে স্টেশনগুলো হবে এবং সেখানে যে যন্ত্রপাতি, গাড়ি দরকার হবে, সেই ব্যবস্থা আমাদের বাজেট থেকেই করতে পারবো।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** আমাদের রাজ্যে যে সমস্ত দমকলকেন্দ্র স্থাপিত হয়েছে সেগুলোকে পরিচালিত করার জন্য ইকুইপড্ কর্মচারী তৈরির জন্য বেহালাতে প্রশিক্ষণের যে ব্যবস্থা আছে, সেখানে আমাদের রাজ্যের বাইরে থেকেও ছেলে-মেয়েরা প্রশিক্ষণ নিতে আসে—বিগত আর্থিক বছরে এই রকম কত সংখ্যক কর্মী প্রশিক্ষণ নিতে এসেছিল ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী :** এটা একটা নতুন ব্যবস্থা। ভাল হয়েছে, এই অবসরে আমি বলছি, আপনারা জানেন, আমাদের এখানে সার্টিফিকেট কোর্স শুরু হয়েছে। এখন দ্বিতীয় ব্যাচ শিক্ষারত আছে। ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকারের এই ডিপার্টমেন্ট যাঁরা দেখাশুনা করেন তাঁদের ডাইরেক্টর জেনারেল এখানে এসেছিলেন কেন্দ্রীয় মন্ত্রীর নির্দেশে। সবকিছু দেখেশুনে—আমাদের ব্যবস্থা, আমাদের যে ফায়ার ইনস্টিটিউট, তার শিক্ষাব্যবস্থা দেখে গিয়ে—তাঁরা একটা চিঠি দিয়ে আমাদের জানিয়েছিলেন তাঁদের নাগপুরে যে ইনস্টিটিউট

আছে, যেটা সেন্ট্রাল গভর্নমেন্টের একমাত্র ইনস্টিটিউট তাতে স্থান সংকুলান হচ্ছে না। তাঁরা সার্টিফিকেট কোর্সে ৫০ জনকে নিতে বলেন। কিন্তু আমাদের হোস্টেলে অত জায়গা নেই। ৩০ জনকে আমরা নিয়েছি যারা বিভিন্ন প্রদেশ থেকে এসেছে। আমাদের রাজ্যের ৩০ জন এবং অন্যান্য রাজ্যের ৩০ জন, এই ৬০ জন শিক্ষা নিচ্ছেন।

**শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা :** আমাদের রাজ্যের মধ্যে নদীয়া বর্ডার সেকশন সংলগ্ন। এই পরিস্থিতিতে নদীয়ার নবদ্বীপে দমকল স্টেশন স্থাপনের কথা আমরা বারবার করে বলে আসছি বা শুনে আসছি। এই পরিস্থিতিতে আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি, নবদ্বীপের সাধারণ মানুষের দুর্ভোগ লাঘব কবে হবে ? কয়েকদিন আগে খবরের কাগজে বেরিয়েছিল যে কতগুলো ঘরবাড়ি পুড়ে গিয়েছিল। কৃষ্ণনগর থেকে দমকলের গাড়ি আসার আগেই পুড়ে গিয়েছিল তাই নবদ্বীপে দমকল স্টেশন নির্মাণের কাজটি যাতে অবিলম্বে হয় তারজন্য তাঁর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী প্রতীম চ্যাটার্জী :** আমি বন্ধুকে আশ্বস্ত করছি যে এটা একটা আনন্দের খবর যে, নবদ্বীপের কাজ শুরু হয়ে যাচ্ছে এবং এরজন্য বরাদ্দ যা পাওয়ার তারজন্য অর্থ দপ্তর থেকে ছাড়পত্র পাওয়া গেছে। সুতরাং নদীয়াতে নবদ্বীপ এবং শান্তিপুরে কাজ দু-চারদিনের মধ্যেই শুরু হয়ে যাবে। তবে ওখানে শান্তিপুরেও ওয়ান পাম্প স্টেশান হবে এবং নবদ্বীপেও ওয়ান পাম্প স্টেশান হবে। ওয়ার্ক অর্ডার হয়ে গেছে, কাজ শুরু হয়ে যাবে খুব শীঘ্রই।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি কি দয়া করে জানাবেন গত দু-বছরে জেলাওয়ারী কোন জেলাতে আগুন লাগবার ঘটনা বেশি ঘটেছে এবং আপনার নিয়ম অনুযায়ী মুর্শিদাবাদ জেলা সীমান্তবর্তী এলাকা হিসাবে পড়ছে কিনা ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী :** মুর্শিদাবাদ পড়েনি, আমাদের একটা ম্যাপ আছে, সেই ম্যাপ দেখে জেলা চিহ্নিত করা হয়ে থাকে এবং সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে সেই ম্যাপ দেওয়া হয়েছে। সেখানে আপনার উত্তর দিনাজপুরে আগুন লাগবার ঘটনা ঘটেছে এবং গ্রাম এলাকায় ক্ষয়ক্ষতি বেশি হয়েছে। নামধরে গ্রামগুলোর কথা বলা যেতে পারে।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মন্ত্রী মহোদয়, আপনাকে একজন সদস্য প্রশ্ন করলেন যে, মুর্শিদাবাদ জেলাকে সীমান্তবর্তী জেলা হিসাবে চিহ্নিত করা হয়েছে কিনা, তাতে আপনি বললেন যে না, সীমান্তবর্তী এলাকা হিসাবে চিহ্নিত করা হয়নি, আপনারাও জানেন, আমরাও জানি মুর্শিদাবাদ জেলা সীমান্তবর্তী এলাকা হিসাবে চিহ্নিত। বাংলাদেশের একটা বিরাট অংশের বর্ডার এলাকা হচ্ছে মুর্শিদাবাদ জেলা। এর কিছুটা নদী ও পাড়ে আছে, কিছুটা এখানে আছে। সেখানে আপনি বললেন যে ম্যাপ পেয়েছেন।

**শ্রী প্রতীম চ্যাটার্জী :** যে জেলাগুলোকে চিহ্নিত করা হয়েছে, যেমন কান্দিকে, সীমান্ত এলাকায় পড়ছে, জলঙ্গী পড়ছে এবং নদীয়ার সবটাই সীমান্ত এলাকায় পড়ছে।

**শ্রী আব্দুল মান্নান :** আপনি তো আমাকে প্রশ্নটাই করতে দিচ্ছেন না। আমার প্রশ্ন হচ্ছে আমরা যে মানচিত্র কেন্দ্রীয় সরকার থেকে পেয়েছি সেই মানচিত্র তো সবাই পেয়েছে, এমন কি স্কুলের ছেলে-মেয়েরাও পেয়েছে। আপনি কি আলাদা কোনো মানচিত্র পেয়েছেন কেন্দ্রীয় সরকার থেকে যার ভিত্তিতে আপনি বলছেন মুর্শিদাবাদ সীমান্ত এলাকা হিসাবে গণ্য হচ্ছে না ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : মুর্শিদাবাদ বলা নেই। মুর্শিদাবাদের মধ্যে যে বর্ডার লাইনগুলো পড়ছে যেমন কান্দির জন্য টাকা দেবে, জলঙ্গীর জন্য টাকা দেবে। কিন্তু মুর্শিদাবাদের জন্য টাকা দেবে না।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রীর কাছে আমার দীর্ঘদিনের প্রশ্ন যে, হাওড়া জেলার উলুবেড়িয়াতে একটি ফায়ার ব্রিগেড স্টেশান করার। আপনি গত সেশানে প্রতিশ্রুতি দিয়েছিলেন হবে। উলুবেড়িয়ার মানুষদের দীর্ঘদিনের আশা-আকাঙ্ক্ষা যে ওখানে একটা ফায়ার ব্রিগেড স্টেশান হবে।

[ 11.40 – 11.50 a.m. ]

ফায়ার ব্রিগেডএর কাজ বললেন মার্চ মাস থেকে আরম্ভ করা হবে। মার্চ মাসের আজকে অর্ধেক হয়ে গেল, এটা কবে আরম্ভ করবেন এবং কবে শেষ করবেন এটা অনেক দিনের পরিকল্পনা, সেটা জানাবেন কি ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী :** উলুবেড়িয়া নিয়ে একটা জায়গার সমস্যা ছিল, জায়গা পাওয়া যাচ্ছিল না, সেটা আমি আগেই বলেছি আপনাদের। এর আগে যে জায়গা পেয়েছি পি.ডাবলিউ.ডি-র জায়গা, শেষ পর্যন্ত কথা হল, আমরা সাধারণভাবে কাজগুলি করেছি মিউনিসিপ্যাল ইঞ্জিনিয়ারিং ডাইরেকটোরেটকে দিয়ে। এখন পি.ডাবলিউ.ডি বলেছে, আমরা করবো, এটা স্থির হয়েছে। পি.ডবলিউ.ডি কে নকশা দেওয়া হয়েছে, টাকাও ঠিক হয়েছে। এখন এটা নির্ভর করছে পি.ডবলিউ.ডি কবে শুরু করবে, এটা হচ্ছে ঘটনা। তবে এটুকু আমি আশ্বস্ত করতে পারি, এই বিষয়ে আর আপনাদের দ্বিধার কিছু নেই, এটা হবে। এবং আমি মার্চ মাস বলেছি, সেটা এপ্রিল হতে পারে। সেটা পি.ডবলিউ.ডি-র উপর নির্ভর করছে—তাদের আমরা দিয়ে দিয়েছি—তাদেরকে যেটা ফিনান্সিয়াল অ্যাপ্রুভাল দেওয়ার কথা সেটাও দিয়ে দেওয়া হয়েছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের রাজ্যে এর আগে যতগুলি বড় ধরনের অগ্নিকাণ্ড হয়েছে, তার অধিকাংশই বাজারে, এই বাজারগুলিতে যে ইলেকট্রিফিকেশান করা আছে, সেইগুলি এত জটিল অবস্থায় আছে, খারাপ অবস্থায় আছে, এইগুলির যারা কনসার্ন অথরিটি তারা যদি ঠিক মতন না দেখে, ধরুন কোনো পৌর বাজার গ্রামীণ এলাকায় আছে, সেখানকার কনসার্ন অথিরিটি যদি সেইগুলি ঠিক মতন না দেখে, এই ব্যাপারে আপনার দপ্তর থেকে কি ধরনের পদক্ষেপ নিতে পারেন বা কি ধরনের প্রটেকশান-এর ব্যবস্থা করেছেন যাতে ভবিষ্যতে কোনো বাজারে

আগুন না লাগে বা অনেক ক্ষেত্রে দেখা যায় আগুন লাগিয়ে দেওয়া হয়, এই ব্যাপারে আপনার দপ্তর থেকে কি ব্যবস্থা গ্রণে করেছেন বা আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন, যদি সেটা জানান তাহলে ভাল হয়।

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : ওই লাগিয়ে দেওয়া হলে তার কিছু করার নেই। তবে একটা পদক্ষেপ নেওয়া হয়েছে, আপনারা জানেন বোধ হয়, এখানে যে নিয়মটা আছে সেটা হচ্ছে, যে কোন জায়গা সেটা বাজার হোক, হাসপাতাল হোক, তা কমার্শিয়াল বিল্ডিং হোক বা কোনো সিনেমা হল হোক যাই হোক না কেন এই যে বড় বড় টাউনশিপ হচ্ছে, এই সমস্ত জায়গায় আমাদের বিশেষ করে প্রিভেনশান-এর দিকটা সেই জায়গাটায় কিভাবে প্রিভেনটেড হবে, আগুন সম্বন্ধে ফায়ার প্রিভেনটেড হবে সেটা আমাদের দেখে দিতে হয়, প্রয়োজনে সেটার জন্য ড্রইংও পরিবর্তন করতে হয় অনেক ক্ষেত্রে, এটা আমরা করে দিই, তার পরে তাদেরকে এন ও সি দেয় আমাদের কর্পোরেশান, প্রথম অবস্থায় আমরা এটা করি। দ্বিতীয় অবস্থা হচ্ছে, যখন কন্সট্রাকশান হতে থাকে, নতুন এর কথা বলছি, পুরনোর কথা পরে বলব, তখন সেখানে একটা রানিং ইন্সপেকশান করা হয়, সেটা আমরা করি। এটুকু আমরা বলতে পারি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : যেগুলি অলরেডি বিপদ্‌জনক অবস্থায় আছে ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : পুরনো যেগুলি আছে, তা অত্যন্ত বিপজ্জনক অবস্থায় আছে। অনেকগুলির ক্ষেত্রে তাদের নোটিশ দেওয়া হয়েছে। কিন্তু এটা বলতে আমার অসুবিধা নেই, তারা এইগুলি যথাযথভাবে কোনো রিপেয়ার করছে না, কেউ কেউ করেছে। তবে আমাদের হাতে এমন কোনো আইন নেই, যে আমরা বন্ধ করে দিতে পারি। আমরা নোটিশ দিচ্ছি, সবই করছি। তবে এটা ঠিক, আমাদের একটা ব্যবস্থা নিতেই হবে। আমি কলকাতা কর্পোরেশান-এর মেয়রের সঙ্গে কথা বলেছি, এইগুলি আমাদের জয়েন্টলি দেখতে হবে। শুধু আমাদের দায়িত্ব নয়, তোমরা ভাড়ার টাকা নাও, তোমরাও দেখো, তবে পুরনোগুলির ক্ষেত্রে আমরা নোটিশ দিতে পারি, আমাদের কাছে এই ব্যাপারে যে ব্যবস্থা আছে, সেইগুলি আমরা নিচ্ছি; তোমরা কি কি করতে পারো সেটা করো। নানান সমস্যা আছে, পুরনোগুলি নিয়ে সমস্যা আছে, নূতনগুলির ব্যাপারে আমি বলতে পারি এক্ষেত্রে আমরা যথেষ্ট কেয়ারফুলি কাজ করছি।

[ 11.50—12.00 noon ]

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, উত্তরপাড়া দমকল কেন্দ্রটির যে বাড়িটা নির্মিত হচ্ছিল তা দীর্ঘদিন ধরে অসমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে। এই অসমাপ্ত অবস্থায় পড়ে থাকার কারণ কি এবং কবে নাগাদ্ নির্মাণ কাজ শুরু হবে ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : উত্তরপাড়া নিয়ে একটা কোর্ট কেস রয়েছে, এটাকে ভ্যাকেট করানো যাচ্ছে না। এই দপ্তরটার নাম এখন হয়েছে ফায়ার এন্ড ইর্মার্জেন্সি সার্ভিস। কেন্দ্রীয়

সরকার নাম পাল্টাতে চেয়েছিলেন, পশ্চিমবঙ্গ সরকারও সেটা মেনে নিয়েছেন। তবে নাম বদলালেই তো সব কিছু হবে না। আমরা কোর্টে বলেছি এটা হচ্ছে অত্যাবশ্যক জরুরি পরিষেবা। একটা লোক ইনজাংশান করেছে, আমাদের কিছু করার নেই। যখন ভ্যাকেট হবে, তখন আমরা কাজ শুরু করব। আর ওই কন্ট্রাকটারেরও ক্ষতি হচ্ছে। তাই এটার কোনো সময়সীমা বলতে পারব না। এর পাশাপাশি শ্রীরামপুরে আমরা একটা বড় ফায়ার স্টেশন করছি এবং এর কাজ প্রায় শেষ, মাত্র ১৫ ভাগ কাজ বাকি আছে।

**শ্রী সমর হাজরা** : মাননীয় মন্ত্রীমহাশয় বললেন ৩১শে ডিসেম্বর ২০০৩ তারিখের মধ্যে কি কি ব্যবস্থা নিয়েছেন। কিন্তু এর আগে সীমান্ত এলাকার বাইরে কি কি ব্যবস্থা নিয়েছেন জানাবেন কি ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : সীমান্ত এলাকায় যেগুলো হয়েছে তা আমি বলেছি। এছাড়া অনেকগুলো জায়গাতেই কাজ শুরু হয়েছে। শ্রীরামপুরে ফোর পাম্পিং স্টেশান হচ্ছে, এখানে পনেরো শতাংশ কাজ বাকি আছে। কামারহাটি ফায়ার স্টেশানের কাজও প্রায় শেষ। বারাসাতের পুরোনো বাড়িটি ভেঙে পড়েছিল, সেখানে আমরা একটা নতুন ফায়ার স্টেশান করছি এবং দশ ভাগ কাজ বাকি আছে। ডায়মন্ডহারবারেও নতুন ফায়ার স্টেশান হচ্ছে, সেখানে আমরা ৫০ লক্ষ টাকা দিয়েছি, ওখানে এক কোটি টাকা মত খরচ হবে। ওখানে কাজ চলছে। শান্তিপুর ও নবদ্বীপে ফায়ার স্টেশানের কাজ অবিলম্বে শুরু হবে। করিমপুরেও ফায়ার স্টেশান তৈরির কাজ শুরু হচ্ছে। বাঁকুড়ার বিষ্ণুপুরেও অবিলম্বে ফায়ার স্টেশান তৈরির কাজ শুরু হবে। ওখানে অ্যাপ্রোচ রোডটা ছিল না, স্থানীয় বিধায়ক 'বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল' থেকে টাকা দিয়ে রাস্তা করে দিয়েছে। উলুবেড়িয়া, কালিয়াগঞ্জ, ডালখোলায় কাজ শুরু হবে। মেদিনীপুরের তমলুকে আমরা হেডকোয়ার্টার করব বলে ঠিক করেছি। এছাড়া ঘাটাল, এগরা এবং কান্দিতেও ফায়ার স্টেশানের কাজ হবে। এগুলোর সমস্ত সিদ্ধান্ত হয়ে গেছে, টাকার ব্যবস্থা করা হচ্ছে। এছাড়াও অনেকগুলো জায়গা বাকি থেকে যাচ্ছে, এগুলো আগামী দিনে আমাদের করতে হবে।

**ডাঃ রত্না দে (নাগ)** : শ্রীরামপুরে নতুন দমকল কেন্দ্র করার জন্য মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই। সেখানে একটা পে অ্যান্ড ইউজ টয়লেট করা হলে ভালো হয়। এই ব্যাপারে কোন চিন্তা-ভাবনা আপনার আছে কি ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : সেখানে তো জমি নেই। বাউন্ডারি ওয়াল দিতে গিয়ে দেখি একটা পার্টি অফিস আছে। সেটা তো ভাঙতে পারছি না। সেটা ভাঙতে পারলে জমি পাওয়া যেত এবং টয়লেট করা যেত।

**শ্রী গোবিন্দ রায়** : আমার নির্বাচনী কেন্দ্র জলপাইগুড়ি সদর থেকে ৩০ কিলোমিটার দূরে হলদিবাড়ি সীমান্তবর্তী এলাকা। সেখানে একটা দমকল কেন্দ্র হলে আমার এলাকা সহ কুচবিহারের সীতাই, শীতলকুচি, বামনহাটা, এসব অঞ্চলের লোকেরও খুব উপকার হোত। সেখানে দমকল কেন্দ্র করার কোনো পরিকল্পনা আছে কি ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : সেরকম পরিকল্পনা নেই। টু পাম্প স্টেশন করতে গেলে ৬২ জন লোক দরকার হয়, বছরে ৫৫ লক্ষ টাকা স্যালারি এবং বাড়ি ভাড়া ৬০ হাজার টাকা লাগে। সেটা করা যাবে না। আমরা চেষ্টা করছি সিঙ্গল পাম্প স্টেশন করে ৩০ কিলোমিটার ঘনত্বের মধ্যে নিয়ে আসার। আস্তে আস্তে এটা হবে। এখন ১২/১৩ টি অন লাইন আছে। টাকার ব্যবস্থা হলে হয়ত করা যাবে।

**শ্রী বিমান চক্রবর্তী** : হাওড়া শহর থেকে প্রায় ৪০ কিলোমিটার দূরের উদয়নারায়ণপুর, পাঁচলা, আমতা, এসব জায়গায় আগুন লাগলে দমকল কেন্দ্রে খবর দেওয়ার পর দমকলের গাড়ি আসতে আসতেই সব শেষ হয়ে যায়। তাই আমার প্রশ্ন, হাওড়া জেলায় নতুন কোনো অগ্নি নির্বাপক কেন্দ্র খোলার চেষ্টা করা হচ্ছে কি ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : ইতিমধ্যেই বলেছি হাওড়ার উলুবেড়িয়াতে হচ্ছে। ৪০ কিলোমিটার বা ২০/১৫ কিলোমিটারের মধ্যে গাড়ি বা লোকজন দিয়ে দমকল কেন্দ্র খোলার অবস্থা আমাদের নেই, কোনো উন্নত দেশেও নেই। শুধু গাড়ি বা এমপ্লয়ি রেখে অগ্নিনির্বাপণ করা যায় না। নিজস্ব প্রিভেনশন ডেভলপ করতে হয়। এখন আছে ৫০/৬০ কিলোমিটার দূরে। এটাকে আরও ক্লোজড করে আস্তে আস্তে ৩০ কিলোমিটারের মধ্যে আনার চেষ্টা করছি।

**শ্রী অসিত মিত্র** : রাজ্যে প্রায় ৯৬টি দমকল কেন্দ্র আছে এবং সেখানে ৮ হাজার লোক কাজ করছে। কিন্তু এখনো ১১০০ পদ শূন্য আছে এই মুহূর্তে। পরিষেবা উন্নতির জন্য যেমন আধুনিক যন্ত্রপাতির দরকার তেমনি দরকার আছে সুদক্ষ কর্মচারীর। এছাড়া আইনশৃঙ্খলা এবং জঙ্গী দমনের বিষয়ও আসছে এই দপ্তরের মধ্যে। এই ১১০০ শূন্য পদ পূরণের জন্য কোনো ব্যবস্থা আপনার দপ্তর নিচ্ছে কি ?

[ 12.00 – 12.10 p.m. ]

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : হ্যাঁ, এটা ঠিক। এগারোশোর কিছু বেশি হতে পারে। ইতিমধ্যে বেড়ে গেছে। রিটায়ার হয়েছে। আগে ছিল, পেয়েছিলাম ৩২০। তার প্রসেস শেষ হয়ে গেছে। কোনো প্রসেস শেষ না হলে আমরা লোক চাইতে পারি না। আগামী দিনে লোক চাইব। আশা করি তিনশোর মত পেয়ে যাব। টাকার অভাবটাই বড় কথা।

**শ্রী আবুল হাসনাৎ** : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি জঙ্গীপুর সাবডিভিশন শহরে কোনো অগ্নিনির্বাপণ কেন্দ্র নেই। অদূর ভবিষ্যতে এখানে অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপন করার কোনো পরিকল্পনা আছে কি ?

**শ্রী প্রতীম চ্যাটার্জী** : সবগুলো মহকুমা শহরকেই টাচ করা হবে। এটাই সিদ্ধান্ত হবে।

* 3 : (Held over)
* 4 : (Not called)
* 5 : (Held over)
* 6 : (Not called)

## ইংরাজী মাধ্যম বিদ্যালয় স্থাপন

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩) **শ্রী কমল মুখার্জী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ইংরাজী মাধ্যম বিদ্যালয় স্থাপন/চালু করার জন্য রাজ্য সরকারের কোনো স্বীকৃতির প্রয়োজন হয় কি ;

(খ) প্রয়োজন হলে, কোন্ কোন্ বিষয়ের উপর ভিত্তি করে এইরূপ স্বীকৃতি দেওয়া হয় এবং

(গ) গত ০১/০১/২০০২ থেকে ৩১/১২/২০০৩ পর্যন্ত রাজ্যে কত সংখ্যক ওইরূপ বিদ্যালয় স্থাপনের জন্য সরকার স্বীকৃতি পত্র দিয়েছেন ?

**শ্রী কান্তি বিশ্বাস** : (ক) বিদ্যালয়ের স্বীকৃতি দেওয়ার দায়িত্ব বা অধিকার পর্ষদের। সরকারের নয়। কোনো বিদ্যালয়কে বিধিবদ্ধ হওয়ার জন্য স্বীকৃতির প্রয়োজন আছে।

(খ) প্রয়োজনীয় তথ্য সংযোজিত হল।

**অনুপুরক তথ্যাদি** —

(১) বিদ্যালয়টি যে স্থানে অবস্থিত সেই স্থানের জমি বাড়ি বিদ্যালয়ের পরিচালন সমিতির অনুকূলে নিবন্ধকৃত বিক্রি। কবলা। পুনর্নবীকরণ যোগ্য কমপক্ষে ২০ বছরের বন্দোবস্ত। ভাড়াটিয়া দলিল থাকতে হবে।

(২) বিদ্যালয়টি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদের স্বীকৃত বেসরকারী বিদ্যালয় সমূহের (অনুদান সহ এবং অনুদান ছাড়া) ব্যবস্থাপন নিয়মাবলি, ১৯৬৯ অনুসারে পরিচালিত হতে হবে।

(৩) বিদ্যালয়ের পরিচালন সমিতির গঠন ও শিক্ষক-শিক্ষা কর্মীদের নিয়োগ পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদের স্বীকৃত বেসরকারী বিদ্যালয় সমূহের (অনুদান সহ এবং অনুদান ছাড়া) ব্যবস্থাপন নিয়মাবলি, ১৯৬৯ অনুসারে হবে এবং নিয়োগপত্র দিতে হবে।

(৪) বিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রে যোগ্যতা মাফিক কমপক্ষে ১৯৯০ সালের সরকার স্বীকৃত বেতনক্রম সহ অন্যান্য ভাতা এবং শিক্ষা কর্মীদের ক্ষেত্রে ওই বেতনক্রম সহ অন্যান্য ভাতা অবশ্যই চালু করে তার প্রমাণপত্র বিভাগে পেশ করতে হবে।

(৫) বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষা কর্মীদের ভবিষ্যনিধি প্রকল্পের আওতার মধ্যে এনে তার প্রমাণপত্র বিভাগে পেশ করতে হবে।

(৬) বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষা কর্মীদের বেতন থেকে সুনির্দিষ্ট বৃত্তি কর কেটে নিয়ে তা যথাযথ সরকারী খাতে জমা দিয়ে তার প্রমাণপত্র বিভাগে পেশ করতে হবে।

(৭) শিক্ষক-শিক্ষিকাদের বিষয় ভিত্তিক বিন্যাস পেশ করতে হবে।

(৮) সরকারী আর্থিক সহায়তা ছাড়া বিদ্যালয়টি মসৃণভাবে চালানোর ক্ষেত্রে স্থায়ী আয়ের উৎস কোথায় তার কোনো পরিষ্কার ইঙ্গিত থাকা দরকার।

(৯) বিদ্যালয়ের সকল প্রকার আবর্তক খরচ মিটিয়ে বিদ্যালয়টি যাতে স্বাধীনভাবে চলতে পারে কর্তৃপক্ষকে তার নিশ্চয়তা প্রদান করতে হবে।

(১০) সরকারী সহায়তা বিহীন বিদ্যালয়ের ক্ষেত্রে সহায়তা না চাওয়া ও নিয়মাবলি মেনে চলার জন্য আদালতের হলফনামা (সংযুক্ত নির্দেশ অনুসারে) বিভাগে পেশ করতে হবে।

(১১) ৫০০ জন ছাত্র-ছাত্রী আছে এমন বিদ্যালয়ের ক্ষেত্রে ৬০,০০০/- টাকার গচ্ছিত তহবিলের প্রমাণপত্র বিভাগে পেশ করতে হবে।

(১২) বিদ্যালয়ের মাধ্যমিক বিভাগের গত দুই বছরের নিরীক্ষিত প্রতিবেদন সহ শিক্ষক-শিক্ষা কর্মীদের বেতন বইয়ের প্রত্যয়িত ফটো কপি বিভাগে পেশ করতে হবে।

(১৩) বিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শিক্ষক-শিক্ষা কর্মীদের নিয়োগপত্রের কপি বিভাগে পেশ করতে হবে।

(১৪) নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে কমপক্ষে ১২০ জন ছাত্র-ছাত্রী থাকতে হবে।

(১৫) নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে কমপক্ষে ২০´X২০´ মাপের অন্তত চারটি শ্রেণিকক্ষ, শিক্ষকদের কক্ষ, প্রধান শিক্ষকের কক্ষ এবং প্রয়োজনীয় পানীয় জলের ব্যবস্থা ও শৌচাগার থাকা আবশ্যক।

(গ) ৬৬।

**শ্রী কমল মুখার্জী** : আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে এই রাজ্যে ইংরাজী মাধ্যমের স্কুল মধ্যশিক্ষা পর্যদ অনুমোদন করে থাকে। তাছাড়া আই.সি.এস.ই, সি.বি.এস.সি, আই.এস.সি স্কুল পশ্চিমবাংলায় অনুমোদন না করলেও এন.ও.সি দেয়। আমার বক্তব্য পশ্চিমবাংলায় এই স্কুল কতগুলো আছে। মধ্যশিক্ষা পর্যদ অনুমোদিত কতগুলো ইংরাজী মাধ্যম স্কুল পশ্চিমবাংলায় আছে ?

**শ্রী কান্তি বিশ্বাস** : আপনি যে প্রশ্ন করেছেন তার সঙ্গে এই তথ্যের কোনো সম্পর্ক নেই। আপনি পদ্ধতি জানতে চেয়েছেন।

**শ্রী কমল মুখার্জী** : আমার প্রশ্ন হচ্ছে রাজ্যে ইংরাজী মাধ্যমে বিদ্যালয় স্থাপন বা চালু করার জন্য রাজ্যসরকারের স্বীকৃতির প্রয়োজন হয় কিনা।

**শ্রী কান্তি বিশ্বাস** : স্বীকৃতি নয়। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে আপত্তি নেই, অনাপত্তি শংসাপত্র দেওয়া হল তখন আই.সি.এস.ই, সি.বি.এস.সি সেই বিদ্যালয়কে স্বীকৃতি দেওয়া থাকে। আমাদের প্রতি বছর যে বিদ্যালয়কে দেওয়া হয়, আমাদের যে ব্যয়বরাদ্দের বিষয়ে আলোচনা হয়, শিক্ষা বিভাগের যে বাৎসরিক প্রতিবেদন পেশ করা হয় তাতে সমস্ত বিদ্যালয়ের পূর্ণাঙ্গ তালিকা তার মধ্যে দেওয়া থাকে। ফলে এ বছরে যেটা হয়েছে খোঁজ নিয়ে বলতে হবে। আর, বার্ষিক প্রতিবেদনে পশ্চিমবঙ্গ-এর অনাপত্তি শংসাপত্র অনুযায়ী যে স্কুলগুলো দিল্লী বোর্ড দ্বারা স্বীকৃত তার সংখ্যা দেওয়া থাকে।

**শ্রী কমল মুখার্জী** : আমি জানতে চাইছিলাম যে, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের আওতায় অনুমোদিত ইংরাজী মাধ্যম বিদ্যালয়ের সংখ্যা কত ?

**শ্রী কান্তি বিশ্বাস** : আলাদা করে জিজ্ঞাসা করতে হবে।

**শ্রী কমল মুখার্জী** : যে নো অবজেকশন সার্টিফিকেট দেন আই.সি.এস.সি এবং সি.বি.এস.সি স্কুলগুলোকে তাদের সম্বন্ধে নানা রকমের অভিযোগ আপনারও নিশ্চয় গোচরে আছে। এইসব স্কুলগুলো ছাত্র নেয় ডোনেশনের ভিত্তিতে, শিক্ষকদের কম মাইনে দেয়। ছাত্রদের কাছ থেকে অতিরিক্ত মাইনে নেয় এবং নানা অজুহাতে আরো টাকা নেয়। রাজ্য সরকার তো আগেই ওদের নো অবজেক্শন সার্টিফিকেট দিয়ে রেখেছে। তাহলে এইসব স্কুলের অনৈতিক কাজের বিরুদ্ধে রাজ্য সরকারের কিছু করার আছে কিনা ?

**শ্রী কান্তি বিশ্বাস** : এ ব্যাপারে আপনি যে উৎকণ্ঠা দেখিয়েছেন আমি তার সাথে সহমত পোষণ করি। যখনই কোনো বিদ্যালয়কে নো-অবজেকশন দিয়ে দিচ্ছি এবং দিল্লী পর্ষদের দ্বারা স্বীকৃত হচ্ছে তখন থেকে বাস্তবে আমাদের আর কিছুই করার থাকে না। তবে কোনো অভিযোগ থাকলে আমরা দিল্লীর সেই পর্ষদের কাছে বা যারা স্বীকৃতি দিয়েছে তাদের কাছে পাঠিয়ে দিই। কিন্তু এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার অধিকার আমাদের নেই, অনাপত্তি সংশাপত্র দেওয়ার মধ্যে দিয়ে তারা আমাদের হাতের বাইরে চলে গেছে। তবে অভিযোগ থাকলে দিল্লীর পর্ষদের কাছে পাঠিয়ে দিই। তাছাড়া, সরাসরি তাদের কাজে আমরা হস্তক্ষেপ করতে পারি না।

**শ্রী কমল মুখার্জী** : যখন অভিযোগ পাচ্ছেন তখন তো নো-অবজেকশন সার্টিফিকেট উইড্র করতে পারে না। সেই ক্ষমতা কি আপনাদের নেই ?

**শ্রী কান্তি বিশ্বাস** : এটা আমরা পারি কিন্তু মানবিক কারণে করি না। একটা বিদ্যালয়ে মনে করুন ১ হাজার ছাত্র-ছাত্রী পড়ছে—শিক্ষক-শিক্ষিকার কথা বাদই দিলাম। যদি অনাপত্তি শংসাপত্র প্রত্যাহার করি তাহলে বিদ্যালয়টি আইন অনুযায়ী অস্বীকৃত হয়ে যাবে, স্বীকৃতি-বিহীন হয়ে যায় এবং তাহলে সেই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎও অনিশ্চিত হয়ে পড়বে, তারা অনিশ্চয়তার মধ্যে নিক্ষিপ্ত হয়ে পড়বে। এই অনাপত্তি শংসাপত্র যদি প্রত্যাহার করি তাহলে কোমলমতি ছাত্র-ছাত্রী, যারা নিরপরাধ তারা বিপর্যয়ের মধ্যে পড়বে। তাই এটা করি না। আমাদের এই দুর্বলতার সুযোগ নিয়ে স্কুলগলো এই কাজ করে চলেছে। ছাত্র-ছাত্রীদের কথা ভেবেই আমরা অনাপত্তি শংসাপত্রও প্রত্যাহার করি না।

**শ্রী কমল মুখার্জী** : অনেক ক্ষেত্রেই আমরা দেখছি শহরাঞ্চলে যে স্কুলগুলো চলছে তাদের এফিলিয়েশন নেই। তারা তাদের স্কুলের নাইন, টেনের ছাত্র-ছাত্রীদের অন্য স্কুলের নামে পরীক্ষা দেওয়াচ্ছে। তাদের ব্যাপারে আপনাদের কিছু করণীয় আছে কিনা জানতে চাইছি। এই সব স্কুলগুলো ছাত্র-ছাত্রীদের কাছ থেকে বহু টাকা-পয়সা নিচ্ছে কিন্তু অন্য স্কুলের নামে সেই ছাত্র-ছাত্রীদের পরীক্ষা দেওয়াচ্ছে। তাদের ব্যাপারে আপনাদের কিছু করণীয় আছে কিনা ?

**শ্রী কান্তি বিশ্বাস** : এই প্রশ্নের উত্তর দিতে আমি একটু অস্বস্তি বোধ করছি। এই প্রশ্নের উত্তর দিতে হলে সেই বিদ্যালয়ের শিক্ষকদের সম্বন্ধে যে তির্যক মন্তব্য করতে হবে তাতে একজন শিক্ষক হিসাবে আমি অস্বস্তি বোধ করছি, আমাকে ভাবিয়ে তুলেছে। আপনারা অনেকেই হয়তো দেখেছেন এই রকম যে সমস্ত অস্বীকৃত বিদ্যালয়, টাকা-পয়সা নিচ্ছে তাদের ব্যাপারে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের অধ্যক্ষ মহাশয় কঠোর মন্তব্য করেছেন। আমরা চেষ্টা করছি এই সমস্ত শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য। নেওয়া উচিৎ, নিতে হবে। কিন্তু একটা বিদ্যালয়ের শিক্ষকরা এই রকম কাজের সঙ্গে যুক্ত থাকবেন সেটা ভাবতেও আমার দুঃখ হয়।

[ 12.10 – 12.20 p.m. ]

**শ্রী আবদুল মান্নান** : এটা দুর্ভাগ্যের বিষয় যে, এরকম একটা ব্যবসা করছে এবং তার সঙ্গে কিছু শিক্ষকও জড়িত আছে। এটা আমাদের পক্ষে সত্যি দুর্ভাগ্য। মাননীয় সদস্য শ্রীকমল মুখার্জী মহাশয় জানতে চেয়েছিলেন, এই যে স্কুলগুলো নিয়ে একটা ব্যবসা চলছে— রাজ্য সরকারের নিজস্ব একটা সাংবিধানিক অধিকার আছে, ক্ষমতা আছে, সেই ক্ষমতা প্রয়োগ করে এই ব্যবসাগুলো বন্ধ করার, এই অনৈতিক কাজগুলো বন্ধ করার কোনো উদ্যোগ রাজ্য সরকার নেবেন কিনা ?

**শ্রী কান্তি বিশ্বাস** : আমরা চিন্তা-ভাবনা করবো। কিন্তু একটা বাধা হয়ে যায় সেটা হল যে—যেসব ছেলে-মেয়েরা সেই সব বিদ্যালয়ে ভর্তি হয়েছে, তাদের অবস্থাটা কি দাঁড়াবে ? তারা একটা অনিশ্চয়তার মধ্যে পড়বে। এটা নিয়ে চিন্তা-ভাবনা করতে হবে।এর থেকে আমরা কিভাবে বেরিয়ে আসতে পারি এবং এই মুহূর্তে এর থেকে বাঁচার কি পথ, নিরাময়ের কি পথ সেটা বলতে পারছি না। কিন্তু নিশ্চয় এ সম্পর্কে আমাদের চিন্তা-ভাবনা করতে হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, এবারকার আমাদের বাজেট অধিবেশন সংক্ষিপ্ত সময়ের জন্য হচ্ছে। ২৬,২৭ হয়ে বন্ধ হয়ে গেছে, ৮ তারিখ থেকে ১২ তারিখ পর্যন্ত হবে। এটাকে মাথায় রেখে যে সর্বদলীয় বৈঠক আপনার ঘরে আপনার পৌরোহিত্যে হয়েছিল সেখানটায় আমরা বলেছিলাম যে, এই স্বল্প সময়ের ভিতরে যে প্রশ্নগুলো অনুমোদিত হবে, গৃহীত হবে, সেই প্রশ্নের উত্তর যেন আমরা পাই। দীর্ঘ দিন আবার বিধানসভা বন্ধ থাকবে। যেমন বিগত ৬ মাস বন্ধ ছিল। আপনি সেখানে সংসদীয় মন্ত্রী এবং আরও কয়েকজন মন্ত্রীর উপস্থিতিতে বলেছিলেন যে, প্রত্যেকটি প্রশ্ন যা গৃহীত হবে তার যেন উত্তর দেওয়া হয়। আমরা দেখলাম, আজকে ৩ নম্বর যে প্রশ্ন—অনুমোদিত প্রশ্ন ২৪৫, মাননীয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন—প্রশ্নটা কলকাতা-হাওড়ার সংশ্লিষ্ট নদী পরিবহণের বিষয়—এমন নয় যে, জেলা থেকে উত্তর নিয়ে আসতে হবে, তাই সময় লেগেছে। মাননীয় মন্ত্রী মহাশয় ইচ্ছে করে প্রশ্নের উত্তর এড়িয়ে গেলেন—এটা আমাদের সুস্পষ্ট অভিযোগ এবং আপনি সেক্ষেত্রে কোন স্ট্রিকচার দিলেন না, বললেনও

না। তিনি বসে রইলেন, তিনি সশরীরে হাজির আছেন, অথচ তাঁর প্রশ্নের উত্তর দেওয়ার তাগিদ বা প্রয়োজন বোধ করছেন না। এটা সভাকে অবমাননা করা এবং আপনি যখন মন্ত্রীদের ডেকে বলে দিয়েছিলেন, তার পরেও মন্ত্রীরা তাঁদের দায়-দায়িত্ব সম্পর্কে তাঁরা সম্পূর্ণভাবে ওয়াকিবহাল থেকেও যে এই হাউসকে তারা মিস্‌-রিপ্রেজেন্ট করছেন তার জন্য আমি নিন্দা করছি, আপনার হস্তক্ষেপ প্রার্থনা করছি। আজকের যে ৯ নম্বর প্রশ্ন এডুকেশন মিনিস্টারের কাছে—আমার ৯ নম্বর প্রশ্ন ছিল—উইল দি মিনিস্টার-ইনচার্জ অফ দি স্কুল এডুকেশন ডিপার্টমেন্ট বি প্লিজড টু স্টেট দ্যাট হোয়েদার ইট ইজ এ ফ্যাক্ট দ্যাট এ নাম্বার অফ জি.এস.এফ.পি. স্কুলস অ্যান্ড এন্ড অ্যারাউন্ড কলকাতা আর ক্লোজড্‌ ডাউন—সেটাও হেল্ডওভার হয়ে গেছে এবং সেটারও কোনো উত্তর আসেনি। তাহলে আমরা বসে আছি কিসের জন্য ? সভার শোভা বৃদ্ধি করার জন্য ? আমরা মানুষের হয়ে প্রশ্ন করবো, মন্ত্রীদের নাগালের মধ্যে পেলে প্রশ্নের উত্তর দেওয়া তাঁদের নৈতিক দায়িত্ব। আপনি ইন্সট্রাকশন দিয়েছেন, তারপরেও কাজ হচ্ছে না। আমার মনে হয় যে, এঁরা ইচ্ছে করে এই সভাকে অবমাননা করছেন। তাই আমি আপনার প্রোটেকশন সিক্‌ করছি।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যখন সর্বদলীয় সভা ডেকে আমাদের যে নির্দেশগুলো দেন, সেগুলো আমরা শিরোধার্য হিসেবে মেনে নিই এবং সেই নির্দেশগুলো পালন করার চেষ্টা করি। মন্ত্রীদের এই যে হাউসকে এড়িয়ে যাওয়ার যে প্রবণতা, সে ব্যাপারে আমরা প্রত্যেকটা সভাতে আপনার দৃষ্টি আকর্ষণ করি এবং আপনিও বিভিন্ন সময়ে বলেন এবং এই হাউসেও বলেন। একটু আগে বিরোধী দলের নেতা যে প্রশ্ন উত্থাপন করলেন, সঠিকভাবে সেটা করেছেন, সেটা মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থিত থেকেও উত্তর দিলেন না। শুধু তাই নয়, এই মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা প্রশ্ন ছিল—আপনার যে বুলেটিন বেরোয়, একটা সবুজ কাগজের বুলেটিন ছিল, আমার একটা সিরিয়াল কোশ্চেন নম্বর ছিল ৪০—লাইফ টাইম ট্যাক্স অন টু হুইলার, আপনি জানেন যে, গোটা পশ্চিমবাংলায় টু হুইলার থেকে লাইফ টাইম ট্যাক্স নেওয়া হচ্ছে—এগুলো একটা বিপজ্জনক অবস্থায় এসে দাঁড়িয়েছে, সারা পশ্চিমবাংলায় জোর করে কালেকশন করা হচ্ছে, বর্গীর আক্রমণের মত আক্রমণ করা হচ্ছে—টু হুইলার থেকে ট্যাক্স আদায় করা হচ্ছে অন্যায়ভাবে। আমি সেই ব্যাপারে একটা কোশ্চেন দিয়েছিলাম মাননীয় মন্ত্রী মহোদয়কে। আজকে দেখলাম লিস্টে সেই কোশ্চেনটা নেই। এই ৯দিনের হাউসে আমরা হিসেব করে কোশ্চেন দিয়েছি যে, সেই কোশ্চেনটা যাতে এসে যায়। এমনভাবে দিয়েছি যাতে প্রথমেই ওই কোশ্চেনটা থাকবে, অন্য কোনো কোশ্চেন আসবে না। তাহলে মন্ত্রীরা যে সমস্ত জায়গায় এমব্রাসিং হবেন, বিব্রত হবেন, জনস্বার্থ বিরোধী কাজ করার ফলে মানুষকে ফেস করতে পারবেন না, হাউসকে ফেস করতে পারবে না, সেখানে স্যার, আপনি কি করে আশা করবেন যে, বিরোধীপক্ষ একদম সুবোধ বালকের মত এই মন্ত্রীদের সব বক্তৃতা শুনে যাবে। আজকে স্যার, এই মন্ত্রীকে স্ট্রিকচার দিন, এই মন্ত্রীকে আপনি ধমক দিন, এই মন্ত্রীর বিরুদ্ধে ব্যবস্থা নিন। প্রত্যেকবার, প্রত্যেক হাউসে দেখি ওঁনার ডিপার্টমেন্টের প্রশ্ন থাকলে, বিশেষ করে ট্রান্সপোর্ট মিনিস্টার প্রত্যেকটি প্রশ্নকে এড়িয়ে যান। জনসাধারণকে ফেস করতে

পারেন না। জনসাধারণ টাকা দেন এঁনাকে, জনসাধারণ মাইনে দেন এঁনাকে—সেই মাইনে নিয়ে শুধু লালবাতির গাড়ি চড়ে ঘোরার জন্য নয়, মন্ত্রিত্বে থাকার জন্য জনসাধারণের বক্তব্য শুনতে হবে। আজকে যদি বিরোধী পক্ষের প্রশ্নগুলো এড়িয়ে যান, তাহলে স্যার, ভবিষ্যতে আমাদের আরও অনেক রকম পথ নিতে হবে, আমাদের দুর্ভাগ্য, আপনার নির্দেশ মানতে পারবো না তখন। কারণ, যেখানে মন্ত্রী আপনার নির্দেশ মানেন না, মন্ত্রী হাউসকে অবমাননা করেন, মন্ত্রী হাউসকে এড়িয়ে যান, বিশেষ করে ট্রান্সপোর্ট মিনিস্টারকে আমরা দিনের পর দিন দেখছি যে, লাইফ টাইম ট্যাক্স আজকে গোটা পশ্চিমবাংলায় কি অবস্থায় দাঁড়িয়েছে সেটা আপনি জিজ্ঞাসা করুন, টু-হুইলার, মোটর সাইকেল থেকে অন্যায়ভাবে ট্যাক্স নিচ্ছেন—একবার ১৫ বছরের নিয়েছেন, আবার তার উপর ১৫ বছর। কতদিন লাইফ, আপনি বলতে পারবেন ? আপনার জীবন কত দিন ? সুপ্রিম কোর্ট বলেছে ১৫ বছরের ট্যাক্স নিতে, আপনি তার বেশি ট্যাক্স নিচ্ছেন। আমি আপনার কাছে জানতে চাইছি, আপনি উত্তর দেবেন। আমার প্রশ্ন সিরিয়াল নাম্বার ৪০-এ আছে আপনি কবে উত্তর দেবেন সেটা বলুন—আপনার আর একটা দিন আছে। সেইজন্য স্যার আপনার কাছ থেকে পারমিশন চেয়েছি। আমরা বিরোধীপক্ষ, আমরা সরকারের প্রশংসা করার জন্য আসিনি। সরকারের মন্ত্রীদের যে জনবিরোধী কাজ সেগুলির আমরা প্রতিবাদ করব—জনস্বার্থে আমরা সেগুলি তুলে ধরব। ট্রান্সপোর্ট মিনিস্টার যদি এইরকম দিনের পর দিন আচরণ করেন তাহলে সেটা হাউস-এর মর্যাদা ক্ষুণ্ণ হয়। তাই আপনার কাছে নিবেদন করছি আপনি যেভাবে আমাদের নির্দেশ দেন, সেইভাবে মন্ত্রী মহাশয়দেরও নির্দেশ দিন বিধানসভার সদস্যদের কথা শোনবার জন্য। কারণ হাউজের একটা মর্যাদা আছে।

**মিঃ স্পীকার** : এই কথাটা ঠিক। আমরা দুবার বসেছিলাম। শেষ মিটিং কদিন আগে হয়েছিল এবং আমাদের পরিষদীয় মন্ত্রী প্রবোধচন্দ্র সিন্‌হাও উপস্থিত ছিলেন। আমি নোট করেছিলাম মন্ত্রীদের উপস্থিতি নিয়ে। যে প্রশ্নগুলি আসে অনেক সময় প্র্যাকটিকাল ডিফিকাল্টি থাকার কারণে উত্তর দেওয়া সম্ভব হয় না। সময় চাওয়া হয়। আমি একসময় মন্ত্রী ছিলাম ১৯৭৭-৮২ সালে। মন্ত্রী উত্তর নাও দিতে পারেন তাহলে হেল্ড ওভার হয় না, হার্ট বার্নিং হয় না। প্রশ্ন ছাপা হল এবং তারপরেও হেল্ড ওভার হল তখন মেম্বারের একটা আপত্তি থাকতে পারে। কোয়েশ্চেন হেল্ড ওভার হতে পারে, সবসময় মন্ত্রীদের উত্তর দিতে হবে এইরকম কোন হার্ড অ্যান্ড ফাস্ট রুল নেই। তবে এটা নিয়মিত হওয়া উচিত না। আমি মন্ত্রীদের বলব যে এটা চেষ্টা করা উচিত যে প্রশ্নগুলি আসে মেম্বারদের সেগুলির উত্তর দেওয়া। তবে এটা সাংবিধানিক নিয়ম আছে যে মন্ত্রী সে উত্তর নাও দিতে পারেন।—I cannot force a minister to answer a question politically deal. I cannot force any Minister Parliamentary rules এই হচ্ছে প্রসেডিওর। কিন্তু অনেক সময় মন্ত্রীরা উত্তর দিতে পারেন না নানান কারণে—Democracy demands that the minister answers the question. Member has the right to know. Through members people has the right to know.

Mr. Mannan mentioned life time Tax. High court আমার কাছে খবর আছে যে একটা হাইকোর্টে মামলা চলছিল, সাধারণতঃ হাইকোর্টে মামলা হলে প্রশ্নের উত্তর দেওয়া হয় না।

(নয়েজ)

I am not saying what it is.

জেনারেল রুল হল যে লিটিগেশান থাকলে অনেক সময় ডিপার্টমেন্ট খুব তাড়াতাড়ি উত্তর দিতে চায় না কারণ কনটেমপ্ট অফ্ কোর্ট হতে পারে।

I am on my legs.....I don't know. I am not aware. There may be limitation. There may not be limitation.

I am not taking anybody's side. In all fairness if a question can be replied to, members should get the reply. If it can not be replied time must be sought for after giving sufficient notice.

(Noise)

We are not going into the merit of the question. We are not debating.

মি. চক্রবর্তী আপনি এই প্রশ্নগুলির উত্তর নেক্সট ডে তে দেওয়ার চেষ্টা করবেন।

**শ্রী সুভাষ চক্রবর্তী** : প্রশাসনিক পদ্ধতিগত যে প্রক্রিয়া অবলম্বন করে উত্তর তৈরি হয়ে অ্যাসেম্বলীতে আসে সেই পদ্ধতিগত প্রক্রিয়া সম্পূর্ণ হতে পারেনি, সেইজন্য শেষ মুহূর্তে স্থগিত হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান** : কতদিন লাগবে ?

**শ্রী সুভাষ চক্রবর্তী** : আপনারা সকলে মিলে ঠিক করেছেন যে, এই বিধানসভা আগামী ১৮ তারিখ পর্যন্ত চলবে, কাল পরশু বাদ দিয়ে, তার আগে মাননীয় স্পীকার যে দিন অনুমতি দেবেন, আমি সে দিনই উত্তর দেব।

## Starred Questions
## (to which answers were laid on the 'Table')

### বুনিয়াদী প্রশিক্ষণ

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭২) **শ্রী ধনঞ্জয় মোদক** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> প্রাথমিক বিদ্যালয়ে নূতন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর 'বুনিয়াদী প্রশিক্ষণ' থাকা বাধ্যতামূলক কি না ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

হ্যাঁ (মৃত শিক্ষক/শিক্ষাকর্মীর নিকটাত্মীয়কে 'মানবিক কারণে' নিয়োগের ক্ষেত্র ব্যতিরেকে)।

### প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগে এস.এস.সি।

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৫) **শ্রী তাপস চট্টোপাধ্যায় :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রাথমিক বিদ্যালয়ে, শিক্ষক নিয়োগ-এর ক্ষেত্রে স্কুল সার্ভিস কমিশন চালু করা হচ্ছে এবং

(খ) সত্যি হলে, তা কবে থেকে চালু হবে বলে আশা করা যায় ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না, এরূপ কোনো সিদ্ধান্ত হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

### Extension of Metro Railway

*10. (Admitted Question No *325) **Shri Saugata Roy** : will the Minister-in-charge of the Transport Department be pleased to state–

(a) whether there is a proposal to extend Metro Railway to Rajarhat and Ramrajatala and

(b) if so, the details of the proposal and progress achieved in the matter ?

**Minister in-charge of the Transport Department :**

(a) There is no proposal as such for extension of the Metro Railway to Rajarhat and Ramrajatala.

But there is a proposal for "East-West Metro Corridor" from Rajarhat to Ramrajatala, the feasibility of which is being studied at present.

(b) As the feasibility study, is not yet completed details in the matter can not be furnished.

### বিদ্যালয়ে নতুন পাঠক্রমে বানান ও ব্যাকরণ বিধির পরিবর্তন

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) **শ্রী জ্যোতির্ময় কর :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

একথা কি সত্যি যে, বিদ্যালয়ে নতুন পাঠক্রম চালু করতে গিয়ে মধ্যশিক্ষা পর্ষদ বানান ও মনীষীগণের লেখা সাধুভাষার ব্যাকরণগত বিধির পরিবর্তন করছেন ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

ষষ্ঠ শ্রেণিতে বানান ও মনীষীদের সাধু ভাষায় লিখিত কিছু লেখার কোথাও কোথাও পরিবর্তন করা হয়েছে।

বর্তমানে আর কোনো শ্রেণিতে এই পরিবর্তন করা হয়নি।

## প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন না—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার প্রাথমিক স্তরে ইংরাজী পড়ানো চালু করার লক্ষ্যে প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং

(খ) সত্যি হলে, সরকারী প্রশিক্ষণের পদ্ধতি কীরূপ ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ সত্য।

(খ) প্রথমে ৭৫ জন মুখ্য প্রশিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হবে। পরে এই মুখ্য প্রশিক্ষকগণ জেলায় জেলায় সম্পন্ন শিক্ষকদের প্রশিক্ষণ দেবেন। এই সম্পন্ন শিক্ষকগণ প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ দেবেন।

## Computer manuals

*13. (Admitted Question No *318) **Shri Saugata Roy** : will the Minister-in-charge of the School Education Department be pleased to state–

(a) whether students in the State have not received Computer manuals even after depositing money ;

(b) if so, reasons thereof and

(c) steps taken by the Government in the matter ?

**Minister in-charge of the School Education Department :**

(a) It is not true.

(b) Does not arise.

(c) Books prepared on revised syllabi will be supplied through Learning Service agencies (IBM, NIIT) to the respective students shortly on payment of Rs. 28/- for each class once in the academic session.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received 6 notices of Adjournment Motions. The first one is from Shri Debaprasad Sarkar on the subject of deplorable condition of the Potato growers in the State. The second one is from Shri Asit Kumar Mitra and Shri Nepal Mahato on the subject of reported incident of molestation of three girls at Putunda under Shaktigar P.S., Burdwan. The third one is from Shri Kashinath Mishra, Shri Mantu Ram Pakhira and Shri Ajit Bhunia on the subject of reported incident of suicide by one Potato grower Shri Rabindranath Ghosh in Burdwan. The fourth one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of reported suicide committed by one Rabindra Nath Ghosh, Potato grower in Memory of Burdwan. The fifth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of reported gang-molestation of five women at Bhaktigar, Burdwan. The sixth one is from Shri Saugata Roy on the subject of reported incidents on the day of 'Holi' showing deterioration of law and order situation in the State.

The subject matters of the first, third and fourth Motions and the subject matters of the second and fifth Motions are identical.

The subject matters of all the 6 Motions relate to day to day Administration of the Govt. and are not such that may call for Adjournment of the Business of the House.

Members will get ample scope to raise the matters during discussion on Governor's Address.

Besides, the Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my concent to all the Motions.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

**শ্রী দেবপ্রসাদ সরকার :** বর্ধমানে কালনা, কাটোয়া ও অন্যান্য এলাকায় মাঠের পর মাঠ পুড়ে ধ্বসা রোগের আক্রমণ বিপর্যস্ত আলু চাষ। হাজার হাজার টাকা খরচ করে চাষ করা এই 'ক্যাশ ক্রপ' আলু চাষীদের যে বিপুল ক্ষতির মুখে ঠেলে দিয়েছে তার ফলে আজ

তাঁদের ঘরে ঘরে হাহাকার। ক্ষতির বহর এত ভয়াবহ যে চাষীদের আত্মহননের মত মর্মান্তিক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এর জ্বলন্ত নজির গত ৩রা মার্চ ২০০৪ রাতে মেমারি ২নং ব্লকে বিসকোবা গ্রামের এক চাষী রবীন্দ্রনাথ ঘোষ আলু চাষের এই বিপর্যয়ের কারণে বিষ খেয়ে আত্মহত্যা করেছেন। এমতাবস্থায় রাজ্য সরকারের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত আলু চাষীদের পাশে দাঁড়িয়ে তাঁদের প্রয়োজনীয় আর্থিক সাহায্য এবং আলুচাষী রবীন্দ্রনাথ ঘোষের পরিবারকে উপযুক্ত সাহায্য ও আর্থিক ক্ষতিপূরণের দাবি জানাচ্ছি।

(প্রস্তাব পাঠ করে শ্রীদেবপ্রসাদ সরকার সভাকক্ষ ত্যাগ করেন।)

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : গত ৩রা মার্চ বর্ধমান জেলার মেমারী ২ নং ব্লকের বিজুর ২ নং গ্রাম পঞ্চায়েতের বিসকোবা গ্রামের রবীন্দ্রনাথ ঘোষ আলুচাষ বিপর্যয়ের জেরে ঋণগ্রস্ত হয়ে দিশেহারা হয়ে পড়েন এবং বাঁচার কোনো পথ খোলা না থাকায় কীটনাশক ওষুধ খেয়ে আত্মহত্যা করেন। পশ্চিমবঙ্গ সরকার সর্বক্ষেত্রে সাফল্যের গান গাইলেও বাস্তব অবস্থা যে কত করুণ তা এই ঘটনায় পরিষ্কার। কখনো আলুর ফলন অধিক হয়ে দাম পড়ে যাওয়ার ফলে এবং সেই আলু হিম ঘরে যথেষ্ট রাখার ব্যবস্থা না থাকায় আবার কখনো ধসা রোগে আলু নষ্ট হয়ে যাওয়ার ফলে কৃষক দেনার দায়ে ঋণগ্রস্ত হয়ে পড়ায় আত্মহত্যার পথ বেছে নিচ্ছেন। পশ্চিমবঙ্গ সরকার নীরব।

[ 12.20 – 12.30 p.m. ]

**শ্রী অসিত মিত্র** : আজ আন্তর্জাতিক নারী দিবস। ঠিক তার একদিন আগে বর্ধমানের শক্তিগড়ের খুতুণ্ডা গ্রামে তিনজন কিশোরীর শ্লীলতাহানি করা হয়েছে দোলের দিন দুপুরে। তাদের মধ্যে একজন অন্তঃসত্ত্বা। এই ঘটনা প্রমান করছে পশ্চিমবঙ্গ-এ বামফ্রন্ট সরকারের রাজত্বে নারীদের কোনো নিরাপত্তা নেই। অত্যন্ত দুঃখের কথা, যে সব কিশোরীরা এই অত্যাচারের বলি হলেন তাঁদের ডাক্তারি পরীক্ষা ছাড়াই পুলিস মন্তব্য করে যে একজনের শ্লীলতাহানি হয়েছে ও দুইজনের উপর শারীরিক নির্যাতন চালানো হয়েছে। পুলিসের এই ধরনের মন্তব্য করার অধিকার নেই ডাক্তারি পরীক্ষার রিপোর্ট ছাড়া।

আসল দুষ্কৃতিকারীদের ধরা যায়নি। তারা শাসকদলের সমর্থক। একজন ধৃত ব্যক্তি নিজেকে গরিষ্ঠ শাসকদলের সমর্থক বলে বিবৃতি দিয়েছেন। শাসক দল দুষ্কৃতিকারীদের আড়াল করতে চাইছে। আন্তর্জাতিক নারীবর্ষের দিনে বহরমপুর, বাগনান ও শক্তিগড়ের ঘটনা প্রমাণ করল বানতলা, বোলুদাডাঙ্গা এবং স্বরূপনগরের নারীদের উপর অত্যাচারের ঘটনা শেষ নয়। সারা পৃথিবীর কাছে পশ্চিমবঙ্গের সম্মান ধুলায় লুণ্ঠিত। অবিলম্বে দোষীদের শাস্তির দাবী করছি এবং অত্যাচারিতা মহিলাদের সসম্মানে সমাজে প্রতিষ্ঠা করা সহ সমস্ত নারীদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবী করছি।

(বক্তৃতার শেষে কংগ্রেস-আই সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করেন)

(কিছুক্ষণ পর আবার কংগ্রেস-আই সদস্যগণ সভাকক্ষে প্রবেশ করেন)

## CALLING ATTENTION

**Mr. Speaker** : Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :-

| Subjects | | Name |
|---|---|---|
| i) Reported death of eight persons including Police personnel from landmine explosion of PWG under Belpahari P.S. of Paschim Medinipur on 25.2.2004 | : | Shri Asit Mitra<br>Shri Nepal Mahato<br>Shri Gyan Singh Sohanpal<br>Shri Somendra Nath Mitra<br>Shri Asit Kumar Mal<br>Shri Abdul Mannan<br>Shri Kashinath Mishra<br>Shri Manturam Pakhira<br>Shri Ajit Bhunia and<br>Shri Jyoti Krishna Chattopadhyay |
| (ii) Lockout at Caladonia Jute Mill at Budge Budge and consequential situation arisen therefrom | : | Shri Ashok Deb |
| (iii) Reported murder of one Shri Sailen Bachhar of Madhabpur village under Bangore P.S., South 24 Parganas on 26.01.2004 | : | Shri Gobindachandra Naskar |
| (iv) Reported suicide by a potato farmer at Memari, Burdwan. | : | Shri Saugata Roy |

I have selected the notice of Shri Asit Mitra and others on the subject of reported death of eight persons including Police Personnel from landmine explosion of PWG under Belpahari P.S. of Paschim Medinipur on 25.2.2004.

The Minister in charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, the statement will be made on 18th March, 2004.

## PRESENTATION OF COMMITTEE REPORT

**Presentation of the 6th Report of the Standing Committee on Power and Non-Conventional Energy Sources, Science and Technology and Information-Technology (2003-2004)**

**Shri Abu Ayes Mondal :** Sir, I beg to present the 6th Report of the Standing Committee on Power and Non-Conventional Energy Sources, Science and Technology and Information-Technology (2003-2004).

## LAYING OF RULES

**Amendments in the West Bengal Consumer Protection Rules, 1987.**

**Shri Narendra Nath Dey :** Sir, I beg to lay the Amendments in the West Bengal Consumer Protection Rules, 1987 published in the Kolkata Gazette, Extraordinary dated the 18th October, 2003 under Notification No. $\frac{\text{1347-C.A}}{\text{CA/DF/4M-7/2000(Pt-I)}}$ dated the 1st October, 2003

**The West Bengal Municipal (Duties and Responsibilities of the Executive Officer) Rules, 2003.**

**Shri Asok Bhattacharya :** Sir, I beg to lay the West Bengal Municipal (Duties and Responsibilites of the Executive Officer) Rules, 2003 published in the Kolkata Gazette, Extraordinary. dated the 28th November, 2003 under Notification No. 576/MA/O/C-4/3R-7/2003 dated the 17th October, 2003.

## LAYING OF REPORT

**The West Bengal Municipal (Employee's Death-cum-Retirement Benefits) Rules, 2003.**

**Shri Asok Bhattacharya :** Sir, I beg to lay the West Bengal Municipal (Employee's Death-cum-Retirement Benefits) Rules, 2003 published in the Kolkata Gazette, Extraordinary dated the 20th August, 2003 under Notification No. 472/MA/O/C-4/1A-9/97 dated the 20th August, 2003.

**28th Annual Report and Audited Accounts of the West Bengal Dairy and Poultry Development Corporation Limited for the year 1996-97**

**Shri Probodh Chandra Sinha :** With your kind permission, Mr.Speaker, Sir, I beg to lay the 28th Annual Report and Audited Accounts of the West Bengal Dairy and Poultry Development Corporation Limitsed for the year 1996-97.

**শ্রী আবদুল মান্নান :** স্যার, আপনাকে আমি প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি, বেলপাহাড়ীতে গুলি চালনার ব্যাপারে আমরা সুনির্দিষ্ট কলিং অ্যাটেনশান নোটিশ দিয়েছি

সেটা আপনি অনুগ্রহ করে অ্যাকসেপ্ট করেছেন। কিন্তু স্যার, যেটা দুঃখের ব্যাপার সেটা হলো,পার্লামেন্টারী অ্যাফেয়ার্স মিনিস্টার বললেন যে ১৮ই মার্চ এর উত্তর দেবেন। কিন্তু স্যার আপনি জানেন ১১ই মার্চ চিফ মিনিস্টার রিপ্লাই দেবেন গভর্নরস অ্যাড্রেসের উপর ভোট অফ থ্যাংসের। সেখানে এই ব্যাপারে ডিসকাশান হবে এবং এই ডিসকাশানের রিপ্লাই ভোট অফ থ্যাংসের ডিবেটে পেয়ে যাবো। তার এক সপ্তাহ পরে এই কলিং অ্যাটেনশানের রিপ্লাই আমরা পাবো। আমার মনে হচ্ছে এই ব্যাপারে আমরা যে গুরুত্বটা চাইছি সেটা পাবো না। এই রিপ্লাই-এর ডেটটা যাতে আগিয়ে আনা যায় সেই ব্যাপারে আপনি একটু চেষ্টা করুন।

**মিঃ স্পীকার** : এই ব্যাপারে টাইমের প্রবলেম আছে। আমি কথা বলে দেখবো, আমি চেষ্টা করবো।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ২৯শে ফেব্রুয়ারী নির্বাচন কমিশন নির্বাচনের দিন এবং তার প্রক্রিয়া ঘোষণা করে দিয়েছেন। এই নির্বাচন বিধি লাগু হবার পর আমরা লক্ষ করছি—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে জানাবার জন্য বলছি—পশ্চিমবঙ্গ সরকার প্রতিদিন প্রাথমিক শিক্ষক নিয়োগ করবার ব্যাপারে বড় বড় অ্যাডভার্টাইজমেন্ট দিয়ে চলেছে। প্রথম দিন আমি ভেবেছিলাম এই অ্যাডভার্টাইজমেন্ট হয়ত ডিপার্টমেন্টে চলে গেছে, তাই বার হয়ে গেছে। কিন্তু গতকাল আমি লক্ষ করলাম প্রতিটি প্রভাতী সংবাদপত্রে একটা গোটা পাতা জুড়ে প্রাইমারী শিক্ষক নিয়োগের ব্যাপারে বিজ্ঞাপন দেওয়া হয়েছে। এটা করে মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে এবং নির্বাচন বিধি ভাঙা হচ্ছে। যেহেতু নির্বাচন বিধি লাগু করা হয়েছে ২৯শে ফেব্রুয়ারী, তারপর এটা করা যায় না। সরকারের এই অবৈধ এবং অন্যায় কাজ বন্ধ করবার জন্য আপনার যে প্রভাব সেই প্রভাব দিয়ে সরকার যাতে এই কাজ বন্ধ রাখে তার জন্য আপনি চেষ্টা করুন এই অনুরোধ আমি রাখছি।

## MENTION CASES

**শ্রী নেপাল মাহাত** : আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। স্যার, আপনি জানেন সারা পশ্চিমবাংলায় একটা অরাজকতা চলছে। প্রথমে ও.সি. মার্ডার হল, তারপর মাইন বিস্ফোরণে ৭ জন পুলিশ অফিসার মারা গেলেন।

আমরা লক্ষ করছি বামফ্রন্ট সরকারের ব্যর্থতা এবং এই সমস্ত এলাকায় উন্নয়নে ঘাটতি থাকার জন্য এই অবৈধ লড়াই শুরু হয়েছে। এই কারণে এখানে যে দক্ষ পুলিশ অফিসার থাকা দরকার সেটা না থাকার জন্য এই ঘটনা ঘটছে। এই ব্যাপারে আমরা যে কলিং অ্যাটেনশান দিয়েছি, সেই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী যে বিবৃতি দেবেন, এলাকার স্বার্থে সেটা তাড়াতাড়ি দেবার ব্যবস্থা করা হোক।

**শ্রী সমর হাজরা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জামালপুর বিধানসভা কেন্দ্রে দুটি হাসপাতাল আছে, একটা হল

নবগ্রামে এবং আর একটি হল চক্ষনজাদিতে। এই দুটি হাসপাতাল হল অত্যন্ত গুরুত্বপূর্ণ হাসপাতাল। এই হাসপাতালগুলোতে প্রতিদিন দেড়শো থেকে দুশো করে রোগী হয় আউটডোরে। এখানে ইনডোর পরিষেবা মানুষ পাচ্ছে না। তার ফলে মানুষকে চরম দুর্ভোগের মধ্যে পড়তে হচ্ছে। এখানকার গরীব মানুষদের মহকুমা হাসপাতালে যেতে অসুবিধা হয়, ডেলিভারি পেসেন্টদের যেতে অসুবিধা হচ্ছে। তাই আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই নবগ্রামে এবং চক্ষনজাদি হাসপাতালে ইনডোর পরিষেবা যাতে চালু করা যায় এবং ২৪ ঘন্টা ডাক্তার থাকে তার জন্য তিনি যেন ব্যবস্থা করেন এই আবেদন আমি জানাচ্ছি।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের শ্রমমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ২-৩ দিন আগে হাওড়ার বালি জুট মিলের কিছু শ্রমিক আমার কাছে এসেছিলেন। সেই জুট মিলে সাড়ে চার হাজার লোক কাজ করে। এই বালি জুট মিল গত ১লা মার্চ সোমবার থেকে বন্ধ হয়ে গিয়েছে। এর আগে ১২ দিন ধরে স্ট্রাইক চলছিল। সমস্ত ইউনিয়ানগুলো মিলে তাদের দাবি-দাওয়ার ভিত্তিতে স্ট্রাইক করেছিল।

[ 12.30—12.40 p.m. ]

গত ২৮শে ফেব্রুয়ারী একটি ত্রিপাক্ষিক চুক্তি হয় শ্রমিকপক্ষ, মালিকপক্ষ এবং সরকারপক্ষ বসে। ওই চুক্তি হওয়ার পরেও কিন্তু দেখা গেল মালিকপক্ষ সেই চুক্তিমত কাজ না করে ১লা মার্চ শ্রমিকরা যখন কাজে যাচ্ছে, তারা গিয়ে দেখে যে সেখানে সাসপেনশন অফ ওয়ার্কের নোটিশ ঝুলিয়ে দিয়েছে। তাদের কাছে বিনা মেঘে বজ্রপাতের মত অবস্থা দেখা দিয়েছে। সাড়ে চার হাজারের বেশি শ্রমিক এখন অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে তারা। শুধু তাই নয়, মাননীয় মুখ্যমন্ত্রী এর আগেরদিন বলেছিলেন, সমস্ত সমস্যার সমাধান করে দিয়েছেন। চটকলের শ্রমিকরা তাঁর কথায় অনেকটা আশাবাদী হয়েছিল। খোদ মুখ্যমন্ত্রী যখন বলেছিলেন যে সমস্ত সমস্যার সমাধান হয়ে গেছে তখন তারা আশাবাদী হয়েছিল। কিন্তু দেখা গেল, মাননীয় মুখ্যমন্ত্রীর ভবিষ্যদ বাণী, তাঁর বিবৃতিকে উপহাস করে, ব্যঙ্গ করে বালী জুট মিলের মালিকপক্ষ একতরফাভাবে সাসপেনশন অফ ওয়ার্কের নোটিশ ঝুলিয়ে দিয়ে কারখানাটি বন্ধ করে দিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, আপনি যে কথা বলেছিলেন, জুটমিলের সমস্ত সমস্যার সমাধান করে দিয়েছেন, তাকে বাস্তবায়িত করুন। সাড়ে চার হাজারের বেশি শ্রমিক এবং তাদের ওপরে নির্ভরশীল আছেন অন্তত দশ হাজার মানুষ। তাঁরা যাতে রক্ষা পান তার ব্যবস্থা করুন।

**শ্রী ভক্তরাম পান :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের জেলায় জেলা সড়কগুলির মধ্যে চণ্ডীতলা-চাঁপাডাঙ্গা সড়কের ৬-২৪কিমি. রাস্তার যে বেহাল অবস্থা, সেই অবস্থার কথা বিবেচনা করে রাজ্য সরকার হাডকোর মাধ্যমে সাড়ে সাত কোটি টাকা ব্যয় করে বেহাল অবস্থা মেরামতির ব্যবস্থা করেছিলেন এবং তারজন্য যে এজেন্সীকে

দায়িত্ব দিয়েছিলেন-পাম্প ডেভালপমেন্ট এজেন্সীকে ১৭ই ডিসেম্বর, ২০০৩ তারিখে কাজ করার ওয়ার্ক অর্ডার দিয়েছিলেন-সেই বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ওয়ার্ক অর্ডার দেওয়া সত্ত্বেও তারা এই রকম গুরুত্বপূর্ণ রাস্তার বেহাল অবস্থা ফেরাবার জন্য কোন কাজে নামেনি। ইতিমধ্যে তাদের সাথে দু'বার আলোচনাও হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত মেরামতির কোন কাজ না করে তারা বসে আছে। আমাদের হুগলী জেলায় এই রকম গুরুত্বপূর্ণ রাস্তার বেহাল অবস্থার ফলে যে কোনো সময়ে বড় ধরনের দুর্ঘটনা ঘটে যেতে পারে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, উদ্ভুত সমস্যার সমাধানের জন্য জরুরী ভিত্তিতে উক্ত রাস্তার মেরামতির দাবী করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মাননীয় প্রতিমন্ত্রী মহাশয় এখানে আছেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। সরকার যেখানে আর্থিক সংকটের মধ্যেও বলছেন বিভিন্ন প্রোজেকটের মাধ্যমে কিছু কিছু উন্নতির কাজ করছেন, সেখানে হাসপাতালগুলিরও উন্নতির কাজ হচ্ছে। বাঁকুড়া জেলায় আমার এলাকায় ১নং ব্লকে কেজাকুড়া হাসপাতাল যেটি আছে, সেখানে যে নতুন বিল্ডিং হচ্ছে, সেখানে লক্ষ লক্ষ টাকার অপচয় হচ্ছে। গ্রামবাসীরা এরজন্য আমার কাছে একটি পিটিশন দিয়েছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, আমার ওখানে যে স্বাস্থ্যকেন্দ্রটি আছে, সেটি দীর্ঘদিনের পুরনো। তারফলে বাড়িটি নষ্ট হয়ে গিয়েছিল। ওখানে নতুন যে বিল্ডিং হচ্ছে, সেখানে টাকা আত্মসাৎ হচ্ছে। পার্টির লোকেদের প্রভাবে ওখানে টাকা পয়সা যেভাবে লুটপাট চলছে, তা নিয়ে ওখানকার মানুষ অস্থিরতা প্রকাশ করেছেন। আমি মাননীয় প্রত্যুষবাবুর দৃষ্টি আকর্ষণ করছি, ওখানে লক্ষ লক্ষ টাকার অপচয় হচ্ছে এবং এইভাবে যদি বিল্ডিংটি নির্মিত হয় তাহলে সেটি ধসে পড়ে যাবে। মাননীয় স্বাস্থ্য দপ্তরের প্রতিমন্ত্রীর কাছে ওখানকার গ্রামবাসীরা যে অনুলিপি দিয়েছেন সেটা তাঁর হাতে দিচ্ছি।

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুর জেলার নন্দীগ্রাম থেকে চন্ডপুর ১৭ কি.মি. পাকা রাস্তাটি ভগ্ন এবং বেহাল অবস্থায় রয়েছে। ওই রাস্তা দিয়ে প্রতিদিন অসংখ্য বাস, ট্রেকার এবং লরি যাতায়াত করে। যে কোনো সময়ে ওখানে একটা বড় ধরনের দুর্ঘটনা ঘটে যেতে পারে। একটা বিপদের আশঙ্কা আছে। সেই কারণে আমার মাননীয় পূর্তমন্ত্রীর কাছে দাবী যে অবিলম্বে ওই ভগ্ন এবং বেহাল রাস্তাটির মেরামত করা হোক।

**শ্রী আবুল হাসনাৎ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার অধীনে রঘুনাথগঞ্জ ১ নং পঞ্চায়েত সমিতিতে রাজনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিতে দীর্ঘ ১৩ বছর ধরে ইনডোর বন্ধ হয়ে রয়েছে। ১৩ বছর আগে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি ভালভাবে চলত। সেখানে ইনডোর এবং আউটডোর ভালভাবেই চলত এবং ভালই স্বাস্থ্য পরিষেবা পাওয়া যেত। বর্তমানে শুধু আউটডোরটা কোনভাবে চলে। ১৯৯০ সাল থেকে ইনডোর বন্ধ হয়ে থাকার ফলে ৪টি

অঞ্চলের হাজার হাজার মানুষ ওখানের স্বাস্থ্য পরিষেবার থেকে বঞ্চিত হচ্ছে। ফলে অসুস্থ মানুষদের এবং অন্তঃসত্ত্বা মহিলাদের ১০-১৫ কি.মি. দূরে গিয়ে জঙ্গীপুর মহকুমা হাসপাতালে গিয়ে চিকিৎসা করাতে হচ্ছে। ওই রাজনগর স্বাস্থ্যকেন্দ্রটিতে ৩ জন ডাক্তার, ৩ জন নার্সিং স্টাফ, ৬ জন গ্রুপ ডি কর্মচারী এবং ৩জন কম্পাউন্ডার এই নিয়ে মোট ১৫ জন স্টাফ থাকা সত্ত্বেও ওর ইনডোর বন্ধ হয়ে আছে। তাড়াতাড়ি যাতে ইনডোর পরিষেবা চালু করা হয় সেইজন্য স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবী করছি।

**শ্রীমতী রত্না দে (নাগ)** : স্যার, রোজ বিভিন্ন সংবাদপত্রে নারী ধর্ষণ এবং অত্যাচারের কথা প্রকাশিত হয়। আজকে এই সংবাদটি মেনশন করছি এই কারণে যে এর একটা আলাদা গুরুত্ব আছে, কারণ আজকে আন্তর্জাতিক নারী দিবস। অথচ এইরকম একটা সময়ে খবরে প্রকাশিত হয়েছে যে, গতকাল বর্ধমানের শক্তিনগরে পুতুন্ডা গ্রামে ৩ জন মহিলা নারী ধর্ষণের শিকার হয়েছেন। বহরমপুরের লালবাগে একজন মহিলা নারী ধর্ষণের শিকার হয়েছেন। সবচেয়ে অদ্ভুত ব্যাপার হচ্ছে যে, শাসকদলের ৮ জন মানুষকে ওই নারী ধর্ষণের কারণে গ্রেপ্তার করা হয়েছে। আমরা মুখে যতই নারী স্বাধীনতা এবং নারীর সচেতনতার কথা বলি না কেন, বাস্তবে নারীদের শারীরিক দুর্বলতার সুযোগ নিয়ে তাদের উপরে অত্যাচার এবং নারী ধর্ষণ চলছে। যতই আমরা এমপাওয়ারমেন্টের কথা বলি না কেন কার্যত তার কিছুই হচ্ছে না। সেই কারণে বিভাগীয় মন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি এর বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছেন বিধানসভার মাননীয় সদস্যদের সেটা জানান।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এন. আর. এস মেডিকেল কলেজের হস্টেলে গত দু-দিন আগে হোলির দিন স্টাফ কোয়ার্টারে প্রকাশ্য দিবালোকে মদ বিক্রি করা হয়। ওই মদ বিক্রির সঙ্গে জড়িত ওখানকার কিছু চতুর্থ শ্রেণির কর্মচারী এবং বাইরের কিছু মানুষ। ওখানে মদ বিক্রির বিরুদ্ধে ওখানকার জুনিয়ার ডাক্তাররা প্রতিবাদ করে এবং বলে যে ওখানে মদ বিক্রি করা চলবে না। যেখানে স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থের পরিষেবার কোনো বন্দোবস্ত করে দিতে পারছেন না, সেখানে উপরন্তু হাসপাতালে অস্বাস্থ্যকর পরিবেশ দিনের পর দিন বেড়েই চলেছে। ওই মদ বিক্রি বন্ধ করার জন্য ওখানকার জুনিয়ার ডাক্তাররা প্রতিবাদ করতে গিয়ে ওখানকার গ্রুপ ডি কর্মচারী এবং বাইরের কিছু সমাজবিরোধীদের হাতে মারধর খায়। তারা ইট-পাটকেল, ছোঁড়ে এবং এরফলে জুনিয়ার ডাক্তাররা আহত হন এবং অসুস্থ হয়ে পড়েন। এই ব্যাপারে আমি অবিলম্বে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[ 12.40 – 12.50 p.m. ]

অবিলম্বে যারা দোষী কর্মচারী তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হক এবং দুষ্কৃতকারী যারা তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হক। আজ পর্যন্ত যা করা হয়নি, এই ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুজিবর রহমান** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে, জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ভগবানগোলা

বিধানসভা কেন্দ্রের আখরিগঞ্জ জি পি তে আর্সেনিক দূষণ ভয়াবহ রূপ ধারণ করেছে। এই এলাকার কতকগুলি গ্রাম যেমন, শিবনগর, হাসানপুর, মদনপুর, বেনিপুর এইসব এলাকায় আর্সেনিক-এ আক্রান্ত পরিবারের লোকেরা কলকাতায় হাসপাতালে এসে দেখিয়েছে, তারা শারীরিকভাবে সুস্থ হয়ে উঠতে পারেনি। আমি সেই এলাকার জনগণের কথা মাথায় রেখে আমাদের জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন রাখছি, ওই এলাকায় আর্সেনিক বিহীন স্বচ্ছ জল যেন সরবরাহ করা হয় এবং আর্সেনিক-এর হাত থেকে যাতে ওই এলাকার লোকেরা বাঁচতে পারে এই দাবী আমি রাখছি।

**শ্রী মন্টুরাম পাখিরা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে বারে বারে জানান হয়েছে, কাকদ্বীপ গঙ্গাধরপুর বাস রাস্তার বেহাল অবস্থার কথা। প্রায় ১০ বছর হল, এই বেহাল অবস্থা চলছে। পাথরপ্রতিমা থেকে কাকদ্বীপ গঙ্গাধরপুর একটা সংযোগকারী রাস্তা। কাকদ্বীপ গঙ্গাধরপুর একটা বাস রাস্তা, এই ব্যাপারে বারে বারে বিধানসভার অধিবেশনগুলিতে বলা সত্ত্বেও গঙ্গাধরপুর বাস রাস্তা সম্বন্ধে মেরামতির কথা বারেবারে জানিয়েছি, কিন্তু এই রাস্তা আজও বেহাল অবস্থায় রয়েছে। বাস চলাচল বন্ধ। এলাকার মানুষের দুর্ভোগের শেষ নেই। বারে বারে এই ব্যাপারে জানান সত্ত্বেও মাননীয় মন্ত্রীর দপ্তর এই ব্যাপারে কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। তাই আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে কাকদ্বীপ গঙ্গাধরপুর বাস রাস্তা পুরোপুরি মেরামত হয়। কাকদ্বীপ গঙ্গাধরপুর রাস্তা একমাত্র পাথরপ্রতিমা ও কাকদ্বীপ-এর বিধানসভা কেন্দ্রের সংযোগকারী রাস্তা। এই সংযোগকারী রাস্তা মেরামত করে যাতে দক্ষিণে সুন্দরবন ও কাকদ্বীপ, পাথরপ্রতিমা এলাকার মানুষ যাতে তাদের মূল মহকুমায় আসতে পারে এবং কাকদ্বীপ হয়ে কলকাতায় আসতে যে একমাত্র রাস্তা, এই রাস্তায় যাতে অনতিবিলম্বে মেরামত করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে রাজ্যের পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সৌগত রায়** : স্যার, পশ্চিমবাংলার আইনশৃঙ্খলার কি রকম অবনতি হয়েছে, দোলের দিনের ঘটনাগুলি যদি লক্ষ করেন তাহলেই বুঝতে পারবেন, দোলের দিন বর্ধমান-এর কাছে শক্তিগড়ে গণধর্ষণ হয়েছে তিন জন কিশোরীর। যারা ধর্ষিতা হয়েছেন তাদের মধ্যে একজন অন্তঃসত্ত্বা ছিলেন। সেদিন দমদমে একজন উন্মত্ত মোটর বাইক চালক, শঙ্কর পাল বলে একজন লোক, দক্ষিণ দমদম পৌরসভার গাড়ীর চালক, তিনি প্রতিবাদ করাতে তাঁকে ইট দিয়ে মেরে থেঁতলে দিয়েছে, একই দিনে শান্তিনিকেতনে দোলের দিনে অভব্যতার অভিযোগ উঠেছে, সেই একই দিনে উদয়নারায়ণপুরে ২জন পুলিশের বন্দুক ছিনতাই, ৫জন মদ্যপকে পুলিশ ধরেছে, একই দিনে বনগাঁয় বি.জে.পি-র পুরপিতা আক্রান্ত, তাঁর স্ত্রী কন্যা আহত ; সারা পশ্চিমবাংলা জুড়ে দোলের দিন যে ঘটনা ঘটেছে, এটা পশ্চিমবাংলায় ছিল না, উত্তর ভারতে হোত। সেই একই দিনে যদিও দোলের সঙ্গে যুক্ত নয়, বহরমপুরে গণধর্ষণ হয়েছে। এর আগে আমরা বানতলা, ধানতলা, ঘোকসাডাঙা, হাড়োয়ার কথা শুনেছিলাম এখন আমরা দেখছি, পশ্চিমবাংলায় মহিলাদের ইজ্জত ও নিরাপত্তা গুরুতরভাবে বিপন্ন।

এইসব ঘটনায় যারা দোষী অবিলম্বে তাদের গ্রেপ্তার করতে হবে এবং বিশেষ করে বাগুইহাটিতে যে ঘটনা ঘটেছে জোর করে রং দেওয়াকে কেন্দ্র করে এবং তাকে বাইক দিয়ে ধাক্কা মেরে ফেলে দেওয়ার পর ইট দিয়ে তাকে মারা হয়েছে। আজকে আইন-শৃঙ্খলার গুরুতর অবনতির প্রতি আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গভীর পরিতাপের বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সোনারপুর বিধানসভা কেন্দ্রর মাননীয় বিধায়ক শ্রী নির্মল চন্দ্র মণ্ডল ২৫শে ফেব্রুয়ারি খবর পান ছাতনামারিতে সি.পি.এম. পার্টির লোকেরা জোর করে পুকুর থেকে মাছ ধরে নিচ্ছে, জমি থেকে ধান কেটে নিচ্ছে। এই সংবাদ পাওয়ার পর মাননীয় বিধায়ক নির্মল চন্দ্র মণ্ডল, তার ছেলে মনোজ মণ্ডল এবং দেহরক্ষী, এই তিনজনে বাইকে করে ছাতনামারিতে যান। কিন্তু সেখানে একদল সমাজবিরোধী আগে থেকেই প্রস্তুত ছিল এবং তারা সঙ্গে সঙ্গে তাদের ঘিরে ফেলে লোহার রড ও পাইপগান নিয়ে মারতে থাকে। তার দেহরক্ষীর একটা চোখ নষ্ট হয়ে গেছে এবং মাননীয় বিধায়কের ডানদিকের চোখটা ডিফেকট হয়ে গেছে তাদের আঘাতে। এছাড়া মাননীয় বিধায়করে নাক ও সর্বাঙ্গে খেজুর কাঁটা ফুটিয়ে দেওয়া হয়। রক্তাক্ত অবস্থায় মাননীয় বিধায়ককে পি.জি হাসপাতালে ভর্তি করা হয় এবং এখনও তাকে আউটডোরে গিয়ে ডাক্তার দেখাতে হচ্ছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি রাখছি অনতিবিলম্বে এই ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত হোক এবং দোষীদের অবিলম্বে গ্রেপ্তার করতে হবে। নির্মল চন্দ্র মণ্ডলের মত ভদ্র, বিনয়ী, নম্র বিধায়ক এই হাউসে কেউ নেই এবং তিনি সোনারপুরের ফার্স্ট সিটিজেন। তাঁর মত একজন ভালো মানুষকে নিগৃহীত করা হল পুলিশের সামনে এবং পুলিশ একটা ব্ল্যাঙ্ক ফায়ার পর্যন্ত করল না। সেই সমস্ত সি.পি.এমের মস্তানদের পুলিশ এখনো পর্যন্ত গ্রেপ্তার করতে পারল না। এই হাউসের সম্মানীয় মাননীয় সদস্যরা আজকে সমাজবিরোধীদের দ্বারা আক্রান্ত হচ্ছে, নিগৃহীত হচ্ছে, এই জিনিস চলতে পারে না। স্যার, আমি আপনার কাছে অনুরোধ করছি এই ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য এবং তদন্ত কমিটি গঠন করার জন্য। আপনি মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলুন, এবং এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন।

( নয়েজ )

(মাননীয় বিধায়ক শ্রী নির্মল চন্দ্র মণ্ডলকে সঙ্গে নিয়ে তৃণমূল কংগ্রেসের মাননীয় সদস্যরা মাননীয় ডেপুটি স্পীকারের কাছে যান এবং কিছু বলতে থাকেন।)

( নয়েজ )

[ 12.50—1.00 p.m. ]

**মিঃ ডেপুটি স্পীকার :** মাননীয় পরিষদীয় মন্ত্রীকে অনুরোধ করা যাচ্ছে যে, চিফ্ মিনিস্টারের সঙ্গে কথা বলে শ্রী নির্মল মণ্ডলের ব্যাপারে একটা বিবৃতি দেওয়া যায় কিনা দেখতে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : স্যার, আমাদের দীর্ঘদিনের বক্তব্য শিক্ষাকে রাজনীতিকরণ এবং আলিমুদ্দিন স্ট্রীটে ঢুকিয়ে দেওয়ার পরিকল্পনা দীর্ঘদিন ধরে চালানো হচ্ছে, তারই একটা জ্বলন্ত উদাহরণ আপনার কাছে তুলে ধরছি।

৬ই ফেব্রুয়ারী ২০০৪ তারিখে ডঃ বেলা ভট্টাচার্য্যকে কলকাতা ইউনিভার্সিটি অ্যাপয়েন্টমেন্ট দিয়েছে 'রিডার, ডিপার্টমেন্ট অফ অ্যানথ্রপলজি,কলকাতা ইউনিভার্সিটি' হিসাবে। এই ভদ্রমহিলার বিরুদ্ধে অসংখ্য অনিয়মের অভিযোগ থাকার জন্য বিদ্যাসাগর ইউনিভার্সিটি অনেকগুলো তদন্ত চালাচ্ছে। এমনকি ২০০৩-এর অক্টোবর থেকে তার মাইনেও বন্ধ করে দিয়েছে। তদুপরি বিদ্যাসাগর ইউনিভার্সিটি তাকে রিলিজ না করা সত্বেও কলকাতা বিশ্ববিদ্যালয় তাকে রিডার হিসাবে অ্যাপয়েন্টমেন্ট দিল। সবচেয়ে বড় কথা, কলকাতা বিশ্ববিদ্যালয়ে রিডার হিসাবে যোগ দেওয়ার জন্য তিনি নিয়ম মেনে আবেদনও করেনি, অথচ তাকে রিডার হিসাবে নিয়োগ করল কলকাতা বিশ্ববিদ্যালয়। তাহলেই বোঝা যাচ্ছে, ছাত্রদের প্রতি, সমাজের প্রতি, শিক্ষা ব্যবস্থার প্রতি দায়বদ্ধতা না থাকলেও, কেবলমাত্র আলিমুদ্দিন স্ট্রীটের প্রতি দায়বদ্ধতা থাকলেই হবে এবং চরম দুর্নীতি করলেও বিদ্যাসাগর ইউনিভার্সিটি থেকে এনে কলকাতা বিশ্ববিদ্যালয়ে রিডার হিসাবে নিয়োগ করা যাবে। এখানে শিক্ষা মন্ত্রী আছেন, আবেদন করছি, তিনি এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেবেন।

**শ্রী অশোক কুমার দেব** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে লেবার মিনিস্টার এবং কমার্স মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। আজ সকালে হঠাৎই ক্যাডোনিয়ান জুটমিল বন্ধ করে দেওয়া হয়েছে। তার আগে বন্ধ করে দেওয়া হয়েছে নিউ সেন্ট্রাল জুট মিল, যেটা খোলার জন্য আমরা অনেক চেষ্টা করেছি, মন্ত্রীমশাইও বলেছিলেন খুলবে। কিন্তু নির্বাচনের আগেই দেখা গেল ক্যাডোনিয়ান জুট মিল বন্ধ করে দিল। এর ফলে বহুশ্রমিক বেকার হয়ে পড়ল। এলাকার পরিবেশ-পরিস্থিতিও নষ্ট করার চেষ্টা হচ্ছে। যাতে অবিলম্বে এই জুটমিলটা খোলা যায় তার ব্যবস্থা করার জন্য আবেদন রাখছি। আমি এবং সৌগত রায় মহাশয় লেবার এবং কমার্স মিনিস্টারের সাথে দেখা করব। যাতে দু-একদিনের মধ্যে এই জুটমিলটা খোলা যায় তার জন্য যথোপযুক্ত ব্যবস্থা নেবেন।

**মিঃ ডেপুটি স্পীকার** : মিঃ জ্যোতিকৃষ্ণ চ্যাটার্জ্জি আপনার এটা হবে না, এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার।

## ZERO HOUR

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বাঁকুড়া পৌরসভায় সরকার উন্নয়নমূলক কাজের জন্য যে টাকা সেই টাকা দেওয়া বন্ধ করে দিয়েছেন। এদিকে সরকারী দপ্তরগুলোর কাছে পৌরসভার প্রাপ্য কর হচ্ছে প্রায় ১০ লক্ষ ৭৬ হাজার টাকা। পূর্ত সড়ক বিভাগের কাছে বকেয়া হচ্ছে এক লক্ষ ২৬ হাজার টাকা পৌরসভার হিসেব অনুযায়ী, পুলিশ প্রশাসনের কাছে ১২ লক্ষ টাকা, শহরে সরকারী আবাসনগুলো আছে ১০ লক্ষ টাকা, দমকল

মন্ত্রীমহাশয়ের কাছে পাওনা হচ্ছে ৬ লক্ষ টাকা পৌরসভা ট্যাক্স পাবে। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা বাঁকুড়া ডিপোর কাছে তিন লক্ষ টাকা ট্যাক্স পাওনা। জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের কাছে আড়াই লক্ষ টাকা ট্যাক্স পাবে, বিদ্যুৎ পর্ষদের কাছে পাওনা হচ্ছে দু-লক্ষ টাকা। সেচ ও আবগারি দপ্তর মিলে এক লক্ষ টাকা, পি.এইচ.ই (মেকানিক্যাল) এদের কাছে ৫ লক্ষ টাকা, এইভাবে রাজ্য সরকারের দপ্তরগুলোর কাছে পুরকর পাওনা রয়েছে। লক্ষ লক্ষ টাকা বকেয়া রেখে দিয়েছে। এদিকে উন্নয়নের জন্য কোনো টাকা দিচ্ছে না। তাহলে পুরসভাগুলো চলবে কি করে। বহু রোজগারের পথ তো আপনারা করেছেন। পুরকরগুলো দেবেন না এইভাবে পৌরসভা চলতে পারে না। আমি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সৌগত রায়** : স্যার, প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাই যে বিধায়ক নির্মল মণ্ডলের ওপর হামলার ব্যাপারটা আপনাকে জানালে আপনি পরিষদীয় মন্ত্রীকে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে যাতে এই বিষয়ে বিবৃতি দেওয়া যায়। আপনার বলিষ্ঠ পদক্ষেপের জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আজকে যে বিষয়টা বলছি। এর আগে হাউসে এই বিষয়ের উপর সভায় মুলতবী প্রস্তাবের সময়ে বিভিন্ন বক্তব্য রেখেছেন। আগে শুনতাম যে অন্ধ্রে, মহারাষ্ট্রে কৃষক আত্মহত্যা করে ফসলের দাম পায় না বলে। পশ্চিমবাংলায় কৃষকদের আত্মহত্যা শুরু হয়েছে। মেমারিতে রবীন্দ্রনাথ ঘোষ নামে এক আলু চাষী ধসা রোগে আলু ধ্বংস হয়ে যাওয়ার ফলে আত্মহত্যা করেছেন। আপনি জানেন আপনি নিজে ধনিয়াখালির এম.এল.এ। মেমারীতে ৮ হাজার হেক্টর জমিতে আলু চাষ হয়। এর আগে দু-হাজার হেক্টর জমিতে ধসা রোগে অর্ধেক আলু নষ্ট হয়ে গেছে। রবীন্দ্রনাথ ঘোষ ৭০, ৮০ হাজার টাকা কো-অপারেটিভ থেকে নিয়েছিলেন। যেহেতু ফলন হল না, টাকা ফেরৎ দিতে পারবেন না তাই তাঁকে আত্মহত্যা করতে হয়েছে। যেটা দুর্ভাগ্য সি.পি.এম পার্টি থেকে রটনা করা হচ্ছে তিনি ব্যক্তিগত কারণে আত্মহত্যা করেছেন এটাই সি.পি.এম পার্টির নিয়ম, তাঁরা নিজেদের দায়িত্ব এড়াবার জন্য এই লোক-এর নামে অপবাদ দিচ্ছেন। কেন রবীন্দ্রনাথ ঘোষ আত্মহত্যা করলেন তাঁর স্ত্রীর কাছে গিয়ে পুলিশ জিজ্ঞাসাবাদ করেনি বা অন্য লোকের কাছে কিছু জিজ্ঞাসা করেনি অথচ গণশক্তি কাগজে বার হয়ে গেল আলু চাষী অভাবে নয় অন্য কারণে আত্মহত্যা করেছে। পশ্চিমবাংলায় এক সংকটজনক অবস্থার সৃষ্টি হয়েছে।

[ 1.00—1.10 p.m. ]

সরকার কিছু আজব গল্প বলছে—বিদেশে তারা আলু রপ্তানি করবে। আমি অবিলম্বে আলু-চাষীদের বাঁচানোর জন্য সরকারের কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি করছি এবং রবীন্দ্রনাথ ঘোষের মৃত্যুর ব্যাপারে সি.পি.এম যে মিথ্যা রটনা করছে তার তীব্র প্রতিবাদ করছি, আপত্তি করছি।

**শ্রী অশোক কুমার দেব** : স্যার, নির্বাচন শুরু হওয়ার সাথে সাথে দেখা যাচ্ছে রাজ্যে সি.পি.এম দল পুলিশের সাহায্যে সন্ত্রাস শুরু করেছে। একটু আগে নির্মল মণ্ডলকে প্রচণ্ড

মারধোরের কথা একজন মাননীয় সদস্য উল্লেখ করলেন। দেখা যাচ্ছে আপনাদের লোকেরা আমাদের পার্টি অফিস দখল করে বৃদ্ধাশ্রম তৈরি করার চেষ্টা করছে। আমরা যখন ক্ষমতায় ছিলাম তখন কিন্তু আমরা এই কাজ করিনি। কিন্তু এই সরকার বিভিন্নভাবে সন্ত্রাস করার চেষ্টা করছে। এখানে মাননীয় কান্তিবাবু আছেন, খোঁজ নিয়ে দেখবেন, অনেক জায়গায় স্কুল বাড়ি দখল করে সি.পি.এম তাদের পার্টি অফিস তৈরি করার চেষ্টা করছে। এটা যদি অবিলম্বে বন্ধ না হয় তাহলে ১০ মে নির্বাচনের আগে আরো অনেক ভয়াবহ ঘটনা ঘটে যাবে।

কাগজে দেখেছেন হয়তো বর্ধমানে একজন মানুষের তিন জায়গায় নাম রয়েছে, ভুয়ো ভোটার লিষ্ট তৈরি হয়েছে। শুধু বর্ধমান নয় সারা রাজ্যে এই জিনিস করার চেষ্টা হচ্ছে। জেনুইন ভোটারের নাম কেটে দেওয়া হয়েছে, আমাদের যারা সমর্থক তাদের নাম কেটে দেওয়া হয়েছে, নিরীহ মানুষের নাম লিষ্ট থেকে কেটে দেওয়া হয়েছে ইচ্ছাকৃতভাবে। এটা বন্ধ করা না গেলে নির্বাচন প্রহসন ছাড়া কিছু হবে না। আপনারা বিগত ২৬ বছর ধরে একই কাজ করে চলেছেন। একটা বাড়িতে যেখানে ১০জন মানুষ থাকতে পারে সেখানে ১২০ জনের নাম ভোটার লিষ্টে তুলেছেন এটা আমি প্রমাণ করে দিতে পারি। আজকে ভোটের আগে নানাভাবে সন্ত্রাস সৃষ্টি করা হচ্ছে। আমি অবিলম্বে এই সব ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তাঁর হস্তক্ষেপ দাবী করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের জনসাধারণ পোষ্ট অফিসগুলোতে স্বল্প সঞ্চয় প্রকল্পে টাকা জমা করে থাকেন এবং বিনিময়ে তারা সুদ পেয়ে থাকেন। আমাদের রাজ্যের জনগণ, বিশেষ করে মধ্যবিত্ত এবং নিম্নবিত্ত মানুষের একটা ভরসার স্থল এই স্বল্প সঞ্চয় প্রকল্পগুলো। কিন্তু দুঃখের কথা এই স্মল সেভিংস সার্টিফিকেট, বিশেষ করে এন.এস.সি. কৃষাণ বিকাশপত্র-এর রসিদ ঠিক মত সরবরাহ করা হচ্ছে না। এমন কি টাকা জমা দেওয়ার রসিদ-এরও প্রিন্ট নেই। এতে সাধারণ মানুষের খুব অসুবিধা হচ্ছে। এমনিতে সুদের হার বারে বারে কমানো হয়েছে এবং সাধারণ মানুষ-এর ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আবার এন.এস.সি, কৃষাণ বিকাশ পত্র-এর সরবরাহ না থাকার ফলে সাধারণ মানুষ টাকা জমা রাখতে গিয়ে পোষ্ট অফিস থেকে ফিরে আসছেন। এমন কি মান্থলি ইনকাম স্কীম, রেকারিং ডিপোজিট প্রভৃতি বই-এর প্রিন্টও পাওয়া যাচ্ছে না ঠিক মত। অবিলম্বে এ ব্যাপারে যাতে রাজ্য সরকারের পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণ করা হয় তার জন্য আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে দক্ষিণ ২৪-পরগনা জেলায় আইন-শৃঙ্খলার কি রকম অবনতি হয়েছে তা সংক্ষেপে বলছি। ঘুঁটিয়ারি শরিফ মুসলমান সম্প্রদায়ের একটা পবিত্র তীর্থস্থান। গত এক সপ্তাহে সেখানে তিনজন মার্ডার হয়েছে।

পার্থ চক্রবর্তীকে দোকান থেকে তুলে এনে মার্ডার করে মনসাতলার পাশের পুকুরে ফেলে দেওয়া হয়েছে। পরের দিন তার ডেডবডি খুঁজে পাওয়া গেল। দক্ষিণ ঘুঁটিয়ারি শরিফে

মাকালতলায় আরেকজনকে মার্ডার করে ফেলে দেওয়া হয়েছে। দুদিন পরে তার ডেডবডি পাওয়া গেল। আবার, ঘুঁটিয়ারি শরিফের হালদার পাড়ায় একজন মহিলাকে ভাড়ার ঘর থেকে টেনে নিয়ে এসে তার কাটমুন্ডু এক জায়গায় ঝুলিয়ে দেওয়া হল এবং ধড় আরেক জায়গায় ফেলে দেওয়া হল।

কিন্তু ঘুঁটিয়ারি শরিফ ফাঁড়ির ও.সি অত্যন্ত অপদার্থ। ৩ জন খুন হল, অথচ পুলিশ একটা লোককেও অ্যারেস্ট করতে পারলো না। সেখানে সাট্টা, জুয়া,গাঁজা, মদে ভরে গেছে। ঘুঁটিয়ারি শরিফে ৪-৫টা গ্রামের মধ্যে ৫ হাজার প্রস্ কোয়ারটার আছে। এই পবিত্র তীর্থ স্থানকে জঞ্জাল মুক্ত করতে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে প্রস্ কোয়ারটারে যারা আছে তাদেরকে উচ্ছেদ করা হোক এবং যারা খুন হয়েছে, সে ব্যাপারে তদন্ত করে দোষীদের অ্যারেস্ট করার ব্যবস্থা করা হোক। আমি এ ব্যাপারে এস.পি., অ্যাডিশনাল এস.পি., ও.সি., এস.ডি.পি.ও.—এঁদের সকলকেই জানিয়েছি। কিন্তু কোনো ক্ষেত্রেই তদন্ত করা হয়নি। সমাজবিরোধীদের হাতে ৩ জনের প্রাণ গেল। সাট্টা, জুয়া, মদ, গাঁজা, এগুলো বন্ধ করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** স্যার, একটু আগে আমরা আপনার কাছে গিয়েছিলাম। আমাদের দলের এম.এল.এ. মাননীয় শ্রী নির্মল চন্দ্র মণ্ডল মহাশয় অত্যন্ত শান্ত প্রকৃতির মানুষ। কিছুদিন আগে তাঁকে ছাপনামারি গ্রামে কয়েকজন আক্রমণ করে। তাঁর সঙ্গে ছিল তাঁর ছেলে এবং তাঁর দেহরক্ষী। কেউ কি ছেলেকে নিয়ে গুণ্ডামি করতে যায় ? মোটর বাইকে করে তিনি তাঁর ছেলে ও দেহরক্ষী সেখানে গিয়েছিলেন। সেখানে তাঁর উপর আক্রমণ হয়—তাঁর নাক ভেঙে দিয়েছে, তাঁকে শুধু রক্তাক্তই করেনি, তাঁর সারা শরীরে তারা খেজুর কাঁটা বিঁধিয়ে দিয়েছে। এছাড়া কয়েকদিন আগে বরযাত্রী গাড়ী আক্রমণ করা হয়েছে, বিভিন্ন জায়গায় মেয়েরা ধর্ষিতা হচ্ছে, আইনশৃঙ্খলার অবনতি ঘটছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে এটা বললে তিনি বলবেন যে, 'বিহারের থেকে আমরা ভাল আছি।'পশ্চিমবাংলা নিজ শিক্ষা, সংস্কৃতির গুণে মাথা উচু করে ছিল। আর মাননীয় মুখ্যমন্ত্রীকে বললে, তিনি কমপ্যারেটিভ স্টাডি করে বলবেন যে, 'বিহারের থেকে আমরা ভাল আছি।' এখানে মহিলারা লাঞ্ছিত হচ্ছেন, বিভিন্ন জায়গায় মহিলারা ধর্ষিতা হচ্ছেন। আমি এব্যাপারে হাউসে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই রাজ্যে আইনশৃঙ্খলার অবনতি হয়েছে এবং শক্ত হাতে এর মোকাবিলা না করতে পারলে এখানে আইনশৃঙ্খলা ঠিকমত ফিরিয়ে আনা যাবে না। রাজ্যের মানুষ বিভিন্ন জায়গায় আক্রান্ত হচ্ছে, মহিলারা আক্রান্ত হচ্ছেন—তাই এ ব্যাপারে সরকারের হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে যে সব মূল রাস্তাগুলো আছে সেই রাস্তাগুলোর অবস্থা অত্যন্ত বেহাল। সেখানে প্রচুর বাস যাতায়াত করছে, হসপিটালে রোগীরা আসছে, সরকারী কর্মচারীরা আসছে, কৃষকরা বাজারে আসছে, কোর্টে আসছে।

আমি এর আগে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়কে জানিয়েছি। এখন নির্বাচন আসছে। এই রাস্তাগুলোতে মোটর সাইকেল যাতায়াত করবে, কিন্তু রাস্তাগুলোর অবস্থা খুব খারাপ হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, নির্বাচনের আগে অন্তত প্যাচওয়ার্ক করে মানুষের যাতায়াতের জন্য রাস্তাগুলোর সংস্কারের দাবি জানাচ্ছি।

**শ্রী নেপাল মাহাত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার সাবজেকট চেঞ্জ করেছি। এখানে মাননীয় শিক্ষামন্ত্রী আছেন। আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে, পুরুলিয়া জেলায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে প্রাইমারি টিচার নিয়োগের জন্য কল যাচ্ছে। কিন্তু নোটিশে আছে যে, জে.বি.টি. পাস কমপালসরি হতে হবে । জে.বি.টি পাস্ কমপালসরি হলে পুরুলিয়া জেলায় রেজিস্ট্রিকৃত জে.বি.টি পাস্ আছেন ১৪০ থেকে ১৫০ জন। কিন্তু এখানে নাম চাওয়া হয়েছে ৭০০ জনের। এর ফলে এক্ষেত্রে অসুবিধা হবে এবং অনেক পদ শূন্য থাকবে। অবিলম্বে এই সিদ্ধান্ত উইথড্র করার জন্য দাবি জানাচ্ছি। সেই সঙ্গে বিহার স্কুল বোর্ড থেকে যারা জে.বি.টি পাস করেছে এবং ডায়রেক্টর অফ সেকেন্ডারি এডুকেশনের একটা সার্কুলার দেখেছি।

[ 1.10—1.20 p.m. ]

তাতে একদম প্রথমে তারা বলেছিলেন যে বিহার থেকে যারা পাস করে আসছে সেই জে.বি.টি. এই জে.বি.টি.-র ইকুইভ্যালেন্ট মর্যাদা দেওয়া যাবে না। পরবর্তীকালে সেই অর্ডার তারা উইথড্র করে বলেছে যে না, বিহার থেকে যারা জে.বি.টি পাস করে আসছে তাদেরকে মর্যাদা দেওয়া যাবে। অথচ পুরুলিয়া এক্সচেঞ্জ বলছে যে বিহার থেকে যারা জে.বি.টি পাস করে আসছে তাদের কোনো মর্যাদা দেওয়া যাবে না। স্যার, পুরুলিয়া জেলা বর্ডার জেলা, ওখানে রাঁচি ও অন্যান্য জায়গা থেকে জে.বি.টি পাস করা অনেক ছেলে- মেয়েরা আছে। এই ব্যাপারে মাননীয় শিক্ষা মন্ত্রী আছেন, আমি অনুরোধ করব আপনার মাধ্যমে এই হাউসকে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি—তিনি যদি কিছু বলেন এবং পুরুলিয়া জেলায় যতদিন না উপযুক্ত সংখ্যক জে.বি.টি পাস ছেলে-মেয়েরা হচ্ছে ততদিন পর্যন্ত ওই সারকুলার সেখানে যাতে কার্যকরী না হয়—তার আবেদন আমি আপনার মাধ্যমে সরকারের কাছে রাখছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৮৬ সালে জলপাইগুড়িতে তিস্তার ভয়ঙ্কর বন্যার পর উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ কমিশন গঠিত হয়। বন্যা নিয়ন্ত্রণ কমিটি গঠিত হলেও প্রকৃতপক্ষে কেন্দ্রীয় সরকারের কোনো আর্থিক অনুদান বন্যা নিয়ন্ত্রণ কমিশন পায় না। রাজ্যসরকারের সামান্য অর্থ দিয়ে কাজকর্ম করা হয়। ১৯৯৩ সালে ভয়ঙ্কর বন্যা হয় আলিপুরদুয়ারে। সেখানে কোটি কোটি টাকার সম্পত্তি ধ্বংস হয়, বনাঞ্চল, গ্রামাঞ্চল, চা বাগান ধ্বংস হয়ে যায়। এই অবস্থায় আমার দাবি, ওই এলাকার মানুষের দাবি যাতে ব্রহ্মপুত্র বোর্ডের যে হেড কোয়ার্টার গুয়াহাটিতে অবস্থিত, সেখান থেকে যাতে ব্রহ্মপুত্র বেসিনে যে সমস্ত নদী আছে—মহানন্দা ছাড়া উত্তরবঙ্গের সমস্ত নদী ব্রহ্মপুত্র। উপত্যাকা

হীন। সংগত কারণে যাতে পশ্চিমবঙ্গের প্রতিনিধি সেখানে স্থান পায় এবং ব্রহ্মপুত্র বোর্ডের টাকায় সেখানে যাতে বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা হয়। অর্জুন চন্দ্র শেঠী আসবেন বলেছিলেন, তিনি আসেননি—যাইহোক যে সমস্ত প্রকল্পে ১ কোটি টাকা বা তার বেশি যেগুলি প্রদান করা হয়েছে এবং খবর আছে কিছু পাওয়ার সম্ভাবনা আছে। কিন্তু বর্তমানে যে নির্বাচন-যেটা অকাল নির্বাচন—তারজন্য নির্বাচন কমিশন ঘোষণা করেছেন যে কোনো নতুন প্রোজেক্ট গ্রহণ করা যাবে না। মূলত উত্তরবঙ্গের সমস্ত নদী ভাঙন প্রতিরোধ-এর ব্যবস্থা হয় এই মাস থেকেই। সেখানে ব্রহ্মপুত্র বোর্ডের যে টাকা সেই টাকায় যদি কাজ করা না হয় এবং মে মাসে নির্বাচন শেষে যদি কাজ করা হয় তাহলে আরলি মরশুম চলে যাবে এবং সর্বনাশ হয়ে যাবে। ভুটানের পাদদেশে কুমারগ্রাম সেটা ভেসে যাবে, আলিপুরদুয়ার শহর বিপন্ন হবে, উত্তরবঙ্গের প্রত্যেকটি গুরুত্বপূর্ণ শহর বিপন্ন হবে। জয়গাঁ চলে যাবে, হাঁসিমারা চলে যাবে। সেইজন্য আমার দাবি রাজ্যসরকার—কেন্দ্রের যে নির্বাচন কমিশন, তার সাথে যোগাযোগ করে এবং প্রয়োজন হলে স্পেশাল পারমিশান নিয়ে ওই প্রোজেক্টগুলো করা হয়—যাতে নদী ভাঙন এবং বন্যা নিয়ন্ত্রণের কাজ এই মাসে হয়। এবং তা যদি না করা হয় তাহলে সর্বনাশ অবশ্যম্ভাবী। ১৯৮৬ সালে এবং ১৯৯৩ সালে যে সর্বনাশ হয়েছে সেই সর্বনাশ যাতে না হয়। মানুষের জন্য ভোট, ভোটের জন্য মানুষ নয়। এটা যেন নির্বাচন কমিশন মাথায় রাখে এবং রাজ্যসরকার যেন সে উদ্যোগ গ্রহণ করে।

**শ্রী রবীন দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয় জানাতে চাইছি—ঢাকুরিয়ায় ক দিন আগে—এইসব কথা বললেন বিরোধীরা—সেখানে কো-অপারেটিভ ব্যাঙ্কের নির্বাচন হয়েছিল, এখানে একটা মহাজোট করেছিল তাতে ৪১টি ভোট যা দীর্ঘদিন ওদের দখলে ছিল, সেখানে ৪১টি ভোটের ভিতরে ২৯টি বামফ্রন্ট পেয়েছিল এবং মহাজোট ১২টি পেয়েছে। একটু আগে মাননীয় বিধায়ক চিৎকার করেছিলেন—সেখানে দাঁড়িয়ে—সেই জায়গায় আমরা দেখলাম এই কো-অপারেটিভ ব্যাঙ্কের নির্বাচনে ওদের ইতিমধ্যেই ধরাশায়ী হয়েছে। এটা আমি আপনার মাধ্যমে হাউজে জানালাম। তারপরেও এখানে ওরা চিৎকার করছে নানান জায়গার ঘটনা নিয়ে। যারা এখানে ছিলেন তারা কিভাবে মানুষের থেকে বিচ্ছিন্ন হয়েছেন একটু দেখুন। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি বিরোধী নেতাদের বিশেষ করে সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি—আপনারা একটু গিয়ে দেখুন যে আপনার এই অপপ্রচার, মিথ্যাচার, কুৎসা তার ভিত্তিটা কি ?

**শ্রী অসিত মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি অন্যান্য বক্তাদের মত আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনি মাননীয় সদস্য নির্মলবাবুর ওপরে অত্যাচারের ঘটনার বিষয়ে সংসদীয় মন্ত্রীকে মুখ্যমন্ত্রীর বিবৃতির বিষয়ে নির্দেশ দিয়েছেন। এখন আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বে হুগলী জেলায় আলু চাষী আলু উৎপাদন করে ন্যায্য মূল্য না পেয়ে আত্মহত্যা করেছে। আজকের সংবাদপত্রে দেখলাম সিঙ্গাপুরে আলু রপ্তানী করে আমাদের দেশের আলু চাষীরা কিছুটা লাভবান হবেন, তার জন্য রাজ্য সরকার বন্দোবস্ত করেছেন। কিন্তু এরই মধ্যে একটা অত্যন্ত দুঃখের খবর হচ্ছে, বর্ধমান জেলার মেমারির রবীন্দ্রনাথ ঘোষ,একজন কৃষক

আত্মহত্যা করেছেন। ধসা রোগে এ চাষীর সব আলু নষ্ট হয়ে যাবার জন্য উনি আত্মহত্যা করতে বাধ্য হন। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়েই হোক, তার জবাবে ভাষণ রাখতে গিয়েই হোক বা বিভিন্ন ক্ষেত্রে বক্তব্য রাখতে গিয়েই হোক, সরকারের পক্ষ থেকে যখন দাবী করা হয় কৃষি ক্ষেত্রে এ রাজ্যে এত এত উন্নতি হয়েছে তখন তা হাস্যকর হয়ে পড়ে। যখন সরকারের পক্ষ থেকে বার বার কৃষিক্ষেত্রে রাজ্যের উন্নতির কথা তুলে ধরার চেষ্টা করা হয় তখনই এই সমস্ত অত্মহত্যার ঘটনা আমাদের মনে করিয়ে দেওয়া হয়। সাধারণভাবে কৃষকদের ফসল ফলাবার জন্য আজকে যে প্রযুক্তি এবং ওষুধ-পত্র প্রয়োজন তা জোগাড় করতে না পেরে তাঁরা আত্মহত্যা করতে বাধ্য হচ্ছেন। এই আত্মহত্যা প্রমাণ করছে আজকে বাংলার চাষীরা কত অসহায়। তাই আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই---রবীন্দ্রনাথ ঘোষের আত্মহত্যার ঘটনার মত আর কোনো আত্মহত্যার ঘটনা যাতে না ঘটে তার জন্য তিনি অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন। আর কোন চাষীকে যেন রবীন্দ্রনাথ ঘোষের মত আত্মহত্যা করতে না হয় এবং রবীন্দ্রনাথ ঘোষের পরিবার যাতে যথাযথ আর্থিক সাহায্য পেতে পারে তার জন্য তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন। সে জন্যই আমি এই বিষয়টির প্রতি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

(এই সময় সভার ২টো ৩০ মিনিট পর্যন্ত বিরতি ঘোষিত হয়।)

[At this stage the House was adjourned till 2-30 p.m.]

[2.30—2.40 p.m.] (After Adjournment)

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৬ফেব্রুয়ারী ভারতীয় সংবিধানের ১৭৬ ধারা অনুসারে বিধানসভার অধিবেশন শুরুর প্রাক্কালে রাজ্যের রাজ্যপালের ভাষণ দেবার কথা ছিল। আমাদের যাঁরা সংবিধান রচনা করেছিলেন তাঁরা সংবিধানের ১৭৬ ধারা মোতাবেক ভেবেছিলেন যে ভারতবর্ষের পার্লামেন্টে এবং সংশ্লিষ্ট রাজ্যগুলিতে যথাক্রমে লোকসভা এবং বিধানসভার বাজেট অধিবেশন যেদিন শুরু হবে সেদিন সামগ্রিকভাবে দেশের এবং সংশ্লিষ্ট রাজ্যগুলির সামগ্রিক পরিস্থিতি, পরিবেশ, উন্নয়নের মাপকাঠি, উন্নয়নের ধারা জনজীবনকে এগিয়ে নিয়ে যাবার জন্য সরকার কি পদক্ষেপ নিয়েছেন, সরকার কি কি আইন প্রণয়ন করেছেন বা কি করতে যাচ্ছেন সেই সম্পর্কে সম্যক ধারণা দেবার জন্য রাষ্ট্রপতি ভারতবর্ষের লোকসভায় এবং সংশ্লিষ্ট রাজ্যগুলিতে রাজ্যপালরা তাঁদের বিধানসভায় সেই সম্পর্কে একটা চিত্র, একটা ধ্যান, একটা ধারণা তাঁরা বিধানসভায় এবং লোকসভায় সদস্যদের মাধ্যমে দেশের এবং রাজ্যের মানুষের কাছে প্রতিস্থাপন করেন। কিন্তু আমরা লক্ষ করলাম, রাজ্যসরকার যে ভাষণ তৈরি করে দিয়েছেন রাজ্যপাল তাঁর চেয়ারে বসবার আগেই তিনি বলে নিয়েছেন, "আমার উপায় নেই, ১৭৬ ধারা মোতাবেক রাজ্যসরকারের তৈরি করে দেওয়া বাজেট আমাকে পড়তে বলা

হয়েছে।" তাই আমরা লক্ষ করলাম, রাজ্যসরকার যে বাজেটের বইটি তাঁকে দিয়েছিলেন পড়তে, তিনি খালি শোক প্রস্তাবটি পাঠ করলেন আর বাকি যে কথা সরকার বলবার চেষ্টা করেছেন, সেই সম্পর্কে তিনি ভিন্ন মত পোষণ করেন। সরকারের দেওয়া এই দাবী সাথে তিনি সহমত পোষণ করেন না, তাই তিনি সরকারের তৈরি করে দেওয়া এই সাজানো বাজেট না পড়ে জয়হিন্দ, ধন্যবাদ বলে সভা থেকে চলে গেলেন। তারপর আমরা লক্ষ করলাম, এখানে লেখা হয়েছে, মোশন মুভড অন ২৬-২-২০০৪ বাই শ্রী পদ্মনিধি ধর অ্যান্ড সেকেন্ডেড বাই শ্রী সুব্রত বসু তাতে বলা হয়েছে, "রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক। কি সেই সম্ভাষণ—মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ২৬শে ফেব্রুয়ারী, ২০০৪ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে" যে ভাষণ তিনি পাঠ করলেন না, যে ভাষণ সরকারের অর্ধ সত্য, অসত্য, কিছু মনগড়া, কাল্পনিক সাজানো তথ্য দিয়ে এই সরকার সাজিয়ে দিয়েছিলেন, যার সংখ্যাতত্ত্ব সম্পর্কে তাঁর নিজেরই রিজারভেশন ছিল—রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে প্রতিটি ক্ষেত্রে রাজ্যপাল যেখানে বলেছেন পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে, রাজ্যের শিক্ষা ব্যবস্থা নিয়ে মাননীয় রাজ্যপাল যেখানে মাননীয় শিক্ষামন্ত্রী এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের ডেকে পাঠিয়ে তিনি মতামত জ্ঞাপন করেছেন সেই রাজ্যপাল কি করে সরকারের দেওয়া সাজানো ভাষণ পাঠ করেন ? তাই তিনি সেই ভাষণ পাঠ না করে এই সভা ছেড়ে চলে যান। এরজন্য আমাদের বিরোধীদলের তরফ থেকে মহামান্য রাজ্যপালকে ধন্যবাদ জানাচ্ছি যে তিনি তাঁর বিবেকের ডাকে সাড়া দিয়ে এই সাজানো অর্ধ সত্য, অসত্য ভাষণ, মনগড়া ভাষণ যা বাংলার মানুষকে প্রতিদিন অন্ধকারে ঠেলে দেবার ব্যবস্থা রাজ্যসরকার করেছেন যে কথা প্রতি ছত্রে ছত্রে তুলে ধরা আছে সেই ভাষণকে তিনি না পড়ে চলে গেলেন। সেই ভাষণ তিনি পড়েননি। যে ভাষণ তিনি পড়েননি সেই ভাষণ নিয়ে আমরা আলোচনা করছি। সংবিধানের নির্দেশে আলোচনা হবে, বিরোধীপক্ষ অংশগ্রহণ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২পাতায় বলা হয়েছে, "সি.পি.আই., এম.এল (জনযুদ্ধ) এবং এম.সি.সি-র নেতৃত্বে যে উগ্র বামপন্থী আন্দোলন চলছে তা রাজ্যের আভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থার ক্ষেত্রে একইভাবে গুরুতর উদ্বেগের বিষয়।" তারপর বলা হয়েছে, "রাজ্যে অপরাধ মূলক কার্যকলাপের সামগ্রিক পরিস্থিতি যথেষ্টই নিয়ন্ত্রনে রয়েছে এবং অপরাধ সংগঠনের ক্ষেত্রে উল্লেখযোগ্য কোনো বৃদ্ধি ঘটেনি।" মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার রোজনামচা কি বলছে ? মাননীয় মুখ্যমন্ত্রী বারে বারে বলছেন দক্ষিণবাংলায় জনযুদ্ধকে প্রশাসন চ্যালেঞ্জ করছে। কখন বলছেন ? ২০০৪ সালে এসে দাঁড়িয়ে। যে দিন মুখ্যমন্ত্রী অ্যাসিসট্যান্ট মুখ্যমন্ত্রী ছিলেন, গত বিধানসভায় যখন তিনি স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্বে ছিলেন সেই দিন আমরা বারে বারে তাঁকে বলেছি পশ্চিমবাংলা উগ্রপন্থীদের অবাধ বিচরণ ভূমিতে পরিণত হয়েছে। রাজ্য সরকারের অপদার্থতায় পশ্চিমবাংলার প্রশাসন তার গতি হারিয়ে ফেলেছে, প্রশাসন তার নিরপেক্ষতা হারিয়ে ফেলেছে। তার ফলে দিনের পর দিন অপরাধ সংগঠিত হচ্ছে। পশ্চিমবাংলায় উগ্রপন্থীদের একটা মুক্ত এবং অবাধ বিচরণ ভূমি তৈরি হতে পশ্চিমবঙ্গ সরকার সাহায্য

করছে। কিন্তু সেই সময় পশ্চিমবাংলার অপদার্থ স্বরাষ্ট্রমন্ত্রী বারে বারে বলেছেন যে পশ্চিমবাংলা হচ্ছে শান্তির মরূদ্যান। বারে বারে তিনি মরূদ্যানের কথা বলেছে তিনি বলতে চেয়েছেন এখানে উগ্রপন্থীদের কার্যকলাপ বৃদ্ধি পাবে কি, এখানে সি.পি.এম আছে না ? তিনি বলেছেন এখানে সি.পি.এম আছে উগ্রপন্থীদের কাজকর্ম হবে কি ? এখানে অসামাজিক কাজকর্ম হবে কি ? এখানে অসামাজিক কাজকর্ম হতে পারে না। এখানে উগ্রপন্থীরা মদত দিতে পারবে না, এখানে তারা মাথা চাড়া দিতে পারবে না। আজকে দক্ষিণবঙ্গের অবস্থা কি ? আজকে সেখানটাতে মানুষ কি অবস্থায় আছে ? আজকে জনযুদ্ধ জনযুদ্ধ বলে চিৎকার করা হচ্ছে। আজকে মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ায় কি হচ্ছে ? আজকে এই ক্ষেত্রে রাজ্য সরকারের ভূমিকা কি সেটা একটু বিচার করুন। বিগত ৬-৭বছর ধরে এখানে কি চলছে ? এই সমস্ত বিশেষ অঞ্চলে সি.পি.এম ক্যাডারদের হাতে অস্ত্র তুলে দেওয়া হয়েছে। তাদের বলা হয়েছে সরকারের বিরুদ্ধে আন্দোলন করলে, প্রতিবাদ করলে তাদের নিশ্চিহ্ন করে দাও। যারা অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতে গেছে তাদের বলা হয়েছে রাজ্যের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। সে রাইটার্স বিল্ডিং থেকে শুরু করে আলিমুদ্দিন স্ট্রীটের পার্টি অফিস থেকে একই কথা বলা হয়েছে যে এই সব ষড়যন্ত্র। গণতান্ত্রিক আন্দোলনকে শেষ করে দিতে বলা হয়েছে। সরকারের বিরুদ্ধে কথা বললেই নিশ্চিহ্ন করে দিতে বলা হয়েছে। সি.পি.এম ক্যাডারদের হাতে অস্ত্র তুলে দেওয়া হয়েছে গণতান্ত্রিক আন্দোলনের বিরুদ্ধে মোকাবেলা করার জন্য। মানুষের গণতান্ত্রিক আন্দোলন ভেঙে দেওয়ার জন্য গুঁড়িয়ে দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। সেই জন্য সরকারের বিরুদ্ধে কথা বললেই বুলেট দিয়ে মোকাবেলা করা হয়েছে। দক্ষিণবঙ্গে দিনের পর দিন মানুষকে খুন করা হয়েছে, লুট করা হয়েছে। সি.পি.এম. ক্যাডারদের এই হিংসাত্মক কার্য্যকলাপে পুলিশ গিয়ে মদত দিচ্ছে। সি.পি.এম. এবং পুলিশের যৌথ আন্দোলনে গণতান্ত্রিক আন্দোলন মাথা তুলে দাঁড়াতে পারেনি। উপজাতি মানুষ, গরীব মানুষ, প্রান্তিক চাষী সরকারের কাছে দাবি করেছে সামান্য একটু পানীয় জলের জন্য। সরকার তো সেটা দিতে পারেনি উপরন্তু তারা ভেবেছে এরা বিরোধী দলের কথা বলছে, বিরোধী দলের এরা সমর্থক, এই অপরাধে তাদের ফিজিক্যালি অ্যানিহিলেট করে দেওয়া হয়েছে, তাদের নিশ্চিহ্ন করে দেওয়া হয়েছে। ফলে তারা বলেছে গণতান্ত্রিক আন্দোলন করে কোনো ফল হচ্ছে না, সেই জন্য সশস্ত্র শক্তির মদত নিতে বাধ্য হয়েছে। তারা পাশের রাজ্য উড়িষ্যায় গিয়ে মদত নিয়ে এসেছে। তারা দেখেছে গণতান্ত্রিক আন্দোলন করতে পারছি, অন্যায়ের প্রতিবাদ করতে পারছি না, গণতান্ত্রিক আন্দোলন করতে গেলে আমাদের মেরে ফেলছে। এরা কারা ? এক সময় যাদের হাতে অস্ত্র তুলে দেওয়া হয়েছিল তারা রাতে অন্ধকারে লুট করেছে খুন করেছে। এখন সেখানে আর লুট করার সম্পদ নেই, সব শেষ হয়ে গিয়েছে। আজকে তাই সি.পি.এম-দের গায়ে হাত উঠিয়েছে। এখন এই জনযুদ্ধ সি.পি.এম. কর্মী থেকে আরম্ভ করে নেতাদের উপর চড়াও হচ্ছে। আজকে সেই কারণে সি.পি.এম নেতাদের দেহরক্ষী দেওয়া হচ্ছে। কেন এটা হচ্ছে, কে এদের কাজে লাগিয়েছে ? তারা এক সময় এদের দিয়ে লুটপাট করিয়েছে, তারা এদের দিয়ে লুটপাট করিয়ে ধনী থেকে ধনীতর হয়েছে।

[ 2.40—2.50 p.m. ]

এবং তারপর এদের অস্বীকার করার চেষ্টা করছেন। এদের উন্নয়নের গান শুনিয়েছিলেন। এখন উন্নয়নের পথ থেকে সরে গিয়েছেন। ফলে আজকে তারা আঙুল তুলে বিক্ষোভ দেখাবার চেষ্টা করছে, বদলা নেবার চেষ্টা করছে। কিন্তু প্রশাসন কি করছে ? মাননীয় মুখ্যমন্ত্রী ২৩ শে ফেব্রুয়ারী বান্দোয়ান গেলেন। মাননীয় মুখ্যমন্ত্রী একজন স্বরাষ্ট্রমন্ত্রী। বান্দোয়ান থানার ও.সি. নীলমাধব দাস মাইনে উড়ে গেলেন। আপনি বান্দোয়ান গেলেন। আপনার দায়িত্ব ছিল না নিহত পরিবারের পাশে দাঁড়িয়ে বলা যে, আমার অন্যায় হয়েছে ? আমার অনুশোচনা হচ্ছে, আমার দুঃখ হচ্ছে, আমি ক্ষমাপ্রার্থী, আমি তোমার বাড়ির মানুষকে বাঁচাতে পারিনি ? মাননীয় মুখ্যমন্ত্রী উত্তর বাংলার জলপাইগুড়ির ধুপগুড়িতে সি.পি.এম.' এর ক্যাডাররা যখন সি.পি.এম.'এর অন্য গোষ্ঠীর হাতে নিহত হল তখন সেখানে ছুটে গিয়েছিলেন। তার কারণ, তারা পার্টির লোক। পার্টির লোক সেদিন খুন হয়ে গিয়েছিল পার্টি অফিসের ভেতরে। তাই মাননীয় মুখ্যমন্ত্রী জলপাইগুড়ির ধুপগুড়িতে তাঁর পরিবারের লোকের কাছে গিয়েছিলেন। আমরা ধন্যবাদ দিই, মুখ্যমন্ত্রীর তাই করা উচিত। রাজ্যের কোনো মানুষ যদি খুন হয়, মুখ্যমন্ত্রীর উচিত তার পরিবারের পাশে দাঁড়িয়ে সহমর্মিতা জানানো। কিন্তু বান্দোয়ান থানার ও.সি., নীলমাধব দাসকে যখন উগ্রপন্থীরা খুন করলো, মুখ্যমন্ত্রী সেখানে গেলেন। লাল মোড়কে মোড়া মঞ্চে উঠে তৃণমূলের বাপান্ত করলেন, সংগ্রামী গান শোনাবেন, বিরোধীদের উচ্ছেদ করার গান শুনি দিয়ে এলেন, কিন্তু তিনি একবার নিহত পুলিশ অফিসার, বান্দোয়ান থানার ও.সি.নীলমাধব দাসের বাড়িতে যাওয়ার প্রয়োজনীয়তা মনে করলেন না। ফলটা কি হলো ? ২৬ তারিখের ভাষণে আপনারা বলেছেন, অপরাধ কমিয়ে নিয়ে এসেছেন। আবার ২৫শে ফেব্রুয়ারী ৮ জন পুলিশ কর্মী মাইনে উড়ে গেল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২৩শে ফেব্রুয়ারী মাননীয় মুখ্যমন্ত্রী গেলেন। কিভাবে গেলেন ? হাওড়া থেকে শুরু করেন। হাওড়া থেকে পুরুলিয়া ২১৮টি পুলিশের গাড়ি কনভয় করে মুখ্যমন্ত্রীকে পৌঁছে দিয়ে এলো। এ.ডি.জি., আই.জি., ডি.আই.জি. সহ ২১জন তাঁকে এসকর্ট করে নিয়ে গেলেন। টোটাল কনস্টেবলসহ ১৭৯৫ জন পুলিশের পার্সোনেল মাননীয় মুখ্যমন্ত্রীকে সেখানে কনভয় করে জেলা থেকে জেলায় নিয়ে গেলেন। আবার তার পরে ২৫শে ফেব্রুয়ারী বেলপাহাড়িতে ৮জন পুলিশ কর্মচারী তাঁরা মাইনে উড়ে গেলেন। মুখ্যমন্ত্রীর অফিসের খবর, বরকন্দাজ নিয়ে ২১৮টি গাড়ি যেতে শুধু তেল খরচ হয়েছে ৬১হাজার ৪০ টাকা। আর তারই দুদিন পরে পুলিশ বাহিনীর ৮জন কর্মচারী অফিসার সহ উড়ে গেল। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর অপরাধ স্বীকার করবেন। ৮জন মাইনে উড়ে যাবার পরে তাদের মনোবল আজকে কোথায় এসে দাঁড়িয়েছে ? স্বভাবতই তারা বেঁকে বসেছে। পশ্চিমবাংলায় তাদের মনোবল আজকে তলানীতে ঠেকে গেছে। তার কারণ আজকে তারা আতঙ্কিত। ও.সি. থেকে কনস্টেবল পর্যন্ত তারা কেউই নিরাপদ নয় যেখানে, তারা আক্রান্ত মানুষকে কিভাবে রক্ষা করবে ? প্রশাসনের ওপরে যারা বসে আছে তারা এবং পুলিশের কর্মচারী তারা আজকে তাদের জীবন বাঁচাতে পারছে না। পুলিশের লোক মাইনে উড়ে গেল মুখ্যমন্ত্রীর একটুও অনুশোচনা হয় না, দুঃখ হয় না। তিনি সহমর্মিতা

দেখান না। আজকে মুখ্যমন্ত্রীর উচিত ছিল—২৩ তারিখে তিনি ওখানে গেলেন—২৫ তারিখের মিটিংয়ে তাঁর বলা উচিত ছিল যে, হ্যাঁ, তোমরা সরকারি প্রশাসনের কাজ করতে গিয়ে নিহত হয়েছ, তোমরা আহত হয়েছ, সরকার তোমাদের পাশে আছে। চলো, আমরা তার মোকাবিলা করি।

[2.50—3.00 p.m.]

আজকে আপনাদের এই অপদার্থতা ঢাকবেন কি দিয়ে ? আজকে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর অপদার্থতা গোটা রাজ্যের লজ্জা, এই লজ্জা রাখবো কোথায়। কেবলমাত্র পার্টির নাম করে বিরোধীদের কণ্ঠ স্তব্ধ করতে করতে গণতান্ত্রিক প্রক্রিয়াতে শাসনব্যবস্থা কায়েম করছেন এবং তার দায়ভার বুদ্ধদেব বাবুর—এই লজ্জা রাখবেন কোথায়। আজকে পশ্চিমবঙ্গে উগ্রপন্থী, বিভেদকামী শক্তি মাথা চাড়া দিয়ে উঠেছে এবং পশ্চিমবঙ্গে সেসেসনিষ্ট ফোর্স নারকীয় তান্ডব চালাচ্ছে। আজকে পশ্চিমবঙ্গের মানুষই ওদের পাশে এসে দাঁড়াচ্ছে। সুতরাং আপনারাই বলুন এই পশ্চিমবঙ্গ আজকে কোথায় গিয়ে দাঁড় করাচ্ছেন। আপনারা তো অত্মসন্তুষ্টিতে ভুগছেন অথচ আপনাদেরই মন্ত্রী পরিষদের সদস্য এবং আপনাদের রাজপরিবারের সদস্য, আমরা তো রাজপথবাসী, আপনাদের রাজ পরিবারের সদস্য কমল গুহ, তিনি ডুয়ার্সে গিয়ে দাঁড়িয়ে বলেছিলেন যে, চা বাগানগুলো বন্ধ মালিকদের জন্য। চা বাগানের শ্রমিকদের রেশন দেয় কে—মালিক, তাদের স্বাস্থ্য দেখভাল করবে কে—মালিক, শ্রমিকদের ছেলেমেয়েদের পড়াশুনো করাবে কে—মালিক, পরিবহণের ব্যবস্থা করবে কে—মালিক। সেই মালিকই চা বাগান বন্ধ করে রেখেছে। আজকে চা বাগানের শ্রমিকদের রোজগার বন্ধ, মানুষগুলো অনাহারে মারা যাচ্ছে। গত জানুয়ারী মাসে আমি গিয়েছিলাম ডুয়ার্সে, হঠাৎ করে দেখলাম জানুয়ারি মাসে ১৩ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে গেছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ওখান থেকে ফিরে এসে চিঠি লিখে জানিয়েছিলাম যে, ওখানে ৪৯৩ জন শ্রমিক ছাঁটাই হয়েছে এবং তাদের কোনো ব্যবস্থা মালিকপক্ষ নেয়নি। এমন কি প্রশাসন থেকেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। তারা রেশন পায়নি, স্বাস্থ্য পরিষেবা পায়নি, অনাহারে মারা গেছে। তার দু-দিন পরেই মন্ত্রীসভার মাননীয় সদস্য কমল গুহ ডুয়ার্সে দাঁড়িয়ে বললেন ৫০০ জন শ্রমিক মারা গেছে। মাননীয় মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে গিয়ে মিটিং করে এলেন কিন্তু একবারও তো বন্ধ চা কারখানাগুলোতে গেলেন না। রামঝোড়াতে একবারও যাওয়ার প্রয়োজন মনে করলেন না। আজকে রামঝোড়াতে শ্রমিকদের কি অবস্থা সেটা কি তিনি একবারও গিয়ে দেখেছেন ? বন্ধ চা শ্রমিকদের বস্তিতে গিয়ে, তাদের দরজায় গিয়ে, তাদের বাড়িতে গিয়ে কি একবারও দেখা করেছেন ? অথচ পার্টির মিটিং করে এলেন কিন্তু ওই সমস্ত অভাবী মানুষদের কথা গুরুত্বও দিলেন না। বন্ধ চা শ্রমিকদের কাছে গিয়ে দাঁড়াবার মত ক্ষমতা দেখাতে পারেননি। অথচ তিনি আমাদের রাজ্যের অভিভাবক, তাঁর উপরে দায়িত্ব দিয়ে আমরা স্বস্তিতে থাকবো কি করে ? তাঁর উপরে দায়িত্ব দিয়ে এগিয়ে যাবার দুঃস্বপ্ন দেখবে কি করে বাঙলার মানুষ। আজকে উত্তরবঙ্গে যে বিপ্লব দেখা দিয়েছে, যে প্রতিবাদ দেখা দিয়েছে তা অভাবের বিরুদ্ধে, অনাহারের বিরুদ্ধে, দুর্ভিক্ষের বিরুদ্ধে এবং

মানুষের উপরে অত্যাচারের বিরুদ্ধে। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর পুলিশ দিয়ে তাদেরকে আটক করতে পারেন, কিন্তু এই বিপ্লব, এই ক্ষোভ, প্রতিরোধ এবং প্রতিশোধ বন্ধ করতে পারবেন না। আপনারা উন্নয়নের মুখ দেখাতে পারেননি, কি করে উন্নয়ন করবেন আপনারা— কেবলমাত্র জাতীয় যে আয় তা তো শুধু কর্মচারীদের মাইনে এবং শোধ দিতেই শেষ হয়ে যাচ্ছে। কোটি টাকা এইভাবে শেষ হয়ে যাচ্ছে। এইভাবে গোটা ব্যবস্থাটাকে বিক্রি করে দিচ্ছেন। আজকে উন্নয়নের পথ বন্ধ। আপনারা তো গণ সংগঠনের মাধ্যমে গণমুখী অভিযান চালাচ্ছেন কিন্তু কি হচ্ছে তাতে। তাই তো দেখতে পেলাম কাগজে যে, বর্ধমানের আলু চাষী তাদের সমস্ত মর্টগেজ রেখে আলু চাষে নেমেছিল কিন্তু আলু মাটি ফুঁড়ে আসেনি। ফলে চাষীদের আশঙ্কা কি করে তারা টাকা শোধ দেবে এবং এতেই তাদের মাথা ঘুরছে এবং বিনিদ্র রজনী তারা কাটাচ্ছেন। তারপরে যে ঘটনা ঘটেছে সেটা তো প্রকাশিতই হয়েছে যে, আলু চাষীরা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। আপনি কলকাতায় বসে রসিকতা করছেন। আপনি বলছেন, সেই চাষী অভাবের জন্য আত্মহত্যা করেনি, আপনি নোংরা ইঙ্গিত দিচ্ছেন। যে মানুষগুলি বাঁচবার স্বপ্ন দেখেছিল, সেই বাঁচবার স্বপ্ন ভুলে গিয়ে আত্মহত্যার পথ বেছে নিয়েছে আপনাদের অপদার্থতার জন্য। আর আপনি রাইটার্সে বসে ইলেকট্রনিক মিডিয়ার সামনে স্ফীত মুখে বলছেন, এটা চাষের জন্য আত্মহত্যা নয়, এটা অভাবের জন্য আত্মহত্যা নয়, পরকীয়া প্রেম করেছিলেন, সেইজন্য আত্মহত্যা করেছেন। আমরা অত্যন্ত লজ্জিত, দুঃখিত, আপনি সমস্যাকে অনুভব না করে, আপনি মানুষের দুঃখদুর্দশার পাশে না দাঁড়িয়ে প্রশাসনের প্রধান হিসাবে যেখানে আপনার উচিত ছিল মানুষের পাশে দাঁড়ানো, আপনাদের অনেক কাজ হয়ত করা সম্ভব হচ্ছে না, এই ব্যাপারে আপনাদের অক্ষমতা থাকতে পারে, আপনাদের সীমাবদ্ধতা থাকতে পারে, সরকারি প্রশাসনে এখনো কোথাও কোথাও হয়ত অচলায়তন থাকতে পারে, আপনার ডু ইট নাউ শ্লোগান মন্ত্রীসভার সদস্যরাই পালন করেন না, প্রশাসনিকরা পালন করেন না, তাই প্রশাসন অচলায়তনে পরিণত হয়েছে। আপনার জমানায় বাংলায় হিমশীতল স্পর্শ ছড়িয়ে দিয়েছেন, সেইজন্য মানুষ আত্মহনন করছেন, আর সেই সময় রাইটার্স বিল্ডিং-এর করিডরে দাঁড়িয়ে আত্মহনন নিয়ে পরিহাস করছেন, তাঁর পরিবারের কাছে, গ্রামের কাছে তাঁর মাথা নুইয়ে দেবার চেষ্টা করছেন। যে মানুষটা মাথা নোয়াবে না বলে, যার কাছে ঋণ করেছে তার কাছে নতজানু হয়ে ক্ষমা প্রার্থনা করবে না বলে যে মানুষটা বিষ খেয়ে মারা গেলেন, সেই মানুষটার মৃত্যুতে তাঁর পাশে না দাঁড়িয়ে, তাঁর পাশে ২ ফোঁটা চোখের জল না ফেলে আপনি বিশ্রী ইঙ্গিত যা করেছেন রাজ্যের সংস্কৃতি মন্ত্রী হিসাবে, এটা আপনার কাছে আমরা আশা করিনি। এটা লজ্জা, এটা দুঃখের, এই লজ্জা এই দুঃখ আমরা রাখবো কোথায়, ঢাকবো কি করে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একদিকে যেমন এই অবস্থা চলছে, তেমনি প্রশাসন নিয়ে যে তান্ডব চলছে, সেই ব্যাপারে অরুণাভবাবু বলবেন। একজন চিকিৎসক-এর কাছে একজন উগ্রপন্থী চিকিৎসা করিয়েছেন, কি নারকীয় জঘন্য ঘটনা, এর জন্য তাঁকে বিনা বিচারে আটক করে রেখে দিয়েছেন দিনের পর দিন। মেদিনীপুর-এর বেলপাহাড়ী, গোয়ালতোড়, শালবনী, গড়বেতা, লালগড়, বীনপুর-এ এখানে ১৪১ জন তৃণমূল কংগ্রেসের সমর্থককে আপনাদের দলের

বিরোধিতা করার জন্য, তাদেরকে বিনা বিচারে আটক করে রেখে দিয়েছেন। তাদের বিরুদ্ধে কোনো কেস নেই, তাদের কোর্টে তোলা হচ্ছে না, তাদেরকে জানানো হচ্ছে না, তাদের অপরাধ কি ? তাদেরকে বিনা বিচারে আটক করে রেখে দিয়েছেন। সহিস মুর্ম ২৩ বছর বয়স, ৬মাস-এর বাচ্ছা তাঁর কোলে, তাঁকে বেলপাহাড়ী থেকে গ্রেপ্তার করলেন,তাঁকে শিলিগুড়িতে পাঠিয়ে দিলেন। বললেন, উগ্রপন্থীর কাজে লিপ্ত। অশিক্ষিত, উপজাতি মহিলা, সে শিলিগুড়ির নাম শোনেনি, সে ওই গ্রামের চৌহদ্দির বাইরে বেরোয়নি, তাকে বিনা বিচারে আটক করেছেন, সাউথ বেঙ্গলের একজন সাঁওতালকে নর্থ বেঙ্গলের শিলিগুড়ির জেলে চালান করে দিলেন। আজকে প্রশাসন নিয়ে গর্ব করেন, একজন মানুষ, সেই মানুষের অপরাধটা কি, তাঁর বাড়ী থেকে সুকান্ত ভট্টাচার্য্যের কবিতার বই পাওয়া গিয়েছে, পুলিশ তাঁকে বললো, বলতো সুকান্তর কবিতা, যখন সে সুকান্তর কবিতা আওড়াচ্ছে, তখন পুলিশ বলছে সুকান্ত ভট্টাচার্য্যের কবিতা যখন আওড়াচ্ছে তখন তুই উগ্রপন্থী হবি। আজকে প্রশাসনকে পশ্চিমবাংলায় কোন অপশাসনের দিকে ঠেলে দিচ্ছেন, এই পশ্চিমবাংলায় আপনাদের অপশাসন, আপনাদের দুর্বৃত্তায়ন, আপনাদের প্রত্যক্ষ মদতে দুলাল ব্যানার্জীদের স্বর্গরাজ্যে পরিণত করে দিয়েছেন, আজকে তারকেশ্বর লোহাররা শ্রমিকদের আন্দোলন ঠিক করে দেবে, কে তারকেশ্বর লোহার। আপনি আজকে স্বরাষ্ট্রমন্ত্রী, কিন্তু প্রশাসনকে নিয়ন্ত্রণ করছেন দুলাল ব্যানার্জীরা, আজকে প্রশাসনের উপর আপনার নিয়ন্ত্রণ নেই, আলিমুদ্দিন স্ট্রীট থেকে প্রশাসনকে নিয়ন্ত্রণ করছে। তাই ব্যর্থতা যখন আকাশচুম্বী হচ্ছে, প্রতিবাদ যত বেশি হচ্ছে, আপনাদের প্রতিশোধ তত বেশি হচ্ছে। এই প্রতিশোধমূলক ব্যবস্থা যদি আপনারা বন্ধ না করতে পারেন তাহলে গ্রামে গ্রামে মানুষ উগ্রপন্থার দিকে যেতে বাধ্য হবে। আপনারা পুলিশ প্রশাসন দিয়ে এই সমাজ ব্যবস্থা ধরে রাখতে পারবেন না। আমি আবার আপনাকে বলছি, প্রতিশোধ দিয়ে নয়, গ্রাম বাংলায় পিছিয়ে থাকা, অন্ধকারে গুমরে গুমরে কাঁদা বাংলার এই বুভুক্ষু মানুষগুলোর পাশে প্রশাসনকে নিয়ে আপনারা দাঁড়ান। প্রশাসনের সহমর্মিতার মাধ্যমে অন্ধকার থেকে গ্রাম বাংলার মানুষকে আপনারা আলোয় নিয়ে আসুন। আপনারা যে পথ নিয়েছেন সেটা অ্যানিহিলেশানের পথ, ব্যক্তি খতম করার মাধ্যমে একদলীয় শাসন ব্যবস্থা আপনারা কায়েম করতে চাইছেন। জোর করে এই একদলীয় ব্যবস্থা জারি করার ঘৃণ্য প্রচেষ্টার আমরা তীব্র নিন্দা জানাচ্ছি। মাননীয় রাজ্যপাল এই ভাষণ না পড়ে এই সভার প্রতি যে সম্মান দেখিয়েছেন তার জন্য তাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুস্তাফা বিন কাশেম :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের মাননীয় রাজ্যপাল সংবিধানের ১৭৬ নম্বর ধারা অনুসারে গত ২৬শে ফেব্রুয়ারী এই কক্ষে যে ভাষণ প্রদান করেছেন এবং তারজন্য মাননীয় সদস্য পদ্মনিধি ধর মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন আমি তাকে পুরোপুরিভাবে সমর্থন করছি। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে নিশ্চয় সরকারের নীতি, সরকারের কর্মসূচির উল্লেখ থাকবে, তার মধ্যে কোনো অতিশয়োক্তি নেই এবং রাজ্যের উন্নয়নের ধারা ও সরকারের ভূমিকা সম্পর্কে একটা বাস্তব চিত্র তিনি তুলে ধরেছেন। এতক্ষণ আমি মন দিয়ে বিরোধী দলনেতা পঙ্কজ বাবুর বক্তৃতা

শুনছিলাম। উনি বক্তৃতা শুরু করলেন এই বলে, মাননীয় রাজ্যপাল এই ভাষণ দেননি এবং ভাষণের বিষয়বস্তুর সঙ্গে একমত নন বলেই তিনি ওই ভাষণ দেননি। তাহলে বিরোধী দলনেতা এতক্ষণ কিসের উপরে বক্তৃতা করলেন। আর এই যে একগুচ্ছ বই রয়েছে, এই যে সংশোধনীগুলি রয়েছে এটা কিসের উপরে আনা হয়েছে, মাননীয় বিরোধী দলনেতা থাকলে তার কাছ থেকে আমি এটা জানতাম। বিরোধী দলনেতা মাননীয় রাজ্যপালের মুখে কথা গুঁজে দিচ্ছেন। ইদানিংকালে আমরা দেখছি, আমরা যারা এই হাউসের সদস্য তারা এবং বাইরের লোকেরাও দেখছেন, মাননীয় রাজ্যপাল হাউসে আসা মাত্র পোস্টার, প্লাকার্ড হাতে আপনাদের নৃত্য। এখনো আমার মনে আছে, সৌগতবাবু বলেছিলেন you create history by not reading the speech, Do you remember correctly? মাননীয় রাজ্যপাল মহাশয় তখন স্মরণ করিয়ে দিয়েছিলেন আপনাদের সংবিধানের ১৭৬ নম্বর ধারার কথা এবং পক্ষান্তরে তিনি আপনাদের শুভবুদ্ধির কাছে আবেদন করেছিলেন আমাকে এই দায়িত্বটুকু পালন করতে দিন। কিন্তু আপনারা কেউ সেকথা শুনলেন না। স্যার, আমরা দেখেছি এই হাউসে বিরোধী পক্ষ আপনার বদান্যতা বেশি পেয়ে থাকে এবং এটা সর্বজনবিদিত। স্যার, আমি আপনার কাছে অনুরোধ করব এই রকম পোস্টার লাগিয়ে, গায়ে বেঁধে হাউসের মধ্যে নৃত্য করা যায় কিনা। এটা অনুগ্রহ করে আপনি বিবেচনা করবেন।

[ 3.00—3.10 p.m. ]

স্যার, আমার বলতেও সংকোচ হচ্ছে, এমন এমন পোস্টার, প্ল্যাকার্ড নিয়ে এলেন কোনো কোনো সদস্য, আমার সঙ্কোচ এখানে যে, একজন মহিলা সদস্য দেহের এমন জায়গায় সংস্থাপন করলেন, তার যে ভাষা, সেদিকে নজর গেলেই মাথাটা নীচু হয়ে যায়। ওনার সিনিয়ররা যদি পরামর্শ দিতেন কোন জিনিস করা যায় কোন জিনিস করা যায় না, তাহলে এই সম্মানীয় কক্ষের সম্মান রক্ষিত হত। এমনই জায়গায় আমরা আছি, আপনারা নিশ্চয় বুঝতে পারছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঙ্কজবাবু কয়েকটি কথা সরাসরি মানানীয় মুখ্যমন্ত্রীকে সম্বোধন করে বললেন। সরকারের প্রধান হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রী যা জবাব দেওয়ার দেবেন, সাধারণ সদস্য হিসাবে আমি কেন সেই দায়িত্ব পালন করতে যাব। কিন্তু পঙ্কজবাবু বলতে বলতে এমন জায়গায় গেলেন যে, তিনি বললেন যে পশ্চিমবাংলার উন্নয়ন কিছুই হচ্ছে না। তিনি জনযুদ্ধ এম.সি.সি নিয়ে অনেক কিছু বলেছেন। নিশ্চয় এটা একটা যন্ত্রণার বিষয়, উদ্বেগের বিষয়। আমাদের রাজ্যেও উগ্রপন্থী কার্যকলাপ আছে। জঙ্গী, উগ্রপন্থীদের সব শিকড় আমাদের রাজ্যে নয় এটা সবাই জানেন, অনেক বিদেশী প্রতিবেশী রাষ্ট্র থেকে এদের কাজকর্ম চলে, অনেক প্রতিবেশী রাজ্যেও এদের শিকড় রয়েছে। এটা আমাদের সদস্যা। সরকারকে, বিশেষ করে মাননীয় মুখ্যমন্ত্রীকে সরকারের নেতা হিসাবে অভিনন্দন জানাব, এই যে সমস্যা যা মাঝে মাঝেই জনজীবনকে বিপর্যস্ত করছে তার মোকাবিলা করার জন্য। শুধু পুলিশ বাহিনী বা পুলিশ প্রশাসনের উপর সরকার বা মুখ্যমন্ত্রী নির্ভর করছেন

না, পুলিশি এবং প্রশাসনিক পদক্ষেপ যেরকম নিচ্ছেন, তেমনি রাজনৈতিক পদক্ষেপও নিচ্ছেন এবং সর্বোপরি ওই অংশের মানুষের মধ্যে গণতান্ত্রিক চাহিদা, তার যে উন্নয়নের প্রশ্ন, এই প্রশ্নেও আমাদের রাজ্য সরকার অত্যন্ত সংবেদনশীল এবং সচেষ্ট। নিশ্চয় সরকারের এই প্রচেষ্টা সফল হবে, পশ্চিমবাংলার মানুষ হিসাবে আমাদের সকলের এই প্রত্যাশা। কিন্তু পঙ্কজবাবু বললেন পশ্চিমবাংলার মানুষের কোনো অগ্রগতি হয়নি, আমরাও শুনলাম।

এ কথা কেউ আমরা বলিনা, মাননীয় মুখ্যমন্ত্রীও তাঁর গত জবাবী ভাষণে বলেননি যে আমাদের রাজ্যে কোনো সমস্যা নেই। সমস্যা আছে। যদি কেউ বলেন এখানে কোনো সমস্যা নেই, তাহলে সত্যের অপলাপ হবে। আপনারাও জানেন, কিন্তু বলার সময় এমন একটা ভাবে বলেন যে মনে হয় পশ্চিমবাংলা যেন একটা স্বাধীন, সার্বভৌম রাষ্ট্র, যে আলাদা করে সব কিছু চালাতে পারে। কিন্তু আমাদের রাজ্য একটা দেশের আর্থ সামাজিক, রাজনৈতিক পরিবেশের মধ্যে আছে। আজকে দেশ জুড়ে কি ঘটনা ঘটছে সেটা বিচারে আনবেন না ? দেশের কথা বলবেন না ? পশ্চিমবাংলা কি একটা স্বাধীন সার্বভৌম রাষ্ট্র ? আজকে কোন পরিস্থিতিতে মানুষের সাহায্য নিয়ে পশ্চিমবাংলা এগিয়ে চলেছে, সেটা বিচারের মধ্যে আনতে হবে না ? আপনারা বলবেন একই কথা। আজকে ভারতবর্ষের মানুষ জর্জরিত, দেশটা জর্জরিত। যে বিপজ্জনক সরকার ক্ষমতায় রয়েছে, তারা কৃষির ক্ষেত্রে কি শিল্পের ক্ষেত্রে কি অবস্থা সৃষ্টি করেছে ? আজকে শিল্পের ক্ষেত্রে কি প্রচণ্ড আক্রমণ নেমে এসেছে। সেখানে বিশ্বায়নের কবলে পড়ে নির্বিচার উদারনীতির কুফল, তা কি কোনো সময়ে শেষ হবে না ? রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলোর ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার দিকে দিকে জেহাদ ঘোষণা করেছে। সেখানে বেপরোয়াভাবে বেসরকারিকরণ, বিলগ্নিকরণের করা হচ্ছে। এখানে এই কথা বারবার আলোচনা হয়েছে। এই কাণ্ডকারখানা তারা চালাচ্ছে। এই বিলগ্নিকরণের ফলে দেশের কোটি কোটি টাকা তছনছ হচ্ছে, দুর্নীতি হচ্ছে, বেহাত হচ্ছে। এখানে আলোচনা হলেও আমি দু-একটি কথা বলব। আমাদের অনেক লাভজনক বালকোর কথা এখানে আলোচনা হয়েছে। খানিকটা পুরনো হয়ে গেছে। মানুষ জানেন যে বিরাট কারখানা, কি অল্প দামে, জলের দামে স্টারলিট কোম্পানীর কাছে দিয়ে দেওয়া হল। আমাদের রাজ্যের কারখানা জেশপ—এক ঐতিহ্যমণ্ডিত কারখানা কিভাবে সেই কারখানা বিলগ্নীকরণ করা হল। কি ধরনের কাজ হল আমি আপনাদের দু-এক মিনিটে স্মরণ করিয়ে দিচ্ছি। ২৫০ কোটি টাকা দামের এই কোম্পানী রুইয়া কোম্পানীর হাতে তুলে দেওয়া হল ১৮ কোটি ৮০ লক্ষ টাকায়। আমি কেন একথা বলছি, এর চাপ আমাদের রাজ্যের উপর পড়বে। ১৮ কোটি ৮০ লক্ষ টাকায় সেই কারখানা তুলে দেওয়া হল। শুধু তাই নয়, মেট্রো রেলের ৫ একর সম্পত্তি বিক্রি করে ১৪ কোটি টাকা পবন রুইয়ার হাতে তুলে দেওয়া হল। কাঁচা মালের জন্য ১১ কোটি টাকা তুলে দিতে হবে। অর্থাৎ তারা পেল ২৫ কোটি টাকা। ১৮ কোটি ৮০ লক্ষ টাকায় কিনে তারা পেল ২৫ কোটি টাকা। অর্থাৎ ৬ কোটি টাকা লাভ। সেন্টুর হোটেল বিক্রি করার ক্ষেত্রে ইদানিং যে সমস্ত খবর কাগজে বেরোচ্ছে। বাত্রা হসপিট্যালিটি প্রাইভেট লিমিটেডের কাছে সেন্টুর হোটেল বিক্রি করা হয়েছে। কাগজে বেরিয়েছে আপনারা

কাগজের কথা বিশ্বাস করেন, আমরাও কিছু কিছু খবরে বিশ্বাস করি, তাঁর সঙ্গে আর.এস.এসের ঘনিষ্ঠ সহযোগ আছে। হোটেল করপোরেশন অব ইন্ডিয়ার হোটেল সেন্টুর হোটেল সেটা ৩২ কোটি টাকায় বিক্রি করে দেওয়া হল বাত্রা হসপিটালিটি লিমিটেডের কাছে। এবং আপনারা জানেন যে ৬মাসের মধ্যে সেই কারখানা বিক্রি করে দেওয়া হয়েছে ১১৫ কোটি টাকায় ৮২ কোটি টাকায় কিনে সেই হোটেল বিক্রি হয়েছে ১১৫ কোটি টাকায়। নীট লাভ ৩২ কোটি টাকা। এই ধরনের সম্পদ নিয়ে নয়ছয় করা হয়েছে এতে রাজ্যের উপর চাপ পড়ে না ? এতো হল হিমবাহের সর্বোচ্চ চূড়া—টিপ অব দি আইসবার্গ ভেতরে ভেতরে কোটি কোটি টাকা এইভাবে তছনছ হয়েছে। নির্বিচার উদারনীতি তার মধ্যে দিয়ে অঢেল বিদেশীয় শিল্প পণ্য আমাদের দেশে এসেছে। অসম প্রতিযোগিতায় দেশের কলকারখানা বন্ধ হয়ে গেছে। আমাদের রাজ্যের শ্রমিকরা বেকার হয়েছে। বিজেপি সরকার ক্ষমতায় আসার পর ৫ বছরের মধ্যে নতুন করে ৮৫ লক্ষ কর্মচারী কাজ হারিয়েছেন আমাদের দেশে। ভারতবর্ষ এবং আমাদের রাজ্যের মধ্যে ২৭টা রাষ্ট্রায়ত্ত কারখানার শ্রমিকরা বিপদের সম্মুখীন হয়েছেন। ছাঁটাই হয়েছেন। রাজ্যের অর্থনীতিতে এর চাপ পড়ে না ? আর আপনারা বলছেন কেন দেশের কথা বলা হবে ? কৃষি ক্ষেত্রের কথা বলা হচ্ছে। আজকে সারা ভারতবর্ষ জুড়ে উদার আমদানির ফলে বিদেশী কৃষি পণ্য ভারতবর্ষে ঢুকে পড়ছে। ১৪২৯টা শিল্প পণ্যের মধ্যে ৮৫২ টা কৃষিজাত পণ্য এর উপর কোনো কেন্দ্রীয় নিয়ন্ত্রণ নেই। ভারতবর্ষে অন্ধ্রপ্রদেশ নয়, রাজস্থান নয় এক সময়ে কৃষিতে উন্নত রাজ্য বলে মনে করা হত সেই পাঞ্জাবের কৃষক আত্মহত্যা করেছে। আজকে আমাদের মুখ্যমন্ত্রী যে তথ্য দিয়েছেন, তার বক্তব্য কাগজে মুখ্যমন্ত্রীর বক্তব্য হিসেবে কাগজে বেরিয়েছে। মেমারীতে আত্মহত্যা করেছেন রবীন্দ্রনাথ ঘোষ তার পরিবারের মূল আয় একটা মিষ্টির দোকান এবং অবৈধ প্রণয়ের জেরে তিনি প্রাণ দিয়েছেন। তিনি কোনো কৃষিজাত সমস্যার জন্য আত্মহত্যা করেছেন এটা নয়, একজন মানুষ পশ্চিমবাংলায় এই কারণে আত্মহত্যা করলে আপনারা খুশী হতেন কিন্তু আপনাদের খুশী করার জন্য পশ্চিমবাংলায় কোনো কৃষক আত্মহত্যা করে না।

[ 3.10 – 3.20 p.m. ]

তিনি পারিবারিক কারণে, মনোমালিন্যের জন্য আত্মহত্যা করেছেন। কিন্তু আজকে ভারতবর্ষের অন্যান্য জায়গায় সর্বনাশ হয়ে গিয়েছে। ভারতবর্ষের বাজার, কৃষি বাজার আজকে বিদেশী বহুজাতিক সংস্থার হাতে তুলে দিয়েছেন। আগে কেউ ম্যানস্যান্ট্রো, কোনাগ্রা, কারগিলের নাম জানতো না। কার্গিলকে অবশ্য একটা জায়গা হিসাবে জানতো, কার্গিল একটা জায়গা আছে। কিন্তু কার্গিল আজকে আমাদের দেশে একটা বহুজাতিক সংস্থা হিসাবে জেঁকে বসেছে কৃষি ক্ষেত্রে এবং এই সমস্ত সংস্থাগুলো আমাদের কৃষকদের বিপদের মুখে ফেলে দিয়েছে। এরা ভারতবর্ষের বাজারে একচেটিয়া বীজের ব্যবসা করতে চলেছে। এই বীজ একবার ব্যবহার করলে পরেরবারে আর তা ব্যবহার করা যায় না এবং ওই বীজ ব্যবহার করলে ওদের তৈরি পেষ্টিসাইড বা সারই ব্যবহার করতে হয়। তারাই কেবল সেই সার তৈরি করেন এবং সেটা ব্যবহার না করলে কাজ হবে না। আজকে এই অবস্থার মধ্যে

ভারতবর্ষ রয়েছে। কিন্তু তা সত্ত্বেও পশ্চিমবঙ্গে কৃষি ক্ষেত্রে অগ্রগতি অব্যাহত আছে। আপনারা সমালোচনা করতে পারেন, বিরোধী দলে আছেন সমালোচনা করবেন। কিন্তু বিরোধী দলের কাছে তা ন্যূনতম প্রত্যাশা মানুষের থাকে, দায়িত্বশীল বিরোধী দল হবে, শুধু সমালোচনার জন্য সমালোচনা নয়, যেখানে সমালোচনার আছে নিশ্চয় সমালোচনা করবেন। কিন্তু সেই অবস্থা পশ্চিমবঙ্গের কৃষিক্ষেত্রে অন্তত নেই। এবং বলতেই হয় এর অগ্রগতির মূল ভিত্তি হচ্ছে—আপনারা আবার বলবেন সেই এক কথা বলছেন—ভূমি সংস্কার। সারা ভারতবর্ষে পশ্চিমবঙ্গে যতটা ভূমি সংস্কার হয়েছে আর কোনো রাজ্যে তা হয়নি। ১০ লক্ষ ৭৩ হাজার একর বে-নামী জমি উদ্ধার করে ২৬ লক্ষ ৮১ হাজার গরীব ভূমিহীন কৃষকের হাতে দেওয়া হয়েছে। আজকে শুধু জমি বন্টন নয়, নির্মলবাবু শুনুন.....(গোলমাল)........

(ভয়েজ : জমিগুলো কারা পেয়েছে ? সি.পি.এম-র দালালরা পেয়েছেন)

গোবিন্দবাবু না হয় সেনসিবল বলেন না কিন্তু নির্মলবাবু ইউ স্পিক সাম সেনসিবল ওয়ার্ডস। আপনার শুভবুদ্ধির কাছে আবেদন করছি, আপনি স্বীকার করবেন না যে কৃষিতে অগ্রগতি হয়েছে ? ১৯৭৭-৭৮ সালে কংগ্রেস দলের সরকার যখন চলে যাচ্ছে তখন আমাদের রাজ্যের ৩২ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা ছিল। এখন ৬৭ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা হয়েছে। আপনারা যখন ১৯৭৭-৭৮ সালে চলে যাচ্ছেন তখন রাজ্যে ২৮ ভাগ জমিতে উন্নত বীজ ব্যবহার করে ধানের চাষ হত। কিন্তু আজকে সেখানে ৯০ ভাগ জমিতে উন্নত বীজের ব্যবহার করে, রাসায়নিক সারের মাধ্যমে চাষ হচ্ছে। ফলে আমাদের এখানে কৃষক দেনার দায়ে আত্মহত্যা করে না। আপনার অবশ্য সেইভাবে বলার চেষ্টা করছেন, খুশী হওয়ার চেষ্টা করছেন। করুন। আমরা আপনাদের ওই ব্যবহারে-র রাজনৈতিকভাবে মোকাবিলা করব। পশ্চিমবঙ্গের ব্যাঙ্কগুলো কৃষকদের কৃষি-ঋণ দিতে চাচ্ছে না। আজকে রাষ্ট্রয়ত্ত ব্যাঙ্কগুলোর মোট আমানতের পরিমাণ ৮০ হাজার কোটি টাকা ছাপিয়ে গেছে। কিন্তু মাত্র ৪১৪ কোটি টাকা তারা কৃষিতে ঋণ দিয়েছে। সেখানে আমাদের রাজ্যে কোন-অপারেটিভ ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়া গেছে ৫৪৯ কোটি টাকা। অথচ দেখা যাচ্ছে বড় বড় শিল্পপতিদের দিয়েছে ১লক্ষ ১২ হাজার কোটি টাকা। সরকারীভাবে বলছে ৮৩ হাজার ঋণ খেলাপি শিল্পপতির কাছে ব্যাঙ্কগুলোর পাওনা-আদায় অনেকটাই নেই। কিন্তু ব্যাঙ্কের কর্মচারী ইউনিয়ন বলছে দেড় লক্ষ কোটি টাকা বাকি ঋণ-খেলাপি শিল্প গোষ্ঠির কাছে। তারা নামের একটা তালিকা দিয়েছেন রিজার্ভ ব্যাঙ্কের কাছে যে ঋণ আদায় করে টাকা আদায় করতে পারলে কেন্দ্রীয় সরকারের অনাদায়ী কর, যেটা বাড়ছে বি.জে.পি. জোট সরকার ক্ষমতায় আসার পরে, অনাদায়ী যে কর তার পরিমাণ বৃদ্ধি পেয়ে ৫ হাজার কোটি টাকা কম ছিল।

তৃতীয় বছরে ২০ হাজার কোটি টাকার বেশি অনাদায়ী কর—এই টাকা আদায় করতে যদি কেন্দ্রীয় সরকার আগ্রহী হত, আন্তরিক হত, তাহলে বিলগ্নীকরণ করতে হত না, অন্যায়ভাবে এভাবে বিদেশি টাকা ঋণ করতে হত না। এই প্রতিকূলতার মধ্যে দিয়ে

পশ্চিমবাংলায় কৃষির অগ্রগতি এবং শুধু কৃষির উৎপাদন বেড়েছে তাই নয়, কর্মসংস্থানও বেড়েছে। উৎপাদন বাড়ার সাথে সাথে আয়ও বেড়েছে কৃষক এবং গ্রামের মানুষের। এতে আমাদের খুশী হওয়ার কথা। সরকারী প্রয়াসের জন্য, কৃষকদের প্রচেষ্টার জন্য রাজ্যের উন্নয়ন হলে তাতে খুশী হওয়ার কথা। আজকে ১৪৬০০ কোটি টাকা শিল্প-পণ্যে খরচা করেছি। ফলে আজকে দেশে শিল্পে নিজস্ব বাজার তৈরি হয়েছে। শিল্পে অগ্রগতি হচ্ছে না ? কোনো উন্নয়ন হচ্ছে না ? শিল্পের ক্ষেত্রে আজকে পশ্চিমবাংলা ঘুরে দাঁড়িয়েছে। আজকে তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে বড় বড় নামীদামী সংস্থা পশ্চিমবঙ্গে আসছে। কলকাতায় ১৫২টি তথ্যপ্রযুক্তি সংস্থা রয়েছে, ৩৩টি তথ্যপ্রযুক্তি পরিষেবা সংস্থা রয়েছে। আজকে নতুন করে রাজ্যে এইসব শিল্পে এখানে বিনিয়োগ বেড়েছে, তারা এখানে বিনিয়োগ করতে আসছেন। এগুলো হচ্ছে অগ্রগতি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দেশ জুড়ে মানুষের মধ্যে হা-হাকার। ৮৫ লক্ষ শ্রমিক ছাঁটাই হয়েছে, ৩২ কোটি মানুষ দারিদ্র সীমার নিচে রয়েছে। সেখানে বিজ্ঞাপনের চমক দেখিয়ে, বিজ্ঞাপনের ঝলক দেখিয়ে মানুষের মনকে জয় করার চেষ্টা হচ্ছে। প্রতিশ্রুতির ফুলঝুরি দিচ্ছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী মাননীয় শ্রী যশোবন্ত সিং এক ধাক্কায় ১১হাজার কোটি টাকা রাজস্ব ছাড় দিলেন। অর্থনীতি কোথায় গিয়ে দাঁড়াবে তার ঠিক নেই। কে পিছিয়ে থাকবেন ? আমাদের এখানে যিনি অনেকদিন অপেক্ষা করে কয়লা মন্ত্রী হলেন—তিনি খানিকটা প্রতিশ্রুতি দিলেন। তাঁর মুখে বেঙ্গল প্যাকেজের কথা শুনলাম—সেখানে প্যাকেজ কোথায় সেটা কেউ জানেন না। এখন কয়লা প্যাকেজ ১০ হাজার। নানান প্রতিশ্রুতি। তিনি বললেন, কয়লা খনি শ্রমিকদের জন্য কলকাতায় ইস্টার্ণ বাইপাসে হাসপাতাল করতে হবে। রাণীগঞ্জ, আসানসোল থেকে শ্রমিকরা এখানে চিকিৎসা করতে আসবেন। রসিকতার একটা সীমা থাকে। আমি একটা খবর দেখলাম যে, ওঁর মুখে বলা হয়েছে, আমরা দেখলাম, কয়লাখনি শ্রমিকদের জন্য এখানে ইস্টার্ণ বাইপাসে একটা হাসপাতাল করা হবে। উনি কয়লা মন্ত্রক পাবেন কিনা জানতেন না। কিন্তু স্বপ্ন ছিল। নিন্দুকেরা বলছেন। সবাই জানেন, পশ্চিমবাংলার মানুষ জানেন, তাঁর একটা স্বপ্ন হল যে, পশ্চিমবাংলায় সংবিধানের ৩৫৬ ধারা জারি করা। কিন্তু তাঁর সেই সাধও মিটলো না, তিনি পারলেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই সমস্ত বিজ্ঞাপনের ঝলক দেখিয়ে, চমক দেখিয়ে আবার নতুন করে অশনি সংকেত ভারতবর্ষের আকাশে কালো মেঘের ঘনঘটা দেখা যাচ্ছে। ভারতবর্ষের স্বরাষ্ট্রমন্ত্রী তথা বি.জে.পি. নেতা লালকৃষ্ণ আডবাণী 'ভারত উদয় যাত্রা' নামে রথযাত্রা শুরু করেছেন। এতে কি বিপদ ? লালকৃষ্ণ আডবাণী বলেছেন, আগের রথযাত্রার সঙ্গে এবারের রথযাত্রার অন্তর্নিহিত যোগসূত্র আছে, এর অন্তর্নির্হিত ভাবধারা একই। আগের রথযাত্রায় ভারতবর্ষের ১০ হাজার মানুষকে দাঙ্গায় প্রাণ দিতে হয়েছিল। আজকে এই রথযাত্রার ফলে সেই আশঙ্কা দেখা যাচ্ছে। আমাদের সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্য—পশ্চিমবাংলায় আমরা সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখবো। এই নির্বাচনের মাধ্যমে আপনাদের সূর্য অস্তাচলে যাবে। এই কথা বলে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে সেই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবকে আরেকবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 3.20—3.30 p.m. ]

**মিঃ স্পীকার** : আপনারা বলবেন না ? Do not do it. Let there be some decency in the debate.

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী পশ্চিমবঙ্গের রাজ্যপাল বিধানসভায় যে বক্তব্য পেশ করেছেন এবং তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবের বিরোধিতা করে আমি বক্তব্য রাখছি। আমার পূর্ববর্তী বক্তা তিনি বলেছিলেন যে, রাজ্যপালের ভাষণ এখানে কিভাবে আমরা পেয়েছি—আমরা পেয়েছি একটা বইয়ের মাধ্যমে। রাজ্যপালের ভাষণ আমরা শুনতে পাইনি, এটা বাস্তব ঘটনা। এই বইয়ে রাজ্যপাল যে কথা বলেছেন যে—পশ্চিমবাংলার দক্ষিণাঞ্চলে জনযুদ্ধগোষ্ঠী এবং এম.সি.সি এবং উত্তরবঙ্গে কে.এল.ওর উদ্ভব এবং সেই উগ্রপন্থা দমন করার ক্ষেত্রে রয়াল ভুটান আর্মি এবং ভারতবর্ষের সৈন্যবাহিনী ব্যবহার করে তারা নাকি অনেকটা সুফল লাভ করেছেন। আমি দুঃখিত একটা ব্যাপারে যে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে যে উগ্রপন্থার উদ্ভব হচ্ছে, কেন এই উগ্রপন্থার উদ্ভব এবং কিভাবে তারা রাজনৈতিক এবং অর্থনৈতিক মোকাবিলা করছে সে কথা না লিখে কিভাবে বন্দুকের নল দিয়ে এই উগ্রপন্থাকে দমন করা যায় তার গুরুত্ব এই ভাষণের বেশিরভাগ জায়গায় ছত্রে ছত্রে আছে, আমরা দেখেছি যে, পশ্চিমবাংলার দীর্ঘ ২৬ বছর ধরে বামফ্রন্টের রাজত্বে বামফ্রন্টের মানুষ ছাড়া—শুধু বামফ্রন্ট কেন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কর্মী ছাড়া সাধারণ মানুষের যে গণতান্ত্রিক অধিকার, সেই অধিকারকে কিভাবে কেড়ে নেওয়া হচ্ছে। তারফলে আজকে পশ্চিমবাংলার যুবসমাজের মধ্যে যে হতাশা—সেই হতাশা থেকেই এই উগ্রপন্থার আবির্ভাব—বেশ কিছুটা সরকারের প্রভাবে—কোন দেশের কোন রাজ্যের মূল আছে সেই জায়গায় না গিয়ে আমাদের রাজ্যের এই উগ্রপন্থাকে কিভাবে আস্তে আস্তে স্তিমিত করা যায় তার কোনো কথা এখানে লেখা নেই। আমরা দেখেছি যে পশ্চিমবাংলায় বর্তমানে পুলিশি রাজ এবং ক্যাডার রাজ ছাড়া আর কিছু না থাকার ফলে আজকে পশ্চিমবাংলার যুব-সমাজ এই উগ্রপন্থার দিকে বেশি করে ঝুঁজেছে। যারা খবরের....কাগজ পড়েন তারা দেখবেন যে গতকাল জনযুদ্ধগোষ্ঠীর একজন কর্মী—অসীম-তার মৃতদেহ আসার পর সেই মৃতদেহকে রিসিভ করার জন্য প্রায় কয়েক হাজার যুবক-যুবতী সেখানে হাজির হয়েছিলেন। এবং এই যুবক-যুবতীদের মধ্যে অনেকেই কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী আছেন। আজকে সেটাই প্রশ্ন—কি এমন পরিস্থিতির উদ্ভব হল—আজকে শিক্ষিত যুব সমাজ পশ্চিমবাংলার তারা আজকে পশ্চিমবঙ্গের আইনব্যবস্থার বিরুদ্ধে রুখে দাঁড়িয়ে আইনকে নিজের হাতে তুলে নিচ্ছেন। আমি আমার অভিজ্ঞতায় দেখেছি—আমি বর্ধমান জেলার মানুষ—কাটোয়া মহকুমার মানুষ। আমার মহকুমার কেতুগ্রাম বিধানসভার একটা গ্রাম সুজাপুর। সেই গ্রামের কংগ্রেস নির্বাচিত পঞ্চায়েত প্রতিনিধি—তাকে তার বাড়ি থেকে উচ্ছেদ করে তার গোটা পরিবারকে উচ্ছেদ করে সেই বাড়িতে পুলিশ বাস করছে। শুধু বাস করছে তাই নয়, তাদের ধান লুঠপাট করেছে ঘর-বাড়ি থেকে—জিনিস পত্র থেকে সমস্ত লুঠপাট করে সেই বাড়ির

দরজা জানলা ভেঙে উনুন করে তারা রান্না করছে। পশ্চিমবঙ্গের প্রদেশ কংগ্রেস-এর নেতৃত্বে আমরা পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর কাছে এই ঘটনা জানাবার জন্য এসেছিলাম—ঘরে ঢোকামাত্র মুখ্যমন্ত্রী বললেন আপনারা যার কথা বলতে এসেছেন সেই লোকটা তো আর কোনদিন জেলের বাইরে বেরতে পারবে না, তার ব্যবস্থা আমরা করেছি। আমরা অবাক হয়ে গেলাম। তাহলে কি পশ্চিমবাংলায় কোর্ট-কাছারির আর কোনো প্রয়োজন নেই ? মুখ্যমন্ত্রীর কাছে আমরা গিয়েছিলাম পুলিশের একটা অপরাধের, একটা অন্যায় কাজের প্রতিবাদ করতে। তিনি আমাদের বললেন, 'আপনারা যার হয়ে বলতে এসেছেন সে আর কোনো দিন জেলের বাইরে বেরতে পারবে না।' তাহলে কি আমরা ধরে নেব যে, পশ্চিমবাংলায় কোর্ট, আদালত, বিচারকের কোনো প্রয়োজন নেই, মন্ত্রীরা যা করবেন সেটাই আইন, সেটাই শেষ কথা ? তা যদি হয় তাহলে মানুষ কোথায় বিচার পাবে ? আইন কোথায় থাকবে ? এই জায়গায় দাঁড়িয়ে উগ্রপন্থার উদ্ভব হয়েছে কিনা সে বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে একটু চিন্তা করতে অনুরোধ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী যাদের হয়ে ওকালতি করেছেন তাদের হয়ে তো তিনি পুলিশের রিপোর্ট অনুযায়ী তা করেছেন। তিনি জানেন না যে, যাদের হয়ে তিনি ওকালতি করেছেন তারা এক সময়ে যখন পশ্চিমবাংলায় আর.এস.এস ইট পুজো করেছিল তখন তারাই আর.এস.এস-এর নেতৃত্বে সংখ্যালঘু মানুষদের কাটা মাথা নিয়ে তরোয়ালের মাথায় গেঁথে ঘুরে বেড়িয়েছিল। আজকে তারা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কর্মী হয়েছে। আর মাননীয় মুখ্যমন্ত্রী তাদের হয়ে ওকালতি করছেন। রাজ্যের এই অবস্থার মধ্যে যখন মানুষ বিচার পাচ্ছেন না তখনই উগ্রপন্থা মাথা-চাড়া দিচ্ছে। কয়েক দিন আগে উত্তরবঙ্গে গিয়ে দেখলাম একের পর এক চা বাগান বন্ধ হয়ে গেছে। ফলে সেখানে কে.এল.ও-র উদ্ভব হয়েছে। এত দিন আমরা জানতাম শ্রমিকরা মালিকদের কাছে অর্ডার অব ডিমান্ড পেশ করে তাদের দাবি-দাওয়া পূরণ করতে বলে এবং দাবি মানা না হলে আন্দোলন হবে বলে। এবারে আমরা উত্তরবঙ্গে গিয়ে অবাক হয়ে দেখলাম যে, উত্তরবঙ্গের চা বাগান মালিকরা শ্রমিকদের কাছে দাবি পত্র পেশ করেছে। ২২ দফা দাবি না মানা হলে চা বাগান বন্ধ করে দেয়া হবে। কী দাবি ? এত দিন চা বাগান শ্রমিকরা স্বাস্থ্য পরিষেবার সুযোগ পেতেন, পানীয় জল সরবরাহের সুযোগ পেতেন, রেশন পেতেন; সে সব বন্ধ করে দেওয়া হবে। শ্রমিকদের দৈনিক মজুরী কমিয়ে দেওয়া হবে। এই রকম ২২ দফা বিভিন্ন দাবি নিয়ে মালিকরা শ্রমিকদের কাছে পেশ করেছে এবং বলছে এই দাবিগুলো মানতে হবে। শ্রমিকরা যদি না মানে তাহলে চা বাগান তারা বন্ধ করে দেবে। আমরা আরো অবাক হয়ে যাচ্ছি পশ্চিমবাংলায় এমন একটা সরকার রয়েছে, যে সরকার মালিকদের দাবির কাছে শ্রমিকদের মাথা নোয়াতে বাধ্য করছে। বেশিরভাগ চা বাগানের জমিগুলো চা বাগানের মালিকরা রাজ্য সরকারের কাছে লীজ নিয়ে বাগান চালাচ্ছে। সুতরাং মালিকদের কার্যকলাপে রাজ্য সরকারের একটা ভূমিকা থাকা উচিত। অথচ তারা শ্রমিকদের কাছে দাবি পত্র পেশ করে তা শ্রমিকদের মানতে বাধ্য করছে। আজ যারা শ্রমিকদের মজুরী কমিয়ে দিয়েছে রাজ্য সরকার তাদের সহযাত্রী হচ্ছে। এই পরিস্থিতির পরিপ্রেক্ষিতেই আজকে উত্তরবঙ্গে কে.এল.ও তৈরি হচ্ছে। আমরা দেখছি এই সরকার কৃষি নিয়ে অনেক

বড় বড় কথা বলছে। আমরা গত খরিফ এবং তারপর রবি মরশুমে দেখলাম পশ্চিমবাংলার যে সমস্ত জায়গায় ডিপ টিউবওয়েল আছে, যে সমস্ত এলাকায় ক্লাস্টার, সাবমারসিবল আছে সে সব জায়গায় এ সমস্ত প্রকল্পের ক্ষেত্রে বিদ্যুৎ দফতর থেকে বিদ্যুৎ সংযোগ কেটে দেওয়া হল। কারণ কি ? সাধারণ চাষীদের কাছ থেকে বিদ্যুৎ খরচ বাবদ যে টাকা আদায় করা হয়, সেই টাকা সঠিকভাবে আদায় করে এই সরকারের আর একটা দফতর বিদ্যুৎ পর্ষদকে জমা দেয়নি। ক্ষুদ্র সেচ দফতর সেই কাজ না করার জন্য, তাদের অপরাধে সমস্ত ক্লাস্টার ডিপ টিউবওয়েল, সাবমারসিবল-এর বিদ্যুৎ সংযোগ কেটে দেওয়া হল। ২/৩ মাস বিদ্যুৎ না পেয়ে রাজ্যের কৃষি ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে পড়লো। অথচ এখানে রাজ্যপালের ভাষণে বলা হচ্ছে রাজ্যে কৃষি এবং বিদ্যুতের সুন্দর ব্যবস্থা করা হয়েছে। এর ফলে পশ্চিমবাংলার কৃষি উৎপাদন আরো ব্যাপকভাবে বৃদ্ধি পাচ্ছে। এই পরিস্থিতিতে পশ্চিমবাংলায় রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন এবং তার ওপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব উত্থাপন করা হয়েছে আমি তার বিরোধিতা করছি। সাথে সাথে যে বিভিন্ন সংশোধনী প্রস্তাবগুলো এসেছে সেগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 3.30—3.40 p.m. ]

**শ্রী মেহেবুব মণ্ডল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের রাজ্যপাল সংবিধানের নিয়ম অনুসারে ১৭৬ ধারা মোতাবেক গত ২৬ ফেব্রুয়ারী এই বিধানসভায় উদ্বোধনী ভাষণে যে বক্তব্য রেখেছিলেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। আজকে বিরোধীদলের সদস্যরা অনেক কথাই বলেছেন। তাঁরা বিশৃঙ্খলার কথা বলেছেন, জনযুদ্ধ গোষ্ঠীর কথা বলেছেন। আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই, বিগতদিনে চমকাইতলায় যে চমকে দেওয়ার রাজনীতি, যে পাঁশকুড়া লাইন এবং নির্বাচনের আগে কে.পি.পি.ও. এবং কে.এল.ও.-র সাথে যে আঁতাত করা, তাদের মদত দেবার এই যে ঘটনা সেই ঘটনার কথা ওনাদের একটু স্মরণ করিয়ে দিতে চাই। আজকে আমাদের এই সরকার শিল্প ক্ষেত্রে কি করেছে তা বইতে সব দেওয়া আছে। আজকে পশ্চিমবঙ্গ সরকার শিল্পের ক্ষেত্রে, বিনিয়োগের ক্ষেত্রে, প্রকল্প রূপায়নের ক্ষেত্রে দ্বিতীয় স্থানে আছে। ২০০০-২০০১ সালে রাজ্যে ৬৫৮টি প্রকল্প রূপায়িত হয়েছে এবং সেখানে বিনিয়োগ হয়েছে ২২ হাজার ১০০ কোটি টাকা। ২০০১-২০০২ সালে ১১৩টি প্রকল্প রূপায়িত করার জন্য ২৩৭৬ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। শুধু তাই নয়, শিল্পমন্ত্রীর উদ্যোগে এক বছর, দেড় বছরের মধ্যে রাজ্যে ৪৪টি মেগা শিল্প প্রকল্প করার উদ্দেশ্যে রাজ্যে বিনিয়োগ হবে ৫ হাজার ৭৪৯ কোটি টাকা। এর মধ্যে উল্লেখযোগ্য উরাল ইন্ডিয়া, হলদিয়ায়, দুর্গাপুর, বর্ধমানে মঙ্গলপুর (জুটমিল)। এর ফলে প্রচুর মানুষের কর্মসংস্থান হবে। কিন্তু অন্যদিকে আমরা কি চিত্র দেখতে পাচ্ছি? রাষ্ট্রায়ত্ত যেসব শিল্পগুলি আছে সেগুলিকে ক্রমশ বিক্রি করে দেবার ব্যবস্থা হচ্ছে। বর্তমানে যারা কেন্দ্রীয় সরকারে আছেন তাদেরই শরিকদল আজকে বিরোধীদলে বসে আছেন। আজকে তারাই রাষ্ট্রায়ত্ত শিল্পগুলিকে জলের দরে বিক্রি করে দিচ্ছে। আজকে যিনি কয়লামন্ত্রী তিনি অনেকক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি প্রতিশ্রুতি দিচ্ছেন। এম.এম.সি,

বি.ও.জি.এল চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস আজকে বন্ধ। সেক্ষেত্রে আজকে যিনি কয়লা মন্ত্রী তিনি ১৯৯৮ সালের ১০ ফেব্রুয়ারী ব্রিগেডে দাঁড়িয়ে বলেছিলেন, প্রধানমন্ত্রীর দূত হিসাবে প্রমোদ মহাজন এসেছেন—সুতরাং এম.এম.সি. বন্ধ হবে না। ওই নেত্রী দুর্গাপুরে গিয়ে শ্রমিকদের সামনে বলেছিলেন, আমার কাছে ফ্যাক্স এসেছে, ভুয়ো প্যাক্স দেখিয়ে বলেছিলেন এম.এম.সি বন্দ হচ্ছে না। অথচ প্রধানমন্ত্রী ওই নেত্রীর ঘরে বসে মালপোয়া খেতে খেতে বলেছিলেন এম.এম.সি-র কর্মচারীদের ভি.আর.এস. নিতে হবে। আর একটি ঘটনার কথা স্মরণ করিয়ে দিতে চাই, ২০০০ সালের ২৩ ডিসেম্বর উনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, তোমরা চিন্তা করো না, শ্রমিকদের মাহিনা দেবার ব্যবস্থা করে দেব। কিন্তু কিছুই হল না। এই রকম ভাঁওতা প্রতিশ্রুতি ওনাদের দিদি দিতে আরম্ভ করেছেন। যেহেতু সামনে লোকসভার নির্বাচন আছে, সেইহেতু উনি ভাঁওতা দিচ্ছেন। উনি কুলটিতে গিয়ে বলেছেন, দারিদ্রসীমার নিচে বসবাসকারীদের বিনামূল্যে কয়লা সরবরাহ করা হবে। যখন বাজেট বরাদ্দ নেই তখন বললেন দারিদ্রসীমার নিচের মানুষদের বিনা পয়সায় কয়লা সরবরাহ করা হবে। শুধু তাই নয় তিনি বলেছেন যে যারা জমি হারিয়েছে তাদের ৩০০ লোককে চাকুরী করে দেবেন। ওনার আইডিয়া নেই যে কত লোক জমি হারিয়েছে। সেখানে ৩০০০ লোক জমি হারিয়েছে যারা চাকুরীর আশায় আছে। তাদের প্রতিশ্রুতি দিয়ে চলে এলেন যে ৩০০ লোকের চাকুরীর ব্যবস্থা করে দেবেন। রাণিগঞ্জ আসানসোল এবং ঝাড়খণ্ড এলাকার লোকেদের জন্য কলকাতা কর্পোরেশান এলাকায় হাসপাতাল খোলার কথা বলেছেন। সঙ্গে সঙ্গে কলকাতা কর্পোরেশানের মেয়র জায়গা দিয়ে দিলেন। এখানে যে হাসপাতাল খোলা হবে সেখানে যে সমস্ত শ্রমিকরা খেতে পায় না ধসের নিচে মারা যাচ্ছে তারা ঝাড়খণ্ড থেকে রাণিগঞ্জ থেকে বাইপাসের চিকিৎসা করতে আসবে। এই ধরনের সমস্ত ভুয়া প্রতিশ্রুতি দিয়ে যাচ্ছেন। এই সব কথা কারা বলছেন দেখতে হবে তো। এই যে আমাদের সদস্য বন্ধুরা যাঁরা এই সব কথা বলছেন তাঁরা কোন দলে আছে দেখতে হবে তা। কেন্দ্রীয় সরকারের জোট সঙ্গী হিসাবে আছেন। এরা কার শিষ্য সেটা দেখতে হবে তো। আর একটা কথা বলতে চাই, ভারতের রাষ্ট্রপতি জি.ডি.পি. সম্পর্কে একটা স্ট্যাটিসস্টিকস্ দিচ্ছেন। আজকে বলা হচ্ছে ভারত উদয় হচ্ছে সাইন ইণ্ডিয়া হচ্ছে, তাদের জোট সঙ্গীরাও বলছেন। আমার কাছে যে স্ট্যাটিসস্টিকস্ আছে তাতে বলছে আমাদের দেশের জি.ডি.পি বৃদ্ধির হার ১৯৬৭ সালে ছিল ৮.১পারসেন্ট, ১৯৭৫-৭৬ সালে ছিল ৯ পারসেন্ট, ১৯৮৮-৮৯ সালে ছিল ১০.৫ পারসেন্ট। পরবর্তীকালে দেখা গেল জি.ডি.পি-র হার কমে গিয়েছে। ২০০৩ সালে জি.ডি.পি. হার কমে গিয়ে দাঁড়িয়েছে ৪ পারসেন্ট। ২০০৪ সালে ওনারা বলছেন ৮.১ পারসেন্ট হওয়ার সম্ভাবনা আছে। ওনারা বলছেন সম্ভাবনা দেখা দিয়েছে। এই হচ্ছে ভারত উদয়ের নমুনা। এটা দেখে জোট সরকার ফিলগুল অনুভব করছেন। সেই সঙ্গে সঙ্গে আজকে এখানে যাঁরা বিরোধী দলে বসে আছেন তাঁরাও ফিল গুড অনুভব করছেন। ওনারা বলছেন যে ২০০৪ সালে জি.ডি.পি. ৮.১ পারসেন্ট হওয়ার সম্ভবনা দেখা দিয়েছে। আমাদের রাষ্ট্রপতি কলকাতায় এসে কি বলছেন ? উনি বলছেন জি.ডি.পি. জাতীয় উৎপাদন বৃদ্ধির হার ৬ থেকে ৭ পারসেন্টের বেশি হবে না। আমাদের দেশের মানুষকে ওনারা

এইভাবে ধোঁকা দিচ্ছেন কোটি কোটি মানুষকে ভাঁওতা দিচ্ছেন। ওনাদের নেত্রী মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়ে এসেছেন কিন্তু মন্ত্রীত্ব পাচ্ছেন না। আবার মন্ত্রীত্ব যখন দিল তখন কোনো দপ্তর দিল না। তখন উনি হাতে পায়ে ধরে শপথ করে বললেন আপনারা যা বলবেন আমি সবেতেই হ্যাঁ বলবো। তারপর থেকে আর কোনো প্রতিবাদ নেই। তারপর উনি আর প্রতিবাদ করবেন কেন ? তারপর আমরা বিভিন্ন ক্ষেত্রে দেখছি ভারত উদয় নিয়ে যখন ওনারা মানুষের কাছে যাচ্ছেন, মানুষ তাঁদের কথা বুঝে গিয়েছে ঔষধে জল মেশানো, রোগ ভাল হবে না। আমাদের সরকার কি করেছে ? শিশু মৃত্যুর হার, জন্মের হার দেখুন। ১৯৯০ সালে ভারতবর্ষে জন্মের হার ছিল ৩০.২ পারসেন্ট সেখানে পশ্চিমবাংলায় ছিল ২৮.২ পারসেন্ট। ২০০১ সালে ভারতবর্ষে জন্মের হার ছিল ২৫.৪ পারসেন্ট সেখানে পশ্চিমবাংলায় ছিল ২০.৫ পারসেন্ট। ১৯৯০ সালে মৃত্যুর হার ছিল ভারতবর্ষের ৯.৭ পারসেন্ট সেখানে পশ্চিমবাংলায় ছিল ৮.৪ পারসেন্ট। ২০০১ সালে ভারতবর্ষে মৃত্যুর হার ছিল ৮.৪ পারসেন্ট সেখানে পশ্চিমবাংলায় ছিল ৬.৮ পারসেন্ট। ১৯৯০ সালে ভারতবর্ষে শিশু মৃত্যুর হার ছিল ৮০ সেখানে পশ্চিমবাংলায় ছিল ৬০। ২০০১ সালে শিশু মৃত্যুর হার ভারতবর্ষে ছিল ৬৬ সেখানে পশ্চিমবাংলায় ছিল ৫১। আজকে ওনারা শিশুদের ক্ষেত্রে ভারত উদয় হয়েছে বলছেন। স্বাস্থ্যের ক্ষেত্রে উদয়ের কথা বলতে আপনাদের লজ্জা হয় না ? দেশের ১৩ কোটি ৪৫ লক্ষ মানুষ মৌলিক পরিষেবা পাচ্ছে না। ১৭ কোটি ১০ লক্ষ মানুষ নিরাপদ পানীয় জল থেকে বঞ্চিত হচ্ছে—বিশুদ্ধ পানীয় জলের অভাবে তারা জল পাচ্ছে না যেখানে, সেখানে আপনারা নদীগুলোকে বিক্রি করছেন। মধ্য প্রদেশের শিব নদীর ২৩০০ কিমি কৈলাশ সোনীকে বিক্রি করে দিয়েছেন। কৈলাশ সোনী সেটাকে ছোট ছোট করে বিক্রি করছে ইন্ডাস্ট্রিয়াল এরিয়ায় গ্রেভিয়ার সুটিং এবং অন্যান্য ফ্যাক্টরীকে। তামিলনাড়ুতে ভবানী নদীকে কোকা কোলা সংস্থার কিংস লে যারা জল বিক্রি করে, তাদের কাছে বিক্রি করে দিয়েছেন। সারা দেশে আজকে এই যেখানে স্বাস্থ্য ব্যবস্থা, সেখানে পশ্চিমবঙ্গ সরকার চেষ্টা করছে। ওরা বলছেন, ভারত উদয় হচ্ছে। এন ডি এ সরকার যা বলছে 'ফিল গুড' তার সঙ্গে সঙ্গে ওরাও ফিল গুড অনুভব করছেন। রাষ্ট্রায়ত্ত সংস্থা এয়াপোর্ট অথরিটি লক্ষ লক্ষ টাকা যাদের দিয়েছে, সেই টাকা নিয়ে গোয়ায় হোটেলে গিয়ে স্ফূর্ত্তি করছে। লক্ষ লক্ষ টাকার ফোয়ারা ছড়াচ্ছে। দিলীপ সিং জুদেকে খনি লিজ দিয়ে লক্ষ লক্ষ টাকা খরচ করছে। তৃণমূল নেত্রী লালায়িত হয়ে মন্ত্রীত্ব পেয়ে সুখ অনুভব করছেন। কিন্তু গোটা পশ্চিমবঙ্গের মানুষ তারা সুখ অনুভব করছে না। তারজন্য দায়ী আপনারা। জনগণ যেমন ১৯৯৮ এবং ২০০১ সালে উত্তর দিয়েছে, এবারে লোকসভার নির্বাচনেও তারা উত্তর দেবে। মাননীয় রাজ্যপালের ভাষণের ওপরে আনীত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 3.40—3.50 p.m. ]

**শ্রী অরুণাভ ঘোষ** : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমে মুখ্যমন্ত্রীর ডিপার্টমেন্ট দিয়ে শুরু করছি। প্রথমত, পিপলস্ ওয়ার গ্রুপের যে লড়াইটা চলছে পিপলস্ ওয়ার গ্রুপ ৮জন পুলিশ কর্মীকে মেরেছে। কিন্তু সেখানে সাধারণ মানুষ কি অবস্থায় আছে ?

সাধারণ মানুষ দেখা যাচ্ছে পুলিশের অত্যাচারে তারা জর্জরিত। কারও বাড়িতে পিপলস্ ওয়ার গ্রুপের একটা লিফলেট পেলে সেই বাড়ির লোককে পুলিশ তুলে নিয়ে যাচ্ছে। আবার বিকেল বেলাতে যখন বাড়ি ফাঁকা থাকে তখন পিপলস্ ওয়ার গ্রুপের লোকেরা এসে বলছে, লিফলেট কোথায় ? আর সেই লিফলেট না থাকলে পিপলস্ ওয়ার গ্রুপের লোক তাদের মারছে। আমি একজন সাধারণ লোক, আমি সাধারণ মানুষের কথা সেজন্য বলছি। গতকাল যে ডেডবডি আনা হলো, তার প্রতি সমর্থন নেই, কিন্তু কলেজের ছেলেরা যেভাবে ইমোশন্যাল হয়ে গেছে, এটা কিন্তু আমাদের ৬৯ সালের কথা মনে করিয়ে দিচ্ছে— আপনাদের দল থেকে যারা নকশাল হয়ে গিয়েছিল। একজন পুলিশ অফিসার সত্যজিৎ ব্যানার্জী, হিউম্যান রাইটস বললো, তিনটে ছেলেকে প্রস্রাব খাইয়েছে। বলা হল, ইমিডিয়েট ক্রিমিন্যাল কেস শুরু করতে। তার স্যাংশনও দেওয়া হল। ডিপার্টমেন্টাল এনকোয়ারি হল। কমিশনার রাজ কানোরিয়া, যার বিরুদ্ধে অভিযোগ ছিল কি করলেন ? আল্টিমেটলি কি হল—লোকটাকে লেক থানার ও.সি করে বসিয়ে দেওয়া হল। এই ব্যাপারে আমি আপনাকে একটা চিঠি দিয়েছি। আপনি বলুন যে, কোন থানা আছে যেখানে ঘুষ ছাড়া কাজ হয় ? এখানে ফরোয়ার্ড ব্লক আছে, তৃণমূল কংগ্রেস আছে—একটা থানার নাম বলুন, যেখানে ঘুষ ছাড়া কাজ হয় ? তেমন কোনো থানার নাম যদি বলতে পারেন, তাহলে আমি পাঁচশো টাকা পুরস্কার দেব। কোথাও বাসের চাকা খুলে গেছে, চিনি পড়ে গেছে, পুলিশ বলে টাকা দে, নাহলে ছাড়বো না। কিন্তু আসল অপরাধীদের পুলিশ ধরতে পারছে না। লরীওয়ালা খুন হয়ে গেল কিন্তু পুলিশ থেকে বলা হল আগে ২০ হাজার টাকা দাও তারপরে, গাড়ি ছাড়বো। থানায় যে গাড়ি আটক হয় সমস্ত ছোটখাটো অ্যাকসিডেন্ট, তার রেট হচ্ছে ১০ হাজার টাকা। দমদম থানা একটি বাস অ্যাকসিডেন্টের জন্য আটক করেছিল,তাতে পুলিশ ১০ হাজার টাকা ঘুষ চেয়েছিল, ? আমার বলে দেওয়াতে ওই বাসটি ২ হাজার টাকার রফাতে ছেড়ে দিয়েছিল, তাও তার নতুন ব্যাটারী চুরি করে নিয়েছিল। থানায় যদি গাড়ি আটক থাকে তাহলে প্রথম চুরি করবে পুলিশ তার থেকে। আমি যতোধিক মাননীয় মুখ্যমন্ত্রীকে শ্রদ্ধা করি ঠিক ততধিকই তাঁর ডিপার্টমেন্টকে ঘৃণা করি। যেসব ঘটনা ঘটছে তারই পরিপ্রেক্ষিতে বলি যে, গতকালই টিভিতে দেখলাম অনিল ভড় নামে একজন তাঁতীকে জনযুদ্ধের নামে ধরে নিয়ে গেলেন। একজনকে হাসপাতালে ভর্তি করাতে আসেন ওই অনিল ভড়, জঙ্গীপুরের তাঁতী, সেখানে একজন ডাক্তারের নাম করেন এবং সেখানে পুলিশ ওঁত পেতে থেকে ৪ জনকে ধরার নাম করে ওখান থেকে দু-জনকে জনযুদ্ধ গোষ্ঠী বলে আটক করেন। ওই অনিল ভড়কে গ্রেপ্তার করতে গেলে তার বাড়িতে সুকান্তের বই দেখেন। পুলিশের তো একটা স্বভাব আছে যখনই কাউকে আটক করবে তখন আর তাকে আপনি বলে কথা বলবেন না, তুই তো কারি করে কথা বলবেন। এক্ষেত্রেও সেই একই ঘটনা হয়েছিল—ওই অনিল ভড়কে আটক করে জিজ্ঞাসা করল পুলিশ যে, সুকান্তের কবিতা-টবিতা পড়ে কিনা। তাতে তিনি সুকান্তের কবিতা ঝর ঝর করে বলে গেলেন এবং তখনই পুলিশ বলতো এতেই বোঝা যাচ্ছে এ হচ্ছে জনযুদ্ধ গোষ্ঠীর। তাকে ম্যাজিস্ট্রেটের কোর্টে প্রোডিউস করা হল না, ১৫দিন ধরে আটক করে রাখা হল। এতে সাধারণ মানুষের

পুলিশের উপরে আস্থা হারিয়ে যাচ্ছে। পুলিশের অ্যাট্রোসিটি বেড়ে যাচ্ছে। আপনাকে বলছি আমি পুলিশ থেকে ভেরিফাই করেছি ১০৫টি রেজিস্টার্ড কেস আছে যাতে কুমারী মেয়েদের তুলে নিয়ে যাবার কেস আছে। এটা একটা ফ্রেশ ট্রেড এবং গত বছরের রেজিস্ট্রার অনুযায়ী এই বাচ্চা কুমারী মেয়েদের তুলে নিয়ে যাওয়ার একটা প্রচেষ্টা চলছে। ক্যানিং থেকে ৬৩ জনকে, দক্ষিণ ২৪-পরগনার থেকে ২২ জন, বাসন্তী থেকে ২২জন, বারুইপর থেকে ৫ জন, জয়নগর থেকে ৫ জন এবং গোসাবা থেকে ৪ জন, কুলতলী থেকে ৩-জন, মথুরাপুর থেকে ৩ জন এইভাবে মোট ১০৫জন মেয়েকে ধরে নিয়ে যাচ্ছে, পুলিশ কোনো তাদের হদিশ করতে পারছে না। কলকাতাতে ২০০৩ সালে ৮৫ জন মেয়ে চুরি হয়ে জেগে, পুলিশ কোনো কিনারা করতে পারেনি। একটা যে ফ্রেশ ট্রেড চলছে দেহ ব্যবসা কিভাবে বাড়ছে তার সংখ্যা দিচ্ছি। সোনাগাছিতে এই সংখ্যা দাঁড়িয়েছে ১০ হাজারে, প্রেমচাঁদ বড়াল স্ট্রীটে ১০ হাজার ছাড়িয়ে গেছে। ১৯৭৭ সালে সিদ্ধান্ত শংকর রায়ের আমলে যেখানে শিলিগুড়িতে এই মেয়ে চুরি হওয়ার সংখ্যা ছিল মাত্র ২০০ থেকে ২৫০, আজকে সেখানে ৪ হাজারে দাঁড়িয়ে গেছে। এছাড়া পশ্চিমবঙ্গ থেকে বাইরে প্রচুর মেয়ে পাচার হচ্ছে। পুলিশ কোনো কিনারা করতেই পারছে না এবং কোনো সাহায্যও করতে পারছে না। সি পি এমের তরফ থেকে থানায় গেলে পুলিশ খুব ভাল ব্যবহার করছেন, তৃণমূলের দল থেকে গেলেও ভাল ব্যবহার করছে। কিন্তু সাধারণ মানুষ গেলে আধ ঘন্টা বসিয়ে রাখার পরে তাদের ডায়েরীও নেওয়া হচ্ছে না। তারপরে রাজ্যপালের ভাষণের ৬ পাতায় শিল্প সম্বন্ধে বলা হয়েছে। সেখানে আপনারা লাভজনক ব্যবসাকে কেন ছেড়ে দিচ্ছেন বুঝতে পারলাম না। সেখানে আপনারা লাভজনক ব্যবসাকে কেন ছেড়ে দিচ্ছেন বুঝতে পারলাম না। সেখানে ওয়েবেল মাল্টি মিডিয়া কোম্পানীতে যেখানে ৯ লক্ষ ৪৭ হাজার টাকা লাভ করেছে, সেটা এখন লোকসানে চলছে। তারপরে ২৩টি গভর্নমেন্ট এন্টারপ্রাইজেসে ১৪৭ কোটি ৭৬ লক্ষ ৮৭ হাজার টাকা লোকসান করছে। ১৬টি স্টেট গভর্নমেন্ট কোম্পানী ১৩৮ কোটি ৮১ লক্ষ ৯৬ হাজার টাকা লোকসান করছে। তারপরে দুটি বন্ধ কোম্পানী ইন্ডিয়ান পেপার পাল্প এবং সুন্দরবন সুগার বীট কোম্পানী ১৮ কোটি ৭৬ লক্ষ ৭ হাজার টাকা লোকসান করেছে। তারপরে রিস্ট্রাকচারিং অ্যান্ড রিটেনশান অফ ওনারশিপ অফ ফোর কোম্পানীজ ৭১ কোটি ১৮ লক্ষ ৭৪ হাজার টাকা লোকসান করেছে। তারপরে ওয়েবেল সাবসিডিয়ারির ৫ খানা কোম্পানী বন্ধ করে দিয়েছে। ওয়েবেল মাল্টি মিডিয়া কোম্পানী ৯ লক্ষ ৪৭ হাজার টাকা লাভ করেছিল কিন্তু সেটাকে বন্ধ করে দিয়েছেন। জয়েন্ট ভেনচারে দুটি কোম্পানী ইতিমধ্যেই ২ কোটি ৫৬ লক্ষ ৭২ হাজার টাকা লোকসান করেছে। আমি মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করতে চাই যে, সাধারণের কাছ থেকে ট্যাক্স নিয়ে কেন এই ধরনের লোকসান ঘটছে। অবশ্যি এটা নিরুপমবাবুর দপ্তর, এর উত্তর উনি দেবেন।

[ 3.50—4.00 p.m. ]

আজকে গভর্নমেন্ট এমপ্লয়িজ ৫৪টি দপ্তরে আছে, তার মধ্যে ২৯টি ডিপার্টমেন্ট রিপোর্ট করেছে, আপনার আন্ডারে হোম ডিপার্টমেন্ট আছে, ইনফর্মেশান অ্যান্ড কালচারাল এখনো রিপোর্ট দেয়নি, হেলথ ডিপার্টমেন্ট রিপোর্ট দেয়নি, ২৯টি ডিপার্টমেন্টে ৪৫ হাজার পদ খালি।

টোটাল এমপ্লয়ি ৪ লক্ষ। তার মধ্যে ক্লাস ফোরে ১৮ হাজার, ক্লাস থ্রীতে ১৭ হাজার, ক্লাস ওয়ান অ্যান্ড টুতে ১০ হাজার। প্ল্যানিং এর অভাব আপনার দপ্তরে চলছে। গভর্নমেন্ট-এর ৩৯০০ এমপ্লয়িকে ডিপ্লয় করতে হবে, ডিপার্টমেন্ট টু ডিপার্টমেন্ট, কিছু ডিপার্টমেন্টে লোক নেই, কিছু ডিপার্টমেন্টে ওভার স্টাফ। আমরা তো এগুলি বিধানসভায় বলছি। আপনাকেও বলছি। কমপ্রিহেনসিভ এরিয়া ডেভলাপমেন্ট কর্পোরেশান বলে আপনি একটা কর্পোরেশান করেছিলেন, ১৯৭৪ সালে হয়েছিল এবারে ডেভলাপমেন্ট অফ এগ্রিকালচার ফর হায়ার ক্রপ প্রোডাকশান করা হয়েছিল, ৮৩ সালে যখন পঞ্চায়েতিরাজ হল, তখন এদের কাজ শেষ হয়ে গিয়েছিল, ৮৩ সাল থেকে আজ অবধি ডিপার্টমেন্টটা রেখে দিয়েছেন, প্রত্যেকটি অ্যাপয়েন্টমেন্ট পি.এস.সি-র বাইরে করা হয়েছে। সমস্তই আপনাদের দলের লোক, ১৩৫১জন ; ৮৩ থেকে বসে আছে, কোনো কাজ নেই। ২০ কোটি টাকা অ্যানুয়াল এক্সপেন্ডিচার, প্রত্যেক বছরে লোকসান খাচ্ছেন। রেন্ট বিল কলকাতা অফিসের ২০ লক্ষ টাকা। ওয়েস্ট বেঙ্গল স্টেট মাইনর ইরিগেশান কর্পোরেশানে ১২৯১ জন লোক কাজ করছে। প্রত্যেক বছরে ১০ কোটি টাকা লোকসান খাচ্ছেন। আমরা যে বলছি, আমরাও তো ভাল চাই গভর্নমেন্ট-এর, গভর্নমেন্ট তো আমাদেরও। আজকে সবচেয়ে বড় সমস্যা শিক্ষকদের গ্রাচুইটি বন্ধ হয়ে গেল, সুপ্রীম কোর্ট বলেছে, টিচার্স আর নট এমপ্লয়িজ আন্ডার দি পেমেন্ট অফ গ্রাচুইটি অ্যাক্ট ১৯৭২। এই ব্যাপারে সবচেয়ে আগে প্রতিবাদ করল বামফ্রন্ট সরকার, লেফট ফ্রন্ট-এর বিভিন্ন পার্টি সি.পি.এম. শুদ্ধ; এই কেসটা ছিল আমেদাবাদ-এর প্রাইমারী টিচার্স অ্যাসোসিয়েশান ভার্সেস অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার্স; সুপ্রীম কোর্ট বলল, টিচারদের গ্রাচুইটি পাবার অধিকার নেই। এবারে আপনারা কি করলেন নোটিফিকেশান জারী করে রিটায়ারমেন্ট-এর চার বছরের মধ্যে কেউ গ্রাচুইটি পাবে না। এই দ্বিচারিতা কতদিন চলবে, বরং আপনারা বলে দিন, দেব না। অ্যাজ এ ম্যাটার অফ রাইট; সেখানে চার বছরের মধ্যে গ্রাচুইটি কাউকে দেবেন না। হিউম্যান রাইটস কমিশন-এ একাধিক কেস পুলিশের বিরুদ্ধে, এই ব্যাপারে মুখ্যমন্ত্রীকে জানাই, সেখানে কি বলেছে, গৌরব দত্ত ও অন্যান্য অফিসাররা নির্বাচন কমিশনের ১ কোটি ১২ লক্ষ টাকা খরচ করেছে। নির্বাচন কমিশনের টাকায় টি ভি কিনেছে, ৪৫ হাজার টাকা করে ২টি সনি ক্যামেরা কিনেছে। এখনও তার বিরুদ্ধে কোনো অ্যাকশান নেওয়া হয়নি। এমন কি তার বাড়ীর টেলিফোনও ইলেকশান কমিশন-এর টাকায় চলছে। তার এগেনষ্ট কোনো অ্যাকশান নেওয়া হয়নি। বরং তাকে প্রমোশন দিয়ে ডি আই জি করে দেওয়া হয়েছে। এর পরে বাসুদেব বাগ এর কথা বলি। সি.পি.এম.-এর লোকেরা সি.পি.এম.-এর লোককে খুন করেছিল। প্রথমে ভেবেছিল, বোধহয় সুভাষবাবুর লোকেরা এই খুনটা করেছে। তারপরে, ভেবেছিল, তৃণমূল বোধহয় এই খুনটা করেছে। আমি বলেছিলাম আমাদের যদি কেউ খুন করে তাহলে তাকে লক আপে ভরে দেবেন। পুলিশ যাকে ধরেছিল, সে নাকি বলেছে, প্রথমে ২০ হাজার টাকা পেয়েছে, পরে ৭ হাজার টাকা পেয়েছে, ২৩ হাজার টাকা বাকি আছে, এই টাকাটা খুন করার জন্য পেয়েছে। থানা থেকে বলা হল, বাসুদেব বাগকে কিছু করুন, সে বলল, কিছু করা যাবে না, আগে আলিমুদ্দীন স্ট্রীট থেকে এটা জানতে হবে।

আপনাদেরই দলের লোক মারা গিয়েছে, আমাদের লোক নয়, দমদমে যখন আপনাদের দলের লোক মারা গেল তখন তারা আমাকে বলে, অরুণাভবাবু এটা নিয়ে বলুন। বাসুদেব বাগ-এর সম্বন্ধে কোনো অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাকশান নিচ্ছেন না। যে কয়টি অ্যালিগেশান আমরা করেছি, তার কোনো কাজ হয়নি। হাইকোর্ট এই বাসুদেব বাগ-এর বিরুদ্ধে বলা সত্ত্বেও তার সম্বন্ধে কিছু করা যাচ্ছে না। এখন দেখা যাচ্ছে, পুলিশ প্রাইভেট পার্টির থেকে টাকা নিয়ে প্লেনে বোম্বে চলে যাচ্ছে আসামী ধরতে, হাইকোর্ট বলছে, এইসব পুলিশ অফিসারদের আপনারা রেখেছেন কি করে ? থানাগুলোতো মাননীয় মুখ্যমন্ত্রীর দপ্তরের অধীন, আপনি এমন একটা থানার নাম করুন যেখানে ঘুষ ছাড়া কাজ হয়, তাহলে আমি পাঁচ হাজার টাকা দেব। এর থেকে আর কি বড় অভিযোগ হতে পারে। কমিশনার অফ পুলিশ নিজে বলেছেন, চার, পাঁচটি থানা কোনো কাজ করছে না, ফলে ক্রাইম রেট বেড়ে যাচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এটা দেখার জন্য আমি অনুরোধ জানাবো। আজকে গার্জেনরা রাস্তায় একা মহিলাদের পাঠাতে ভয় পাচ্ছে। একজন পুলিশ অফিসারের সঙ্গে আমি কথা বলছিলাম, তিনি বললেন ফ্লেশ ট্রেড-এ আমরা এখনো প্রথম হতে পারিনি, মুম্বাই প্রথম, আমরা দ্বিতীয়। আজকে সল্টলেক থেকে উল্টোডাঙ্গা পর্যন্ত আপনি হাঁটলে দেখবেন রাস্তার দুদিকে দেহব্যবসা করার জন্য মহিলারা দাঁড়িয়ে আছে। তাদের জীবিকার বিকল্প কোনো ব্যবস্থা না করে পুলিশ তাদেরকে ধরে নিয়ে যাচ্ছে। বিভিন্ন হোটেল থেকে পুলিশ ছেলে-মেয়েদের ধরছে এবং সংবাদমাধ্যমের কাছে মেয়েগুলোকে মার্ক করে দিচ্ছে, যাতে তাদের বিয়ে না হয়। আবার তাদের কাছ থেকে পুলিশ দশ থেকে কুড়ি হাজার টাকা করে ঘুষ নিচ্ছে। নীচুস্তরের এই পুলিশের জন্য আপনার ডিপার্টমেন্টের বদনাম হয়ে যাচ্ছে। আপনার প্রতি আমার শ্রদ্ধা আছে, কিন্তু সমপরিমাণ ঘৃণা আপনার পুলিশের প্রতি। আজকে আপনার পুলিশ ক্রাইম করছে, থানা কোনো ডায়েরী নিচ্ছে না। শপস্ অ্যান্ড এস্টাব্লিশমেন্ট অ্যাক্ট অনুযায়ী তাদের রেজিস্টার্ড মেইনটেইন করতে হয়, যারা রেজিস্টার্ড মেইনটেইন করছে না পুলিশ তার বাড়ীতে হানা দিচ্ছে রাত দুটোর সময়। এটা কিন্তু বেলেবেল অফেন্স, গরাদের ভিতর যাতে ঢুকতে না হয় তার জন্য আপনার পুলিশ ব্যবসায়ীর কাছ থেকে ঘুষ নিচ্ছে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। সংবিধানের আর্টিকেল ১৭৬ নম্বর ধারা অনুসারে মাননীয় রাজ্যপাল এই ভাষণ দেবেন। কিন্তু আপানারা তো সংবিধান মানেনও না, ধারেও ধারেন না। সংসদের যে অধিবেশনটা হয়ে গেল, সেখানে মাননীয় রাষ্ট্রপতি কোনো ভাষণ দেননি। অথচ সংবিধানের আর্টিকেল ৮৭ নম্বর ধারা অনুসারে অ্যাট দি "at the commencement of the first session of each year the President shall address both Houses of Parliament assembled together and inform Parliament of the causes of its summons."

মাননীয় রাজ্যপাল যখন এখানে ভাষণ দিতে এসেছিলেন তখন শারীরিকভাবে তাকে নিগৃহীত হতে হয়েছিল। সংবিধানের ঐতিহ্য মেনেই পশ্চিমবাংলার সরকার চলছে এবং তার জন্যই এই ভাষণ দিতে হয় মাননীয় রাজ্যপালকে। কিন্তু আপনারা যে সরকারের শরিক তারা কিন্তু সংবিধানের আর্টিকেল ১৮৭ মানেনি। রাষ্ট্রপতিকে দিয়ে সংসদের অধিবেশনে ভাষণ দেওয়ানো হয়নি। মাননীয় রাষ্ট্রপতি যখন কলকাতায় এসেছিলেন তখন তিনি বলেছিলেন জাতীয় বিকাশের ধারা ৬.৭পারসেন্টের বেশি নয়। কিন্তু অটলবিহারী বাজপেয়ী এবং ভেঙ্কাইয়া নাইডু দাবি করেছেন এটা আট থেকে দশ শতাংশ। তারা রাষ্ট্রপতির মতের সঙ্গে একমত হতে পারেননি।

## POINT OF ORDER

[ 4.00—4.10 p.m. ]

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি একা পয়েন্ট অফ অর্ডার আনছি। মাননীয় সদস্য শ্রীতপন হোড় ওঁর বক্তৃতা করতে গিয়ে রাষ্ট্রপতি কি ভাষণ দিয়েছেন কি দেননি তা উল্লেখ করেছেন এবং রাষ্ট্রপতি কলকাতায় কি বক্তৃতা দিয়েছেন সেই কথা বলেছেন। আপনি আমাদের রুলস দেখুন, সেখানে বলছে—দি নেম অফ দা প্রেসিডেন্ট ক্যান নট বি ইউজড টু ইনফ্লুয়েন্স দা কোর্স অফ ডিবেট। এমনিতেই রাষ্ট্রপতি আমাদের বিধানসভার আওতায় আসেন না বা রাষ্ট্রপতির নাম বলা বা তার বক্তৃতার কোটেশন দিয়ে বিধানসভা বা সংসদে কোথাও উল্লেখ করা যায় না। আমি আপনাকে অনুরোধ করব, এটা দেখে আপনি রাষ্ট্রপতির নামটা বাদ দিয়ে দিন।

**শ্রী তপন হোড় :** আমি মাননীয় রাষ্ট্রপতির নাম বলছি না, শুধু বলেছি উনি এখানে এসেছিলেন এবং বলেছেন জাতীয় বিকাশের ধারা ৬.৭ শতাংশের বেশি নয়। কিন্তু ওরা ওদের ফিল গুডে বলছে জাতীয় বিকাশের ধারা ৮ থেকে ১০ শতাংশ। কাজেই দেখা যাচ্ছে সর্বোচ্চ পদে যিনি আছেন তিনি যা বলছেন আর তাঁর সরকার যা বলেছে তার মধ্যে কোনো সামঞ্জস্য নেই। এরা জাম্পিং জ্যাকসের সেই ব্যাঙের মত। একটা ডিচে একটা ব্যাঙ ছিল, সে ডিচে জল ছিল না, সে ভাবল পাশের ডিচে যাই সেখানে হয়ত জল আছে। সে পাশের ডিচে ঝাপিয়ে পড়ল, কিন্তু দেখল সেখানে জল নেই শুধু কাদা। তারপর সে আর একটা ডিচে ঝাঁপিয়ে পড়ল, সেখানেও দেখল জল নেই, কাদা। কাজেই এরা জাম্পিং জ্যাকসের সেই ব্যাঙ যে শুধু এই ডোবা থেকে সেই ডোবা, সেই ডোবা থেকে অন্য ডোবায় ঝাঁপ দিচ্ছে জলের আশায় কিন্তু দেখছে কোথাও জল নেই, শুধুই কাদা।

ভারতবর্ষের পলিটিক্যাল, ইকনমিক্যাল হেরিটেজ নিয়ে কিছু দুর্বলতা থাকতে পারে, কিন্তু ইতিহাসগতভাবে আমরা জানি যে ভারতবর্ষের কালচারাল হেরিটেজ নিয়ে কেউ প্রশ্ন তোলে না। আমরা দেখছি এই তৃণমূল নেতৃত্ব দিল্লীর সরকারের সাথে জোট বেঁধে আমেরিকার নিউইয়র্কের লুম্পেনদের ল্যাঙ্গোয়েজ ধার করে ভারতবর্ষে ফিল গুড চালিয়ে যাচ্ছে। আপনারা কোথায় গিয়ে দাঁড়িয়েছেন ভাববেন। নির্বাচন কমিশন বলল নির্বাচন যখন

এসে যাচ্ছে তখন করদাতাদের টাকায় কোনো বিজ্ঞাপন দেওয়া যাবে না। তবুও আপনারা বিজ্ঞাপন দিচ্ছেন ইলেকট্রনিক মিডিয়া, প্রিন্ট মিডিয়া সর্বত্র। এইভাবে কর দাতাদের ৭০০ কোটি টাকা খরচ করতে আপনাদের গায়ে লাগে না—এটা অবশ্যই ফিল গুড। আপনারা সমস্ত লাভজনক সংস্থাগুলোকে বিক্রি করার চেষ্টা করছেন। আপনারা বুক ফুলিয়ে বলেন আমাদের বৈদেশিক মুদ্রার সঞ্চয় ১০ হাজার কোটি টাকা। কিন্তু বৈদেশিক ঋণ কত ? পাঁচ লক্ষ হাজার কোটি টাকা। এটা ফিল গুড ? সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থা বন্ধ হয়ে যাবে, এটা ফিল গুড ? ডানলপ, জেসপ বন্ধ হয়ে যাবে—ফিল গুড ? চা বাগানগুলো বন্ধ হয়ে যাবে—ফিল গুড ? একটা সময় চা বাগানগুলো প্রচুর বৈদেশিক মুদ্রা উপার্জন করেছে, কিন্তু আপানাদের কেন্দ্রীয় সরকার একটা পয়সাও উত্তর বাংলার উন্নয়নের জন্য খরচ করেনি। সেখানকার মানুষদের, সেখানকার শ্রমিকদের দুঃখ দুর্দশা সেটাকে ফিল গুড বলবেন। কাজেই অবস্থাটা সেখানে দাঁড়িয়েছে। আর আপনাদের কুম্ভীরাশ্রু শুনতে হবে। আপনাদের কথা শুনতে হবে। কালকে শ্রমিক কর্মচারীদের একটা সংগঠনে গিয়েছিলাম, সেখানে বলছে যে পেনশন তুলে দেওয়া হবে, গ্র্যাচুইটি বন্ধ, ধর্মঘট করা চলবে না। সেখানে যারা টাকা পয়সা পাবেন, তারা ব্যাঙ্কে রাখবেন, সেই টাকার সুদ থেকে সংসার প্রতিপালন করবেন। ব্যাঙ্কের সুদ যেখানে ৫ পার্সেন্ট দাঁড়িয়েছে সেটা কমিয়ে ২ পার্সেন্ট আনা হবে। ওই মার্কিন সাম্রাজ্যবাদ ডব্লু.টি.ও বলে দিয়েছে দু পার্সেন্টের বেশি সুদ তুমি দিতে পারবে না। আপনিও তো পেনশন প্রাপক দীপকবাবু আপনার নামে ভিজিলেন্স হয়েছিল, তমলুকে প্রার্থী হওয়া নিয়ে খুব চেঁচামেচি করেছিলেন। আজকে এই কথাগুলো আপনাদের ভাবতে হবে না। আজকে লুম্পেনদের আনবেন তার পাপের ফল আপনাদের ভোগ করতে হবে না। আজকে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর আক্রমণ হচ্ছে, গুজরাট রক্তাক্ত হচ্ছে সবই ফিল গুড। আজকে এক গর্ত থেকে আরেক গর্তে গিয়ে পাচ্ছেন শুধু কাদা। একটা অদ্ভুত ব্যাপার চলছে ফিল্ম স্টার আনা নিয়ে এ দল যদি ৫ জন আনে তো অন্য দল আনে ৭ জন। পি.সি.সরকার একবার কংগ্রেসে জয়েন করতে চেয়েছিলেন, এক লক্ষ পোষ্ট কার্ড গিয়েছিল আপনি পি.সি.সরকার আপনি করবেন না, পি.সি.সরকার পিছিয়ে গিয়েছিলেন। উত্তম কুমার কংগ্রেসে জয়েন করতে চেয়েছিলেন প্রচুর মানুষ বলেছেন দয়া করে করবেন না, তিনি আসেননি। এটাই পশ্চিমবাংলার ঐতিহ্য। এই অবস্থা চলছে। জনযুদ্ধ গোষ্ঠীর কথা বলেছেন। মুখ্যমন্ত্রী আন্তরিকভাবে এই কথা বলার চেষ্টা করেছেন ঝাড়খন্ডের সরকারের কি করার আছে, বিনয়ের সঙ্গে তিনি বলেছিলেন কি ঔদ্ধত্য তাদের। সেখানকার মানুষের দারিদ্র্য, তাদের দুর্দশা, যন্ত্রণা, নির্মম অত্যাচার তাদের উপর হচ্ছে সেখানে দাঁড়িয়ে এই প্রভাব পশ্চিমবঙ্গে এসে পড়ছে। চন্দ্রবাবু যিনি একজন চীফ একজিকিউটিভ অফিসার বলেন নিজেকে ২৯ জন এম.পিকে নিয়ে এসে মন্ত্রিত্ব না পেলে টাকা দাও। টাকা কোথায় যাচ্ছে। সুইস ব্যাঙ্কে হচ্ছে না। কেন্দ্রীয় সরকার বলছেন যে টাকা এখন বাইরে যেতে পারবে। ১০ হাজার কোটি টাকা বাইরে পাঠিয়ে দিতে পেরেছেন এটাও তো ফিল গুড। লুম্পেনদের টাকা লুম্পেনদের কাছেই যাচ্ছে, সেখানে দাঁড়িয়ে ফিল গুড করতে হবে না ?

[ 4.10 – 4.20 p.m. ]

সেন্টুর হোটেল, মেরিডিয়ান হোটেলে সব ছিল। ওয়ার্ল্ড সোস্যাল ফোরাম দেখে এসেছি। প্রথম প্রথম বিরক্ত হয়েছিলাম। জাম্বুরী হচ্ছে। সেখানে গিয়ে দেখলাম ল্যাটিন আমেরিকার দেশ—ভেনেজুয়েলা, আর্জেনটিনা, ব্রাজিল থেকে শুরু করে এশিয়ার দেশ পাকিস্তানও রয়েছেন। পাকিস্তানের লোক কি বলল জানেন ? পাকিস্তানের কামরুজ্জামান এবং আখতার বললেন নট ওনলি ইউ আর ফাইটিং এগেইনস্ট ইসলামিক ফান্ডামেন্টালিজম। উই আর অলসো ফাইটিং এগেইনস্ট ইসলামিক ফান্ডা মেন্টালিজম। তারা সেখানে একথা বলেছেন। কাজেই এই যে সংখ্যালঘুদের উপর আক্রমণ—গুজরাটের অবস্থার মধ্যে মানুষ ফিল গুড করবেন ? এটা উদ্ভট ব্যাপার। আজকে আউট সোর্সিঙের ব্যাপারে আমেরিকায় বিরাট আলোড়ন চলছে। আমেরিকার সরকার বলছে ভারত থেকে কাজ করানো যাবে না। আর, শুধু সরকার নয় বড় বড় কোম্পানীও করাতে পারবে না। কিন্তু ভারত সরকার চুপ। কারণ 'ফিল গুড'। এই অবস্থা আজকে চলছে। জনযুদ্ধ সম্বন্ধে আপনারা নানা অভিযোগ করেছেন। আমি বীরভূমে থাকি এটা ভালো জানি। ঝাড়খন্ডের দারিদ্র দূর করতে না পারলে, অন্ধ্রপ্রদেশের দারিদ্র দূর করতে না পারলে, ডাউন ট্রোডেন পিপলকে বুকের মধ্যে আনতে না পারলে সেই প্রভাব এখানেও দেখা দেবে, তাদের পাপে আমাদের ভুগতে হবে। যাইহোক, এই কথা বলে মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী মহামান্য রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন এবং তার পরিপ্রেক্ষিতে আমরা যে সংশোধনী দিয়েছি, এমেন্ডমেন্ট দিয়েছি সেগুলোকে গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ জানাব।

আমরা প্রথমেই দেখছি সরকার উদ্বিগ্ন, সরকার চিন্তা-গ্রস্ত। এবং তার পরিপ্রেক্ষিতে সরকার মাননীয় রাজ্যপালকে দিয়ে যে বক্তব্য রেখেছেন তাতে বলানো হয়েছে যে 'সি.পি.আই.এম.এল (জনযুদ্ধ) এবং এস.সি.সি-র নেতৃত্বে যে উগ্র বামপন্থী আন্দোলন চলছে তা রাজ্যের আভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থার ক্ষেত্রে একইভাবে গুরুতর উদ্বেগের' বিষয়। আমরাও মনে করি। আমার পূর্ববর্তী বক্তাও এ ব্যাপারে বলেছেন। এই ব্যবস্থার মধ্যে কিছু অব্যবস্থা রয়ে যাচ্ছে। সরকার নির্দেশ দিচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নির্দেশ দিচ্ছেন—তিনি তো সাধারণ মানুষকে ধরবার জন্য নির্দেশ দিচ্ছেন না, কিন্তু বিভিন্ন জায়গায় থানাগুলো এবং তাদের যে কার্যকলাপ, তারা সরকার-কে বিভিন্নভাবে তুষ্ট করার জন্য যে কথাগুলো বলেন এবং যে কাজ করছেন তার পরিপ্রেক্ষিতে সাধারণ মানুষ বিব্রত হচ্ছেন। আমরাও সেই জেলার অধিবাসী। বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিম-মেদিনীপুর জেলাতে যেভাবে সাধারণ মানুষের সঙ্গে ব্যবহার করা হচ্ছে তাতে তারা অতিষ্ঠ হয়ে যাচ্ছে। জনযুদ্ধ, এম.সি.সি-র নামে আজকে এইসব এলাকার আবাল-বৃদ্ধ-বনিতার উপর পুলিশ-প্রশাসন নির্যাতন করছে। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন। এ ব্যাপারে আমি তাঁর

দৃষ্টি আকর্ষণ করছি। তাঁর সরকার এ ব্যাপারে উদ্বিগ্ন সে কথা তিনি মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে দিয়ে বলিয়েছেন।

সেই পরিপ্রেক্ষিতে বলবো, আজকে সেখানে পুলিশ প্রশাসনকে জনগণের বন্ধু হতে বলেছেন, জনগণের সঙ্গে মিশতে বলেছেন। কিন্তু যখন সাধারণ মানুষ পুলিশের কাছে যায় তখন তাদের কথা পুলিশ শোনে না, আমরা রাজনৈতিক নেতা হিসেবে যখন পুলিশকে ফোন করি, তখন তারা সেই কথাটাকে কানে রাখেন, সেটা নিয়ে চিন্তা-ভাবনা করেন। কিন্তু সাধারণ মানুষ গেলে তাদের কথা শোনা হয় না। আমি মাননীয় রাজ্যপাল মহাশয়ের একটি বক্তব্যের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেটি হল—"রাজ্যে অপরাধমূলক কার্যকলাপের সামগ্রিক পরিস্থিতি যথেষ্টই নিয়ন্ত্রণে রয়েছে এবং অপরাধ সংঘটনের ক্ষেত্রে উল্লেখযোগ্য কোনো বৃদ্ধি ঘটেনি।" এ ব্যাপারে আজকে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন রাখা হয়েছিল যে,

(১) বিগত ১লা জানুয়ারী ২০০৩ থেকে ৩১শে অক্টোবর ২০০৩ পর্যন্ত রাজ্য পুলিশ ও কলকাতা পুলিশ কতগুলো ক্ষেত্রে গুলি চালিয়েছে (পৃথকভাবে)

(২) উক্ত ঘটনায় হতাহতের সংখ্যা কত এবং

(৩) তন্মধ্যে, সাধারণ নাগরিক এবং সমাজবিরোধীর সংখ্যা কত ?

এই প্রশ্নগুলোর উত্তরে স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় জানিয়েছেন—

(১) উক্ত সময়ে রাজ্য পুলিশ ৬৭টি ক্ষেত্রে গুলি চালিয়েছে, তবে উক্ত সময়ে কলকাতা পুলিশের ক্ষেত্রে এরকম কোনো ঘটনা ঘটেনি।

(২) নম্বর প্রশ্নের উত্তরে জানিয়েছেন, নিহত-৩০ জন এবং আহত-২৮ জন।

(৩) নম্বর প্রশ্নের উত্তরে জানিয়েছেন, নিহত-সমাজবিরোধী-২১জন, এবং নিহত সাধারণ নাগরিক-৯জন। নিহত মোট-৩০জন। আহত সমাজবিরোধী-১৬জন এবং আহত সাধারণ নাগরিক-১২জন। আহত মোট-২৮জন। আজকে বিভিন্ন ক্ষেত্রে যে ঘটনাগুলো ঘটছে, আজকে যদি প্রকৃত দোষীদের ধরা যেত তাহলে দিনের পর দিন অপরাধীদের সংখ্যা বাড়তো না। আজকে আমরা প্রতিনিয়ত মিডিয়া, সংবাদপত্রে দেখছি যে, এমন কোনো দিন নেই যেদিন খুন, ডাকাতি, রাহাজানি, ধর্ষণের ঘটনা ঘটেনি। আজকে আমরা জানি রাজ্যসরকারের আর্থিক সংকট বেড়েছে। নিশ্চয় কেন্দ্রীয় সরকার তাঁদের সহযোগিতার হাত সরিয়ে নেবেন না। রাজ্য সরকার বিপদগামী হেকে, রাজ্যসরকার অসুবিধায় পড়ুক—কেন্দ্রীয় সরকার এটা কখনই চাইবেন না। কেন্দ্রের কাছে রাজ্য সরকারের যে দাবিদাওয়াগুলো আছে সেগুলো নিয়ে কেন্দ্রীয়সরকার বিভিন্ন সময়ে চিন্তাভাবনা করেন। কেন্দ্রের কাছে রাজ্য সরকারের দীর্ঘদিন ধরে যে প্রস্তাবগুলো ছিল সেই প্রস্তাবগুলো নিয়ে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে একটা জায়গায় নিয়ে এসেছেন। রাজ্য সরকার বঞ্চনার কথা বলেন, এবং একটু আগে আমার আগের বক্তা মাননীয় তপন হোড় মহাশয় ফিল গুড়, ফিল গুড় করে যে কথা বললেন—এটা একটা কথার কথা নয়, রাজ্য সরকার কোনভাবে

বঞ্চিত হয়েছে কিনা রাজ্য সরকারের কোন জায়গায় কি কি ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয়েছে—আমরা বিরোধী দল হিসেবে এবং কেন্দ্রীয়—সরকারের শরিক দল হিসেবে আছি সে ব্যাপারে আমরা নিশ্চয় কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করবো।

[ 4.20—4.30 p.m. ]

নিশ্চয়ই সে ব্যাপারে আজকে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে হবে। সেগুলি বলতে হবে। সেক্ষেত্রে আমাদের নেত্রী সে দিক থেকে পিছিয়ে নেই। সে দিক থেকে কোনদিন পশ্চিমবঙ্গকে বঞ্চিত করার কথা বলেননি। বলেছেন পশ্চিমবঙ্গকে বঞ্চিত আপনারা হতে দেননি। কতগুলি ক্ষেত্রে কাজগুলি অসমাপ্ত হয়ে গিয়েছিল, পরবর্তীক্ষেত্রে তিনি মন্ত্রীত্বে এসে চেষ্টা করেছেন তিনি মন্ত্রীত্বেরজন্য লালায়িত নন। এখানে অনেকে বলবার চেষ্টা করেছেন—কিন্তু সে কথা নয়। আজকে দেখতে হবে প্রকৃতভাবে পশ্চিমবঙ্গের স্বার্থে, পশ্চিমবঙ্গের শ্রমজীবী মানুষের স্বার্থে, বেকার যুবক-যুবতীদের স্বার্থে, আজকে বলুন তো সমস্ত শ্রমজীবী মানুষের সেখানে আমরা বিভিন্ন যে প্রোগ্রাম দিয়েছি সেগুলি কতটা বাস্তবায়িত হচ্ছে, কতটা সেখানে কার্যকরী হচ্ছে ? বেকার যুবক-যুবতীদের যে কর্মসংস্থানের যে ব্যবস্থা আজকে বলছেন হতে পারে, সেখানে শিল্পের সম্ভাবনা আপনারা দেখিয়েছেন, এখানে বলছেন যে এই রাজ্যের শিল্পের সম্ভাবনা আপনারা দেখিয়েছেন, এখানে বলছেন যে এই রাজ্যের শিল্পের ক্ষেত্রে উৎসাহব্যঞ্জক লক্ষণ তিনি দিয়েছেন। স্পঞ্জ এবং আয়রণের ১৬২টি ইউনিট হচ্ছে—বাঁকুড়া, পুরুলিয়া সে কারখানাগুলি হচ্ছে আজকে সেখানে পরিবেশ কিভাবে দূষিত হচ্ছে। সেখানে ডেভাইজড যেটা সেটা গার্ড করবার জন্য যে স্পঞ্জ কারখানা বেশিরভাগই যারা করছেন তাদেরকে সেভাবে ডেভাইজড লাগাবার জন্য বলেছেন, সেগুলি লাগাতে গেল দেড় কোটি, ২ কোটি টাকা দাম। সেখানে সেগুলি না লাগিয়ে যেভাবে পরিবেশ দূষণ করে দিচ্ছে সেটা একটা ভয়ংকর অবস্থা হয়ে দাঁড়িয়েছে। সে দিক থেকে এদের লংজিবিটি বেশিদিন নেই। আজকে চিনে অলিম্পিক হবে ভারত সরকারই বলুন, পশ্চিমবঙ্গ সরকারই বলুন সেখানে আয়রণের প্রয়োজন এবং সেই আয়রণ এখান থেকে চেয়েছে। তার পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের কোনো কোনো জেলাতে বাঁকুড়া, পুরুলিয়া জেলাতে স্পঞ্জ, আয়রণ কারখানা গড়ে উঠেছে, এবং সেগুলি যাতে চিরস্থায়ী হয়, সেগুলি দেখতে হবে। সেখানে প্রকৃতভাবে বেকার সমস্যার সমাধান সে যে দলেই হোক, যে মতেই হোক তার মাধ্যমে সেখানে যাতে প্রকৃত ন্যায্য বিচার পায়, সেখানে তাদের ন্যূনতম মজুরী—সেই ন্যূনতম মজুরীটা যাতে পায় সেটা আপনাদেরকে দেখা দরকার আছে এবং সেইসব ক্ষেত্রে, সেখানে দেখতে পাচ্ছি যে বিভিন্ন জায়গায় বিভিন্ন ক্ষেত্রে সেখানে অসুবিধা সৃষ্টি হচ্ছে। আমাদের রাজ্যপালের ভাষণের মধ্যে মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে অনেক তথ্য নেই। আমরা যারজন্য আমাদের এই অ্যামেন্ডের মধ্যে আমরা সেখানে সেগুলি জানিয়েছি। বিভিন্নভাবে আজকে এখানে বঞ্চিত হচ্ছে। আমাদের আজকে নির্বাচিত আপনারা বলেছেন। মন্ত্রী মহাশয়দের আজকে সদিচ্ছা—আমরা মনে করিনা তাদের কোনো সদিচ্ছা নেই—একথা আমি মনে করি না। তাদের আজকে যে দৃষ্টিভঙ্গী কিন্তু তাদের নিচের স্তরে যেখানে শাসক দলের নেতৃত্বে আসেনি তারা সেটাকে ঠিকমতভাবে বাস্তবায়িত হতে দিচ্ছে না। বিরোধী দল হিসাবে আমরা

পঞ্চায়েতে যাওয়ার পর সেখানে বিরোধী দলের কোনরকমভাবে আমাদের বক্তব্যটাকে সেখানে লিখবে তাদের সেখানে দেওয়া হচ্ছে না এবং সেখানে আজকে যে রেজিলিউশান হওয়ার প্রস্তাব গ্রহণ করা হয় সেখানে লেখা হয় না। সেগুলি নিয়ে সেখানে আলোচনা করা হয় না। গ্রামে গ্রামে যে সংসদ হয়েছে সেগুলিতে মিটিং ঠিকমত বসছে না। আমাদের পঞ্চায়েতগুলিতে বিভিন্নভাবে বিরোধীদের বঞ্চিত করা হচ্ছে। যার পরিপ্রেক্ষিতে আমাদের সেখানে প্রত্যেকটি জায়গায় সেখানে বিরোধী দলের সদস্যরা অপমানিত হচ্ছে, লাঞ্ছিত হচ্ছে এবং সেই এলাকার উন্নয়ন হচ্ছে না। এলাকা উন্নয়ন বলতে যেটা বোঝায় এলাকার উন্নয়ন বলতে যে সামগ্রিকভাবে সেই এলাকাটা বোঝায়—যা সেখানে আজকে আমাদের নির্বাচিত যদি কোনো প্রতিনিধি থাকে সেটাকে বাদ দিয়ে নয়। বিধায়ক এলাকা উন্নয়নের জন্য যে টাকা দেওয়া হয় তা থেকে নিশ্চয়ই বিরোধী দলের সদস্যদের বঞ্চিত করা হয় না। আমরা সকলেই তা পেয়ে থাকি। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ করছিলাম পঞ্চায়েত,পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের ক্ষেত্রে এই নীতি যথাযথভাবে পালন করা হচ্ছে না। জেলা পরিষদের ক্ষেত্রে মোটামুটি বিরোধীদের কথা শোনা হয়। আমি জেলা পরিষদের সদস্য, সেখানে অনেক সময়েই আমার কথা শুনে প্রস্তাব গ্রহণ করা হয়। পঞ্চায়েত সমিতিতেও বিরোধীদের কিছু কিছু কথা-বার্তা শোনা হয় এবং সে অনুযায়ী কাজও হয়। কিন্তু গ্রাম পঞ্চায়েতে বিরোধীদের কোনো কথাই শোনা হয় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই বিষয়টির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, তিনি এ বিষয়ে পঞ্চায়েত মন্ত্রীকে যথাযথ নির্দেশ দিন যাতে পঞ্চায়েতের প্রতিটি স্তরে সকলের মতামত নিয়ে সার্বিক কাজ-কর্ম সংঘটিত হতে পারে। আমাদের জেলার তালডাঙার লক্ষীসাগর পঞ্চায়েত সমিতিতে আমাদের সংখ্যা বেশি হয়ে গেছে সমস্ত নির্বাচিত প্রতিনিধিরা সমবেত হবার পরে। প্রাথমিকভাবে শাসকদের সংখ্যা বেশি থাকার পরিপ্রেক্ষিতে প্রধান এবং উপপ্রধান নির্বাচিত হয়ে গিয়েছিল। পরবর্তীকালে যখন এই সমস্যার সৃষ্টি হল তখন আমরা ওখানকার স্থানীয় মার্কসবাদী কমিউনিষ্ট পার্টির নেতাদের সঙ্গে কথা-বার্তা বলে সমস্যার সমাধানের ব্যবস্থা করছি। আমরা কখনোই উন্নয়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করব না। কিন্তু আমরা লক্ষ করছি বিভিন্ন ক্ষেত্রে— উন্নয়ন কর্মসূচী রূপায়ণের ক্ষেত্রেও—আমাদের প্রতি অবিচার করা হচ্চে। এই প্রসঙ্গে আমি একটা ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯৯ সালের ৫ই নভেম্বর বাঁকুড়া জেলার সুভাষ মণ্ডল নিখোঁজ হয়েছেন। আজ পর্যন্ত তাঁর কোনো সন্ধানপাওয়া গেল না। ফলে তাঁর স্ত্রীকে আজও মাথায় সিঁদুর পরে ঘুরতে হচ্ছে। সে জীবিত, না মৃত তাও জানতে পারাছেন না। এর কি কোনো প্রতিকার হবে না ? আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, সুভাষ মণ্ডল জীবিত, না মৃত তা ঘোষণা করা হোক। আমরা বুঝতে পারছি না, আমরা অবাক হয়ে যাচ্ছি—সুভাষ মণ্ডলের স্ত্রীকে সামাজিক লাঞ্ছনা ভোগ করতে হচ্ছে। তাঁকে প্রতারণা করা হচ্ছে। বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলার কতগুলো জায়গায় এখনো মানুষ স্বাধীনভাবে ঘুরে বেড়াতে পারছে না। বিশেষ করে বাঁকুড়া জেলায় এই জিনিস চলছে। এখনো ওখানে বেশ কিছু মানুষ গৃহ ছাড়া হয়ে রয়েছেন। এবিষয়ে আমি একটা লিফট

মাননীয় মুখ্যমন্ত্রী এবং জেলা শাসককে দিয়েছিলাম। পুলিশ সুপার মহাশয়কেও দিয়েছিলাম। কিন্তু এখনো তাঁরা তাঁদের এলাকায় ঢুকতে পারেননি। সব জায়গায় নয়, আমাদের জেলার বেশ কয়েকটা জায়গায় মানুষকে স্বাধীনভাবে কথা বলতে দেওয়া হচ্ছে না। সেখানে একটা কথাই বলা হচ্ছে, "যদি কেউ কথা বলো তাহলে তাকে সুভাষ মণ্ডলের মত করে দেওয়া হবে হবে।" আমাদের স্বাধীনভাবে কথা বলার যে গণতান্ত্রিক অধিকার সেই অধিকারটুকুও আজকে আমরা হারিয়েছি। মাননীয় মুখ্যমন্ত্রী বলবেন বাঁকুড়ার মানুষ স্বাধীনভাবে কথা বলতে পারবে, কি পারবে না। আমি সব জায়গায় কথা বলছি না। কিন্তু কিছু কিছু জায়গায় এই জিনিস ঘটছে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ দয়া করে সেসব জায়গায় উনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

পরিশেষে রাজ্যপালের ভাষণের ওপর যে অ্যামেন্ডমেন্টগুলি এসেছে সেগুলিকে গ্রহণ করার অনুরোধ করে, ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[ 4.30 – 4.40 p.m. ]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার সমর্থনে যে ধন্যবাদসূচক প্রস্তাব বিধানসভায় উঠেছে আমি তাকে সমর্থন জানাই। কিন্তু আমার প্রশ্ন, তৃণমূল কংগ্রেস আদৌ কি সংসদীয় গণতন্ত্রের প্রতি আস্থাশীল ? যদি আস্থাশীল হতেন তাহলে রাজ্যপালের ভাষণের সময়ে ওই ধরনের আচরণ তাঁরা করতেন না। অবশ্য আমরা জানি, তৃণমূল দল মিথ্যার উপর প্রতিষ্ঠিত। গতবারে এই বিধানসভায় তাঁরা বলেছিলেন চন্দ্রকোনায় একজন আলু চাষী আত্মহত্যা করেছিলেন। এবারে রবীন্দ্র ঘোষকে কেন্দ্র করে তাঁরা হৈ-চৈ করছেন। কিন্তু আমরা জানি, এই রবীন্দ্র ঘোষ আত্মহত্যা করেছেন অন্য কারণে। সেটা অনুসন্ধান করলেই জানা যাবে। গত ৩ ফেব্রুয়ারী এই তৃণমূল কংগ্রেস বন্‌ধ ডেকেছিলেন একটা অসত্যের উপর দাঁড়িয়ে। আজকাল কেউ বন্‌ধ ডাকলেই বাস মালিকরা রাস্তায় আর বাস বার করেন না, কারণ ইনস্যুরেন্স কোম্পানী কোনো গাড়ী ভাঙচুর হলে সেই গাড়ীর জন্য আর কমপেনসেশন দেয় না। এইসব জেনেই তৃণমূল কংগ্রেস অসত্যের উপর দাঁড়িয়ে বন্ধ ডেকেছিলেন। রাজ্যপাল যে ভাষণ পড়েন সেই ভাষণ নিজে লেখেন না, সরকার লিখে দেন। যেমন, লোকসভার ক্ষেত্রে রাষ্ট্রপতি তাঁর ভাষণ নিজে লেখেন না। আজকে তেমনিভাবে তিনি যদি ভাষণ পাঠ করতেন তাহলে দেখতেন পশ্চিমবাংলার অগ্রগতি কিভাবে হচ্ছে। এই অগ্রগতি শুধু জমির ক্ষেত্রে নয়, আমাদের রাজ্যে যে ভূমি সংস্কার সেটাও বামফ্রন্টের মূল শক্তি। সেই ভূমি সংস্কারের মাধ্যমে ৬২৯ একর জমি যেটা সরকারে ন্যস্ত ছিল তা ৩৭ হাজার ৮১২জন মানুষকে দেওয়া হয়েছে। এর মধ্যে তপসিলি জাতিরা পেয়েছে ১১ হাজার ২৬২ জন আর উপজাতিরা পেয়েছে ৩ হাজার ৪৭ জন। পশ্চিমবাংলায় বিনিয়োগের পরিমাণ এ বছর দেখছি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি ঘটেছে। এই পঞ্জিকা বর্ষে ১৬২টি ইস্পাত প্ল্যান্ট বেড়েছে। বিগত কয়েক বছরে আমাদের দেশে জি.ডি.পি. ৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সুতরাং এর থেকেই অনুমান করতে পারছেন যে পশ্চিমবাংলার অগ্রগতি মোটেই খারাপ নয়। মহিলাদের ক্ষেত্রে এস.সি.পি.তে. প্রায় ৭৩

হাজার ৩৩ জন সহায়তা গোষ্ঠী কাপড় পেয়েছে। ওরা বলছেন ইন্ডিয়া সাইনিং। অথচ ভারতবর্ষের অধিকাংশ মানুষ ১০০ গ্রাম কম খাদ্য গ্রহণ করতে বাধ্য হচ্ছে। আমাদের দেশে যদি খাদ্য উদবৃত্ত হয় তাহলে দেশের মানুষ কেন পচা, গলা পোকায় কাটা চাল খাবে ? আমাদের দেশের বাইরে যে চাল রপ্তানী করা হয় তার দাম ৫ টাকা ৪৫পয়সা কেজি আর সেটি আমাদের দেশের মানুষ কিনতে বাধ্য হচ্ছে ৬ টাকা ৪০ পয়সা দামে। এই যে ১০ শতাংশ মানুষের জন্য ইন্ডিয়া সাইনিং, যাদের কল্যাণে এন.ডি.এ জোট কাজকর্ম করছে, খবরের কাগজে বড় বড় বিজ্ঞাপন দিচ্ছে ৫০০ কোটি টাকা, সাড়ে ৭০০ কোটি টাকা খরচ করে যদিও ঠিক আমি জানি না, কিন্তু ইলেকশন কমিশনার থেকে আরম্ভ করে সবাই বলছেন বিজ্ঞাপন বন্ধ করুন। তা সত্ত্বেও টি.ভি.তে এবং খবরের কাগজে বিজ্ঞাপন চালিয়ে যাচ্ছেন। অথচ দেশের ৩০ শতাংশ মানুষ অর্ধাহারে কিম্বা পচাগলা চাল খেয়ে থাকছে, সেখানে আমাদের দেশের কি করে অগ্রগতি হচ্ছে ? রাষ্ট্রপতি বলেছেন আমাদের দেশে অগ্রগতি ৬.৭ শতাংশ আর প্রধানমন্ত্রী বলছেন সেখানে ৮ শতাংশ।

সুতারাং আমাদের ভাবতে হবে ভারতবর্ষের একটা সাম্প্রদায়িক দল সেই দলকে পশ্চিমবাংলায় ডেকে এনেছে তৃণমূল কংগ্রেস, তাকে পাদানি হিসাবে ব্যবহার করতে দিয়েছে। যারা ভারতবর্ষটাকে সাম্রাজ্যবাদের হাতে বিলিয়ে দিয়েছে, যারা এই ভারতবর্ষটাকে বন্ধক দেওয়ার চেষ্টা করছে তাদের বিরুদ্ধে আপনারা কথা বলার চেষ্টা করছেন না। তারা এই বিলগ্নিকরণের নামে ৬টি সংস্থাকে বিলগ্নিকরণ করছে। ১৫ হাজার কোটি টাকার বেশি তারা সেখান থেকে পাবেন। সুতরাং ভারতবর্ষকে ওরা এই রকম একটা অবস্থার মধ্যে ঠেলে দিচ্ছে, একটা করুণ চিত্র আমরা লক্ষ করছি। অসমের মুখ্যমন্ত্রী অরুণ গগৈ-এর বিবৃতির মাধ্যমে জানতে পেরেছি। তিনি বলেছেন কি ধরনের বৈষম্য চলছে আজকে ভারতবর্ষে। আজকে অসম ছোট-ছোট শহর গুলি উন্নয়নের জন্য মাত্র ৪০ কোটি টাকা পেয়েছে। আজকে অরুণাচল একটা ছোট রাজ্য, মিজোরাম একটা ছোট রাজ্য, যেহেতু তারা বি.জে.পি. আশ্রিত, তাই তাদের একজন পেয়েছে ১৯২ কোটি টাকা, আর একজন পেয়েছে ৫০০ কোটি টাকা। পশ্চিমবাংলার ক্ষেত্রে আমরা দেখেছি যখন প্রাকৃতিক বিপর্যয় হয়েছে তখন তাকে মোকাবিলা করার জন্য যেখানে ১৪৩০ কোটি টাকা চাওয়া হয়েছে সেখানে ওরা মাত্র ৩০ কোটি টাকা দিয়েছিল। ওরা বলেছিলেন যে তোমরা ট্যাক্স বাড়াও, তোমরা রাজস্ব বাড়াও, তোমাদের আমরা টাকা দিতে পারবো না। আমরা যখন জলের উপর কর ধার্য্য করলাম তখন তৃণমূল নেত্রী সমস্ত পৌরসভাকে বলে দিলেন কোনো পৌরসভায় এই জলের ট্যাক্স ধার্য্য করা যাবে না। আমরা যখন খাজনা বাড়াতে গেলাম তখন ওরা বললো খাজনা বাড়ানো চলবে না। বিরোধী দল যদি এইভাবে কাজ করে তাহলে পশ্চিমবাংলায় আমরা কি করে উন্নয়ন করবো ? তা সত্ত্বেও বামফ্রন্ট সরকার এই কয়েক বছরে অনেক উন্নতি করেছে। আগে গ্রামাঞ্চলে কি অবস্থা ছিল ? গ্রামাঞ্চলে কাদা মাটিতে তারা হাঁটতে পারতো না, ছেলে-মেয়েরা স্কুলে যেতে পারতো না। কিন্তু আজকে পশ্চিমবাংলার রাস্তা-ঘাটের অনেক উন্নয়নে হয়েছে এবং সেই উন্নয়ন গ্রামাঞ্চলে পর্যন্ত প্রসারিত হয়েছে। ছেলে-মেয়েরা ভালভাবে স্কুলে যাচ্ছে ৬ লক্ষের বেশি ছাত্র-ছাত্রী আজকে মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে। উচ্চ-মাধ্যমিকের

পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে। অন্য কোনো রাজ্যে এই সংখ্যা পাওয়া যায় না। সেই জন্য বলছি আজকে পশ্চিমবাংলায় শান্তি শৃঙ্খলা বজায় আছে, সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা হয় না। চুরি ডাকাতি ছিনতাই অপহরণ যা হচ্ছে সেটা সামগ্রিকভাবে ভারতবর্ষের একটা চিত্র। সামাজিক অপরাধ বাড়ে তখনই যখন লোকের হাতে টাকা পয়সা থাকে না। পশ্চিমবাংলায় কর্মদিবস বাড়ছে, শ্রমদিবস বাড়ছে, নতুন করে তৈরি হচ্ছে ফলে ক্ষেতমজুর, তফশিলী জাতি এবং উপজাতির মানুষ অনেক উন্নত স্তরে পৌঁছে গেছে যখন কর্মদিবস বাড়ছে, যখন শ্রমদিবস সৃষ্টি হচ্ছে তখন গ্রামের মানুষের হাতে পয়সা আসছে। এখন ১০ হাজার কোটি টাকার বেশি গ্রামাঞ্চলের আয়। সেই আয় দিয়ে তারা বিভিন্ন রকম যন্ত্রপাতি কিনছে এবং তারা তাদের পরিবারকে প্রতিপালন করছে। হ্যাঁ, আমাদের রাজ্যে জনযুদ্ধ গোষ্ঠী নিয়ে একটা সংকট রয়েছে। সেই সংকট মোকাবিলা করার জন্য প্রশাসনিক স্তরে উদ্যোগ নেওয়া হয়েছে। আমরা জানি অরুণ ঘোষ, তৃণমূল আশ্রিত, সে কয়েক দিন আগে মারা গিয়েছে। সে শালবনি থানা এলাকার এক গরীব ব্রাহ্মণকে ভাতে মেরেছে, তার সমস্ত জমি-জমা কেড়ে নিয়েছে। আমরা জনযুদ্ধ গোষ্ঠীর মোকাবিলা করতে চাই, তৃণমূল কংগ্রেস এই ব্যাপারে কোনো বক্তব্য রাখছে না। কারণ তারা মদত দিয়ে চলেছে। আপনারা সাইন ইন্ডিয়ার কথা বলেন। আজকে ভারতবর্ষের শ্রমজীবী মানুষ কোথায় রয়েছে ? ভারতবর্ষে ৩০ ভাগ মানুষ দারিদ্র সীমার নিচে বাস করছে। ভারতবর্ষের ১০ কোটি মানুষ আজকে বেকার। তাদের চাকুরীর কথা বলছেন না। তিনি বলছেন, এক কোটি লোককে আমরা প্রতি বছর চাকুরী দেব। কিন্তু ফিকি বলছে আমাদের দেশে লগ্নী করবে না। লগ্নী করলেও বলছে, কর্মসংস্থান বাড়াবে না, সঙ্কুচিত করবে। এই অবস্থায় আমার প্রশ্ন, তৃণমূল কংগ্রেসের সংসদীয় গণতন্ত্রের প্রতি যদি তাদের আস্থা থাকতো, তাহলে রাজ্যপালের ভাষণের সময়ে এইভাবে কি তাঁরা চীৎকার করতেন ? আমি মাননীয় রাজ্যপালের ভাষণের ওপরে আনীত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি।

[ 4.40—4.50 p.m. ]

**Shri Abu Hasem Khan Chowdhury :** Mr. Dy. Speaker Sir, we are discussing on the speech of the Governor. As a matter of fact the speech was prepared by the government as it is the practice and the governor was supposed to read it out under article 176 of the Constitution. This is the Constitutional obligation of the governor. The documents, to being with talks about the North Bengal activist or terrorist problem and compliments the Royal Bhutan Army for combating and arresting the terrorist activities and and seizing large quantities of arms and ammunition. Also in the South in the district of Midnapore, Purulia and Bankura an armed revolution group, has made some inroads and resorted to violence. The government with the paramilitary force have been able to suspend them. When I was reading this speech I was remembering until recently the

Government was worried about ISI. It thought that everywhere in West Bengal and the neighbouring countries there were ISI training camps. So much so the government found link between the ISI training camps and Madrasa. A lot of innocent people at Indo-Bangladesh border were arrested. My constituency lies in this border areas. Therefore, I know that a lot of innocent people were arrested. However, I am glad with the pattern of thinking the government has shown. The government talks about its achievement in industrial relationship and also its success in the industrial areas, Speaks about 13 cases of strikes which have been resolved, 49 cases of lock outs have been resolved. Speaks very loudly about industrial progress. The government says investment is coming up, mini steel plants have come up, special economic zone has been set up, Gems and Jewellery Park has been setup, Institute of Toy-making Technology has been set up. In information and technology sector the rate of growth has been 88%and there has been considerable progress in software.

I am somewhat confused over the Government's claim, because as we see around we see often people have no jobs, lot of workers have lost jobs and our conventional industries like jute, tea, leather and allied industries are declining. The electricity has not been improved, there is load shedding in the industsries, fluctuations of power are there. The militancy in the workers' unions are extremely strong. Recently we have seen two strikes. The Government, our Chief Minister talked very loudly about the agro-based industries which we don't see so far and still investors are hesitant to come to West Bengal. I think presently there is an absence of right climate for industry in West Bengal so far. But at the same time we like to compliment our Chief Minister for trying his best to help in this matter. Sir, I was dismayed to find that your document does not contain anything regarding the flood and erosion problem of Malda and Murshidabad. Sir, every year we have flood and worst of all, erosions. We had gone 'all parties' with the Ministers to the Centre and the proposal given by the West Bengal Government of dredging the Ganga by somehow bringing the main system into the middle has not been very much appreciated by the Central Govt. They think that dredging will not help because it is a very temporary relief and a lot of money will be spent. So we don't know what will be our fate very soon when the flood comes–the unprecedented miseries to the thousands and thousands and thousands of people. I think we have

become an unwanted child. Whose responsibility is this ? is it the responsibility of the State Government or the Central Government; that remains to be seen who is taking the responsibility. My own feeling is, the West Bengal Government spends or borrows lot of money for fly-overs which is good thing, which really helps the traffic jams and everything. Why can't West Bengal Govt. borrow some money from the Japanese of whatever the source may be to help us to permanently settle this problem of erosions in Malda and Murshidabad also I think this money could be paid by the people of Malda and Murhidabad because it will be cheaper. There were two floods and I am told we lost Rs.1000 crores in one flood only in Malda and the second one was about Rs.500 crores.

[ 4.50 – 5.00 p.m. ]

So my own feeling is that the government of West Bengal should do something for borrowing money as it does in the case of fly-overs and this will be a great relief for the government because government also spends lots of money on the emergency situation when the erosion and flood come.

Sir, I would like to draw the attention of the government about the health care system in West Bengal. A lot of things have been said on this but the health care still suffers. The negligence of doctors, care-free attitude of the staff worsened the situation. In the rural areas some hospitals do not have even electric connection. So, I would like to draw the attention of the government to allot more funds to hospitals and sub-centres so that they can run smoothly. I know that over population is not only a problem in West Bengal but also all over India. Yesterday, I read in a newspaper that 33 babies are born in India every one minute and we had surpassed one billion people. We must also think how to curb the population and I think West Bengal should take the pioneer role about this matter.

Thank you.

**श्री लगन देव सिंह :** माननीय डिपुटी स्पीकर सर, महामहीम राज्यपाल के अभिभाषण पर जो धन्यवाद प्रस्ताव लाया गया है मै उसका समर्थन करता हूँ और समर्थन करते हुए अपनी बातो को सदन के सामने रखना चाहूँगा। राज्यपाल महोदय जब अपना अभिभाषण का पाठ कर रहे थे तो हर बार की तरह टी०एम०सी० और कांग्रेस के सदस्यों के साथ एस०यू०सी०आई० के सदस्यो ने महज प्रचार पाने के लिए, सस्ती लोकप्रियता के लिए हाउस

का जिस तरह से माखोल बनाया और गन्दी हरकत किए वह निन्दनीय है। महामहीम राज्यपाल ने यह नही कहा है कि राज्य मे पूर्ण शान्ति है। कानुन व्यवस्था की स्थिति बिल्कुल ठीक है। उन्होने कहा है राज्य मे लॉ एण्ड आर्डर का सिचूऐशन कन्ट्रोल मे है। हॉ राज्य मे लॉ एण्ड ऑर्डर पूरी तरह से कन्ट्रोल मे है। मै विरोधी सदस्यो से अनुरोध करुगा सदन को गुमराह करने की कोशिश नही करे। लॉ एण्ड आर्डर के नाम पर राज्य सरकार के इस्तीफे की मैंग कर के लोगो के ध्यान को डाइभर्ट करना चाहते है। मै यह पुछना चाहता कि क्या सारे देश मे लॉ एण्ड आर्डर की स्थिति बिल्कुल ठीक है। आज जबकि पूरे देश मे उग्रपन्थी घटनाओ मे बढ़ोतरी हो रही है। जगह-जगह पर निरीह लोगो को अपना निशाना बना रहे है। इतना सब होने के बाद भी हमारे विरोधी बन्धु कौन सा खेल खेल रहे है। खलिस्तान, टेरोरिस्ट का इतिहास भूल गये। इन्दिरा गाँधी, राजीव गाँधी की शहादत को भूल कर कॉग्रेस ने त्रिपुरा मे फिर वही खेल खेल पर नतीजा आने पर बौखला गए। दरअसल त्रिपुरा मे उन्हे लेपट फ्रन्ट को हराने की उम्मीद थी। और इसी उम्मीद मे टी०एम०सी० और कॉग्रेस ने त्रिपुरा मे उग्रवादी संगठनी से गठजोड़ किया। टी०एम०सी० के बन्धु गुजरात की जीत के बाद हिन्दु कार्ड खेलने के लिए बी०जे०पी० से गठबन्धान किए है पर आपको मालूम होना चाहिए बंगाल की जनता किसी बहकावे मे आने बाली नही है। एक कहावत है जिनके मकान खुद शिशे के हो वह दूसरों पर पत्थर नही मारा करते। लगता है हमारे विरोधी बन्धु ठोकर खाने के बाद भी कोई सबक नही लेने का मन बना लिए है। इधार उधार की बाते कर 26 वर्षो से सरकार की उपलब्धियो को नकारना चाहते है। राज्य मे 26 वर्ष से लेफ्ट फ्रन्ट गवर्नमेन्ट चल रही है। 1977 से 26 वर्ष मे दिल्ली मे 7 बार सरकार बदली 9 प्रधान मंत्री बदले गए और वो लोगो द्वारा जनता के बीच स्थाइत्व की बात की जाती है। क्या यह हास्यास्पद नही है। भारतीय संविधान की परम्परा के अनुसार राज्यपाल महोदय राज्य की वर्तमान स्थिति एवं सरकार की योजना के बारे मे अपने भाषण द्वारा लोगो के बीच रखते है। जिसके माध्यम से सरकार एवं विरोधी सदस्यो की अपनी बातोको रखने का मौका मिलता है। लेकिन यह कैसा दुर्भाग्य है कि विरोधी दल के नेता अपने भाषण को कम्यूनल सिच्यूएशन पर केन्द्रिभूत किया। क्या विरोधी दल के नेता के पास सरकार के विरूद्ध बोलने के लिए और कोई मुद्धा नही था। असल मे उन्हे लगता है वामफ्रन्ट सरकार के विरूद्ध बोलने से तो लोगो को उनके बातों पर विश्वास नही होगा इसलिए लोगो को भावनाओ मे वहकार उन्हे गुमराह करना चाहते है।

मिस्टर डिपुटी स्पीकर सर, शायद हमारे विरोधी दल के नेता भूल गए है पुरे भारत मे पश्चिम बंगाल एसा राज्य सरकार है जिसके शासन मे लॉ एण्ड ऑर्डर बरकरार है। यहॉ धर्म के नाम पर और मजहब के नाम पर मन्दिर-मस्जिद का दंगा नही होता। सभी मिल जुलकर अपनी संस्कृति का निर्वाह करते है। टी०एम०सी० जिस एन०डी०ए० की पार्टनर है उसका रोल किस तरह का है किसी से छिपा नही है। क्या आप नही जानते है बी०जे०पी० गठजोड़ की सरकार देश मे साम्प्रदायिकता को बढ़ाने मे मदद करती है। गुजरात तो इसका जीता-जागता उदाहरण है। इसे आप झुठला नही सकते। फिर भी आपलोगो ने अपना स्वर्थ

पूरा करने के लिए गठजोड़ किए है। आपलोगो के मुँह से सदभाव एवं साम्प्रदायिक सम्प्रति की बात शोभा नही देता है। अल्पमतो के स्वर्थ की रक्षा जहाँ पूरे देश मे वाधित है वही पश्चिम बंगाल सरकार एक आदर्श उदाहरण प्रस्तुत किए हुए है। पिछले 27 वर्षो से पश्चिम बंगाल के अन्दर आपसी भाईचारा बरकरार है। आपसी सदभावना के मामले मे अन्य राज्यो से आगे है। इसीलिए यहाँ की जनता बामफ्रन्ट सरकार के साथ है। यहाँ सभी धर्मो के लोग, सभी मजहब के लोग अपने आपको सुरक्षित महसूस करते है। किसी के साथ भी किसी प्रकार का कोई भेद नही है। सभी अपने तीज त्योहार को शान्ति एवं आपसी सौहार्द को साथ मनाते रहते है। पिछले दिनो, कई दिनो पहले दुर्गापूजा धूमधाम के साथ मनाया गया, ईद, बकरीद, मुहरम भी उल्लास के साथ मनाया गया। होली हो या रामनवमी, गुरूपूर्णिमा हो या किसमस यहाँ सभी त्योहारो मे लोग इन्जवाय करते है। हिन्दु हो या मुसलिम सभी एक दूसरे के तीज त्योहार मे शरीफ होते है। सभी फेस्टिवल यहाँ शान्तिपूर्ण ढ़ंग से होता है। पर पता नही क्यो माननीय विरोधी दल के नेता इसमे साम्प्रदायिक बू टूट रहे है लगता है दिल्ली के गद्दी के लिए साम्प्रदायिकता को बढ़ावा दे रहे है। संस्कृति प्रेमी लोको भागवा रंग मे रंगने की कोशिश कर रहे है। जिससे वो लोकसभा के चुनाव मे आगे बढ़ सके। लेकिन यह काम बहुत कठिन है। यहाँ 27 वर्षो से लोग शान्तिपूर्वक रह रहे है वे इनके बहकावे मे आने बाले नही है। पर पता नही क्यो हमारे विरोधी वन्धु इस बात को समझना नही चाहते है।

मिस्टर डिपुटी स्पीकर सर, विरोधी दल के नेता कृपया बताए 1990 साल मे यही आडवाणी ने रथयात्रा निकाले थे सोमनाथ से अयोध्या तक इसमे 500 लोगों की जाने गई थी। कई जगहो पर साम्प्रदायिक दंग हुए थे। कई राज्यो को साम्प्रदायिक सम्प्रीति बचाए रखना मुश्किल हो गया था। वही आडवाणी फिर रथयात्रा निकाले की तैयारी कर रहे है। यह रथयात्रा 10 मार्च से भारत उदय यात्रा के नाम पर होगा। यह भारत उदय यात्रा 33 दिनों की होगी और देश के विभिन्न भागों मे यह रथयात्रा जायगी। कहा गया है विकाश को बढ़ावा देने के लिए किया जाएगा। लेकिन यह विकास के लिए नही बल्कि मुल मुद्दा राम मन्दिर का है, लोगो की भावना को भड़काना है। ऐसी परिस्थिति मे राज्य मे शान्ति की बात करते है। एन०डी०ए० मे मिलकर आपलोग देश को रसातल की ओर ले जा रहे है। आज आर०एस०एस० की कार्य पद्धति से देश का संचालन हो रहा है। देश के प्रधान मंत्री माननीय अटल बिहारी बाजपेयी कहते है पहले मे आर०एस०एस० का स्वयंसेवक हूँ बाद मे देश का प्रधान मंत्री। रह किस ओर इशारा करता है। आपलोगो के कथनी और करनी मे फर्क है। आर०एस०एस० के कार्यकलाप को पूरा देश जानता है क्या आप नही जानते है। आप लाखो रूपया फीलगुड के नाम पर बहाया जा रहा है। आर०एस०एस० और बी०जे०पि द्वारा धार्मिक मुद्दो को उठाकर चुनावी वैतरणी पार करने की तैयारी कर रहे है। इससे बड़ा दुर्भाग्य क्या होगा कि आज देश का प्रधान मंत्री आर०एस०एस० की देन है। आपलोगो ने थोड़े से लालच मे आकर अपना मुह कोयले मे काला कर लिए है। आज

आपके पास सच-को सच कहने की हिम्मत नही है। इसके कारण आने बाले दिनो मे लोगो को काफी मुसीबतों का सामना करना पड़ेगा।

[ 5.00—5.10 p.m. ]

सर, हमारी सरकार की सबसे बड़ी उपलब्धि कृषि के क्षेत्र मे है। खाद्य सामग्री उत्पादन पूरे भारत मे जहाँ 2.5% वृद्धि दर है जबकि पश्चिम बंगाल मे 4.1% है। प्रति हेक्टर उत्पादन पूरे भारत मे पिछले 10 वर्षो मे 2.8% है वृद्ध दर है वही वेस्ट बंगाल मे 3.5% है हरियाणा के बाद दूसरे नम्बर पर है। आलू उत्पादन मे यू०पी० के बाद बंगाल का स्थान आता है। मछली उत्पादन मे पिछले 10 वर्षो से लगातार पश्चिम बंगाल प्रथम होता आ रहा है। एक ही जमीन पर कई प्रकार का फसल उगाने मे वेस्ट बंगाल का प्रथम स्थान है। खौर यह सब बताने से कोई लाभ नही है। हिन्दी मे एक कहावत है भौस के आगे बीन बजाए, भौस खड़े पघुराय। बीच मे शोरगुल होता है सुनिए आप लोग बड़ी-बड़ी बाते करते है। जिस देश मे 12 हजार रूपया कर्ज लेकर बच्चा जन्म लेता है जहाँ 15 करोड़ नौजवान बेकार है। और उस सरकार जोलोगो को चौराहे पर आ जाने पर मजबूर कर रही है उसके आप शरीक है। केन्द्र मे आप कौसी नीति अपना रहे है। लोगो को दो वक्त की रोटी नसीब नही हो रहा है और स्लोगान दिया जा रहा है फील गुड। हाँ आपलोग अच्छा अनुभव कर रहे होगे। शर्म आनी चाहिए। आने बाले दिनो मे इसका जबाब चाहेगी जनता, जिस सरकार का आप समर्थन कर रहे है। कौन सा सपना आपलोग लागो को दिखा रहे है। आने बाला दिन आपलोगो के लिए काफी बुरा होगा। कौन सी नीति का अनुशरण कर रहे है। जबकि हमारी सरकार प्रत्येक वर्ग के लिए किसी न किसी तरह की योजना लेकर अपनी सीमित क्षमता मे लोगो के जीवन स्तर को सुधारने का प्रयास कर रही है। अभी भी बहुत काम बाकी है। हमारे माननीय मुख्य मंत्री कभी यह नही कहते कि बंगाल मे सभी समस्याओ का समाधान ही गया है। केन्द्र सरकार की योजना है लोगो पर दवाव देकर भि०आर०एस० लेने को वाध्य करना क्या करेगे वो लोग। ऐसे ही लोगो को राजगार नही मिलता और उपर से एक और वेरोजगारी की फौज खड़ी की जा रही है। क्या इसका प्रभाव बंगाल पर नही पड़ेगा। बंगाल भी तो भारतवर्ष का एक अंग राज्य है।

इन्ही शव्दो के साथ महामहीम राज्यपाल के अभिभाषण पर जो धन्यवाद प्रस्ताव आया है उसका समर्थन करते हुए एवं विरोधी सदस्यो के द्वारा लाए गए प्रस्ताव का विरोधिता करते हुए अपनी बात समाप्त करता हूँ।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের দেওয়া সংশোধনীকে সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। অনেকে ব্যঙ্গ করলেন ফিল গুড নিয়ে। এই ফিল গুড বুঝতে আপনাদের একটু সময় লাগবে। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে একটা কথা বলতে চাই। স্যার, রাজ্যপালের ভাষণে রাজনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক এই তিনটে দিক প্রতিফলিত হয়েছে। রাজ্যপাল প্রদত্ত যে ভাষণ তা সরকার কর্তৃক প্রস্তুত করা হয়েছে। এই ভাষণের

মধ্যে একটা বৈপরীত্য আমি লক্ষ করছি। এই ভাষণের মধ্যে কেন্দ্রের বঞ্চনার কথাই উল্লেখ করা হয়েছে।

এমন মাননীয় রাজ্যপালের ভাষণ এই সভায় উত্থাপিত হয়নি যেখানে কেন্দ্রের বঞ্চনা অথবা রাজ্যে কেন্দ্র অস্থিরতা সৃষ্টির কোনো বক্তব্য ছিল না। এই প্রথম মাননীয় রাজ্যপালের ভাষণে কেন্দ্রীয় সরকারের বঞ্চনা অথবা কেন্দ্রীয় সরকারের নিরন্তর পশ্চিমবাংলায় অস্থিরতা তৈরির সৃষ্টি করছে এই ধরনের অভিযোগ থেকে মুক্তি দেওয়া হয়েছে। আমি আশা করেছিলাম সরকারী দলের সদস্যরা যখন বলবেন তার জন্য অ্যাট লিস্ট কৃতজ্ঞতা জানাবেন—সুভাষবাবু এটাও আপনাদের কাছে প্রাপ্য ছিল। আমার কাছে যেমন ভালো কথা প্রত্যাশা করেন সৎ এবং সাহসিকতার পরিচয় দেবেন এটাও প্রাপ্য ছিল।

দ্বিতীয়তঃ স্যার পশ্চিমবাংলায় একটা কথা চাউর হয়ে গিয়েছে কয়েক দশক ধরে। মার্কসবাদ, গান্ধীবাদ, সুভাষবাদের মত অসীমবাদ। কি সেই অসীমবাদ ? তৃতীয় অর্থনীতি, বিকল্প অর্থনীতি। দেউলিয়াপনার মুখোমুখি দাঁড়িয়ে এই পাঠ্য ভাষণে প্রথম সেই বিকল্প অর্থনীতির অন্তর্জালি ঘটেছে, একটি শব্দ-বাক্যও ব্যয় করেননি মাননীয় বুদ্ধদেববাবুর মন্ত্রীসভা স্যার। এটাও একটা উল্লেখযোগ্য ব্যতিক্রম। আমাদের দুর্ভাগ্য আপনারা সেটাকে লক্ষ্য করেননি। বাস্তবতার নিষ্ঠুরতা স্বীকার করতে গিয়ে ভারতবর্ষের হোমমিনিস্টার লালকৃষ্ণ আদবানীজী পশ্চিমবাংলার হোম মিনিস্টার তথা মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু, যে এক হয়ে চিন্তা-ভাবনা করে আজকের সম্ভাব্য সমস্ত জঙ্গীপনাকে দুর করেছেন তার জন্য উল্লেখ করার কৃতজ্ঞতা বুদ্ধদেববাবুর আছে আপনাদের কিন্তু জানতে দেননি। কারণ আপনাদের তো বাজার চরম করতে হবে অন্য কথা বলে। সেই চিরাচরিতা কথা বলে—কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে কথা বলে। কিন্তু দয়া করে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণ পড়ুন দেখতে পাবেন ভারত সরকারের আর্মি, ভারত সরকারের ফোর্স, ভারত সরকারের সৈন্য, ভারত সরকারের শক্তি, ভারত সরকারের সাহায্য না থাকলে পশ্চিমবাংলা টলটল করে যেত। আজকে আমরা বলতে পারতাম না যে "এমন দেশটি কোথাও তুমি পাবে নাকো।" শ্রদ্ধেয় সদস্য লগনদেববাবু এমন কথা বললেন—এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো। তুমি সকল দেশের রানী সে যে আমার জন্মভূমি'—এ যেন পরশুদিন আপনাদের বামফ্রন্ট মন্ত্রীসভার কোনো কবি এই কবিতা লিখেছেন। আরে বাবা এটাই আমাদের হেরিটেজ, এটাই আমাদের ঐতিহ্য, এটাই আমাদের অহংকার, এটা আপনাদের কোনো নতুন সৃষ্টি নয়। বরং সেই তথ্যচিত্রে আসার আগে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে বইটি দেওয়া হয়েছে তার সম্বন্ধে আমি দু-একটা কথা উল্লেখ করতে চাই। কোথায় বিকল্প অর্থনীতি? বিকল্প অর্থনীতির বদলে লিখেছেন 'অর্থনৈতিক সংস্কার ত্বরান্বিত করতে দ্রুত সুশৃঙ্খল বিকাশ ঘটাতে..। বলবেন তো রাস্তায় গিয়ে বিকল্প অর্থনীতি গুডবাই, চল এবারে অর্থনৈতিক সংস্কারের পথ ধরে হাঁটি বাস্তব পশ্চিমবাংলার কর্কশ ভূমিকে বাঁচাতে ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কোনো কোনো মাননীয় সদস্য বললেন কৃষিতে নাকি বিপ্লব হয়ে গেছে। পারবেন বলতে ? এগ্রিকালচারের মধ্যে ধান উৎপাদনে আমরা নিরন্তর এগিয়ে এগিয়ে স্বাধীনতার পর থেকে একটা উল্লেখযোগ্য কৃতিত্বের ভূমিকা রেখেছি। কিন্তু

আরেকটা খাদ্যশস্য গম। পশ্চিমবাংলায় গম উৎপাদনে আমাদের সরকার বা কৃষকদের সাফল্য কতটা ? এখনো চেষ্টা করতে হবে। মাথায় যে তেল মাখেন মন্ত্রী থেকে সদস্য থেকে সবাই সরষের তলে। কোথা থেকে আসে সেই বীজ ? সেই উৎপাদনে আমাদের কতটা কনট্রিবিউশন ? নারকেল তেল মাথায় মাখেন বোনেরা মায়েরা। সেই নারকেল তেল উৎপাদনে আমাদের কনট্রিবিউশন কতটা ? খাদ্যশস্য মানে শুধু ধান নয় খাদ্যশস্য মানে বীজ, খাদ্যশস্য মানে তৈলবীজ, খাদ্যশস্য মানে চিনি, খাদ্যশস্য মানে আরো বিকল্প অনেক কিছু আছে। তাতে আমাদের কনট্রিবিউশন কতটা ? তার তথ্যভিত্তিক হিসাবটা দিলেন না কেন ? শুধু বললেন খাদ্যশস্য। খাদ্যশস্য মানে নিরন্তর চাল ? সারা ভারতবর্ষ এগিয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয় রাজ্য সরকারের লিখে দেওয়া এই বইটার চতুর্থ পরিচ্ছদে বলেছেন 'প্রতিবেশী রাজ্যগুলি দৃঢ়তার সঙ্গে এবং সুনির্দিষ্ট পদক্ষেপ না নিলে আমাদের বাউন্ডারি-টা বিপন্ন হবে।' তা এবারে আপনি একটু চোখ বন্ধ করে দেখুন তো আমাদের বাউন্ডারিতে কোন্ কোন্ রাজ্য আছে। কোন এন.ডি.এ. সরকারের গোষ্ঠী আছে ওড়িষ্যা ছাড়া ? বিহার। লালুপ্রসাদের বিহার—'যদিদং হৃদয়ং তব তদিদং হৃদয়ং মম' করেন। সে আপনাকে চাপাচ্ছে। আজকে মণিপুর, নাগাল্যান্ড, মিজোরাম— সবগুলো প্রতিবেশী রাজ্যকে মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন সুনির্দিষ্ট পদক্ষেপ নিতে পারছে না। এ ব্যর্থতা কার ? কিসের জন্য আপনারা অস্থিরতা সৃষ্টির চেষ্টা করছেন ?

একটা সুস্থিত শক্তিশালী সরকার, যেটা কিনা পাকিস্তানের সঙ্গে স্বাধীনতার পর থেকে অভিশাপ থেকে মুক্ত করতে চাইছে, একটা সুস্থির শক্তিশালী সরকার যেটা কিনা হাজার হাজার, কোটি কোটি টাকার বিনিময়ে রাস্তা ইত্যাদি করে যোগাযোগ ব্যবস্থার উন্নতি করতে চাইছে, একটা সরকার যেটা কিনা টেলি যোগাযোগ, তথ্য-প্রযুক্তি, মোবাইল, ইত্যাদির ক্ষেত্রে উন্নতি আনছে—ক্ষতি করছে নাকি ?

[ 5.10—5.20 p.m. ]

এখন সরকারের টেলিযোগ ব্যবস্থা এতো উন্নত হয়েছে যে, এখন প্রত্যেকের পকেটে মোবাইল আছে। ক্ষতি করেছে নাকি ? সুতরাং আজকে তাই ভাল-মন্দ সব মিশিয়ে আমাদের ভাবতে হবে যে, কোন পথে গেলে এই রাজ্যকে আমরা বাস্তব কর্মভূমির মধ্যে নিয়ে যেতে পারবো। মাননীয় অধ্যক্ষ মহাশয় সেজন্য আমি বলছি, কোন সেই রাষ্ট্র, কোন সেই রাষ্ট্রের কথা, কেন চেপে গেলেন ? কিসের জন্য ? আমরা ভাষা আন্দোলনে প্রাণ দিতে পারি, আমাদের বিরুদ্ধে ষড়যন্ত্র হলে আমরা সোচ্চার হতে পারি। এর নাম বাংলা, এর নাম বাঙালী। এটা বীরেন শাসমলের বাঙালী, যিনি বলেছিলেন, 'মৃত্যুর পরেও আমাকে মাথা নোয়াতে পারবেন না।' কি ডিপ্লোমেসি ? কিসের জন্য প্রতিবেশী রাষ্ট্রের কথা বললেন না ? তার নামটা করতে পারলেন না ? আরও কথা হচ্ছে, বচরম বামপন্থী কার্যকলাপ, জাতীয়তাবাদী কার্যকলাপ নয় কিন্তু—আপনাদের ভাবতে হবে, মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে বলছেন, 'চরম বামপন্থী কার্যকলাপ।' আমরা কিন্তু কেউ বামপন্থী কার্যকলাপের সঙ্গে আজীবন যুক্ত ছিলাম না। চরম বামপন্থী—এটা আপনাদের অ্যাডমিশন, এটা

আপনাদের লেখা। চরম বামপন্থী কার্যকলাপ কার প্রোডাকশন ? কার সৃষ্টি ? কার তৈরি ? এটা কি বলে দিতে হয় ? এটা কেউ বুঝতে বাকি রাখে ? সুতরাং আজকে চরম বামপন্থী কার্যকলাপের বিরুদ্ধে যদি লড়তে হয়,তাহলে অর্থনৈতিক বৈষম্য দূর করতে হবে, তেমনি রাজনৈতিক প্রতিশোধ বা আক্রমণাত্মক ভূমিকাও বর্জন করতে হবে।এটা ক্যানসার রোগের মত আরও ভয়ংকর। যদি মাননীয় মুখ্যমন্ত্রী কে.এল.ও কে আবেদন জানাতে পারেন যে, 'কে.এল.ও.রা ঘরে ফিরে এসো'—মাননীয় কাশীকান্তবাবু বলছিলেন যে, তাঁর বাঁকুড়ার ছেলেগুলো ঘরে ফিরতে পারবে না কেন ? আমি মেদিনীপুর থেকে বলতে পারবো না, কেন আমার ছেলেরা ঘরে ফিরতে পারবে না ? এরা কি কে.এল.ও.-এর থেকেও মারাত্মক নাকি ? আমি ধরেই নিলাম, এরা কি কে.এল.ও-এর থেকেও মারাত্মক নাকি ? মাননীয় মুখ্যমন্ত্রী এই সভায় ঘোষণা করেছিলেন ডি.এমের সভাপতিত্বে একটা পিস্ কমিটি মুখ্য রাজনৈতিক দলগুলোকে নিয়ে যাতে—প্রত্যেক রাজনৈতিক দলের কর্মীর ঘরে ফেরার অধিকার তাদের আছে, ঘরে ফিরবে। মাননীয় মুখ্যমন্ত্রী, আপনারা কি কেউ খবর নিয়েছেন, ডি.এমের সভাপতিত্বে কমিটি হল, কিন্তু সেটা অ্যাসেম্বলি থেকে পাশ করিয়ে নেওয়ার জন্য নয় ? প্রকৃত পক্ষে তার কার্যকরী ফলো-আপ অ্যাকশন কি হল ? সত্যি সত্যি কতজন বাইরে আছে—এই তত্ত্ব কে যোগাবে ? আজকে মেদিনীপুর বলুন, বাঁকুড়া বলুন—এই সমস্ত ঘর ছাড়া লোকগুলো যদি অসৎ সংসর্গে পড়ে—কোনো কে.এল.ও. জঙ্গীর সংসর্গে পড়ে, কোনো উগ্রপন্থী বামপন্থী দলের সঙ্গে পড়ে অসৎ পথে যায় তার জন্য দায়ী কে হবে ? তারজন্য উত্তর দেবে কে ? আপনি সাময়িক রাজনীতি করার জন্য বলতে পারেন—তৃণমূলের কর্মী বিভ্রান্ত, কংগ্রেসের কর্মী বিভ্রান্ত। কিন্তু জাতির ভবিষ্যৎ আপনাকে ক্ষমা করবে না। তারজন্য অত্যন্ত নির্দিষ্টভাবে আপনাকে চিন্তা করার অনুরোধ জানাচ্ছি। রাজনৈতিক অপ্রেশন পৃথিবীর সবচেয়ে নিকৃষ্টতম অপ্রেশন। পশ্চিমবাংলায় এই নিকৃষ্টতম অপ্রেশন চালাবেন না। কোনো সদস্য বলছিলেন যে, দেখতে পারবেন, পশ্চিমবাংলার মত কেরালার কোনো সি.পি.এমের কমরেডকে যদি বলা হয়—তোমরা পলিটিকাল অপ্রেশন কি জিনিষ জান ? তারা লজ্জায় মাথা ঠেকাবে। তারা হারতেও জানে, জিততেও জানে। আপনাদের মত যেন-তেন-প্রকারেণ জিতিয়ে ক্ষমতায় থেকে অস্তিত্ব রক্ষার জন্য ব্যর্থ প্রয়াস তারা চালিয়ে যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষির ক্ষেত্রে বলছিলেন, আপনি সমবায়ের সঙ্গে যুক্ত, অত্যন্ত বিনয়ের সঙ্গে বলি, সমবায় আইন হয়নি কেন ? যে সমবায়কে আন্দোলন করে আত্মসম্মান, যে সমবায়কে কেন্দ্র করে আত্মমর্যাদা—প্রকল্প শুধু পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষে গড়ে ওঠার স্বপ্ন দেখে—অন্ধ্রপ্রদেশ পারে, মধ্যপ্রদেশ পারে, কর্ণাটক পারে, কেরালা পারে—১৯৮৩ সালে সমবায়ের আইন—সমবায় মন্ত্রী বার বার প্রতিশ্রুতি দেওয়ার পরেও কেন আজকে তা যথার্থ রূপায়িত হয়নি ? যারজন্য গোটা সমবায় আন্দোলন মুখ থুবড়ে পড়ে যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে তাই সভায় সরকারী এবং বেসরকারী সমস্ত দলকে নির্বিশেষে সোচ্চার হতে হবে—মডেল বা ইঅ্যাক্ট সারা ভারতবর্ষে যে দিক্ খুলে দিয়েছে, সেদিকে লক্ষ রেখে কাজ করা হোক।—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা আমার অনুরোধ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তন্তুবায় শিল্প হচ্ছে

বাংলার নিজস্ব শিল্প। রানী এলিজাবেথকে আমরা মুগবেড়িয়ার তাঁত শিল্প উপহার দিয়েছিলাম। আজকে তন্তুজ, তন্তুশ্রী কোটি কোটি টাকা লোকসান করেছে, ধুঁকছে পুরোটাই উঠে যাবে। ৩২ হাজারের মত সমবায়ের যে তাঁতশিল্প, তন্তুবায় সমবায় ছিল—বর্ধমান, বাঁকুড়া, মেদিনীপুরে ২ পারসেন্ট সমবায় বেঁচে নেই। শতকরা ২ ভাগও বেঁচে নেই। কার পাপে ? কিসের জন্য ? আজকে লক্ষ লক্ষ তন্তুবায় সমিতির সঙ্গে যুক্ত মানুষ হয় বিশ্বের পুঁজিপতিদের কাছে আত্মসমর্পণ করেছে, অথবা রুগ্ন শিল্পের মত অনাহারে দিন কাটাচ্ছে। তাই আজকে যে কাজগুলি আমাদের করা দরকার তন্তুবায় শিল্পের মত, আপনার যে হার্বাল প্রোডাকট, ট্র্যাডিশনাল—আজকে আমি বলছি যে ট্র্যাডিশনাল আমরা ইনডাসট্রিয়ালাইজেশানের স্বপ্ন দেখলাম—আজকে আমার ম্যান পাওয়ারের কারণে উন্নয়ন হবে, মগজ-ভিত্তিক কারণে, যন্ত্রভিত্তিক কারণে উন্নয়ন হবে। কোনো শিল্পে হাজার হাজার শ্রমিক থাকবে না, কোনো রাস্তা তৈরি করতে হাজার—হাজার শ্রমিক লাগবে না। তাই শ্রমশক্তিকে কাজে লাগবে না। উগ্রপন্থা অথবা মধ্যপন্থা মূল স্রোতের সঙ্গে থাকবে। সেটাই আমাদের বিকল্প দাবি। আমাদের ছোট ছোট কুটির শিল্প আজকে দেখছি শেষ হয়ে যাচ্ছে তাকে আমরা কি করে পুনরুজ্জীবিত করতে পারি—মাননীয় উপাধ্যক্ষ মহাশয় কি লজ্জার কথা—রেশন কার্ড পশ্চিমবঙ্গে সবাই পায়। মাধ্যমিক পাস করে গেছে অথচ রেশন কার্ড নেই। রেশন কার্ড আজকে যাচ্ছে গ্রাম-বাংলায়—১ শত দরকার, ৫০টা দরকার—যাচ্ছে ৫ টা। আবার ৩ মাস অন্তর যাচ্ছে। আবার বলে যে ভোট দিবি তো তবেই রেশন কার্ড পাবি—নো ভোট, নো রেশন কার্ড। এটা-ই পশ্চিমবঙ্গ। আর একটা হচ্ছে সেচ বিভাগ—গঙ্গা থেকে সমস্ত নদী এবং সমুদ্র উপকূলবর্তী যে ভাঙন হচ্ছে, সামান্য ব্যাঙের ঠোঁঠের মত বৃষ্টি হলে গোটা পশ্চিমবঙ্গে ভাসে-এটা সেচ বিভাগের প্রোডাক্ট। এটাকে দূর করতে গেলে আজকে যে সমস্ত সমুদ্র উপকূলবর্তী জায়গাগুলি আছে সেগুলিকে যদি রক্ষা করতে হয়, তাহলে সমগ্র সেচ-বিভাগকে করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আরও আপনি দেখবেন—অবাক হবেন যে,পর্যটন যেটা বিশ্বের একটা সৃষ্টি—চিত্তাকর্ষক একটা লাভজনক শিল্প—রাজ্যপালের ভাষণে তা নেই। রাজ্যপালের ভাষণে সে বিষয়ে উল্লেখ নেই। তাকে আরও বিস্তৃত—ব্যপ্তি করার কোনো চেষ্টা নেই। সেইজন্য এই সংশোধনীকে সমর্থন করে, রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ দেবেশ দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর শ্রী পদ্মনিধি ধর যে প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। আমার বিরোধী বক্তা—বিরোধী দলের বক্তা এক্ষুণি বললেন।

[5.20—5.30 p.m.]

যে কেন্দ্রীয় সরকারকে আমরা কেন বিরোধিতা করছি। আমরা সেই কেন্দ্রীয় সরকারকে বিরোধিতা করছি যারা কারগিলে কফিন কিনে সি.এ.জি রিপোর্ট অনুযায়ী ১৭২ ডলারের কফিন ২৫ শত ডলারে কিনেছেন। যারা সৈন্যদের যে মৃতদেহ নিয়ে যাওয়া হবে সেই বডি ব্যাগ ২৭.৫৩ ডলারের সেই বডি ব্যাগ কিনেছেন ৮৫ ডলারে। আমরা এই কেন্দ্রীয়

সরকারের বিরোধিতা করছি যারা এয়ারপোর্ট অথরিটি অফ্ ইন্ডিয়ার টাকায় লক্ষ লক্ষ আসবাব কিনেছেন বাড়ির জন্য এবং নিজের ফুর্তি করার জন্য খরচ করেছেন। আমরা সেই কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করছি যে কেন্দ্রীয় সরকারের মন্ত্রী ছিলেন তেহেলকা করেছিল—যে ৭০ পারসেন্ট কমিশন পায় মন্ত্রীরা—সেই মন্ত্রীসভার আমরা বিরোধিতা করছি। আমরা সেই কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করছি যারা এখানেই হাজার হাজার শ্রমিককে কর্মচ্যুত করে দিয়েছে। আমাদের রাজ্যের বহু কলকারখানাকে, রাষ্ট্রায়ত্ত কারখানাকে বন্ধ করে দিয়েছে। সেই কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করছি। আমাদের বিরোধী দলের বক্তা বললেন যে খাদ্য শস্য বলতে শুধু ধান বোঝায় না—হ্যাঁ, খাদ্যশস্য বলতে তৈলবীজও বোঝায়। সেই তৈলবীজের উৎপাদন কমেছে। কেন্দ্রীয় সরকারের ইকনমিক সার্ভে রিপোর্ট আমাদের অ্যাসেম্বলীর লাইব্রেরীতে আছে সেখানে দেখে নেবেন খাদ্যশস্যের মধ্যে তৈলবীজ উৎপাদনে পশ্চিমবঙ্গ এগিয়েছে। আমাদের বিরোধী দলের বক্তব্য শুনতে গিয়ে দেখলাম যে কখনো কখনো কোনো কোনো বক্তা এটা বলতে চাইছিলেন যে আপনাদের মন্ত্রীসভা ভাল, আপনারা ভাল কিন্তু আপনার এই প্রশাসনের লোকগুলি খারাপ। আপনাদের অভিযোগ আমাদের মন্ত্রীদের বিরুদ্ধে নয়। কিন্তু আমাদের অভিযোগ আপনাদের কেন্দ্রীয় সরকারের মন্ত্রীদেরই বিরুদ্ধে। সরাসরি তাদেরই বিরুদ্ধে আমরা অভিযোগ করছি। তাদের নীতি আজকে সর্বনাশের দিকে নিয়ে যাচ্ছে। গত কয়েক বছর ধরে কেন্দ্রীয় সরকারের মন্ত্রীদের নামে যে দুর্নীতির কথা শোনা যাচ্ছে তা সত্য। কিন্তু রাজ্যের বামফ্রন্ট সরকারের মন্ত্রীদের বিরুদ্ধে কোনো দুর্নীতির কথা ২৬ বছরেও শোনা যায়নি। এটাও সত্য। অরুণাভবাবু বললেন, 'পুলিশ দুর্নীতিতে ভরে গেছে।' বিভিন্ন পুলিশ কর্তার রিপোর্টে নাকি এ কথা বলা হয়েছে। কোনো পুলিশ কর্তা নাকি বলেছেন, পশ্চিমবঙ্গে রেপ এবং প্রসটিটিউটে তৃতীয় স্থানে পৌঁছে যাচ্ছে। ওনার কথায় যে পুলিশ দুর্নীতিতে ভরে গেছে। সেই পুলিশেরই কারো কারো রিপোর্ট নিয়ে উনি এই সব অভিযোগ এখানে পেশ করলেন। সে জন্য আমি ওঁকে বলছি একটু ভাবুন। পশ্চিমবাংলায় পুলিশের মধ্যে যে পরিস্থিতি আছে তা অন্যান্য রাজ্যের পরিস্থিতির চেয়ে ভাল। আর যাই হোক এখানে পুলিশ গুজরাটের মত দাঙ্গা করতে নামে না। সামগ্রিক পরিস্থিতির মধ্যে মুষ্টিমেয় কয়েকজন পুলিশ হয়ত দুর্নীতিগ্রস্ত হতে পারে এবং তাদের মধ্যে অনেকে রিটায়ার করার পরে ওঁদের দলে যোগ দিয়ে নির্বাচনে ক্যানডিডেট হতে পারে।

আজকে এখানে মাননীয় সদস্য আবু হাসেম খান চৌধুরী বলেছেন, 'গোটা ভারতবর্ষে যেভাবে জনসংখ্যা বাড়ছে তাতে এ রাজ্যে জনসংখ্যা নিয়ন্ত্রণ করার জন্য রাজ্য সরকার নিশ্চয়ই ব্যবস্থা নেবেন।' আমি মাননীয় সদস্যকে আশ্বস্ত করে জানাচ্ছি, ভারতবর্ষে মোট ১৫টি রাজ্য আছে, যে রাজ্যগুলিতে ১ কোটির বেশি জনসংখ্যা। সেই রাজ্যগুলির মধ্যে তামিলনাড়ু এবং কেরালাকে বাদ দিয়ে বাকি ১২টি রাজ্যের তুলনায় পশ্চিমবাংলার জনসংখ্যা বৃদ্ধির হার কম। এ ১২টি রাজ্যের চেয়ে আমাদের রাজ্যে জন্মহার কম। আমি সমস্ত ডাটাগুলো তার এখানে উল্লেখ করছি না সময়াভাবের জন্য। আপনারা ইকনমিক সার্ভে অব ইন্ডিয়ার গত বছরের রিপোর্টের মধ্যে এটা পাবেন। বিরোধী দলের অনেক বক্তাই

এখানে বলে গেলেন যে, এ রাজ্যে নাকি সাংঘাতিকভাবে অপরাধ সংঘটিত হচ্ছে। এবিষয়ে যদি আমরা গোটা দেশের সমস্ত রাজ্যগুলির দিকে তাকিয়ে দেখি তাহলে আপনারা দেখতে পাবেন যে, আই.পি.সি. অনুযায়ী যত ক্রাইম হয় তার মধ্যে পার লাখে অন্ধ্রপ্রদেশের ক্ষেত্রে তা হচ্ছে ১৭১.৮, গুজরাটে ২০৪.৪, কেরালায় ২০৬.৯, কর্ণাটকে ৩২৬.২—আমি আর সংখ্যা বাড়াতে চাইছি না—ওয়েস্টবেঙ্গলে পার লাখে ৭৬.৭। মোট ২৮টি রাজ্য এবং ৭টি কেন্দ্র শাসিত অঞ্চল মিলিয়ে মোট ৩৫টির মধ্যে পশ্চিমবাংলার স্থান ৩২-তম। আমাদের চেয়ে ভাল তথা শান্তিপূর্ণ অবস্থায় রয়েছে তিনটি রাজ্য—একটা মেঘালয়, দ্বিতীয় নাগাল্যান্ড এবং তৃতীয়টি হচ্ছে লাক্ষাদ্বীপ। বিরোধীদের আমি বলব, আপনারা নির্বাচন এলেই বলেন,—৩৫৬ ধারা জারি করো, আমরা ৩৫৬ চাই। যদি ৩৫৬ জারি করতেই হয় তাহলে মেঘালয়, নাগাল্যান্ড এবং লাক্ষাদ্বীপ বাদ দিয়ে সমস্ত ভারতবর্ষেই ৩৫৬ জারি করতে হবে। কিন্তু কেন্দ্রীয় সরকার তা করতে পারছে না। তাই আমি ওঁদের অনুরোধ করছি মানুষের কাছে ভোট চাইবেন, ৩৫৬ চাইবেন না। গত পঞ্চায়েত নির্বাচনে আপনারা এই ভুল করেছিলেন। মানুষের ৩৫৬ দেওয়ার ক্ষমতা নেই, তাই তাঁরা তা দিতে পারেননি। দয়া করে মানুষের কাছে ভোট চান। ভায়োলেন্ট ক্রাইম সম্বন্ধে ন্যাশনাল ক্রাইম ব্যুরো সর্বশেষ যে রেকর্ড পেশ করেছে তাতে বলা হচ্ছে অরুণাচলপ্রদেশ, রাজস্থান, কেরালা প্রভৃতি রাজ্যের চেয়েও অনেক পেছনের স্থানে রয়েছে পশ্চিমবাংলা। একদম সামনের দিকের রাজ্যগুলোর কথা তো ছেড়েই দিলাম। আমি আর এ রেকর্ডটা পড়ছি না। ন্যাশনাল ক্রাইম ব্যুরোর সর্বশেষ পেশ করা রেকর্ডটা আপনারা একটু দেখে নেবেন। তার একটা হিসেবই আমি এখানে উল্লেখ করছি, তাতে বলা হচ্ছে—২০০১ সালে ভায়োলেন্ট ক্রাইম আমেদাবাদে সংঘটিত হয়েছে ৯০টি, ব্যাঙ্গালোরে ২২১টি, চেন্নাইতে ৯১টি, মুম্বাইতে ৪৪২টি আর কলকাতায় ৬৫টি। এটা সারা বছরের হিসাব। তাহলে আমরা যদি ৫২টা সপ্তাহ ধরি দেখব যে, পার সপ্তাহ ১.২৫টি ঘটনা কলকাতায় হয়েছে। এটাও হওয়া উচিত নয়। মাননীয় সদস্য জ্যোতির্ময় কর মাননীয় সদস্য লগন দেও সিং-এর বক্তব্যের পরিপ্রেক্ষিতে বললেন, "এটাই কলকাতা তথা পশ্চিমবাংলার হেরিটেজ।" হ্যাঁ, এটাই হেরিটেজ এবং আমরা এই হেরিটেজ রক্ষা করছি। এই হেরিটেজ রক্ষা করার জন্যই মানুষ বামফ্রন্টকে ক্ষমতায় এনেছে। কিন্তু এই পরিস্থিতি পশ্চিমবাংলায় চিরকাল ছিল না।

[ 5.30—5.40 p.m. ]

আমরা জানি ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে সন্ত্রাসের কথা বললে আপনারা হই হই করে উঠবেন। কিন্তু সেই ১৯৭০ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত সেই যন্ত্রণার দিনগুলিতে অনেক মানুষ পীড়িত হয়েছে। আমাদের বিখ্যাত চলচ্চিত্র পরিচালক প্রয়াত সত্যজিৎ রায়ের স্ত্রী শ্রীমতী বিজয়া রায় রেগুলার দেশ পত্রিকায় একটি লেখা লিখছেন। সেই লেখাতে উঠে আসছে ১৯৭০-৭১ সালের দিনগুলির কথা। গত ১৭ ফেব্রুয়ারী, ২০০৪ সাল দেশ পত্রিকায় শ্রীমতী বিজয়া রায় ১৯৭০-৭১ সালের ঘটনার কথা লিখতে গিয়ে বলেছেন—আপনারা একটু ধৈর্য্য ধরে শুনুন, যদিও আমি জানি আপনারা অনেক মনীষীর

কথা শুনতে চান না, রবীন্দ্রনাথের গান শুনতে আপনাদের ভাল লাগে না, কিন্তু ভোটের আগে একটু মন দিয়ে শুনুন—তিনি লিখেছেন ১৭ ফেব্রুয়ারী, ২০০৪ সালে যেটা দেশ পত্রিকায় বেরিয়েছে, ১৮ জানুয়ারী, ১৯৭১ সালের ডায়েরীতে তিনি লিখেছেন, 'কলকাতায় তখন ৯-১০টি করে খুন হচ্ছে।' আজকের হিসাবে সপ্তাহে ১.২৫। ১৯৭১ সালের ডায়েরীতে তিনি লিখেছেন, 'কলকাতায় তখন ৯-১০টি করে খুন হচ্ছে, এইরকম একটা পরিস্থিতি যা স্বপ্নেও ভাবতে পারি না, সব সময় ভয়, কখন কি হয়, মানুষের জীবনে কিছুই নেই। কত তাজা তরুণ চলে যাচ্ছে।' এটা আমার কথা নয়, শ্রীমতী বিজয়া রায় লিখেছেন, পুলিশ রেকর্ডেও পাবেন যে রোজ ৯-১০ জন করে খুন হয়েছে ? আমাদের বিরোধী দলের নেতা, শ্রী পঙ্কজ ব্যানার্জী তিনি যে অঞ্চলে থাকেন সেই অঞ্চলে দুই ভাই খুন হয়ে গেল। হাজার হাজার মানুষের মিছিল বেরুলো, শোক সভা হল, এখনো শহিদ বেদী আছে, কিন্তু পুলিশের খাতায় নাম নেই। এই হচ্ছে ১৯৭১ সালের ঘটনা। শ্রীমতী বিজয়া রায় কিন্তু এখানেই থেমে থাকেননি, তিনি লিখেছেন, যারা পলিটিক্স করছেন তাদের মধ্যে মারামারি চলছে, চলবে, কিন্তু ভাবতে সব থেকে খারাপ লাগে কত নির্দোষ লোক সাথে-সাথে প্রাণ হারাচ্ছে। এর শেষ কোথায় ? ১৯৭১ সালে সেটা ভাবা যায় না। কিন্তু ১৯৭৭ সালে তার শেষ হয়েছে। সেই অন্ধকার যুগ পেরিয়ে ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় আবার নতুন সূর্য্য উঠেছে এবং সেই নতুন সূর্য্যের আলোকে আলোকিত হয়ে পশ্চিমবঙ্গের মানুষ এই বামফ্রন্টের সূর্য্যকে আর ফিরিয়ে দিতে চায় না। তারা সভয়ে দেখেছে গুজরাটের ঘটনা। আপনাদের শাসকদলের লোকেরা মায়ের পেট থেকে বাচ্চা ছিনিয়ে হত্যা করেছে আর তখন দেখেছে আপনাদের দলের সমর্থক সেই কেন্দ্রীয় সরকারকে ওই রাজ্যের সরকারকে সমর্থনের কথা। তাই পশ্চিমবাংলার মানুষ ওই যুগকে আর ফিরিয়ে আনতে চায় না, তারা মনে করে পশ্চিমবঙ্গে যে সূর্য্য আছে সেই সূর্য্যই থাকবে। এই কথা বলে শ্রী পদ্মনিধি ধর যে ধারায় এই প্রস্তাব রেখেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নেপাল মাহাত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬ ফেব্রুয়ারী মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন এই বিধানসভায় তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব মাননীয় সদস্য পেশ করেছেন আমি তার বিরোধিতা করি এবং মাননীয় সদস্যরা যে অ্যামেন্ডমেন্ট দিয়েছেন এই ভাষণের উপর তাকে সমর্থন করে দু-একটি কথা বলছি। মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব উঠেছে তার বিরোধিতা করা ছাড়া আমার অন্য কোনো উপায় নেই। আমি আজকে ২০০২ সালে রাজ্যপালের ভাষণের উপর কয়েকটি বিষয়ের উপর বলতে চাই, কারণ আজকে যে আলোচনা হচ্ছে তা বেশিরভাগই আমার যে জেলা অর্থাৎ আমি যে জেলার এম.এল্.এ. সেই জেলার এম.সি.সি. এবং পি.ডব্লু.জি-র অ্যাকটিভিটির কথা এখানে হচ্ছে। সুতরাং ২০০২ সালের ২৭ ফেব্রুয়ারী রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন সেখানে তিনি একটা জায়গায় বলেছিলেন, "The heightened activities of CPI-ML(Peoples' War Group) and MCC in certain forest areas of Paschim Medinipur, Bankura and Purulia districts inhabited mostly by tribals and their attempts

to forge a corridor from Andhra Pradesh through West Bengal, Jharkhand and Bihar joining the Maoist extremists of Nepal have caused concern for the administration. The State Government's strategy for dealing with the situation, apart from stern police action, includes intensive development work for the benefit of the local population and emphasis on resumption of normal political activities by all political parties and this strategy is paying rich dividends." ২০০২ সালে বললেন এম.সি.সি. এবং পি.ডব্লু.জি. গ্রুপ এখানে তৈরি হয়েছে। তার জন্য সরকার অনেক ডেভলপমেন্ট ওয়ার্ক করছে এই সমস্ত এলাকায়। বিশেষ করে ট্রাইবাল বেল্ট যেখানে আছে সেই সব এলাকায় পুলিশ অ্যাকশান ইত্যাদি নেওয়া হয়েছে। এই বিষয়ে সরকার একটা সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়েছে। ২০০৩ সালে রাজ্যপাল ভাষণ দিয়েছিলেন, সেখানে তিনি বলছেন—"রাজ্যের কয়েকটি অঞ্চলে চরম বামপন্থার ঘটনা আমার সরকারের কাছে এরকমই একটা উদ্বেগের বিষয়। বিহার, ঝাড়খন্ড ও ওড়িশার মত প্রতিবেশী রাজ্য এবং অন্ধ্রপ্রদেশে এই আন্দোলন প্রবলভাবে মাথাচাড়া দিয়ে শক্তি সঞ্চয় করার ফলেই এই রাজ্যেও চরম বামপন্থার পুনরুত্থান ঘটেছে। এই আন্দোলনের অভিঘাতেই সি.পি.আই.-এম.এল (জনযুদ্ধ) ও এম.সি.সি.-র মত বিভিন্ন রাজনৈতিক গোষ্ঠীর উপদ্রব সৃষ্টি করছে। এই আন্দোলনে ক্ষতিগ্রস্ত প্রত্যন্ত অঞ্চলে উন্নয়নের কাজে গতিসঞ্চার ও ধারাবাহিক পুলিশি তৎপরতার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার এই রাজ্যে এই আন্দোলন অনেকটাই নিয়ন্ত্রণ করতে পেরেছে। অবশ্য আমাদের প্রতিবেশী বিভিন্ন রাজ্যের সরকার এই সমস্যার সমাধানকল্পে বিচক্ষণ কর্মপন্থা গ্রহণ না করলে, আমাদের পক্ষে ফলপ্রসূভাবে সমস্যাটি মোকাবিলা করা সম্ভব নয়।" এটা হল তাঁর ২০০৩ সালের বক্তব্য। ২০০৪ সালে কি বললেন ? "সি.পি.আই.এম.এল (জনযুদ্ধ এবং এম.সি.সি-র নেতৃত্বে যে উগ্র বামপন্থী আন্দোলন চলছে তা রাজ্যের অভ্যন্তরীন নিরাপত্তা ব্যবস্থার ক্ষেত্রে একইভাবে গুরুতর উদ্বেগের বিষয়। সশস্ত্র বিপ্লব ও হিংসায় বিশ্বাসী এই সব চরমপন্থী গোষ্ঠীর কার্যকলাপের মূল ঘাঁটি হল অন্ধ্রপ্রদেশ,ওড়িষ্যা, ঝাড়খন্ড ও বিহারের মত প্রতিবেশী রাজ্য। এইসব গোষ্ঠী পশ্চিম-মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় কয়েকটি অঞ্চলে ঘাঁটি গেড়েছে। ২০০৩ সালে এই চরমপন্থী দলগুলোর হিংসাত্মক কার্যকলাপের মাত্রা আগের বছরের তুলনায় কিছুটা কম। রাজ্য সরকার আধা-সামরিক বাহিনী ও স্থানীয় পুলিশ মোতায়েন করার মাধ্যমে উপদ্রুত অঞ্চলে ব্যাপক তল্লাশি চালিয়ে ও টহলদারির ব্যবস্থা করে এবং এইসব প্রত্যন্ত অঞ্চলে উপজাতিভুক্ত জনসমষ্টির অবস্থার উন্নতি সাধনের লক্ষ্যে বিভিন্ন সুনির্দিষ্ট উন্নয়ন প্রকল্প গ্রহণ করে এই বিপদের মোকাবিলা করার চেষ্টা করছে।" আমার একটা প্রশ্ন আছে। মাননীয় মুখ্যমন্ত্রী স্বয়ং বিধানসভাতে দাঁড়িয়ে বলেছিলেন এম.সি.সি. উগ্রপন্থীদের মোকাবিলা করার জন্য ঝালদায় একটা থানা করা হবে। ২০০১ সালে আমি প্রথম এম.এল.এ. হয়ে আসি। দুর্ভাগ্যের বিষয় সেখানে থানা হবার ব্যাপারে ফিনান্স থেকে ক্লিয়ারেন্স পাওয়া যায়নি। এই হচ্ছে এম.সি.সি এবং জনযুদ্ধ গোষ্ঠীর বিরুদ্ধে

পদক্ষেপ। ২০০৩ সালে বললেন যে পুলিশি অ্যাকশন এবং বিভিন্ন রকম কার্যকলাপের ফলে জনযুদ্ধ এবং এম.সি.সি. তৎপরতা অনেকটা কমিয়ে দিয়েছে। ২০০৪ সালে বললেন এম.সি.সি. এবং জনযুদ্ধের তৎপরতা অনেকটা নিচে নামিয়ে এনেছেন। কখন বলছেন ? সারা পশ্চিমবাংলায় যখন উগ্রপন্থীদের হামলায় প্রথম ও.সি. মারা যাচ্ছে। নীলমাধব দাস, ও.সি. মারা গেলেন।

[ 5.40 – 5.50 p.m. ]

তাহলে কি ২০০৪ সালে নিচে নেমে এলো ? কিভাবে এই জিনিস হয় আমি জানি না। পুলিশে যখন কোনো লোকের অ্যাপয়েন্টমেন্ট হয় তখন কোনো ও.সি-কে তার হোম থানায় কখনও অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় না, তার বাড়ির সামনে পোস্টিং দেওয়া হয় না। পুলিশ লাইনে এইরকম একটা কনভেনশান আছে এটা আমি জানি। কোনো হার্ড অ্যান্ড ফাস্ট নিয়ম না থাকতে পারে কিন্তু এই রকম কনভেনশান আছে বাড়ির সামনে ও.সি. করা হয় না। কিন্তু নীলমাধব দাসকে করা হল। যেখানে সে মার্ডার হয়েছে তার ১ কিলোমিটার দূরে তার বাড়ি। পরবর্তীকালে ২০০৪ সালে কয়েক দিন পরে এই ভাষণ দেওয়া হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে গিয়ে বড় বড় ভাষণ দিলেন। তিনি বললেন যে এমন কিছু স্টেপ নিয়েছি যার জন্য আজকে এম.সি.সি. পি.ডব্লু.জি. হাত গুটিয়ে জঙ্গলে ঢুকে গেছে। তাঁর ভাষণের ফল কি হল ? ৭জন পুলিশ কর্মী মারা গেল। পুলিশেরা ট্রেকারে করে যাচ্ছিল। মাইন বিস্ফোরণে তারা মারা গেল এবং সঙ্গে একজন ড্রাইভার মারা গেল। মোট ৮জন মারা গেল। এই ঘটনা ঘটেছে মাননীয় মুখ্যমন্ত্রীর জনসভার ২২ কিলোমিটার দূরে যেখানে তিনি বড় বড় ভাষণ দিয়েছিলেন। তিনি একবারও জানেন না পুলিশ, যাদের উপর নির্ভর করে তিনি বক্তব্য রাখছেন তাদের ক্ষমতা কতটুকু। ঢাল নেই তরোয়াল নেই নিধিরাম সর্দার। আমাদের ঝালদাতে প্রচুর পুলিশ আছে। তাদেরকে সেখানে মোতায়েন করেছেন। তাদের কাজ কি ? গাড়ির তেল বিক্রি করা। গাড়ির তেল নিয়ে তারা যাবে এম.সি.সি.-র বর্ডারে। তারা বেকার ছেলেদের তেল বিক্রি করে। তারা আবার সেই তেল পাবলিককে বিক্রি করে। সেখানে বি.এস.এফ.কে মোতায়েন করা হয়েছে। তারা আছে কোথায় ? মাহাতোমারা হাসপাতালের মধ্যে। সেই হাসপাতালে কোনো রোগী নেই। বি.এস.এফরা সেখানে আছে। সেই হাসপাতাল থেকে ৬কিমি দূরে ঝাড়খন্ডের বর্ডার। আমি বার বার বলেছি, কোনো কথাই শোনেনি। কোথায় পুলিশের জনগণের সঙ্গে মিশে যাবার প্রবণতা ? এই জিনিসগুলোকে চেক করতে হবে। বারবার বলা হয়েছে, ওখানে বাবুই ঘাসের রেট ঠিকভাবে দেওয়া হয় না। বান্দোয়ানে এস.সি., এস.টি. এবং ও.বি.সি সম্প্রদায়ের যারা আছে তারা ওইসব এলাকাতে খুব কষ্ট করে বাবুই ঘাস সংগ্রহ করে। বাবুই ঘাস থেকে এক ধরণের দড়ি তৈরি করে। তার থেকে খাট হয়। এই দড়ির রেট তাদের দু'টাকা করে দেওয়া হয়। কলকাতা থেকে যেসব এজেন্ট যায় তারা দু'টাকা করে দেয় এবং পরবর্তীকালে সেগুলো ৮ টাকা করে বিক্রি করে। ২০০১, ২০০২, ২০০৩ এবং ২০০৪, চারবার রাজ্যপালের ভাষণ হল। সবাই এই কথা বললেন। অথচ সরকার কোনো স্টেপ নিলেন না। একটা থানা করার

জন্য কত বছর সময় লাগে ? আমরা দেখলাম উন্নয়নের জন্য কিছু অফিসারকে ডাকা হয়েছে। উন্নয়ন করতে হবে। উন্নয়নের জন্য এবারেও অফিসারদের ডাকা হয়েছে। কে করবে উন্নয়ন—পঞ্চায়েত। কোন পঞ্চায়েত ? যারা ২৫ বছর ধরে রাজত্ব করছে। আপনারা শুনলে অবাক হবেন—এখানে সেচের কথা বলা হয়েছে। পুরুলিয়াতে রিভার লিফট ইরিগেশন আছে মাত্র ১৪০টি। তারমধ্যে একশোটিই খারাপ। মুখ্যমন্ত্রী যখন ওখানে গিয়েছিলেন তখন আমি তাঁকে তালিকা দিয়ে বলেছিলাম রিভার লিফট ইরিগেশনের একশোটি খারাপ হয়ে আছে, আপনার ডিপার্টমেন্ট কি করছে ? চাকুরীতে না হয় আপনার এম্বার্গো থাকতে পারে। অন্য কিছুতে না হয় এম্বার্গো থাকতে পারে। কিন্তু আর.এল.আই.-এর মেরামতিতে কি এম্বার্গো আছে ? আমি দায়িত্ব নিয়ে বলছি, এখনো স্টীল সেগুলো আছে—একশোর ওপরে খারাপ হয়ে আছে। তাহলে এম.সি.সি. হবে না ? জনযুদ্ধ হবে না ? মোকাবিলা করবেন কিভাবে ? আমরা আজকে দেখছি এস.সি., এস.টির এবং ও.বি.সি.দের আপগ্রেডেশানের জন্য লোন দেওয়া হয় সেন্ট্রাল গভর্নমেন্টের স্কীমে। তার সুদের হার মাত্র ফোর পার্সেন্ট। এফ.ডি.সি.-র মাধ্যমে টাকাটা দেওয়া হয়। তার দরখাস্ত ফরোয়ার্ড করে জেলা পরিষদ। আপনারা শুনলে অবাক হবেন, চার বছর হয়েছে সেই স্কীম ইন্ট্রোডিউসড হয়েছে, ৪৪টি কেস রেকমেন্ডেড হয়েছে—ওনলি ফোরটি ফোর। এরজন্য দায়ী কে—জেলা পরিষদ। বারবার এখানে তাগাদা দেওয়া হয়েছে। আমি বারবার বলেছি, আপনার পার্টির যে লোক তাকে পাঠান। তবুও তিনি করতে নারাজ। আজকে আমরা কি দেখছি—তেল বিক্রি থেকে শুরু করে সমস্ত জায়গায় পুলিশের যে অত্যাচার, তার মাত্রা দিনের পর দিন যেভাবে বাড়ছে, এতে পি.ডব্লু. জি.কে বাদ দিয়েও গ্রামবাসীরা ক্ষেপে উঠবে। এর বিস্ফোরণ কেউ ঠেকাতে পারবে না। এখানে বিড়ি শিল্পের কথা, লাক্ষা শিল্পের কথা বলা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী জানেন কি, ঝালদায় এক সময়ে লাক্ষা কারখানা ছিল, সেটি সিটু'র অত্যাচারে উঠে গেছে ঝালদায় দশটি বিড়ি কারখানা ছিল—মাননীয় মুখ্যমন্ত্রী কি জানেন যে সেগুলো উঠে গেছে ? একটা মাত্র বিড়ি কারখানা এখন চলছে—মাননীয় মুখ্যমন্ত্রী কি সেটা জানেন ? অথচ আমরা দেখছি, আপনি বারবার বলছেন এস.সি.,এস.টিদের উন্নয়ন ঘটাবেন।

আমি শুধু আরেকটি কথা বলে শেষ করবো যে, আজকে বিধানসভাতে পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুর নিয়ে যে খুব আলোচ্য বিষয় হয়ে পড়েছে কিন্তু আপনারা শুনলে অবাক হবেন যে স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ-এর যে রেজিস্ট্রেশান হয় তাতে ২০০২-০৩ সালে দেখা গেছে এস এস আইয়ের রেজিস্ট্রেশানের জন্য দরখাস্ত জমার ক্ষেত্রে পুরুলিয়া শূন্য এবং বাঁকুড়া জেলাও শূন্য। একথা ইকোনমিক রিভিউ বলছে। সুতরাং এই ব্যাপারগুলো পর্যালোচনা করার দরকার যে কেন এইগুলো হচ্ছে। শেষে আমি একটা জরুরী কথা বলে শেষ করবো সেটা হচ্ছে যে, বি পি এল তালিকার ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী স্বয়ং বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলেন যে বি পি এল তালিকা যে তৈরি হয়েছে তাতে গলদ থাকায় সুপ্রিম কোর্টের অর্ডারে আবার নতুন করে তালিকা করতে হবে। এখন পুরনো তালিকা মানা হবে না নতুন তালিকা করা হবে এই ব্যাপারে সিদ্ধান্ত পরিষ্কার করে না নেওয়ার জন্য এস.সি., এস. টি. এরিয়াতে আই টি ডি পি

ভিলেজে বি.পি.এল তালিকায় নাম নেই, এরফলে বহু যুবক কাজ ঠিকমত পাচ্ছে না। সুতরাং এই বিষয়গুলো ভালো করে দেখার দরকার। এইকথা বলে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে, আমাদের আনীত সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[ 5.50 – 6.00 p.m. ]

**শ্রী নিশিকান্ত মেহেতা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬ তারিখে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে বক্তব্য রাখছি। ২০০৩ সালের রাজ্যপালের ভাষণে প্রথমেই উল্লেখিত ছিল যে, কে এল ও, এন ডি এফ বি এবং উল্ফা এদের নিয়ে একটা বিভেদ দেখা দিয়েছে এবং উগ্রপন্থীরা উত্তরবঙ্গের গোটা এলাকা জুড়ে সন্ত্রাস সৃষ্টি করতে চাইছে। এরইমধ্যে আনন্দের কথা যে, এই বছরে রয়াল ভুটান আর্মি এবং রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের সহায়তায় ওদেরকে নিয়ন্ত্রণ করা গেছে। ওই ভাষণে এর আগেও ছোটনাগপুর এলাকায় অর্থাৎ পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরের একটা অংশে জনযুদ্ধ গোষ্ঠী, এম সি সি এরা প্রচার কাজ ওখানে শুরু করেছে বলা হয়েছিল। ওদের ধরার চেষ্টা চলছে। এই ঘটনাটিকে ছোট করে দেখার কোনো অবকাশ নেই। সন্ত্রাসবাদ আর এই আন্দোলন কিন্তু আলাদা। আপনারা জানেন হয়ত এই ঘটনাগুলো একটার পর একটা বিচ্ছিন্ন ঘটনা নিয়ে জড়িত। এগুলো সব অন্য স্টেট বা ইন্টারন্যাশানাল স্টেটের সঙ্গে জড়িত। আপনাদের মনে আছে ১৯৯৫ সালে ১৭ই ডিসেম্বর বর্ডার এলাকায় অস্ত্র বর্ষণ হল, এ.কে ৪৭-এর অস্ত্র বর্ষণ হল। এরফলে ঝালদাতে কত অস্ত্র যে বর্ষণ হয়েছিল এবং তার কত রিকোভারি করা গেছিল তার কোনো হিসাব কেউ জানে না। তারপরে কেন্দ্রীয় সরকারের আদেশ অনুযায়ী প্লিটার বীচকেও তো ছেড়ে দেওয়া হল। শুধু তাই নয় ঝালদাতে মাসগড়ে জগদীশ তেওয়ারী নামে একজন চাষীকে প্রকাশ্য দিবালোকে গুলি করে মারা হল এবং তারই ২ কি.মি ব্যবধানে ঝাড়খন্ড এরিয়া। তারপরে বান্দোয়ানে মুখ্যমন্ত্রীর বিবৃতি দেবার ৭২ ঘন্টার মধ্যেই বান্দোয়ানের ও.সি কে মারা হল। সুতরাং এই বিষয়গুলোকে সমস্ত রাজনৈতিক দলেরই চিন্তা করা উচিত। যদি কেউ ভেবে থাকেন যে, এইসব দলগুলো যেমন এম সি সি এবং জনযুদ্ধ এদের দিয়ে বামপন্থী কিছু কর্মী এবং পুলিশকে খুন করলেই বামফ্রন্ট পিছিয়ে যাবে এবং আপনারা আরো শক্তিশালী হয়ে লড়াই করে মুখ্যমন্ত্রীর আসনে বসে সরকার চালনা করবেন, তাহলে বলছি আপনারা মূর্খের স্বর্গে বাস করছেন। এর খুব গভীরে যেতে হবে— ১৯৭২ সালে যখন কংগ্রেস থেকে বিচ্ছিন্ন হয়ে নকশাল পন্থী হয়েছিল এবং সিদ্ধার্থ শঙ্কর রায় যে পদ্ধতি নিয়েছিলেন যাকে পার তাকে খুন কর, এবং এই খুন খারাপির জন্য বহু হাজার হাজার যুবক তারা বাইরের রাজ্যে যথা অন্ধ্রপ্রদেশ, বিহার, ঝাড়খন্ড এবং উড়িষ্যাতে পালিয়ে গেছিল। তারা সব বুদ্ধিজীবী যুবক ছেলেরাই পালিয়ে গেছিল। এবং ওরা ওদের সঙ্গে চুক্তি করে সংগঠিত করার চেষ্টা করে,পরবর্তীকালে অন্ধ্র, উড়িষ্যা ও বিহারকে নিয়ে পুরুলিয়া জেলাকে একটা করিডরে পরিণত করার চেষ্টা করছে। এখানে এদেরকে বলি, আমি আপনাদেরকেও অনুরোধ করবো, আপনারা যারা বিরোধী পক্ষে আছেন তাঁরা চলুন, ঝাড়খন্ডে যাই, আমি আপনাদের নিয়ে যাব ১৮টি জেলার মধ্যে ১৪টি জেলায় দুইশত পুলিশ অফিস আছে, সেখানে

কিন্তু পুলিশ নিয়ন্ত্রণ করে না। আমার সঙ্গে চলুন, আমি আপনাদের দেখিয়ে দেব, জঙ্গলে জঙ্গলে থানার মতন আছে। থানা থেকে ৩/৪ কি.মি.। জঙ্গলের ভিতরে তাদের বিচার ব্যবস্থা আছে। সেই এলাকায় বিচার হচ্ছে। কার মেয়ের বিয়ে নিয়ে সমস্যা, ছাড়াছাড়ি, হাইকোর্ট হয়েছে, সুপ্রীম কোর্ট হয়েছে, বিচার পায়নি, দুই পক্ষকে রাত্রি ১২টার সময় জঙ্গলে তুলে নিয়ে যাচ্ছে ছেলেটাকে গাছে বেঁধে বলছে বিয়ে না করলে হাত কেটে দেবে ; ছেলেটা তখন ভয়ে বলছে ঠিক আছে আমি ওর সঙ্গে ঘর করবো। জমি নিয়ে বিবাদ হচ্ছে, জমির মালিককে তুলে নিয়ে যাচ্ছে—৩/৪ কি.মি জঙ্গলের ভিতরে—জমির মালিককে বলছে, অনেকদিন জমির ফসল খেয়েছ এবারে ছেড়ে দাও। জঙ্গলে ওদের এইসব অ্যাকটিভিটিজ্ হচ্ছে, ওরা এই জায়গায় আজকে অবস্থাটা নিয়ে গিয়েছে। মাস দুই আগে ঝালদা ২তে প্রায় দুই/তিন শত ছেলে মেয়ে ৪টে দোকান লুঠ করেছে, বেকারীর জ্বালায় এইসব করছে। একশত পুলিশ আছে, তারা সবাই জামা প্যান্টের ড্রেস খুলে লুকিয়ে থাকল, একজনকেও তারা গ্রেপ্তার করল না। ফলে এই যে জনযুদ্ধ বা এম.সি.সি-র সম্পর্কটা এটা খুশীর কথা নয়। সমস্যাটা শুধু পুলিশকে দিয়ে মোকাবিলা করা যাবে না, অর্থনৈতিক উন্নয়ন এর মত কিছু ঘটনাও আছে। তাই বলি, এটাকে নিয়ে সমস্ত রাজনৈতিক দল সবাই যদি আমরা এই বিপদ সম্পর্কে অনুভব করে তার মোকাবিলা করি তাহলে আমরা আমাদের পশ্চিমবাংলার যে ঐতিহ্য সেটাকে রক্ষা করতে পারব। এটা আমাদের কাছে বিচ্ছিন্ন ঘটনা নয়। এই জিনিস ঝাড়খন্ডে হচ্ছে। ঝাড়খন্ডের ২০টি ব্লকের মধ্যে ১১টি ব্লক হচ্ছে এখানে বান্দোয়ান, বড়াবাজার, বলরামপুর, বাঘমুন্ডি, ঝালদা এক ও দুই, জয়পুর, পুরুলিয়া দুই, পারা, রঘুনাথপুর, নিতুড়িয়া। পুরুলিয়া থেকে ৭৫ কি.মি. দূরে জঙ্গল এরিয়া সেখানে আরো অভাব অনটন রয়েছে সেখানে রাস্তা আছে, সেটা বিহার, সেখানে এখনো ১০/১৫ টাকায় শ্রমিকরা কাজ করে। এখনো মেয়েরা পুতলি পরে, ছোট আবরণ, সেই এলাকায় এসে ওরা মানুষকে সংগঠিত করছে। সুবিধা কি, ওখানে যখন কিছু ঘটছে তখন এখানে চলে আসছে, আবার এখান থেকে তাড়া খেয়ে ওখানে চলে যাচ্ছে মানুষকে উল্টোপাল্টা বুঝিয়ে যাচ্ছে, এখানকার পুলিশ ওখানে যেতে পারছে না। এটা বর্ডার এলাকা। এখন ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী যিনি আছেন অর্জুন মুন্ডা, তিনি এমনিতেই ভয়ে বেরুতে পারেন না। তিনি কোথাও যান না, বিজেপি সরকারের মুখ্যমন্ত্রী। তিনি রাঁচি-ধানবাদ কোনো কোনো সময়ে যান, এলাকার বাইরে তাঁর কোথাও মুভমেন্ট নেই। এটা হচ্ছে বাস্তব অবস্থা। আমাদের মুখ্যমন্ত্রী সঠিকভাবেই বান্দোয়ান গিয়েছিলেন, তিনি সেখানে বলেছিলেন মূল স্রোতে ফিরে এসো, তোমরা আমাদেরকে অভাব-অভিযোগগুলি বলো। তিনি যেটা বলেছিলেন তারা সেটা শোনেনি। সেখানে দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছে। সেখানে আমাদের দেখতে হবে নতুন করে, এলাকায় যেতে হবে, মানুষের শোষণ বঞ্চনা যেটা আছে, সেইগুলি আমাদের সরকারের পক্ষ থেকে দেখতে হবে। এই যে কর্মসূচী, সরকারী কর্মসূচী, সেইগুলি সঠিকভাবে রূপায়িত হচ্ছে কিনা দেখা দরকার। যখন আপনি পাচ্ছেন দিচ্ছেন, সেখানে আপনাকে আরো বেশি করে তত্ত্বাবধান করতে হবে। সেখানে তেমন কিছু নেই। আমাদের এখানে কি করা হয়, রাজ্য সরকার ভাগ করে দিল জেলা পরিষদকে, জেলা পরিষদ পঞ্চায়েত সমিতিকে, পঞ্চায়েত সমিতি গ্রাম পঞ্চায়েতকে অ্যাক্রডিং টু নীডস অগ্রাধিকারের ভিত্তিতে। কিন্তু সরকারী সুযোগ

সুবিধাগুলি সঠিকভাবে প্রয়োগ হচ্ছে কিনা সেটা দেখা দরকার। সরকারের কর্মসূচী সঠিকভাবে রূপায়িত হচ্ছে কিনা সেটা দেখা বিরোধীদের কর্তব্য। এইভাবে যদি আমরা যৌথভাবে দায়িত্ব পালন করতে পারি এবং ওই মানুষগুলোকে উন্নয়নের রাস্তা দেখাতে পারি এবং জনযুদ্ধের বিপদ সম্পর্কে অবহিত করতে পারি তাহলে ওইসব মানুষগুলোকে আমরা আবার মূলস্রোতে ফিরিয়ে আনতে পারব। এই প্রস্তাব রেখে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী মাফুজা খাতুন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের মহামান্য রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬নম্বর অনুচ্ছেদ অনুসারে এই বিধানসভায় যে ভাষণ প্রদান করেছেন এবং মাননীয় সদস্য পদ্মনিধি ধর কর্তৃক যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সম্পূর্ণভাবে সমর্থন করে এবং বিরোধীদের আনীত সংশোধনীগুলির তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমাদের রাজ্যে একটা শান্তির বাতাবরণ আছে, সাম্প্রদায়িক সম্প্রীতির একটা বন্ধন আছে এবং এখানকার আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। বিরোধী দলনেতা বক্তব্য রাখার সময়ে বললেন এখানকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নাকি সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে এবং মাননীয় রাজ্যপালের প্রদত্ত ভাষণ অর্ধসত্য এবং ভুলে ভরা। ওনার ভাষণের মূল বক্তব্যই ছিল জনযুদ্ধ, কে.এল.ও এবং এম.সি.সি নিয়ে। বিনীতভাবে আমি বিরোধী বন্ধুদের বলতে চাই গত বিধানসভা নির্বাচনের সময় এদের সঙ্গে কারা আঁতাত করেছিল। এত তাড়াতাড়ি আপনারা ভুলে যাচ্ছেন কেন ? গত বিধানসভা নির্বাচনের সময় অতুল রায়ের সঙ্গে তৃণমূল নেত্রী আসন সমঝোতার ব্যাপারে মিটিং করেছিল। সেইজন্য উত্তরবঙ্গের মানুষ ব্যালট বকসে্ তার জবাব দিয়েছিল। উত্তরবঙ্গ থেকে একমাত্র আপনাদের দলের আব্দুল করিম চৌধুরী জিতেছেন। দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়, বিশেষ করে মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়ার কিছু অংশে গত বিধানসভা নির্বাচনের সময় আপনাদের নেত্রী শ্লোগান দিয়েছিল—চমকাইতলায় গিয়ে শ্লোগান দিলেন, সি.পি.এমকে চমকে দিতে হবে। কেশপুরে গিয়ে বললেন, সি.পি.এমের এটা শেষপুর করে দিতে হবে। তিনি আরও শ্লোগান দিলেন 'হয় এবার, নয় নেভার।' কিন্তু আমরা দেখলাম চমকাইতলার মানুষ তৃণমূলকেই চমকে দিয়েছে, কেশপুর তৃণমূলেরই শেষপুর হয়েছে। আপনাদের প্রত্যক্ষ মদতে আজকে বিভিন্ন জায়গায় আইন-শৃঙ্খলার অবনতি ঘটানোর চেষ্টা হচ্ছে। এর জন্য দায়ী আপনারা। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেছেন ২০০৩ সালে রপ্তানি মূল্য ৮৪০ কোটি টাকা অতিক্রম করেছে। আমাদের রাজ্যে ভূমি সংস্কারের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি ঘটেছে, যদিও

[ 6.00 – 6.10 p.m. ]

এটা বিরোধীরা স্বীকার করেন না। ২০০৩-২০০৪ সালে ৬,৩২৯ একর কৃষিজমি ৩৭,৮১৪ জনের মধ্যে বন্টিত হয়েছে। এস.জে.আর.ওয়াই কর্মসূচীর অধীন ৭৩,০৩৩টি সেল্ফ হেল্প গ্রুপ গঠিত হয়েছে, ৫২,০০০ বেশি মহিলা গ্রুপ গঠিত হয়েছে। আজকে আমাদের রাজ্য খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ অর্জন করেছে। ২০০৩ সালে খাদ্যশস্য উৎপাদনের মোট পরিমাণ ছিল ১৫৫ লক্ষ টনেরও বেশি।

আমাদের রাজ্যে গত বছর ২০০৩ সালে সেচের আওতায় যে জমি এসেছে তার পরিমাণ ১৬,৪৭৫ হেক্টর। তিস্তা বাঁধ প্রকল্পের মাধ্যমে ১,২৩,৯৬০ হেক্টর জমি সেচের আওতায় এসেছে। সরকারি-বেসরকারিক্ষেত্রে ২০০৩ সালে ১৫,৭০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হয়েছে। আমাদের রাজ্যের ৩৭,৯১০টি জনবসতি এলাকার মধ্যে ৩১,৩৬৭টি মৌজায় বিদ্যুৎ পৌঁছে গেছে। ২০০৪ সালে এই পর্যন্ত ৮১০ কিলোমিটার সড়ক উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে। এই রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায়ের সার্বিক উন্নয়নের জন্য এই পর্যন্ত ২০,০২৯ জনকে ৭০ কোটি টাকা দেওয়া হয়েছে। মুসলিম মেয়েদের উচ্চশিক্ষার জন্য সাতটি গার্লস হস্টেল নির্মিত হয়েছে, আরও পাঁচটির কাজ চলছে। আমাদের দুর্ভাগ্য এসব ওদের চোখে পড়ে না। এন.ডি.এ. জোট সরকারে আছে এই তৃণমূল কংগ্রেস, তারা এসব উন্নয়ন স্বীকার করবে না, কারণ তাহলে দিদি গলা টিপে ধরবে। আগে মানুষের সঙ্গে মানুষের সাক্ষাৎ হলে সৌজন্যমূলকভাবে বলত নমস্কার বা আদাব, কিন্তু এখন ওদের কথায় বলতে হবে ফিল গুড ফ্যাক্টর, ইন্ডিয়া সাইনিং, ভারত উদয়, আয়া সবেরা। ফিল গুড ফ্যাক্টর বলে ওরা একটা সুখানুভূতি অনুভব করেন। কিন্তু গত ২৬শে জানুয়ারী প্রধানমন্ত্রীর নাতিকে দুষ্কৃতকারীর যখন ট্রেন থেকে ফেলে হত্যা করল, তখন প্রধানমন্ত্রী তার নাতির জ্বলন্ত চিতার সামনে দাঁড়িয়ে যদি বলতে পারেন ফিল গুড ফ্যাক্টর, তাহলে আমরা ১০৬ কোটি ভারতীয় তাঁর কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলতে পারি ফিল গুড ফ্যাক্টর। গত ৮ই সেপ্টেম্বর আপনাদের দিদি দপ্তরহীন মন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করে। তারপর চার দিন নয়, চার সপ্তাহ নয়, চার মাস পরে একটা দপ্তর পান—কয়লা দপ্তর। শত ধৌতের পরও যে কয়লার ময়লা যায় না, সেই কয়লা দপ্তর পেলেন। আমাদের রাজ্যে যে শান্তির পরিবেশ আছে, এখানে যে উন্নয়ন হচ্ছে, সেটা তো ওরা স্বীকার করবেন না। মিথ্যাচারই এদের বৈশিষ্ট বা চরিত্র, তাই বলছেন ওই দিদি আগামী লোকসভা নির্বাচনে এখানে ৪২টি আসনই তারা পাবেন। তিনি আগাম জামিন যেন নিয়ে নিয়েছেন এইভাবে আদবানীকে অনুযোগ করে রেখেছেন এখানে সায়েন্টিফিক রিগিং হবে। আমরা তো দেখেছি ২০০৩ সালের নির্বাচনে এখানকার মানুষ ওদের ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছেন। তাই, মাননীয় রাজ্যপাল এখানে যে ভাষণ রেখেছেন এবং মাননীয় সদস্য পদ্মানিধি ধর তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা সব সংশোধনীর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[ 6.10—6.20 p.m. ]

**ডঃ আশীষ ব্যানার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তার তীব্র বিরোধিতা করছি এবং বিরোধীদের আনা সংশোধনীগুলো সমর্থন করে আজকের এই বিতর্কে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় রাজ্যপালের মুখ দিয়ে যে সমস্ত কথা মন্ত্রিসভা বলিয়ে নিয়েছে সেগুলো সর্বৈব অসত্য, ভুলে ভরা ত্রুটিপূর্ণ আজকে মিথ্যাচার কোথায় গিয়ে দাঁড়িয়েছে। সারা পশ্চিমবাংলার মানুষ বিগত ২৬ বছর ধরে যে অভিজ্ঞতা লাভ করেছে সেই অভিজ্ঞতার আলোকে সহজেই বলতে পারবেন রাজ্যপালের ভাষণ একটা অসত্য প্রতিফলন। এই প্রতিবেদনে ভাষণের

প্রথমে বলা হয়েছে যে এই রাজ্যে শিল্পক্ষেত্রে অগ্রগতি উৎসাহব্যঞ্জক লক্ষণ এখনো দেখা যাচ্ছে কিন্তু কি উৎসাহব্যঞ্জক সেটা আমি বলছি। আমরা দীর্ঘকাল ধরে বীরভূম জেলায় একটা জিনিস নিয়ে গর্ব করতাম, গর্ব করতাম বাল্যকাল থেকে—আমেদপুর চিনি কল। এই চিনি কল বন্ধ হয়ে গেছে। শিল্প ক্ষেত্রে কি অগ্রগতির লক্ষণ সেটা সাধারণ মানুষ দেখতে পাচ্ছেন। একের পর এক শিল্পগুলো বন্ধ হয়ে গেল। আর এই রাজ্যে উৎসাহব্যঞ্জক লক্ষণ দেখা যাচ্ছে ? কর্ম বিনিয়োগের ক্ষেত্রে কোনো উৎসাহ শুনতে পাওয়া যাচ্ছে না। যুবকদের চাকরি কোনো কথা সেখানে ধ্বনিত হচ্ছে না। কর্মসংস্থানের কোনো কথা পাওয়া যাচ্ছে না অথচ উৎসাহের লক্ষণ দেখতে পাওয়া যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কতগুলো পরিসংখ্যান তুলে ধরছি। ২০০৩-এর এপ্রিল থেকে অক্টোবর পর্যন্ত বিভিন্ন রাজ্যে বিনিয়োগ ঘটেছে, সেই বিনিয়োগ দেখা যাচ্ছে মহারাষ্ট্রে প্রকল্প ৩৯২, ২৬কোটি ৩৮৮ টাকা এর শতকরা হিসাব ১৪.৬২, গুজরাটে প্রকল্প ১০৯, ২২ হাজার ৬১ কোটি টাকা, শতকরা হিসাব ১৩.০৬, কর্ণাটকে ২৬৭ প্রকল্প ১০ হাজার ১৮৫ কোটি টাকা, শতকরা হিসাব ৬.০০,অন্ধ্রপ্রদেশ ১৬৪টা প্রকল্প ১২ হাজার ৭৫৪ কোটি টাকা ও শতকরা হিসাব ৭.৫৫, মধ্যপ্রদেশ ৬১টা প্রকল্প ১০ হাজার ৪৬১ কোটি টাকা, শতকরা হিসাব ৬.১৯, উড়িষ্যা ২৭টা প্রকল্প ৯ হাজার ১৬৫ কোটি টাকা, ৫.৩৯ শতকরা হিসাব, ঝাড়খন্ড ৫৮টা প্রকল্প ৫ হাজার ৬৫৬ কোটি টাকা, শতকরা হিসাব ৩.৪২ আর পশ্চিমবাংলা ১৩৩টা প্রকল্প ৪৪১৫ কোটি টাকা, শতকরা হিসাব ২.৬১। এগিয়ে যাচ্ছে পশ্চিমবাংলা। ক্ষুদ্র শিল্প ১৯৯৭-৯৮তে নথিভুক্ত ১৬ হাজার ৩৫৯ ৫ বছরে কমে দাঁড়াল কত ? ৮ হাজার ৬০৪। আমরা এগিয়ে যাচ্ছি শিল্পক্ষেত্রে আমাদের অগ্রগতি ঘটছে। এই সরকার আর কিছু পারুক আর না পারুক প্রত্যেকটা ক্ষেত্রে একটা করে কর বাড়িয়ে চলেছেন। রাজ্যপালের ভাষণে সেই কর কেন বাড়ানো হল সে কথা বলা নেই। মোটর গাড়ির উপর ৫ বছরের এককালীন কর চাওয়া হয়েছে, আমরা দেখছি মোটর সাইকেলের উপর এককালীন কর দিয়েছেন মানুষ। তাদের আবার বলা হল জীবনকালীন কর দেওয়ার জন্য। ভাষণে একথা বললেন না যে কোন্ পরিস্থিতিতে এই কর সাধারণ মানুষের উপর চাপানো হল।

এছাড়া পেট্রোল ও ডিজেলের উপর প্রতি লিটারে ১ টাকা হারে সেস্ চাপানো হয়েছে। পেট্রোল ও ডিজেলের বিক্রয় কর বৃদ্ধি করে ১৮ শতাংশ থেকে বর্তমানে ২৫ শতাংশ করা হয়েছে। রেঁস্তোরায় খাদ্যের উপর ১৭.৫ শতাংশ কর চাপানো হয়েছে। পাঁচ তারা হোটেলের উপর ৩৩ শতাংশ কর চাপানো হয়েছে। ট্রেড লাইসেন্সের ফী সর্বোচ্চ ২৫০ টাকা থেকে বর্ধিত করে ২,৫০০ টাকা ধার্য করা হয়েছে। রাজ্য সরকারি হাসপাতালগুলোতে ১০গুণ চার্জ বৃদ্ধি করা হয়েছে। সরকারি ব্লাড ব্যাঙ্কগুলোতে প্রতি বোতল রক্তের দাম ১৭৫ টাকা থেকে বৃদ্ধি করে ৫০০ টাকা করা হয়েছে, ট্রাফিক আইন লঙ্ঘনের জন্য পুলিশী জরিমানা ৫০ টাকা থেকে বৃদ্ধি করে ৫০০ টাকা করা হয়েছে মেডিকেল কলেজে পড়াশোনা করার মাসিক ফী বর্তমানে ১৫০০ টাকা করা হয়েছে। নতুন চুঙ্গী কর ৮ শতাংশ হারে চাপানো হচ্ছে। এলাকা ভিত্তিক সম্পত্তির মূল্যায়ন সরকার এক তরফাভাবে করে দিচ্ছে। বাড়ীর আসল বাজার মূল্য যেখানে ১ লক্ষ টাকা সেখানে সরকার

সেই বাড়ীর মূল্য ধার্য করছেন ১০ লক্ষ টাকা। ফলে বাড়ী বিক্রি করতে গেলে অথবা উত্তরাধিকার সূত্রে কোনো ব্যক্তি সেই বাড়ীর মালিক হলে তাঁকে ৮ শতাংশ স্ট্যাম্প ডিউটি হিসাবে ৮০ হাজার টাকা সরকারকে দিতে হবে। অর্থাৎ বাড়ী বিক্রি করে যেখানে আসল মূল্য পাওয়া যাবে ১ লক্ষ টাকা সেখানে বাড়ী বিক্রেতাকে ৮০ হাজার টাকা স্ট্যাম্প ডিউটি দিতে হবে। নিম্ন মধ্যবিত্তদের জন্য তৈরি ৫৫০ বর্গফুটের ফ্ল্যাট রেজিস্ট্রি করতে আনুষাঙ্গিক খরচ সহ আপনাকে ৫৫,০০০ টাকা দিতে হবে। পূর্বে স্ট্যাম্প ডিউটি ছিল ৬ শতাংশ, বর্তমানে ৮ শতাংশ করা হয়েছে। এছাড়া শহর এবং গ্রামাঞ্চলে শিল্প ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের জমির উপর ৮ শতাংশ হারে নতুন কর ধার্য করা হয়েছে। বিদ্যুতে মাশুল গত ২ বছরে চারবার বৃদ্ধি করা হয়েছে। গত আগস্ট মাসে শেষ বৃদ্ধি করা হয়েছে ইউনিট প্রতি ৫২ পয়সা। বিদ্যুতের সিকিউরিটি ডিপোজিট হঠাৎ করে গ্রাহকদের উপর ১০ গুণ বৃদ্ধি হারে চাপানো হয়েছে। বিদেশী পণ্যের উপর ২০ শতাংশ হারে কর চাপানো হয়েছে। কোর্ট ফী সর্বোচ্চ ১০ হাজার টাকা থেকে ৫০ হাজার টাকা করা হয়েছে ব্যবসায়িক মামলায় কোনো উর্ধ্বসীমা রাখা হয়নি। শহরাঞ্চলে জমি এবং বাড়ীর উপর নতুন খাজনা চাপানো হয়েছে। ফলে ৮০০ বর্গফুট ফ্ল্যাটের জন্য আপনাকে দিতে হবে বছরে ৫০০ টাকা। শহরাঞ্চলে খাবারের দোকান প্রতি পুলিশ-কর ২৫০ টাকা থেকে বর্তমানে খাবারের রকম প্রতি ২৫০ টাকা করা হয়েছে। ফলে পূর্বে একজন দোকানদারকে ২৫০ টাকা পুলিশ কর দিতে হত এখন সেখানে ন্যূনতম ২৫০০ টাকা দিতে হচ্ছে। পুরকর অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। নতুন জলকর জনগণের উপর চাপানো হয়েছে। আপনারা পঞ্চায়েতের উপর কর বৃদ্ধির সুযোগ দিয়েছেন। জেলা-পরিষদ এবং গ্রাম পঞ্চায়েতগুলোর মাধ্যমে গরু-ছাগল-মোষের উপর কর নেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আমরা দেখছি গ্রামাঞ্চলে ব্যবসায়িক এবং শিল্পের জমির উপর ৮ শতাংশ হারে নতুন কর চাপানো হয়েছে। ধর্মীয় মেলা, যেমন গঙ্গাসাগর মেলার যাত্রীদের উপর মাথাপিছু ১০ টাকা করে কর চাপানো হয়েছে এবং যে সব স্বেচ্ছাসেবী সংগঠন তীর্থযাত্রীদের থাকার জন্য অস্থায়ী বাসস্থানের ব্যবস্থা করেছেন তাদের উপর প্রতি বর্গফুট জমির জন্য ৮ টাকা করে কর চাপিয়েছে রাজ্য সরকার। ইটভাটাগুলোর উপর করের মাত্রা তিনগুণ বাড়ানো হয়েছে। ফলে সব জায়গায় বাড়ী তৈরির ইটের দাম বৃদ্ধি পেয়েছে। গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রগুলোর চিকিৎসার উপর নতুন ফী ধার্য করা হয়েছে। পূর্বে এই স্বাস্থ্য কেন্দ্রগুলোতে বিনা পয়সায় চিকিৎসা করা হত। এই রকম অসংখ্য কর সাধারণ মানুষের উপর চাপানো হয়েছে। আপনারা যারা বলছেন রাজ্যকে সুন্দর, সুস্থির করে গড়ে তুলছেন তাদের কাছে জিজ্ঞাস্য আপনারা বিরোধী বক্তাদের বক্তৃতা নিয়ে, তৃণমূল নেত্রীকে নিয়ে নানা কথা বললেও রাজ্য সরকার কি উন্নয়ন করেছেন সেকথা কিন্তু বললেন না। আপনারা আজকে ভাবের ঘরে চুরি করছেন। যদিও সেটা আপনারা জানেন। আপনারা প্রায়ই ভূমি সংস্কারের কথা বলেন। কিন্তু বিভিন্ন গ্রামে খোঁজ নিলে দেখবেন যারা বর্গাদারের সার্টিফিকেট পেয়েছিল আজকে তাদের কাছ থেকে সেই সার্টিফিকেট কেড়ে নেওয়া হয়েছে। বিভিন্ন কারণে দল চাপ দিয়ে জমি থেকে তাদের উচ্ছেদ করছে। তাদের বর্গাদারের সার্টিফিকেট নষ্ট করার জন্য চাপ দেওয়া হচ্ছে। সি.পি.এম এই

ব্যবস্থা নিচ্ছে। সি.পি.এম দলকে কোনো বর্গাদার ত্যাগ করলে তার হাত থেকে বর্গাদারের সার্টিফিকেট কেড়ে নেওয়ার চেষ্টা হচ্ছে। আপনারা বলছেন বিদ্যুতায়ন করা হয়েছে। কি রকম ? একটা মৌজার একটা গ্রামে ২৩ কে.ভি একটা ট্রান্সফর্মার বসিয়ে দিলেন আর সেই মৌজার অসংখ্য গ্রাম পড়ে থাকলো তাদের বিদ্যুতায়নের কোনো ব্যবস্থা হয়নি।

আপনারা নিশ্চয় এটা মানবেন যে, আজকে বেশির ভাগ আদিবাসী এলাকায় দেখা যাচ্ছে যে, এই সরকার আদিবাসীদের পথে নামিয়েছেন। যে আদিবাসীদের নিয়ে এঁরা রাজনীতি করেছেন সেই আদিবাসীদের কল্যাণের কোনো কথা এঁরা তুলে ধরেননি। আজকে এই সরকার শুধু বিদ্যুতায়নই নয়, পানীয় জলও মানুষকে দিতে পারছেন না। ফ্লোরাইড এবং আর্সেনিক ভর্তি পানীয় জল মানুষ খেতে বাধ্য হচ্ছেন। আমি চালেঞ্জ নিয়ে বলতে পারি যে, একের পর এক গ্রামে, বীরভূম জেলার বিভিন্ন সাঁওতাল পল্লীতে মানুষকে কাদামাখা জল খেতে হয়। যে সরকার পানীয় জল দিতে পারেননি, যে সরকার শিক্ষা-সংস্কৃতি সমস্ত ক্ষেত্রে ব্যর্থতার নজির রেখেছেন সেই সরকারের লিখিত ভাষণ মাননীয় রাজ্যপাল মহাশয় পাঠ করেছেন—আমি তার বিরোধিতা করছি এবং আমাদের বিরোধীদের আনা সংশোধনীগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Adjournment**

The House was accordingly adjourned at 6.16 p.m. till 11 a.m. on Tuesday, the 9th March 2004 at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 9th March, 2004 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair, 11 Ministers, 10 Ministers of State and 142 Members.

[ 11.00—11.10 a.m. ]

## Starred Questions
## (to which oral answers were given)

### রাষ্ট্রীয় খামারের সংখ্যা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১) **শ্রী জ্যোতির্ময় কর** : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে রাষ্ট্রীয় খামারের সংখ্যা কত (জেলাওয়ারি) ; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি খামার স্বনির্ভর ?

**শ্রী আনিসুর রহমান** :

(ক) রাজ্যে জেলাওয়ারি রাষ্ট্রীয় খামারের সংখ্যা এইরূপ :

| ক্রমিক সংখ্যা | জেলা | খামারের সংখ্যা |
|---|---|---|
| ১। | উত্তর ২৪-পরগনা | ১ |
| ২। | দক্ষিণ ২৪-পরগনা | ৪ |
| ৩। | মুর্শিদাবাদ | ৩ |
| ৪। | বীরভূম | ২ |
| ৫। | নদীয়া | ৬ |
| ৬। | বর্ধমান | ৫ |
| ৭। | বাঁকুড়া | ৫ |
| ৮। | পুরুলিয়া | ২ |
| ৯। | হুগলি | ১ |
| ১০। | পশ্চিম মেদিনীপুর | ২ |
| ১১। | পূর্ব মেদিনীপুর | ১ |

| ক্রমিক সংখ্যা | জেলা | খামারের সংখ্যা |
|---|---|---|
| ১২। | জলপাইগুড়ি | ২ |
| ১৩। | কুচবিহার | ১ |
| ১৪। | মালদা | ১ |
| ১৫। | উত্তর দিনাজপুর | ১ |
| ১৬। | দক্ষিণ দিনাজপুর | ১ |
| ১৭। | দার্জিলিং | ৬ |
| | | মোট : ৪৪ |

(খ) বাণিজ্যিক ভিত্তিতে লাভ করার উদ্দেশ্যে সরকারি খামারগুলি প্রতিষ্ঠিত হয়নি।

**শ্রী জ্যোতির্ময় কর** : আমার কোয়েশ্চেন ছিল তন্মধ্যে কতগুলি খামার স্বনির্ভর ? স্বনির্ভর মানে সেল্ফ ডিপেন্ডেন্ট। উত্তর দিয়েছেন কমার্শিয়াল প্রফিটেবল নয়। কমার্শিয়াল প্রফিটেবল এবং সেল্ফ ডিপেন্ডেন্ট সমার্থক নয়, এক নয়। কোয়েশ্চেনের সঙ্গে উত্তরের কোনও সাদৃশ্য নেই। স্বনির্ভর না হলেও মাননীয় মন্ত্রী উত্তর দেবেন কি—কতগুলি স্বনির্ভর করতে পেরেছেন—কতজনকে স্বনির্ভর করতে পেরেছেন ?

**শ্রী আনিসুর রহমান** : হয় আপনি উত্তরটা বুঝতে পারেননি আর নয় আপনার নিজের কোয়েশ্চেন জানেন না। এতে আমি অবাক হয়ে যাচ্ছি। ফার্ম যখন তৈরি করা হয়, তখন লাভ করার জন্য তৈরি করা হয়নি। পশ্চিমবঙ্গে যে হাসপাতাল সেগুলি লাভজনক করার জন্য তৈরি করা হয়নি। ফার্মের লক্ষ্য হচ্ছে আলাদা। আমার উত্তরের মধ্যে কোনো ভুল নেই।

**শ্রী জ্যোতির্ময় কর** : আমি বুঝেছি। মাননীয় মন্ত্রী মহোদয় আপনি একটু দয়া করে শুনবেন—স্বনির্ভর—যেমন পঞ্চায়েত, সমবায়—এগুলি বাণিজ্যিক লাভের জন্য নয়। তেমনি কতকগুলিকে স্বনির্ভর হতে হবে। স্বনির্ভর কথাটা আমি খুব সতর্কভাবে করেছি। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানিয়েছেন উত্তরে যে, বাণিজ্যিকভাবে লাভজনক নয় অর্থাৎ কমার্শিয়াল প্রফিটেবল নয়। এটা স্বনির্ভরের সমার্থক নিশ্চয়ই নয়। আপনার কাছে আমার প্রশ্ন স্বনির্ভর যদি না হয়, তাহলে কতগুলিকে স্বনির্ভর করতে পেরেছেন এই রাজ্যে এক নম্বর এবং সে স্বনির্ভরের ক্ষেত্রে ইনস্টিটিউশনাল অর্থাৎ সরকারি এবং বেসরকারি যে সাহায্য বা অর্থানুকূল্য তার পারসেন্টেজ কি রকম—যদি এখন তথ্য থাকে জানাবেন।

**শ্রী আনিসুর রহমান** : আমি খুব স্পষ্টভাবে বলেছি—এটা আপনারও জানার কথা যে বামফ্রন্ট সরকার হওয়ার পর ফার্মগুলি তৈরি হয়নি। প্রত্যেকটা কাজের একটা অবজেকটিভ থাকে। এই ফার্মগুলি তৈরি করা হয়েছিল আমাদের রাজ্যে—আজকে তৈরি

হয়নি—কিছু এখন হয়েছে, কংগ্রেস আমলে কিছু ছিল, তার আগেও ছিল। আমাদের রাজ্যে যত রকমের প্রাণী আছে যেমন—গোরু, ছাগল, হাঁস, মুরগি, ভেড়া, শুয়োর এগুলি নিম্ন জাতের ছিল। সেগুলি উন্নত জাতের করতে হবে এবং তার জন্য এই ফার্মগুলি তৈরি করা হয়েছিল—এই ব্রিডিং ফার্ম বা কম্পোজিট ব্রিডিং ফার্ম বা মিক্সড ব্রিডিং ফার্ম। এখানে লক্ষ্য ছিল কত কম দামে উন্নত জাতের হাঁস, মুরগি, ভেড়া, ছাগল, গোরু চাষীদের কাছে পৌঁছে দিতে পারি। এর থেকে কত টাকা লাভ হবে, এটা আমাদের উদ্দেশ্য ছিল না। সেইজন্য আমি এই উত্তর দিয়েছি। এখন দিনকাল পরিবর্তিত হয়েছে। সেই হিসেবে বিশাল পরিমাণে ঘাটতি আমাদের আছে। তাই আমরা চেষ্টা করছি সেটা মেটাবার। আপনারা জানলে খুশি হবেন যে ইতিমধ্যেই আমরা ৪টি খামারকে—রানিগঞ্জ, গোবরডাঙা, রানাঘাট, ডোমকল—এই ৪টি খামারকে আমরা নতুন কায়দায় আমাদের গভর্নমেন্টের টাকায় এবং সেন্ট্রাল গভর্নমেন্টের কিছু সাহায্য নিয়ে নতুন পদ্ধতিতে আমরা চালাবার চেষ্টা করছি। এটার অবজেকটিভ হচ্ছে নিজের পায়ে দাঁড়ানো। লাভ না করতে পারি, লোকসান যাতে না হয় তার জন্য পরিকল্পনা নিয়েছি। তার জন্য টাকা পেয়েছি। সে কাজ শুরু হয়েছে। আমরা আশা করছি অন্তত বছর দেড়-দুইয়ের মধ্যে দু-একটা ফার্মকে নিজের পায়ে দাঁড় করাতে পারব।

**শ্রী জ্যোতির্ময় কর :** এটাই আমি জানতে চেয়েছিলাম। ৪৪টি ফার্মকে স্বনির্ভর করতে কত সময় লাগবে, কত অর্থের প্রয়োজন হবে এবং অ্যাজ অন টু ডে আপনার অ্যাকুমুলেটেড লসের পরিমাণ কত ?

**শ্রী আনিসুর রহমান :** লাভ-ক্ষতির পরিমাণ বছর বছর পরিবর্তনশীল। কোনো একটি নির্দিষ্ট বছরে ৪৪টি ফার্মে কত লোকসান হয়েছে যদি জানতে চান তাহলে তা আমি জানিয়ে দেব। দু নং, বাণিজ্যিকভাবে লাভজনক বা মাননীয় সদস্যের ভাষায় স্বনির্ভর করার জন্য আমরা কিছু পরিকল্পনা নিয়েছি। পশ্চিমবঙ্গের সমস্ত ফার্মগুলিতে যে কর্মীরা আছেন তাঁরা সবাই সরকারি কর্মী। তাঁদের বেতন ভাতা সরকারকে দিতে হয়। এই বিধানসভায় ইতিপূর্বে আমি বলেছি যে, এর ফলে আমাদের এক লিটার দুধ উৎপাদন করতে ৫০ টাকা খরচ হচ্ছে। অথচ ১০ টাকা দামে দুধ কিনতে পাওয়া যাচ্ছে। সেজন্য সবগুলো ফার্মকে এখনই স্বনির্ভর করা যাবে না। প্রথম ফেজে আমরা চারটে ফার্মকে বেছে নিয়েছি। রাজ্য সরকারের টাকা দিয়ে এবং কেন্দ্রীয় সরকারের কিছু সাহায্য নিয়ে—আমরা আমাদের সরকার থেকে সমস্ত ফার্মের কর্মচারীদের বেতন দিয়ে স্বনির্ভর করার জন্য পরিকল্পনা গ্রহণ করেছি। প্রথম ফেজের কাজের পরে বাকি ফার্মগুলিকে এইভাবে দাঁড় করাতে পারব কিনা সেটাই এই পরিকল্পনার মধ্যে দিয়ে দেখা হচ্ছে। এই পরিকল্পনা সফল হলে বাকি ফার্মগুলির জন্যও পরিকল্পনা গ্রহণ করা হবে। আর একটা হচ্ছে, পঞ্চায়েত তথা জেলা পরিষদ যদি ফার্ম চালাবার দায়িত্ব নিতে চায় তাহলে আমরা তাদের এই কাজে যুক্ত করতে রাজি আছি। সে চেষ্টাও আমাদের আছে। ইতিমধ্যে বর্ধমান এবং মেদিনীপুর থেকে প্রস্তাব এসেছে। তারা চাইলে তাদের আমরা দেব। আমরা তাদের এ বিষয়ে সবরকম সাহায্যও করব। মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে তাঁকে জানাচ্ছি যে, এ বিষয়ে আমি এখনই কোনো নির্দিষ্ট

দিন তারিখ বলতে পারছি না। ফেজ বাই ফেজ আমরা ফার্মগুলিকে নিজেদের পায়ে দাঁড় করাতে চাইছি।

**শ্রী জ্যোতির্ময় কর** : যুগটা হচ্ছে কমপিটিশনের, মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নিশ্চয়ই এটা স্বীকার করেন। আপনার দপ্তরের মাধ্যমে যে বীজ এবং প্রাণীসম্পদ তৈরি হচ্ছে সে সমস্ত প্রোডাকশন-এর ন্যাশনাল লেভেলে এবং ইন্টারন্যাশানাল লেভেলে কন্ট্রিবিউশনের পরিমাণটা কত ? হাইব্রিড বীজের আমাদের দেশের অন্যান্য স্টেটে যথেষ্ট চাহিদা আছে। সুতরাং তারা আমাদের কাছ থেকে তা নিতে পারে। আমাদের খামার থেকে উৎপাদিত সামগ্রী দিয়ে আমরা তাদের সাহায্য করতে পারছি কি ?

**শ্রী আনিসুর রহমান** : অবশ্যই আমরা কতগুলো উন্নত জাতের প্রাণী বীজ তৈরি করছি। প্রাণীসম্পদের দ্বারা উৎপাদিত প্রোডাক্ট আমাদের যা হয় তার তুলনায় কিছু রাজ্য এগিয়ে আছে এবং কিছু রাজ্য পিছিয়ে আছে। যারা এগিয়ে আছে তাদের রাজ্যে নিশ্চয়ই আমাদের মার্কেট নেই, কিন্তু যারা পিছিয়ে আছে তাদের ক্ষেত্রে আমাদের মার্কেট আছে। এ ছাড়া আমাদের নিজস্ব মার্কেট যথেষ্ট বড়ো। আমাদের রাজ্যে ২ কোটি গোরু আছে, কয়েক কোটি হাঁস-মুরগি আছে। সেগুলোকে আমরা উন্নত করার চেষ্টা করছি। আমাদের নিজস্ব যা মার্কেট আছে তাতে আমাদের প্রোডাক্ট বাইরে পাঠাবার কোনো প্রয়োজন হয় না। সুতরাং সে প্রশ্ন ওঠে না। দুগ্ধজাত প্রোডাক্টের আমাদের রাজ্যে ভালো মার্কেট আছে। আমরা আমাদের নিজস্ব চাহিদার তুলনায় উৎপাদনে পিছিয়ে আছি। বীজ এবং অন্যান্য প্রাণী সম্পদের ক্ষেত্রে যেসব রাজ্য আমাদের চেয়ে পিছিয়ে আছে, যেমন ত্রিপুরা, সিকিম ইত্যাদিতে আমাদের ভালো মার্কেট আছে। যদিও আমাদের ঘাটতি আছে, তথাপি মুরগির ডিম উৎপাদনে আমরা তৃতীয় স্থানে আছি, হাঁসের ডিমে ফার্স্ট এবং দুধ উৎপাদনে ১১ নং স্থানে আছি।

যার ফলে আমাদের রাজ্যে নিজেদেরই বিশাল প্রয়োজন আছে এবং ফার্মগুলি সেই কাজই করে যাচ্ছে। আন্তর্জাতিক ক্ষেত্রে অস্ট্রেলিয়া বা আমেরিকা হাঁস-মুরগির বাচ্চা নেবে সেই অবস্থা ওখানে তৈরি হয়নি এবং আমাদের দেশেও সেই অবস্থা হয়নি, সেটা খারাপই বলুন আর ভালোই বলুন, হয়নি।

[ 11.10—11.20 a.m. ]

**শ্রী জ্যোতির্ময় কর** : ফিসারিতে এক্সপোর্ট হচ্ছে। গোট, সি-গোট, অ্যানিম্যাল ফুড, টিনজাত খাদ্য তার মধ্যে আনতে পেরেছেন কিনা এবং সেই ব্যাপারে চিন্তা-ভাবনা আছে কিনা ? অ্যানিম্যাল ফুড প্রসেসিং করে সেগুলি এক্সপোর্ট করার দিকে নিয়ে যাওয়া সেইরকম কোনো চিন্তা-ভাবনা আপনার দপ্তরের আছে কিনা ?

**শ্রী আনিসুর রহমান** : অ্যানিম্যাল প্রোডাক্টস হচ্ছে মিল্ক। আপনি জানেন, ভারতবর্ষ দুধ উৎপাদনে ১ নম্বর স্থানে আছে, প্রায় ৮৫ বিলিয়ন টন অর্থাৎ সাড়ে ৮ কোটি দুধ প্রতি বছর ভারতবর্ষে তৈরি হয়। তা সত্ত্বেও ভারতবর্ষে ঘাটতি আছে। নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া

বা ডেনমার্ক প্রভৃতি দেশে দুধ এক্সপোর্ট করার মতন অবস্থা সেখানে হয়নি, বরং আমাদের চাহিদা পূরণের জন্য ওইসব দেশ থেকে আমাদের মিল্ক পাউডার আনতে হয়। সুতরাং এক্সপোর্ট করার মতন অবস্থা পশ্চিমবাংলায় নেই এবং মার্কেটও নেই। আদার প্রোডাক্টস যেগুলি আছে—কোথায় পাঠাবেন ? বেশির ভাগ দেশেই সেগুলি তৈরি হয়ে গেছে। মার্কেট কোথাও বড়ো নেই। আমরা চেষ্টা করছি আমাদের আনা বন্ধ করা, তাহলেই বিরাট কিছু হবে। যদি বাইরের থেকে আনা বন্ধ করতে পারি সেটাই আমাদের বিরাট কাজ এবং সেই কাজই আমরা করে যাচ্ছি।

**শ্রী কল্লোল খাঁ :** মাননীয় মন্ত্রিমহাশয় যে ৫৪টি রাষ্ট্রীয় প্রাণী বিকাশ খামারের কথা বললেন তার মধ্যে নদীয়া জেলায় ৬টি খামার প্রাণী বিকাশ দপ্তরের আছে। এগুলিতে কতগুলি প্রাণীসম্পদ তিনি সেখানে রেখেছেন এবং ভবিষ্যতে এগুলি উন্নয়ন করার কোনো পরিকল্পনা আছে কিনা ?

**শ্রী আনিসুর রহমান :** জেলাগত অবস্থানের দিক থেকে সবথেকে ভালো উন্নত জাতের ফার্ম, পরিকাঠামো নদীয়া জেলায় আছে। সেখানে ৬টি ফার্ম আছে, লাইফ স্টক ফার্ম, এস.এল.এফ. কল্যাণীতে আছে, হরিণঘাটার মোহনপুরে বড়ো ফার্ম আছে, ছাগল-ভেড়া কল্যাণী ফার্মে আছে, সবুজ গো-খাদ্য ফুলিয়াতে আছে, রানাঘাটে হাঁস-মুরগির ফার্ম আছে। সেটাকে আমরা মডার্নাইজ করতে যাচ্ছি। আর একটা হচ্ছে কৃষ্ণনগর। যতগুলি আছে সব রকমের প্রাণী আছে। প্রত্যেকটি জায়গায় একাধিক প্রাণী আছে। কম্পোজিট ফার্ম। প্রত্যেকটা চেষ্টা করছি মডার্নাইজ করা। ইতিমধ্যে কল্যাণীকে মডার্নাইজ করেছি। হরিণঘাটায় নানা বিষয় যুক্ত করা হয়েছে। কারণ ওখানে পুরো শেড, ফার্ম ভেঙে পড়ছে, সেগুলিকে ভালো করে চালানো জটিল, সেইজন্য বিকল্প পথে অর্থাৎ জয়েন্ট ভেনচারে বা প্রাইভেট উদ্যোগে কিছু করা যায় কিনা তার জন্য চেষ্টা করছি। রানাঘাটে লেয়ার পোলট্রি ফার্ম ছিল, সেখানে বয়লার পোলট্রি ফার্ম হচ্ছে অর্থাৎ কালার বয়লার ফার্ম করছি। সম্ভবত ৩০ থেকে ৩৬ লক্ষ টাকা দিল্লী থেকে পাচ্ছি। আমাদেরও কিছু টাকা দিয়ে মডার্নাইজেশনের কাজ শুরু করব। ভোটের কিছুদিন পর উদ্বোধন করতে পারব যাতে আধুনিক কায়দায় চলে আর বাকিগুলি একই ধরনের পরিকল্পনা পর্যায়ক্রমে আছে।

**শ্রী অজয় দে :** খামারের প্রশ্নে রিলেটেড বলে করছি। কিছুদিন আগে দেখলাম বার্ড-ফ্লু নিয়ে চারিদিকে একটা আতঙ্ক সৃষ্টি করেছিল। আপনাকেও টি.ভি.-তে দেখলাম সেই আতঙ্ক দূর করার জন্য মুরগির মাংস খাচ্ছেন। আপনার কাছে এইরকম কোনো তথ্য পেতে পারি কিনা যে ডেয়ারি বা পোলট্রিগুলিতে এইরকম রোগের প্রাদুর্ভাব ছড়িয়েছে কিনা এবং তা যদি হয়ে থাকে তাহলে আপনার দপ্তর কি অ্যাকশন নিয়েছে ?

**শ্রী আনিসুর রহমান :** বার্ডস ফ্লুর ব্যাপারে আপনারা জানেন দক্ষিণ-পূর্ব এশিয়ার কতকগুলো দেশে এই বার্ডস ফ্লু ধরা পড়েছে, বিশেষ করে থাইল্যান্ডে এবং ভিয়েতনামে। আপনারা এই খবর ভালো করে জানেন যে এটা একটা ভাইরাল ডিজিজ এবং এই ভাইরাল ডিজিজে সেই জায়গার কয়েকজন মারা গিয়েছে। কিন্তু এটা ভারতবর্ষ হয়নি, ভারতবর্ষে এই

বার্ড-ফ্লু আসেনি। সাধারণভাবে আপনারা জানেন এই ভাইরাল ডিজিজ যদি কোনোদিন সেখানে হয়, আবার সেখানে হওয়ার সম্ভাবনা থাকে। যেখানে এই বার্ড-ফ্লু হয়েছে সেই ফার্ম থেকে যদি কোনো লোক এক মাসের মধ্যে চলে আসে তার সঙ্গে এই বার্ড-ফ্লু চলে আসতে পারে। সেখানে এটা হবার সম্ভাবনা থাকে। ভারতবর্ষে কোনোদিন ধরা পড়েনি। এমনকি আমাদের প্রতিবেশী দেশ বাংলাদেশেও এটা ধরা পড়েনি। পাকিস্তানে একবার খবর বার হয়েছিল যে সেখানে বার্ড-ফ্লু ধরা পড়েছে। কিন্তু পরবর্তীকালে আমরা খবর নিয়ে জেনেছি যে এই খবরটা ঠিক নয়। আমাদের রাজ্যে নানারকম গুজব ছড়িয়ে পড়েছিল যে পুরুলিয়ার কোথায় ধরা পড়েছে, কালিম্পং-এ এটা ধরা পড়েছে। এটা ঠিক নয়। সমস্ত বিষয়ের উপর আমরা নজর রাখছি। যা যা সাবধানতা নেওয়া দরকার সেটা আমরা নিয়েছি। সঙ্গে সঙ্গে মানুষকে বলেছি যে সাবধান হতে হবে কিন্তু আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। সরকার পক্ষ থেকে আমাদের যা যা করণীয় করেছি, যা যা ব্যবস্থা নেওয়া দরকার নিয়েছি। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থেকে আমাদের একটা গাইড লাইন দিয়েছে সেটা আমরা মানছি এবং আমরা কয়েকটি গাইড লাইন তৈরী করেছি সেটা আমরা অক্ষরে অক্ষরে মানার চেষ্টা করছি।

**শ্রী তমাল মাঝি** : আমি জানতে চাই নতুন করে আর কোনো খামার স্থাপনের ব্যবস্থা আছে কিনা ? যদি থাকে তাহলে কোথায় কোথায় করা হবে ? আর কোথায় খামার করা দরকার এবং কোথায় কটা আছে দয়া করে জানাবেন কি ?

**শ্রী আনিসুর রহমান** : এখন আমাদের খুব প্রয়োজন ছাড়া নতুন ফার্ম করার পরিকল্পনা নেই। প্রতিটি জেলায় ফার্মগুলোকে এমন জায়গায় নিয়ে যেতে চাই যেখানে যতগুলো জিনিস থাকা দরকার সেটা রাখতে। ভবিষ্যতে ডিস্ট্রিক্ট কম্পোজিট ফার্ম কাম ট্রেনিং সেন্টার করতে চাই। রাজ্যে অন্তত একটা খামার থাকবে সেখানে যত রকম জিনিস দরকার সেটা সেখানে থাকবে। এই যে ৪৪টি ফার্ম আছে তাতে কোথাও হাঁস নিয়ে আছে, কোথাও মুরগি নিয়ে আছে, কোথাও গোরু-ছাগল নিয়ে আছে। প্রতিটি ফার্মকে এমন জায়গায় নিয়ে যেতে চাই যেখানে সব রকম অ্যাকটিভিটিজ একটা খামারে পাওয়া যায়। এইদিকে আমরা নজর দিয়েছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : আমরা দেখতে পাচ্ছি যে প্রাণীসম্পদের বিকাশ হচ্ছে না। আজকে পশ্চিমবাংলায় প্রাণীর চরম বিপদ নেমে এসেছে। এই বিপদের ফলে লক্ষ লক্ষ গবাদি পশু মারা যাচ্ছে, চিকিৎসার কোনো ব্যবস্থা নেই। আপনি ৪৪টি খামারের কথা বললেন, এইসব খামার ধুঁকছে, কোনো খামার ফাংসান করছে না। খামারে কয়েকটি হাঁস, মুরগি, ভেড়া রাখলেই সেটা খামার হয়ে যায় না। আমাদের এলাকায় ঘুটিয়ারি শরিফ ভেটারনারি হসপিটাল ছিল, আপনি দলবাজি করে সেই ঘুটিয়ারি শরিফ ভেটারনারি হসপিটালকে গ্রামাঞ্চল থেকে সরিয়ে নিয়ে গিয়ে ক্যানিং টাউনে প্রাক্তন সি.পি.এম., এম.এল.এ. দাউদ খানের বাড়িতে একটা সাইনবোর্ড লাগিয়ে চালাচ্ছেন। সেখানে এমন একটা অবস্থার সৃষ্টি করেছেন যে সুন্দরবন অঞ্চলে ব্যাপক গবাদি পশু মারা যাচ্ছে,

চিকিৎসার কোনো ব্যবস্থা নেই। উপরন্তু খামারগুলোতে নতুন করে কোনো ব্যবস্থা করছেন না। পশ্চিমবাংলায় প্রাণীসম্পদ এইভাবে শেষ হয়ে যাচ্ছে। খামারের ব্যাপারে আপনি কি ব্যবস্থা করছেন এবং যে ভেটারনারি হসপিটাল ঘুটিয়ারি শরিফ থেকে তুলে নিয়ে গিয়ে ক্যানিং-এ নিয়ে চলে গেছেন সেটা আবার ঘুটিয়ারি শরিফে পাঠানোর ব্যবস্থা করবেন কিনা জানাবেন কি ?

**শ্রী আনিসুর রহমান** : আপনি অনেকগুলো প্রশ্ন করেছেন। আপনি বলেছেন, প্রাণীসম্পদের বিকাশ হচ্ছে না। হ্যাঁ, আমি বলছি ১০০ ভাগ হচ্ছে না, আমার মনে যেটা করার ইচ্ছা সেটা হচ্ছে না। তাহলেও যেটা হয়েছে অনেকটা হয়েছে। আসলে মানবসম্পদের বিকাশ হচ্ছে না। যদি তা হত তাহলে প্রাণীসম্পদের বিকাশ আরো ভালো হত। তথাপিও আমরা চেষ্টা করে যাচ্ছি। এটা আপনি অস্বীকার করবেন কিনা জানি না, অনেকখানি পরিবর্তন হয়েছে। যতখানি দরকার তা হয়তো হয়নি, যতখানি প্রয়োজন আছে সেটা হয়তো হয়নি, কিন্তু অনেকখানি পরিবর্তন হয়েছে। এই ব্যাপারে আমরা নিরলস চেষ্টা চালিয়ে যাচ্ছি। আগে মড়ক লেগে এলাকার সমস্ত গবাদি পশু মারা যেত সেটা আর হয় না। আপনি বলেছেন, লক্ষ লক্ষ গবাদি পশু মারা যাচ্ছে। দয়া করে আপনি জায়গার নাম দিন যে অমুক জায়গায় লক্ষ লক্ষ গবাদি পশু মারা যাচ্ছে। এখন প্রতিটি ব্লকে নয়, প্রতিটি গ্রাম পঞ্চায়েতে আমাদের ২-জন করে লোক আছে।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : সুন্দরবন এলাকায় আগে প্রত্যেক বাড়িতে হাঁস, মুরগি, ছাগল, গোরু থাকতো, এখন সেখানে কিছু নেই। ক্যানিং, গোসাবা, বাসন্তীতে বিভিন্ন রোগে গবাদি পশু মারা যাচ্ছে, চিকিৎসার কোনো ব্যবস্থা নেই।

[ 11.20—11.30 a.m. ]

**শ্রী আনিসুর রহমান** : আমাদের যে পরিকাঠামো আছে, রাজ্যে জেলা এবং ব্লক ছাড়াও—আমি বললাম—আমাদের প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতে দু-জন করে লোক আছে, যাদের এল.ডি.এ. বা লাইভ স্টক ডেভলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট বলে। তারা সরকারি লোক, রেগুলার বেতন পায়।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : কেউ যায় না।

**শ্রী আনিসুর রহমান** : দু-নম্বর হচ্ছে, আমরা পঞ্চায়েতে বাড়তি লোক লাগিয়েছি—তার নাম হচ্ছে 'প্রাণী বন্ধু'। কয়েকদিন আগে আমি সুন্দরবনের একটা রিমোট এলাকায় গিয়েছিলাম। সেখানে খোঁজ নিয়ে জানলাম যে সেখানে একটি এন.জি.ও. কাজ করছে। তারা ভালো কাজ করছে। তবে কিছু থাকতে পারে। কিন্তু আপনি যেরকম বললেন যে, লক্ষ লক্ষ মারা যাচ্ছে, এই রকম কোনো খবর নেই। তবে আমরা কখনও দাবি করি না যে প্রাণী বিকাশ একশো ভাগ হয়ে গেছে। হয়নি। হলে ভালো হত। একশো ভাগ মনুষ্যত্বেরই বিকাশ হয়নি, হলে খারাপ লোক থাকতো না। তবে আপনি নিশ্চয়ই স্বীকার করবেন যে অনেকটা উন্নতি হয়েছে। আর আপনি ঘুটিয়ারি শরিফের যে কথা বললেন, দয়া করে লিখিতভাবে দেবেন, আমরা চেষ্টা করব।

**শ্রী সমর হাজরা** : আমি জানতে চাইছি, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে রাষ্ট্রীয় উদ্যোগে হাঁস, মুরগি, ছাগল, ভেড়া পালনের ব্যবস্থা চলছে। কিন্তু একটা বিষয় হচ্ছে, গ্রামাঞ্চলে খরগোস পালনের উদ্যোগ পোল্ট্রির পাশাপাশি খরগোস-এর মাংসে খাওয়ার জন্য রাজ্য সরকারের তরফ থেকে কোনো উদ্যোগ নেওয়া হচ্ছে কিনা ?

**শ্রী আনিসুর রহমান** : খরগোসের ব্যাপারে পপুলারিটি আমাদের বাড়ছে। আগে একটা ধারণা ছিল যে খরগোসের মাংস খাওয়া যায় না। কিন্তু ইদানীং সেটা ক্রমশ পাল্টাচ্ছে। এখন অনেক জায়গাতে খরগোসের মাংস বিয়েবাড়িতেও খাওয়ানো হচ্ছে। খরগোসের খামার খুব লাভজনক। এদের বাচ্চা হয় অনেক এবং খাবারও লাগে খুব কম, শুধু ঘাস দিলেই হয়ে যায়। আমরা মুরগির সাথে সাথে প্রাণীজ নাম দিয়ে যে দোকানগুলো করছি, সেখানে খরগোসকেও নিয়ে যাবার চেষ্টা করছি। মুশকিল হচ্ছে, খরগোস যারা পালন করে, সেগুলো সব বাইরের খরগোস। এগুলো এত সুন্দর যে তারা কাটতে চায় না। তবে আমরা দেখছি কি করা যায়।

**শ্রী কমল মুখার্জী** : আমার একটা প্রশ্ন আছে আপনার কাছে। সেটা হল, আমরা আগে দেখতাম, বিভিন্ন পৌর নিগম এলাকায় খাসির মাংসের দোকান যারা চালাতো তারা সকালবেলায় চামড়া ছাড়িয়ে পিলখানায় খাসি নিয়ে যেত। সেখানে পশুচিকিৎসক তার ওপরে ছাপ মেরে দিতেন। এখন পিলখানাগুলো উঠে গেছে। গ্রামাঞ্চলে তো অবাধে খাসি কেটে মাংস বিক্রি হচ্ছে। আমার বক্তব্য, বর্তমানে খাসি, পাঁঠার যে সমস্ত রোগ হত তা কি নির্মূল হয়ে গেছে ?

**শ্রী আনিসুর রহমান** : আপনি যেটা বলেছেন, ঠিকই বলেছেন। স্লটার হাউসে সিল হওয়ার কথা। বড়ো রকমের স্লটার হাউসে ডাক্তার থাকার কথা এবং খাসি কাটার পর তার ওপরে সিল মেরে দেবার কথা। এটা একটা পার্ট, যেটা আমরা দেখি। আর একটা দিক হচ্ছে মিউনিসিপ্যালিটির। এটা জয়েন্টলি করার কথা। মিউনিসিপ্যালিটি বললে আমরা ডাক্তার পাঠিয়ে দিই। কিন্তু কতকগুলো বাস্তব অসুবিধা যেটা দেখা যায়, যেমন, দুর্গাপুরে আমাদের একটা বড়ো স্লটার হাউস করার পরিকল্পনা হয়েছিল। কিন্তু মুশকিল হল, সেখানে গরিব মানুষ যে ছাগল কাটবে, সে সাত কি.মি. দূর থেকে একবার ছাগল নিয়ে আসবে, আবার নিয়ে যাবে, তার ফলে একটা অতিরিক্ত ব্যয় হয়ে যাবে। এই ব্যাপারে আমরা দায়িত্ব নিতে পারি—মিউনিসিপ্যালিটি যদি বলে তাহলে আমরা ডাক্তার পাঠাতে পারি। হাওড়া জেলায় মৌড়ীগ্রামে আমরা যেটা করছি, সেখানে হাজার বার'শো করে মোষ কাটা যাবে। সেখানে আমরা ডাক্তার দেব। মিউনিসিপ্যালিটি চাইলে আমরা ডাক্তার পাঠাতে পারি। আমাদের এই ব্যবস্থা আছে, আমরা এটা করতেও চাই।

**শ্রী তারাপদ চক্রবর্তী** : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বাঁকুড়া জেলায় গেস্ট হাউসের পাশে একটি খামার আছে, ওই খামারটি এক সময়ে খুব ভালো অবস্থায় ছিল, ফডার চাষ হত এবং বিভিন্ন রকমের সেখানে খামারে স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থা ছিল। কিন্তু

বর্তমানে ওই খামারে অসামাজিক কার্যকলাপ বা দৌরাত্ম্যের জন্য খামারটি নষ্ট হতে বসেছে। ওই খামারে যে গোরু, ছাগল আছে, ঠিকমতো পালন করা হচ্ছে না এবং খামারটির পরিকাঠামো নষ্ট হচ্ছে। সবচেয়ে দুঃখের বিষয় যে, বাঁকুড়া শহরে পৌরসভার যত জল ওই খামারের পাশ দিয়ে যাচ্ছে, ফলে খামারটির সৌন্দর্য নষ্ট হচ্ছে, এই বিষয়ে সরকার থেকে খামারটি ভালোভাবে তৈরি করে রক্ষণাবেক্ষণ এবং বাউন্ডারি দেবার কোনো ব্যবস্থা নিচ্ছেন কিনা জানাবেন।

**শ্রী আনিসুর রহমান :** বাঁকুড়া জেলায় মোট ৫টি খামার আছে, তার মধ্যে বাঁকুড়া শহরের মধ্যেই একটি খামার আছে। আমি নিজে সেখানে গিয়েছিলাম এবং যে খামারটির কথা বলছেন ওই খামারটিতে ভেড়ার খামার। আর বাঁকুড়া শহরে যে খামারটি আছে ওটি খুব ভালো চলছে। তবে যে খামারটির কথা বলছেন সেটা ভেড়ার খামার না বললেও চলে, কারণ ওতে অ্যাকটিভিটিজ ঠিকমতো চলে না। ওই ব্যাপারে আমরা সবাই মিলে আলোচনায় বসেছিলাম তাতে জেলা পরিষদের থেকে আরম্ভ করে সবাই মিলে আলোচনায় বসেছিলাম। আমি নিজে গিয়ে ওখানে একটা ভিত্তিপ্রস্তর স্থাপন করে এসেছিলাম একটা বড়ো ট্রেনিং সেন্টার করার জন্য এবং তার পাশেই মিল্ক ইউনিয়নের অফিস রয়েছে। কাজেই হয়তো আরো ভালোই চলবে আশা করি। এর জন্য টাকা দেওয়া হয়েছে। ওটাকে ভালোভাবে চালাবার জন্য যতটা দায়িত্ব ভাগ করে দেওয়া যায় তা করা হয়েছে। কিন্তু তাও হয়তো ততটা ভালোভাবে চলছে না। এবং এখন কি অবস্থা বলতে পারব না। আপনি যখন বলছেন আমি ভোটের পরে সেখানে যাব এবং যেভাবে যাকে দায়িত্ব ভাগ করে দিয়ে এসেছি সেটা তারা কিভাবে পালন করছে দেখবো। ওই খামারের যাতে উন্নতি করা যায় তার চেষ্টা করব এবং যতটা ভালো করা তার চেষ্টা করব।

**শ্রী রতন দাস :** দেওয়ালে দেওয়ালে হাঁস, মুরগির রঙ-বেরঙের ছবি এঁকে এবং নীচে কাগজ সেঁটে সরকার যে এদের উপরে ট্যাক্স বসিয়েছে এইসব লেখা হচ্ছে এবং এইভাবে জনসাধারণে বিভ্রান্ত করার চেষ্টা করছে। এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দপ্তর কোনো ব্যবস্থা নিচ্ছেন কিনা বা নেবেন কিনা ?

**শ্রী আনিসুর রহমান :** এটা খুবই দুর্ভাগ্যের যে, এইভাবে প্রচার করা হচ্ছে যে গোরু, ছাগলের উপরে ট্যাক্স বসিয়ে দিয়েছে রাজ্য সরকার। কিন্তু আমি কাগজ দেখিয়ে বলে দিতে পারি ওটা সরকারের নয়। পশ্চিমবাংলায় ৩,৩২২টি গ্রাম পঞ্চায়েত আছে এবং প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতের প্রধানের কাছেই ৮-১০ পাতার লেখা কাগজ গেছে। কিন্তু তাতে কি লেখা আছে—গোরু, মুরগি, হাঁস এসবের উপরে ট্যাক্স বসানোর কথা লেখা নেই, সেখানে লেখা আছে গ্রাম পঞ্চায়েত থেকে কোন কোন বিষয়ের উপরে ট্যাক্স বসাতে পারে এইসব। এবং সেটা আইনের মধ্যেই করা হয়েছে। ওই আইনটি ১৯৭৩ সালে তৈরি হয়েছিল এবং তখন কোন দল সরকার চালাচ্ছিল নিশ্চয় জানেন। ১৯৭৩ সালে পঞ্চায়েত আইনের ৪৭ নং ধারার বাই ল-তে লেখা আছে কোন আইনে কোন ট্যাক্স বসানো যাবে। এবং কিভাবে বাই ল করবে সেটাও লেখা আছে। কাগজটা দেখতে চান আমার কাছে আছে, দেখে নিতে

পারেন। ১৯৭৩ সালে পশ্চিমবঙ্গে কংগ্রেস সরকার ছিল, তাদের সময়েই পঞ্চায়েত আইনের ৪৭ নং ধারায় বাই ল-তে লেখা আছে। আমার কাছে সব তালিকা আছে, তার মুখস্থও আমি দিয়ে দিতে পারি।

[ 11.30—11.40 a.m. ]

## অসংগঠিত শিল্পে অভিন্ন ন্যূনতম মজুরি

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, রাজ্যে অসংগঠিত শিল্পে অভিন্ন ন্যূনতম মজুরি চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে, অভিন্ন ন্যূনতম মজুরির পরিমাণ কত ; এবং

(গ) কবে থেকে রাজ্যে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিন্ন ন্যূনতম মজুরি চালু করা হবে বলে আশা করা যায় ?

**শ্রী মহঃ আমিন :** (ক) হ্যাঁ। কিন্তু এখনও কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) প্রশ্নই ওঠে না।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, আমাদের রাজ্যে অসংগঠিত শিল্পে অভিন্ন মজুরি চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। কিন্তু এখনও সিদ্ধান্ত হয়নি। আমি জিজ্ঞাসা করতে চাই, সংশ্লিষ্ট ক্ষেত্রে আপনি কোনো কমিটি গঠন করেছেন কিনা, করে থাকলে কাদের নিয়ে কমিটি গঠন করা হয়েছে এবং কমিটি রিপোর্ট প্রেস করেছে কিনা, যদি জানান তাহলে ভালো হয় ?

**শ্রী মহঃ আমিন :** মিনিমাম ওয়েজ নিয়ে একটা পরামর্শদাতা কমিটি আছে পশ্চিমবাংলায়। এই কমিটিতে বিষয়টা নিয়ে আলোচনাও হয়েছে। এ পর্যন্ত ৫৫টির ক্ষেত্রে মিনিমাম ওয়েজ অ্যাক্ট লাগু করা হয়েছে। আরো ৫টিতে লাগু করা হবে। তার মধ্যে তিনটির বিষয়ে নোটিফিকেশানও হয়েছে। কমিটিতে যে অসুবিধাটা হয় সেটা হচ্ছে, এটাতে বিভিন্ন চেম্বার অফ কমার্স-এর প্রতিনিধিরা আছেন, ট্রেড ইউনিয়ন-এর প্রতিনিধিরা আছেন। আমরা চেষ্টা করি একমত হয়ে সিদ্ধান্ত করতে, তাহলে পরে সরকারের পক্ষে নোটিফিকেশান করাটা সহজ হয়ে যায়। কিন্তু কিছুদিন আগে কমিটিতে যে আলোচনাটা হয়েছিল, দেখা গেল সেখানে মতের পার্থক্য আছে। সেইজন্য লেবার কমিশনারকে এই ভারটা দেওয়া হয়েছে, তিনি বিভিন্ন সংস্থার লোকেদের সঙ্গে কথা বলে একটা রিপোর্ট রাজ্য সরকারের কাছে সাবমিট করবেন। তার পরে আমরা এটাকে টেক আপ করব, তবে বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বললেন, আমাদের রাজ্যে অসংগঠিত শিল্পে ৫৫টি ক্ষেত্রে অভিন্ন মজুরি চালু করা হয়েছে। এখানে বলেছেন, ৫টার মধ্যে তিনটিতে নোটিফিকেশান করা হয়েছে বা প্রসেসে আছে। আপনি বললেন, সর্বসম্মত হলে ভালো হয়। কিন্তু আমাদের রাজ্যে যে ট্রেড ইউনিয়নগুলি আছে, তাদের এই সম্পর্কে কোনো সুনির্দিষ্ট বক্তব্য আছে কিনা, যদি থাকে দয়া করে বলুন এবং শিল্প-সংক্রান্ত যারা প্রতিনিধিরা আছেন, তাদের যদি কোনো মতামত থাকে দয়া করে সেটা বলবেন।

**শ্রী মহঃ আমিন :** সাধারণভাবে এই বিষয়টায় মালিকপক্ষ ও শ্রমিকপক্ষ একমত হতে চায় না। কেননা মালিকরা চায় কম যাতে দেওয়া যায় তাই বলেন, শ্রমিকদের অসুবিধার কথা ট্রেড ইউনিয়ন-এর প্রতিনিধিরা বলেন, কিন্তু বিবেচনা করে শিল্প যাতে চলে এটাকে সামনে রেখে আমাদের সিদ্ধান্তে যেতে হয় এবং যেটা সিদ্ধান্ত হয় সেটাকে ইমপ্লিমেন্ট করার জন্য যে যে ব্যবস্থা করার তা রাজ্য সরকার করে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি বললেন, ৫৫টির ক্ষেত্রে অভিন্ন মজুরির কথা, ন্যূনতম অভিন্ন মজুরির পরিমাণ যদি দয়া করে বলেন তাহলে ভালো হয়।

**শ্রী মহঃ আমিন :** সেটা তো ফাইলে নেই, এখন ৫৫টির ক্ষেত্রে ন্যূনতম করা হয়েছে, কম-বেশি আছে। এক রকমের নয়। অভিন্ন করাতে ডিফিকালটিজ হতে পারে। এতে সবাইকে একমত করা যাবে না। তাছাড়া সব শিল্পকে একমত করা যাবে না, সব শিল্পও এক রকম নয়। বিশেষ করে বিশ্বায়নের ধাক্কায় ছোটো ছোটো শিল্পগুলি খুব বিপদে পড়েছে, তার থেকে কি করে বাঁচিয়ে এইগুলিকে চালু রাখা যায়, শ্রমিকদের বাঁচিয়ে রাখা যায়, সেইদিকে আমাদের নজর রাখতে হয়, সেইজন্য এই যে ন্যূনতম বা মিনিমাম ওয়েজেস করা যাবে কিনা এটা জোর দিয়ে বলা মুশকিল।

**শ্রী নির্মল দাস :** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন মিনিমাম ওয়েজ নিয়ে একটা গোলমাল আছে, বিশেষ করে সংগঠিত ক্ষেত্রে এবং অসংগঠিত ক্ষেত্রে। উত্তরবঙ্গে চা-বাগান নিয়ে একটা সমস্যা হচ্ছে এবং সেই ব্যাপারে আপনি একটা কমিটি করেছেন। আশা করছি এই অধিবেশনেই সেই কমিটির রিপোর্ট আপনি পেশ করবেন। ওখানে যে বটলীফ ফ্যাক্টরি আছে, সেখানে অসংগঠিত শ্রমিক যারা কাজ করে তারা মিনিমাম ওয়েজ এবং অন্যান্য সুযোগ-সুবিধা পান না। আপনি যখন উত্তরবঙ্গে গিয়েছিলেন তখন এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। এই সমস্ত শ্রমিকরা যাতে মিনিমাম ওয়েজ এবং অন্যান্য সুযোগ-সুবিধা পান সেই ব্যাপারে কি চিন্তা-ভাবনা করছেন ?

**শ্রী মহঃ আমিন :** বটলীফ ফ্যাক্টরিগুলোতে শ্রমিকদের জন্য কোনো আইন নেই। এই ফ্যাক্টরিগুলো অল্পদিনের মধ্যেই হয়েছে এবং আমরা বুঝতে পেরেছি চা-শিল্পের সমস্যা তৈরির ক্ষেত্রে এই বটলীফ ফ্যাক্টরিগুলোর একটা অবদান আছে। আমরা যা চিন্তা করেছি এবং যে সিদ্ধান্ত নিতে চলেছি, এই বটলীফ ফ্যাক্টরির শ্রমিকদের ফ্যাক্টরি অ্যাক্টের আওতায় আনতে হবে। তাহলে তাদের ওয়েজ বাড়বে এবং সেফটি সিকিউরিটি পাবে। এই ব্যাপারটা নিয়ে ওখানে একটা জুয়াখেলা চলছে। আশা করি এই ব্যাপারে এফেকটিভ স্টেপস নেওয়া হবে।

**শ্রী সুধন রাহা :** স্যার, জলপাইগুড়িতে পুরনো চা-বাগান হচ্ছে ১৫৩টি। বর্তমানে বাগান বন্ধ আছে ১৪টি, ছয়টি বাগানের মালিক বাগান ছেড়ে চলে গিয়েছে। একটি বাগানে রিসিভার বসিয়ে সেখানকার শ্রমিকদের একবেলার খাওয়ার সংস্থান হচ্ছে। এই ১৫৩টি চা-বাগান বাদ দিয়েও কয়েকশো নতুন চা-বাগান হয়েছে। এই সমস্ত চা-বাগানের কোনো দায়-দায়িত্ব সরকার গ্রহণ করেনি। ফলে লক্ষ লক্ষ টাকা সরকারের রেভিনিউ নষ্ট হচ্ছে। একমাত্র একসাইজ ডিউটি দিয়ে তারা চা-বাগান চালাচ্ছে। এই বটলীফ ফ্যাক্টরিগুলো কম দামে চা-পাতা কিনছে এবং তাদের ম্যানুফ্যাকচারিং কস্ট হচ্ছে ১৫ থেকে ২০ টাকা। অথচ এক কেজি সি.টি.সি. চা উৎপাদন করতে খরচ হয় ৬০-৬৫ টাকা। অথচ হায়েস্ট দাম হচ্ছে ৪৮ টাকা। এই ব্যাপারে মালিকরা প্যাক্ট হয়েছে। চা অকশানের ক্ষেত্রেও এদের একটা বড়ো ভূমিকা আছে। একজন মালিক হচ্ছে গ্রোয়ারস্‌ এবং তার পার্টনার হচ্ছে রিটেইল সেলার্স। এদিকে কলকাতায় ১৩০ টাকা, ১৪০ টাকার কমে চা পাওয়া যাচ্ছে না এবং সেই চায়ের স্বাদও নেই। এই বটলীফ ফ্যাক্টরিগুলো যদি বন্ধ না করা হয় তাহলে চা-শিল্পে একটা বিপর্যয় নেমে আসবে। দার্জিলিং চায়ের একটা সুনাম ছিল বিদেশে। কিন্তু দার্জিলিং চায়ের সঙ্গে অন্য চা-পাতা মেশানো হচ্ছে। ফলে দার্জিলিং চায়ের ফ্লেভার নষ্ট হয়ে যাচ্ছে এবং বিদেশের বাজারে আমাদের বদনাম হচ্ছে। এইসব ব্যাপারগুলো আমাদের রাজ্য সরকারের দেখা উচিত বলে আমি মনে করি।

**শ্রী মহঃ আমিন :** মাননীয় সদস্য নির্মলবাবুর সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তরে যেটা আমি বলেছি, এই বটলীফ ফ্যাক্টরিগুলোকে ফ্যাক্টরিস অ্যাক্টের আওতায় নিয়ে আসতে হবে। এই ব্যাপারে কাজ শুরু হয়েছে। এটা হলে পরে যে সমস্ত অসুবিধার কথা আপনি বললেন তা সব ঠিক হয়ে যাবে এবং পরিস্থিতি স্বাভাবিক হবে বলে মনে করি।

[ 11.40 – 11.50 a.m. ]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** আপনি লিখেছেন ন্যূনতম মজুরির কোনো সিদ্ধান্ত হয়নি এবং আপনার বক্তব্যে বলেছেন অভিন্ন মজুরির জন্য একটা কমিটি হয়েছে। অসংগঠিত শিল্পের ক্ষেত্রে একটা ন্যূনতম মজুরি আমাদের আছে, সেটা কোথাও কোথাও মানা হয়, কোথাও হয় না। এছাড়া লেবার কমিশনারের ডিপার্টমেন্ট থেকে একটা কাগজ দেওয়া হয়, তাতে স্কিলড, আনস্কিলড, সেমি স্কিলড লেবারদের মিনিমাম ওয়েজ বলা হয়, একেবারেই নেই এমন নয়। যেমন কনস্ট্রাকশন ওয়ার্কারদের মিনিমাম ওয়েজ অনেক বেশি। এদের সঙ্গে ঠেলাওয়ালা, রিকশাওয়ালাদের মিনিমাম ওয়েজ এক জায়গায় আনা কি সম্ভব ? এই ব্যাপারে ওই কমিটি কি কোনো ইনটারিম রিপোর্ট দিয়েছে ? লেবার কমিশন থেকে তো ৬ মাস অন্তর মিনিমাম ওয়েজের একটা চিঠি পাঠায়।

**শ্রী মহঃ আমিন :** বিভিন্ন ইন্ডাস্ট্রির মধ্যে অনেক তারতম্য আছে। সবগুলোকে এক জায়গায় আনা খুবই কঠিন এবং করাও যায় না। সেইজন্য লেবার কমিশনকে বলেছি সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে দেখুন যতদূর সম্ভব কাছাকাছি আনা যায় কিনা। মিনিমাম ওয়েজ ইউনিফর্ম হবে, সেটা মনে হয় ফিজিব্‌ল হবে না।

**শ্রী মুস্তাফা বিন্ কাসেম :** আমরা সবাই জানি সংগঠিত শিল্পে শিশু-শ্রমিকরা ঢুকতে পারে না, আইনগত অসুবিধা আছে। অসংগঠিত শিল্পে অনেক শিশু-শ্রমিক থাকে, সম্ভবত এদের আইনগত স্বীকৃতি থাকে না এবং শিশু-শ্রমিক নিয়োগের জন্য অসংগঠিত শিল্পের কোনো মালিক অপরাধী সাব্যস্ত হয়েছেন বলেও শুনিনি। শিশু-শ্রমিকদের ন্যূনতম মজুরি কি হবে, সেটা কি নির্ধারিত হয়েছে ? সেই সম্বন্ধে বলবেন ?

**শ্রী মহঃ আমিন :** প্রশ্নটা ছিল অভিন্ন মিনিমাম ওয়েজ নিয়ে, শিশু-শ্রমিকদের বিষয়ে নয়। যেটা বললেন, সেই সমস্যা আমাদের আছে, অবস্থার চাপে পড়ে গরিব ঘরের ছেলে-মেয়েরা চায়ের দোকানে, মিষ্টির দোকানে, দর্জির দোকানে, জুতোর দোকানে, বিভিন্ন জায়গায় কাজ করে। আইনের দ্বারা এটা সমাধান করা যায় না। ইট ইজ এ পার্ট অফ দা সোসিও ইকনমিক প্রবলেম একজিস্টিং ইন আওয়ার কান্ট্রি। লেখাপড়া শিখে শিশু-শ্রমিকরা যাতে উন্নত কাজে যেতে পারে সেই প্রচেষ্টা সরকার নিয়েছে। এটা নিয়ে আলাদা প্রশ্ন করবেন, ডিটেইলসে দেব। তবে, সরকার এই বিষয়ে সচেষ্ট।

**শ্রী সৌগত রায় :** মুস্তাফা সাহেব যেটা বললেন সেটা ঠিক নয়। চাইল্ড লেবার ইজ ব্যান্ড ইন হ্যাজার্ডাস ইন্ডাস্ট্রি, নট ইন আদার ইন্ডাস্ট্রি। সুতরাং চায়ের দোকান, ব্যাটারির দোকান, গাড়ির গ্যারেজ ইত্যাদিতে যে শিশু-শ্রমিক কাজ করে সেটাতে রেস্ট্রিকশন নেই। হ্যাজার্ডাস ইন্ডাস্ট্রিতে ব্যান্ড।

আমাদের এখানে অনেক হেড লোড ওয়ার্কার আছে, মাথায় মোট বহন করে। মুম্বাইতে মহারাষ্ট্র সরকার হেড লোড ওয়ার্কারদের জন্য একটা বোর্ড করেছে, তাদের কন্ডিশন অফ ওয়ার্ক ইত্যাদি ঠিক করে। পশ্চিমবঙ্গে এই ব্যাপারে কোনো উদ্যোগ নিয়েছেন কি, বিশেষ করে বড়ো বড়ো বাজারে যেখানে বহু হেড লোড ওয়ার্কার থাকে ? এক্ষেত্রে কোনো ইউনিফর্ম আইন করার চিন্তা-ভাবনা কি আপনার আছে ?

**শ্রী মহম্মদ আমিন :** এটা আমার ঠিক জানা নেই। সৌগতবাবু জানেন আমি অল্পদিন লেবার মিনিস্টার হয়েছি। সব দিক এখনও ঠিক বুঝে উঠতে পারিনি। আপনি যে প্রশ্নটা করেছেন সেটা গুরুত্বপূর্ণ। শ্রমিকদের কতটা লোড নেওয়া উচিত আই.এল.ও.-র ফর্মুলা আছে। সেটা নিয়ে এখানে কিছুদিন চর্চাও হয়েছে। কিন্তু শ্রমিকদের জন্য স্ট্রিক্ট আইন হয়েছে বলে জানা নেই। আমরা খোঁজ নেব।

**শ্রী কাশীনাথ মিশ্র :** আমার অতিরিক্ত প্রশ্ন আপনার কাছে মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে সারা ভারতবর্ষে অসংগঠিত শ্রমিকের সংখ্যা প্রায় ৩৭ কোটির মতো। এদের জন্য অভিন্ন মজুরি আইন সুপারিশ করতে দ্বিতীয় জাতীয় শ্রম কমিশন গঠিত হয়। এই দ্বিতীয় জাতীয় শ্রম কমিশনের কোনো সুপারিশ আমাদের রাজ্য সরকারের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে গেছে কিনা, জানাবেন।

**শ্রী মহম্মদ আমিন :** সেকেন্ড ন্যাশনাল লেবার কমিশন ব্যাপার ছিল, কিন্তু এটা নিয়ে সুনির্দিষ্ট সুপারিশ করা যায়নি। এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার। কাজেই রাজ্য সরকারের পক্ষে কিছু বলার প্রশ্ন ওঠে না।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলী** : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে প্রশ্ন এই যে, অসংগঠিত শ্রমিকদের যেমন অভিন্ন মজুরি আইনের কথা বলা হয়েছে, তেমনই অসংগঠিত শিল্পে কর্মরত শ্রমিকদের জন্য আমাদের সরকার পি.এফ. চালু করেছেন। বিভিন্ন জায়গায় পি.এফ সংগ্রহ চলছে। আমার প্রশ্ন হচ্ছে এই পি.এফ সংগ্রহে কেমন সাড়া পড়েছে এবং কতজন শ্রমিক পি.এফ.-এর আওতায় এসেছে ?

**শ্রী মহম্মদ আমিন** : আমরা পশ্চিমবঙ্গে অসংগঠিত শ্রমিকদের জন্য পি.এফ স্কিম চালু করেছি দু-বছর হল। এতে ভালো সাড়া পাওয়া গেছে। এই পর্যন্ত ৫ লক্ষেরও বেশি শ্রমিক তাতে অন্তর্ভুক্ত হয়েছেন। মাসে ২০ টাকা তাঁরা দেবেন আর রাজ্য সরকার ২০ টাকা দিয়ে ব্যাঙ্কে জমা করে দেবেন।

**শ্রী রবীন্দ্র ঘোষ** : মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ইটভাঁটা, টালিভাঁটা, ঢালাই এতে যে অসংগঠিত শ্রমিকরা আছে তাদের কতজন এই পি.এফ.-এর আওতায় এসেছে।

**শ্রী মহম্মদ আমিন** : আমি টোটাল ৫ লক্ষ বলেছি। কোন শিল্পে কত শ্রমিক আছে এর আওতাভুক্ত হয়েছেন সেই ব্রেক আপ আমার কাছে নেই। আপনি চাইলে পরে তৈরি করে দিতে হবে।

এই সময়ে তৃণমূল সদস্য এবং কংগ্রেস সদস্যরা চীৎকার করতে থাকেন।

## 'বার্ড ফ্লু' রোগ

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৭) **শ্রী শুভেন্দু চৌধুরী** : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে 'বার্ড ফ্লু' রোগের প্রাদুর্ভাব ঘটেছে ;

(খ) সত্যি হলে এলাকাগুলি কোথায় ; এবং

(গ) উক্ত রোগ প্রতিকারের জন্য রাজ্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রী আনিসুর রহমান** :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

[ 11.50—12.00 noon ]

(নয়েজ)

**শ্রী শুভেন্দু চৌধুরী** : মাননীয় মন্ত্রী বললেন প্রশ্ন ওঠে না, কিন্তু আমরা জানি এই বার্ড ফ্লুর অহেতুক ভীতি সারা পশ্চিমবঙ্গে কতখানি প্রভাব ঘটিয়েছে।

(এই সময় কংগ্রেস দলের এবং তৃণমূল কংগ্রেস দলের মাননীয় বিধায়করা সভাকক্ষ ত্যাগ করেন।)

আমরা দেখেছি বাজারে মুরগির মাংস বিক্রি হচ্ছে না, ডিম খাচ্ছে না, এতে খামারগুলি বিভিন্ন সমস্যার মধ্যে পড়েছিল। মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, এই অহেতুক ভীতি রোধের জন্য আপনি কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি ?

**শ্রী আনিসুর রহমান :** আমি এর আগে একবার বলেছিলাম যে আমাদের রাজ্যে বা দেশে বার্ড ফ্লু হয়নি, যা হয়েছিল দক্ষিণ-পূর্ব এশিয়ার কয়েকটি দেশে এবং কতগুলি প্রাণী এবং কতগুলি মানুষ এতে আক্রান্ত হয়েছিল। আমরা এই খবর পাওয়ার পরে একটা হিসাব করে দেখি যে আমাদের রাজ্যে বা দেশে কখনও বার্ড ফ্লু হয়নি, যার ফলে আমাদের এখানে এর সম্ভাবনা খুব কম। তা সত্ত্বেও আমরা সাবধানতা অবলম্বনের জন্য ব্যবস্থা নিয়েছি। এ ব্যাপারে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া ১৬ দফা একটা গাইড লাইন পাঠিয়েছে এবং আমরা আমাদের রাজ্যে কি কি ব্যবস্থা নেওয়া উচিত সেটা ঠিক করে নিই। আমাদের ডিপার্টমেন্ট, অধিকার, বিশ্ববিদ্যালয় সবাই মিলে আলোচনা করে রাজ্য লেভেলে কমিটি করে জেলা লেভেলে দায়িত্ব দিই এবং যা যা করার আমরা করি। আপনি আরেকটা প্রশ্ন যেটা করেছেন এই রোগ প্রচারের ফলে—নানাভাবে এর প্রচার হয়েছে, কিছুটা বাড়তি প্রচার হয়েছে, কিছুটা না জেনে প্রচার হয়েছে। সংবাদমাধ্যমগুলি এতে একটা পজিটিভ রোল প্লে করেছেন। যতখানি আতঙ্ক ছড়িয়েছে ততখানি ঘটেনি, যদিও ডিম, মাংস বিক্রি অনেকটাই কমে গিয়েছিল, এটা প্রায় ৪০ পারসেন্ট কমে গিয়েছিল এবং ৬০-৬৫ পারসেন্ট বিক্রি হচ্ছিল। কতগুলি ব্যবস্থা নেওয়ার ফলে এখন আবার ৮৫-৯০ পারসেন্ট বিক্রি হচ্ছে। আরও যে ব্যবস্থা করার যেমন সরকারি বিজ্ঞাপন, প্রচার সেগুলি আমরা করছি। ওদের যে সংগঠন আছে ইস্ট ইন্ডিয়া পোলট্রি ইন্ডাস্ট্রিজ অ্যান্ড ফার্মার্স তাদের পক্ষ থেকেও চেষ্টা করা হচ্ছে। সরকারি এবং বেসরকারি উভয় উদ্যোগের ফলেই এখন আমরা অনেকখানি নর্মাল অবস্থায় এসেছি, আর কয়েক দিনের মধ্যে আমরা পূর্বের অবস্থায় ফিরে যেতে পারব।

**শ্রী শুভেন্দু চৌধুরী :** মাননীয় মন্ত্রী আশ্বস্ত করলেন বাজারে বিক্রি কমে গিয়েছিল সেটা প্রচারের মাধ্যমে অনেকটাই রিকভারি হয়েছে। তথাপি কিছু বলতে হয় যেমন কালিম্পঙে একটা বিদেশি সংস্থা তারা তাদের কয়েক হাজার মুরগিকে পুঁতে ফেলেছিল, আবার কোনো কোনো জায়গাতে দেখতে পাচ্ছি যেমন মেদিনীপুরে সেখানে মুরগির মাংস এবং ভাত খাওয়ানো হয়েছে বলে পত্রিকার মাধ্যমে রটেছে এবং এর ফলেই বার্ড ফ্লু ভীতি ছড়িয়ে পড়েছিল। মাননীয় মন্ত্রী বলেছেন এটা প্রচারের মাধ্যমেই এটা রিকভ্যার হয়েছে। তবে যারা এই ভীতি প্রচারে ইন্ধন জুগিয়েছে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করা হবে কি না ?

**শ্রী আনিসুর রহমান :** আমরা কতগুলি খবর পাই সংবাদপত্রের মাধ্যমে, তার মধ্যে তিন-চারটি প্রচার ছিল বড়ো আকারের। একটা ছিল পুরুলিয়ার ব্যাপারে, সেখানে কয়েকশত মুরগি মরে গিয়েছিল। আমরা সেটা খোঁজ নিয়ে দেখলাম এটা অন্য কারণে

হয়েছে। একদিনের মুরগির বাচ্চা বিক্রি করার জন্য নিয়ে যাচ্ছিল। এই একদিনের বাচ্চা যাকে আমরা ডে ওল্ড চিক বলি সেই বাচ্চাগুলিকে গরমে রাখতে হয়, তাদের ল্যাম্পের বা বাল্বের তলায় রাখতে হয়। যারা বিক্রি করতে নিয়ে যাচ্ছিল তারা এই টেম্পারেচারটা ঠিকমতো মেন্‌টেন্‌ করতে পারেনি, তাই কিছু বাচ্চা মারা যায়। কিন্তু খবর রটে যায় যে এটা বার্ড ফ্লুর জন্য হয়েছে। আরেকটা কথা আপনি যেটা বললেন কালিম্পঙের ব্যাপারে সেটা হল কালিম্পং থেকে ৮-১০ কি.মি. দূরে টং নামে একটা জায়গায় ১০ হাজার মুরগি তারা মেরে ফেলে। আমরা সঙ্গে সঙ্গে এ ব্যাপারে খোঁজ নিই। ওই সংস্থা একটা এন.জি.ও., বিদেশি সাহায্য পেয়ে থাকে, বোধহয় আমেরিকার সাহায্য পায়। এ ব্যাপারে সঙ্গে সঙ্গে জেলাশাসককে খবর পাঠানো হয়। এ.ডি.এম. খোঁজ নিয়ে বলেন ওই সংস্থা বলেছে বিপদ হতে পারে এই ভয়ে তারা নষ্ট করে ফেলেছে। তবুও আমরা আরো খোঁজ নিচ্ছি। এর মধ্যে কোনো কনসপিরেসি আছে কিনা দেখছি। কারো প্রতি আগাম সন্দেহ করতে চাই না। ডি.এম. সাহেবকে তদন্ত করার জন্য পাঠানো হয়েছে। রিপোর্ট পাওয়া গেলে তবে প্রকৃত তথ্য জানা যাবে। ওরা অবশ্য বলেছে ভয়ে করেছে। এই রকম কিছু খবর পেয়েছি নদীয়া এবং ২৪-পরগনা থেকে। সেখানেও জেলা প্রশাসনের আধিকারিক ডি.এম.-কে পাঠানো হয়েছে। তবে কোনো একটা জায়গায়ও খবর পাইনি যে জ্বর বা ফ্লুতে আক্রান্ত হওয়ার ঘটনা ঘটেছে। আর, যারা এইরকম মিথ্যা খবর প্রচার করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা যেটা মাননীয় সদস্য বললেন তার পরিপ্রেক্ষিতে বলি, কিসের ভিত্তিতে কাকে ধরব ? এইভাবে হয় না। তবে যেখানে তদন্ত করার মতো বিষয় আছে, করছি। তখন যদি দেখা যায় ইচ্ছাকৃত ভাবে ক্ষতি করার জন্য চক্রান্ত করা হয়েছে তাহলে আইনের ভিত্তিতে ব্যবস্থা নেব।

**শ্রী শুভেন্দু চৌধুরী** : ছোটো ছোটো খামারিরা তো এর ফলে ক্ষতিগ্রস্ত হলেন, দাম পেলেন না। এক্ষেত্রে ওই ছোটো ছোটো চাষীদের পোলট্রি তৈরি করার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় তাদের সাহায্যের কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা ?

**শ্রী আনিসুর রহমান** : সাধারণভাবে পোলট্রিগুলো থেকে দুটো জিনিস পাওয়া যায় মুরগির মাংস এবং ডিম। সাধারণভাবে গরিব যুবক-যুবতীরা এই পেশার সঙ্গে লিপ্ত আছেন। তাদের জন্য প্রোগ্রাম আছে ফ্যামিলি বেসড। এতে ৭৫ ভাগ টাকাই সাবসিডি আছে। প্রত্যেক জেলায় পঞ্চায়েতের সঙ্গে তালিকা করে হাঁস, মুরগির প্রকল্প যুক্ত করা হয়। আরেকটা আছে বেকার যুবক-যুবতীর জন্য মাঝারি মাপের প্রকল্প। তাতে আমাদের দপ্তর শুধু নয়, মাইনরিটি কর্পোরেশন ঋণের ব্যবস্থা করে দেয়, বেশি করে দেওয়া হয়। আর, এস.সি., এস.টি. কর্পোরেশন থেকেও দেওয়া হয়। এইভাবে সরকারের সেল্ফ এমপ্লয়মেন্টের ব্যবস্থা আছে। সেখানে আমরা বাড়তি গুরুত্ব দেওয়ার ব্যবস্থা করছি। আমাদের এখানে চাহিদা কম থাকার জন্য এই অবস্থার মধ্যেও ডিম এবং মুরগির মাংসের ক্ষেত্রে সমস্যা হয়নি। কিন্তু আগামী দিনে হতে পারে। একথা মনে রেখে দুধের ক্ষেত্রে যেমন কো-অপারেটিভ নেটওয়ার্ক করে ফেডারেশন করা হয়েছে রাজ্যে, তেমনি বিচ্ছিন্ন অসংগঠিত

যেসব পোলট্রি ফার্ম রয়েছে তাদের নিয়ে পোলট্রি ফেডারেশন করা যায় কিনা সেটা দেখা হচ্ছে। আগামী দিনে তারা মার্কেটিংটা দেখবে।

**শ্রী নির্মল দাস** : মাননীয় মন্ত্রিমহাশয় বার্ড ফ্লুর ব্যাপারে বিস্তারিত বলেছেন। আরেকদিকে দেখা যাচ্ছে যত্রতত্র পাঁঠা-ছাগল-খাসি মারা হচ্ছে। এতে প্রবীণ নাগরিকরা আপত্তি করেন। আপনার দপ্তরকে জানানো হয়েছে কিন্তু ব্যবস্থা নেওয়া হয়নি। নীরোগ পশু যাতে একটা নির্দিষ্ট জায়গায় কাটার ব্যবস্থা হয় এবং ওপেনলি না করা হয় তার জন্য আপনার দপ্তর থেকে কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা ?

[ 12.00 – 12.10 p.m. ]

**শ্রী আনিসুর রহমান** : এতে দুটো জিনিস যুক্ত আছে—সরকারি ব্যবস্থা এবং মানসিকতা। আমরা প্যাকেটে করে ভালো দুধ দিতে চাই। কিন্তু আমাদের দেশের মানুষের মানসিকতা হচ্ছে যে, কিছু লোক ক্যানে করে দুধ বিক্রি করে—সেই দুধে জল দেওয়া আছে, কি নেই, তার ঠিক নেই—কিন্তু কিছু মানুষ সেই দুধকে ফ্রেশ দুধ মনে করছেন। মাংসের ক্ষেত্রে কোনো জায়গায় মুরগি, ছাগল সিল্ করে বিক্রি করার চেয়ে, চোখের সামনে সেটা কেটে দিলে সেটাকে মানুষ ভালো বলে মনে করেন। এই মানসিকতার জন্য সমস্যা আছে। উন্নত দেশে এইসব সমস্যা নেই—সেখানে আপনি যেরকম বললেন সেই রকমই হয়। এ বিষয়ে আমাদের রাজ্যে চেষ্টা হচ্ছে। তবে সবটা আমার এক্তিয়ারের মধ্যে নয়। কিছুটা মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন, পঞ্চায়েতের এক্তিয়ারভুক্ত। স্লটার হাউসের ক্ষেত্রে নিয়ম ছিল—আগে মিউনিসিপ্যালিটি লাইসেন্স দিত, কিন্তু এখন সেটা পরিবর্তন করে জেলায় রুর‍্যাল এরিয়ায় পঞ্চায়েতও লাইসেন্স দিতে পারে। চোখের সামনে এগুলো কাটলে খারাপ লাগে, এক্ষেত্রে এনভায়রনমেন্টের ব্যাপার আছে। আপনি যেরকম বললেন সেটা হলে ভালো হত। চোখের সামনে এগুলো কাটা উচিত নয়। এ বিষয়ে সমস্ত মিউনিসিপ্যালিটি, কর্পোরেশনকে জানিয়েছি। আগামী দিনে জয়েন্টলি এ ব্যাপারে নিশ্চয় আমরা চেষ্টা করে যাব।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### বহুমুখী হিমঘর

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৪) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে প্রতিটি জেলায় বহুমুখী হিমঘর তৈরির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি কোন্ পর্যায়ে আছে ?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) পশ্চিমবঙ্গে অবস্থিত ৩৭৩টি হিমঘরের সিংহভাগ ব্যক্তিগত উদ্যোগে নির্মিত হয়েছে। এদের মধ্যে ৩৪টি বহুমুখী হিমঘর। সমবায়ের মাধ্যমে নির্মিত হিমঘরের সংখ্যা ৫০টি। এদের মধ্যে ৩টি বহুমুখী হিমঘর।

বিগত ২ বছর ধরে কৃষি বিপণন দপ্তরের পরিকল্পনা-খাতে বাজেট বরাদ্দের পরিমাণ ২ কোটির নীচে। এই অর্থ বরাদ্দে প্রতিটি জেলায় হিমঘর নির্মাণের কোনো পরিকল্পনা গ্রহণ করা সম্ভব নয়। সমবায় দপ্তরের মাধ্যমে জলপাইগুড়ি, হুগলী, মুর্শিদাবাদ প্রভৃতি জেলায় বহুমুখী হিমঘর নির্মাণের পরিকল্পনা আছে। ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রিজ (Food Processing Industries Department) থেকে বহুমুখী হিমঘর নির্মাণের ক্ষেত্রে ভর্তুকি দেবার ব্যবস্থা আছে। ওই দপ্তরে এই ধরনের কোনো পরিকল্পনা আছে কিনা তা আমাদের দপ্তরে জানানো হয়নি।

(খ) ব্যক্তিগত উদ্যোগে হুগলী, বর্ধমান, মেদিনীপুর বীরভূম, হাওড়া, দার্জিলিং, জলপাইগুড়ি ও নদীয়া জেলায় মোট দশটি বহুমুখী হিমঘর নির্মাণের অনুমতি দেওয়া হয়েছে। এদের অনেকের নির্মাণকাজ চলছে।

এ ছাড়াও উত্তর ২৪-পরগনাসহ হুগলী ব্যতিরেকে উপরোক্ত জেলাগুলিতে আরো একুশটি বহুমুখী হিমঘর নির্মাণের প্রস্তাব দপ্তরে জমা পড়েছে। এইগুলি বিবেচনাধীন।

## অব্যবহৃত জমির সদ্ব্যবহার

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় :** শরণার্থী পুনর্বাসন ও ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলায় উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের অব্যবহৃত বেশ কিছু জমি আছে ;

(খ) সত্যি হলে, কোন্ কোন্ জেলায় কত পরিমাণ জমি এইরূপ অবস্থায় আছে এবং ;

(গ) উক্ত জমি সদ্ব্যবহারের জন্য কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

**শরণার্থী পুনর্বাসন ও ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) এইরূপ জমির মোট পরিমাণ : ৮৩৮.৪৯ একর। জেলাভিত্তিক পরিমাণ নিম্নরূপ :

| | | | |
|---|---|---|---|
| ১। | জলপাইগুড়ি | - | ৯.৪৬ একর |
| ২। | কোচবিহার | - | ২৭.০০ একর |
| ৩। | বর্ধমান | - | ১১৩.৮১ একর |
| ৪। | বীরভূম | - | ১৩২.৪৬ একর |
| ৫। | নদীয়া | - | ২৫.৭৪ একর |
| ৬। | উত্তর ২৪-পরগনা | - | ৭.৫০ একর |
| ৭। | কলকাতা | - | ২০.৪২ একর |
| ৮। | মেদিনীপুর | - | ৫০২.১০ একর |
| | মোট | - | ৮৩৮.৪৯ একর |

(গ) উক্ত জমি উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহারের সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে।

## 'প্রাণীজ' স্টল বিতরণ

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৪) **শ্রী তাপস চট্টোপাধ্যায়** : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে উৎপাদিত সামগ্রী বিক্রয়ের জন্য 'প্রাণীজ' নামে স্টল সমবায়ের মাধ্যমে বেকার যুবক-যুবতীদের মধ্যে বিতরণ করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, কতগুলি স্টল বিতরণ করা হয়েছে ?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না। তবে প্রাণীজ নামে সরকারি ও বেসরকারি সমবায়ের উদ্যোগে স্টল খোলা হচ্ছে।

(খ) এখন পর্যন্ত রাজ্যে মোট ৩৩টি প্রাণীজ স্টল খোলা হয়েছে।

## নিয়ন্ত্রিত বাজারে ফুল বিক্রয়

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭) **শ্রীমতী সোনালী গুহ :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণ ২৪-পরগনা জেলার কোন্ কোন্ স্থানের নিয়ন্ত্রিত বাজারে ফুলের ব্যাপক বিক্রয় হয় ?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

দক্ষিণ ২৪-পরগনা সমস্ত জেলাটিই দক্ষিণ ২৪-পরগনা নিয়ন্ত্রিত বাজার সমিতির প্রজ্ঞাপিত এলাকা। যদিও হাওড়া, মেদিনীপুর বা নদীয়া জেলার মতো ব্যাপক ফুলের চাষ এই জেলায় হয় না, তথাপি গোলাপ, ডালিয়া, রজনীগন্ধা, গ্যাঁদা, চন্দ্রমল্লিকা ইত্যাদি ফুলের উল্লেখযোগ্য চাষ এই জেলায় হয়।

যদিও বিষয়টি হর্টিকালচার দপ্তর দেখভাল করে তবু উল্লেখ করা যায়, দক্ষিণ ২৪-পরগনা জেলায় বিষ্ণুপুর থানার অন্তর্গত আমতলা বাজার, শিবানীপুর এবং মুচিশা ; বজবজ থানা এলাকায় নোদাখালি এবং ডায়মন্ডহারবার এবং বারুইপুর থানা এলাকার বাজারগুলিতে বেশ ভালো পরিমাণ ফুলের ক্রয়-বিক্রয় হয়। এই সমস্ত বাজার থেকে ফুলগুলি কলকাতার বিভিন্ন ফুলের বাজারে আসে। যেহেতু, দক্ষিণ ২৪-পরগনা নিয়ন্ত্রিত বাজার সমিতি অতি সম্প্রতি প্রজ্ঞাপিত হয়েছে (পূর্বে এই জেলার নিয়ন্ত্রিত বাজার সমিতির নাম ছিল আলিপুর নিয়ন্ত্রিত বাজার সমিতি) এবং আর্থিক ক্ষমতা খুবই সীমিত, তাই ওই সমস্ত বাজারগুলির পরিচালন নিয়ন্ত্রণভার এই মুহূর্তে এই কমিটির পক্ষে গ্রহণ করা সম্ভব হয়নি। আর্থিক অবস্থার উন্নতি হলে এই নিয়ন্ত্রিত বাজার সমিতি ভবিষ্যতে প্রয়োজনীয় সুযোগ-সুবিধাসম্পন্ন ফুলের বাজার স্থাপনে উদ্যোগ গ্রহণ করবে।

**পশ্চিমবঙ্গে উল্লেখযোগ্য ফুলের বাজারগুলি হল:**

(১) মল্লিক ঘাট, (২) মসলন্দপুর, (৩) ঠাকুরনগর, (৪) রানাঘাট, (৫) পাঁশকুড়া-দেউলিয়া, (৬) কোলাঘাট, (৭) পাঁশকুড়া - গোঁসাই বাজার

## জবরদখলদের পুনর্বাসন

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৩) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ভদ্রকালী মহিলা ক্যাম্প অঞ্চলে তালিকাভুক্ত নয় এমন বহু উদ্বাস্তু পরিবার জবরদখল করে বসবাস করছেন ; এবং

(খ) সত্যি হলে, এদের পুনর্বাসনের প্রশ্নে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি কি ?

**শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এটা সত্যি যে ভদ্রকালী মহিলা ক্যাম্পে তালিকাভুক্ত নয় এমন অনেক পরিবার জবরদখল করে বসবাস করছেন।

(খ) অন্যান্য কয়েকটি ক্যাম্পের সাথে ভদ্রকালী মহিলা ক্যাম্পকেও অস্থায়ী ক্যাম্প হিসাবে ঘোষণা করা হয়েছে। এখানে জবরদখল করা কোনো পরিবারকে দু-স্থানে পুনর্বাসন দেওয়া সম্ভব নয়। তবে, যোগ্য বিবেচিত হলে এবং অন্যত্র

পুনর্বাসন পেতে রাজি থাকলে, সেইসব উদ্বাস্তু পরিবারকে অন্যত্র পুনর্বাসন দেওয়া যেতে পারে।

## চা-বাগান বন্ধ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক**: শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১লা জানুয়ারি, ২০০৩ থেকে ৩১শে ডিসেম্বর, ২০০৩ পর্যন্ত রাজ্যে মোট কতগুলি চা-বাগান বন্ধ হয়েছে ;

(খ) উক্ত চা-বাগানগুলির মোট কর্মী সংখ্যা কত ; এবং

(গ) এ বিষয়ে রাজ্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) বিগত ১লা জানুয়ারী, ২০০৩ থেকে ৩১শে ডিসেম্বর, ২০০৩ তারিখ পর্যন্ত রাজ্যে মোট ২৫টি চা-বাগান বন্ধ হয়েছে।

(খ) ওই ২৫টি বন্ধ চা-বাগানের মোট কর্মীসংখ্যা ২১,৮০৭ জন। ১৭টি চা-বাগান ইতিমধ্যে চালু হওয়ায় অবশিষ্ট আটটি বন্ধ চা-বাগানের কর্মীসংখ্যা ৭,১০১ জন।

(গ) রাজ্য সরকার বিভিন্ন আপস মীমাংসার মাধ্যমে বহু চা-বাগান খোলার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এছাড়া বন্ধ চা-বাগান কর্মীদের কর্মসংস্থানের উদ্দেশ্যে পঞ্চায়েত কর্তৃক বিভিন্ন গ্রামীণ উন্নয়নের প্রকল্প চালু করা হয়েছে।

## পয়ঃপ্রণালীর জন্য পরিকল্পনা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৮) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতায় অবস্থিত সাহাপুর কলোনির পয়ঃপ্রণালীর জন্য কেন্দ্রীয় এবং রাজ্য সরকার যৌথভাবে পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনাটি রূপায়ণে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ?

**শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) সাহাপুর কলোনির পয়ঃপ্রণালীর জন্য পৃথকভাবে বিশেষ কোনো পরিকল্পনা সরকারের নেই। তবে, শহরাঞ্চলের উদ্বাস্তু কলোনির পরিকাঠামো উন্নয়ন পরিকল্পনার অধীনে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্ত অর্থ থেকে দুর্গাপুর-সাহাপুর কলোনিদ্বয়ের ১০০টি প্লটের জন্য প্রতি প্লটে ১৭,৭৭৭ টাকা

(কেন্দ্রীয় সরকারের ঘোষিত নীতি অনুযায়ী)-এর ভত্তিতে মোট ১৭,৫৯,৫১১ টাকা মঞ্জুর করা হয়েছিল। এর মধ্যে ৬,২২,৬৭৬ টাকা পরিকাঠামো উন্নয়নের কাজে ব্যয় করা হয়েছে।

স্থানীয় দাবি অনুযায়ী পয়ঃপ্রণালীর কাজ করতে গেলে ৪০,৭০,৩৩২ টাকা প্রয়োজন অথচ কেন্দ্রীয় সরকারের নীতি অনুযায়ী এই প্রকল্পের জন্য বাড়তি বরাদ্দ করা সম্ভব নয়। কলকাতা কর্পোরেশন যদি বাড়তি ২৬,৭৭,১৫১ টাকা দিতে রাজি থাকে তবে ওই কাজ করা সম্ভব।

(খ) প্রযোজ্য নয়।

## শ্রমিকদের ভাতা

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৫) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০২-২০০৩ আর্থিক বছরে রাজ্যে বন্ধ কারখানার কতজন শ্রমিক সরকার প্রদত্ত ভাতা পেয়েছেন (জেলাওয়ারি তথ্য)?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

২০০২-২০০৩ আর্থিক বছরে রাজ্যে বন্ধ কারখানার মোট ৩৫,৮৬০ জন শ্রমিক সরকার প্রদত্ত ভাতা পেয়েছেন। জেলাওয়ারি তথ্য সংলগ্ন পত্রে পেশ করা হল।

| ক্রমিক সংখ্যা | জেলার নাম | শ্রমিকের সংখ্যা |
|---|---|---|
| ১ | বর্ধমান | ২,৬২১ জন |
| ২ | বাঁকুড়া | ৫২ জন |
| ৩ | বীরভূম | ৪৪৯ জন |
| ৪ | পুরুলিয়া | ৯১২ জন |
| ৫ | মুর্শিদাবাদ | ২২ জন |
| ৬ | পূর্ব মেদিনীপুর | ৩৭২ জন |
| ৭ | হাওড়া | ৬,৭৫৫ জন |
| ৮ | মালদা | ৩০ জন |
| ৯ | উত্তর দিনাজপুর | ১৫৬ জন |
| ১০ | কোচবিহার | ৬৫ জন |
| ১১ | দার্জিলিং | ১,৫৮৬ জন |
| ১২ | জলপাইগুড়ি | ৬৮ জন |

| ক্রমিক সংখ্যা | জেলার নাম | শ্রমিকের সংখ্যা |
|---|---|---|
| ১৩ | হুগলী | ৩,১৬০ জন |
| ১৪ | নদীয়া | ৩,৭৩৮ জন |
| ১৫ | উত্তর ২৪-পরগনা | ৩,৩৯৭ জন |
| ১৬ | দক্ষিণ ২৪-পরগনা | ১,৩৫৪ জন |
| ১৭ | কলকাতা | ১০,০০৬ জন |
| | | ৩৪,৭৪৩ জন |
| | মৃত | ১,১১৭ জন |
| | (উপরিউক্ত জেলাসমূহের) | ৩৫,৮৬০ জন |

**বন্ধ কারখানার সংখ্যা**

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১) **শ্রীমতী সোনালী গুহ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বর্তমানে বন্ধ কারখানার সংখ্যা কত ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

৩১শে জানুয়ারি, ২০০৪ পর্যন্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে রাজ্যে বর্তমানে বন্ধ কারখানার সংখ্যা ৩৫৭টি।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received six notices of Adjournment Motions. The first one is from Shri Asit Kumar Mal on the subject of alleged non-issuance of ration cards to the common people in the State including Rampurhat sub-division. The second one is from Dr. Asish Banerjee on the subject of reported spurt in the death of new-born babies in the State. The third one is from Shri Jyotipriya Mallick, Shri Arunava Ghosh, Shri Kashinath Mishra, Shri Kallol Khan and Shri Manturam Pakhira on the subject of alleged irregularities in appointment of distributor of modified public distribution system in Darjeeling. The fourth one is from Shri Saugata Roy on the subject of failure of the Government to control the activities of P.W.G. and M.C.C. in Paschim Midnapore, Bankura and Purulia. The fifth one is from Shri Ashok Deb on the subject of lock-out of Caledonian Jute Mill, Budge Budge and the sixth one is from Shri Gobinda

Chandra Naskar on the subject of reported agitation of the Jnior sectors in the Campus of N.R.S., Medical College and Hospital.

The subject matters of all the six Motions relate to day to day administration of the Government and do not call for the Adjournment of the Business of the House. Members will get ample scope to raise the matters during discussion on Governor's Address. Besides, the Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the motions.

One Member of the party may, however, read the text of the motion as amended.

**শ্রী অসিত কুমার মাল** : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

বীরভূম জেলার রামপুরহাট মহকুমা সহ সারা রাজ্যে রেশন কার্ডের সমস্যা প্রবল হয়ে উঠেছে। মাননীয় খাদ্যমন্ত্রী রামপুরহাট মহকুমার নলহাটি বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হলেও এই জ্বলন্ত সমস্যার প্রতি তাঁর কোনো দৃষ্টি নেই। তাই সরকারি লাল ফিতের ফাঁসে আটক পড়েছে নাগরিকের এই সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিচয়পত্র। এর অভাবে মানুষ শুধু রেশন কার্ড থেকে বঞ্চিত হচ্ছে না। রেশন কার্ডের অভাবে বেকার যুবক-যুবতীরা কর্মবিনিয়োগ কেন্দ্রে নাম নথিভুক্ত করতে পারছে না। তপশিল জাতি ও উপজাতির ছাত্র-ছাত্রীরা তাঁদের জাতিগত প্রমাণপত্র বের করতে না পারার জন্য সরকারি সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। ১৯৮৩-৮৪ সালে রেশন কার্ডের জন্য বাড়ি বাড়ি সমীক্ষা করা হয়েছিল। তারপর থেকে রেশন কার্ড পাওয়া কঠিন হয়ে দাঁড়ায়। গত কয়েক বছর ধরে কোনো রেশন কার্ড ইস্যু করা হচ্ছে না।

অতএব অতি সত্বর লক্ষ লক্ষ ভুয়ো রেশন কার্ড বাতিল করে সত্যিকারের যে সমস্ত মানুষের রেশন কার্ড নেই তাদের রেশন কার্ড দেওয়ার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক**: জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন।

বিষয়টি হল : দার্জিলিং জেলায় সংশোধিত গণবন্টন ব্যবস্থার ডিস্ট্রিবিউটার নিয়োগ নিয়ে চরম বেনিয়ম প্রসঙ্গে এই মুলতবি প্রস্তাব উত্থাপন করছি। দার্জিলিং জেলায় সংশোধিত গণবন্টন ব্যবস্থার ডিস্ট্রিবিউটার নিয়োগের ক্ষেত্রে সরকারি আইনকে বুড়ো আঙুল দেখিয়ে রাজ্যের খাদ্য ও সরবরাহ বিভাগের যুগ্ম-সম্পাদক বেআইনি পথ অবলম্বন করে একই

ব্যক্তি বিমল কুমার ডালমিয়াকে দার্জিলিং এবং ঘুমে ও সুনীল বাজলাকে কালিম্পঙে ডিস্ট্রিবিউটারের লাইসেন্স দিয়েছেন পত্র নং ১৯৪৭-এফ.এস./এফ.এস./সেকেট/ফুড/৬এফ-১/০১ (পি.টি.) তাং ২৭.০২.২০০৪-এর মাধ্যমে। লোকসভা নির্বাচনের প্রাক্কালে ডিলার, ডিস্ট্রিবিউটার, ন্যায্য মূল্যের দোকানের লাইসেন্স দেবার ক্ষমতা সরাসরি নিজের হাতে তুলে নিয়ে রাজ্যের খাদ্যমন্ত্রী নজিরবিহীন ঘটনা ঘটিয়েছেন। আজকের সভার কাজ মুলতবি করে ডিস্ট্রিবিউটার নিয়োগের ক্ষেত্রে এই বেনিয়ম-এর বিষয়ে আলোচনা করার দাবি জানাচ্ছি।

## CALLING ATTENTION

**Mr. Speaker:** Today, I have received six notices of Calling Attention on the following subjects, namely :—

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Lock-out at Bally Jute Mill and consequential situation arisen therefrom | : | Shri Asit Kumar Mal & Shri Abdul Mannan |
| (ii) | Alleged scarcity of A.R.V. in the State | : | Dr. Asish Banerjee |
| (iii) | Reported hunger strike by junior Doctors at N.R.S. Medical College & Hospital | : | Shri Asit Mitra & Shri Saugata Roy |
| (iv) | Abduction of one Beauti Ghosh of Shimulpur, Gaighata on 25.7.2003 | : | Shri Jyoti Priya Mallick, Shri Arunava Ghosh, Shri Kallol Khan, Shri Manturam Pakhira & Shri Kashinath Misra |
| (v) | Steps taken by the Government to revive the tea industries at North Bengal | : | Shri Nirmal Das |
| (vi) | Reported recovery of Landmine by police at Kardanga Khal under Serenga P.S., Bankura | : | Shri Jyoti Krishna Chattopadhyay |

I have selected the notice of Shri Asit Kumar Mal and Shri Abdul Mannan on the subject of (1) Lock-out at Bally Jute Mill and consequential situation arisen therefrom

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**শ্রী মহম্মদ আমিন** : স্যার, আপনার অনুমতি নিয়ে আমি এই ইনফরমেশান দিতে চাইছি—বালি জুট মিলের ম্যানেজমেন্ট ১লা মার্চ থেকে সাসপেনশান অফ ওয়ার্ক-এর একটা নোটিশ দেন। কিছু সমস্যা এখানে ছিল হয়তো আগে থেকে। আমরা এই খবরটা পাওয়ার পর ইনটারভেন করি এবং লেবার কমিশনার শ্রমিকদের ইউনিয়নগুলি এবং ম্যানেজমেন্টকে ডাকেন। ম্যানেজমেন্ট প্রথম মিটিংয়ে আসেনি—তারা জানিয়েছে যে তাদের ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কেউ কলকাতায় নেই, কয়েকদিন তাদের সময় লাগবে এবং এর পরের মিটিংয়ে তারা আসবেন। লেবার কমিশনার ওদের সাথে কথা বলেছে। ওই মাসে কেন আপনারা সাসপেনশান অফ ওয়ার্ক করলেন, আপনাদের কি সমস্যা হয়েছে আপনারা জানান এবং এটা ২-১ দিনের মধ্যে আমরা পেলে পরে তারপর ইউনিয়নগুলির প্রতিনিধিদের সাথে আলোচনা করা হবে। খুব সম্ভবত ১৫ তারিখে একটা ট্রাইপারটাইট মিটিং-এর সম্ভাবনা আছে। এর মধ্য দিয়ে আমরা একটা সমস্যা সমাধানের ব্যবস্থা করতে পারব।

**শ্রী আব্দুল মান্নান** : মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিই। তিনি আজকে আমার এবং অসিত মালের দৃষ্টি আকর্ষণী যে নোটিশ ছিল তার প্রত্যুত্তর দিয়েছেন। উনি জানালেন যে ১৫ই মার্চ আলোচনা হবে। গত ১লা মার্চ কারখানার শ্রমিকরা যখন মর্নিং শিফ্‌টে ডিউটি করতে গিয়েছিল তখন তারা গিয়ে দেখেছে যে সাসপেনশান অফ ওয়ার্কের নোটিশ দিয়ে দেওয়া হয়েছে এবং তার আগে ১২ দিনের স্ট্রাইক হয়েছিল। সেই ১২ দিনের স্ট্রাইকের পরে একটা চুক্তি হয়েছিল। আমি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে জানতে চাইছি যে ১২ দিনের স্ট্রাইকের পরে যে ট্রাইপার্টাইট এগ্রিমেন্ট হয়েছিল সেখানে মালিকপক্ষ কোন কোনগুলি মানতে অস্বীকার করেছে এবং সেই ব্যাপারে সরকারের ভূমিকা কি, সরকারের বক্তব্য কি ?

**শ্রী মহম্মদ আমিন** : ১২ দিনের স্ট্রাইকের পরে যে চুক্তিটা হয়, তাতে মালিকদের প্রতিনিধি হিসাবে আই.জে.এম.এ.—সই করে এবং চুক্তিটা খুব ভালো চুক্তি হয়েছে এবং গুরুত্বপূর্ণ চুক্তি হয়েছে। ১৩৪ পয়েন্ট ডি.এ. তারা দেবেন এবং তারপর ১০ টাকা করে ইনক্রিমেন্ট সমস্ত ওয়ার্কাররা পাবে প্রতি মাসে। এছাড়া ২ বছর আগে একটা চুক্তি হয়েছিল, সেই চুক্তিকে রং ইনটারপ্রিটেশান করে কোনো কোনো ক্ষেত্রে শ্রমিকদের বেতন সেটা কমিয়ে দেওয়া হয়েছিল সেটাকে রেস্টোর করা হয়েছে—এ কথাটা চুক্তিতে লেখা আছে। কাজেই কোনো মালিক এই চুক্তি মানবেন না এইরকম কোনো বক্তব্য কেউ বলেনি। আমি মনে করি যে এই চুক্তি প্রমাণগেটেড আছে এবং এটা সমস্ত মালিকদের মানতে হবে। এটা ট্রাইপারটাইট ভ্যালিড এগ্রিমেন্ট।

[ 12.10—12.20 p.m. ]

**শ্রী আবদুল মান্নান** : পরবর্তী ক্ষেত্রে মালিকপক্ষ কোন্ কোন্ শর্ত মানতে অস্বীকার করেছে ?

**শ্রী মহঃ আমিন** : কোনো মালিক বলেনি মানবে না। একটা মালিকও বলেনি।

**শ্রী আবদুল মান্নান :** আইন অনুযায়ী সরকার কি ব্যবস্থা নিচ্ছেন ?

**শ্রী মহঃ আমিন :** লেবার কমিশনার ডেকেছেন, কথা বলেছেন এবং ১৫ তারিখ ট্রাইপার্টাইট এগ্রিমেন্ট হবে। তবে যে চুক্তি হয়ে গেছে সে বিষয়ে পুনরায় আলোচনার আর কোনো জায়গা নেই। চুক্তি যা হয়েছে তা মানতে হবে।

**শ্রী অসিত কুমার মাল :** দীর্ঘ ২৬ বছর ধরে প্রতিদিন কোনো না কোনো জুট মিল বন্ধ হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী বালি জুটমিলে গিয়ে কথা বলে আসার পরেও তা বন্ধ হয়ে গেল। জুট মিল বন্ধ করার আগে কি মালিকপক্ষ সরকারকে কোনো ইনফরমেশান দেয় না, না এ বিষয়ে সরকারের সঙ্গে মালিকের যোগসাজশ আছে, যার জন্য আইন অনুযায়ী কোনো ব্যবস্থা নেওয়া যায় না ? এ বিষয়ে কি সরকারের কোনো নিয়ন্ত্রণ নেই ?

**শ্রী মহঃ আমিন :** মালিকরা বেশির ভাগ সময় কোনো ইনফরমেশান না দিয়েই সাসপেনশন অব ওয়ার্ক করে, যেটা করা উচিত নয়। তবে সরকারের সঙ্গে মালিকদের কোনো সাদৃশ্য নেই। কারখানা বন্ধ হলে আমরা ইনটারফেয়ার করি, মিটমাটের চেষ্টা করি।

## PRESENTATION OF COMMITTEE REPORT

### Presentation of the Fourth Report of the Committee on the Affairs of Women and Children (2003-2004)

**Shrimati Sadhana Mallik :** Sir, I beg to present the Fourth Report of the Committee on the Affairs of Women and Children (2003-2004).

### Presentation of the Fourth Report of the Committee on Estimates (2003-2004)

**Shri Unus Ali Sarkar :** Sir, I beg to present the 4th Report of the Committee on Estimates (2003-2004) on the Role of the State Government in the matter of the Establishment of Assembly Secretariat Vis-a-Vis Independent status of the West Bengal Legislative Assembly Secretariat.

## LAYING OF REPORTS

### Annual Report along with Audited Accounts of the West Bengal National University of Juridical Sciences for the year 2002-2003

**Shri Nisith Adhikary :** Sir, I beg to lay the Annual Report and Audited Accounts of the West Bengal National University of Juridical Sciences for the year 2002-2003.

**শ্রী আবদুল মান্নান :** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে আমরা প্রতিবাদে ওয়াক আউট করেছিলাম। তখন কোশ্চেন আওয়ার চলছিল বলে আমরা কারণটা এখানে উল্লেখ করে যেতে পারিনি। স্যার, আপনি জানেন আমরা একটা নির্দিষ্ট সময়ের মধ্যে আপনার অফিসে কোশ্চেন জমা দিই। তারপর অফিস থেকে আমাদের জানিয়ে দেওয়া হয় যে, কোশ্চেন অ্যাডমিটেড হয়েছে এবং ডিপার্টমেন্টে পাঠিয়ে দেওয়া হয়েছে। তারপর বুলেটিন পার্ট টু-এর মাধ্যমে আমরা জানতে পারি সেই কোশ্চেন এখানে কবে আসবে। যেদিনের কথা বলা থাকে সেদিন আমরা লবিতে গিয়ে দেখি যে কোশ্চেন এসেছে কিনা। এই শর্ট সেশনে আমরা আমাদের বেশির ভাগ কোশ্চেনের ক্ষেত্রেই দেখছি যে, আমাদের কোশ্চেনের উত্তর আসেনি, হেল্ড ওভার করে রাখা হয়েছে। এই সেশনটা শর্ট সেশন, অল্পদিন চলবে। আপনার অফিস থেকে ঠিক সময় ডিপার্টমেন্টে পাঠানো সত্ত্বেও প্রতিদিনই দেখছি মন্ত্রীর উত্তর এড়িয়ে যাবার জন্য কোশ্চেন হেল্ড ওভার হচ্ছে। নির্বাচনের মুখে প্রশাসন তথা সরকার বিব্রত হবে এই আশঙ্কায়—সরকারের জনস্বার্থ-বিরোধী কাজ এক্সপোজ হয়ে যাবে—প্রশ্নগুলো মন্ত্রীরা এড়িয়ে যাচ্ছেন।

আজকে শিশু-শ্রমিক নিয়ে প্রশ্ন ছিল, লেবার মিনিস্টার এখানে উপস্থিত আছেন, আমারও প্রশ্ন ছিল, কিন্তু সেটা আপনি হেল্ড-ওভার করে দিলেন। কমল মুখার্জীর ত্রাণ নিয়ে প্রশ্ন ছিল, কিন্তু মন্ত্রী এলেন না। এই শর্ট সেশনে মন্ত্রীরা আসবেন না, এই শর্ট সেশনে আপনি প্রশ্ন হেল্ড-ওভার করে দেবেন, আমরা উত্তর পাব না—প্রতিদিন যদি এই ঘটনা ঘটে এবং মন্ত্রীরা যদি এই ব্যবহার করেন তাহলে আপনি সর্বদলীয় মিটিং ডাকবেন না। আপনার যে এফর্ট বা নির্দেশ মানা—খোদ ট্রেজারি বেঞ্চ থেকে যদি নির্দেশ না মানে তাহলে ভবিষ্যতে সর্বদলীয় মিটিং ডেকে ফার্স করার দরকার নেই। জনগণের ভাষা, জনগণের বক্তব্য এখানে তুলে ধরব, না কোথায় কি করব সেটা পরে আমরা বেছে নেব। কিন্তু যে জিনিস হচ্ছে সেটাকে আমরা কনডেম করছি। যেসব মন্ত্রীরা জনস্বার্থ-বিরোধী বক্তব্য হয়ে যাবার ভয়ে, এক্সপোস্‌ড হয়ে যাবার ভয়ে পালিয়ে বেড়াচ্ছেন, এখানে আসছেন না, সেইসব মন্ত্রীদের আমি নিন্দা করছি, ঘৃণা করছি।

**শ্রী সৌগত রায় :** মাননীয় সদস্য শ্রী মান্নান সাহেব যা বললেন তার আমি পুনরাবৃত্তি করতে চাই না। গতকাল সভায় মন্ত্রী সুভাষ চক্রবর্তী বসে থাকা সত্ত্বেও আপনি তার ৪টে প্রশ্ন হেল্ড-ওভার করলেন এবং হায়ার এডুকেশন মিনিস্টার গতকাল এলেন না। এর জন্য গতকাল আপনি যথেষ্ট স্ট্রং কমেন্ট করেছেন। আজকেও দেখেছেন এই ইস্যু নিয়ে আমরা ওয়াক-আউট করেছি, কারণ ত্রাণমন্ত্রী আসেননি। একেই শর্ট সেশন, তারপরেও মাননীয় মন্ত্রী আমিন সাহেবের চাইল্ড লেবার প্রশ্নটি হেল্ড-ওভার হয়েছে। আমি এই কথার আর পুনরাবৃত্তি করতে চাই না যে মন্ত্রী পালিয়ে যাচ্ছেন, উত্তর দিতে চান না, জনসাধারণকে বলতে চান না—এটা ঠিক আছে, আমি আপনাকে বিনীতভাবে বলতে চাই, গতকাল আপনার বক্তব্যে এনকারেজড হয়েছিলাম যে হ্যাঁ, আপনি মন্ত্রীদের বলেছেন, মন্ত্রীরা হয়তো পুল্ড-আপ হবে। আপনি ক্ষমা করবেন, গতকাল টি.ভি.-তে আপনার একটা সাক্ষাৎকার

দেখলাম, সেখানে আপনি বলেছেন—I cannot force the Ministers to speak—this is Democracy. It is the bounden duty of the Ministers to reply. But there is no provision in parliamentary democracy for the Ministers to escape their responsibilities of answering the questions...They are not bound to reply...

এইরকম ঘটনা ভারতবর্ষের লোকসভায় ৫০ বছরের ইতিহাসে কখনও হয়নি যা আপনি বলেছেন যে মন্ত্রীরা দে আর নট বাউন্ড টু রিপ্লাই, এতে ওঁরা এনকারেজ হয়ে যাবে। হ্যাঁ, ওঁদের গণতান্ত্রিক অধিকার আছে রিপ্লাই না দেবার। সেইজন্য বলছি, টি.ভি.-তে আপনার যে কথা সেটা হয়তো ঠিকভাবে রিপ্রেজেনটেড হয়নি, সেটা আজকে ক্লারিফাই করুন যে এটা মন্ত্রীর দায়িত্ব কিনা ? যদি তাঁদের নাম কোশ্চেনে প্রিন্ট হয়ে আসে অর্ডার পেপারে রিপ্লাই দেবার জন্য, সেটার রিপ্লাই না দিলে দায়িত্ব থেকে মন্ত্রী বিচ্যুত হচ্ছেন কিনা এটা ক্লারিফাই না হলে দায়িত্বজ্ঞানহীন মন্ত্রীরা অনেক সময় উপস্থিত থেকেও জবাব দেন না। এই যে প্রসেস সেই প্রসেসে মন্ত্রীরা বিরোধী সদস্যদের অবমাননা করেছেন কিনা, সেটা আপনি ক্লারিফাই করুন, তা নাহলে মন্ত্রীরা উৎসাহিত হয়ে যাবে। সুতরাং এটা আজকে বলে দেবার দরকার আছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারের এই সর্ট সেশন শুরু হবার আগেই আপনি যে সর্বদলীয় মিটিং করেছিলেন সেকথা এখানে উল্লেখ হয়েছে। আপনি তখন বিশেষভাবে বলেছিলেন, এই শর্ট সেশনে বিশেষভাবে মন্ত্রীরা যেন উপস্থিত থাকেন এবং কোশ্চেনের আনসারগুলি যেন হয়। গতকাল উত্তর না দেবার জন্য এই নিয়ে প্রতিবাদ করা হয়েছে এবং আপনি এর উপর আপনার বক্তব্য রেখেছেন যে এটা ঠিক নয়। আমি যে কথাটা বলতে চাইছি, আজকে যেটা হল সেটা আমাদের দৃষ্টিকটু লাগছে। আপনি গতকাল টি.ভি.-তে কি বলেছেন, না বলেছেন তা আমি অতটা শুনিনি, কিন্তু কোনো প্রশ্ন হয়তো জেনুইন, কোনো কারণে কোনো মন্ত্রী উত্তর দিতে নাও পারেন।

[ 12.20—12.30 p.m. ]

কিন্তু এজ এ কনভেনশান, মন্ত্রীরা ইচ্ছা করলে উত্তর দেবেন না এটা হয় না। এটা হাউসের একটা অধিকার। এই কোশ্চেন আওয়ারে কোশ্চেনের উত্তর চায় সদস্যরা মন্ত্রীর কাছ থেকে। এটা হাউসের অধিকার, সদস্যদের অধিকার। ফলে এখানে মন্ত্রীরা উত্তর দিতে বাধ্য নন এইরকমভাবে স্ট্রেট আপনি বলেছেন। আপনি বলেছেন কিনা সেই ব্যাপারে আমি কোনো মন্তব্য করতে চাই না। নিশ্চয়ই মন্ত্রীরা বিশেষ কোনো কারণে জেনুইন কোনো কারণে উত্তর না দিতে পারেন। আদারওয়াইজ কোশ্চেন আওয়ার আমাদের একটা রাইট। সদস্যদের এটা একটা রাইট। সেইজন্য আমার কাছে বারে বারে এটা দৃষ্টিকটু মনে হচ্ছে। এই ব্যাপারে আপনি বলবেন। এটা চেয়ারের অবমাননা করা হচ্ছে, হাউসের অবমাননা করা হচ্ছে। আপনি বলা সত্ত্বেও একটার পর একটা কোশ্চেন হেল্ড-ওভার হয়ে যাচ্ছে।

**মিঃ স্পীকার :** এখন আমি আবার স্মরণ করিয়ে দিই কালকে আমি কি বলেছি। আমি মিডিয়াকে অ্যাভয়েড করি, আমি মিডিয়া চাই না। আমার চেহারা এত সুন্দর নয় যে

আমি চাইব আমার ছবি টি.ভি.-তে বারে বারে আসুক। প্রশ্ন হচ্ছে যে এটা একটা শর্ট সেশান। এই সেশান শুরু হওয়ার আগে আমি একটা অল পার্টি মিটিং ডেকেছিলাম। অলরেডি নির্বাচন প্রক্রিয়া আরম্ভ হয়ে গেছে, সবাই এর মধ্যে ব্যস্ত হয়ে যাবে। অনেক লোক আসতে পারবে না, অনেক লোক নির্বাচনে অংশগ্রহণ করবেন। হাউস চালানোর ক্ষেত্রে অসুবিধা তৈরি হবে। কিন্তু হাউসকে চালাতে হবে, প্রশাসনিক একটা দায়-দায়িত্ব আছে। যত অল্প সময়ের মধ্যে হাউস শেষ করা যাবে তত তাড়াতাড়ি নির্বাচনের কাজে লাগা যাবে। যার জন্য আমি আগে থেকে সতর্ক করে দিয়েছিলাম দেয়ার উইল বি প্রবলেমস। এই রকম অতীতে কোনোদিন হয়নি, এবারে হয়েছে। এই ব্যাপারে আমি কি করব ? আমি আবার রিপিট করছি In a democracy there is freedom of speech. Freedom of speech means right to speak and right not to speak. মনে রাখবেন কথাটা। Freedom of speech means right to speak and right not to speak. Freedom of speech means both. You cannot compel anybody to speak if he does not want to speak. That is not democracy. You have right to talk, you have right not to talk. I cannot compel you to talk. If you walk out I cannot say you stay.

(গোলমাল)

আপনারা ধৈর্য্য রাখেন না, এত অধৈর্য্য হলে কি হবে ? I have heard you in patience. I have patience to hear you. Have patience you will learn.

You have the right to walk out, you have right to protest, you have right to remain silent. All these are rights, human rights enshrined. Now for the Minister, it is bounded duty to supply information as sought for by the House.

...(noise)...

আপনাদের ধৈর্য্য নেই কি বলব ? আপনারা যখন বলেছিলেন অন্য কেউ বলেননি। এটা মেনে নেওয়া যাচ্ছে না। ওদের নিয়ম বুঝিয়ে দিচ্ছেন, নিজের নিয়মটা মানছেন না। Have patience. It is bounded duty of a Minister to reply, to supply information. If he does not you cannot force. What you can do, is to tell the people that the Minister does not supply the information. There is some wrong somewhere. The old democratic process was a movement, a part of a movement. Ultimately people decide. ...(noise)... So, have some patience. I am on my legs. You need protection, all right. But who will protect me. I also need protection. Give me protection. Let me have that protection first. The question here is again—I always give great stress and importance on members being punctual, members giving proper attendance, ministers replying to questions and trying to give as much

information as possible. Hafiz Alam Sairani, the concerned minister met me in my chamber. He came to me. He said, "Sir, I have got some difficulties. I can't be present on that day. I am very sorry for that." There are some compulsions to meet. I told him it is very late. You could inform earlier. Opposition is going to protest. You take a note of it and in future don't do it. He could not come today. But he came to me. Not that he did not come, not that he ran away without informing me. Mr. Amalendra Roy is in hospital. Mr. Kamal Guha has some difficulties in his eye-sight. These are human problems. We have to condone it. We have to understand. Mr. Amin has answered one question. He said for another question he has not received information. This is a short session. There are problems. We have a peculiar situation. I cannot blame anyone for this but the situation itself. I can appeal to the minister to be more prompt, to be more attentive and to be more responsive to the members seeking information. I can't say anything more than that. I can request the Parliamentary Affairs minister to put stress on the ministers that they answer the question. They should not try to avoid the question. I feel there are some compulsion where they cannot answer. Elections are on. People are involved. You are also a candidate Mr. Roy. You are also busy. Everybody is busy. What can be done ? How can I blame anybody ? Now let us get on with the business. The debate is closed.

## MENTION CASES

**শ্রী অসিত কুমার মাল :** আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, সারা রাজ্যে প্রতিবন্ধীরা সরকারি কোনো সাহায্য না পেয়ে হতাশায় দিন কাটাচ্ছে। বছরের পর বছর ধরে কার্ড না পেয়ে তারা হতাশায় দিন কাটাচ্ছে। হাসপাতালগুলিতে মেডিকেল বোর্ড বসিয়ে সঙ্গে সঙ্গে যদি তাদের প্রমাণপত্র দিয়ে দিত তাহলে তারা সরকারি সাহায্য গ্রহণ করতে পারত। স্যার, আপনি জানেন, আমাদের এখানে সমাজকল্যাণ বলে একটা দপ্তর আছে, যার মন্ত্রী মহম্মদ বিন তুঘলকের মতো। এই দপ্তর প্রতিবন্ধীদের সাহায্যের ব্যাপারে কোনো দায়িত্ব নেয় না। হাসপাতালে এসে প্রতিবন্ধীদের দরখাস্ত জমা দিতে হয়। সেখান থেকে সঙ্গে সঙ্গে সার্টিফিকেট দেওয়া হয় না। মেডিকেল বোর্ডে অ্যাপিয়ার হওয়ার দু-মাস পরে তাকে আবার সার্টিফিকেট আনতে সেখানে যেতে হয়। এই সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে কোনো সাহায্য রাজ্য সরকার করতে পারছে না। এই অবস্থায় মাননীয়

মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আপনার সপ্তাহে একদিন করে রাজ্য মহকুমা হাসপাতালে বোর্ড করে সেখানে সার্টিফিকেট দিতে হবে এবং তাদের যাতে স্থায়ী ব্যবস্থা হয় সেটা দেখতে হবে।

[ 12.30—12.40 p.m. ]

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার জেলা পরিষদের কার্যকলাপে অবিলম্বে পঞ্চায়েতমন্ত্রীর হস্তক্ষেপ করা দরকার। মোট ২৬টি ব্লকের ১২টি ব্লক কংগ্রেসের দখলে এবং ১৪টি বামফ্রন্টের দখলে। তারা এখন গমের মিনিকিট নিয়ে ভাগাভাগি করছে। আমি এই ব্যাপারে দুটো উদাহরণ দিতে পারি যে পঞ্চায়েতে কিভাবে দলবাজির ঘটনা ঘটছে। একটি পঞ্চায়েত সমিতিতে গ্রাম পঞ্চায়েতের সংখ্যা ১০ এবং আরেকটি পঞ্চায়েত সমিতিতে গ্রাম পঞ্চায়েতের সংখ্যা ৯। যেটিতে সংখ্যা ১০ সেটি সি.পি.এম. দ্বারা পরিচালিত আর যে গ্রাম পঞ্চায়েতে সংখ্যা ৯ সেটা কংগ্রেসের দখলে। অথচ গমের এই মিনিকিট বিলির ক্ষেত্রে যেখানে গ্রাম পঞ্চায়েতের সংখ্যা ৯ সেখানে ৪১৭ আর যেখানে গ্রাম পঞ্চায়েতের সংখ্যা ১০ সেখানে ২৪৭ বিলি করা হচ্ছে। এর থেকেই বোঝা যাচ্ছে কিভাবে দলবাজি করছেন। শুধুমাত্র কংগ্রেস পরিচালিত এলাকাতেই দলবাজি চলছে। এই ব্যাপারে পঞ্চায়েতমন্ত্রী অবিলম্বে হস্তক্ষেপ গ্রহণ করুন এবং ব্যবস্থা নিন।

**শ্রীমতী সোনালী গুহ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সেই সঙ্গে সঙ্গে এই হাউসেরও দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার নাকি উন্নত থেকে আরো উন্নততর সরকার গঠন করবেন। কিন্তু সেখানে আমরা কি দেখছি—নীলরতন সরকারের মতো হাসপাতালে ওষুধ পাওয়ার বদলে সেখানে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের দ্বারা মদ বিক্রি হচ্ছে। এন.আর.এস. হসপিটালে প্রকাশ্য দিবালোকে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সহায়তায় কিছু বহিরাগত ঢুকে ঢালাও মদ বিক্রি করছে এবং সেটা বাধা দিতে গিয়ে জুনিয়ার ডাক্তাররা আক্রান্ত হয়েছে। জুনিয়ার ডাক্তাররা ওই মদ বিক্রি করতে না দেওয়ায় ওই সমাজবিরোধীরা তাদের উপরে আক্রমণ করে এবং মারধর করে। এর ফলে ওই জুনিয়ার ডাক্তাররা কর্মবিরতি পালন করছে। তারা যখন পরের দিন বাইরে গিয়ে চা খেতে যায় তখন ওই সমাজবিরোধীরা তাদের আক্রমণ করে এবং এর ফলে ডাক্তাররা কর্মবিরতি এবং অনশনের ডাক দিয়েছে। একে তো নীলরতন সরকারের মতো হাসপাতাল যেখানে রোগীর এত ভিড়, সেখানে যদি এই ধরনের ঘটনা ঘটে এবং ডাক্তারদের অনশন চলে, তাহলে রোগীদের অসুবিধা হবে। জয়েন্ট এনট্রান্স পাশ করে এইসব ছাত্ররা ডাক্তারি পড়তে আসে তাদের যদি মদ বিক্রি বন্ধ করতে গিয়ে আক্রান্ত হতে হয় তাহলে কি অবস্থা হবে। স্বাস্থ্য দপ্তরে স্বাস্থ্যমন্ত্রী সূর্য্যকান্ত মিশ্র আর প্রত্যুষ মুখার্জী এই দুজন রয়েছেন, এঁদের জন্য তো আর সূর্য্য দেখার আমাদের উপায় নেই, অন্ধকারে থাকতে হচ্ছে। সেই কারণে এখন আর হাসপাতালে ওষুধ পাওয়া যায় না, তার জায়গায় মদ বিক্রি হচ্ছে। এই হচ্ছে উন্নত থেকে উন্নততর বামফ্রন্টের নমুনা। সেই কারণে এই অপদার্থ স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি, তিনি হাসপাতাল চালানোর ক্ষেত্রে অযোগ্য।

**শ্রী নন্দ কুমার মাঝি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা ইন্দাস থেকে মোগলমারী পর্যন্ত পি.ডব্লিউ.ডি.-র রাস্তাটির খুব খারাপ অবস্থা, দীর্ঘদিন মেরামত হয়নি। ফলে যাতায়াতের অযোগ্য হয়ে পড়েছে। ওই এলাকার ইন্দাস, শাসপুর, আকুই এবং তোরকোনা এইসব গ্রামের মানুষ ওই রাস্তার উপর দিয়ে বর্ধমান শহরে যায়। বর্ধমান শহরে মহাবিদ্যালয় আছে, কিন্তু আমার এলাকাতে কোনো বিশ্ববিদ্যালয় নেই। সেই কারণে বর্ধমান শহরে যাবার জন্য আমার কেন্দ্রের ওই রাস্তাটির মেরামতি করা দরকার, তা না হলে কলেজের ছেলে-মেয়েদের বিশ্ববিদ্যালয় যেতে অসুবিধা হবে।

**ডঃ আশীষ ব্যানার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রামপুরহাট বিধানসভার অন্তর্গত কাষ্ঠপড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির অন্তর্বিভাগ তুলে দেবার প্রয়াস চালানো হচ্ছে। এই অন্তর্বিভাগটা তুলে দিলে সেখানকার সাধারণ গরিব মানুষের যে ব্যাপক অসুবিধা হবে, সরকার সেখানে কোনোরকম দৃষ্টিপাত করছেন না। ওই এলাকাটি মুখ্যত আমরা দেখছি সাধারণভাবে সাঁওতাল এলাকার আদিবাসীদের বাস। ওই এলাকা থেকে যেখানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে, ব্লক স্বাস্থ্যকেন্দ্র রয়েছে, সেখানে যেতে গেলে ৩০-৪০ কি.মি. পথ ঘুরে যেতে হবে। অথচ সেখানকার মানুষের জন্য যে সুবিধা দেওয়ার কথা সরকার যেটা এলাকায় দেওয়ার ব্যবস্থা করছেন, কয়েকটি বেড সেখানে আছে, সেটাকে অন্য জায়গায় দেবার চেষ্টা করছেন। এতে এলাকার সাধারণ মানুষের মধ্যে একটা বিপন্নতা আসবে। তাই আমি মনে করি, অবিলম্বে সেখানে যেভাবে অন্তর্বিভাগটা চলছে, সেটা চালু রাখা হোক, অন্য জায়গায় উন্নতি যদি করতে চায় করুক, কিন্তু এই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যে বেড রয়েছে সেটা যেন না তোলা হয়। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে এই সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রের মধ্যে পড়েছে কানাইপুর গ্রাম পঞ্চায়েত এলাকা, শ্রীরামপুর উত্তরপাড়া ব্লক। একমাত্র ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টার সেখানে আছে, ওই এলাকাটি গ্রামীণ নগরায়ণ হচ্ছে, নামে পঞ্চায়েত এলাকা, সেখানে জনবসতি বাড়ছে, জনবিস্ফোরণ হচ্ছে, প্রতিদিন বহু মানুষ সেখানে নূতন নূতন ঘরবাড়ি করছেন, তার ফলে ওখানকার স্বাস্থ্য পরিকল্পনা ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টার দিয়ে করা সম্ভব নয়, ইতিমধ্যে মহকুমা স্বাস্থ্য কমিটি এবং জেলা স্বাস্থ্য কমিটি তারা রাজ্য সরকারের কাছে সুপারিশ করেছেন, ব্লক প্রাইমারি হেল্‌থ সেন্টারটিকে একটি গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে উন্নীত করা হোক। আমি এলাকার জনসাধারণের স্বার্থে বিষয়টি রাজ্য সরকারের কাছে আবেদনটি উত্থাপন করছি।

**শ্রী অসিত মিত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে যখন খাদ্যশস্যর ব্যাপারে আলোচনা হয়, তখন বলেন, আমাদের সরকার সফল, আমরা অনেক বেশি উৎপাদন করছি, ইত্যাদি ইত্যাদি।

এমনকি, অত্যন্ত দুঃখের কথা, বোরো চাষের জন্য যে জলের প্রয়োজন হয় হাওড়া জেলায় উলুবেড়িয়া মহকুমায়, সেখানে বিশেষ করে বাগনান ১ ও ২, আমতা ১ ও ২ এই সমস্ত এলাকায় জলের জন্য চাষ নষ্ট হতে বসেছে। ডি.ভি.সি থেকে ছাড়া জল অনেক জায়গায় আটকে দেওয়া হচ্ছে। সেটা যাচ্ছে না। এমনকি ৫৮ গেট যেটা গড়চুমুকে সেখানেও ঠিকমতন ক্লিয়ার করা হচ্ছে না। এই ব্যাপারে সেচ দপ্তর দায়িত্ব নিতে পারছে না। তাই সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে সেখানে জলের ব্যবস্থা করা দরকার, দামোদর ও রূপনারায়ণ নদীর জলের ব্যবস্থা যাতে করা যায় ডি.ভি.সি থেকে ছাড়া জলের ব্যবস্থা করলে ভালো হয়। তা না হলে এলাকার হাজার হাজার চাষীর চাষের ফসল নষ্ট হয়ে যাবে, এবং চাষী যাতে বিষ খেয়ে আত্মহত্যা না করে তার জন্য জল সরবরাহ করার জন্য আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের উন্নয়ন ও পরিকল্পনামন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি একটি বিষয়ের ব্যাপারে উত্থাপন করতে চাই, আপনারা জানেন যে মেদিনীপুর শহরে রাঙামাটিতে লেবেল ক্রসিং রয়েছে, সেখানে গেট পড়ে গেলে পরে স্কুল-কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের প্রায় আধঘণ্টা আটক হয়ে পড়ে থাকতে হয়, সেখানে এফ.সি.আই.-এর গোডাউন-এর জন্যও যানজট-এর সৃষ্টি হচ্ছে। ফলে সময়মতো তারা নির্দিষ্ট স্থানে পৌঁছাতে পারে না। আমরা রেল দপ্তরকে বলার পরে ১৩ কোটি টাকার বাজেট পেশ করেছেন এবং তারা বলেছেন রাজ্য সরকার যদি অর্ধেক টাকা দেন তাহলে তারা সেই রেল-এর উড়ালপুল নির্মাণ করবেন। আমরা জানতে পারলাম, ৯.২.০৪ তারিখে তারা তাদের বাজেটে ৭ কোটি টাকা ধরেছেন, আমি রাজ্যের কর্তৃপক্ষকে অনুরোধ করব বাকি টাকার ব্যবস্থা করার জন্য। বাকি অর্ধেক টাকা যদি রাজ্য সরকার মঞ্জুর করেন তাহলে যানজটের হাত থেকে এলাকার মানুষ রেহাই পেতে পারে। আমি আশা করব রাজ্য সরকার যেন প্রতিশ্রুতিমতো ছয় কোটি টাকা অবিলম্বে বরাদ্দ করেন। এই আবেদন জানাচ্ছি।

[ 12.40—12.50 p.m. ]

**শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৯ই জানুয়ারি, ২০০৪ সালে যখন গঙ্গাসাগরের বেলাভূমিতে বিভিন্ন প্রান্ত থেকে মকর সংক্রান্তি উপলক্ষে লক্ষ লক্ষ লোকের আগমন হচ্ছে, ঠিক সেই সময়ে গঙ্গাসাগরের খানসাহেব আবাদ মৌজায় নদীর চরে যে ৬৪টি সংখ্যালঘু পরিবার বসবাস করছিল, রাজনৈতিক কারণে শাসকদলের বন্ধুরা শতাধিক পুলিশ নিয়ে, লাঠি ও বল্লম নিয়ে তাদেরকে ওখান থেকে উচ্ছেদ করে। শুধু তাই নয়, তাদের ঘরগুলোতে আগুন লাগিয়ে দেওয়া হয় এবং সংখ্যালঘু ভাইদের পবিত্র যে গ্রন্থ সেটাও তার থেকে বাদ যায়নি। ১০৪ বছরের একজন বৃদ্ধও সেই আগুনে পুড়ে মারা যান। বিভিন্ন সংবাদপত্র এবং মিডিয়াতে এই খবর প্রকাশিত হয়েছে। এই ব্যাপারে কোর্টে কেসও করা হয়েছে। শাসকদলের সেই সমস্ত লোকেদের নামে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হলেও তারা

এখনো বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অনুরোধ করছি এবং দৃষ্টি আকর্ষণ করছি অনতিবিলম্বে দোষীদের গ্রেপ্তারের ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী মাফুজা খাতুন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল বেলপাহাড়ীর গোয়ালবেড়িয়ার বাসিন্দা ৫০ বছর বয়স্ক লুলু সিং-কে খুন করা হয়েছে। জনযুদ্ধ এবং এম.সি.সি.-র দুষ্কৃতিকারীরা এই কাজ করেছে। আর এদের প্রত্যক্ষ মদতদাতা হচ্ছে তৃণমূলীরা। সামনের লোকসভা নির্বাচনে পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুরে সি.পি.এম.-এর কর্মীদের মনোবলকে দুর্বল করার জন্য এই গভীর ষড়যন্ত্র শুরু হয়েছে। এই খুনীদের এবং খুনের মদতদাতাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সাধারণ প্রশাসন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আজকে তপশিলি জাতি সম্প্রদায়ের মানুষদেরকে কিভাবে বঞ্চিত করা হচ্ছে তার একটা নমুনা আমি দিতে চাই। বাঁকুড়া জেলাশাসকের দপ্তরে সাতজন ঝাড়ুদার আছেন এবং এদের মধ্যে বেশির ভাগই মহিলা। এই ঝাড়ুদার মহিলারা কেউ ১৯৬০ সাল থেকে, কেউ ১৯৭৪ সাল থেকে, কেউ ১৯৮৫ সাল থেকে কাজ করে আসছে। কিন্তু তাদের প্রতি বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে। তাদের মাত্র ৫০০ টাকা করে বেতন দেওয়া হচ্ছে। বিষ্ণুপুর এবং খাতরা সাব-ডিভিশানের ঝাড়ুদারেরা ৭০০ টাকা করে বেতন পাচ্ছে। তারা সিডিউল কাস্ট বলেই কি তাদের এইভাবে বঞ্চিত করা হচ্ছে ? দীর্ঘদিন ধরে যারা কাজ করে আসছে তাদের স্থায়ীকরণের কাজ না করে, তাদের কম বেতনে কাজ করিয়ে নেওয়া হচ্ছে। যে টাকা অন্যান্য সাব-ডিভিশানে দেওয়া হচ্ছে, সেই টাকাও দেওয়া হচ্ছে না তাদের। এইসব তপশিলি মহিলাদের প্রতি যে অবিচার হচ্ছে তার প্রতিকার করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে—যিনি সাধারণ প্রশাসনের দায়িত্বেও আছেন—অনুরোধ করছি। তারা জেলাশাসককে যে দরখাস্ত দিয়েছে, সেইগুলোর প্রতিলিপি আপনাকে দিতে চাই। তাদের প্রতি যাতে সুবিচার হয়, এই প্রত্যাশা রাখছি।

**শ্রী রতন দাস :** স্যার, নাদনঘাট বিধানসভা এলাকাসহ কালনা মহকুমা এবং অন্যান্য স্থানে এস.সি., এস.টি., ও.বি.সি. সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীরা কাস্ট সার্টিফিকেট পাওয়ার ব্যাপারে অসুবিধায় পড়েছে। বিশেষ করে, যারা ফার্স্ট লার্নার, যাদের পূর্বপুরুষরা লেখাপড়াই শেখেনি ফলে কাস্ট সার্টিফিকেট রাখেনি, তাদের ক্ষেত্রে এই সার্টিফিকেট পেতে অসুবিধা হচ্ছে। বিষয়টি সরলিকরণ করে, যাতে এইসব ছাত্র-ছাত্রীরা কাস্ট সার্টিফিকেট দ্রুত পেতে পারে তার ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মন্টুরাম পাখিরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি হাউসে উপস্থিত আছেন। কাকদ্বীপ মহকুমা শহরে, কাকদ্বীপ চৌরাস্তার মোড়ে কালনাগিনী নদীর উপর একটা ব্রীজের কাজ ১৯৯৫ সালে শুরু হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত তা শেষ হল না। নদীর একদিকে সুন্দরবন মহাবিদ্যালয় রয়েছে,

অপরদিকে আছে চারটে উচ্চমাধ্যমিক, সাতটি মাধ্যমিক বিদ্যালয়, প্রাইমারি বিদ্যালয়, আর আছে কাকদ্বীপ মহকুমা হাসপাতাল, বিভিন্ন প্রশাসনিক দপ্তর। ব্রীজটি তৈরি হলে ওই এলাকার বহু মানুষ উপকৃত হত। ব্রীজটি নির্মাণ সম্পূর্ণ করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে বারবার আবেদন-নিবেদন করেছি, লিখিতভাবে জানিয়েছি, তিনি আশ্বাস দিয়েছিলেন হয়ে যাবে, কিন্তু আজ পর্যন্ত সেটা সম্পূর্ণ হল না। তিনি আজ হাউসে আছেন, আজকে এখানে তিনি আমাদের এই বিষয়ে আশ্বস্ত করবেন এই অনুরোধ করি।

**শ্রীমতী মীনা সনাতনী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ঝাড়গ্রামের বিনপুরে একটা খাদান আছে, সেখান থেকে হিন্দুস্থান কনস্ট্রাকশনের বড়ো বড়ো ট্রাক পাথর নিয়ে যায়। ওইসব ভারী ভারী ট্রাক যাওয়ার ফলে বিনপুর, শিলদা, জামবনী অঞ্চলের রাস্তাগুলো চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। অবিলম্বে ওই রাস্তাগুলো যথাযথভাবে মেরামত করে যানবাহন চলাচলের যোগ্য করে তোলার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন রাখছি।

[ 12.50 – 1.00 p.m. ]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : স্যার, পশ্চিমবাংলায় শান্তির মরূদ্যান এই কলকাতা শহরে যে ঘটনা ঘটছে, কলকাতার বিভিন্ন হাসপাতালে বেআইনি মদ বিক্রি অবাধে চলছে দীর্ঘদিন ধরে। নীলরতন মেডিকেল কলেজ হাসপাতালে এই ঘটনা ঘটেছে। বেআইনি মদ বিক্রি নিয়ে প্রথম দিনে ঝামেলা হয়, মারপিট হয়। সেখানকার হাউস স্টাফরা মদ বিক্রি বন্ধ করতে যায়। আবার গতকাল হাউস স্টাফ এবং পোস্ট গ্র্যাজুয়েট ট্রেনী জুনিয়র ডাক্তাররা তাদের সঙ্গে চতুর্থ শ্রেণির কর্মচারী এবং বহিরাগতদের গণ্ডগোল হয়। চতুর্থ শ্রেণির কর্মচারী এবং বহিরাগত মিলে আক্রমণ চালায়। কাল থেকে ডাক্তারদের অনশন চলছে। এটা যে শুধু নীলরতন হাসপাতালের ঘটনা নয়, কলকাতার অধিকাংশ সরকারি হাসপাতালে বেআইনি মদ বিক্রি হয় আমি নির্দিষ্ট করে বলতে পারি। বহিরাগতরা যান এবং অবাধে মদ বিক্রি চলতে থাকে। কলকাতা শহরে ডাক্তাররা মার খাবে এবং তার জন্য ডাক্তাররা স্ট্রাইক করে বসে থাকেন, অনশন করে বসে থাকেন, সেটা একটা সরকারের পক্ষে লজ্জার বিষয়। বুদ্ধদেববাবু শান্তির মরূদ্যান কথাটা বলেন, কিন্তু বাস্তবে এর কোনো মূল্য নেই, একথা বারবার প্রমাণিত হয়েছে কলকাতায় ঘটে যাওয়া বিভিন্ন ঘটনা থেকে। আজকে কলকাতা শহরের হাসপাতাল থেকে যে সমস্ত গ্রামীণ হাসপাতাল রয়েছে যেখানে যেখানে বেআইনি মদ বিক্রি হয় সেগুলো বন্ধ করে হাসপাতালগুলোকে পরিচ্ছন্ন সেবার জায়গাতে পরিণত করুন।

**শ্রী ইলিয়াস মহম্মদ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অসামরিক প্রতিরক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে বিষয়টা বলতে চাই সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি এই রাজ্যের হোম গার্ডদের বিষয়ে বলতে চাই। যদিও প্রধানত পুলিশ প্রশাসনকে সহায়তা করার জন্য রাজ্য সরকার হোমগার্ড নিয়োগ করেছিলেন। দুর্ভাগ্য

আমাদের যে এই হোমগার্ডরা আমাদের রাজ্যে দৈনিক কর্মচারী। কাজ করলে পয়সা না হলে পয়সা নেই। এমন একটা অবস্থার মধ্যে তারা দিন যাপন করছেন। আমি জানি যে অন্যান্য রাজ্য থেকে আমাদের রাজ্যে হোমগার্ডদের দৈনিক ভাতা বৃদ্ধি করা হয়েছে, কিন্তু অবসর নেওয়ার পর তাদের বেঁচে থাকার মতো ন্যূনতম যে ব্যবস্থা সেই সুযোগ তারা পায়নি। অর্থাৎ নিরাপত্তার ব্যবস্থাটা তাদের সুনিশ্চিত হয়নি। সেজন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব যে হোমগার্ডদের বিষয়টা গুরুত্ব সহকারে দেখুন এবং তাদের বেঁচে থাকার প্রশ্নে যে নিরাপত্তা তার কিছু ব্যবস্থা গ্রহণ করবেন। এই কথা বলে শেষ করছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয়ই অবগত আছেন যে গত কয়েকদিন ধরে আজকে কলকাতার বিশিষ্ট হাসপাতালে নীলরতন মেডিকেল কলেজ হাসপাতালে অচলাবস্থা সৃষ্টি হয়েছে। পশ্চিমবাংলার হাসপাতালগুলো শুঁড়িখানায় পরিণত হয়েছে। ক্যানিং থেকে আরম্ভ করে কাকদ্বীপ থেকে পার্বত্য অঞ্চল পর্যন্ত সব জায়গাতেই এক চরম অবস্থা চলছে। নীলরতন সরকার হাসপাতালে চতুর্থ শ্রেণির কর্মচারীর মদতে মদের ব্যবসা অবাধে চলছে এবং সেখানকার জুনিয়র ডাক্তাররা স্ট্রাইক করে প্রতিবাদ করেছে, উভয়ের মধ্যে বচসা হয়। এনটালি থানার পুলিশ সেখানে গিয়ে হাজির হয়। ওই হাসপাতালের সুপার একজন পাগল, কোনো স্টেপ নিতে পারেন না। পশ্চিমবাংলার স্বাস্থ্য অবস্থা বেহাল। অপদার্থ স্বাস্থ্যমন্ত্রী। স্বাস্থ্য পরিষেবা দিতে পারছে না। শিশু-মৃত্যু হচ্ছে। সরকারি হাসপাতালগুলো মদের ঠেকে পরিণত হয়েছে। জুনিয়র ডাক্তাররা গতকাল থেকে অনশনে বসেছে। আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করছি। আজকে এই চরম অবস্থা যাতে বন্ধ হয় এবং ডাক্তাররা তাদের আন্দোলন যাতে প্রত্যাহার করে নেয় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক। হাসপাতাল থেকে বেআইনি মদের ঠেক পুলিশের সাহায্য নিয়ে তুলে দেওয়ার ব্যবস্থা করা হোক। মদের ঠেক যে কোনোভাবে পুলিশের সাহায্য নিয়ে তুলে দেওয়া হোক এবং হাসপাতালের পরিবেশ পরিস্থিতি স্বচ্ছ এবং পরিচ্ছন্ন ও উন্নত করার ব্যবস্থা গ্রহণ করা হোক। তা যদি না করেন তাহলে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী পদত্যাগ করুন, তিনি শুধু পঞ্চায়েতমন্ত্রী হিসাবেই থাকুন এবং অন্য যোগ্য লোককে স্বাস্থ্যমন্ত্রীর দায়িত্ব দেওয়া হোক।

**শ্রী ভবানী শঙ্কর হাতিয়াল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র গোপীবল্লভপুরের একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের সাঁকরাইল ব্লকের অন্তর্গত কাটাপাল, নৌহাট, ঘেড়াছাড়া, কুলবনী এই কয়েকটি গ্রামে প্রায় ২০০ একর জমির আখে আগুন লেগে পুড়ে ছাই হয়ে যায়। গত বছরে হাতির তাণ্ডবে আখ নষ্ট হয়েছিল, এ বছরে আগুন লেগে চাষীরা সর্বস্বান্ত হয়েছে। এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এ বছর যাতে করে চাষীরা চাষ করতে পারে, আখের চারা সংগ্রহ করতে পারে। কারণ আখগাছ কেটে চারা তৈরি করতে হয়। এই ব্যাপারে কৃষি দপ্তর যাতে উদ্যোগ গ্রহণ করেন এবং আখচাষীরা যাতে তাদের সঙ্কট থেকে মুক্ত হতে পারে তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অশোক কুমার দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যখন নির্বাচন কমিশন লোকসভা, বিধানসভা, পৌরসভা বা পঞ্চায়েতের ইলেকশনের দিন ঘোষণা করেন তখন নির্বাচনে জিতবার জন্য নির্বাচনকে কেন্দ্র করে সরকার ইললিগ্যাল অ্যাপয়েন্টমেন্ট দিয়ে থাকেন। আমার এলাকা থেকে শুরু করে অনেক জায়গাতেই অ্যাড-হক বেসিসে টিচার নিয়োগ হচ্ছে এবং মিলগুলিকে কন্ট্র্যাক্ট বেসিসে চালু করার চেষ্টা করছেন কিন্তু মাননীয় মন্ত্রী এ ব্যাপারে কোনো রকম উদ্যোগ নিচ্ছেন না যাতে এটা বন্ধ হয়। তিনি হাউজে এক কথা বলছেন আবার হাউজের বাইরে আরেক কথা বলছেন। নির্বাচনের আগে দেখা যাচ্ছে প্রচুর লোক বেকার হয়ে যাচ্ছে মিল এবং কলকারখানা বন্ধ হয়ে যাবার ফলে। চাকরির ক্ষেত্রে প্যানেলের নিয়ম মানা হচ্ছে না, যার ১০ নম্বরে নাম আছে তাকে ১ নম্বরে এনে চাকরি দেওয়া হচ্ছে। এখন এ রাজ্যে আইন নেই, প্রশাসন বলে কিছু নেই। চাকরির ক্ষেত্রেও অনিয়ম ঘটছে। সরকার পক্ষের যাঁরা এম.এল.এ. আছেন তাঁরা ঘুরে বেড়াচ্ছেন কিন্তু কাজ করতে পারছেন না। আমরা ভোটার লিস্টে কারচুপি হতে দেখেছি এখন দেখছি, চাকরির ক্ষেত্রেও কারচুপি হচ্ছে। মাননীয় মন্ত্রী এটা যদি না দেখেন তাহলে আগামী দিনে ভয়াবহ অবস্থায় দাঁড়াবে।

**শ্রী ভক্তরাম পান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের হুগলী জেলার নসীবপুর থেকে হাওড়া জেলার সাঁকরাইল পর্যন্ত সরস্বতী নদীর ০ থেকে ১০ নম্বর চেন সংস্কারের জন্য আমাদের সেচ ও জলপথ বিভাগ পাটনা অফিসে ২৩ কোটি ৯৫ লক্ষ টাকার একটা প্রোজেক্ট অনুমোদনের জন্য গত নভেম্বর মাসে পাঠিয়েছে। কিন্তু সেটা এখনও অনুমোদন হয়ে আসেনি। এটা গুরুত্বপূর্ণ। এই ব্যাপারে হুগলী, হাওড়া জেলার মানুষ আন্দোলন করছেন। গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের কাছ থেকে যাতে দ্রুত এক্ষেত্রে অনুমোদন পাওয়া যায় তার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[ 1.00 – 1.10 p.m. ]

**শ্রী সৌগত রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শান্তিনিকেতনে সোমনাথ চট্টোপাধ্যায়ের সভাপতিত্বে শান্তিনিকেতন-শ্রীনিকেতন ডেভেলপমেন্ট অথরিটি যে তাণ্ডব চালাচ্ছে তার বিরুদ্ধে এই হাউজে প্রতিবাদ জানাচ্ছি। দীর্ঘদিন ধরে শান্তিনিকেতনে এস.এস.ডি.এ. চেষ্টা করছে বিশ্বভারতীর মধ্যে কি করে তারা হস্তক্ষেপ করতে পারে এবং আমরা দেখছি যে বিশ্বভারতীর যে প্রেসটাইন অ্যাটমোসফিয়ার, যে সুন্দর আবহাওয়া, পরিবেশ তাকে নষ্ট করে চারিদিকে সব হাউজিং কমপ্লেক্স গড়ে উঠছে। আগে বেঙ্গল পিয়ারলেস করেছে, এখন বেঙ্গল-অম্বুজা করতে যাচ্ছে। কিন্তু সম্প্রতি যেটা শুরু করেছে সেটা অত্যন্ত বিপজ্জনক। শান্তিনিকেতনের ঐতিহ্যবাহী লাহাবাঁধ, যেটা ফুলডাঙার পাশে, সেটা ভরাট করে অ্যামিউসমেন্ট পার্ক করার কথা বলছে এবং রবীন্দ্রনাথের স্মৃতিবিজড়িত খোয়াইয়ে নতুন হাউজিং কমপ্লেক্সের কথা বলা হচ্ছে। এর বিরুদ্ধে শান্তিনিকেতনের পুরনো আশ্রমিকরা— সাহিত্যিক মহাশ্বেতা দেবী, বিখ্যাত শিল্পী যোগেন চৌধুরী এবং বিকাশ ভট্টাচার্য এবং বিখ্যাত

চলচ্চিত্র ব্যক্তিত্ব চিদানন্দ দাসগুপ্ত প্রভৃতিরা এগিয়ে এসেছেন, প্রতিবাদ করেছেন। কিন্তু এস.এস.ডি.এ. এবং সোমনাথ চট্টোপাধ্যায়ের পক্ষ থেকে এদের বিরুদ্ধে পাল্টা প্রচার চালানো হচ্ছে। এই হাউজে বলতে চাই রবীন্দ্রনাথের স্মৃতিবিজড়িত এমন একটা কেন্দ্রে, আমি জানি না বিশ্বভারতীর উপাচার্য কেন এস.এস.ডি.এ-র চাপের কাছে নতিস্বীকার করছেন। আজকে এস.এস.ডি.এ. পাল্টা চাপ দিয়ে মহাশ্বেতা দেবীর বক্তব্য, 'ও কিছু নয়' বলে উড়িয়ে দেওয়ার চেষ্টা করছে। মহাশ্বেতা দেবী রাজনৈতিকভাবে আমাদের সঙ্গে যুক্ত নন। কিন্তু তিনি আজকে বিশ্বভারতী এবং শান্তিনিকেতনে এস.এস.ডি.এ.-র তুঘলকি কালাপাহাড়ী কাজের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছেন। শান্তিনিকেতন কলকাতার বড়লোকেদের উইকএন্ড কাটানোর একটা জায়গা হতে পারে না, শান্তিনিকেতন একটা অ্যামিউসমেন্ট পার্কের জায়গা হতে পারে না। শান্তিনিকেতনে কোনো ডেভেলপমেন্ট করতে গেলে বিশ্বভারতীর ঐতিহ্য, রবীন্দ্রনাথ সৃষ্ট আশ্রমের সৌন্দর্য, নান্দনিকতার সঙ্গে তাল মিলিয়ে চলতে হবে। আমি এই হাউজের মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাব এস.এস.ডি.এ. এবং সোমনাথ চক্রবর্তীকে নিবৃত্ত করুন যাতে তারা শান্তিনিকেতনকে আরেকটা অ্যামিউসমেন্টের জায়গা না করেন। রবীন্দ্রনাথ এবং বিশ্বভারতীর যে ঐতিহ্য তা রক্ষার জন্য এগিয়ে আসুন এবং এক্ষেত্রে সাহিত্যিকরা যে পদক্ষেপ নিয়েছেন, প্রতিবাদে রুখে দাঁড়িয়েছেন তাদের সাথে মাননীয় মুখ্যমন্ত্রী সাথ দিন।

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যারা নিয়মিত পঠন-পাঠনের সুযোগ পান তার বাইরে কিছু কিছু শিক্ষার্থী, তারা অতি সম্প্রতি ডিসট্যান্ট এডুকেশনের সুযোগ গ্রহণ করছেন। আমরা দেখছি আমাদের উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং অন্য কয়েকটা বিশ্ববিদ্যালয়ে এই সুযোগ আছে। আমরা চাইছি, বিশ্ববিদ্যালয় কোচিং-এর ব্যবস্থা করুন ১০-১২দিন। এটা যাতে বিভিন্ন জেলাতে যে স্বীকৃত কলেজগুলো রয়েছে সেই কলেজেও করানোর ব্যবস্থা যদি হয় তাহলে অভিভাবকদের আর্থিক সংকুলানের পথে যে বোঝা তা লাঘব হয় এবং শিক্ষার্থীরা নির্বিঘ্নে বাড়ি থেকে ক্লাস করতে পারে। সেজন্য আমার নির্দিষ্ট প্রস্তাব বিশ্ববিদ্যালয়গুলোর ক্ষেত্রে যাতে উচ্চশিক্ষা দপ্তর সেই ধরনের উদ্যোগ গ্রহণ করেন। আমি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে কথা বলছি—উত্তরবঙ্গের ৬টি জেলা থেকে এই বিশ্ববিদ্যালয়ের দূরত্ব প্রায় ২০০ থেকে ৩০০ কিলোমিটার। সেজন্য ওই জেলাগুলোর ছাত্র-ছাত্রীদের উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের এসে কোচিং নেওয়া খুবই অসুবিধাজনক। সেক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ের স্বীকৃত যে কলেজগুলো আছে, যেমন নর্থ বেঙ্গল ইউনিভারসিটির বি.টি. অ্যান্ড ইভিনিং কলেজ যেটা কুচবিহারে আছে, রায়গঞ্জ কলেজ আছে—এই সমস্ত কলেজগুলোতে যদি কোচিং-এর ব্যবস্থা করা হয় তাহলে ছাত্র-ছাত্রীদের সুবিধা হয় এবং অভিভাবকদেরও আর্থিক ব্যয়ভার বহন করা সহজসাধ্য হবে। অবিলম্বে এ ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি।

**শ্রী জ্যোতির্ময় কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পি.এইচ.ই. দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ব মেদিনীপুর জেলার ব্যাপক অঞ্চলে

পানীয় জলের আকাল দেখা দিয়েছে। যে জলাধারগুলো আছে সেগুলোর সংস্কার দূরের কথা, যেগুলো ছিল সেই জোন-১, জোন-২ (কন্টাই)—সেগুলো নষ্ট হয়ে গেছে। কাদামাখা জল বেরোচ্ছে। ইমিডিয়েট পানীয় জলের বন্দোবস্ত না করলে জনগণের দুর্গতির শেষ থাকবে না। অবিলম্বে উত্তর-কাঁথি, দক্ষিণ-কাঁথি অঞ্চলের যে গ্রামগুলো আছে যেটা স্যালাইন জোন সেখানে পানীয় জলের ব্যবস্থা করা হোক এবং পুরনো যন্ত্রপাতিগুলোর ইমিডিয়েট মেরামতির ব্যবস্থা করার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া বিধানসভার অন্তর্গত চেঙ্গাইল থানা এলাকায় লাডলো জুট মিল যেটা কানোরিয়া কেমিকেল্‌সের—এই জুট মিলের মালিক বেআইনিভাবে শ্রমিকদের কোনো পাওনা না দিয়ে লক্‌-আউট, সাসপেনশন অফ ওয়ার্ক করে দিয়েছে। এই জুট মিলে প্রায় ৫-৬ হাজার শ্রমিক-কর্মচারী কাজ করেন। ৫ মাস ধরে এইরকম অবস্থা চলছে। শ্রমিকরা কোনোরকম বিক্ষোভ, আন্দোলন মালিকদের বিরুদ্ধে করেনি। মালিকরা একটার পর একটা জুট মিল বন্ধ করে দিচ্ছে। শ্রমিকরা অনাহারে, ভিক্ষা করে দিন যাপন করছেন। এরপরে তারা আত্মহত্যা করতে বাধ্য হবে। এই জুট মিলকে সসম্মানে খোলার ব্যবস্থা যদি মাননীয় শ্রমমন্ত্রী না করেন তাহলে এই জুট মিলের প্রায় ৫-৬ হাজার শ্রমিক-কর্মচারী এবং তাদের পরিবারের সকলে এবং ব্যবসায়ীরা চেঙ্গাইল স্টেশনে অবস্থান করবেন। কারখানার মালিক ৬০ টাকা রোজে কারখানার পুরো প্রোডাকশন শ্রমিকদের দিয়ে করিয়ে নিতে চাইছে। মাননীয় শ্রমমন্ত্রী এই জুট মিলের গেটে কংগ্রেস আমলে মিটিং করেছেন। মালিকরা একটার পর একটা বেআইনি কাজ করে চলেছে। কিন্তু শ্রমিকরা মালিকদের বিরুদ্ধে কোনোরকম বিক্ষোভ, আন্দোলন করেনি। এই জুট মিলটি ঐতিহ্যপূর্ণ জুট মিল। এই জুট মিলের শ্রমিকরা অনাহারে, ভিক্ষা করে দিন যাপন করছেন। অবিলম্বে এই জুট মিলটি খোলার জন্য আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়ায় বিদ্যুৎ দপ্তরের যে অফিস আছে সেই অফিসে চরম দুর্নীতি এবং নৈরাজ্য চলছে। এক শ্রেণির অসাধু মানুষ তারা রাজনৈতিক ছত্রচ্ছায়ায় থেকে শুধু বিদ্যুৎ চুরি করছে তা নয়, বিদ্যুৎ চুরি করে তারা সেটা বিক্রি করছে। এ ব্যাপারে নির্দিষ্ট অভিযোগ করার পরেও সেই অসাধু ব্যক্তিদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। অপরদিকে অনেক মানুষ যাঁরা আইনসম্মতভাবে বিদ্যুৎ সংযোগ পেয়েছেন এবং চাষবাস করছেন—তাঁদেরকে বিনা কারণে হয়রান করার জন্য তাঁদের লাইসেন্স কেটে দেওয়া হচ্ছে। এই ব্যাপারগুলি সম্পর্কে বিদ্যুৎ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে কোনো সুব্যবস্থা হচ্ছে না। আমি বিদ্যুৎমন্ত্রীর কাছে দাবি করছি যাতে অবিলম্বে যারা অসাধুভাবে বিদ্যুৎ ব্যবহার করছে তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয় এবং যে সমস্ত বিদ্যুৎ গ্রাহকরা আইন মোতাবেক বিদ্যুৎ নিচ্ছেন তাদের সংযোগ যাতে অন্যায়ভাবে কাটা না হয়, সেই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন। ধন্যবাদ।

[ 1.10—1.20 p.m. ]

**শ্রী মদন বাউরী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমাজকল্যাণ দপ্তর-এর মাননীয় মন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। উগরা বিধানসভা এলাকায় অন্ডাল আই.সি.ডি.এস. প্রোজেক্ট চালু আছে। সেই প্রোজেক্ট-এ ২৮৮টি কেন্দ্র চলে। জানুয়ারী মাস থেকে আজ পর্যন্ত ওই কেন্দ্রে শিশু-খাদ্যের জন্য যে চাল, ডাল দেওয়া হত তা বন্ধ করে দেওয়া হয়েছে। সমস্ত কেন্দ্রগুলি প্রায় বন্ধের সম্মুখীন। আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওই কেন্দ্রগুলিতে শিশু-খাদ্যের প্রয়োজনে চাল, ডাল সরবরাহ করা হয় এবং কেন্দ্রগুলি যাতে চালু থাকে সেইমতো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী মোস্তাক আলম** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে পলিউশান কন্ট্রোল দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদায় পলিউশান কন্ট্রোল বোর্ডের একটা অফিস ছিল। সেটা পরবর্তীকালে শিলিগুড়িতে চলে যায়। মন্ত্রীর কাছে আবেদন করলে লিখিতভাবে জানান যে, অফিসাররা মালদায় সপ্তাহের একটা দিন এসে বসবেন শিলিগুড়ি থেকে এসে। সেই জায়গায় ব্যবস্থা করে দেবেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেইমতো চিঠি করে জানিয়েছেন। কিন্তু এখনও পর্যন্ত পলিউশান কন্ট্রোল বোর্ডের কোনো অফিসার মালদায় এসে বসছে না। মাননীয় মন্ত্রী এই ব্যাপারে হস্তক্ষেপ নেবেন এই দাবী করছি।

**শ্রী রামপদ সামন্ত**: স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পিংলা বিধানসভা কেন্দ্রের অন্তর্ভুক্ত রয়েছে নারায়ণগড় থানার দুটি অঞ্চল। তার ভিতরে একটা অঞ্চল বড়ো কলংকাই। সেখানে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। সেটা ১৯৬৫ সাল থেকে ৪০ বছর ধরে চলছে। এই স্বাস্থ্যকেন্দ্রে প্রতিদিন ১ শত থেকে দেড় শত রুগী হয়। কিন্তু খুব দুঃখের বিষয় যে এই হাসপাতালে একটা চক্রান্ত চলছে—সেই হাসপাতালকে বন্ধ করে দেওয়া হবে। গত ফেব্রুয়ারীর ১৬, ২০০৪ তারিখে—পশ্চিম মেদিনীপুরের সি.এম.ও.এইচ. একটা সার্কুলার করে দিয়েছেন। তাতে এই ধরনের হাসপাতালগুলিতে প্রকৃতপক্ষে ও.পি.ডি. সিস্টেম যেটা সেটাকে রোটেশানালি চালু করা হবে এইরকম নির্দেশ দিয়েছেন। আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক-এর সুযোগ থাকবে, অন্য চিকিৎসা থাকবে না। প্রকৃতপক্ষে এই ধরনের যে ব্যবস্থা তাতে এই স্বাস্থ্যকেন্দ্রটি গুরুত্বহীন করে দেওয়া এবং ভবিষ্যতে এটাকে তুলে দেওয়ার ব্যবস্থা করা। সরকার সিদ্ধান্ত নিয়েছেন ব্লকের একটা স্বাস্থ্যকেন্দ্রকে উন্নত পরিষেবার ব্যবস্থা করবে আর বাকিগুলির থাকবে না। এর ফলে আমরা দেখতে পাচ্ছি স্থানীয় মানুষদের মধ্যে এই ব্যাপারে ক্ষোভ-বিক্ষোভ দেখা দিয়েছে। এই অবস্থায় বড়ো কলংকাই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে যাতে ওটা না হয়, সেখানে যাতে স্থায়ী ডাক্তার থাকে, যাতে ওষুধপত্র জোগান দেওয়া হয় এবং ও.পি.ডি. যাতে ভালোভাবে চালু থাকে তার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

## ZERO HOUR

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের মন্ত্রিসভা তথা আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ এবং উচ্চমাধ্যমিক সংসদ তারা গ্রেডেশান প্রথা চালু করবেন ঠিক করেছেন। যেটা আই.সি.এস.সি. এবং সি.বি.এস.ই—আছে সেই সিস্টেম সেখানে পুরোপুরিভাবে সেটাও আপনারা অনুসরণ করছেন না। এখন দেখা যাচ্ছে যে, ফার্স্ট ডিভিশান, সেকেন্ড ডিভিশান, থার্ড ডিভিশান এবং পাস, ফেল আছে। স্বাধীনতার আগে থেকে এখনও পর্যন্ত ডিভিশান প্রথা অনুযায়ী চলছে। সেখানে দেখা যাচ্ছে যে তারা আই.সি.এস.সি. যেটা আছে ১০-১২ ক্লাস—সেখানে এ, বি, সি, ডি, ই-গ্রেডেশান অর্থাৎ এ হল—ভেরি গুড, বি হল—গুড, সি হল—স্যাটিসফ্যাক্টরি, ডি হল—ফেয়ার এবং ই হল ফেল। এখন ওরা যেটা বলছেন যে—আমরা করব—সেখানে ওরা বলছেন যে আমরা এ, বি, সি, ডি, ই করব। ৮০ থেকে ১০০ নম্বর পর্যন্ত 'এ', ৬০ থেকে ৮০ নম্বর পর্যন্ত 'বি', ৪০ থেকে ৬০ নম্বর পর্যন্ত 'সি', ৩৪ থেকে ৪০ নম্বর পর্যন্ত 'ডি' এবং ৩৪ নম্বরের নীচে 'ই' এই রকম গ্রেডেশন পদ্ধতি মধ্যশিক্ষা পর্ষদ এবং উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ চালু করতে চাইছে। এটা করার আগে এ বিষয়ে জনমত নেওয়া উচিত। এই গ্রেডেশন সিস্টেম চালু করার আগে এ বিষয়ে জনমত নেওয়া উচিত। তাই আমি বিষয়টির প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আদিগঙ্গা বা টালিনালার সংস্কার কাজ শুরু হয়েছিল। আদিগঙ্গার মাটি কাটার কাজ শুরু হয়েছিল। কিন্তু কালীমন্দির পর্যন্ত মাটি কাটার পরে সেই কাজ বন্ধ হয়ে গেছে। কেন্দ্রীয় সরকার এই কাজে ৩৬ কোটি টাকা স্যাংশন করেছে এবং রাজ্য সরকারও কিছু টাকা দিচ্ছে। অথচ সেই কাজ এখন বন্ধ হয়ে রয়েছে। সামনেই বর্ষা আসছে, আমার এলাকা, রাসবিহারী কেন্দ্রের বহু এলাকা ভরা কেটালের জলে প্লাবিত হয়ে যাবে। অর্ধেক কাজ করে কাজ বন্ধ রাখার ফলে বিস্তীর্ণ এলাকার মানুষের প্রচণ্ড অসুবিধার সৃষ্টি হবে। সেজন্য আমি এ বিষয়ে সেচমন্ত্রীকে বলতে চাই যে, অবিলম্বে ওখানে কাজ শুরু করা হোক এবং বর্ষার আগেই খননকাজ সম্পূর্ণ করা হোক। এই আবেদন আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনা জেলার অধিকাংশ অঞ্চলে আইনের শাসন সম্পূর্ণ ভেঙে পড়েছে। আমার এলাকার বারুইপুর থানার বেলেগাছির সাইদুল মোল্লার একটা রাসায়নিক সারের দোকান আছে। সে এলাকার তৃণমূল কংগ্রেসের অন্যতম একজন নেতা। এই অপরাধে কিছুদিন আগে একদল দুষ্কৃতী সি.পি.এম.-এর সমর্থন নিয়ে দোকানটি ঘেরাও করে আজ তিন মাস তালা-চাবি দিয়ে বন্ধ করে দিয়েছে। সে এস.পি., অ্যাডিশনাল এস.পি., এস.ডি.ও. এবং ও.সি.-কে সব জানানো সত্ত্বেও কোনো প্রতিকার হয়নি। পুলিশ গিয়েও দোকান খোলানোর কোনো ব্যবস্থা করতে পারেনি।

দুষ্কৃতীরা পুলিশকে তাড়িয়ে দিয়েছে। গরীব মানুষ তার দোকান খুলতে পারছে না, তাই আমি বিষয়টির প্রতি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেলেগাছির সাইদুল মোল্লা, পিতা মৃত সফেদ আলি মোল্লা, তার দোকানটি তাকে খুলে চালাতে দেওয়া হচ্ছে না। সে একজন সার ব্যবসায়ী, কিন্তু সার বিক্রি করতে পারছে না। অবিলম্বে তার দোকান খোলার ব্যবস্থা করা হোক।

**শ্রী অশোক কুমার দেব** : স্যার, দৈনিক সংবাদপত্র খুললেই দেখা যায় এ রাজ্যের সরকারি হাসপাতালে, বেসরকারি হাসপাতালে, নার্সিং হোমে রুগীরা ভর্তি হয়ে চিকিৎসার ভুলে মারা যাচ্ছে। নীলরতন সরকার হাসপাতালে মদ কেনা-বেচাকে কেন্দ্র করে গত দু-দিন ধরে গণ্ডগোল চলছে। আর.জি. কর হাসপাতালেরও ওই একই অবস্থা। অথচ স্বাস্থ্যমন্ত্রী এখানে দাবি করছেন যে, তিনি সব হাসপাতাল পরিষ্কার করেছেন, এখন আর কোনো হাসপাতালের মধ্যে কোনো অন্যায় কাজ হচ্ছে না। অথচ আমরা দেখছি সর্বত্র অন্যায়, অপরাধমূলক কাজকর্ম চলছে। চিকিৎসার দোষে এবং কর্মচারীদের অবহেলায় রুগী মারা যাচ্ছে। হাসপাতালে এবং নার্সিং হোমে গিয়ে অসুস্থ মানুষ যদি চিকিৎসা এবং সেবা না পায় তাহলে মানুষ কোথায় যাবে ? পয়সা দিয়ে নার্সিং হোমে গিয়ে বা বেসরকারি হাসপাতালে গিয়েও মানুষ আজ আর এ রাজ্যে সঠিক চিকিৎসা এবং সেবা পাচ্ছে না। ক্যালকাটা হসপিটালে একজন আইনজীবী পয়সা দিয়ে চিকিৎসা করাতে গিয়ে ভুল চিকিৎসায় মারা গিয়েছেন। নিশীথবাবু তাঁকে দেখতে গিয়েছিলেন। চিকিৎসক বা হাসপাতাল কর্তৃপক্ষকে কিছু বললেই তাঁরা বলেন, 'আমাদের কিছু করার নেই।' এই অবস্থায় আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি, অবিলম্বে এসব বন্ধ করে প্রতিটি ক্ষেত্রে যাতে ভালো চিকিৎসা মানুষ পেতে পারে তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। হাসপাতালে যেসব ডাক্তাররা চিকিৎসা করেন তাঁরা সঠিক চিকিৎসা করুন। নার্স দিদি যাঁরা নার্সিং সার্ভিসের সঙ্গে যুক্ত আছেন তাঁদের জন্মের সময় বোধহয় তাঁদের বাবা-মা-রা মুখে মিষ্টি দিতে ভুলে গিয়েছিলেন। যার ফলে তাঁরা মানুষের সঙ্গে কখনোই ভালোভাবে কথাবার্তা বলেন না। তাঁরা সব সময় রুগীদের সঙ্গে এবং রুগীদের পরিবারের লোকজনদের সঙ্গে খুবই খারাপ ব্যবহার করেন, খুবই খারাপভাবে কথাবার্তা বলেন। আমার মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ, তাঁদের একটু মিষ্টি খাওয়াবার ব্যবস্থা করুন যাতে তাঁরা মানুষের সঙ্গে একটু মিষ্টি ব্যবহার করেন। নার্সরা যাতে রুগীদের সঙ্গে একটু ভালো ব্যবহার করেন সেই ব্যবস্থা করা হোক।

[ 1.20—1.30 p.m. ]

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়ার সংযোগকারী সমস্ত রাস্তার এমনই বেহাল অবস্থা যে কোনো অবস্থায় অ্যাক্সিডেন্ট হচ্ছে এবং লোক মারা যাচ্ছে। এই অ্যাক্সিডেন্টের হার আরো বেড়ে যাবে, বিশেষ করে কাটোয়া থেকে মেমারী, কাটোয়া থেকে কৈ-চট, কাটোয়া থেকে বর্ধমান রোডের এমন পরিস্থিতি হয়েছে যে পরবর্তী সময়ে মানুষের চলাচল করার অবস্থা থাকবে না। অবিলম্বে এই রাস্তাগুলি যাতে মেরামত করা হয় তার জন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের তথ্য ও সংস্কৃতি দপ্তরের আওতায় রয়েছে বিভিন্ন জেলাগুলির ক্ষুদ্র পত্র-পত্রিকাগুলি এবং সেগুলি বহুবিধ সমস্যার মধ্যে পড়ে। আগে রাজ্য সরকার ঘোষণা করেছিলেন, বড় করে জেলার কথা, প্রতিদিন এলাকার মানুষের কথা এইসব পত্র-পত্রিকায় যাতে প্রকাশিত হয় সেইজন্য তাদেরকে সহযোগিতা করা হবে এবং বিজ্ঞাপন দিয়ে সহযোগিতা করা হত। কিন্তু অতি সম্প্রতি তা বিঘ্নিত হচ্ছে। যাদের প্রচার সংখ্যা খুবই ভালো, বিশেষ করে ৪-৫ হাজার, সরকারি নির্দেশ অনুযায়ী তারা ১৯ টাকা করে বিজ্ঞাপন রেট পাওয়ার অধিকারী। আমি আশা করব, মাননীয় মুখ্যমন্ত্রীর এই দপ্তর বিভিন্ন জেলায় তাদের আধিকারিকদের এই নির্দেশ প্রদান করুন, এই সমস্ত ক্ষুদ্র পত্র-পত্রিকা যাদের রাজ্যের প্রতিবিম্ব বলা যায় এবং যেগুলি বিভিন্ন জেলায় প্রকাশিত হয়—এমন অনেক প্রাচীন পত্রিকা আছে সেগুলি এখন ধুঁকছে, সেগুলি যাতে টিকে থাকে এবং তারা যাতে এলাকার মানুষের কথা, এলাকার উন্নয়নের কথা এবং সম্প্রীতির কথা বলতে পারে সেই সুযোগ তাদেরকে দেবার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের হাসপাতালগুলির অবস্থার প্রতি আবার সভার দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসে এর আগে কয়েকজন সদস্য এই সম্পর্কে বলেছেন যে, দোলের দিন নীলরতন সরকার মেডিকেল কলেজ এবং হাসপাতালে একশ্রেণির চতুর্থ শ্রেণির কর্মী বাইরের লোকের সহযোগিতা নিয়ে মদ বিক্রি করছিল। হাসপাতালের জুনিয়ার ডাক্তাররা তার প্রতিবাদ করে। তখন ওই জুনিয়ার ডাক্তারদের উপর চতুর্থ শ্রেণির কর্মীরা বাইরের লোকেদের নিয়ে চড়াও হয়। এর ফলে কয়েকজন জুনিয়ার ডাক্তার আহত হয়। তারই প্রতিবাদে তারা কর্মবিরতি করে। এখন সেই কর্মবিরতি উঠলেও তারা অনশন ধর্মঘট করছেন, তাঁদের বক্তব্য হচ্ছে, হাসপাতালের সুপার তাদের কোনো নিরাপত্তার আশ্বাস দিচ্ছেন না এবং এন.আর.এস.-এর রোগীরা কোনো চিকিৎসা পাচ্ছে না। আপনি স্যার, এটা বোঝার চেষ্টা করুন, একটা সরকারি হাসপাতালের মধ্যে প্রকাশ্য দিবালোকে মদ বিক্রি হচ্ছে আর জুনিয়ার ডাক্তাররা এর বিরুদ্ধে অভিযোগ করেছেন। আর সরকার বলছেন রেশন দোকান থেকে মদ বিক্রি করবেন। সরকারের আজকে এই পলিসি বলেই হয়তো চতুর্থ শ্রেণির কর্মচারীরা এই কাজ করেছেন এবং তারই প্রতিবাদে জুনিয়ার ডাক্তাররা আন্দোলনে নেমেছে। যেহেতু এন.আর.এস. একটি গুরুত্বপূর্ণ হাসপাতাল সেইজন্য অবিলম্বে এর প্রতিকারের জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় উত্থাপন করতে চাইছি। আমরা জানি, কেন্দ্রীয় সরকারের বিলগ্নীকরণ মন্ত্রী শ্রী অরুণ সৌরী খুবই দক্ষতার সঙ্গে রাষ্ট্রায়ত্ত শিল্পগুলিকে একটার পর একটা বিক্রিবাটা করে দিচ্ছেন। সম্প্রতি ৬টি রাষ্ট্রায়ত্ত সংস্থাকে বিলগ্নীকরণ করলেন। তার মধ্যে ও.এন.জি.সি. হচ্ছে একটা লাভজনক প্রতিষ্ঠান বা সংস্থা যেটিকে মার্কিনীদের কাছে বিলগ্নীকরণ করে দিলেন ১০০ কোটি টাকায়। এইভাবে মার্কিন সাম্রাজ্যবাদের কাছে দেশটা বিক্রি করে দিচ্ছে। এই কথা আমরা সবাই জানি যে অরুণ শৌরী বিলগ্নীকরণ মন্ত্রী হিসাবে

দক্ষতার সঙ্গে একটার পর একটা রাষ্ট্রায়ত্ত সংস্থাকে লগ্নিকারীদের হাতে তুলে দিচ্ছে, সাম্রাজ্যবাদদের কাছে বিক্রি করছে।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের জেলার একটা গুরুত্বপূর্ণ সমস্যা তুলে ধরে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জেলা হল ভাঙন-প্রবণ জেলা। এই জেলায় ১৪-১৫টি এলাকায় ভাঙন হয়। আবার আমাদের জলঙ্গী রানীনগর এলাকায় ৭-৮টি জায়গায় ভাঙনের মুখে দাঁড়িয়ে আছে। মুর্শিদাবাদে জেলাপরিষদ নির্বাচনের আগে কংগ্রেস সভাপতি এবং কংগ্রেসের লোকেরা গ্রামে গিয়ে প্রতিশ্রুতি দিয়ে এসেছিল যে আমাদের প্রথম কাজ হবে মুর্শিদাবাদে ভাঙন রোধ করা। তারা নির্বাচিত হওয়ার পরে মুর্শিদাবাদকে রক্ষা করার জন্য কোনো পরিকল্পনা নিল না। মুর্শিদাবাদের ভাঙন রোধ করার ব্যাপারে কি রাজ্য সরকার কি কেন্দ্র সরকার ব্যবস্থা নিক, এই ধরনের কোনো আবেদন জেলাপরিষদ থেকে এল না। সেইজন্য আমরা বিপদের মধ্যে আছি, আমরা এই ব্যাপারে খুব চিন্তিত। সামনে বর্ষার মরসুম আসছে, আমরা আতঙ্কিত। আবার এই ভোটের জন্য সব কাজ বন্ধ হয়ে গেছে। সামনে বর্ষা মরসুমের আগে অন্ততপক্ষে এই ১৪টি ব্লকের মধ্যে যেখানে ভয়ঙ্কর ভাঙনের আশঙ্কায় আছে, বিশেষ করে জলঙ্গী এবং রানীনগর এলাকায় ২টি জায়গায় ৮টি গ্রামসভা তলিয়ে যাওয়ার সম্ভাবনা আছে, সেই এলাকায় ব্যবস্থা নিন। অবিলম্বে এই জায়গায় ব্যবস্থা নেওয়ার জন্য সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিত মাল :** (নট প্রেজেন্ট ইন দি হাউস)

**শ্রী অসিত মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা গুরুত্বপূর্ণ বিষয় উপস্থিত করছি। গতকাল আমি এই বিষয়ে এই সভায় উল্লেখপর্বে বলেছিলাম। আজও আমাদের অনেক মাননীয় সদস্য এই কক্ষে বিষয়টা তুলেছেন। এটা সত্যি যে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরের পরিকাঠামো ভেঙে পড়েছে। শিশু-মৃত্যুর সংখ্যা বেড়ে গিয়েছে, চিকিৎসা হচ্ছে না, অনেকে বিনা চিকিৎসায় মারা যাচ্ছে। এই সমস্ত ঘটনা ঘটছে। আজকে যেটা উল্লেখযোগ্য বিষয় সেটা হল এন.আর.এস. মেডিকেল কলেজ অ্যান্ড হসপিটালে যেভাবে জুনিয়ার ডাক্তারদের উপর আক্রমণ হল সেটা ন্যক্কারজনক। মদ বিক্রি করার নাম করে তাদের উপর অত্যাচার করা হয়েছে। তার বিরুদ্ধে তারা প্রতিবাদ জানিয়েছে। এই ব্যাপার নিয়ে এখানকার সদস্যরা চিৎকার-চেঁচামেচি করেছি, উল্লেখ পর্বে উল্লেখ করার পরেও স্বাস্থ্য দপ্তর থেকে জুনিয়ার ডাক্তারদের সঙ্গে আলোচনা করে তাদের আন্দোলন প্রত্যাহার করার প্রস্তাব নিয়েছে। কিন্তু দুঃখের কথা হল আজও তারা অনশন করে চলেছে। হাসপাতালে নানারকম ব্যর্থতা আছে সেইগুলো সহ্য করা যায়, কখনো কখনো সহ্যের বাইরে চলে যায় তখন তার প্রতিবাদ হয়। দুঃখের ঘটনা হল আপনারা এইসব ঘটনা নিজেরা দেখেও দেখতে পাচ্ছেন না। হাসপাতালে চোলাই মদ বিক্রি হচ্ছে, হাসপাতালে হেরোইন গাঁজা সমস্ত কিছু বিক্রি হচ্ছে। এর প্রতিবাদের কোনো বন্দোবস্ত নেই। অবিলম্বে এই ব্যাপারে চূড়ান্ত ব্যবস্থা নেওয়ার জন্য

অপদার্থ স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, দাবি জানাচ্ছি। অন্তত এই ব্যাপারে দৃঢ়তার সাথে ব্যবস্থা গ্রহণ করুন। শুধু এন.আর.এস. মেডিকেল কলেজে নয়, অন্যান্য হাসপাতালে যাতে এই ধরনের অস্বাস্থ্যকর পরিবেশ না হয় সেইদিকে অবিলম্বে নজর দিন। ধন্যবাদ।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১লা মার্চ তারিখে আমার এলাকায় বালি জুটমিল কারখানার মালিক লক আউট ঘোষণা করেন। সেখানকার শ্রমিকরা সেইদিনই সংঘবদ্ধভাবে বি.সি.এম.ইউ. নেতৃত্বে, প্রতিনিধিত্ব করতে আমি নিজে উপস্থিত ছিলাম, এই বিষয়ে ডেপুটেশান আকারে মাননীয় মন্ত্রীর কাছে শ্রম দপ্তরে যাই এবং বিষয়টা দৃষ্টিগোচরে আনি। তারপরে ৪ তারিখে লেবার কমিশনারের অফিসে মিটিং ছিল এবং সেখানে কর্তৃপক্ষ উপস্থিত ছিলেন। সেই মিটিংয়ে তাঁদের কমপিটেন্ট লোক ছিল না বলে গ্রহণযোগ্য কোনো প্রস্তাব নেওয়া হয়নি। পরবর্তীকালে ঠিক হয় ১৫ তারিখে এই সভাটা হবে। এর মধ্যে এখানে যারা জুট মিলের লাইনে আছে তাদের জন্য ১১০০ কোয়ার্টার আছে।

[ 1.30—2.30 p.m. ] (including adjournment)

তাতে প্রায় ১০ হাজার লোক বসবাস করে। বিশাল জায়গা। তাদের ইলেকট্রিকের এবং জলের লাইন তারা কেটে দিয়েছিল। অতি শীঘ্র ডি.এম. থেকে আরম্ভ করে প্রশাসনের ওপরে চাপ দিয়ে আমরা মালিকপক্ষকে বাধ্য করি ওই বিদ্যুতের এবং জলের সংযোগ দেবার জন্য। সেদিনই তারা জল এবং বিদ্যুতের সংযোগ দেয়। এই সভাকে মিসগাইড করার চেষ্টা হচ্ছিল। আমরা দেখছি তারা বলছেন, আগের দিন বুদ্ধবাবু গেছেন। তার পরের দিন মিল বন্ধ হয়েছে। আমি দৃষ্টি আকর্ষণ করছি এইজন্য যে, বুদ্ধবাবু বি.সি.এম.ইউ.-এর রাজ্য সম্মেলনের অধিবেশনে গিয়েছিলেন, বালি জুট মিলে যাননি। সব জায়গায়, বিশেষ করে বিধানসভায় যখন বক্তব্য রাখবেন, বিধানসভার ডিগনিটি যাতে বজায় থাকে সেজন্য, সত্য বলার জন্য তাঁদের কাছে আবেদন করছি। ১২দিন ধর্মঘটের পর মালিপক্ষকে মাথা নিচু করতে এই সরকারই বাধ্য করেছে। চুক্তিতে যা আছে, তা তারা দিতে স্বীকৃত হয়েছে। মালিকপক্ষ এই ধরনের ঘটনা ঘটাতে চেয়েছিল। আমি আশা করব, সরকার যথাযথ ব্যবস্থা নেবেন। আগামী ১৫ তারিখে ত্রিপাক্ষিক যে মিটিং হবে, তখন বালি জুট মিলের ব্যাপারে সরকার থেকে যেন যথাযথ ব্যবস্থা নেন, এই আবেদন রাখছি।

(এই সময়ে ২-৩০ মিনিট পর্যন্ত সভা মুলতুবি থাকে।)

[ 2.30—2.40 p.m. ] (After adjournment)

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভার প্রতিটি ব্যবস্থা আজকে বিপর্যয়ের মুখোমুখি হচ্ছে। গতকাল জনৈক মন্ত্রী সভায় উপস্থিত ছিলেন, কিন্তু প্রশ্নের উত্তর দেবার কোনো তাগিদ মনে করলেন না। নিশ্চুপ হয়ে বসেছিলেন প্রশ্নোত্তর চলাকালীন। আজকেও নির্ধারিত প্রশ্নাবলীর পুস্তিকা আমরা পেলাম, আমরা অপেক্ষা করলাম, কিন্তু সংশ্লিষ্ট মন্ত্রী উপস্থিতির তাগিদও বোধ করলেন না। সুতরাং সমস্ত

নিয়মনীতি, পদ্ধতি আজকে কোন জায়গায় গেছে দেখুন। গতকাল রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব এসেছে তার উপরে আলোচনা শুরু হয়েছে। গতকালের বিতর্কে আমরা পুলিশের ব্যাপারে কিছু কথা বলেছিলাম তার উত্তর মাননীয় মুখ্যমন্ত্রী ১১ তারিখে দেবেন। ৮, ৯, ১০, বিধানসভায় আলোচনা হবে এবং ১১ তারিখে আমাদের যেসব প্রশ্ন তার উত্তর তিনি দেবেন। সেখানে বিধানসভা চলছে এবং স্বাভাবিকভাবেই মাননীয় মুখ্যমন্ত্রীর উত্তর দেবার সুযোগ রয়েছে। কিন্তু তিনি তা না করে গতকাল লবীতে দাঁড়িয়ে তাঁকে যে প্রশ্নগুলো আমরা করেছিলাম তার সরাসরি জবাব তিনি ওখানে দিয়েছেন। যেখানে ১১ তারিখে রাজ্যপালের ভাষণের উপরে বিরোধী পক্ষের তরফ থেকে যেসব অভিযোগ উঠেছে তার জবাব দেবার অধিকার রয়েছে, সেখানে মুখ্যমন্ত্রী হাউসের বাইরে আমরা যেসব প্রশ্ন করেছি তার জবাব দিতে শুরু করে দিলেন। এটা অসাংবিধানিক এবং তিনি দায়িত্বজ্ঞানহীনের পরিচয় দিয়েছেন। তিনি দায়িত্বজ্ঞানহীন আচরণ করেছেন। আজকে গণশক্তি পত্রিকাতে মুখ্যমন্ত্রীর বিবৃতি বেরিয়েছে—তিনি বলেছেন তৃণমূল কংগ্রেসের সঙ্গে নকশালপন্থী জনযুদ্ধ গোষ্ঠীর যোগাযোগ রয়েছে বলে গুরুতর অভিযোগ তুললেন রাজ্যের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য। খোদ বিধানসভার অলিন্দে দাঁড়িয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময়ে মুখ্যমন্ত্রী বলেন তৃণমূলের সঙ্গে সংশ্রব রয়েছে বলেই তো জনযুদ্ধ গোষ্ঠীতে বিভাজন হয়েছে। মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য এদিন বিতর্কের চারঘণ্টা সময়ই বিধানসভায় ছিলেন। বেশির ভাগ সময় সভাকক্ষে বসে তিনি ভাষণ শুনছেন। এক ফাঁকে সভাকক্ষের বাইরে বিধানসভায় অলিন্দে তাঁর সঙ্গে কিছুক্ষণ কথা হয় সাংবাদিকদের। জনযুদ্ধ গোষ্ঠীর কার্যকলাপ নিয়েই সাংবাদিকদের সঙ্গে তাঁর কথা হয়। তিনি এদিন সাংবাদিকদের বলেন, সত্যি কথা বলতে কি, জনযুদ্ধ কী সে সম্পর্কে ধারণা নেই তৃণমূলের এখানকার নেতাদের। পড়াশুনাও করেন না ওরা। আমি জানি মুখ্যমন্ত্রীর পড়াশুনোর দৌড় কতদূর এবং তাঁর দলের সদস্যদের পড়াশুনোর দৌড় কতদূর। সেই কারণে সি.পি.এম.-এর একজন মন্ত্রী তাঁর দলকে অর্ধশিক্ষিতের দল বলেছিলেন। এবং এইভাবে উপহাস করেছিলেন। বিধানসভার অলিন্দে দাঁড়িয়ে যেভাবে সাংবাদিকদের কাছে বক্তব্য রেখেছেন এটা সম্পূর্ণ অসৌজন্যমূলক এবং অসাংবিধানিক। আপনারা সংবিধানের সংসদীয় রীতিনীতি মানেন না, কিন্তু সংসদীয় রীতি-নীতির সুযোগ নিয়ে সংসদীয় ব্যবস্থাটাকে বিপর্যয়ের মুখে ঠেলে দেবার চেষ্টা করছেন। যেখানে আগামী ১১.৩.০৪ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রীর আমাদের প্রশ্নের জবাব দেবার কথা, সেখানে তিনি সেই সুযোগ না নিয়ে গতকাল বিধানসভার অলিন্দে দাঁড়িয়ে সাংবাদিকদের কাছে এর সুযোগ নিলেন এটা সম্পূর্ণ অসাংবিধানিক কাজ এবং দায়িত্বজ্ঞানহীনের আচরণ করেছেন।

....(গোলমাল)....

**শ্রী অসিত মিত্র :** স্যার, আমাকে এক মিনিট বলতে দিন। স্যার, আমি আপনাকে বলছি, মাননীয় বিরোধী দলের নেতা শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় যে অভিযোগ এনেছেন, এই অভিযোগ সর্বাংশে সত্য। তার কারণ, সংসদীয় রীতি অনুযায়ী বিধানসভা চলাকালীন যেখানে রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক হচ্ছে, সেখানে জনযুদ্ধ গোষ্ঠী অথবা এম.সি.সি.-র

বিরুদ্ধে আমাদের যে বক্তব্য বা জনযুদ্ধ গোষ্ঠী এম.সি.সি.-কে পরাভূত করতে না পারার জন্য রাজ্য সরকারের যে ব্যর্থতা, সেই ব্যর্থতার দায়ের ব্যাপারে কোনো আলোচনা করতে গেলে মাননীয় মুখ্যমন্ত্রীর তাঁর উচিত এই সভায় তাঁর আসনে দাঁড়িয়ে সদস্যদের প্রশ্নের জবাব দেওয়া, তার বাইরে তিনি আলোচনা করতে পারেন না। মাননীয় মুখ্যমন্ত্রীর এই সংসদীয় রীতি জানা উচিত ছিল এবং জেনে বলা উচিত ছিল। তিনি এখান থেকে চলে গিয়ে বিধানসভার লবিতে দাঁড়িয়ে বলবেন, কংগ্রেসের সঙ্গে এম.সি.সি.-র যোগাযোগ আছে, টি.এম.সি.-র সঙ্গে এম.সি.সি.-র যোগাযোগ আছে। এটা সর্বৈব সংসদীয় রীতি-বিরুদ্ধ, তাঁর বিরুদ্ধে আমাদের ব্যবস্থা নেওয়া উচিত। এটা অন্যায়, এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। স্যার, মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে চরম ব্যবস্থা নেওয়া উচিত।

(গোলমাল)

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : স্যার, আপনি আগে রুলিং দিন, আমরা যে পয়েন্ট অফ অর্ডার রেইজ করেছি তার উপরে।

**মিঃ ডেপুটি স্পীকার** : সংবাদপত্রে মুখ্যমন্ত্রী কি বলেছেন, আমি দেখিনি। কাজে কাজেই না দেখার পরে আমি এখনই কিছু বলতে পারব না। তাছাড়া এখানে পয়েন্ট অফ অর্ডার হয় না।

(গোলমাল)

চীফ মিনিষ্টার এলে, চীফ মিনিষ্টারকে বলবেন ; কিছু বলার থাকলে তিনি বক্তব্য রাখবেন। বসুন, বসুন।

(গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক হচ্ছে, কিন্তু ক্যাবিনেট শূন্য, ট্রেজারি বেঞ্চ-এ প্রায় কেউ নেই। হোয়াট ইজ দিস ? এইভাবে কি হাউস চলতে পারে ? এইভাবে কি রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক হয় ? স্যার, আপনি হাউস অ্যাডজার্ন করুন, হোয়াট ইজ দিস ?

[ 2.40 – 2.50 p.m. ]

(নয়েজ)

**শ্রী সুব্রত মুখার্জী** : স্যার, পৃথিবীর কোনো সংসদীয় নীতিতে এই জিনিস হয় না। রাজ্যপালের ভাষণের উপরে আলোচনা হচ্ছে, অথচ কোনো মন্ত্রী উপস্থিত থাকবে না, এটা হতে পারে না। আপনি হাউস অ্যাডজার্ন করুন, মন্ত্রীদেরকে ডাকুন। অন্ততপক্ষে দশজন মন্ত্রী উপস্থিত হলে আলোচনা চলতে পারে। এভাবে আলোচনা চলতে পারে না।

**মিঃ ডেপুটি স্পীকার** : পরিষদীয় দলের মন্ত্রী উপস্থিত আছেন, তিনি ব্যাপারটা দেখবেন।

**মিঃ স্পীকার** : বসুন, বসুন।

**শ্রী সুব্রত মুখার্জী** : স্যার, আপনি পার্লামেন্টারি ডেমোক্রেসিকে সেফ করুন, এইভাবে হাউস চলতে পারে না।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশান)

**মিঃ স্পীকার** : বসুন, বসুন। টেক ইওর সিট। মিঃ পঙ্কজ ব্যানার্জী বলুন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : স্যার, সংসদীয় রাজনীতির কতগুলো নিয়ম আছে, পদ্ধতি আছে এবং আপনিও এই বিষয়ে সহমত পোষণ করেছেন। এই স্বল্পকালীন বিধানসভার অধিবেশনে আমরা জনগণের তরফ থেকে যে প্রশ্নগুলো রাখব মাননীয় মন্ত্রিমহাশয়রা তার উত্তর দেবেন। গতকাল হাউসে জনৈক মন্ত্রিমহাশয় উপস্থিত ছিলেন, তার প্রশ্ন অ্যাডমিট হয়েছিল, কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় কোনো জবাব দিলেন না, বসে রইলেন। আজকেও জনৈক মন্ত্রিমহাশয়ের প্রশ্ন গৃহীত হয়েছে, কিন্তু তিনি হাউসে আসার প্রয়োজনবোধ করলেন না। বিধানসভার মাননীয় সদস্যদের জানবার অধিকার আছে, পশ্চিমবাংলার মানুষের জানবার অধিকার আছে, কিন্তু সেই অধিকারকে পদদলিত করা হচ্ছে। গতকাল থেকে রাজ্যপালের ভাষণের উপরে আলোচনা শুরু হয়েছে। সরকারের অপদার্থতা, ব্যর্থতা সম্বন্ধে আমরা অভিযোগ করেছি এবং মাননীয় মুখ্যমন্ত্রী ১১ তারিখে তার জবাব দেবেন, এটাই হচ্ছে স্বাভাবিক নিয়ম। বিধানসভা যখন চলছে, তখন সরকারি কোনো নীতি, কোনো দৃষ্টিভঙ্গি যদি বলতে হয় তা বিধানসভার ভিতরেই বলতে পারতেন এবং যেদিন এই বিতর্কের পরিসমাপ্তি হবে, যেদিন তিনি জবাব দেবেন সেদিনই তো বলতে পারতেন। তা না করে তিনি লবিতে দাঁড়িয়ে কি বললেন দেখুন। "তৃণমূল কংগ্রেসের সঙ্গে নকশালপন্থী জনযুদ্ধ গোষ্ঠীর যোগাযোগ রয়েছে বলে গুরুতর অভিযোগ তুললেন রাজ্যের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য...। সোমবার বিধানসভার অলিন্দে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বলেন, তৃণমূলের সঙ্গে সংস্রব রয়েছে বলেই তো জনযুদ্ধ গোষ্ঠীতে বিভাজন হয়েছে।" আরও বললেন, যেটা আরও আপত্তিজনক—"মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য এদিন বিতর্কের চারঘন্টা সময়ই বিধানসভায় ছিলেন। বেশির ভাগ সময় সভাকক্ষে বসে তিনি ভাষণ শুনছেন। একফাঁকে সভাকক্ষের বাইরে বিধানসভার অলিন্দে তাঁর সঙ্গে বেশ কিছুক্ষণ কথা হয় সাংবাদিকদের। জনযুদ্ধ গোষ্ঠীর কার্যকলাপ নিয়েই সাংবাদিকদের সঙ্গে তাঁর কথা হয়। তিনি এদিন সাংবাদিকদের বলেন, 'সত্যি কথা বলতে কি, জনযুদ্ধ কী সে সম্পর্কে ধারণা নেই তৃণমূলের এখানকার নেতাদের। পড়াশুনাও করেন না ওরা।' —আমি জানাতে চাই, কোনো রকমে একটা গ্র্যাজুয়েশন করেছেন, তাঁর বিদ্যার দৌড় তো আমাদের জানা আছে। সকালে যা বলেন বিকেলে তা গিলে নেন আবার বিকেলে যা বলেন পরের দিন সকালে তা গিলে নেন। সুতরাং তাঁর যা দক্ষতা, সেটা তো পশ্চিমবাংলার মানুষ দেখে নিয়েছে গত তিন বছরে। বিধানসভার ভেতরে যদি তিনি বলতেন তাহলে আমরা বিরোধীরা তার জবাব দিতে পারতাম। তাঁর বিধানসভার ভিতরে দাঁড়িয়ে বলার সৎ সাহস নেই তাই বিধানসভার বাইরে অলিন্দে দাঁড়িয়ে এই কাপুরুষ মুখ্যমন্ত্রী আমাদের বিরোধীদের নামে কুৎসা রটনা করেছেন। তিনি সংসদীয় রীতি-নীতি, সংসদীয় অধিকারকে খর্ব করেছেন, তাঁর এই হীন প্রচেষ্টার তীব্র নিন্দা জানাচ্ছি এবং স্পীকার মহোদয় আমরা আপনার প্রোটেকশন

চাইছি। আপনি রুলিং দিয়ে বলুন, বিধানসভা চলাকালীন বিধানসভার বাইরে দাঁড়িয়ে বিরোধীদের কটাক্ষ করতে পারে কিনা এবং সভা চলাকালীন সভার বাইরে দাঁড়িয়ে সভার মধ্যে যা আলোচনা হয়েছে তার বিরূপ সমালোচনা করতে পারেন কিনা, আমাদের শিক্ষা নিয়ে কটাক্ষ করতে পারেন কি না। আগামী ১১ তারিখে তাঁর বলার সুযোগ থাকা সত্ত্বেও কেন তার আগেই সভা চলাকালীন সভার বাইরে বললেন ? আপনার প্রোটেকশন চাই।

**শ্রী অসিত মিত্র :** স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে যা বলতে পারতেন তা এখান থেকে বেরিয়ে, হাউসের বাইরে লবিতে দাঁড়িয়ে সেই সম্পর্কে বললেন। পঙ্কজবাবু, বিরোধী দলের নেতা যা বললেন সেই সম্পর্কে আমি একমত। আজকে প্রশ্নোত্তরের সময় আবদুল মান্নান সাহেব তার বক্তব্য পরিষ্কার বলেছেন—মন্ত্রীরা ইচ্ছাকৃতভাবে প্রশ্নের উত্তর দেন না বা ইচ্ছাকৃতভাবে সভায় অনুপস্থিত থাকেন। সেদিকে আমি যাচ্ছি না। আপনি দীর্ঘদিন আপনার দায়িত্ব সম্মানজনকভাবে পালন করছেন, সেইজন্য আমরা গর্বিত। আমি অত্যন্ত বিনীতভাবে বলছি, সংসদীয় পদ্ধতিতে এরকম কোনো রীতি কি চালু আছে, যখন রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আলোচনা চলছে, তখন এম.সি.সি.-র সঙ্গে তৃণমূল কংগ্রেস, কংগ্রেস বা ঝাড়খণ্ডের কোনোরকম আঁতাত আছে বা কোনো দলের সঙ্গে আঁতাত আছে, এই ধরনের কথা বিধানসভা চলাকালীন সভার ভিতরে না বলে বিধানসভার বাইরে লবিতে গিয়ে বলতে পারেন ? এটা যদি হয় তাহলে বিধানসভা থাকা অর্থহীন, এর কোনো মানে হয় না। তাই বলছি, যদি আমরা সঠিক হই তাহলে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়-এর বিরুদ্ধে সঠিক রুলিং দেবেন আর যদি মাননীয় মুখ্যমন্ত্রী সঠিক হন তাহলে আমাদের বক্তব্য ভুল প্রমাণিত হবে। মাননীয় মুখ্যমন্ত্রী যে অন্যায় করেছেন, অবিচার করেছেন এবং সংসদীয় রীতি-নীতির ধার ধারেন না, এই উদ্ধত মুখ্যমন্ত্রীর জবাব সংসদীয় রীতি-নীতিতে দেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড় :** স্যার, আজকে যে বিষয়ের উপর আমাদের বিরোধী দলের নেতা পঙ্কজ ব্যানার্জী মহাশয় এবং অসিত মিত্র মহাশয় উল্লেখ করলেন সেটা কোন রুলের মধ্যে আছে, সেটা কোন রুল দেখিয়ে তো বলবেন মাননীয় মুখ্যমন্ত্রীর কি বলা উচিত বা উচিত নয়। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রীর কি বলা উচিত না উচিত, সে দায়িত্ব কি ওদের। মাননীয় মুখ্যমন্ত্রী কি বলবেন না বলবেন সেটা ওরা ডিকটেট করবেন না। আসলে আপনি দেখবেন স্যার আমাদের সুব্রতবাবু মেয়র, তার মাথা খারাপ হয়ে গেছে। সুদীপবাবু মাথা খারাপ করে দিয়েছে, নির্বাচনে ওরা ডাহা হারবে এই জেরে ওরা নানা ধরনের বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে। মুখ্যমন্ত্রীকে ওঁরা এইভাবে করবেন আর আমরা ট্রেজারি বেঞ্চে বসে শুনব, আমরা কখনো শুনব না। স্যার, আমি এর তীব্র প্রতিবাদ করছি।

[ 2.50—3.00 p.m. ]

**শ্রী মোস্তাফা বিন কাশেম :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়ের উপর বিরোধী দলনেতা এবং কংগ্রেস দলের অন্যতম নেতা বললেন শুনেছি। আমার সামান্য অভিজ্ঞতা থেকে যেটা মনে হয়, রাজ্যে একটা ঘটনা ঘটছে, অনেক ঘটনা ঘটছে, রাজনৈতিক ঘটনা

ঘটছে, অন্য ঘটনাও ঘটছে। রাজ্যপালের ভাষণের উপর বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে সরকার পক্ষ কোনো ঘটনাকে রেফার করছেন আবার বিরোধী দলের পক্ষ থেকেও কোনো ঘটনা রেফার করা হয়েছে। জনযুদ্ধ গোষ্ঠীর ব্যাপারে তারা উল্লেখ করেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী সরকারের প্রধান এমন নয় যে বিধানসভার অধিবেশন চলাকালীন সরকারি কোনো সিদ্ধান্ত তিনি বাইরে ঘোষণা করেছেন, কোনো বিশেষ একটা কর্মসূচি সরকার গ্রহণ করেছেন বিধানসভা খোলা রয়েছে, উনি বাইরে আগে ঘোষণা করেছেন। কথাটা তা নয়, বিধানসভা চলাকালীন মুখ্যমন্ত্রী সরকারের প্রধান হিসেবে সংবাদমাধ্যমের কাছে রাজ্যে এমন কোনো ঘটনা নিয়ে বলতে পারেন, নিশ্চিতই বলতে পারেন। সরকারি কোনো সিদ্ধান্তকে তিনি বাইরে প্রকাশ করেছেন। তিনি সরকারের প্রধান এবং একজন রাজনীতিবিদও বটে। রাজ্যের জনজীবনের সঙ্গে মুখ্যমন্ত্রী অন্যভাবে সম্পর্কিত। সুতরাং সংবাদমাধ্যমে রাজ্যের কোনো ঘটনা নিয়ে তিনি মত প্রকাশ করতে পারেন। বেলপাহাড়ীতে ঘটনা ঘটেছে আপনারা এখানে রেফার করেছেন। বাইরে যদি সংবাদমাধ্যম মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করেন তদন্ত কত দূর করেছেন, আপনারা এখানে তুলেছেন বলে তিনি রাইটার্স বিল্ডিংস-এ বসে বলতে পারবেন না ? সুতরাং আপনাদের এটা যথার্থ নয়, এটা তাঁর অধিকারের মধ্যে আছে বলেই আমি মনে করি। তিনি বিধানসভাকে উপেক্ষা করেননি। মুখ্যমন্ত্রী হিসেবে, সরকারের প্রধান হিসেবে তিনি একটা ঘটনা সম্পর্কে তাঁর মত প্রকাশ করেছেন অলিন্দে। কোনো সংসদীয় রীতি-বিরোধী কাজ তিনি করেছেন বলে আমি মনে করি না।

**শ্রী সুব্রত মুখার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দুটো বিষয় এর সঙ্গে যুক্ত আছে। একটা হল হাউসে কোনো বিষয় আলোচনা হলে তাকে ডিসটার্ব করার অধিকার হাউসের কোনো মেম্বার তো নয়ই, এমনকি সংবাদপত্রে ছাপাবার কোনো অধিকার নেই। এটা সংসদীয় রীতি নয়, এটা আইন। মাননীয় মুখ্যমন্ত্রী সেটা লঙ্ঘন করেছেন। দুই হল হাউসে কিছু আলোচনা হলে সেটা হাউসের বাইরে যাবে না। বাইরে গেলে কি হয়, সেটা ব্রীচ অব প্রিভিলেজ হয়। এখন আপনি যদি বলেন নির্দিষ্টভাবে প্রিভিলেজের আকারে নিয়ে আসুন তাহলে পঙ্কজ ব্যানার্জী প্রিভিলেজের আকারে নিয়ে আসবেন। অপরদিকে উনি মুখ্যমন্ত্রী এটা আপনি অ্যাভয়েড করতে পারেন না। আরেকটা জিনিস হচ্ছে যেটা রাইট টু রিপ্লাই সেটা আমরা আলোচনা করি না। এটা হল সংসদীয় রীতি। মুখ্যমন্ত্রী এমন একটা কথা বললেন যা এখানে আলোচনা হবে না, যার উত্তর দেওয়ার জন্য সময় পর্যন্ত নির্দিষ্ট হয়েছে বি.এ. কমিটিতে। তিনি তখন উত্তর দেবেন, সংবাদপতে একথা যদি ছাপা হয় হাউজের কথা বলে তাহলে আপত্তি হওয়ার কথা নয়। অ্যান্ড স্যার, অ্যান মোস্ট ইম্পর্ট্যান্ট কারণ এই রকম একটা ঘটনা আমার জীবনে হয়েছিল, আমি তখন হোম মিনিস্টার, আমি বামফ্রন্টের বিরুদ্ধে একটা মন্তব্য করেছিলাম এবং যেহেতু আমি হোম মিনিস্টার তাই অপোজিশান থেকে এবং পার্লামেন্টে প্রধানমন্ত্রীর কাছ থেকে চিঠি লেখা হয়েছিল দি দেন মেম্বার ত্রিদিব চৌধুরী মহাশয় যে এই মোশানকে সাবস্ট্যানসিয়েট করতে হবে, এটাকে প্রমাণ করতে হবে। মুখ্যমন্ত্রী, হোম মিনিস্টার এতবড়ো অভিযোগ করলেন তাঁকে এটা প্রমাণ সহ আলোচনা করতে হবে উইদিন দা হাউজ। ক্যাটাগরিক্যালি উনি এই অভিযোগ করতে পারেন, সেই

অভিযোগের সমস্ত প্রমাণ নিয়ে দলিল নিয়ো হাউজের মধ্যে যদি করেন আমরা মোকাবিলা করব, কিন্তু ওয়েলকাম করব হি ইজ নট অ্যান টম, ডিক অ্যান্ড হ্যারি, তিনি মুখ্যমন্ত্রী অ্যান্ড হোম মিনিস্টার। যিনি যাই বলুন তিনি হেড়ো গাঁয়ের ময়রা নন, তিনি এই রাজ্যের মুখ্যমন্ত্রী এবং হোম মিনিস্টার। তাঁকে প্রমাণ করতে হবে একটা কথা, আর দ্বিতীয় কথা হল হাউজের মধ্যে যিনি রাইট অফ রিপ্লাইয়ের মধ্যে যুক্ত আছেন এবং রাইট অফ লিসনিং-এর মধ্যে আমরাও যুক্ত। আমরা শুনব, আমাদের পছন্দ না হলে আমরা আইনের মধ্যে প্রতিবাদ করব, যেটা পঙ্কজবাবু পড়ে শোনালেন—গণশক্তিতে যদি সি.পি.এম.-এর নেতা বলে লেখা থাকত তাহলেও কিছু হত না কিন্তু রাজ্যের মুখ্যমন্ত্রী, রাজ্যের হোম মিনিস্টার বলে আছে, সো অথেন্টিক। আমি আপনার কাছে বলছি আমি মনে করি এটা আমাদের হাউজের দেখার দরকার আছে। তার মধ্যে উনি বলে দিলেন, অশিক্ষিত জনযুদ্ধ। এই অসভ্য বলাটা কমিউনিস্ট পার্টির মজ্জায়। এই কমিউনিস্ট পার্টি কার্যত অসভ্য পার্টি। এখানে ওই কালো-সাদা বসে আছে যারা গাদা গাদা তাদের মধ্যে কটা গ্র্যাজুয়েট বলুন তো। আমি আপনার কাছে দাবি করছি মুখ্যমন্ত্রীকে ডেকে আপনি বলুন উনি কি বলতে চাইছেন, দ্বিতীয়ত প্রমাণ এবং দলিল সহ হাউজকে অবগত করুন, সত্যতা এখানে যাচাই হবে।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টা নিয়ে বিধানসভার মধ্যে হইচই হচ্ছে তার কোনো কারণ নেই। মুখ্যমন্ত্রী তিনি ভালো প্রশাসক বটে এবং তিনি বাইরে কি বিবৃতি দিয়েছেন আমরা জানি না, আমরা সংবাদপত্রের মাধ্যমে জেনেছি। ১১ তারিখে মুখ্যমন্ত্রী জবাব দেবেন। আমাদের ধৈর্য ধরা দরকার। তিনি দলীয় প্রশাসনিক কর্তা হিসাবে তার একটা অভিমত থাকতেই পারে কিন্তু তাই নিয়ে বিধানসভার সময় নষ্ট করা অনুচিত কাজ বলেই আমি মনে করি। আমি মনে করি মুখ্যমন্ত্রী যদি এই বিবৃতি দিয়ে থাকেন তাহলে তার যথেষ্ট প্রমাণ নিশ্চয়ই আছে। আমি অনুরোধ করব এই সভায় হইচই না করে আমাদের আরেকটু অপেক্ষা করতে হবে। বিধানসভার মধ্যে দাঁড়িয়ে যদি তিনি বলতেন, তাহলে হইচই করতে পারতেন, কিন্তু তিনি বিধানসভার বাইরে দাঁড়িয়ে কি বলেছেন না বলেছেন এবং আমরা কেউ সেটা জানি না, আমরা সংবাদপত্রের মাধ্যমে সেটা জেনেছি। সুতরাং সেইদিক থেকে তিনি যে কোনো কথাই বলে থাকুন তার দায় তিনি গ্রহণ করবেন। তাই নিয়ে এত হইচই করার কি আছে। আমাদের ধৈর্য ধরে সভার কাজ শুরু করা দরকার কারণ আমরা ভবিষ্যতে এই বিষয় নিয়ে আলাপ-আলোচনা করার সময় পাব।

[ 3.00 – 3.10 p.m. ]

**শ্রী নিশিকান্ত মেহেতা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী পক্ষ আবার পুরনো জিনিস নিয়ে আসছেন। এটা গতকালের ঘটনা, মন্ত্রী বিধানসভায়ও বলেননি। হ্যাঁ, উনি ১১ তারিখে তাঁর বক্তব্য এখানে রাখবেন। মাননীয় মুখ্যমন্ত্রী দায়বদ্ধ বিধানসভার ভেতর। সে রকম ঘটনা থাকলে তিনি বলবেন। কিন্তু বিধানসভার বাইরেও সরকারের দায়বদ্ধতা আছে। আমরা বামফ্রন্টের শরিকরা মনে করছি জনযুদ্ধ এবং এম.সি.সি. আসার ক্ষেত্রে সাহায্য-সহযোগিতা বিরোধীদের আছে, অশান্তি সৃষ্টি করা হচ্ছে। আগামী ১১ তারিখে

মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে জবাবী ভাষণ দেওয়া হবে তাকে সমর্থনের দাবিতে বেশির ভাগ সদস্যরাই এই মত পোষণ করি এবং মুখ্যমন্ত্রী হিসাবে সেটা তিনি সেদিন বিধানসভায় বক্তব্য রাখবেন, সরকারের বক্তব্য রাখবেন। এবং এটা বলার ক্ষেত্রে মাননীয় মুখ্যমন্ত্রীর বলার কোনো অসুবিধা নেই।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রত মুখার্জীকে আমি একটু কনডেম করছি। সুব্রতবাবু ইতিহাসের ছাত্র, অনেক কিছু জানেন। উনি ছাত্র আন্দোলনের সাথেও যুক্ত ছিলেন। উনি তৃণমূলের লোকেদের অশিক্ষিত বলার জন্য উষ্মা প্রকাশ করেছেন। মাননীয় সুব্রতবাবুকে বলব আপনি কি নেতাজীর থেকেও বড়ো নেতা ? এরা তো নেতাজীকে এক সময় 'কুইসলিং', 'তেজোর কুকুর' বলেছিলেন। তারা যদি আজকে সুব্রতবাবু, পঙ্কজবাবুকে অশিক্ষিত বলেন তাহলে মনে হয় তাঁদের এর জন্য রাগ করা উচিত নয়। আমি সেইজন্য মনে করি কমিউনিস্টরা চিরকাল যেভাবে বিরোধীদের ঘৃণার চোখে দেখতেন সেইভাবেই দেখবেন এবং বিরোধীদের প্রতি এই রকম মন্তব্য করা এটা ওদের কালচার। কারণ নেতাজীর মতো নেতা ভারতবর্ষে জন্মায়নি। তাকে যারা 'তোজোর কুকুর' বলতে পারে তারা বিরোধীদের নেতাদের ওই মন্তব্য করেছেন তাতে মনে হয় সুব্রতবাবুর রাগ করা উচিত নয়। মাননীয় মুস্তাফা সাহেব ভালো আর্গুমেন্ট দিয়ে বলেন। কিন্তু দেখলাম এক্ষেত্রে বলতে গিয়ে খেই হারিয়ে ফেললেন, আসলে পাপ চাপা দিতে গিয়ে আরো অনেক পাপ করে ফেললেন। মুস্তাফা সাহেব বললেন মুখ্যমন্ত্রী সরকারের প্রধান। আমাদেরও বক্তব্য তাই। সরকারের প্রধান যখন বক্তব্য দেন তখন তা সরকারের বক্তব্য বলেই ধরা হয়। সুতরাং সরকার কোন তথ্য থেকে ওই কথা বলল ? আমরা চাই সেই নথি হাউজে প্লেস করা হোক। আমরা এখানে সরকার পক্ষের বা তৃণমূলের ওকালতি করতে আসিনি; কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী যখন বলছেন যে তৃণমূল কংগ্রেসের সঙ্গে জনযুদ্ধের যোগসাজশ আছে তখন আমাদের দেখান যে তিনি কোন তথ্যের ভিত্তিতে বলছেন। তারপর দরকার হলে সেই দলকে ব্যান করার জন্য আবেদন করব। কিন্তু আমাদের কাছে যে তথ্য আছে তাতে দেখতে পাচ্ছি যে, গত বিধানসভা নির্বাচনে সেখানে বিরোধী পক্ষের কেউ একটাও ভোট পায়নি, পঞ্চায়েত নির্বাচনেও কেউ ভোট দেয়নি জনযুদ্ধের কার্যকলাপে। মাননীয় মুখ্যমন্ত্রীর কথা যে কাগজে বেরিয়েছে সেই কাগজের নাম করতে চাই না, সেই কাগজ লিখেছিল, 'বিরোধীশূন্য, সবাই সরকারকে সমর্থন দিয়েছে, সেইজন্য সেখানে বিরোধীদের কোনো আসন নেই।' অর্থাৎ ভোট পায়নি তারা। তাহলে সেখানে বিরোধী পক্ষের কেউ নেই শুধু আছে আগমার্কা সি.পি.এম. এবং পুলিশ বাহিনী। তাহলে সেখানে জনযুদ্ধ হয় কি করে বিরোধীরা ? এ ব্যাপারে যদি মাননীয় মুখ্যমন্ত্রী হাউজে তথ্য প্লেস করতে পারেন তাহলে তার ভিত্তিতে আলোচনার পর দরকার হলে যারা অপরাধী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য আবেদন করছি।

**Mr. Speaker:** Now the whole question arises out of something having been published in a newspaper

(noise)

Please, please আমি চলে যাই, আপনি বলুন। ধৈর্য্য রাখুন, হোয়াট ইজ দিস্ ? ভয় পেলেও এখানে থাকতে হবে, না পেলেও থাকতে হবে। জনগণ পাঠিয়েছেন আপনাকে এখানে। Enough. Take your seat.

The whole issue arises from something that has been printed as a newspaper item in a local newspaper.

(noise)

That is a newspaper. Party paper, any paper, that is a newspaper. Try to understand what I am saying. It is a common parliamentary practice, not to refer to newspapers, not to rely on newspapers. It is a common Parliamentary practice. We don't give credence to articles, news items published in a Daily. We do not give credence, we ignore them. It can never be a part of the proceedings. Now the question is (Mr. Subrato Mukherjee rose to speak) Mr. Mukherjee, with due respect to the Hon'ble Mayor, have some patience. The question now is if, anybody, does anything contumacious, if there is any contempt of the House, if there is any violation of privileges every member has the right to come up with the Breach of Privilege notice which would be dealt with in the usual course of business. (Noise and interruption).... You are referring to a newspaper item basically. (Noise) More than half an hour has been spent in debating this. Let us understand things first. You are referring to a newspaper item basically. (Noise and interruption) Then I won't make my submission. The matter ends there.

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারী মহামান্য রাজ্যপাল মহাশয় বিধানসভার অধিবেশনের প্রথম দিনে ভারতবর্ষের সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে যে ভাষণ পাঠ করতে এসেছিলেন সেই ভাষণ তিনি পরিপূর্ণভাবে পাঠ করতে পারেননি। আজকে আমরা সেই পুস্তক পেয়েছি এবং তাতে যে ভাষণ লেখা আছে তার আমি তীব্র বিরোধিতা করছি এবং মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের যে বই তার প্রশংসা করে মাননীয় বিধায়ক শ্রী পদ্মনিধি ধর মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন এবং ফরওয়ার্ড ব্লকের সদস্য মাননীয় শ্রী সুব্রত বসু মহাশয় সমর্থন করেছিলেন— আমরা বিরোধীরা তাকে পরিপূর্ণভাবে বিরোধিতা করছি। পশ্চিমবঙ্গের বিভিন্ন দপ্তরে চরম অব্যবস্থা, চরম নৈরাজ্য চলছে—এটা সবারই জানা আছে। তাই গত ২৬শে ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল মহাশয়ের মুখ দিয়ে বলানোর জন্য যে ভাষণ তৈরি করা হয়েছিল সেটা তিনি পরিপূর্ণভাবে না পড়ে, শুধুমাত্র অবিচুয়ারির অংশটুকু পড়ে তিনি সভাকক্ষ ত্যাগ করে চলে গিয়েছিলেন, মাননীয় রাজ্যপাল মহাশয় সেই ভাষণ পাঠ করতে অনীহা প্রকাশ

করেছেন। কেননা, কিছুদিন আগে মাননীয় রাজ্যপাল মহাশয় কয়েকজন মন্ত্রীকে ডেকে আলোচনা করেছিলেন, বিশেষ করে পশ্চিমবঙ্গের স্বাস্থ্যমন্ত্রীকে ডেকে তিনি আলোচনা করেছিলেন এবং পশ্চিমবঙ্গের বেহাল স্বাস্থ্যব্যবস্থার বিরুদ্ধে তিনি কতকগুলো স্টেপ নিতে বলেছিলেন। কিন্তু তিনি দেখলেন যে, পশ্চিমবঙ্গের স্বাস্থ্যমন্ত্রী কোনো ব্যবস্থা গ্রহণ করেননি। এছাড়া আরও বহু দপ্তর সম্পর্কে তাঁর বক্তব্য আছে—এবং তাঁদের সঙ্গে তিনি একমত নন। সেজন্য মাননীয় রাজ্যপাল মহাশয় ২৬শে ফেব্রুয়ারি তাঁর ভাষণ পাঠ করেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে সর্বত্র জনযুদ্ধ গোষ্ঠী এবং এম.সি.সি. উপদ্রুত অঞ্চল বিশেষ করে মেদিনীপুর, বাঁকুড়া জেলায় যারা আছেন তারা আতঙ্কিত, কিছুদিন আগে সেখানে ৮-১০ জন পুলিশ উড়ে গেছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি পুলিশ সম্পূর্ণ নিষ্ক্রিয় ভূমিকায় রয়েছে।

[ 3.10—3.20 p.m. ]

মাননীয় মুখ্যমন্ত্রী একটু আগে যে আলোচনা হল বাজেটের উপরে, আমাদের রাজ্যপালের ভাষণের উপরে কালকে কয়েকজন বক্তা বক্তব্য রেখেছিলেন তারই পরিপ্রেক্ষিতে তিনি বিধানসভার লবিতে লুকিয়ে লুকিয়ে প্রতিবাদ করেছেন গণশক্তি পত্রিকার সাংবাদিকদের কাছে। এটা অত্যন্ত অন্যায় এবং গর্হিত হয়েছে। সংবিধান অনুযায়ী হয়নি এটা আমি বলছি। আপনার কাছে তাই আমি বলতে চাই যে গোটা পশ্চিমবঙ্গে আজকে সর্বদিক থেকে সন্ত্রাস চলছে। উনি বলেছিলেন, এটা শান্তির মরূদ্যান। পশ্চিমবঙ্গের খবরের কাগজ খুললে প্রায় দিন দেখতে পাবেন ল্যান্ড মাইন বিস্ফোরণে পুলিশ সহ ৮ জন খুন হয়ে গেল, কোথাও দেখবেন ৫০ জন খুন হয়ে গেল, কোথাও দেখবেন গুলি করে ৬ জন খুন হয়ে গেল। আর এই যে জনযুদ্ধ গোষ্ঠী, এই যে এম.সি.সি. কারা তৈরি করেছিল ? এই সমস্ত কর্মীদের হাতে বোম, বন্দুক, পিস্তল কারা তুলে দিয়েছিল ? এই সি.পি.এম. পার্টি তুলে দিয়েছিল এবং তারা এই সমস্ত আদিবাসী অধ্যুষিত এলাকায়—উপদ্রুত অঞ্চলে গিয়ে—আপনারা পিপলস্ ওয়ার্ক গ্রুপ, এম.সি.সি. তৈরি করে সাধারণ মানুষের ঘুম কেড়ে নিয়েছেন। আজকে এই সমস্ত জায়গায় কোনো উন্নয়ন হয়নি। কোনো ডেভেলপমেন্ট হয়নি, সর্বদিক দিয়ে তারা বঞ্চিত হয়েছে। সেখানে পানীয় জলের ব্যবস্থা নেই, শিক্ষার ভালো ব্যবস্থা নেই, চাকরির ব্যবস্থা নেই, পরিবহণের ব্যবস্থা নেই। সর্বদিক দিয়ে এই অঞ্চলগুলি আজকে অবহেলিত। তাই তাদের সেখানে না পেতে পেতে, অভিযোগ বাড়তে বাড়তে শেষ পর্যন্ত এই পথে তারা নেমেছে। আজকে যে জনযুদ্ধ গোষ্ঠী, এম.সি.সি.-র সঙ্গে আজকে তৃণমূল বা কংগ্রেসের সাথে আঁতাত আছে বলছেন—এটা সর্বৈব মিথ্যা। কিংবা আমরা প্রমাণ করতে পারি যে, আজকে এম.সি.সি. এবং আজকে এই জনযুদ্ধ গোষ্ঠী—তার সঙ্গে সি.পি.এম.-এর নেতা এবং কর্মীদের প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিবিধ ক্ষেত্রে মদত রয়ে গেছে। তাদেরই নেতৃত্বে আজকে এম.সি.সি. এবং জনযুদ্ধ গোষ্ঠী তৈরি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের যে তথাকথিত ভাষণ যেটা এখানে লিখিত আকারে প্রকাশ করা হয়েছে—যে ভাষণ তিনি পাঠ করেননি। আজ গোটা পশ্চিমবাংলায় কোনো জায়গায় কোনো থানায় আইন-শৃঙ্খলা

বলে আজকে কিছু নেই। আজকে থানাগুলো সি.পি.এম.-এর পার্টি অফিসে পরিণত হয়েছে। আজকে নিচের তলার পুলিশ কর্মীরা তারা কোনো কাজ করতে পারছেন না। পার্টির নির্দেশ ছাড়া কোনো কাজ করতে পারছেন না। ফলে সর্বত্র সন্ত্রাস, খুন, অপহরণ, অগ্নিদাহ, লুঠপাঠ, গৃহদাহ আজকে সেখানে অবাধে চলছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয় রাজ্যপালের যে ভাষণ আইন-শৃঙ্খলার উপরে আছে—সেই ভাষণকে আমরা সমর্থন করতে পারছি না। আমি বলেছি গোটা দক্ষিণ ২৪-পরগনা একটা সন্ত্রাসের রাজত্বে পরিণত হয়েছে। আমার এলাকা ঘুঁটিয়ারি শরিফে গত এক সপ্তাহ আগে ৩ জন খুন হয়েছে। একজন হচ্ছে পার্থ চক্রবর্তী, তাকে দোকান থেকে তুলে নিয়ে সি.পি.এম.-এর গুণ্ডারা খুন করে সাইকেলে বেঁধে তাকে পুকুরের জলে ফেলে দেয়। ২ দিন পরে তার ডেডবডি ভেসে উঠেছে। আজকে মাখালতলা-ক্যানিং থানাতে সেখানে একজনের ডেডবডি দীঘির মধ্যে ৩ দিন পরে খুঁজে পাওয়া গিয়েছে। ঘুঁটিয়ারি শরিফ—গাজী বাবার মসজিদ, পবিত্র তীর্থস্থান—সেখানে হালদার পাড়াতে জনৈক মহিলার মুণ্ডুচ্ছেদ করে গলাটা একটা গাছে ঝুলিয়ে দেওয়া হয়েছিল। এইভাবে আজকে পশ্চিমবাংলার প্রশাসন চলছে। গোটা থানার চতুর্দিকে এই সন্ত্রাস এবং প্রায় ১৫ হাজারের মতো কংগ্রেস এবং তৃণমূলের কর্মীরা তারা আজকে ঘর ছাড়া—ঘরে ফিরতে পারছে না। সর্বত্র এই বেহাল অবস্থা তৈরি হয়েছে। এই অবস্থার মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রী—উনি গত ১৬ ডিসেম্বর মগরাহাট থানা, উস্থি থানায় জনসভা করতে গিয়েছিলেন। এর আগে একবার বলেছিলাম—সেখানে মুখ্যমন্ত্রী জনসভা করতে গিয়েছিলেন সন্ত্রাসের বিরুদ্ধে। সেখানে মুখ্যমন্ত্রীর কনভয়ের সামনে ২৫ জন ডাকাত ২৫টা মোটর বাইকে চড়ে সেই সভায় হাজির হয়ে গেলেন। উস্থি থানাতে জনসভায় প্রায় ২ শতর মতো ডাকাত উপস্থিত থাকল। সন্ত্রাস তিনি দমন করতে পারলেন না। মাননীয় মুখ্যমন্ত্রী তার আগে ডায়মন্ডহারবারে ভ্যানে করে গিয়েছিলেন যে বাড়িতে ডাকাতি হয়েছিল। এমন ব্যবস্থা তিনি গ্রহণ করলেন যে, তার ৩ দিন পরে ৩৯টি বাড়িতে ডায়মন্ডহারবারে ডাকাতি হল। কুলপিতে ৪৫টি বাড়িতে ডাকাতি হল। এই রকম পশ্চিমবঙ্গের প্রত্যেক থানাতে চুরি, ডাকাতি, ছিনতাই, অপহরণে ভরে যাচ্ছে। আর সেই সঙ্গে নারী নির্যাতন, ধর্ষণ নিত্যনৈমিত্তিক ঘটনা। আপনি নিশ্চয়ই জানেন যে, প্রতি মাসে ৩-৪টি করে এইরকম ঘটনা ঘটছে। কেবলমাত্র বরযাত্রীর গাড়ি বিয়েবাড়ি থেকে ফিরছে সেই সমস্ত বরযাত্রীদের গাড়ি থেকে মহিলাদের টেনে-হিঁচড়ে বার করে তাদের উপর সন্ত্রাস, তাদের উপর অশালীন আচরণ করা হচ্ছে, ধর্ষণ করা হচ্ছে। এই ঘটনা আজকে পশ্চিমবঙ্গে নিত্যনৈমিত্তিক ঘটছে। আর উনি বলছেন, 'শান্তির মরূদ্যান'। আমেরিকান তথ্যকেন্দ্রের সামনে দুজন জঙ্গি এসে ৬ জনকে মেরে দিয়ে চলে গেল। অপদার্থ পুলিশমন্ত্রী সে বিষয়ে কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারলেন না। পুলিশ স্পোর্টস-এ গিয়ে তিনি বললেন, 'বাংলার পুলিশ খুব ভালো কাজ করছে'। অথচ আমরা দেখতে পাচ্ছি না কোনো জায়গায় পুলিশ কোনো ডাকাত, গুণ্ডা, খুনীকে অ্যারেস্ট করতে পারছে। পশ্চিমবঙ্গের সর্বত্র চরম দুরবস্থা চলছে। আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে। সেজন্য নির্বাচন কমিশন বিভিন্ন সোর্সে সংবাদ পেয়ে আজ যে সমস্ত পুলিশ অফিসাররা ৪ বছর ধরে একই থানায় কাজ করছে তাদের ট্রান্সফার করার নির্দেশ দিয়েছে।

এই নির্দেশ পাওয়ার পরে থরহরি কম্প শুরু হয়েছে। তাই আমি রাজ্যপালের এই ভাষণকে সমর্থন করতে পারছি না।

রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়েছে, পশ্চিমবাংলায় অপরাধমূলক কার্যকলাপ কমেছে। অথচ আমরা দেখছি মোটেই তা কমেনি, বরঞ্চ তা ভীষণভাবে বেড়েছে। সুন্দরবন এলাকাসহ দক্ষিণ ২৪-পরগনার বিভিন্ন এলাকা থেকে এ পর্যন্ত সাড়ে তিনশো মহিলা তথা কিশোরীকে পাচার করে বিক্রি করা হয়েছে। পুলিশকে বারবার বলা সত্ত্বেও তারা কোনো স্টেপ নিতে পারেনি। এ বিষয়ে সরকারি প্রশাসন ব্যবস্থা সম্পূর্ণ নীরব। মাননীয় মুখ্যমন্ত্রী ঠগ, প্রবঞ্চকের ভূমিকা গ্রহণ করেছেন। তিনি স্লোগান দিলেন 'ডু ইট নাউ'। কিন্তু সে স্লোগান কি বাস্তবে রূপায়িত হয়েছে ? প্রশাসনের কোনো একজনও কি তা বাস্তবে রূপায়িত করেছে ? তাঁর 'ডু ইট নাউ' স্লোগান যে পর্যায়ে ছিল সেই পর্যায়েই রয়ে গেছে, কোনো কাজ হল না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যখন নর্থ বেঙ্গলে পাঁচজন সি.পি.এম. কর্মী পার্টি অফিসের মধ্যে খুন হয়েছিল তখন ত্রাহি-ত্রাহি রব উঠেছিল। ডি.জি. সেখানে ছুটে গিয়েছিলেন। সেখানে তাঁর জামা-প্যান্ট ধরে টানাটানি হয়েছিল। অথচ তার কোনো প্রতিবাদ হল না। মুখ্যমন্ত্রী থেকে শুরু করে প্রশাসনের সবাই সেখানে ছুটে গিয়েছিলেন। আর বান্দুয়ানের ও.সি. নীলমাধব দাস জনযুদ্ধের দ্বারা নিহত হলেন, মুখ্যমন্ত্রী ২৩শে ফেব্রুয়ারী সেখানে সভা করতে গেলেন, কিন্তু ওই ও.সি.-র বাড়িতে তাঁর একবার সহানুভূতি জানাবার জন্য যাবার সময় হল না ! এ রাজ্যে জনযুদ্ধ, এম.সি.সি. মানুষ খুন করছে। পুলিশ পর্যন্ত ভয়ে কাঁপছে। সন্ধ্যার পরে একটা পুলিশকেও আর এসব এলাকায় দেখা যাচ্ছে না। পুলিশ খুন হলে মুখ্যমন্ত্রী সেখানে যাচ্ছে না, কিন্তু সি.পি.এম.-এর কোনো কমরেড খুন হলে মুখ্যমন্ত্রী সেখানে যাচ্ছেন। আজকে গোটা পশ্চিমবাংলা উগ্রপন্থী অধ্যুষিত রাজ্যে পরিণত হয়েছে। আজ আমরা বারুদের স্তুপের ওপর বাস করছি, যে কোনো সময় বিস্ফোরণ ঘটে যাবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন উত্তরবঙ্গের ডুয়ার্সে এক হাজার শ্রমিক অনাহারে মারা গেছে। কৃষিমন্ত্রী কমল গুহ বললেন, 'ওরা না খেয়ে মারা গেছে।' চা-বাগানের শ্রমিকরা খেতে না পেয়ে আত্মহত্যা করলেও মাননীয় মুখ্যমন্ত্রী বা রাজ্য সরকার সে কথা মানতে চাইছে না। ওঁদেরই মন্ত্রিসভার কৃষিমন্ত্রী স্বীকার করেছেন—এক হাজার চা-বাগান শ্রমিক না খেয়ে দারিদ্র্যের জ্বালায় মারা গিয়েছে।

মাননীয় রাজ্যপাল যে ভাষণ পাঠ করেননি, সেই ভাষণে এমন কিছু কথা লেখা আছে যার ওপর আমি আমার বক্তব্য রাখতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর্থিক দিক দিয়ে এই সরকারের দেউলিয়া অবস্থা। ১ লক্ষ কোটি টাকা আজকে এই সরকারের কেন্দ্রীয় সরকারের কাছে দেনা। সেই ঋণ শোধ করতে এই সরকারকে প্রতি বছর ৯ হাজার কোটি টাকা ব্যয় করতে হচ্ছে। ৫০ হাজার মাধ্যমিক শিক্ষকের পেনশন, গ্র্যাচুইটি কমিউটেড ভ্যালুর টাকা এই সরকার দিতে পারছে না। প্রায় এক লক্ষ প্রাথমিক শিক্ষক পেনশন গ্র্যাচুইটি পাচ্ছে

না। সরকার আজকে দেউলিয়া। সরকারের যেখানে ইনকাম ১৭,০০০ কোটি টাকা, সেখানে সরকারি কর্মচারীদের এবং শিক্ষকদের মাইনে দিতে লাগছে ২৫ হাজার কোটি টাকা।

[3.20 – 3.30 p.m.]

এবং তার পরেই তাদের ঋণ নিতে হচ্ছে। এই যে ঘাটতি, এই ঘাটতি সরকার পূরণ করবে কোথা থেকে ? তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উন্নয়নমূলক পরিকল্পনা সমস্ত আজকে ব্যাহত হচ্ছে, কার্টেল করতে হচ্ছে। একটাও স্কুল হবে না, রাস্তা হবে না, উন্নয়নমূলক কোনো কাজই হবে না, সরকারের এই যে দেউলিয়া অবস্থা এই অবস্থা গোটা পশ্চিমবঙ্গকে শেষ করে দিচ্ছে। কৃষিমন্ত্রী কমল গুহ বলেছেন, হাজার হাজার ক্যাডার বাহিনী পুষতে গিয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তথা সি.পি.এম. দেশকে দেউলিয়া করে দিয়েছে। তৃতীয় এবং চতুর্থ শ্রেণি থেকে ১ লক্ষ ভ্যাকেন্সি আছে, এই সমস্ত ভ্যাকেন্সিগুলিতে এমবারগো করা আছে। কেন এগুলি পূরণ করা হচ্ছে না ? কেন ভ্যাকেন্সিগুলি ফেলে রাখা হয়েছে ? দেশে বেকার ছেলেরা এর ফলে চাকরি পাচ্ছে না। ১৯৭৭ সালের ৩০ এপ্রিল যখন কংগ্রেস সরকারকে ভেঙে দেওয়া হয়েছিল তখন দেশে বেকারের সংখ্যা ছিল ১২ লক্ষ আর আজ এই মুহূর্তে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ৭৫ লক্ষের মতন। সুতরাং কেন আজকে বেকার ছেলেদের চাকরি হবে না ? আজকে এই সরকার সবদিক থেকে ব্যর্থ। আজকে কেন ১ লক্ষের মতন ভ্যাকেন্সি থাকা সত্ত্বেও সেগুলি পূরণ করার ব্যবস্থা করা হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ঢাক-ঢোল পিটিয়ে ভূমিরাজস্বের কথা বলা হয়েছে। কিন্তু ভূমির ক্ষেত্রে যে উন্নতি সেটা কংগ্রেস সরকারের আমলে ১৯৭৩ সালে যে আইন পাশ হয়েছিল সেই আইনের বলেই পশ্চিমবঙ্গে সাড়ে ১০ লক্ষ একর জমি উদ্বৃত্ত বলে ঘোষণা করা হয়েছিল এবং তার মধ্যে সাড়ে ৭ লক্ষ একর জমি ভূমিহীন চাষী, সিডিউল কাস্টস এবং সিডিউল ট্রাইব এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে আমরা বিলি করেছিলাম। আজকে আপনারা বিগত ২৬ বছর ধরে ক'টা গরীব চাষীকে, ক'টা সিডিউল কাস্টকে, ক'টা সিডিউল ট্রাইবকে জমি বিলি করে রায়তি পাট্টার দলিল দিয়েছেন ? ভূমিহীনদের স্বার্থে কোনো ব্যবস্থাই আপনারা করতে পারেননি। আমরা ১০ লক্ষ বর্গা রেকর্ড করেছিলাম আর আপনাদের সাড়ে ২৬ বছরের রাজত্বে বর্গী হামলায় রামের জমি শ্যামকে, শ্যামের জমি মধুকে দিয়ে প্রকৃত যারা চাষী তাদের জমি থেকে উচ্ছেদ করে দিয়েছেন। সুতরাং বামফ্রন্ট সরকারের যে নীতি সেই নীতি আজকে টোটালি ফেলিওর। ১৯৭২ সালে আমরা যে ভূমিনীতি গ্রহণ করেছিলাম সেই ভূমিনীতি ঠিকমতো বাস্তবে রূপায়িত হলে লক্ষ লক্ষ গরীব কৃষক আজকে উপকৃত হত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে গোটা দেশে স্বাস্থ্যের বেহাল অবস্থা। কাগজে পড়েছেন, নীলরতন সরকার হাসপাতালে মদের ঠেক করে শুঁড়িখানায় পরিণত করা হয়েছে। চতুর্থ শ্রেণির কর্মচারীরা সেখানে চোলাই মদ বিক্রি করছে বাইরের লোকজন নিয়ে এসে। জুনিয়ার ডাক্তাররা এর প্রতিবাদ করতে গেলে চতুর্থ শ্রেণির কর্মচারীদের সঙ্গে তাদের ধস্তাধস্তি এবং মারামারি হয়। এর ফলে জুনিয়ার ডাক্তারদের মধ্যে বেশ কয়েকজন আহত হন, নিগৃহীত হন। এর প্রতিবাদে তারা অনশনে বসেছেন। ফলে আজকে সবদিক থেকে পশ্চিমবঙ্গে স্বাস্থ্যের চরম বেহাল অবস্থার সৃষ্টি হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষাক্ষেত্রে চরম নৈরাজ্য এবং অরাজকতা সৃষ্টি হয়েছে। মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র কোচবিহার ট্রেজারি থেকে আউট হয়ে গেল। তা সত্ত্বেও কোনো যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হল না। এ বছর প্রাইমারিতে ক্লাস ওয়ান থেকে ইংরাজি পড়ানো হবে বলে শুনছি। কিন্তু বিগত ২৩ বছরে বাংলার ছেলে-মেয়েদের এই সরকার সব দিক থেকে শেষ করে দিয়েছেন। তপশিলি জাতি, উপজাতিদের প্রতি আজকে চরম অব্যবস্থা। কোটি-কোটি কেন্দ্রীয় সরকারের টাকা আসছে কিন্তু সেই টাকা সঠিক পারপাসে খরচ না করে ডাইভার্টেড হয়ে অন্য দিকে চলে যাচ্ছে। সুন্দরবন উন্নয়ন পর্ষদ কোনো টাকা পাচ্ছে না। আজকে বন বিবির উৎসব করে লক্ষ লক্ষ টাকা খরচ করে মুখ্যমন্ত্রী ঘুরে আসছেন। তাই রাজ্যপাল সরকারের দেওয়া এই ভাষণটি পাঠ করেননি এবং আমাদের মধ্যে যে পুস্তিকা বিতরণ করা হয়েছে তার আমি প্রতিবাদ জানাচ্ছি এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তার উপর আজকে বিতর্ক চলছে। আমি সেই ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন করে কিছু কথা বলতে চাই। প্রথমে আমি বিরোধী পক্ষের মাননীয় সদস্য গোবিন্দবাবুকে কিছু বলতে চাই। আলোচনা হবে, বিতর্ক হবে রাজ্যপালের ভাষণের ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের উপর। রাজ্যপালের ভাষণকে সমর্থন করা বা বিরোধিতা করার ব্যাপার নয়। আপনি আলোচনায় বারে বারে রাজ্যপালের ভাষণের কথা উল্লেখ করেছেন। এটা আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই, আপনি অনেক অভিজ্ঞ সদস্য এই হাউসের, বিতর্ক চলছে রাজ্যপালের ভাষণের ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের উপর। রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ জ্ঞাপক যে প্রস্তাব এসেছে আমি তাকে সমর্থন করছি। কেন ? কারণ রাজ্যপালের ভাষণে রাজ্যের সামগ্রিক অগ্রগতির তথ্যচিত্র যথাযথভাবে উল্লিখিত হয়েছে। বিরোধী দলের মাননীয় সদস্যগণ গতকাল থেকে বিকৃত দৃষ্টিভঙ্গি নিয়ে সাজানো বানানো মনগড়া কাল্পনিক জিনিস নিয়ে অভিযোগ করে চলেছেন। আমি এই অভিযোগগুলো খণ্ডন এবং নস্যাৎ করব এই রাজ্যের সাফল্যের খতিয়ান দিয়ে নয়, কেন্দ্রীয় সরকার তার নিয়ন্ত্রণে বিভিন্ন সংস্থার বক্তব্য দিয়ে, বিভিন্ন সময় আমাদের দেশের বা রাজ্যের বিভিন্ন গণমাধ্যম, তাদের পরিবেশিত তথ্য এবং সংবাদের বিষয়বস্তু দিয়ে। দেশ এবং আন্তর্জাতিক ক্ষেত্রে বিভিন্ন সংস্থার ব্যক্তিবর্গের কথা দিয়ে আমি আমার বক্তব্য শুরু করব। আর একটা জিনিস বলতে চাই, আপনারা গতকাল এই হাউসে বর্ধমান জেলার মেমারির রবীন্দ্র ঘোষের আত্মহত্যার কথা বলেছেন। আপনারা এত নিচে নামতে পারেন আমি ভাবিনি। আপনারা যে দিনকে রাত, রাতকে দিন করতে পারেন সেটা আর একবার প্রমাণ হয়ে গেল। আমি বর্ধমান জেলার ওই এলাকার লোক। সেখানকার মানুষের সঙ্গে নিত্য যোগাযোগ আছে, এই এলাকা সম্পর্কে আমি পরিচিত। কৃষক রবীন্দ্র ঘোষ ঋণে জর্জরিত হয়ে আলুর দাম না পেয়ে মারা গেছে এটা সম্পূর্ণ সাজানো, বানানো, অপপ্রচার ছাড়া আর কিছুই নয়। রবীন্দ্র ঘোষ বিবাহিত, তার ছেলে-মেয়ে আছে, তার স্ত্রীও বর্তমান। তার বাড়ি মেমারি থানার অধীনে মেমারি ২ নম্বর পঞ্চায়েত সমিতির বীজু ২ নম্বর গ্রাম পঞ্চায়েতে বিশকোপা গ্রামে তার

বাড়ি। তার সঙ্গে ওই গ্রামের আর এক আদিবাসী মহিলা সুমিতা মুর্মুর অবৈধ প্রেম দীর্ঘদিন চলছিল। তার ফলে উভয় ফ্যামিলির মধ্যে নানা ধরনের বাগ্‌বিতণ্ডা চলছিল। পরবর্তীকালে মেয়েটিকে বাপের বাড়িতে পাঠানো হয়। কিছুদিন পরে সে আবার শ্বশুরবাড়িতে ফিরে আসে। শ্বশুরবাড়িতে এলে আবার রবীন্দ্র ঘোষ সেই মেয়েটির পিছু লাগে। সেই মেয়েটির কাছে পাত্তা না পেয়ে সাতগাছিয়ার বাজার থেকে বিষ কিনে বাড়ি থেকে ৩ কিলোমিটার দূরে দে-পুকুর পাড়ে বিষ খেয়ে আত্মহত্যা করে। আপনারা যে কথা বলছেন সেটা ঠিক নয়, সে নিজের জমিতে মারা যায়নি। ঋণের জালে জর্জরিত হয়ে কৃষক আত্মহত্যা করেছে বলে চালিয়ে গেলেন। এই ধরনের অপপ্রচার আপনাদের মানায় না, লজ্জা হয়, ঘৃণা হয়। আপনারা যে দিনকে রাত করতে পারেন আর রাতকে দিন করতে পারেন সেটা আর একবার প্রমাণিত হয়ে গেল। আমাদের রাজ্যের আইন-শৃঙ্খলা নিয়ে অনেক কথা বলেছেন। গতকাল অরুণাভবাবু কিছু গুরুত্বপূর্ণ কথা বলেছেন, আমি সেই প্রসঙ্গে পরে আসছি। গোবিন্দবাবু এবং পঙ্কজবাবু আইন-শৃঙ্খলা নিয়ে বললেন। উনি থাকলে ভাল হত।

[ 3.30—3.40 p.m. ]

তাপসবাবু, তখন হয়তো আপনার জন্ম হয়নি। যাই হোক, পঙ্কজবাবু এই বিধানসভায় দাঁড়িয়ে ১৯৭৫ সালের ২৬শে ফেব্রুয়ারী কি বলেছিলেন—যে, ওয়াংচু কমিশনের সামনে সাক্ষী দিতে এসেছিলেন কোচবিহারের শিক্ষক চন্দন রায়। তাঁর সাক্ষী দেওয়ার অপরাধস্বরূপ চন্দন রায়কে কুপিয়ে কুপিয়ে কেটে টুকরো টুকরো করে মেরে ফেলা হয়। বিধানসভার কার্যবিবরণীর ১৫২ পৃষ্ঠায় পঙ্কজবাবুর বক্তব্য লিপিবদ্ধ আছে, আইনশৃঙ্খলা কেমন ছিল। এরপর তদানীন্তন যুগান্তর পত্রিকায়, ১৯৭৪ সালের ২৫ তারিখে একটা রিপোর্ট বেরিয়েছিল কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তরের। তাতে বলা হল, এই রাজ্যে অল্পকাল কংগ্রেস শাসনের সুবাদে ৩১২ জন কংগ্রেস কর্মী দলীয় সংঘর্ষে বা অন্যভাবে নিহত হয়েছে। এটা ছিল আইন-শৃঙ্খলার ছবি। উন্নয়ন নিয়ে বলছেন—স্বাস্থ্যে কেমন উন্নয়ন ছিল, অর্থনৈতিক উন্নয়ন কেমন ছিল ? সন্তোষ রায় ত্রাণমন্ত্রী ছিলেন। তিনি আনন্দবাজার পত্রিকায় ১৯৭৪ সালের ২০শে সেপ্টেম্বর বলেছিলেন, পশ্চিমবঙ্গে চার কোটি মানুষের মধ্যে দেড় কোটি মানুষ অনাহারে, অর্ধাহারে দিন কাটাচ্ছে। অনেক মানুষ অখাদ্য, কুখাদ্য খেয়ে মারা গিয়েছে। এই ছিল পশ্চিমবাংলায় কংগ্রেসের সময়ের আইন-শৃঙ্খলার অবস্থা এবং আর্থিক অবস্থা। প্রশাসন নিয়ে ওঁরা কিছু বলেছেন। হ্যাঁ, আমি এ কথা স্বীকার করি, পশ্চিমবঙ্গের পুলিশ কিছু অন্যায় করছে, ত্রুটি করছে। কিন্তু সত্তরের দশকের সঙ্গে তুলনা হয় না। সত্তরের দশকে নকশালদের নামের পাশে লেখা হত এস.এস—সুট অ্যাট সাইট। আর আজকে মেদিনীপুরের ম্যাজিস্ট্রেট পুলিশকে এই নির্দেশ দিতে পারে যে, বন্দীদের এখান থেকে নিয়ে গিয়ে কলকাতায় ভালো হাসপাতালে গিয়ে চিকিৎসা করার ব্যবস্থা করা হোক। এটা কৌশিক গাঙ্গুলির নিগ্রহের ঘটনায় বলেছিলেন। এটা আপনাদের মনে রাখা দরকার, ওই সময়ে ম্যাজিস্ট্রেট যদি এই রকম রায় দিতে যেতেন তাহলে তাঁর হাত থেকে কলম পড়ে যেত। এই হচ্ছে আপনাদের সঙ্গে তারতম্য। আমি আর একটা কথা আপনাদের স্মরণ করিয়ে দিই—২০০০ সালের ২৭শে সেপ্টেম্বর আনন্দবাজার পত্রিকার একটা হেডলাইনে কি বেরিয়েছিল। নানা রাজ্যে

নানা মাপকাঠি—পশ্চিমবঙ্গের হাল কেমন ? লিখেছিলেন বিবেক রায়, দিল্লীর ইনস্টিটিউট অফ কমপ্যারাটিভ স্টাডিসের অধিকর্তা। তিনি বলছেন, আইন-শৃঙ্খলার অবস্থা সবথেকে খারাপ হল বিহারে। তারপর যথাক্রমে অন্ধ্রপ্রদেশ, মধ্যপ্রদেশ, কর্নাটক, দিল্লী এবং তারপর পশ্চিমবাংলা। এটা আপনাদের স্মরণ করিয়ে দিই, তখনও গুজরাটের মতো এই রকম নরমেধ যজ্ঞের ঘটনা বিনা অপরাধে কেন্দ্র এবং রাজ্য সরকারের মদতে হত। গোবিন্দবাবু আইন-শৃঙ্খলার কথা, নারী ধর্ষণের কথা বলছিলেন। ন্যাশানাল ক্রাইম রেকর্ড ব্যুরো সম্প্রতি একটা রিপোর্ট প্রেস করেছে ১।১।২০০৩ থেকে ৩০শে সেপ্টেম্বর ২০০৩ পর্যন্ত। তাতে কি বলেছে—আমাদের দেশে প্রতি ৫৪ মিনিটে একজন মহিলা ধর্ষিতা হচ্ছে। প্রতি ৪৩ মিনিটে একজন মহিলা অপহৃতা হচ্ছে এবং প্রতি ২৬ মিনিটে একজন করে মহিলা নিগৃহীতা হচ্ছে। আর আপনার পণপ্রথার বলি হচ্ছে ১৭ জন করে মহিলা। ১৯৯৬ সালের ৩রা জানুয়ারী ভারতীয় বিজ্ঞান কংগ্রেসের ৮৩তম অধিবেশনে অধ্যাপিকা মীনাক্ষী প্রশ্ন তুলেছিলেন, যে সমাজে নারীসমাজের মুখ ফুটে কোনো কিছু বলবার অধিকার নেই, যে দেশে নারী সমাজের ভয়াবহ অবস্থা সেখানে মানবাধিকার কোথায় ? আমি স্মরণ করিয়ে দিতে চাই বানতলার ঘটনা কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যেই অবস্থিত, তবে তুলনামূলক বিচারে পশ্চিমবঙ্গের অবস্থা অনেক ভাল। তারপরে ২০০৩ সালের ২৩শে সেপ্টেম্বর দিল্লীর স্বরাষ্ট্র দপ্তরের সচিব এন. গোপালাস্বামী কি বলেছেন শুনুন—১ লক্ষ জনসংখ্যা-পিছু দিল্লীতে আপনার অপরাধ ৩৮৫, চেন্নাইতে ১১৩, মুম্বাইতে ১৭৭ আর কলকাতাতে ৯০। সুতরাং আইন-শৃঙ্খলার অবনতির ক্ষেত্রে পশ্চিমবঙ্গের স্থান কোথায় আছে ভেবে দেখা দরকার। একটু মাথা ঠাণ্ডা করে কথা বলার দরকার। এর পরে একটি নিবন্ধ উল্লেখ করতে চাই—আজকাল পত্রিকাতে প্রকাশিত হয়েছে—সেখানে জ্যোতিপ্রকাশ চট্টোপাধ্যায় ওই নিবন্ধে কি লিখেছেন সেটা শুনুন—জাতীয় উন্নয়ন পরিষদের কাছে রাষ্ট্রসংঘ উন্নয়ন পরিষদ কোন দেশের কি অবস্থা মানবোন্নয়নে রয়েছে জানতে চায়। তাতে জানা যায় যে, ভারতের স্থান ১২৭তম। আগে যেখানে ১২৪তম ছিল, আজকে সেখানে তিন ধাপ নেমেছে। এই মুখপাত্র পৃথিবীর দেশগুলোও রেখেছে। সেই রিপোর্টের ভিত্তিতে জানাই যে, ভারতবর্ষের অধোগমন হয়েছে। এই অধোগমনে কোনো রাজ্যই ভালো থাকতে পারে না। যে রিপোর্টে ভারতের অধোগমন বলা হয়েছে, আবার সেই রিপোর্টেই পশ্চিমবঙ্গের উচ্ছ্বসিত প্রশংসা করা হয়েছে। সেখানে বলেছেন, পশ্চিমবঙ্গে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে, দারিদ্র্য দূরীকরণ করে আর আর্থিক উন্নয়নের মাধ্যমে পশ্চিমবঙ্গ একটা উল্লেখযোগ্য স্থানে আছে। এটা আমাদের রিপোর্ট নয়। তারপরে শুনুন এন.ডি.এ. সরকারের যোজনা কমিশনের রাষ্ট্রমন্ত্রী সত্যব্রত মুখার্জী ৬ই আগস্ট কি বলেছেন—রাজ্যসভাতে সত্যব্রত মুখার্জী কেন্দ্রীয় যোজনার রাষ্ট্রমন্ত্রী বলেছেন, সারা পৃথিবীতে ক্ষুধার্ত মানুষ যত আছে তার সবথেকে বেশি বাস করে আমাদের ভারতবর্ষে—মোট ২৩ কোটি ৯০ লক্ষ মানুষ ভারতবর্ষে ক্ষুধার্ত। তারাপরে অটলবিহারী বাজপেয়ী কিছুদিন আগে কি বলেছেন—তিনি বলেছেন, রাজ্য সরকার জাতীয় গড়ের অনেক উপরে ছিল কিন্তু কমিউনিস্ট গোঁড়ামি এবং কর্মবিমুখতায় আজকে রাজ্য দাঁড়াতে পারছে না। এটা জানা দরকার যে কেন্দ্রীয় সরকারের সি.এস.ও.—সেন্ট্রাল স্ট্যাটিসটিক্স

অরগানাইজেশান যে রিপোর্ট বার করেছে, তাতে বলেছে গুজরাট রাজ্য ১৯৯৭ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত ক্রমশ উন্নয়নের ক্ষেত্রে তার অধোগমন হয়েছে, তার বৃদ্ধির হার নেতিবাচক—মাইনাস ০.৪।

[ 3.40—3.50 p.m. ]

সেই রিপোর্টে সি.এস.ও. কি বলছে, সেন্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশানে পশ্চিমবঙ্গের অবস্থান ৫.৫, ঠিক কর্নাটকের ৭.৩ এর পরে। নারীর অবস্থার বিচারে কি বলা হয়েছে, বহুবিধ কার্ল মার্কস বলেছিলেন, Social progress can only be measured exactly by the social position of the fair sex. অর্থাৎ একটা দেশে একটা রাজ্যের সমাজ সভ্যতার অগ্রগতির পথ হবে নারীর সামাজিক অবস্থানের উপরে। আপনারা জানেন, ২০০২ সালে ভারতবর্ষে পণ প্রথার বলি—আগেই বলেছি—প্রতিদিনে ১৭ জন করে। সেখানে আমাদের রাজ্যের অবস্থান কোথায়—২০০২ সালে পণ প্রথার বলি, ভারতবর্ষের ক্ষেত্রে উত্তরপ্রদেশে ১৫২৫, বিহারে ৬২৩, অন্ধ্রপ্রদেশে ৫০০, রাজস্থানে ৪৭০, মধ্যপ্রদেশে ৪৬০, সেখানে পশ্চিমবাংলার অবস্থান ২৪১ ; এখানে আমরা পিছিয়ে পড়েছি ? পঙ্কজবাবু কালকে বলছিলেন, আমরা অনেক দিক থেকে পিছিয়ে পড়েছি, পণ প্রথায় পিছিয়ে পড়েছি, সাম্প্রদায়িক দাঙ্গায় এই রাজ্য পিছিয়ে পড়েছে। আর ঋণে জর্জরিত হয়ে আত্মহত্যায় পিছিয়ে পড়েছি। ৩০.৪.০৩ তারিখে আউটলুক পত্রিকায় বেরিয়েছে ভারতবর্ষে সবচেয়ে বাসযোগ্য যে ১০টি শহর আছে, তার মধ্যে কলকাতার অবস্থান তিন, সেখানে দিল্লীর অবস্থান ১৩-য়, স্যার, আজকে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক বিতর্কে আলোচনা করতে গিয়ে এই প্রস্তাবকে সমর্থন করে বিরোধী পক্ষের সমস্ত সংশোধনীগুলির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত কুমার মাল :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর ধারা অনুসারে বিধানসভার অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী বীরেন জে শা যে ভাষণ দিয়েছেন তার বিরোধিতা করে এবং বিরোধী দলের আনা সংশোধনীগুলিকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। এই বিরোধিতার কারণে মাননীয় রাজ্যপালের ভাষণের সঙ্গে রাজ্যের বাস্তব পরিস্থিতির অধিকাংশ ক্ষেত্রে মিল খুঁজে পাওয়া যাচ্ছে না। এবং মাননীয় রাজ্যপালের ভাষণে রাজ্যের যে চরম অর্থসঙ্কট, সেই অর্থসঙ্কট থেকে বেরিয়ে আসার যে পথ, কি করে এই সরকার যে উদ্ধার পাবে, সেই কথাও মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই। এই প্রথম দেখলাম মাননীয় রাজ্যপাল গত ২৬ তারিখে প্রথা অনুযায়ী যে ভাষণ দিতে এসেছিলেন, তিনি বিনা প্রয়োজনে একাধিকবার উচ্চারণ করেছেন যে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে তাঁকে এই ভাষণ দিতে হচ্ছে। এই নিয়ে অনেক বিতর্ক দেখা দিয়েছে, কেন তিনি এই কথা বললেন। তার প্রয়োজনীয়তাই বা কি ছিল। অনেকে অনেক রকম ভেবে বিভিন্ন কথাবার্তা বলছেন। বিরোধী দল তৃণমূল বলেছেন, রাজ্য সরকারের এই লিখিত ভাষণ অসত্যে ভরা। তাই তিনি প্রথম ২ লাইন এবং শেষের ২ লাইন পড়ে, পুরো ভাষণটা না পড়ে, কমপ্লিট না করেই চলে গেলেন। যেখানে কোনো

বাধা সৃষ্টি হয়নি, তিনি পুরোটাই পড়তে পারতেন। সংবিধানে যে নিয়ম আছে, যে রীতি আছে, সেই ক্ষেত্রে সরকার পক্ষের যারা বিধায়ক তারা বলেছেন, এটা সংবিধানসম্মত। এক্ষেত্রে কিছু বলার নেই। আমি ডেপুটি স্পীকারকে বলতে চাই, যদি ধরেই নিই, মাননীয় রাজ্যপাল সঠিক কথাই বলেছেন এবং বিরোধীরা নয়, সরকার পক্ষের যে সমস্ত মাননীয় সদস্য মাননীয় রাজ্যপালের ভাষণের বক্তৃতার পরিপ্রেক্ষিতে যে কথা বলেছেন সেটা সঠিকভাবেই বলেছেন, কিন্তু আমি একটা প্রশ্ন করতে চাই, এই হাউসের কাছে প্রশ্নটা রাখতে চাই, মাননীয় রাজ্যপালের ধন্যবাদসূচক ভাষণের বিতর্কে আমি প্রথম বলেছি, মাননীয় রাজ্যপালের ভাষণে রাজ্যের সত্যিকারের বাস্তব যে পরিস্থিতি, সেই পরিস্থিতির কথা অধিকাংশ ক্ষেত্রে উল্লেখ নেই।

মাননীয় রাজ্যপাল তার ভাষণে কি বলেছেন সেই ব্যাপারে আমরা এখানে আলোচনা করছি। কিন্তু এই হাউসের মাননীয় সদস্যদের কাছে আমি জানাতে চাই, এই হাউসের বাইরে মাননীয় রাজ্যপাল এক জায়গায় বলেছিলেন, এই রাজ্যের স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে, এখানে স্বাস্থ্য পরিষেবা বলে কিছু নেই। মাননীয় রাজ্যপাল শিক্ষার ব্যাপারে বলেছিলেন, এই রাজ্যের শিক্ষাব্যবস্থা চরম অবস্থায় পৌঁছে গিয়েছে, এটা খুব পরিষ্কার-পরিচ্ছন্ন নয়। কিন্তু রাজ্য সরকারের লিখিত যে ভাষণ মাননীয় রাজ্যপাল পড়েছেন, সেখানে কিন্তু এইসব কথা লেখা নেই। কিন্তু এইসব কথা মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ না থাকলেও, এই হাউসের বাইরে মাননীয় রাজ্যপাল একাধিকবার রাজ্যের স্বাস্থ্য পরিষেবা এবং শিক্ষার ব্যাপারে তার মতামত পোষণ করেছেন। আপনারা কি করে তার এই মতামতকে উপেক্ষা করবেন ? মাননীয় রাজ্যপালের ভাষণে অনেকগুলি অনুচ্ছেদ আছে, সব কথা এই স্বল্প সময়ের মধ্যে বলা যাবে না। আর মাননীয় মুখ্যমন্ত্রীই বা কি জবাব দেবেন জানি না, কারণ তিনি তো হাউসে নেই। স্যার, তবুও আমি আপনার মাধ্যমে এই হাউসের মধ্যে আমার বক্তব্য তুলে ধরব মাননীয় মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে। মাননীয় রাজ্যপালের ভাষণে লেখা আছে— রাজ্যে অপরাধমূলক কার্যকলাপের সামগ্রিক পরিস্থিতি যথেষ্ট ভালো আছে, নিয়ন্ত্রণে রয়েছে এবং অপরাধ সংঘটনের ক্ষেত্রে উল্লেখযোগ্য কোনো বৃদ্ধি ঘটেনি। আজকে এই সরকারের আমলে এমন একটা দিন নেই যে মানুষ খুন হয়নি, এমন একটা দিন নেই যে ডাকাতি হয়নি, এমন একটা দিন নেই যে মা-বোনেদের শ্লীলতাহানি হয়নি। আর এই ভাষণে বলা হচ্ছে, এমন কোনো উল্লেখযোগ্য ঘটনা ঘটেনি যে বলা যাবে প্রশাসন ভেঙে পড়েছে। এই ব্যাপারটা আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই। মানুষের নিরাপত্তা নিয়ে, মানুষ গণতন্ত্র নিয়ে, মানুষের সম্মান নিয়ে, মানুষের ইজ্জত নিয়ে দিনের পর দিন যে ঘটনা পশ্চিমবাংলাকে বিচলিত করে রেখেছে, তার পরেও আমাদের বলতে হবে পশ্চিমবাংলায় শান্তি বিরাজ করছে ? মাননীয় রাজ্যপাল তার ভাষণের এক জায়গায় বলেছেন—এই রাজ্যের শিল্পক্ষেত্রে অগ্রগতির উৎসাহব্যঞ্জক লক্ষণ এখনও দেখা যাচ্ছে। একটা সরকার সাতাশ বছর ধরে ক্ষমতায় থাকার পরে তাদের এখন বলতে হচ্ছে, শিল্পক্ষেত্রে উৎসাহব্যঞ্জক লক্ষণ এখনও দেখা যাচ্ছে। তার মানে শিল্পক্ষেত্রে পশ্চিমবাংলার অবস্থা কত ক্ষীণ। আজকে কলিং অ্যাটেনশানের প্রশ্নের উত্তর দেবার সময় মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, জুট মিল এবং

অন্যান্য শিল্পের ক্ষেত্রে আমাদের কোনো নিয়ন্ত্রণ নেই। পরিকাঠামো, পরিবেশ নষ্ট হয়ে যাওয়ার ফলে এবং রাজনৈতিক চাপে পড়ে যে সমস্ত শিল্পগুলো বন্ধ হয়ে যাচ্ছে সেখানে আজকে আপনাদের কিছু করার নেই। সত্যিই শিল্পে যদি জোয়ার আসত তাহলে এই ২৭ বছরে বেকারের সংখ্যা পনেরো লক্ষ থেকে বেড়ে পঁয়ষট্টি লক্ষ হত না। রাজ্যে এইভাবে অর্থনৈতিক সঙ্কট হত না।

[ 3.50—4.00 p.m. ]

আর একটা জায়গায় বলেছেন, "অর্থনৈতিক সংস্কার ত্বরান্বিত করতে এবং দ্রুত ও সুশৃঙ্খল বিকাশ ঘটাতে পশ্চিমবঙ্গ রাজ্য বিধানসভায় 'পশ্চিমবঙ্গ বিশেষ অর্থনৈতিক অঞ্চল বিধেয়ক, ২০০৩' শীর্ষক একটি বিল পাস করা হয়েছে।" এই বিলের পরিপ্রেক্ষিতে বলছি, যে সমস্ত শিল্পে রাজ্য সরকারের পক্ষ থেকে সুযোগ-সুবিধা দেওয়ার কথা, অর্থ সঙ্কটের জন্য তা দিতে পারছেন না। এ ক্ষেত্রেও আমার বিরোধিতা আছে। একটা জায়গায় বলেছেন, সেচের সুবিধাপ্রাপ্ত জমির বাইরে আরও অনেক জমিকে সেচের আওতায় আনার জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছে। এটা সম্পূর্ণ ভুল, অসত্য। বারবার এই বিধানসভায় আমরা বলেছি, জানতে চেয়েছি, বন্যার কবলে পড়ে সেচের আওতায় থাকা জমিও অসেচ হয়ে পড়ছে, আপনারা ব্যবস্থা নিন। কিন্তু কোনো ব্যবস্থা নিতে পারেননি আপনারা। তাহলে নতুন করে অসেচ জমিকে কিভাবে সেচের আওতায় আনবেন আমরা বুঝতে পারছি না। ক্যানেলগুলো থেকে পলি বা বালি সরানো হচ্ছে না বলে সেখান থেকে সেচের জল নেওয়া যাচ্ছে না। বন্যার কবলে পড়ে বহু প্রাণহানি হচ্ছে, সম্পদ নষ্ট হচ্ছে। আর একটি জায়গায় বলেছেন, প্রতিবন্ধীদের সার্টিফিকেট দেওয়ার, সুযোগ-সুবিধা দেওয়ার কথা। আজকে মেনশনে আমি উল্লেখ করেছিলাম, এই রাজ্যে প্রতিবন্ধীদের কোনো ভবিষ্যৎ নেই, তারা হতাশায় দিন কাটাচ্ছে। এদের জন্য সরকারের কোনো পরিকল্পনা নেই। অথচ সমাজ কল্যাণ বলে একটা দপ্তর আছে, তার একটা মন্ত্রীও আছে। একটা সার্টিফিকেট পেতে গেলে চরম দুর্ভোগের মধ্যে প্রতিবন্ধীদের পড়তে হয়, কতবার যে দপ্তরে ঘুরতে হয় তার ইয়ত্তা নেই। যদিও বা কোনো রকমে মেডিক্যাল বোর্ড থেকে পাশ হয়, কিন্তু সার্টিফিকেট বার করতে প্রচণ্ড অসুবিধায় পড়তে হয় এবং তাদের কোনো সুযোগ-সুবিধা দেওয়া হয় না। রাজ্যপালের ভাষণে তপশীলি জাতি, উপজাতির উল্লেখ আছে। আমার অ্যাডজর্নমেন্ট মোশানেও এদের কথা আমি বলেছি। এদের সার্টিফিকেট নিয়ে অনেক দুর্নীতি আছে। এদের জন্য সুযোগ-সুবিধা কাগজ-কলমেই সীমাবদ্ধ। এদের শোষণ করা হচ্ছে। এদের উন্নয়নের কোনো ব্যবস্থা এই সরকার করেনি। এর ফলে যখন অনেক জায়গায় এই সম্প্রদায়ের মানুষ বিক্ষোভ দেখাচ্ছে, তখন সি.পি.এম.-এর লোকেরা তাদের জনযুদ্ধ আখ্যা দিয়ে পুলিশকে দিয়ে তাদের উপর অত্যাচার চালাচ্ছে। আমরা মেদিনীপুরে গিয়ে সেটা দেখেও এসেছি। এই কারণে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলেন মণ্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল গত ২৬শে ফেব্রুয়ারী এই কক্ষে যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপর ধন্যবাদ জানিয়ে মাননীয়

সদস্য শ্রীপদ্মনিধি ধর যে প্রস্তাব এনেছেন এবং মাননীয় সদস্য সুব্রত বসু যাকে সমর্থন জানিয়েছেন আমি সেই প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য উপস্থাপন করছি। অল্প কথার মধ্যে দিয়ে রাজ্যের সামগ্রিক যে পরিকল্পনা এবং রাজ্যের মানুষের অর্থনৈতিক উন্নয়ন, এই রাজ্যের শান্তি-শৃঙ্খলা, সম্প্রীতির প্রশ্নে এই সরকারের যে কর্মকাণ্ড অত্যন্ত প্রাসঙ্গিকভাবেই তা মহামান্য রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়েছে। এবং সেই ভাষণের মধ্যে এই মুহূর্তে স্বাভাবিকভাবে আমাদের দেশের মানুষের জনজীবনের যে আতঙ্ক, মানুষকে বিভ্রান্ত করার ক্ষেত্রে যে পদক্ষেপ সেই ধরনের কিছু ঘটনা আমাদের রাজ্যে ঘটছে এবং সংঘটিত করার ক্ষেত্রে একটা পরিকল্পিত চেষ্টা, একটা চক্রান্ত চলছে। রাজ্যের সরকার সতর্কতার সঙ্গে তার বিরুদ্ধে দাঁড়িয়ে যে কাজ করেছেন সেই কথাই মহামান্য রাজ্যপালের ভাষণে পরিষ্কারভাবে রাখা হয়েছে। বিগত দিনে আমাদের রাজ্য সরকার রাজনৈতিক কখনো কখনো কেন্দ্রীয় সরকারের নানা চক্রান্তর ফলশ্রুতি হিসেবে যেসব ঘটনা ঘটেছে তাকে প্রতিহত করেছেন। সরকারের পক্ষ থেকে, প্রশাসনের পক্ষ থেকে তাকে প্রতিহত করার উদ্যোগ নেওয়া হয়েছে। পাশাপাশি রাজ্যের মানুষ সতর্কতা, গণ-আন্দোলনের মধ্যে দিয়ে তাকে তারা প্রতিহত করেছেন এবং সেই প্রতিহত করার মধ্যে দিয়ে আজকে রাজ্যে একটা সরকার ২৬ বছর ধরে প্রতিষ্ঠিত আছে। নিশ্চিতভাবেই সেই সরকারের এটা একটা ঐতিহাসিক তাৎপর্য, নিশ্চিতভাবেই একটা ঐতিহাসিক প্রেক্ষাপট আমরা তা প্রমাণ করে দিয়েছি। প্রমাণ করতে গিয়ে সফলতার প্রশ্নে আমরা যে কথা বলি, সুনির্দিষ্ট কর্মসূচির ভিত্তিতে মানুষকে সঙ্গে নিয়ে, মানুষের সঙ্গে যুক্ত থেকে ধারাবাহিকভাবে এই রাজ্যে মানুষের উন্নয়নের প্রশ্নে মানুষকে সঠিক কথা বলে সঠিক কাজ করে যাওয়াটাই বামফ্রন্ট সরকারের মূল চাবিকাঠি। আমাদের রাজ্যে পরিকাঠামোগত উন্নয়নের প্রশ্নে মূল ভিত্তির উপর দাঁড়িয়ে আজকে বামফ্রন্ট সরকার পরিচালিত রাজ্যে সারা বাংলার গ্রামীণ ক্ষেত্রে নজর দিতে হবে। সেই গ্রামীণ এলাকা উন্নয়নের প্রশ্নে ভূমি-সংস্কারের জন্য অগ্রাধিকার দিতে হবে। আমরা দিয়েছি, উদ্ধারকৃত জমি সঠিক প্রাপকদের মধ্যে বিলিবন্টন করার মধ্যে দিয়ে আজকে বামফ্রন্ট সরকারের সাফল্য সারা দেশের মধ্যে প্রমাণ করে দিয়েছে। আমাদের অবস্থানকে প্রমাণ করে দিয়েছে। কৃষি উৎপাদনের সাফল্যের জন্য বীজ, সার অন্যান্য জিনিসের সরবরাহ করা হয়। এই ক্ষেত্রে আমাদের একটা জ্বলন্ত পদক্ষেপ আছে। ক্ষমতার বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে, পঞ্চায়েত ব্যবস্থাকে ধারাবাহিকভাবে লড়াই এবং সংগ্রামের মধ্যে দিয়ে কার্যকরী করার মধ্যে দিয়ে গ্রাম এলাকায় মানুষ নিজের কাজ নিজে করবে এই সুদৃঢ় অবস্থার মধ্যে প্রতিষ্ঠা করেছি। তাই আজকে '৭৭ থেকে আজ ২০০৪ পর্যন্ত বামফ্রন্ট সরকার আছে, আগামী দিনে নিশ্চিতভাবেই থাকবে। আজকে শিক্ষাব্যবস্থার প্রসার করে, সর্বভারতীয় প্রেক্ষাপটে সর্বশিক্ষা অভিযানকে যথার্থ কার্যকরী করে তুলতে সক্ষম হয়েছে। তাই আজকে মানুষ বারবার আমাদের পক্ষে এসেছে। স্বাস্থ্য পরিষেবা নিয়ে নিশ্চিতই কিছু বক্তব্য আছে। মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা হচ্ছে। প্রশাসনে একটা অংশ নানারকমভাবে চক্রান্ত করার চেষ্টা করছে এবং সরকারের কর্মসূচিগুলোকে যথার্থভাবে মানুষের কাছে কাজ করার ক্ষেত্রে গাফিলতি করছে, অবহেলা করছে।

[ 4.00—4.10 p.m. ]

তার মধ্যে দিয়ে কোনো কোনো ক্ষেত্রে কিছু কিছু ঘটনা ঘটে যাচ্ছে। আমাদের সরকারের বিভাগীয় মন্ত্রী সঠিক ভাবেই বিশ্লেষণ করে বলেছেন। যেখানে ভুল হচ্ছে সে কথাও আমরা মানুষের কাছে সঠিকভাবেই বলছি এবং তার পরে সেখান থেকে বেরিয়ে আসার প্রশ্নে কিভাবে স্বচ্ছতা আনা যায় এবং প্রশাসনের সুযোগ-সুবিধা আরও বেশি বেশি করে সংগঠিত করতে পারি তার প্রচেষ্টা এই সরকার থেকে নেওয়া হবে। মাননীয় রাজ্যপালের ভাষণের প্রতি অংশে প্রতি কলমে সাফল্যের কথা যেমন আছে নিশ্চিতভাবে সরকার পক্ষের সদস্য হিসাবে আমরা যখন সেটা বুঝি তখন বিরোধী সদস্যরাও বোঝেন কিন্তু তাদের যদি যথার্থ একটা নীতি থাকতো, একটা নির্দিষ্ট কর্মসূচি থাকত এবং মানুষের জন্য কাজ থাকত এবং সেটা যদি মানুষকে ঠিক সময়ে তাঁরা বোঝাতে পারতেন তাহলে মানুষের সমর্থন তাঁরা পেতেন, মানুষ তাঁদের সমর্থন করতেন। কিন্তু তাঁদের যে স্বপ্নই থাকুক না কেন, যে রাস্তাই তাঁরা ভাবুন না কেন মানুষকে যদি তাঁরা বোঝাতে না পারেন তাহলে মানুষের রায় তাঁরা গ্রহণ করতে পারবেন না। মাননীয় রাজ্যপালের ভাষণে আছে আজকে আমাদের রাজ্যে যে শান্তিপূর্ণ অবস্থান, সেই অবস্থাকে বিঘ্নিত করার প্রশ্নে আজকে জঙ্গী সংগঠন সম্পর্কে আমাদের চিন্তা করতে হবে। ১৯৪৭ সালে দেশকে যখন দ্বিখণ্ডিত করে স্বাধীনতা এল, সেই স্বাধীনতা কোন পদ্ধতিতে এসেছে আজকে যাঁরা এখানে বলছেন তাঁরা খুব ভালো করেই সেটা জানেন। আজকে সভার শুরুতেই যাঁরা কিছু সময় নষ্ট করলেন মাননীয় মুখ্যমন্ত্রীর বক্তব্যকে নিয়ে, কিন্তু সেই কংগ্রেসের কি কার্যকলাপ তখন ছিল ? স্বাধীনতা আন্দোলনের ইতিহাসকে বিকৃত করার ক্ষেত্রে তাঁদের ভূমিকা কি ছিল ? কংগ্রেসের মাননীয় সদস্য বললেন নেতাজীর কথা। সুভাষ বসু সম্পর্কে কংগ্রেসের বক্তব্য কি ? আজকে কেন্দ্রের এন.ডি.এ. সরকারের ভূমিকা কি ? আজকে নেতাজীকে নিয়ে তদন্ত কমিশনের রিপোর্ট জনমানসে নিয়ে আসার ক্ষেত্রে এই এন.ডি.এ. সরকার কি ভূমিকা পালন করছেন ? তারা সেই জায়গায় যোগ্য ভূমিকা পালন করছেন কি ? যদি তাঁরা করতেন তাহলে তাঁরা আজকে এইসব কথা বলতে পারতেন যে কমিউনিস্টদের এইসব কথা বলা শোভা পায় না। কিন্তু এই কথা বলার কোনো নৈতিক অধিকার তাদের আছে কি ? তাই মাননীয় সদস্যদের কাছে আবেদন করব সারা ভারতবর্ষের উন্নয়নের স্বার্থে, সঠিকভাবে দেশটাকে পরিচালন করার প্রশ্নে, সাম্রাজ্যবাদের আগ্রাসনের প্রশ্নে—এই এন.ডি.এ. সরকারের একজন শরিক হচ্ছে তৃণমূল—তাঁরা দেশটাকে যেভাবে নিয়ে যাচ্ছেন এবং পশ্চিমবঙ্গে অশান্তির বীজ সৃষ্টি করার চেষ্টা করছেন—আমরা বলি আমাদের সরকার সজাগ আছেন, প্রশাসন সজাগ আছেন, রাজ্যের মানুষও সচেতন তাই আমরা মানুষকে সংগঠিত করে এর মোকাবিলা করব। আমি বিরোধী দলের সদস্যদের বলব এই অশান্তিতে শুধু বামপন্থীদের ঘরই পুড়বে না, এতে তাঁদের ঘরও পুড়বে। রাজ্যে যদি অশান্তি থাকে তাহলে তার ফল প্রত্যেকের উপরেই বর্তাবে। আপনারাও এ ক্ষেত্রে যোগ্য ভূমিকা পালন করবেন, এটাই আমরা আশা করব। সেই শান্তির পক্ষে আমাদের সরকার সঠিক উদ্যোগ নিয়ে চলেছে এবং আগামী দিনে আমাদের সরকারের যে নীতি, যে কর্মসূচি, যে পরিকল্পনা আছে—যদিও প্রতিবন্ধকতা আছে, আর্থিক সীমাবদ্ধতা আছে তবুও তার মধ্যে দিয়েই আমাদের রাজ্যে অগ্রগতি ঘটেছে

সে কথা রাজ্যপালের ভাষণে উল্লেখ আছে। তাই মাননীয় সদস্যরা যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আরেকবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করা হয়েছে আমি তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সমস্ত অ্যামেন্ডমেন্টকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমার আজকে প্রথমে বলার কথা ছিল, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় চারটের সময় আসবেন জানতে পেরে বক্তব্য দেরিতে রাখছি এবং আমার আশা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন জবাব দেবেন আমি যে প্রশ্নগুলো তুলব তার অন্তত কিছুটা জবাব দেবেন। এই সভায় মাননীয় মুখ্যমন্ত্রীর অনুপস্থিতিতে আমরা গতকাল উনি যে অভিযোগ করেছিলেন সে ব্যাপারে উল্লেখ করেছি। গতকাল উনি বলেছিলেন যে—'তৃণমূলের সঙ্গে জনযুদ্ধের সংস্রব রয়েছে', 'তৃণমূল কংগ্রেসের সঙ্গে নকশালপন্থী জনযুদ্ধ গোষ্ঠীর যোগাযোগ রয়েছে বলে গুরুতর অভিযোগ তুললেন রাজ্যের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য ও বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু।' আমি মনে করি রাজ্যের মুখ্যমন্ত্রী হিসাবে আপনি চূড়ান্ত দায়িত্বজ্ঞানহীনতার প্রমাণ দিয়েছেন। কোনো প্রমাণ ছাড়াই একটা স্বীকৃত রাজনৈতিক দল, যারা বিধানসভার বিরোধী দল তাদের বিরুদ্ধে অভিযোগ এনেছেন। এটা আপনার দায়িত্ব যে কি প্রমাণ তৃণমূলের সঙ্গে ওদের যোগাযোগের আছে তা এই হাউজে প্লেস করুন। আপনি নিজের অলিন্দে দাঁড়িয়ে সবার অগোচরে আমাদের বিরুদ্ধে অভিযোগ করবেন আর সেই অভিযোগ আমাদের শুনতে হবে, এটা মুখ্যমন্ত্রী হিসাবে আপনার দায়িত্বজ্ঞানহীনতার পরিচয়। এর আগেও আপনি দায়িত্বজ্ঞানহীনের মতো কথা বলেছেন বা কাজ করেছেন। আপনি বলেছিলেন 'অননুমোদিত মাদ্রাসায় দেশবিরোধী কার্যকলাপ হয়।' পরে আপনাকে আপনার সেই বক্তব্য গিলতে হয়েছিল। আপনি বলেছিলেন, 'ডাক্তারদের ঘাড় ধাক্কা দিয়ে বের করে দেব।' সে কথাও আপনাকে গিলতে হয়েছিল। আপনি বলেছিলেন, 'শিক্ষকদের মুচলেকা দিতে হবে'। সেকথাও আপনাকে গিলতে হয়েছিল। আর যদি প্রমাণ করতে না পারেন, তাহলে এই বিবৃতিও আপনাকে গিলতে হবে। আমি পঙ্কজ ব্যানার্জীকে বলেছি প্রিভিলেজ মোশান দিতে। আপনি পারলে সেই প্রিভিলেজ মোশান ফেস করবেন এবং জবাব দেবেন। কাল বিচিত্র একটা যুক্তি সি.পি.এম.-এর নেতাদের মুখ থেকে বেরিয়ে এল। বলছেন, জনযুদ্ধের হাতে সি.পি.এম.-এর লোকেরাই মারা গেছেন, একজনও তৃণমূল কর্মী বা বি.জে.পি. কর্মী মারা যায়নি। সেখানে বিরোধী দল আছে ? যে এলাকায় জনযুদ্ধ কাজ করে সেখানে তো আমাদের অফিস বন্ধ করে দিতে হয়েছে। যারা অত্যাচার করছে তারা আপনাদের বিরুদ্ধে রিভল্ট করেই জনযুদ্ধ হয়েছে। আপনারা বলছেন আপনাদের লোক মারা গেছে। মারা যেতে পারে। আমরা তার জন্য দুঃখিত। আমরা জনযুদ্ধকে সমর্থন করি না, কিন্তু আপনি যে দায়িত্বজ্ঞানহীন উক্তি করেছেন সেই উক্তি হয় প্রত্যাহার করতে হবে না হয় ক্ষমা চাইতে হবে।

স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয় তার ভাষণে বলেছেন যে, 'দি স্কেল অ্যান্ড ডাইমেনশন অফ ভায়োলেন্স রিসোরটেড টু বাই দিজ এক্সট্রিমিস্ট আউটফিটস হ্যাজ বিন লেস ডিউরিং দি ইয়ার ২০০৩ কমপেয়ারড টু দি প্রিভিয়াস ইয়ার।' মজার ব্যাপার দেখুন

২৬শে ফেব্রুয়ারী মাননীয় রাজ্যপাল মহাশয় বক্তৃতা দিলেন। কিন্তু আগের দিনই বেলপাহাড়ীতে জনযুদ্ধের মাইন ফেটে আটজন পুলিশ কর্মী মারা যাওয়ার ঘটনা কিন্তু এতে নেই। সুতরাং মাননীয় রাজ্যপালের ভাষণ আউটডেটেড হয়ে গেল। আমরা এমনিতে এই ভাষণের বিরোধিতা করিনি। যখন আপনি বলছেন ঘটনা কমছে তখন দেখা গেল ঘটনা বাড়ছে। এই রাজ্যে উগ্রপন্থী কার্যকলাপ মোকাবিলায় রাজ্য সরকার ব্যর্থ। আপনি ভেবেছিলেন একবার পুলিশকে নিয়ে ওই জায়গায় বক্তৃতা করলে সব থেমে যাবে। কিন্তু তা হল না। জনযুদ্ধ অভিযোগ করেছে বুদ্ধদেববাবুর দ্বিচারিতার জন্য আমাদের এই বিস্ফোরণ। আপনি একদিকে বলছেন মেইন স্ট্রিমে আসতে অন্যদিকে পুলিশ গিয়ে অত্যাচার চালাচ্ছে। গতকাল এ ব্যাপারে ডিটেলসে বলেছি যে কিভাবে ওখানে নিরীহ মানুষের উপর অত্যাচার করা হচ্ছে। এবং আজকে আপনার দ্বিচারিতার জন্য আটজন পুলিশ কর্মী মারা গেলেন।

কে.এল.ও. মিলিট্যান্টদেরও আপনি নিয়ন্ত্রণ করতে পারেননি। তারা কোচবিহারের মাথাভাঙার ভি.ডি.ও. হলে স্টেইনগান থেকে গুলি ছুঁড়ে পাঁচজন লোককে মেরে দিল। যদি রয়্যাল ভুটান আর্মি আপনাদের সাহায্য না করত তাহলে কে.এল.ও.-র একজনও টপ-মিলিট্যান্টকে ধরতে পারতেন না। উত্তরাঞ্চল এবং পশ্চিমাঞ্চলের উগ্রপন্থী কার্যকলাপ নিয়ন্ত্রণে আপনি ব্যর্থ হয়েছেন।

আরেকটা কথা হচ্ছে, আমাদের এখানকার মাননীয় সদস্য নির্মল মণ্ডল। তাঁকে গত ২৬শে জানুয়ারী সি.পি.এম. ছাপনামারির খেয়াদায় আক্রমণ করেছে।

[ 4.10—4.20 p.m. ]

১২ দিন নির্মলবাবুকে হাসপাতালে থাকতে হয়েছে, তাঁর সিকিউরিটির একটা চোখ নষ্ট হয়ে গেছে। কি নিরাপত্তা রাজ্যের মানুষকে আপনি দেবেন ? একজন নিরীহ বিধায়ককে ধরে মারা হল এবং তার জন্য তাঁকে হাসপাতালে থাকতে হল। এই নির্লজ্জতা, লাঞ্ছনার কথা তো আপনারা বলছেন না। নির্মলবাবু সম্বন্ধে কিছু জানেন ? নির্মলবাবুকে কেন মারা হয়েছে সেটা জানেন ? তাঁকে মারা হয়েছে, কারণ, নির্মলবাবু মমতা ব্যানার্জীর লোকসভা কেন্দ্রের অন্তর্গত একটি বিধানসভা কেন্দ্রের বিধায়ক, লোকসভার ভোটে মমতা ব্যানার্জীকে ভয় দেখানোর জন্য নির্মলবাবুকে মারা হয়েছে। নির্মলবাবুকে মারা হয়েছে—আমি এই অভিযোগ করছি। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে রাজ্যে যে নির্বাচন আসছে সে সম্বন্ধে তো কিছু বলা হয়নি। মাননীয় সদস্য শ্রী মুস্তাফা বিন কাশিম বলছিলেন, 'মাননীয় রাজ্যপাল মহাশয়ের বক্তৃতার সময় আপনারা কেন গণ্ডগোল করেন ? মাননীয় রাজ্যপাল মহাশয় সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী তাঁর সাংবিধানিক দায়িত্ব পালন করেছেন।' আমরা গণ্ডগোল করি, কারণ, যে সরকারে বিবৃতি তিনি পড়েন আমরা মনে করি না, সেই সরকার জনগণের সত্যিকারের প্রতিনিধিত্ব করেন। আমরা মনে করি না, রাজ্যে ভোট ভালভাবে হবে। কমপোজিশন is not a reflection of actual people's suffering. রাজ্যের কোনো ভোটই ভালোভাবে হয় না, জনগণের সমর্থনের ভিত্তিতে হয় না। আমরা কতটা কি কাজ করেছি তার রিফ্লেকশনটা আমরা ভোটে চাইতে যাব। তাই সত্যিকারের লড়াই ছেড়ে দিইনি।

আমাকে অনেকে জিজ্ঞাসা করেছেন, লোকসভা ভোটে দাঁড়িয়েছেন কি হবে ? আমি বললাম, গার্ডেনরীচে যদি সি.পি.এম. ভোট লুঠ না করে, সি.পি.এম.-এর নটোরিয়াস গুণ্ডারা যদি ভোট লুঠ না করে, রিগিং যদি না করে তাহলে আমি জিতবো। আমার জেতার জন্য পুলিশ নেই, অস্ত্র নেই। আমি নির্বাচন কমিশনের কাছে গিয়ে বলব, জনসাধারণের কাছে গিয়ে বলব—আপনারা সকলে রিগিং বন্ধ করুন। আমরা জানি সোভিয়েত ইউনিয়নে ৭৩ বছর পর কমিউনিস্ট শাসনের অবসান হয়। আপনাদের এই শাসনেরও অবসান হবে। এক একটা কেন্দ্রে ভোট লুঠেরা আছে। হাওড়ার বালিতে, নর্থ হাওড়ায় ভোট লুঠ হয়ে যাবে, আসানসোলের রানিগঞ্জ, জামুরিয়ায় ভোট লুঠ হবে। সব জায়গায় সি.পি.এম.-এর লুঠেরা রয়েছে—তারা ভোট লুঠ করে। এখানে শ্রদ্ধেয়া নন্দরানী দল বসে আছেন—তিনি কেশপুর থেকে ১ লক্ষ ৮ হাজার ভোটে জিতেছেন—সেখানে ভূত ভোট দিয়েছে, নাকি ভোট লুঠ হয়েছে ? তিনি হাউস আলো করে বসে আছেন। এই রিগিং-এর বিরুদ্ধে আমরা আগেও লড়াই করেছি এবং ভবিষ্যতেও লড়াই করব। বুদ্ধবাবুকে একসময় কালের কাছে জবাব দিতে হবে। উনি বলবেন, কোন ভিত্তির উপরে দাঁড়িয়ে তিনি ক্ষমতায় এসেছেন, কিসের ভিত্তির উপরে দাঁড়িয়ে তিনি এগোবার চেষ্টা করছেন—সেই প্রশ্নের উত্তর একদিন জনসাধারণের সামনে ওঁকে দিতে হবে। মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে ল অ্যান্ড অর্ডারের কথা বলেছেন। The overall crime situation in the state remained well within control. দোলের দিন এই রাজ্যে শক্তিগড়ে ধর্ষণের ঘটনা ঘটলো—৩ জন মহিলা ধর্ষিতা হল, সেই দিনেই বহরমপুরে গণধর্ষণের ঘটনা ঘটল, সেই দিনেই বি.জে.পি. পুরপিতার বাড়ি আক্রমণ হল, সেই দিনেই দমদম পুরসভার ড্রাইভার শঙ্কর পাল খুন হলেন, সেই দিনেই উদয়নারায়ণপুরে মদ্যপ পুলিশকে পেটাল। মহিলারা গণধর্ষিতা হচ্ছেন, পুলিশ কনস্টেবলকে মারা হচ্ছে এবং লোকের বাড়ির মধ্যে ঢুকে—পুরপিতার বাড়ির মধ্যে ঢুকে আক্রমণ করা হচ্ছে, ইট দিয়ে থেঁতলে মানুষকে মারা হচ্ছে, This is the situation under control. আমি আরেকটি ঘটনার কথা বলছি—সি.পি.এম.-এর যুবনেতা শঙ্কর কোনাই খুন হল—সেই তীরটা যদিও আমাদের দিকে দেয়নি—ব্যারাকপুরে সি.পি.এম.-এর অভ্যন্তরীণ কোন্দলের জন্য শঙ্কর কোনাই খুন হয়েছে। ক্রাইম situation well under control. যাঁরা ক্রাইম করছেন তাঁরা রুলিং পার্টিতে বসে আছেন। তাই এই রাজ্যপালের ভাষণের কোনো সত্যতা নেই। এবং আমরা ধন্যবাদ জানাই যে এই ভাষণ না পড়ে রাজ্যপাল চলে গিয়েছেন সেটা দোষ জারি করুক—রাজ্যপাল অন্তত একবার ঠিক কাজ করেছেন বলে আমার মনে হয়। স্যার, এই রাজ্যের রাজ্যপালের ভাষণ সেটা নয়। যে বীভৎসভাবে এই রাজ্যের দেউলিয়া সরকারের, যাদের মোট ঋণ ১ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে গিয়েছে, তার মানে প্রত্যেক বাঙালির উপর যারা ১২ হাজার টাকা করে ঋণ চাপিয়েছেন, তাদের ফাইনানসিয়াল ব্যাঙ্ক গ্রাফসির কথা রাজ্যপালের ভাষণের বক্তৃতায় নেই। এবং বুদ্ধদেববাবুকে আমি চ্যালেঞ্জ করেছি—উনি আমরা যে বন্‌ধ ডেকেছিলাম—তিনি বললেন যে অসত্যের উপর ভিত্তি করে বন্‌ধ ডেকেছি। আমরা কোনো কর বসাইনি। আমি বলছি মানবেন্দ্র রায় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের সচিবের স্বাক্ষরিত স্মারকপত্র—তার নম্বর ৩৬৪৪ পি.এম.ও./১/৩/আর.বি./২০০১/তারিখ ১৪.১০.২০০৩। ওখানে বলা আছে

যে বাইসাইকেল-এর উপর ৫ টাকা, রিকশা, ভ্যান, অটোরিকশা, ঠ্যালাগাড়ির উপর ১২ টাকা। ট্রাক্টর টেলারের উপর ২৫০ টাকা, গ্রাম পঞ্চায়েত এলাকায় তীর্থস্থানে তীর্থযাত্রীদের পিছু কর হচ্ছে অনধিক ৫০ পয়সা, জীবজন্তু, প্রাণীপিছু প্রতিদিন ১ টাকা, গৃহপালিত পশু পিছু—কুকুর, ঘোড়া, মহিষ, ময়ূর পিছু ১০ টাকা পঞ্চায়েতকে লাইসেন্স ফি দিতে হবে। গ্রাম পঞ্চায়েতের মালিকানাধীন এবং সরকারের খাস জমিতে যেসব গরু, ছাগল, মহিষ চরে তাদের পিছু ৬-১২ টাকা ফি দিতে হবে। এটা আমার দেওয়া সার্কুলার নয়, এটা আপনাদের পঞ্চায়েত দপ্তরের সচিবের দেওয়া সার্কুলার। বুদ্ধদেব বাবু বললেন, কোনো বেসিস নেই। আমি জানতে চাই যে এই সার্কুলার উইথড্রন হয়েছে কিনা ? মুখ্যমন্ত্রী বলবেন—স্থগিত নিশ্চয়ই ১০ই মে পর্যন্ত কিন্তু তারপর তো এটাই চাপবে। গ্রাম পঞ্চায়েতের পরিকাঠামো যুক্ত শ্মশানে বা কবরস্থানে মৃতদেহ পিছু ৫০ টাকা ফি দিতে হবে। গ্রামে যা আছে সবকিছুতে বৃত্তি কর ২৫০ টাকা। সাইকেল, রিকশা, ভ্যান তার উপরে ১ টাকা থেকে ২৫ টাকা। তাই গ্রামের মানুষের উপর শুধু নয়, কুকুর, ঘোড়া, ময়ূর, মুরগী তার উপর কর চাপানো হবে। এই হচ্ছে রাজ্য সরকার—এই দেউলিয়া সরকার—আর তারই নেতৃত্বে আছেন বুদ্ধদেববাবু। অথচ রাজ্যপালের বক্তৃতায় রাজ্যের ফাইন্যানসিয়াল ব্যাঙ্ক গ্রাফসির কথা উল্লেখ পর্যন্ত করেননি। ওরা বললেন যে মিথ্যার ভিত্তিতে বন্ধ ডেকেছি, বন্ধ সফল হল। তারপরেও যে ট্যাক্স বসিয়েছেন। মোটর সাইকেলের উপর লাইফ টাইম ট্যাক্স বসেছে—একবার ১৯৯১ নিয়েছিলেন, আবার একবার লাইফ টাইম ট্যাক্স। গাড়ির উপর ৫ বছরের ট্যাক্স। আগামী সমস্ত সরকারের ভাত মেরে দিয়ে গিয়েছেন—ওরা চিরকালই ওখানে থাকবেন, তাই সমস্ত কর একেবারে এ বছরে দেউলিয়াপনা বাঁচাতে করবেন। এর আগে আমরা দেখলাম যে ব্যক্তিগত আলোচনা বেরোয় না। কিন্তু আমি একটু ছোট্ট আলোচনার কথা উল্লেখ করছি যে আমাদের সদস্য পরেশ পাল গতবারে ডিসেম্বরে যখন অধিবেশন ছিল তখন মুখ্যমন্ত্রীর কাছে বলতে গিয়েছিলেন যে, আপনি মদের উপরে ঢালাও লাইসেন্স দিচ্ছেন—আপনি তো একজন সংস্কৃতিবান লোক, আপনি কেন করছেন ? আপনি তো কমিউনিস্ট আপনি কেন করছেন ? বুদ্ধদেববাবু বলছেন—আমি নিজে শুনিনি—পরেশ পাল বলেছে—উনি বলেছেন যে, কেন চিনেও তো মদ খায়। তারপর পরেশ পাল বললেন, যে, এত ঢালাও লাইসেন্স দিচ্ছেন, ২৫০০ মদের দোকান ছিল, আরও ২৫০০ মদের দোকানের লাইসেন্স দেবেন ? তখন উনি বলেছেন যে, কেন অন্ধ্রে তো ওরা ১০ হাজার কোটি টাকা একসাইজ থেকে তোলে আর আমরা মাত্র ৬ শত কোটি টাকা তুলি। এটাই কি সলিউশান হচ্ছে ? রাজ্যের মাইনে দিতে গিয়ে আপনারা নিজেরাই ব্যাঙ্ক গ্রাফ্‌ট হয়েছেন। তার সলিউশান হচ্ছে কুকুর, ঘোড়া, ছাগল, গরুর উপর ট্যাক্স তুলে এবং মদের দোকানের লাইসেন্স দিয়ে। রাজ্যপালের বক্তৃতায় সেই রিফ্লেকশান কোথাও নেই যে, এইভাবে দেউলিয়া হয়ে গিয়েছে এবং এইভাবে রাজ্যের মানুষের উপর ট্যাক্সের বোঝা চাপিয়ে দিচ্ছেন।

[ 4.20—4.30 p.m. ]

আমরা যখন বন্ধ করেছিলাম তখন কলকাতা শহরে জোর করে গাড়ি বের করা হল, বাস বের করা হল এবং জোর করে চালানোর চেষ্টা হল। তারপর ২৪ তারিখে সি.আই.টি.ইউ.

থেকে একটা বন্‌ধ ডাকা হল। সেই বন্‌ধে কি হল ? সেই বন্‌ধে ইনফরমেশন টেকনোলজি সেক্টর, তথ্যপ্রযুক্তি ক্ষেত্র, যার কথা ওঁরা অনেক বলেন সেই তথ্যপ্রযুক্তি ক্ষেত্র পর্যন্ত বন্‌ধ করে দিল। হলদিয়া ডকে যে সাড়ে তিনশো কর্মী কাজ করতে গিয়েছিলেন তাঁদের সারা রাত ডকের মধ্যে আটকে রাখা হয়েছিল। নিউ দীঘার হোটেলে ঢুকে তাণ্ডব চালানো হল। স্টক এক্সচেঞ্জের কর্মীদের বের করে দিয়ে স্টক এক্সচেঞ্জ বন্ধ করে দেওয়া হল। একটা কোম্পানি, 'ফাইটেক', তাদের ৪৫ কোটি টাকার একটা অর্ডার ছিল, বিজনেস প্রোসেস আউট সোর্সিং-এর অর্ডারটা তাদের বন্‌ধের জন্য হাতছাড়া হল। এখন আবার বুদ্ধদেববাবু ম্যাকিনসেকে নতুন করে নিয়ে আসছেন। কল সেন্টারগুলোয় ২৪ ঘণ্টা কাজ করতে হয়। কারণ যখন আমেরিকায় দিন তখন আমাদের এখানে রাত। আমেরিকা থেকে কোশ্চেন আসছে, আমাদের এখান থেকে জবাব যাচ্ছে। মেডিকেল ট্রান্সক্রিপশন—তখনকার ডাক্তারদের কাছে কোশ্চেন করে উত্তর জেনে নেবার ব্যাপার আছে। সে কাজ এক দিনও বন্‌ধ থাকতে পারে না। কোশ্চেনের পরিপ্রেক্ষিতে উত্তরে সন্তুষ্ট হবার ব্যাপার আছে। সিটু বুদ্ধদেববাবুর বিরোধিতা করল, না সহযোগিতা করল তা আমাদের কাছে পরিষ্কার হল না ! বন্‌ধে পুরো রাজ্য একদম অচল করে দিল সিটু এবং বুদ্ধদেববাবুর নিজের পার্টি। যাঁকে এখন রাজ্য সিটুর সভাপতি করে নিয়ে আসা হয়েছে, তিনি এক সময় আমাদের এই বিধানসভার সদস্য ছিলেন এবং মন্ত্রীও হয়েছিলেন, শ্যামলবাবু। পরেশের কাছে দু-বার নির্বাচনে হেরে যাওয়ায় তাঁকে এখন সিটু-র সভাপতি করা হয়েছে। তিনি বললেন, 'গভীর ষড়যন্ত্র চলছে। রাজ্যে চাষের জন্য লোকে বিদ্যুৎ পাচ্ছে না, অথচ আমরা বিদ্যুৎ বাইরে বিক্রি করছি। এটা সরকারের কেউ জানেন না, বিদ্যুৎমন্ত্রী জানেন না। আমলারা চক্রান্ত করে বিদ্যুৎ বাইরে পাঠিয়ে দিচ্ছে।' তারপর শুনলাম মুখ্যমন্ত্রী নাকি ব্যাপারটায় হস্তক্ষেপ করবেন। তারপর আবার শ্যামলবাবু বললেন, 'আমরা গর্বিত যে, আমরা বিদ্যুৎ বাইরে পাঠাচ্ছি।' এখন আমার প্রশ্ন, শ্যামলবাবুর কোন কথাটা সত্য ? শ্যামলবাবু একবার বললেন, আমলারা চক্রান্ত করে বিদ্যুৎ বাইরে পাঠিয়ে দিচ্ছে, আবার বললেন—বিদ্যুৎ বাইরে পাঠিয়ে আমরা গর্বিত ! এর কোনটা সত্য ? এর জবাব আজকে আমাদের কাছে বুদ্ধদেববাবুকে দিতে হবে। কারণ আজকে আমরা দেখছি পশ্চিমবাংলার অর্থনৈতিক অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। আমরা জানি, মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন। অরুণাভ কালকে বললেন, 'আমি মুখ্যমন্ত্রীকে শ্রদ্ধা করি।' আমি ওঁকে বললাম—ব্যক্তিগত শ্রদ্ধা জানাবার সুযোগ বিধানসভায় নেই। মুখ্যমন্ত্রী হিসাবে কে.এল.ও.-কে নিয়ন্ত্রণ করতে পারছেন না। পি.ডাবলিউ.জি.-কে নিয়ন্ত্রণ করতে পারছেন না। এই মুখ্যমন্ত্রীর আমলে বানতলায়, হাড়োয়ায়, শক্তিগড়ে মেয়েদের ওপর অত্যাচার চলছে। অরুণাভ বলল, 'প্রতিটি থানায় পুলিশ ঘুষ নিচ্ছে এই মুখ্যমন্ত্রীর আমলে। এই মুখ্যমন্ত্রীর আমলে সি.আই.টি.ইউ.-র আন্দোলনে জনজীবন বিধ্বস্ত হয়ে যাচ্ছে। বুদ্ধদেববাবু 'দুঃসময়' নাটক লিখেছেন, কিন্তু সেজন্য বুদ্ধদেববাবুকে মানুষ চেনে না। উনি যে করেই হোক ক্ষমতায় এসেছেন, মানুষ আশা করেছিল উনি রাজ্যের জন্য কিছু করবেন। কিন্তু কি করতে পেরেছেন তা আশা করি মুখ্যমন্ত্রী তাঁর জবাবী ভাষণে বলবেন। আই.টি-তে উনি বললেন, বিগ প্লেয়াররা আসছে। 'উইপ্রো'-র আজিম প্রেমজী ৪০ কোটি টাকা বিনিয়োগ করেছেন। তাতেই উনি আনন্দিত।

ওঁর ব্যক্তিগত সম্পদ ৭ হাজার কোটি টাকার। কৈ 'ইন্‌ফোসিস' তো আজ পর্যন্ত পশ্চিমবাংলায় এল না। ভারতবর্ষের কোনো বড়ো আই.টি. কোম্পানি এল না। 'সত্যম কমপিউটার' এল না। 'উইপ্রো'-র ৪০ কোটি টাকা ছাড়া বুদ্ধদেববাবু কোনো বড়ো প্লেয়ারকেই আনতে পারেননি। আজকে ভারতবর্ষে আম্বানী গোষ্ঠীর সবচেয়ে বেশি অ্যাসেট, তাদের রিলায়েন্সকে বা তার কোনো প্রোজেক্টই এখানে তিনি আনতে পারেননি। রিলায়েন্সের একটা প্রোজেক্টও বুদ্ধদেববাবু আড়াই বছরের চেষ্টায় এ রাজ্যে আনতে পারেননি। আদিত্য বিড়লা গোষ্ঠী একটাও প্রোজেক্ট পশ্চিমবাংলায় করেছে ? আজকে পর্যন্ত হলদিয়ায় ওনারশিপ ঠিক হল না গ্যাস অথরিটি অফ ইন্ডিয়া কিনবে, নাকি ইন্ডিয়ান অয়েল কিনবে ? সুতরাং কিসের ভিত্তিতে বুদ্ধদেববাবু বলেন ? উনি ৭টা পর্যন্ত অফিসে থাকেন, কিন্তু আউটপুট কি ? ল অ্যান্ড অর্ডার ইমপ্রুভ করছে না, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট স্ট্যাগন্যান্ট হয়ে গেছে। পশ্চিমবাংলায় সবচেয়ে অন্যতম বিগেস্ট ইন্ডাস্ট্রি চা, আমি তার কথা বলব। জুট মিলে আমরা স্ট্রাইক করার ১২ দিন পর মিটল। জ্যোতি বসু প্রত্যেকবারই স্ট্রাইক মেটাবার জন্য আসতেন, কিন্তু বুদ্ধদেববাবুর সেই সময় হয় না, উনি খালি ইন্ডাস্ট্রিয়ালিস্টদের সাথে মিট করেন, শ্রমিক ইউনিয়নের স্ট্রাইকে উনি একবারও এলেন না। গত ২০ বছরে জ্যোতি বসু স্ট্রাইক মেটাবার জন্য আসতেন। এখন নতুন করে ক্যালেডোনিয়ান বন্ধ হয়ে গেল। উনি বালিতে গেলেন, তার পরের দিন বালি জুট মিল বন্ধ হয়ে গেল, নিউ সেন্ট্রাল জুট মিল বন্ধ হয়ে গেল। তাহলে কোন ইন্ডাস্ট্রি ভালো চলছে ? চা-বাগান একেবারে বন্ধ ১৬টি আর ২৬টি আধাবন্ধ। আর.এস.পি. এবং ফরওয়ার্ড ব্লকের হিসাবে ৫১৭ জন শ্রমিক ম্যাল নিউট্রেশনে এবং স্টারভেশনে মারা গেছে। কি ব্যবস্থা নিয়েছেন এই সরকার ? আমরা যখন বলি, এই সরকার চলছে না, তখন তপনবাবু এঁকে-বেঁকে বলেন ফিল গুড। খারাপ লাগছে—ভারতবর্ষের বৈদেশিক মুদ্রার সঞ্চয় ১০০ বিলিয়ন ডলার ছাপিয়ে গেছে—খারাপ লাগছে ? ভারতবর্ষে রেট অফ গ্রোথ ৮ পারসেন্ট, খারাপ লাগছে ? আমাদের ইনফ্লেশন রেট ৫ পারসেন্টে নেমে এসেছে—খারাপ লাগছে ? ভারতবর্ষে বিজনেস প্রসেস আউটসোর্সিং আমেরিকার সমস্ত কাজ নিয়ে আসছে, খারাপ লাগছে ? খারাপ লাগছে—আই ক্যান আন্ডারস্ট্যান্ড, বিকজ পশ্চিমবাংলা ফিল্‌স ব্যাড, খারাপ পর্যায়ে পড়ে আছে। এতদিন পর পশ্চিমবাংলায় ইংরাজী চালু করছেন ক্লাস ওয়ান থেকে। কিন্তু বুদ্ধদেববাবু এবং রাজ্যপাল স্বীকার করেছেন রাজ্যের ৫২ হাজার প্রাইমারি স্কুলের মধ্যে উনি মাত্র ৫ হাজার স্কুলে অর্থাৎ ১০ পারসেন্ট স্কুলে কুক-ফুড দিয়েছেন। অথচ কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে মিড-ডে মিল ১ কোটি বাচ্চাদের দেবার জন্য। মাননীয় রাজ্যপালের বক্তৃতা যদি দেখেন তাহলে দেখবেন রাজ্যে যেটুকু কাজ হচ্ছে তা সবই কেন্দ্রীয় প্রকল্প। এস.জে.এস.ওয়াই. কার ? কেন্দ্রীয় সরকারের। তারপর পি.এম.জি.এস.ওয়াই—এটা কার ? কেন্দ্রীয় সরকারের। সর্বশিক্ষা অভিযান কার ? কেন্দ্রীয় সরকারের। এই রাজ্য সরকারের আছেটা কি— দেউলিয়াপনা ছাড়া ? খালি ট্যাক্স বাড়িয়ে দাও, খুন বাড়িয়ে দাও আর রিগিং করে ফিরে আসো। তাই আমি এই বক্তৃতায় যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তার আমি বিরোধিতা করি এবং আমাদের আনীত কাট-মোশনগুলির সমর্থন করে বুদ্ধদেববাবু যে দায়িত্বজ্ঞানহীন উক্তি করেছেন তার জন্য ক্ষমা চাওয়ার দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল গত ২৬ ফেব্রুয়ারী বিধানসভার উদ্বোধনী প্রাক্কালে যে অভিভাষণ রেখেছেন এবং তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করছি। আমি গভীর মনোযোগ দিয়ে বিরোধী দলের নেতা শ্রী সৌগত রায়ের বক্তৃতা শুনছিলাম। তিনি ঊর্ধ্ববাহু তুলে বললেন, এই সরকার রিগিং করে ক্ষমতায় এসেছেন। আমি ওনাকে জিজ্ঞাসা করতে চাই, আপনি তখন নব কংগ্রেসের নেতা এবং কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন। আপনি বলুন, ১৯৭২ সালে যে নির্বাচন হয়েছিল সেই সময়ে যারা নির্বাচিত হয়ে এসেছিলেন অর্থাৎ সেই সমস্ত নির্বাচিত প্রতিনিধিরা কিভাবে তাঁরা নির্বাচিত হয়ে এসেছিলেন ? সেখানে আপনারা রিগিং করেছিলেন কিনা সেটাই প্রশ্ন ? ১৯৭২ সালে পশ্চিমবঙ্গের মন্ত্রী শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় এবং তার পরবর্তীকালে যে নির্বাচন সেই নির্বাচনে যেভাবে রিগিং করে, বুথ দখল করে, সমস্ত পশ্চিমবাংলাকে কারাগারে পরিণত করে নির্বাচনী বৈতরণী পার হয়ে ক্ষমতায় এসেছিলেন সেই অবস্থা বর্তমানকালে বিশেষ করে বিগত ২৬ বছর ধরে হয়েছে কিনা সেই বিচার আপনি করবেন, না জনগণ করবেন ?

[ 4.30 – 4.40 p.m. ]

ইতিমধ্যে বেশ কিছু নির্বাচন হয়েছে। সেই নির্বাচনে যেমন বামফ্রন্ট জিতেছে, কোনো কোনো ক্ষেত্রে আপনারাও জিতেছেন। কোন কোন পঞ্চায়েতে আপনারা জিতেছেন, কোন কোন পঞ্চায়েত সমিতিতে আপনারা জিতেছেন, কোন কোন পৌরসভা আপনারা দখল করেছেন, কোন কোন পৌরসভা বামফ্রন্ট দখল করেছে। যে সমস্ত জায়গায় আপনারা জিতেছেন সেই জেতাটা ক্লিন অ্যান্ড ফেয়ার আর বামফ্রন্ট যেখানে জিতেছে সেখানে সমস্ত রকম অব্যবস্থা ছিল, রিগিং করে জিতেছে এটা মেনে নেওয়া যায় না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে কথাটা আসল, উন্নয়ন এবং অগ্রগতি। কেন্দ্রীয় সরকারের উন্নয়ন এবং অগ্রগতির সমস্ত দিকগুলো তুলে ধরা হল। আমরা জানি যে কেন্দ্রীয় সরকার নিশ্চয়ই নোট ছাপায় না, সমস্ত অর্থ ভারতবর্ষের বিভিন্ন প্রদেশ থেকে নেওয়া হয়। সেখানে তাদের মাত্র ২৯ ভাগ টাকা দিচ্ছে। আমরা বারে বারে আবেদন করেছি ন্যূনতম ৫০ ভাগ দেওয়া হোক। তার কোনো কথা এখানে নেই। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করা বা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সোচ্চার হওয়া এই সমস্ত কিছু নেই। এখানে একটা ডিসটাবিলিটি সৃষ্টি করার জন্য একটা গণ্ডগোলের বাতাবরণ তৈরি করার জন্য চেষ্টা চালানো হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের এখানে নদীভাঙন একটা সমস্যা। নদীভাঙনের ক্ষেত্রে আমাদের রাজ্যের বাইরের নদীর একটা ভূমিকা আছে, কিছু কিছু ক্ষেত্রে আন্তর্জাতিক নদী সমস্যা সৃষ্টি করছে। গঙ্গা, পদ্মা থেকে শুরু করে উত্তরবঙ্গের নদীগুলির ভাঙনের ক্ষেত্রে ভুটান, নেপাল, তিব্বত থেকে আসা নদীগুলি ভাঙন সৃষ্টি করছে। এই নদীভাঙনের ব্যাপারে আপনাদের কোনো বক্তব্য নেই। চা-শিল্পের কথা বলা হল। এই চা-শিল্প থেকে বিগত ৫৬ বছরে কেন্দ্রীয় সরকার ন্যূনতম ৫ হাজার কোটি টাকা বিদেশি মুদ্রা এনেছে। এখানে বিদেশি মুদ্রার কথা বলা হল, ভারতবর্ষে অনেক বিদেশি মুদ্রা সঞ্চিত হয়েছে। এই টাকা

থেকে উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের জন্য কত টাকা দিয়েছে সেটা তো বিরোধী পক্ষ বললেন না ? আমরা জানি এই গঙ্গা-পদ্মা ভাঙনের ব্যাপারে অনেক প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। কিন্তু সেই প্রতিশ্রুতি প্রতিশ্রুতি হিসাবেই থেকে গেছে। আমরা দেখেছি যে ব্রহ্মপুত্র বোর্ড গঠিত হল। এই বোর্ডের কাজ হল ব্রহ্মপুত্র উপত্যকায় যে সমস্ত নদী আছে তাদের বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করবে। এই ব্রহ্মপুত্র বোর্ডের হেড অফিস হচ্ছে অসমের গৌহাটিতে। এই ব্রহ্মপুত্র বোর্ডের আওতায় উত্তরবঙ্গে বেশ কিছু নদী আছে। কিন্তু এই বোর্ড উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণের জন্য কোনো টাকা দিল না। কোনো—সাংসদ কি তৃণমূল, কি কংগ্রেস কখনও পার্লামেন্টে এই কথা বলেছেন বলে আমার জানা নেই। মাননীয় চেয়ারম্যান স্যার, এখানে চা-শিল্পের কথা বলা হয়েছে, চা-শিল্পের সঙ্কটের কথা বলা হয়েছে। এই চা-শিল্পের সঙ্কটের অন্যতম কারণ হচ্ছে গ্লোবালাইজেশান, প্রাইভেটাইজেশান এবং লিবারালাইজেশান। চা শিল্পের অনেক লোকের মৃত্যু হয়েছে, মৃত্যু নিশ্চয়ই দুর্ভাগ্যজনক। কিন্তু তার জন্য দায়ী কে ? দায়ী হচ্ছে কেন্দ্রীয় সরকারের পলিসি। টী প্লানটার্সদের জন্য কেন্দ্রীয় সরকার প্লানটেশান লেবার অ্যাক্ট করেছেন। সেখানে তাদের যা দায়িত্ব, যা অবলিগেটরি সেটা তারা পালন করছে না। এখান থেকে নিয়ে গিয়ে কোটি কোটি টাকা তারা অন্য ব্যবসায় খাটাচ্ছে। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে লোন নিয়ে অন্য ব্যবসা করছে। সেই ব্যাপারে ইউনিয়নগুলির পক্ষ থেকে, আমাদের পার্টি আর.এস.পি. পরিচালিত ট্রেড ইউনিয়ন ইউ.টি.ইউ.সি.-র পক্ষ থেকে বারে বারে বলেছি। কেন্দ্রীয় সরকারের যে বাণিজ্য দপ্তর, কেন্দ্রীয় সরকারের যে শিল্প দপ্তর, তাদের এই ব্যাপারে কোনো হেলদোল নেই। এই ব্যাপারটা দেখার জন্য টি বোর্ড আছে, তার খুব নামডাক আছে। এই ব্যাপারে পলিসির কোনোরকম ব্যবস্থা করেনি। আজকে যে সঙ্কট সেই সঙ্কটের জন্য কেন্দ্রীয় সরকার দায়ী। সেইজন্য আজকে ডুয়ার্সের চা-বাগানগুলো, উত্তরবঙ্গের চা-বাগানগুলো ধুঁকছে। আমাদের দাবি একটাই ছিল, সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকার যেমন পাটের দাম বেঁধে দেন, গমের দাম বেঁধে দেন, এগ্রিকালচারাল প্রোডাক্টস-এর দাম বেঁধে দেন সেই রকম চায়ের ক্ষেত্রে একটা ফেয়ার প্রাইস ঠিক করে দেওয়া হোক। টি প্লানটার্সরা যেভাবে লুণ্ঠন করছে তার ব্যবস্থা হোক। এটা আমরা দাবি করেছিলাম রাজ্য সরকার অতি সম্প্রতি একটা টী কমিটি করেছে। সেই টী কমিটি মিট করেছে। সব্যসাচী সেনের নেতৃত্বে তারা ওখানে গিয়েছেন। মুখ্যমন্ত্রীও মিট করেছেন। আমাদের লেবার মিনিস্টার বারবার বৈঠক করেছেন। অনেকগুলো বন্ধ ছিল, অস্বীকার করার নেই। কিন্তু কিছু কিছু খুলেছে। যেখানে পালিয়ে গেছে, আমরা মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাব, লোকাল ফাংশনিংয়ের ব্যবস্থা করুন। ওখানে ট্রেড ইউনিয়ন যেগুলো আছে, তাদের মধ্যে কোথাও তৃণমূল নেই। কংগ্রেস কিছু আছে। লোকাল পঞ্চায়েত, ব্লক, মহকুমা প্রশাসনকে দিয়ে—যেগুলো থেকে পালিয়ে গেছে সেগুলোকে—চালু করা হোক। আমরা এই দাবি জানাচ্ছি রাজ্য সরকারের কাছে। টী বোর্ড যদি না দেখে, কেন্দ্রীয় সরকারের বাণিজ্য দপ্তর যদি না দেখে তাহলে আড়াই-তিন লক্ষ শ্রমিকদের অনিশ্চয়তার মধ্যে ফেলে দেওয়া চলবে না। যারা কোটি কোটি টাকা—প্রভিডেন্ট ফান্ডের কোটি কোটি টাকা, গ্রুপ ইনসিওরেন্সের কোটি কোটি টাকা—মেরে দিয়েছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। মৃত্যু নিয়ে এখানে নানা কথা

বলছেন। কিন্তু আর যাতে একজনেরও মৃত্যু না হয় তার গ্যারান্টির ব্যবস্থা করতে হবে। মাননীয় চেয়ারম্যান, আমরা লক্ষ্য করছি, সৌগতবাবু, পঙ্কজবাবু এঁরা আনন্দ করছেন। মমতা ব্যানার্জী আনন্দ করছেন। কারণ ওঁদের প্রভু বলেছেন। দেহি পদ বল্লভ মুদারম। তারা বলেছেন, তোমরা আনন্দ কর। ওঁরা আনন্দ করছেন। আজকে ভারতবর্ষের ৫০ ভাগ মানুষ যারা দারিদ্র্যসীমার নীচে আছে, তিরিশ ভাগ মানুষ যারা রিডাডান্ট, যাদের খাবার নেই, যাদের কাজ নেই, যাদের বাসস্থান নেই, ৫ লক্ষ কারখানা বন্ধ হয়ে যাবার ফলে তিন কোটি মানুষ যারা কর্মচ্যুত, তারা আজকে বেকার হয়ে গেছে। সম্প্রতি কেন্দ্রীয় সরকার যে পলিসি নিয়েছে তাতে আরও বহু লোককে কর্মচ্যুত হতে হবে। এই অবস্থাতেও ওরা উর্ধ্ববাহু হয়ে নাচবে। গুজরাট এবং অন্যান্য জায়গায় যারা জোর করে ক্ষমতা দখল করে আছে, তারা তো বলবে, আমরা খুব ভালো আছি। ঢেকুর কিভাবে ছাড়বে—না খেয়ে ? আমি বিরোধীদের কাছে সেই প্রশ্ন করতে চাইছি, ফিল গুড কারা করবে ? যারা ক্ষমতায় আছে তারা করবে। শুনলাম, পৃথিবীতে যারা বড়োলোক আছে, ন-জন শিল্পপতি সেখানে গেছে। তারা আনন্দ করবে। আপনারা পনেরো ভাগ মানুষের প্রতিনিধিত্ব করছেন। তৃণমূল কংগ্রেস, কংগ্রেস-এর তো আনন্দ হবে। কিন্তু ভারতবর্ষের লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষ যারা দারিদ্র্যসীমার নীচে আছে, তাদের সেই রকম অবস্থার সৃষ্টি হয়নি যে তারা বলবে, আমরা আনন্দে আছি। সেজন্য আমাদের সুস্পষ্ট বক্তব্য এই যে ব্যবস্থা, স্বাধীনতার পরবর্তীকালের যে ব্যবস্থা, তার বিশ্লেষণে দেখা যায়, ধনবাদী ব্যবস্থায়, বড়োলোকি ব্যবস্থায় কখনও কংগ্রেস, কখনও এন.ডি.এ. নাম নিয়ে তারা ক্ষমতায় আসবে। তারা কখনও জরুরি অবস্থার কথা ঘোষণা করবে। তারা ক্ষমতায় আসবে রিগিং করে, কখনও বা জোর করে ক্ষমতা দখল করবে। কখনও তারা ধর্মান্ধতা সৃষ্টি করে, কখনও আঞ্চলিকতাবাদকে প্রশ্রয় দিয়ে, কে.এল.ও., এম.সি.সি.-কে মদত দিয়ে ক্ষমতায় থাকার চেষ্টা করছে। সেই অবস্থায় দাঁড়িয়ে কোনো রকমের আপস করা হবে না। বড়োলোকেরা যখন সঙ্কটে পড়ে তখন তারা জরুরি অবস্থা ঘোষণা করে, আবার কখনও বা মানুষের মধ্যে বিভেদ সৃষ্টি করে ক্ষমতায় থাকতে চায়। অতএব কংগ্রেস, তৃণমূল এবং বি.জে.পি. সবাই বড়োলোকদের প্রহরী। তাদের যে মিষ্টি মিষ্টি কথা, তাকে অগ্রাহ্য করে পশ্চিমবাংলায় বামফ্রন্ট যেভাবে চলছে, যে অগ্রগতি তা যাতে প্রতিহত না হয়, তার জন্য আমরা জনগণকে নিয়ে চলব। নির্বাচন আসন্ন। এই নির্বাচনে দেখবেন, জনগণ বামফ্রন্টের পাশে ছিল, আছে এবং বামফ্রন্টের পাশে থাকবে। বামফ্রন্টকে জনগণ কায়েম রাখবে এবং আরও শক্তিশালী করবে। এই কথা বলে, ওরা যেভাবে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে তার বিরুদ্ধে ধিক্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[ 4.40 – 4.50 p.m. ]

**শ্রী আবু তাহের খান :** মাননীয় চেয়ারম্যান স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী গত ২৬শে ফেব্রুয়ারী তারিখে এই বিধানসভাতে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার সম্পূর্ণ বিরোধিতা করছি এবং কংগ্রেসীদের

পক্ষ থেকে এবং বিরোধীপক্ষ থেকে আনা সংশোধনী প্রস্তাবকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। আমরা যে বিষয় বারে বারে লক্ষ্য করেছি এইবার তার সম্পূর্ণ ব্যতিক্রম দেখলাম। তার কারণ মাননীয় রাজ্যপাল তাঁর ২৬ তারিখের ভাষণে যে ভাষণ পাঠ করেছেন সেটা সম্পূর্ণ শেষ করেননি, প্রথম দু-লাইন পড়েছেন এবং পরবর্তী শেষ দু-লাইন পড়েছেন। কারণ রাজ্য সরকার যে কথা বলতে চেয়েছেন উনি তার বিপক্ষে এবং তিনি নিশ্চয় সেটা অসত্য মনে করেছেন সেইজন্য সম্পূর্ণ পাঠ করেননি। এইজন্য রাজ্যপালকে ধন্যবাদ জানাই। এখানে যে আইন-শৃঙ্খলার কথা বলা হয়েছে তাতে বলা হয়েছে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা নাকি সবথেকে ভালো। পশ্চিমবঙ্গে আইন-শৃঙ্খলা কত ভালো তা নিশ্চয় আমি আপনারা যারা উপস্থিত আছেন সবাই জানেন। সেই কারণে লক্ষ করেছি যে, বিধানসভায় মেনশন করতে গিয়ে বেশির ভাগ সদস্যই আইন-শৃঙ্খলার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। নারী ধর্ষণ একের পর এক বৃদ্ধি হচ্ছে তাতে আমরা সবাই লজ্জিত। অত্যন্ত দুঃখের বিষয় যে, গত পরশুদিন মুর্শিদাবাদ জেলায় একজন নাবালিকাকে ধর্ষণ করেছে, এখনো পর্যন্ত ধর্ষণকারীদের গ্রেপ্তার করা হয়নি। আজকে বিভিন্ন জায়গায় আইন-শৃঙ্খলার একের পর এক অবনতি ঘটছে। বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় বিধায়ক হিসাবে বলছি যে, ওই জেলার অবস্থা দিনের পর দিন খারাপ হচ্ছে। গত ১০ বছর আগে যে সমস্ত মার্ডার কেসের আসামীদের চার্জশিট দেওয়া হয়েছিল এবং তাদের বিচার শেষ হয়ে গেছিল, তাদের কেসগুলোকে আবার ওপেন করে রিভিউ করা হচ্ছে এবং আবার নতুন করে চার্জশিট দেওয়া হচ্ছে। এইভাবে বিচার শেষ হয়ে যাবার পরে আবার নতুন করে কেস চালু করা হচ্ছে। আমার জেলায় পুলিশ সুপার জ্ঞানবন্ত সিং-এর নেতৃত্বে বেছে বেছে পুলিশ কংগ্রেস কর্মীদের ধরছে এবং যারা নেতৃত্ব দিচ্ছেন তাদের নামে ওয়ারেন্ট ইস্যু করা হয়েছে। মুর্শিদাবাদ জেলায় কংগ্রেস খুব ভালো ফল করবে এই আশঙ্কায় কংগ্রেস কর্মীদের খুন করা হচ্ছে। যারা খুন হচ্ছে তাদের আসামীদের গ্রেপ্তার করা তো দূরের কথা, তাদের আড়াল করে রাখা হচ্ছে। গত একমাস আগে নবগ্রাম কেন্দ্রে যে খুন হয়েছিল, সেই খুনের কিনারা পুলিশকে দেওয়া সত্ত্বেও পুলিশ কোনো ব্যবস্থা নেয়নি। সেখানে আমি দায়িত্ব নিয়ে বলছি, পুলিশকে বলা হয়েছিল ভাইপোকে কারা কারা খুন করেছে, তাদের নাম দেওয়া হয়েছিল—কিন্তু যেহেতু তারা সি.পি.এম.-এর শাসক দলের মদতপুষ্ট, সেই কারণে প্রশাসনের পক্ষ থেকে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি মুর্শিদাবাদ জেলায় অবস্থা দাঁড়িয়েছে যে বেছে বেছে কংগ্রেস কর্মীদের হয়রানি করা হচ্ছে, গ্রেপ্তার করা হচ্ছে—সেই ব্যাপারে হাউসে বক্তব্য রাখবেন। মুর্শিদাবাদ জেলায় আইন-শৃঙ্খলা শুধু নয়, স্বাস্থ্য পরিষেবা বলতে কিছু নেই। সরকারি হাসপাতালে ওষুধপত্র নেই, ডাক্তার নেই। বিশেষ করে আমার ব্লকে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যে অবস্থা ছিল আজকে সেই অবস্থা নেই। মাননীয় সদস্যরাও সেই ব্যাপারে বলেছেন। এই চিকিৎসা ব্যবস্থায় সবচেয়ে বড়ো দুঃখের কথা হচ্ছে, '৭২-৭৭ সালে এখানে ৭টি প্রাইমারি হেল্থ সেন্টার ছিল, এই সমস্তগুলিতে ডাক্তার ছিল, পরিকাঠামো ছিল, নার্স ছিল, আজকে বামফ্রন্ট সরকারের ২৭ বছরের রাজত্বকালে সেই ৭টি প্রাইমারি হেল্থ সেন্টারগুলি বন্ধ হয়ে গেছে। কোথাও ডাক্তার নেই, নার্স নেই,

একজন গরীব মানুষ, মুমূর্ষু রোগী যারা বি.পি.এল. তালিকাভুক্ত তাদের চিকিৎসার জন্য ৫০ কি.মি. দূরে বহরমপুর সদরে নিয়ে যেতে হয়। যেখানে প্রতি কি.মি গাড়ি ভাড়া পড়ে ৩ টাকা করে। এই সরকার গরীবের কথা বলেন, বি.পি.এল. তালিকাভুক্ত একজন মানুষের চিকিৎসার জন্য হাত বাড়িয়ে দেবার কথা বলেন, কিন্তু একজন মুমূর্ষু খেত-মজুরকে তাকে যদি চিকিৎসা করাতে হয় তাহলে তাকে ৩ টাকা করে পার কি.মি. গাড়ি ভাড়া দিয়ে যেতে হয়। আমার নিজস্ব অভিজ্ঞতা আছে, একজন রোগীকে যদি কলকাতায় আনতে হয় পি.জি. বা এন.আর. এস.-তে নিয়ে যেতে হয় তাহলে একবার-দুইবার নয়, ছয়মাস ধরে তাকে বেডের জন্য ঘুরতে হয়, তার টিকিটে নো বেড, নো বেড লেখা থাকে, সেখানে সেই রোগী ৬-৭ মাসের আগে হাসপাতালে ভর্তি হতে পারে না। এই হচ্ছে বামফ্রন্ট সরকারের রাজত্বকালে হাসপাতালের বা চিকিৎসা ব্যবস্থার অবস্থা। আজকে বেকারদের অবস্থা এমন একটা জায়গায় দাঁড়িয়েছে, সেখানে তাদের যে দুরাবস্থার যন্ত্রণা, তার মূল কারণ, '৭২-৭৭ সালে বেকার ছিল ১৪ থেকে ১৬ লক্ষ, আজকে সেখানে ৬৬ লক্ষ বেকারের সংখ্যা, নথিভুক্ত বেকারের সংখ্যা দাঁড়িয়েছে। আজকে বেকারের সংখ্যা যে জায়গায় দাঁড়িয়েছে মেদিনীপুর হচ্ছে তার জ্বলন্ত উদাহরণ, সেখানে জনযুদ্ধ মাথাচাড়া দিয়ে উঠেছে। কোনো নিয়ন্ত্রণ নেই। মুর্শিদাবাদ জেলার পাটশিল্প, খুব সুন্দর পাট এখানে তৈরি হয়, সেখানে পাটচাষীরা সবচেয়ে বেশি বিপন্ন। কারণ আজকে সেই পাট বিক্রি নেই। জে.সি.আই. একমাস পাট কিনেছে, আমরা দেখেছি, মহারাষ্ট্রে সেখানে তুলাচাষীরা সেখানে যে তুলা উৎপাদন করছে, চাষীদের সুবিধার্থে মহারাষ্ট্র সরকার সমবায়-এর মাধ্যমে সেই তুলা কেনার ব্যবস্থা করেছে। কিন্তু আমাদের রাজ্য সরকার, এই গরীব মানুষের সরকার এই সমস্ত পাটচাষীদের কথা ভাবেন না। যারা আজকে সবচেয়ে বেশি পাট উৎপাদন করেছে, তাদের কথা ভাবেন না। আজকে সাতশত টাকায় পাট বিক্রি হচ্ছে, চাষীরা অনাহারে মরছে। পশ্চিমবঙ্গে উন্নত মানের চা উৎপাদন হয়, ডুয়ার্সে চা তৈরি হয়, ডুয়ার্সে যারা চা তৈরি করছে, তারা মার খাচ্ছে। নির্মলবাবু বলছিলেন, চা-শিল্পের কথা, বিভিন্ন সময়ে মেনশানে উনি বলেন, ডুয়ার্সের চা-শ্রমিকরা কিভাবে অনাহারে, অর্ধাহারে না খেয়ে মারা যাচ্ছে। দুর্ভাগ্যগ্রস্ত চা-শ্রমিকরা আজকে অনাহারে মরছে। মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে নীরব। মুর্শিদাবাদে সবচেয়ে বেশি পিঁয়াজ তৈরি হয়, আলু, আনারস, পিঁয়াজ উৎপাদন হয়। মুর্শিদাবাদ জেলার পিঁয়াজের জন্য একটা স্টোরেজ ব্যবস্থা রাজ্য সরকার করতে পারেননি। যদি করতে পারত তাহলে গোটা বাংলায় একটা ভালো দৃষ্টান্ত হত। আজকে সেই কৃষককে মাথার ঘাম পায়ে ফেলে ধান, পাট উৎপাদন করতে হচ্ছে, কিন্তু তারা তাদের ফসলের ন্যায্য দাম পাচ্ছে না। পাটচাষীরা আজকে বিপন্ন। জুটমিল আজকে বন্ধ হয়ে যাচ্ছে, শ্রমিকরা বিপন্ন। অথচ রাজ্য সরকার বলছে, যেখানে একটা সরকার দীর্ঘ ২৭ বছর ধরে রাজত্ব করছেন তাদের যে ইনফ্রাস্ট্রাকচার, তাদের যে পরিকাঠামো দরকার সেই পরিকাঠামো তারা করতে পারেননি। তারা দিনের পর দিন পিছিয়ে পড়ছেন। তার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে কোথাও নেই। এখানে মাননীয় রাজ্যপাল যে কথা বলতে চাইছেন, যে কথা বলতে পারেননি, আমরা বিরোধী দলের পক্ষ থেকে আমরা বারে বারে বলেছি, মুখ্যমন্ত্রী এসেছেন তাঁর কাছে অনুরোধ করব, আবেদন

করব, পশ্চিমবাংলা এই যে দিনের পর দিন পিছিয়ে পড়ছে, শ্রমিকরা বিপন্ন, চা-শ্রমিকরা বিপন্ন, পাটচাষীরা বিপন্ন, এই ব্যাপারে দেখা দরকার। আজকে বিদ্যুৎ নিতে গেলে তিন গুণ বেশি ট্যাক্স দিতে হয়, সেইজন্য আজকে মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে পাঠ করেছেন, আমি সম্পূর্ণভাবে তার বিরোধিতা করছি, এবং বিরোধীদের সংশোধনীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[ 4.50 – 5.00 p.m. ]

**শ্রী শেখ ইলিয়াস মহম্মদ :** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর ধারা অনুসারে গত ২৬শে ফেব্রুয়ারী এই মহান কক্ষে যে ভাষণ প্রদান করেছেন এবং মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে, বিরোধীদের আনীত সংশোধনীগুলির বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ রেখেছেন সেটা যথোপযুক্ত ভাষণ। আমাদের দেশ একটা কঠিন সঙ্কটের মধ্যে দিয়ে চলছে। যখন আমাদের দেশে উদারীকরণের সঙ্কট চলছে, সাম্প্রদায়িকতার সঙ্কট চলছে, তখন তার উপরে দাঁড়িয়ে একটা রাজ্য সরকার কি করেছেন বা কি করতে পেরেছেন সেই বিষয়গুলি এই পুস্তিকার মধ্যে লিপিবদ্ধ করা হয়েছে। দীর্ঘদিন ধরে উত্তরবঙ্গে জঙ্গী কার্যকলাপ চলছে। আমি বিরোধী দলের সদস্যদের কাছে প্রশ্ন করতে চাই, ২০০১ সালের সেদিনের কথা কি আপনারা ভুলে গিয়েছেন ? কে.এল.ও., কে.পি.পি.-দের সঙ্গে জোট বেঁধে পশ্চিমবাংলার বুক থেকে বামপন্থীদের হটানোর জন্য আপনারা পরিকল্পনা নিয়েছিলেন সেদিন। আজকে কে.এল.ও., কে.পি.পি.-দের জীবনের মূলস্রোতে ফিরিয়ে আনার জন্য সরকারি প্রচেষ্টা অব্যাহত এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীও তাদের অস্ত্র ছেড়ে, জঙ্গী কার্যকলাপ ছেড়ে জীবনের মূলস্রোতে ফিরে আসার আহ্বান জানিয়েছেন এবং সেই কাজ চলছে। দক্ষিণবঙ্গে অতি বিপ্লবী গোষ্ঠী, যারা সশস্ত্র সংগ্রামে বিশ্বাসী, মানুষকে হত্যার মধ্যে দিয়ে যারা তাদের পতাকাকে উড্ডীন করতে চাইছে সেই নকশাল, এম.সি.সি. এবং জনযুদ্ধ গোষ্ঠী দক্ষিণবঙ্গে সক্রিয়। তাদের প্রধানত কার্যকলাপ অন্ধ্রপ্রদেশে, যেখানে এন.ডি.এ.-র হাইটেক মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডুর রাজত্ব। তাদের কার্যকলাপ ঝাড়খণ্ডে, যেখানে বি.জে.পি.-র মুখ্যমন্ত্রী রয়েছেন, অপরদিকে উড়িষ্যা যেখানে বি.জে.পি.-র শরিক মুখ্যমন্ত্রী রয়েছেন। এইসব জায়গায় তারা অবাধে কার্যকলাপ চালাচ্ছে এবং মাঝে মাঝে আমাদের দক্ষিণ অঞ্চল ও বনাঞ্চল এলাকায় ঢুকে গরীব মানুষদেরকে ভুল পথে চালিত করার চেষ্টা করছে, তাদের আক্রমণ শাণিত করার চেষ্টা করছে। এর বিরুদ্ধে আমাদের জনমত গঠন করতে হবে ঠিকই, কিন্তু সেই এলাকার মানুষকে উন্নয়নের কাজে শামিল করার জন্য আমাদের সরকার যে প্রচেষ্টা নিয়েছেন সেই প্রচেষ্টাকে ধন্যবাদ জানাই। আজকে ওইসব অঞ্চলে, ওই অতি বিপ্লবী শক্তির বিরুদ্ধে বামপন্থীরা লড়াই করছে মাঠে-ময়দানে এবং সেখানে মানুষকে ঐক্যবদ্ধ করার চেষ্টা করছে এবং তাদের সচেতন করার চেষ্টা করছে। যে জনযুদ্ধের জন্য তৃণমূলের বন্ধুরা, কংগ্রেসী বন্ধুরা কাঁদছেন, তারা কিন্তু ওইসব অঞ্চলে কোনো রাজনৈতিক কর্মকাণ্ড বা কর্মসূচি গ্রহণ করেননি। কেবলমাত্র বিশৃঙ্খল পরিস্থিতির উদ্ভব হলেই তারা দক্ষিণাঞ্চলে ছুটে যাচ্ছে এবং বড়ো বড়ো বুলি

আওড়িয়ে চলে আসছে। আজকে সারা ভারতবর্ষের মানুষের কাছে সবচেয়ে বড়ো বিপদ হচ্ছে সাম্প্রদায়িকতা। সেই সাম্প্রদায়িকতার সৃষ্টিকারী বি.জে.পি. ১৯৯৯ সালে গত লোকসভার নির্বাচনে, এক ঐতিহাসিক সন্ধিক্ষণে পঁচিশ শতাংশ আসনে জয়লাভ করে ক্ষমতায় এসেছিল। ২৫ ভাগ মানুষের সমর্থন নিয়ে এন.ডি.এ. জোট ক্ষমতায় এল এবং সাড়ে তিন বছরের মধ্যে প্রায় তিনশোটি সাম্প্রদায়িক গণ্ডগোল এই সময়ে ঘটল এবং সেটা সংক্রমণের মতো দেশের দিকে দিকে ছড়িয়ে পড়ছে। সেখানে ব্যতিক্রম একমাত্র পশ্চিমবঙ্গ। এখানে মানুষ সম্প্রীতির পথকেই প্রশস্ত করে। এখানে যে সরকার আছে, তারা এক্ষেত্রে যথাযথ দায়িত্ব পালন করতে পেরেছে বলেই এখানে সাম্প্রদায়িক সম্প্রীতির একটা আবহাওয়া বিরাজ করছে। এটা আমাদের সবচেয়ে বড়ো গর্ব। ভারতবর্ষে যে উদারীকরণের হাওয়া বইয়ে দিচ্ছে এন.ডি.এ. সরকার, তৃণমূল কংগ্রেস তার সাথী। কংগ্রেস এই উদারীকরণ আমদানি করেছিল, তৎকালীন অর্থমন্ত্রী মনমোহন সিং-এর হাত ধরে। এই উদারীকরণের হাত ধরে এই এন.ডি.এ. সরকার দেশের বিভিন্ন শিল্প, বন্দর সব বহুজাতিক সংস্থার হাতে তুলে দিচ্ছে, ৯৫ লক্ষ শ্রমিকের জীবনে এনে দিয়েছে অন্ধকার। আর এরা বলছে পশ্চিমবঙ্গে উন্নয়ন হয়নি। ভূমিসংস্কার ভারতবর্ষের মধ্যে একমাত্র সফলতা পেয়েছে এই পশ্চিমবঙ্গে। ওদের যন্ত্রণা কোথায় জানেন ? জমিদারি-জোতদারি শাসনব্যবস্থা ভেঙে দিয়ে গরীব কৃষকের হাতে জমি তুলে দেওয়া হয়েছে, সেখানেই ওদের যন্ত্রণা। তাই আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে এবং তার উপর যে আলোচনা হচ্ছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল এখানে যে ভাষণ রেখেছেন এবং তার উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে, বিরোধীদের আনা সংশোধনী সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি স্পেসিফিক্যালি কতগুলো সরকারি দুর্নীতির কথা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরতে চাই। মাননীয় সদস্য আবু আয়েশ মণ্ডল যে-কথা বললেন তার পরিপ্রেক্ষিতে বলতে চাই, জনযুদ্ধ গোষ্ঠীর যাদের গ্রেফতার করা হয়েছিল বহু ক্ষেত্রেই দেখা গেছে তাদের বিরুদ্ধে পুলিশি অত্যাচার সংঘটিত হয়েছিল রাজাবাজারের প্রফেসার কৌশিকের কথা মনে আছে ? তাকে গ্রেফতার করার পর কি হয়েছিল, সেটা হয়তো মাননীয় সদস্যের মনে আছে। জনযুদ্ধ গোষ্ঠীর যারা গ্রেফতার হয়েছে বারবারই তাদের উপর পুলিশি অত্যাচার নেমে এসেছে। জনযুদ্ধ গোষ্ঠী কেন হল, তার মধ্যে মাননীয় মুখ্যমন্ত্রী গেলেন না। কলকাতা আর কিছু শহরতলী ছাড়া আর্থ-সামাজিক ডেভলপমেন্ট আর কোথাও হয়নি। আমি গ্রামাঞ্চলের বিধায়ক, সেখানকার কথা বলব—গড়বেতা, খানাকুল, কেশপুরের কথা পরে বলব—যেখানে আর্থ-সামাজিক উন্নয়ন হয়নি, রাস্তাঘাট হয়নি, বেকারের সংখ্যা বেড়ে গেছে, বেকারির যন্ত্রণা বেড়ে গেছে সেখানেই এইসব জিনিস বেশি করে দানা বেঁধে উঠছে।

[ 5.00 – 5.10 p.m. ]

গতকাল যে ভাষণ আমাদের মেম্বাররা দিয়েছেন, রাজ্যপালের ভাষণের উপরে, তার পরিপ্রেক্ষিতে মাননীয় মুখ্যমন্ত্রী সভাকক্ষের বাইরে কিছু কথা বললেন, বিধানসভার

সভাকক্ষে বললেই তিনি ভালো করতেন। রাজ্যপালের ভাষণের উপর তর্ক-বিতর্ক সবসময়ে সভার ভিতরেই আলোচনা হওয়া উচিত। বিতর্কটা উনি কেন বাইরে নিয়ে গেলেন ? সভা চলাকালীন সভাকক্ষের বাইরে জনযুদ্ধ গোষ্ঠীর কথা উনি বলেছেন, এটা ঠিক নয়। এই সমস্যার সমাধান যদি করতে হয় তাহলে বিরোধীদের অবশ্যই প্রয়োজন আছে। বিরোধীদের বাদ দিয়ে কোনো সমস্যার সমাধান করা যায় না। আমি নির্দিষ্ট কতগুলো দুর্নীতির কথা ওনাকে বলতে চাই। আমি একজন বিরোধী দলের বিধায়ক, আমি বহু মন্ত্রীকে নানা সমস্যায় চিঠি লিখি, লিখতে হয়, দু-চারজন মন্ত্রী বাদ দিলে আর কোনো মন্ত্রীর কাছ থেকে আমরা চিঠির উত্তর পাই না। এটা মাননীয় মুখ্যমন্ত্রীর জেনে রাখা ভালো। আমি যে জায়গার বিধায়ক সেখানে কিছু উন্নয়নমূলক কাজ হচ্ছে, পঞ্চায়েত সমিতি করছে, জেলা পরিষদ করছে, উন্নয়ন হচ্ছে—এই উন্নয়নমূলক কাজের জন্য বেনিফিসিয়ারি কমিটি তৈরি করা হয়। আমি এলাকার বিধায়ক হিসাবে বেনিফিসিয়ারি কমিটিতে কোনো নাম পাঠাই তাহলে পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদ সেই নাম নাকচ করে দেয়। আরেকটা কমপ্লেন আমি করতে চাই, সি.ই.এস.সি. সম্পর্কে। বেলেঘাটায় একশোটা ছোটো-বড়ো কারখানায় এরা বিদ্যুতের লাইনের জোড়া লাগানোর জন্য হাইকোর্টে আবেদন করতে হয়, আবেদন করতে গেলে বিলের ২৫ পার্সেন্ট টাকা জমা দিতে হয় এবং এই ২৫ পার্সেন্ট লাভের জন্য নির্বিচারে বিভিন্ন ছোটো-বড়ো কারখানার লাইন তারা গিয়ে কেটে দিচ্ছে। আরেকটা দুর্নীতির কথা আমি উল্লেখ করতে চাই। আমাদের খাদ্য দপ্তর একটা দুর্নীতির আখড়া হয়ে উঠেছে। আমার কেন্দ্রে ভোটারের সংখ্যা হচ্ছে ২ লক্ষ ১ হাজার ৩২৭। আমার কেন্দ্রে রেশন কার্ড পাওয়া গেছে ৩ লক্ষ ২৭ হাজার। এই ১ লক্ষ ২৬ হাজার রেশন কার্ড কোথা থেকে এল ? আমাদের খাদ্যমন্ত্রী কলিমুদ্দিন শামস দার্জিলিং-এ দুটি এম.আর. ডিলারের অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন, 'ঘুমে' একটা অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন। আমরা জানি এম.আর. ডিলার নিয়োগ করতে সাব-ডিভিশনাল কন্ট্রোলার, ফুড অ্যান্ড সাপ্লাই-এর সেখান থেকে প্রসেস ওয়াজ জেলাপরিষদের স্থায়ী খাদ্য সমিতির কাছে থেকে ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের কাছ থেকে নিয়ে অ্যাপয়েন্টমেন্ট করতে হয়। উনি সরাসরি জয়েন্ট সেক্রেটারি ফুড অ্যান্ড সাপ্লাইকে দিয়ে একটা লোককে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে দিলে বিমলকুমার ডালমিয়া তাকে দার্জিলিং-এ, ঘুমে এম.আর. ডিলারশিপ দিয়ে দিলেন। ২৯.২ তারিখে উনি এম.আর. ডিলারশিপ দিয়ে দিলেন। এর মধ্যে বহু আর্থিক লেনদেন হয়েছে বলে সন্দেহ। এই বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা উচিত। আমি আরেকটা বিষয়ে অনুরোধ করব। ৬-৭ মাস আগে উত্তর ২৪ পরগনার একটা জায়গা থেকে একটা নাবালিকা মেয়েকে অপহৃত করা হয়। সেই বিষয়ে একটি চিঠি ওই মেয়েটি মুখ্যমন্ত্রীকে লিখেছিল, আমি সেই চিঠিটি পড়ে শোনাচ্ছি।

মহাশয়,

আমি কুমারী বিউটি ঘোষ, পিতা শ্রী হরেন্দ্রনাথ ঘোষ, সাং : শিমুলপুর (চৌরঙ্গী), পোঃ : ঠাকুরনগর, থানা : গাইঘাটা, জেলা : উত্তর ২৪ পরগনা, শিমুলপুরের স্থায়ী বাসিন্দা। আমি একজন দরিদ্র দুস্থ চাষীকন্যা (নাবালিকা)। আমাকে গত ২৫.৭.০৩ তারিখে শ্রী রণজিৎ রায় এবং সমীর রায়, উভয়ের পিতা শ্রী যতীন্দ্রনাথ রায়, মাতা শ্রীমতী শেফালী রায়।

শ্রী স্বপন চক্রবর্তী এবং শ্রী প্রদীপ ঘোষ রায়ের পিতা মৃত সুনীল ঘোষ রায় ইহারা আমাকে কাজ দেওয়ার নাম করে চাঁদপাড়া নিয়ে যায় এবং পরে রাতে বোম্বে বিক্রি করে এবং দেহ ব্যবসার কাজে জোর করে লিপ্ত করে।

পরবর্তীকালে আমার মা এবং বাবা বহু খোঁজাখুজির পর যখন আমাকে খুঁজে পায় এবং আমাকে বাড়িতে নিয়ে আসার চেষ্টা করে, তখন শ্রী রণজিৎ রায়, সমীর রায়, শ্রীমতী শেফালী রায় এবং স্বপন চক্রবর্তী এবং ওই স্থানের দুই ব্যক্তি নেজমা এবং লিটন দুজনেই বাংলাদেশের বাসিন্দা ওখান থেকে মা এবং বাবা প্রাণভয়ে আমাকে ফেলে রেখে চলে আসে।

পরবর্তীকালে ওখান থেকে ইং ১৯.০২.০৪ তারিখে একটা লোকের সহযোগিতায় আমি আনুমানিক বেলা ১২টার সময় বাড়িতে চলে আসি। বাড়ি আসার সঙ্গে সঙ্গে শ্রী প্রদীপ ঘোষ রায়, শ্রীমতী শেফালী রায়, শ্রী স্বপন চক্রবর্তী এবং তাদের দলবল আমাকে জোর করে ধরে ফেলে। ঠিক এই সময় পুলিশ এবং গ্রামবাসীদের সহায়তায় রক্ষা পাই।

অতএব মহাশয়ের নিকট বিনীত প্রার্থনা এই যে উপরি উক্ত আসামীগণ (১) শ্রী প্রদীপ ঘোষ রায়, (২) শ্রী রণজিৎ রায়, (৩) শ্রীমতী শেফালী রায়, স্বামী যতীন চক্রবর্তী, (৪) শ্রী সমীর রায়, পিতা যতীন রায় এবং শ্রী স্বপন চক্রবর্তী পিতা অজ্ঞাত, যাহারা আমার জীবনটাকে নষ্ট করে দিয়েছে তাহাদের যাহাতে দৃষ্টান্তমূলক সাজা হয় তার যথাযথ ব্যবস্থা করিলে আমি আপনার নিকট চিরকৃতজ্ঞ থাকিব।

ইতি

নিবেদিকা, বিউটি ঘোষ।

এটা মাননীয় মুখ্যমন্ত্রীকে দিয়েছিলেন তারা, কিন্তু কোনো উত্তর পাননি। এটা দুর্ভাগ্যের বিষয়, মাননীয় মুখ্যমন্ত্রী বলেন তিনি সার্বিকভাবে সমস্ত কাজের ব্যবস্থা করছেন।

আরেকটা ঘটনা এখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী নেই, থাকলে ভালো হত। কল্যাণীর গান্ধী মেমোরিয়াল হসপিটাল, সেখানে আগে ওপেন হার্ট সার্জারি হত। এখন সেখানে ব্লাড অ্যানালাইজার মেসিন বন্ধ। গান্ধীনগর হাসপাতালের কতিপয় ডাক্তার এবং প্রাইভেট ডাক্তাররা এর সঙ্গে জড়িত, তারা হাসপাতালের বাইরে প্রাইভেট প্র্যাকটিস করেন। তারা কন্সপিরেসি করে গান্ধীনগর হাসপাতালে ওপেন হার্ট সার্জারি বন্ধ করে দিয়েছেন। এটা একটা দুর্বিষহ অবস্থা। আরেকটা কথা বলি, এখানে সুভাষ চক্রবর্তী মহাশয় থাকলে ভালো হত, কলকাতার নদীবক্ষে যে সমস্ত লঞ্চ চলাচল করে সেটা কো-অপারেটিভ বেসিসে চলে। কিন্তু গত ১২ বছর ধরে এর কোনো অডিট হয়নি। সি.পি.এম.-এর একজন প্রভাবশালী নেতা এর মধ্যে আছেন। আরেকটা বিষয় হল কোর্ট ফী, যেটা মুখ্যমন্ত্রী বাড়ালেন। খুব ভালো কথা সরকারের ইনকাম বাড়বে, কিন্তু ৮০-৮২ কোটি টাকা আয় করতে গিয়ে মুখ্যমন্ত্রী লিটিগ্যান পাবলিকদের সর্বনাশ করে দিলেন। তাদের কোর্টে যাওয়া বন্ধ করে দিয়েছেন, এখন ২৫ শতাংশ কেস কমে গেছে। সরকারের অর্থ বাড়াতে গিয়ে লিটিগ্যান পাবলিকের গায়ে হাত পড়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী বাইরে যে কথাটা বলেছেন তাতে আমি

ব্যথিত হয়েছি, তিনি এই কথাটা উইথড্র করলে ভালো হয়, আমি প্রস্তাবের বিরোধিতা করে সংশোধনীগুলিকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী নিখিল মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারী মাননীয় রাজ্যপাল এই অধিবেশনের শুরুতে তাঁর ভাষণ রাখেন এবং মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর তিনি যে ধন্যবাদসূচক প্রস্তাব রেখেছেন আমি তা সমর্থন করছি। এই রকম কোনো বিধি ১৭৬ নম্বর আর্টিকেলে নেই যে সৌগতবাবুর অথবা পঙ্কজবাবুর মনের মাধুরী মেশানো কথাগুলি তাঁর ভাষণে রাখতে হবে। রাজ্যপালের একটা দায়বদ্ধতা আছে তাঁর সরকারের সমস্যাগুলি, তাঁর সরকারের কর্মসূচি, পরিকল্পনা উপস্থাপন করার। এবারেও মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে সেই দায়িত্ব পালন করেছেন। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের পুরোটা পাঠ করেননি। তাতে অনেকেই খুশি হয়েছেন।

[5.10—5.20 p.m.]

আসলে একরকম হাসি আছে যাকে বলে বোকার হাসি, অন্যকে দেখে হাসে, না বুঝে হাসে। মাননীয় রাজ্যপাল পুরো ভাষণ পড়েননি কারণ উনি জানেন 'আগর হরসাখপে উল্লু বৈঠা হ্যাঁ তো আনজামে গুলিস্থা কেয়া হোগা'। মাননীয় রাজ্যপাল মহাশয় পুরো ভাষণ পড়েননি, কিছুটা পড়ে সভার কাছে আলোচনার জন্য রেখেছেন। তা যদি মনে হয় ঠিক হয়নি তাহলে তো আপনাদের উচিত ছিল আলোচনায় অংশগ্রহণ না করা। কিন্তু আমরা তো এখানে দেখছি আপনারা আলোচনায় অংশগ্রহণ করছেন এবং লালবাতি জ্বলে যাওয়ার পরেও 'আমার আরো দু-মিনিট আছে' বলে ভাষণ চালিয়ে যেতে চাইছেন। আবার এদিকে বলছেন মাননীয় রাজ্যপাল তার ভাষণ দেননি। স্ববিরোধিতারও একটা সীমা থাকা দরকার। যাই হোক, আপনারা শুরুতেই দেখেছেন মাননীয় রাজ্যপাল খানিকটা উদ্বেগের সঙ্গে আমাদের এখানকার সমস্যা সম্পর্কে উল্লেখ করেছেন। তার মধ্যে সন্ত্রাসবাদী হামলা সবাইকে ভাবিত করা উচিত। কিন্তু এই সভায় বক্তৃতা দেওয়ার সময় কেউ কেউ যেভাবে বিগলিত হচ্ছেন বলে মনে হচ্ছে তাতে বিপদ রয়েছে। কেউ কেউ বলছেন ১৫৬ জন অ্যারেস্ট হল এবং তারা টি.এম.সি.-র। আবার বলছেন জনযুদ্ধের সঙ্গে তাদের কোনো সম্পর্ক নেই। জনযুদ্ধের কার্যকলাপের জন্য অ্যারেস্ট হচ্ছে আবার ওই কথা বলছেন। তবে এক-আধটা ক্ষেত্রে ভুল হতে পারে, পুলিশ হয়তো বাড়াবাড়ি করেছে, সেটা সংশোধন হওয়া উচিত, সবটাই উড়িয়ে দিতে চাই না। তবে এই রকম ভেতরে ভেতরে যোগাযোগ আমরা পাঁশকুড়া লাইনের সময়ও দেখেছি। নানা সময়ে সন্ত্রাসবাদী শক্তিকে ব্যবহার করা হয়েছে। কিন্তু মনে রাখতে হবে এই রকম আগুন যখন জ্বলে তখন তা থেকে সমাজের কেউই রক্ষা পায় না। আমরা সন্ত্রাসবাদকে সমর্থন করি না। এতে জনগণের যোগ থাকে না। ব্যক্তিহত্যা করে সমাজের ভালো করা যায় না। একজন পুলিশ মারা গেলে বা একজন জোতদার মারা গেলে জমির শোষণ কিন্তু শেষ হয়ে যায় না। এর মধ্যে দিয়ে পরিবর্তন করা সম্ভব নয়। আমরা তার বিরুদ্ধে। শ্রেণি সংগ্রামের মধ্যে দিয়েই পরিবর্তন আসতে হবে। অনেকে নাক সিঁটকে বলছেন, উন্নয়ন হয়নি, তাই মানুষ বিক্ষুব্ধ হয়ে জনযুদ্ধ হয়ে গেছে। বান্দোয়ান দেখেছেন

সেটা খায় না মাথায় মাখে ? বান্দোয়ানকে বলা হত পুরুলিয়ার আন্দামান। সেখানে যাওয়ার জন্য এক ইঞ্চিও পিচ রাস্তা ছিল না। মাননীয় অসিতবাবু উন্নয়নের কথা বললেন, উনি কি জানেন বান্দোয়ানে যাওয়ার জন্য পশ্চিমবঙ্গের ভেতর দিয়ে রাস্তা ছিল না ? আজকে সেখানে ৪-৫ দিক দিয়ে রাস্তা হয়েছে। হাসপাতাল হয়েছে, যাবতীয় বিধিব্যবস্থা হয়েছে। আমি '৭০-এর দশকে সেখানে গিয়েছিলাম কেন্দুপাতার ব্যাপারে আন্দোলন করতে জমি-হারা মানুষদের জন্য কংসাবতী প্রকল্পের আন্দোলন করতে। সেখানে গিয়ে আমি কাছ থেকে ওই জায়গাকে দেখেছি। কেউ চাকরি পেলেও যেতে পারত না। সেখানে আজকে চারদিক দিয়ে পিচ ঢালা রাস্তা হয়েছে। আগে রাতে বেরিয়ে কাকভোরে গাড়ি ধরে তবে পুরুলিয়ায় পৌঁছতে হত। আগে পুরুলিয়া থেকে কলকাতা আসতে যে সময় লাগে তখন বান্দোয়ান থেকে পুরুলিয়া যেতে সেই সময় লাগত। ওখানে যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে। আগে ওখান দিয়ে দুটো বাস যেত এখন ৪৫টা বাস বান্দোয়ানকে ছুঁয়ে যায়। আরো অনেক ক্ষেত্রেই উন্নতি ঘটেছে। সাক্ষরতার হার বেড়েছে। আমরাই ওখানকার মানুষের মধ্যে সেই তৃষ্ণা জাগিয়েছি। কিন্তু যতদিন তমসাচ্ছন্ন ছিল, অন্ধকারের মধ্যে ছিল, উন্নয়নের ছাপ পড়েনি, মানুষের মধ্যে এই ইচ্ছা জাগেনি, মানুষের মধ্যে এই তৃষ্ণা জাগেনি। আমরা সেই কৃতিত্ব দাবি করতে পারি। মাননীয় সৌগতবাবু বললেন, কেন্দ্রীয় সরকার সব ভালো কাজ করছেন তাই বি.জে.পি. গুড ফিল করছে—ফিল গুড। তাহলে আর কি দিদির দল ছেড়ে দাদার দলে ভিড়ে যান এবং তাতে হয়তো অনেক বেশি সুবিধা পেতে পারবেন। কিংবা, আমার মনে হচ্ছে, উনি আজকের সান্ধ্য সংবাদপত্রগুলি পড়েননি, সেখানে ফিল গুডের একটা গুরুত্বপূর্ণ খবর আছে—সেটা হল, পয়েন্ট ফাইভ পারসেন্ট পি.এফ.-এর সুদ আরও কমিয়ে দেওয়ার প্রস্তাবনা করা হয়েছে—এগুলো নিশ্চয় ওঁদের ভালো লাগার বিষয়। আমরা দায়িত্বের সঙ্গে কথা বলি। আমার মনে হয়, হ্যাঁ, আমাদের আরও অনেক কাজ করতে হবে, সীমাবদ্ধতা আছে, আমাদের সঙ্কটের কথা বলি। মাননীয় অসিতবাবু বললেন, অথবা মাননীয় সৌগতবাবুও বললেন যে, আমাদের সরকার নাকি অর্থনৈতিক সঙ্কটের কথা কিছুই আলোচনা করেননি। এর মতো ট্রান্সপারেন্সি, এর মতো স্বচ্ছতা কোথায় পাবেন ? বিগত ৩০শে জানুয়ারী, ২০০৩ এই বিধানসভাতে মাননীয় অর্থমন্ত্রী শ্রী অসীমকুমার দাশগুপ্ত মহাশয় বিবৃতি পেশ করেছিলেন, মুদ্রিত আকারে তা প্রকাশ করা হয়েছে। তাতে সঙ্কটের কারণ কি, কিভাবে সমাধান হতে পারে, এগুলো বলা আছে। সঙ্কটের মূল ৭টা কারণ, যার জন্য মূলত দায়ী কেন্দ্রীয় সরকার। এখন আবার মুশকিল হচ্ছে, কেন্দ্রীর সরকারের কথা তুললে এখানে কিছু বন্ধু আছেন—বলেন, ওটা লোকসভায় গিয়ে বলবেন। লোকসভার বাজেট পূর্ণাঙ্গ হল না বলেই তো গোটা ভারতবর্ষের হাল এরকম, গোটা ভারতবর্ষের বাজেটও তো এরকম একটা ট্রাংকেটেড বাজেট। পূর্ণাঙ্গ বাজেট তো করা সম্ভবপর হবে না। কেননা কেন্দ্রীয় সরকার পূর্ণাঙ্গ বাজেট করল না—প্রথমে বলল ভোট অন অ্যাকাউন্ট করব, তারপর করল একটা সেমি বাজেট—যেখানে প্রতিশ্রুতি দেওয়া যাবে, যদিও বাইরে যেসব প্রতিশ্রুতিগুলো দেওয়া হয়েছিল, আমাদের কয়লা মন্ত্রকের দিদিমণি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তার পরিমাণ হচ্ছে ১ হাজার কোটি টাকা, তার একটা ফাটা পয়সাও, বাজেট যেটুকু পেশ

করা হয়েছে তাতে সেখানে বরাদ্দকৃত অর্থে রাখা হয়নি। এগুলো হচ্ছে আসলে আমাদের বুঝতে হবে, ওখানকার সঙ্গে এখানকার একটা যোগ আছে। যে সন্ত্রাসবাদের কথা বলছিলাম—এর সঙ্গে কি কোনো যোগ নেই ? যোগ আছে। তা না হলে এই সময়তে পিটার ব্লিচ—যারা অস্ত্রবৃষ্টির সঙ্গে যুক্ত, তারা মুক্ত হয় কি করে ? কি করে এটা হয় যে, আমেরিকার ষড়যন্ত্রে যে সেভেন্থ অপারেশন বম্ব ব্রহ্মপুত্র হয়েছিল, সেরকম তো আজকেও ভারতবর্ষের বিভিন্ন এলাকাতে সে কাশ্মীরে হতে পারে, অসমে হতে পারে, ওদিকে কেরলে হতে পারে—এদের মদত রয়েছে, সাম্রাজ্যবাদীদের মদত রয়েছে। আমরা জানি যখন অস্ত্রবৃষ্টি হল, ওই বি.জে.পি.—তাতে ওই আনন্দমার্গী যাদের সঙ্গে যোগ আছে, তাদের পক্ষে কথা বলেছে। আজকে পিটার ব্লিচকে ছেড়ে দেওয়া হল—এদের সম্পর্কে একটা লিনিয়েন্ট ভিউ, একটা নমনীয় মনোভাব পোষণ করা হয়েছে। একটা এতবড় ভয়ানক, মারাত্মক ভয়ানক ঘটনা, তার প্রতি যথোচিত গুরুত্ব দেওয়া হল না। এম.সি.সি., জনযুদ্ধ—এদের সঙ্গেও সাম্রাজ্যবাদের যোগ রয়েছে। একদিকে বামপন্থী মোড়কে, বামপন্থী বিপ্লবীয়ানার মোড়ক, আরেকদিকে কে.এল.ও., টি.ইউ.জে.এস.—এই সবের নামে বিচ্ছিন্নতাবাদী স্লোগান তুলে এ ধরনের অপকীর্তি, এ ধরনের বিশৃঙ্খলা সৃষ্টি করা হচ্ছে। আর পশ্চিমবাংলার রাজনীতির মূল মন্ত্রই যে বিশৃঙ্খলা সৃষ্টি করা—তাদের তাতে ভালো লাগতে পারে, কিন্তু পশ্চিমবাংলার মানুষ, যারা অনেক কষ্ট করে এখানকার ঐতিহ্যকে তৈরি করতে পেরেছে, এখানে সাম্প্রদায়িক দাঙ্গা হয় না, কিন্তু এখানে আমাদের দুঃখের হলেও একথা সত্য যে, যখন গুজরাটে অমানবিক দাঙ্গা হয়, যখন কাত্‌লেআম্‌ হয়, যখন ওখানে নরবলি, গণহত্যা করা হচ্ছে সংখ্যালঘু সম্প্রদায়কে, তখন এখানে সাম্প্রদায়িক সম্প্রীতির যে বাতাবরণ—সেখান থেকেও কিন্তু দেখা গেল যে, একটা অংশ তারা গুজরাটের ওই নরহত্যাকে সমর্থন করছে অথবা তাদের সঙ্গে ঢলাঢলি করছে এবং তারপর দেখা গেল, নরেন্দ্র মোদীকে সমর্থন করা, ছেড়ে আসা এন.ডি.এ. থেকে এন.ডি.এ.-তে ফিরে যাওয়া—এ তো সবই তারপর হল। তাহলে যে পশ্চিমবাংলাতে আমরা উত্তরাধিকার পেয়েছি রামমোহন রায়, আমরা পেয়েছি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরকে—যাঁরা কুসংস্কারের বিরুদ্ধে লড়াই করেছিলেন, শিক্ষার জন্য লড়াই করেছিলেন, একটা সাংস্কৃতিক ঐতিহ্য তৈরি করেছিলেন—যার ধারাতে রবীন্দ্রনাথ, নজরুল—আমরা বলি, "সবার হৃদয়ে রবীন্দ্রনাথ, চেতনাতে নজরুল।" আজকে সেই পশ্চিমবাংলায় যে একটা ঐতিহ্যশালী একটা সংস্কৃতির উত্তরাধিকার নিয়ে আমরা আজকে তা বহন করে চলেছি বলেই এখানে আজকে নিশ্চয় মানুষ রয়েছে, এখানে বামপন্থী সরকারের ইতিবাচক ভূমিকা রয়েছে, এখানে সাম্প্রদায়িক দাঙ্গা হয় না। কিন্তু দাঙ্গাবাজদের সঙ্গে সম্পর্ক রাখে এবং তাদের সঙ্গে একসঙ্গে ঘর-সংসার করছে যারা, তারা তো সেই সাম্প্রদায়িকতার দোষে দুষ্ট। আমাদের এটা বুঝতে হবে যে, এটা সহজ ব্যাপার নয়। এক মন্দির অগর টূটা তো উসে মরম্মত কিয়া জা সকতা হৈ। এক মস্জিদ কো অগর গিরায়া গয়া তো উসে ফির সে বনায়া জা সকতা হৈ। লেকিন জখমী ভরা দিল, ইসে মরম্মত করনা আসান কাম নহী হৈ। কথাটার মানে বুঝবেন, পশ্চিমবাংলাটাই একটা হৃদয়। একে ক্ষত-বিক্ষত করছে—যারা সাম্প্রদায়িক দাঙ্গাকে সমর্থন করছে।

[ 5.20—5.30 p.m. ]

যারা সাম্প্রদায়িক দাঙ্গাকে সমর্থন করছেন, দাঙ্গাবাজদের সঙ্গে যারা সম্পর্ক স্থাপন করছেন। সুতরাং আমরা একথা বলছি যে কেন্দ্রীয় সরকার—তারা রাজ্য সরকারের অর্থনৈতিক অগ্রগতি পথে কিভাবে বাধা সৃষ্টি করছে, আপনারা ওই পরোয়ানাটি পড়লে পরে দেখতে পাবেন সেখানে ৭টি কারণ উল্লেখ করা হয়েছে। কর্মচারীদের বেতন বাড়ছে কেন্দ্রীয় সরকার সামাল দেওয়ার জন্য অল্প সুদে দীর্ঘমেয়াদী ঋণ পাচ্ছে। রাজ্যগুলিও কেন পাবে না ? তারাও তো সে সঙ্কট সামাল দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকার তারা ঋণ সংগ্রহ করতে পারছে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাছ থেকে। যদিও রাজ্য সরকারগুলির মোট বাজেটের পরিমাণ কেন্দ্রীয় সরকারের বাজেটের চাইতে অনেক বেশি। সরাসরিভাবে দায়বদ্ধতা রাজ্য সরকারের অনেক বেশি। তাহলে পরে রাজ্য সরকারও কেন সে সুবিধা পাবে না ? রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া থেকে যে সুবিধা কেন্দ্রীয় সরকার পাচ্ছে—কেন এই বৈষম্য থাকবে ? একথা শুধু পশ্চিমবাংলার নয়—এই আর্থিক সঙ্কট কোনো কোনো বন্ধু একথা মনে করেছেন যে, শুধুমাত্র পশ্চিমবাংলার জন্য প্রযোজ্য। এটাও ঘটনা নয়। এটা যে সার্বিক এবং সে কারণে ওই সময় একটা হাই পাওয়ার কমিটি গঠিত হয়েছিল—কেন্দ্রীয় সরকার সে কমিটি তৈরি করেছিলেন। এই বুঝেই যে রাজ্য সরকারগুলির যে টাকা-পয়সা কেন্দ্রীয় সরকারের যে ট্যাক্স তার যে রাজ্য সরকারের প্রাপ্য অংশ ওইভাবে দেওয়া যেতে পারে। রাজ্য সরকার প্রাপ্য অংশের টাকা থেকে বঞ্চিত হচ্ছে এটা স্বীকার করে নিয়ে এটা বলা হয়েছিল। আজ আমি এটা বলতে চাই যে পশ্চিমবঙ্গের অগ্রগতি এটা আজকে গতি বজায় রেখে সেটা সম্ভবপর হচ্ছে। কেলেঙ্কারির কথা বললেন—মরিশাস কেলেঙ্কারির কথা, দূরদর্শন কেলেঙ্কারি, তেহেলকা কাণ্ডের কথা বললেন। বন্‌ধ করার জন্য সংগত কারণ থাকে, এর কোনো কারণ ছিল না। মিথ্যা ভিত্তির উপর নির্ভর করে শুধুমাত্র বন্‌ধ ডেকেছিল পঞ্চায়েত নির্বাচনে কোমর ভেঙে যাওয়া হতাশ দলকে খানিকটা চাঙা করার জন্য বন্‌ধ ডাকা হয়েছিল। জনগণের কোনো সম্পর্ক এর সঙ্গে ছিল না। ছিল ২৪শে ফেব্রুয়ারীর সফল ধর্মঘট-এর মধ্য দিয়ে মানুষ বুঝিয়ে দিয়েছে যে ফিল গুড নয়। গোটা দেশ জুড়ে সঙ্কট—কল-কারখানা বন্ধ করে দেওয়া, শ্রমিকদের অধিকার কেড়ে নেওয়া—পি.এফ.-এর সুদ কেটে নেওয়া, ট্রেড ইউনিয়ানের অধিকার কেড়ে নেওয়া এটাকে আপনারাই সমর্থন করে এসেছেন। যে পাপ কাজ আপনারা করেছেন তার প্রায়শ্চিত্ত আপনাদের করতে হবে। আর তা না করলে পরে পঞ্চায়েতের নির্বাচনে যে জবাব পেয়েছেন তেমনি আগামী দিনের বিধানসভায় সৌগতবাবুর সুললিত ভাষণ আরও হয়তো ২-৩ বছর আমাদের শুনতে হবে। আর এখানে কেন্দ্রীয় সরকারকে আমাদের গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করতে হবে। আর তা না হলে আপনার রাজ্য সরকারগুলিও তার অর্থনৈতিক, রাজনীতি, সংস্কৃতি বিকাশ হতে পারে না। এটাকে উপলব্ধি করতে হবে। আমি মাননীয় সদস্যদের অনুরোধ করব রাজ্যপাল তার উদ্বেগ-আবেগ থেকে যে প্রস্তাব যে ভাষণ এখানে দিয়েছেন তার সমর্থনে যে প্রস্তাব রাখা হয়েছে তাকে আপনারা সমর্থন করবেন।

**শ্রী মোস্তাক আলম :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ২৬শে ফেব্রুয়ারী মাননীয় রাজ্যপাল যে ভাষণ পেশ করেছেন তার আমি বিরোধিতা করছি। প্রথমত তার বক্তৃতায় জলপাইগুড়িতে যে ১৯ জন শ্রমিককে মেরে ফেলা হল তার কোনো উল্লেখ তার ভাষণে নেই। এবং ২৫শে ফেব্রুয়ারী একজন পুলিশ অফিসার এবং কনস্টেবল সহ তারা তাদের নিজেদের ডিউটি পালন করতে গিয়ে যে মারা গেল সেই ব্যাপারে কোনো উল্লেখ রাজ্যপালের ভাষণে নেই। এইজন্য বিরোধিতা করছি। এই রাজ্যের যে অর্থনৈতিক সঙ্কট এই সঙ্কটের কোনো উল্লেখ নেই তার ভাষণে। ১৯৮৭ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত অর্থমন্ত্রী বিধানসভায় ঘাটতিশূন্য বাজেট যে পেশ করেছেন এবং ২০০৩ সালে ঘাটতি বাজেট পেশ করেছেন। আজ কোটি কোটি টাকার দায়ভার রাজ্যের মানুষকে বহন করতে হচ্ছে। কিন্তু রাজ্যপালের ভাষণে তার উল্লেখ নেই। সরকারি কর্মচারী, শিক্ষক এবং পুলিশ কর্মীদের বেতন বাবদ রাজ্য সরকারের খরচ হচ্ছে ১২ হাজার কোটি টাকা। এম.এল.এ.-সহ মন্ত্রী এবং তাঁদের অফিসারদের জন্য প্রশাসনিক খাতে রাজ্য সরকারের খরচ হচ্ছে ৩ হাজার কোটি টাকা। রাজ্য সরকারকে ঋণের সুদ মেটাতে ব্যয় করতে হচ্ছে ১০ হাজার কোটি টাকা। অথচ সব মিলিয়ে রাজ্যের আয় ১৫ হাজার কোটি টাকা। বছরে আর্থিক ঘাটতি গড়ে ১০ হাজার কোটি টাকার। এই ঘাটতি মেটাতে রাজ্যের মানুষের ওপর ব্যাপক হারে ঋণের বোঝা চাপানো হচ্ছে। ১৬ বছর পরে রাজ্য সরকার বুঝতে পারল যে, ঘাটতিশূন্য বাজেট ঠিক ছিল না। ১৬ বছর পরে একজন অর্থমন্ত্রীর হুঁশ হল। রাজ্যপালের ভাষণ যে রাজ্য সরকারেরই বক্তব্যের প্রতিফলন তা আর আজ নতুন করে বলার অবকাশ নেই। আজকে এই ভাষণের মধ্যে দিয়ে এই হাউসকে উপেক্ষা করা হচ্ছে। সে কারণে আমি এই ভাষণের বিরোধিতা করছি।

আজকে উত্তরবঙ্গের এবং মালদা মুর্শিদাবাদের জ্বলন্ত সমস্যা হচ্ছে গঙ্গা, পদ্মা এবং মহানন্দার ভাঙন ও বন্যা। এই সমস্যার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে একটামাত্র লাইনের সাহায্যে উল্লিখিত হয়েছে। তার চেয়ে বেশি কোনো কিছুর উল্লেখ নেই। আমরা অবাক হয়ে লক্ষ করছি ভারতবর্ষের মানচিত্র থেকে ৬০০ বর্গ কিলোমিটার জায়গা মুছে গেল, কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে সে সম্বন্ধে একটা লাইনও ব্যয় করা হল না ! আজ মালদা, মুর্শিদাবাদের ১০ লক্ষ মানুষ বাস্তুহারা হয়ে আছে। তারা উদ্বাস্তু হয়ে গেছে। তাদের মাথা গোঁজার কোনো জায়গা নেই। অথচ রাজ্যপালের ভাষণের মধ্যে তার কোনো উল্লেখ নেই। গঙ্গা এবং পদ্মার দূরত্ব আসতে আসতে কমে ১/২ কিলোমিটারের মধ্যে চলে এসেছে। রেলপথ থেকে গঙ্গার দূরত্ব ৮০ মিটার হয়ে গেছে। মুর্শিদাবাদ জেলায় ৩১,৩৭৫ হেক্টর কৃষিজমি নদীগর্ভে চলে গেছে। মালদা জেলায় ১২৫ হেক্টর জমি নদীগর্ভে বিলীন হয়ে গেছে। ফরাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত ১০২ কিলোমিটার পাড় বাঁধার জন্য ৯২৭ কোটি টাকা ধরা হয়েছিল। মাত্র দেড় কিলোমিটার বোল্ডার দিয়ে পাড় বাঁধানো হয়েছে। সি.এ.জি. রিপোর্টে বলা হয়েছে ১৯৯৭ সাল থেকে ২০০১ সালের মধ্যে ৬১৫ কোটি টাকা রাজ্য সরকারের সেচ দপ্তর খরচ করতে পারেনি পরিকল্পনামাফিক। তা যদি করা যেত তাহলে আজকে এই সমস্যা এত ব্যাপক আকার ধারণ করত না। যোজনা কমিশন ১০ বছর আগে রাজ্য

সরকারকে উত্তরবঙ্গের বন্যা এবং দক্ষিণবঙ্গের পদ্মা-গঙ্গার ভাঙনের ব্যাপারে একটা মাস্টার প্ল্যান জমা দিতে বলেছিল। কিন্তু রাজ্য সরকার তা করেনি। তা দিতে পারলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর্থিক সাহায্যর জন্য বলা যেতে পারত বা কেন্দ্রীয় সরকারের ওপর আরো চাপ সৃষ্টি করা যেতে পারত। সে সময়ে নদী বিশেষজ্ঞ কপিল ভট্টাচার্যর একটা মন্তব্যকে নিয়ে গোল সৃষ্টি করা হল। তিনি বলেছিলেন, 'ফরাক্কা ব্যারেজের কারণে মালদা মুর্শিদাবাদে বন্যা হতে পারে না, ক্ষতি হতে পারে না। গঙ্গা-ভাগীরথীর নিম্ন দিকে তা হতে পারে'। তখন তাঁকে বলা হয়েছিল পাকিস্তানের গুপ্তচর। আজকে আমরা কি দেখছি ? রাজ্যপালের ভাবণে ১০ লক্ষ মানুষের সমস্যার কোনো উল্লেখ নেই। সমগ্র ব্যাপারটা একটা লাইনের মধ্যে স্থান পেল ! স্বভাবতই আমরা এই ভাষণকে সমর্থন করতে পারি না। এই ভাষণকে সমর্থন করার কোনো প্রশ্নই ওঠে না।

আজকে এই ভাষণের মধ্যে একটা লাইনে বলা হয়েছে,—প্রাথমিক স্তরে নতুন করে ইংরাজি চালু করা হয়েছে। আজ ২০০৪ সালে এক লাইন লিখে দিয়ে বলা হচ্ছে—প্রাথমিক স্তরে ইংরাজি চালু করা হবে। ১৯ বছর ধরে রাজ্যের ৩৮ হাজার গ্রামের যে লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীকে বঞ্চিত করা হল আজ তার দায় কে নেবে ? ১৯ বছর ধরে রাজ্যের ছেলে-মেয়েরা ইংরাজি পড়ার সুযোগ থেকে বঞ্চিত হল। আজকে রাজ্য সরকারের উচিত হাতজোড় করে তাদের কাছে ক্ষমা চাওয়া।

[ 5.30 – 5.40 p.m. ]

যে আমরা ভুল করেছি। ১৯ বছরের রাজত্বে ভুল করে খেসারত দেবার জন্য ক্ষমা চাইছি। বাংলার যেসব ছাত্র-ছাত্রীকে ১৯ বছর ধরে ভুল শিক্ষা দেওয়া হল অর্থাৎ ইংরাজি থেকে তাদের বঞ্চিত করা হল, তাদের কাছে রাজ্য সরকার ক্ষমা চাক এবং রাজ্যপালের ভাষণের মধ্যে সরকারের এই নির্বুদ্ধিতার কথা উল্লেখ করা উচিত ছিল। এর পরেও বলা হচ্ছে শিক্ষার ক্ষেত্রে অনেক দূর এগিয়ে গেছি ? পরিসংখ্যান বলছে সাক্ষরতার দিক থেকে পশ্চিমবঙ্গ ১৭ নম্বরে। কেন্দ্রীয় যোজনা কমিশনের রিপোর্টের মতে প্রতি ৬০ হাজার রাজ্যবাসীর জন্য পি.এইচ.সি. ১টি করে আছে যার অনেক ক্ষেত্রে ঘর আছে তো ডাক্তার নেই, আবার ডাক্তার আছে তো নার্স নেই, ওষুধ আছে তো ইক্যুইপমেন্ট নেই, আবার ইক্যুইপমেন্ট যদি বা কোথাও আছে, এক্স-রে মেশিন নেই। এই হচ্ছে অবস্থা। এর পরেও আমাদের বলতে হবে পশ্চিমবঙ্গের স্বাস্থ্যের পরিষেবা ভালো এবং পরিসংখ্যান অনুযায়ী পশ্চিমবঙ্গ ১৭ নম্বর স্থানে আছে। পশ্চিমবঙ্গে রোগের কারণ কি তা খুঁজে বার করা গেছে। একটা হচ্ছে জল এবং দ্বিতীয় হচ্ছে বায়ুদূষণ। রাজ্য সরকার এইসব দূর না করার পরিবর্তে রাজ্য বাজেটে স্বাস্থ্য খাতে বরাদ্দ ৭ শতাংশ থেকে কমিয়ে ৫.৪ শতাংশে এনে দাঁড় করিয়েছে। তার মধ্যে রাজ্য বাজেটের বরাদ্দের ৬৮ শতাংশ ধার্য করা হয়েছে শহরাঞ্চলের জন্য আর মাত্র ১৯ শতাংশ ধার্য করা হয়েছে গ্রামাঞ্চলের জন্য। মৃত্যুর হার প্রতি হাজারে ৫৩ জন। শিশু-মৃত্যুর হার শহরে ৪২ জন আর গ্রামে ৫৫ জন। এই রাজ্য স্বাস্থ্যে যে ১৭ নম্বরে আছে তা ইকনমিক সার্ভে অফ ইন্ডিয়ার রিপোর্টে বলছে। এরপরেও আমাদের বলতে হবে পশ্চিমবাংলা স্বাস্থ্যের ক্ষেত্রে ভালো জায়গায় পৌঁছে গেছে ? তারপর এখানে

শিল্পের উন্নতির কথা বলা হয়েছে, খুব ভালো জায়গায় আমরা নাকি পৌঁছে গেছি। পরিসংখ্যান বলছে, রুগ্ন শিল্পের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রথম, উত্তরপ্রদেশ দ্বিতীয় আর বিহার হচ্ছে তৃতীয়। ২০০০ সালে বলা হয়েছিল শিল্পে ছাড় দেওয়া হবে শহরের ক্ষেত্রে ১৫ শতাংশ আর গ্রামের ক্ষেত্রে ২৫ শতাংশ। কিন্তু ২০০৪ সালে সেটাকে কমিয়ে আনার প্রয়াস শুরু হয়েছে। রাজ্য সরকার ভর্তুকি অত আর দিতে পারবে না। শহরের ক্ষেত্রে ১৫ শতাংশের পরিবর্তে ৬-৮ পারসেন্ট ভাবা হচ্ছে আর গ্রামের ক্ষেত্রে ২৫ শতাংশের পরিবর্তে ১৫ শতাংশের কথা ভাবা হচ্ছে। অথচ বলা হয়েছিল, জমি, বাড়ি, কারখানা ও যন্ত্রপাতি বিনিয়োগের ক্ষেত্রে ওই ভর্তুকি দেবে রাজ্য সরকার। উত্তরবঙ্গে জঙ্গী আন্দোলনে উদ্বেগ প্রকাশ করা হয়েছে। কিন্তু উন্নয়নের কথা নেই, উত্তরবঙ্গ সবক্ষেত্রে বঞ্চিত। ১৯৭৬ সালে তিস্তা প্রকল্প শুরু, ৬৯ কোটি টাকার প্রোজেক্ট কস্ট ছিল, কিন্তু দেরির ফলে খরচ বেড়েছে ২ হাজার কোটি টাকা এবং সেটা নাকি ২০০৬ সালে শেষ হবে। ইতিমধ্যেই সরকারের ৮৭১ কোটি টাকার বেশি খরচা হয়েছে। দক্ষিণবঙ্গে জনযুদ্ধ গোষ্ঠী ও মাওবাদী সংগঠনের আবির্ভাব-এর উৎস কোথায় ? ২০০১ সালে কাদের হয়ে ওরা নির্বাচনে প্রচার করেছিল তা নিরপেক্ষ তদন্ত হলেই বোঝা যাবে। ৩৫ হাজার বুথে মানুষকে ভোট দিতে দেওয়া হয়নি। আজকে মুখ্যমন্ত্রীর উচিত এখনই জনযুদ্ধ গোষ্ঠীকে নিষিদ্ধ করে দিন। কিন্তু সেটা আপনারা করতে পারছেন না। কারণ, এদেরই আপনারা কাজে লাগিয়েছিলেন। আজকে আড়াই বছরের সমর্থন কোথায় গেল ? এদের দিয়ে নির্বাচনে অস্ত্র চালিয়েছিল কে ? কাজেই বক্তৃতা দিয়ে নিজেদের দোষ আড়াল করা যায়, কিন্তু মানুষের সমস্যার সমাধান হয় না। এর জন্য চাই আন্তরিকতা এবং পরিকল্পনা। রাজ্য সরকারের কোনোটাই নেই বলেই এত সমস্যা। তাই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী অসীমা চৌধুরী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬ ফেব্রুয়ারী মহামান্য রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন এবং তার উপর মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সমর্থন করে এবং বিরোধীদের আনা সংশোধনীর তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। এতক্ষণ ধরে বামফ্রন্ট সরকার কিছুই করেনি বলে শুনছিলাম। ১৯৭৭ সালের আগে আমি গ্রাম-গঞ্জে নির্বাচনী প্রচারে গিয়ে ঘুরে দেখেছি, রাস্তা নেই, আলো নেই, ৫ মাইল অন্তর একটি টিউবওয়েল, তাও খারাপ। এইভাবে আমরা নির্বাচনী প্রচার করেছিলাম। তারপর বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে এল। এরপর একটার পর একটা রাস্তাঘাট হল, বিভিন্ন জায়গায় আলোর এবং পানীয় জলের বন্দোবস্ত হল। আর এখানে আর্সেনিকমুক্ত পানীয় জলের টিউবওয়েল ২০০ গজের মধ্যে পাওয়া যাচ্ছে। তাহলে পশ্চিমবঙ্গ সরকার কিছু করেনি, সেটা কি করে বোঝা গেল ? এখন যে গ্রামে-গঞ্জে টাকা-পয়সা দেওয়া হচ্ছে তখনও দেওয়া হত। কিন্তু তখন সেই টাকা-পয়সা দিয়ে কোনো উন্নয়ন হয়নি। এখন ত্রি-স্তর পঞ্চায়েত তৈরি হয়েছে এবং ভালোভাবে ফাংসান করছে। ওনারা ওনাদের আমলে পঞ্চায়েত নির্বাচন করেননি, আমরা ১৯৭৮ সালে আসার পর পঞ্চায়েত নির্বাচন করেছি। ১৭ বছর কোনো পঞ্চায়েত নির্বাচন হয়নি। কেন হয়নি ?

পঞ্চায়েতে খরচের জন্য যে টাকা আসতো তা দিয়ে কোনো উন্নয়ন হয়নি। কেন হয়নি ? এর জবাব কে দেবে ? সেই জবাব দেওয়ার ক্ষমতা আপনাদের নেই। উন্নয়নের নামে যে টাকা আসতো সেই টাকা খরচ না করে অন্য খাতে খরচ করতেন। আজকে সেই চেহারা উল্টো। আজকে প্রধানমন্ত্রী ফিল গুডের কথা বলছেন। মুর্শিদাবাদ এবং মালদায় যে কয়েকটি জায়গায় বিধ্বংসী ভাঙন হয়েছে যে বন্যা হয়েছে তাতে মানুষের যে পুনর্বাসন দরকার, তাদের দুরবস্থা দেখেও কেন্দ্রীয় সরকার কোনো দায়িত্ব নেয়নি। গঙ্গা হচ্ছে জাতীয় নদী, সুতরাং গঙ্গা ভাঙনের দায়িত্ব কেন্দ্রীয় সরকারকে নিতে হবে, তাঁরা নিতে বাধ্য। কিন্তু কোনো ব্যবস্থা নেননি। কেন্দ্রীয় সরকারকে ধারাবাহিকভাবে বলা হয়েছে আপনারা ভাঙন প্রতিরোধের ব্যবস্থা নিন, মানুষের পুনর্বাসনের জন্য ব্যবস্থা নিন, বন্যা প্রতিরোধ করুন। কিন্তু কোনো ব্যবস্থা তাঁরা নেননি। আমি একজন মালদাবাসী, আমি নিজের চোখে মালদায় ভাঙন দেখেছি। সেখানে ভাঙন এতটাই ভয়াবহ যে, মুহূর্তের মধ্যে বাগান, জমি, বাড়ি গঙ্গার জলে তলিয়ে গিয়েছে। শুধুমাত্র ত্রিপলের তলায় বন্যাবিধ্বস্ত মানুষ দিনের পর দিন বাস করছে। তারা জানে না তাদের উত্তরসূরীরা কোথায় গিয়ে দাঁড়াবে, তারা বাঁচবে কি বাঁচবে না, তার কোনো হদিস নেই। এই দায়িত্ব কে নেবে ? কেন্দ্রীয় সরকারকে এই দায়িত্ব নিতে হবে। এই ব্যাপারে কেন্দ্রের দেবগৌড়া সরকার কিছু ইতিবাচক সিদ্ধান্ত নিয়েছিলেন। কেশকার কমিটি, প্রিতম কমিটির সুপারিশগুলো যদি কার্যকর করা হত তাহলে আজকে মালদা এবং অন্যান্য জেলাগুলো এইভাবে ভাঙনের মুখে পড়ে মানুষগুলো সর্বস্বান্ত হত না। এটা কি ফিল গুড হচ্ছে ? আমাদের জেলার আমাদের রাজ্যের জমি চলে যাচ্ছে অন্য রাষ্ট্রে। আমাদের রাজ্যের মানুষ বিধ্বস্ত হচ্ছে, কেন্দ্রীয় সরকারকে বারে বারে বলা হচ্ছে। কিন্তু কোনো কিছু হয়নি। আমাদের এই বামফ্রন্ট সরকার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে ২০শে আগস্ট ২০০৩ সালে যে মানুষগুলো বিধ্বস্ত হয়েছে, যাদের সবকিছু হারিয়ে গিয়েছে, তারা যাতে কোনো রকমে মাথা গুঁজে থাকতে পারে তার জন্য পরিবার-পিছু ৫ হাজার টাকা করে অনুদান দিয়েছে। কেন দেবেন না কেন্দ্রীয় সরকার ? এখানকার যিনি সাংসদ, যিনি ৩৫ বছর ধরে আছেন সেই গনি সাহেব ভাঙন দেখতে গিয়েছিলেন। সেখানে সর্বদলীয় মিটিং হল। তখন তিনি বললেন যে এখানকার সমস্ত কাজ বন্ধ থাক, ৭ দিনের মধ্যে আমি প্রধানমন্ত্রীকে এনে ভাঙন দেখাব, তারপর আমি এর প্রতিকার করব। কোথায় গেল সেই কথা, শুধু প্রতিশ্রুতিই রয়ে গেল। ভাঁওতা দেওয়া ছাড়া আর কোনো কিছু হয়নি। এখনও তো সাংসদ রয়েছেন ওনাদের মমতাদি, উনি নাকি মানুষের জন্য অনেক কিছু ভাবেন। কই, ভাঙনের জন্য একবারও কি কেন্দ্রীয় সরকারকে বলেছেন ? বরং বলেছেন এখানে যে বন্যা হয়েছে, এখানে যে ৯টি জেলায় বন্যা হয়েছে সেই বন্যা মানুষের তৈরি বন্যা। ভাবতেও লজ্জা করে। মানুষের জন্য যে কান্না এটা শুধুমাত্র ভেগ কান্না ছাড়া আর কিছুই নয়। পশ্চিমবঙ্গ সরকার শিক্ষার ক্ষেত্রে যে উন্নতি ঘটিয়েছে তার তুলনা কি কোনো রাজ্যের সঙ্গে করা যাবে ? ৭৪ শতাংশ ছাত্র-ছাত্রী শিক্ষার আঙিনায় চলে এসেছে। আজকে সার্বজনীন শিক্ষাকে ফলপ্রসূ করবার জন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে তা ধারাবাহিকভাবে পরিকল্পনা মাফিক রূপায়িত হচ্ছে। সেই সঙ্গে সর্বশিক্ষা অভিযান আন্তরিকভাবে চালানো হচ্ছে। নিরক্ষরতার উৎস মুখগুলো বন্ধ করার জন্য শিশুশিক্ষা প্রতিষ্ঠানগুলো করা হয়েছে তাতে ব্যাপকভাবে শিক্ষার

হার বাড়বে। এখন যেটা ৭৪ শতাংশ আছে ১০০ শতাংশ-এ পরিণত হলে সেই সদিচ্ছা কার্যকারী হবে।

[ 5.40 – 5.50 p.m. ]

তাছাড়া প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীরা যাতে আসতে পারে, তাকে গ্যারান্টেড করার জন্য যে পরিকল্পনা করা হয়েছে, এ পর্যন্ত ১৪টি গ্রামে, ৫,৮০৩টি প্রাথমিক বিদ্যালয়ে ৯ লক্ষ ৯ হাজার ৯৯৫ জনকে রান্না করা খাবার দেবার ব্যবস্থা করা হয়েছে। এই পরিকল্পনাকে রূপায়িত করার জন্য যে উদ্যোগ নেওয়া হয়েছে, এ কি জনগণের উন্নয়নের জন্য নয় ? এ কি শিক্ষার উন্নয়নের জন্য নয় ? প্রতিবন্ধীরা অবহেলিত হচ্ছে বলে এখানে একজন বললেন। প্রতিবন্ধীদের শিক্ষার দিকে বামফ্রন্ট সরকার নজর দিয়েছে। তাদের শিক্ষার উন্নয়নের জন্য বিশেষ বিদ্যালয় যেগুলি তাদের জন্য আছে, সেগুলি যাতে ঠিকভাবে চলতে পারে, তার জন্য রাজ্য সরকার চেষ্টা করছে। ২০০১ সালের নির্বাচনের সময়ে বামফ্রন্ট সরকারের প্রতিশ্রুতি ছিল ২০০৬ সালের মধ্যে প্রতিটি গ্রামে বিদ্যুৎ পৌঁছে যাবে। এ পর্যন্ত ৩১,৩৬৭টি মৌজায়, যেখানে আগে বিদ্যুৎ সংযোগ ছিল না সেখানে বিদ্যুৎ পৌঁছে গেছে। কাজেই এ শুধু কথার কথা নয়, তাকে কাজে পরিণত করা হয়েছে। গুড ফিল বা ফিল গুড বলে ওরা বলছেন, সেটা গুজরাটে যে দাঙ্গা ঘটেছে—গুজরাটের দাঙ্গা এন.ডি.এ. সরকারকে নীতিভ্রষ্ট করেছে। সারা বিশ্বে যখন সবাই নিন্দা করছে, প্রধানমন্ত্রী তখন মোদীকে বললেন, রাজধর্ম পালন কর। গুজরাটের দাঙ্গায় আমাদের মাথা হেঁট হয়ে যাচ্ছে। সংখ্যালঘুরা যখন রক্তস্নাত হল, রক্তে ভেসে গেল গুজরাট তখন আমাদের মাথা হেঁট হয়ে যায়। ওখানে মোদী সরকার যে সিংহাসনে বসেছে, ওখানে তারা থাকতে পারবে না। তাঁর ঠাঁই হবে ইতিহাসের কলঙ্কিত পাতায়। ক্ষমতা থেকে মুখ থুবড়ে পড়বেন। তৎকালীন প্রধানমন্ত্রী নরসীমা রাওয়ের সময়ে যেমনভাবে বাবরি মসজিদকে ধ্বংস করে ফেলায় তাঁর স্থান হয়েছে ইতিহাসের কলঙ্কিত অধ্যায়ে, তেমনিভাবে তাঁরও স্থান হবে ইতিহাসের কলঙ্কিত পাতায়। কংগ্রেস সরকার আগে উদ্বাস্তুদের ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছে। বামফ্রন্ট সরকার উদ্বাস্তুদের ঘৃণা না করে তাদের বসবাসের জায়গা করে দিয়েছে। তাদের জল, বিদ্যুৎ দেবার ব্যবস্থা করেছে। সমাজের মূলস্রোতে তারা মিশে গেছে। বামফ্রন্ট সরকার আসার পরে কত মানুষ, কত বিদেশী মানুষ এসেছে। মানুষের পরশেরে প্রতিদিন ঠেকিয়ে দূরে ঘৃণা করিয়াছ তুমি মানুষের প্রাণের ঠাকুরে। ওই যে দাঁড়িয়ে নত শির মুখ সবে ম্লান মুখে লেখা শুধু শত শতাব্দীর করুণ কাহিনী। এইসব মূঢ় ম্লান মুখে ধ্বনিয়া তুলিতে হবে ভাষা। এইসব শ্রান্ত শুষ্ক ভগ্ন বুকে ধ্বনিয়া তুলিতে হবে আশা। রবীন্দ্রনাথের সেই বাণী সোচ্চার হয়ে ধ্বনিবে। অন্ন চাই, প্রাণ চাই, আলো চাই, চাই নিত্য বায়ু। চাই বল, চাই স্বাস্থ্য আনন্দ উজ্জ্বল পরমায়ু। চাই সাহস বিস্তৃত বক্ষপট। এইসব কথা অনুভব করে বামফ্রন্ট সরকার খেটে খাওয়া দীন-মজুর মানুষকে মানুষ বলে স্বীকার করে, মানুষের মর্যাদা দিয়ে তাদের দাবি করতে শিখিয়েছে। পাঁচটি যে মৌলিক উপাদান তা তাদেরকে শিখিয়েছে। তাদের সমাজের মূলস্রোতে ফিরিয়ে এনেছে। ২০০১ সালে মমতা ব্যানার্জী বলেছিলেন, বিধানসভা দখল হয়ে

গেছে। রাইটার্স বিল্ডিংস দখল হয়ে গেছে। তখন এইসব খেটে-খাওয়া মানুষ বুঝে গেল তাদের মিত্র কারা, কারা তাদের শত্রু। তাই তারা ছ-বারের মতো বামফ্রন্ট সরকারকে খুঁজে নিল। তাই বামফ্রন্ট সরকার ২৬-২৭ বছর আছে এবং আরও ২৬-২৭ বছর থাকবে। এটাই প্রতিষ্ঠিত সত্য। ধন্যবাদ।

**শ্রী তারাপদ চক্রবর্তী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারী ১৭৬ ধারা অনুসারে বিধানসভায় মাননীয় রাজ্যপালের ভাষণের ওপরে মাননীয় সদস্য পদ্মনিধি ধর এবং সুব্রত বসু মহাশয়গণ যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন, তাকে সমর্থন করে বিরোধীদের বিরোধিতা করে কিছু বলতে চাই। স্যার, গতকাল বিরোধী দলনেতা পঙ্কজ ব্যানার্জী এবং আজকে বিরোধী দলের নেতা মাননীয় সৌগত রায় মহাশয় আইন-শৃঙ্খলার প্রশ্নে রাজ্য সরকারের উপরে বহু কটূক্তি করেছেন। আজকে আবার পেপার কাটিংকে কেন্দ্র করে মাননীয় মুখ্যমন্ত্রীকে বিভিন্নভাবে কটূক্তি করে গেলেন। ওঁরা বলতে চেয়েছেন যে, তৃণমূল, ঝাড়খণ্ডীদের সঙ্গে এই জনযুদ্ধ গোষ্ঠীর কোনো যোগ নেই। কিন্তু আমি বাঁকুড়া জেলার লোক, আমি বিগত দিন এবং এখনো প্রমাণ করে দিতে পারি তাদের সঙ্গে আঁতাত কিভাবে আছে। কেননা যে এলাকাগুলো বাঁকুড়া জেলায় জনযুদ্ধ গোষ্ঠীর উপদ্রুত এলাকা বলে পরিচিত তার মধ্যে রানিবাঁধ, রায়পুর এবং সারেঙ্গা—এই তিনটি এলাকা উপদ্রুত এলাকা বলে চিহ্নিত এবং জনযুদ্ধ গোষ্ঠীর এলাকা। এই রানিবাঁধ এলাকায় ৪টি গ্রাম পঞ্চায়েত, তার মধ্যে ২টি ঝাড়খণ্ডীদের এবং ২টি তৃণমূলের আর ৪টি সি.পি.এম. পার্টি দখল আছে। যে ৪টি এলাকা তৃণমূল এবং ঝাড়খণ্ডীদের দখলে সেই গ্রাম পঞ্চায়েত এলাকায় জনযুদ্ধ গোষ্ঠীর উপদ্রব সবচেয়ে বেশি। আপনারা নিশ্চয় জানেন ছেঁদাপাথর এলাকা এক সময়ে ইতিহাসের স্মরণীয় জায়গা ছিল, ওইখানেই ক্ষুদিরাম এবং প্রফুল্ল চাকী আত্মগোপন করেছিলেন। তারপরে বানিকুল গ্রাম পঞ্চায়েত সেটিও ঝাড়খণ্ডীদের দখলে। তাদের গ্রাম পঞ্চায়েত এবং তার পাশাপাশি দুটি গ্রাম পঞ্চায়েত তৃণমূলের দখলে। একমাত্র বাঁকুড়া জেলার মধ্যে পড়ছে রানিবাঁধ এলাকা, তৃণমূল পঞ্চায়েতের হওয়া সত্ত্বেও জেলা পরিষদে বামফ্রন্ট সদস্য জয়লাভ করেছেন। তাহলে এটা পরিষ্কারভাবে বোঝা যায় যে, তৃণমূল এবং ঝাড়খণ্ডের প্রচ্ছন্ন মদত না থাকলে ওই এলাকায় জনযুদ্ধ গোষ্ঠী প্রতিষ্ঠিত হয়ে অপারেশান চালাতে পারত না। অপরদিকে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন বাঁকুড়া জেলায় সি.পি.এম. পার্টির লোকেরাই কেবল মারা যাচ্ছেন অথচ ওই এলাকায় পঞ্চায়েত দখল করে আছেন যেসব তৃণমূল এবং ঝাড়খণ্ডীরা তারা কেউ মারা যাচ্ছে না। তাহলে যে ওদের মধ্যে একটা গোপন আঁতাত আছে সেটা অনুমান করা যেতে পারে। সারেঙ্গা পঞ্চায়েতের অধীনে যে ৬টি গ্রাম পঞ্চায়েত তাতে ৩টি তৃণমূলের দখলে এবং ৩টি সি.পি.এম.-এর দখলে। যে ৩টি তৃণমূলের দখলে সেই ৩টি-তে জনযুদ্ধ গোষ্ঠীর প্রভাব। ওই এলাকার থেকে গতবারে যিনি পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হয়েছিলেন, যেহেতু ওই এলাকায় তৃণমূলের প্রভাব রয়েছে এবং ঝাড়খণ্ডীদের প্রভাব রয়েছে সেইজন্য ওনাকে প্রাণ দিতে হয়েছে। সুতরাং এর থেকেই প্রমাণ করা যেতে পারে যে পঞ্চায়েতগুলো তৃণমূল এবং ঝাড়খণ্ডীদের দখলে রয়েছে সেখানে জনযুদ্ধ গোষ্ঠীর প্রভাব বৃদ্ধি পাচ্ছে। এবং এর থেকে সহজেই অনুমান করা যেতে পারে

যে ওই জেলাগুলোতে তৃণমূলের এবং ঝাড়খণ্ডের প্রচ্ছন্ন মদত জনযুদ্ধকে দিচ্ছে এবং সাহায্যও করছে। তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ওই এলাকার উন্নয়নের জন্য বহু চেষ্টা করে যাচ্ছে।

[ 5.50—6.00 p.m. ]

ওই এলাকায় উন্নয়নের কিছু অভাব আছে ঠিকই, আমাদের পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে, সেই পর্ষদ থেকে ওই সব এলাকায় কিছু কাজ হচ্ছে। আরো কাজ করা দরকার যেটা এই পঞ্চায়েত সমিতি বা গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে করা সম্ভব নয়। কেননা, ওই এলাকাতে আমাদের রানীবাঁধ এলাকাতে ছেঁন্দাপাথর এলাকাতে উলফার্ম খনি ছিল। এক সময় এটা ভারত সরকারের ছিল, সেটা কেন্দ্রীয় সরকারের দ্বারা পরিচালিত ছিল, সেই খনিটা ১০-১২ বছর হল বন্ধ হয়ে গেছে। রানীবাঁধ এলাকায় দেড় থেকে দুই হাজার আদিবাসী কাজ করত, তাদের আর্থিক অবস্থারও উন্নতি হত। কিন্তু ৮-১০ বছর হল, ওই খনি বন্ধ হয়ে যাওয়ায় আর্থিক অবস্থা তাদের খারাপ হয়ে গেছে। অপরদিকে কিছু পরিকল্পনা আমাদের জেলা পরিষদ থেকে নেওয়া দরকার। যেসব প্রকল্প আগে ছিল কেন্দুপাতা, শালপাতা, সবুই দড়ি, মহুয়া থেকে যে ভালো লিকার হত সেই সমস্ত গাছগুলি কেটে নেওয়ার ফলে আদিবাসীদের জীবিকা নির্বাহের উৎস যেগুলি ছিল সেইগুলি নষ্ট হয়ে গেছে। তাই বিকল্প উৎসের সন্ধান আমাদের করতে হবে। সেইজন্য সরকারের কাছে অনুরোধ করব বিকল্প অর্থনীতি চালু করার জন্য, ওই এলাকায় কিছু সরকারিভাবে প্রকল্প নেওয়া দরকার। কারণ পঞ্চায়েতের টাকায় কেবলমাত্র সেখানে অর্থনৈতিক উন্নয়ন করা সম্ভব নয়। এখানে মাননীয় সদস্য সৌগতবাবু বলেছেন, অনেক বিরোধী সদস্যও বলেছেন, আমাদের সরকার দেউলিয়া হয়ে গেছে। পশ্চিমবঙ্গ সরকার নিশ্চয় অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়েছে। কিন্তু আমাদের ভারত সরকারের অবস্থাটা কি দেউলিয়া হয়নি। বিদেশীদের কাছে ঋণে মাথা বিকিয়ে দেয়নি! এখন প্রধানমন্ত্রী ভারত উদয়-এর কথা বলছেন, সুষমা স্বরাজও বলছেন ভারত উদয়ের কথা। কিন্তু গত ২৭।২।০৪ তারিখে রাষ্ট্রপতি কলিকাতায় এসে একটি অনুষ্ঠানে বলেছেন, 'কিসের ভারত উদয়'—যদি না দেশের গরীব মানুষের মুখে হাসি ফোটানো না যায়। যে দেশের মানুষ ভালো করে খেতে-পরতে পায় না, তাদেরকে ভারত উদয় বলা যায় কিনা জানি না। তিনি এখানে বলে গেলেন, বি.জে.পি. সরকার দেশের জি.ডি.পি.-র হার বা গ্রস ডোমেষ্টিক প্রোডাকশান-এর হার ৮ শতাংশ বলে যে দাবি করেছে, অ্যাকচুয়ালি এটা হচ্ছে, ৬ শতাংশ। আমাদের প্রধানমন্ত্রী একরকম বলছেন, রাষ্ট্রপতি আর একরকম বলছেন, এটা থেকে পরিষ্কার বেরিয়ে আসে, আমাদের প্রধানমন্ত্রী ভারত উদয় সম্বন্ধে যে গল্প বলেছেন সেটা সম্পূর্ণ মিথ্যা। কয়েকদিন আগে একটা ম্যাগাজিনে রিপোর্ট বেরিয়েছে, পলিটিক্যাল অ্যান্ড ইকনমিক রিস্ক কনসালটেন্সি সংস্থায় সাম্প্রতিক এক সমীক্ষায় তথ্য প্রকাশ পেয়েছে, সমগ্র এশিয়ার মধ্যে দুর্নীতিগ্রস্ত দেশ হিসাবে ভারতের স্থান দ্বিতীয়। একমাত্র ইন্দোনেশিয়াই দুর্নীতিতে ভারতকে টেক্কা দিতে পারে। দুর্নীতিগ্রস্ত দেশ হিসাবে আমাদের ভারতের স্থান দ্বিতীয়। ভারত উদয়-এর বিজ্ঞাপনটা পড়ে দেশময় যখন বি.জে.পি.

এবং তার অনুগামী শরিক নেতাদের হৃদয়ে যখন সুখানুভূতির প্লাবন বইছে তখন আন্তর্জাতিক মহলের বিচারে ভারতকে দ্বিতীয় শীর্ষ দুর্নীতিগ্রস্ত দেশের তক্‌মা এঁটে দেওয়া হয়েছে। এন.ডি.এ. সরকারের দৌলতে এই শিরোপাগুলি মোটেও অমূলক নয়। যখন কাগজে প্রকাশিত হয়, কেন্দ্রীয় ক্যাবিনেট সচিব কমল পাণ্ডের সাম্প্রতিক উক্তি থেকে সব দপ্তরের সচিবদের কাছে যার স্বীকারোক্তি দেশের প্রশাসন এমন জায়গায় গেছে ঘুষ না দিলে কাজ হয় না। এমনকি অবসরপ্রাপ্তদের কাজ করতে গেলে ঘুষ দিতে হয়। এখন দেশের সাধারণ মানুষ কাজ পায় কি করে। এই দুর্নীতির মধ্যে যারা সততা ও নিষ্ঠার পরিচয় দিয়ে কাজ করতে চান তাদের দশা যে কি হচ্ছে তা বিহারের তরুণ ইঞ্জিনিয়ার সত্যেন্দ্র দুবের হত্যাকাণ্ড থেকেই স্পষ্ট হয়ে যায়। আমাদের বামপন্থীরা বারবার বলেছেন, কালো টাকা উদ্ধারের ব্যবস্থা করুন। কিন্তু এন.ডি.এ. সরকার কালো টাকা উদ্ধারের জন্য কোনো আইন প্রণয়ন করছেন না। দেশের সমস্ত রাষ্ট্রায়ত্ত শিল্পগুলি যেগুলি রয়েছে, সেইগুলিকে তারা বিক্রি করে দিচ্ছে, বিক্রি করে অর্থনৈতিক অবস্থাকে চাঙা করার চেষ্টা করছে। আমাদের পশ্চিমবাংলায় কিন্তু আমরা আমাদের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে বিক্রি করে দিয়ে নিজেদের অর্থনৈতিক অবস্থাকে চাঙা করার চেষ্টা করছি না। কিন্তু কেন্দ্রীয় সরকার কালো টাকা উদ্ধারে যত না বেশি আগ্রহী, তার থেকে বেশি আগ্রহী দেশের রাষ্ট্রায়ত্ত শিল্পগুলোকে বিক্রি করে দেবার ব্যাপারে। রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুধন রাহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারী মহামান্য রাজ্যপাল এই বিধানসভায় যে ভাষণ প্রদান করেছেন তার উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। বিরোধীরা বলেছেন, রাজ্যের শিক্ষাব্যবস্থা নাকি একেবারে ভেঙে পড়েছে। ১৯৫২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত কংগ্রেস পশ্চিমবাংলায় যখন ক্ষমতায় ছিল তখন কটা প্রাইমারি স্কুল ছিল, কটা জুনিয়ার স্কুল ছিল, কটা হাইস্কুল ছিল ? সবচেয়ে বড়ো কথা হচ্ছে এই স্কুলগুলোতে যাতায়াতের কোনো রাস্তা ছিল না। বর্ষাকালে গ্রামের রাস্তা দিয়ে মানুষ যাতায়াত তো দূরের কথা, গরুর গাড়ি, মোষের গাড়িও যাতায়াত করতে পারত না। কিন্তু ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের রাস্তাঘাটের বর্তমানে অভূতপূর্ব উন্নতি হয়েছে। এখন গ্রামে গরুর গাড়ি, মোষের গাড়ি চলে না, এখন ভ্যান রিকশা চলে। এক সময় এই কংগ্রেসিরাই ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন বয়কট করেছিল। আর এখন সেই জোতদারদের ছেলে-মেয়েরাই প্রধান, উপ-প্রধান, জেলা পরিষদের সভাধিপতির পদ অলঙ্কৃত করে রেখেছেন। জলপাইগুড়ির কংগ্রেস নেতা হরেন্দ্রনাথ চক্রবর্তী যখন শিক্ষামন্ত্রী ছিলেন তখন তার কাছে আমরা গিয়েছিলাম আমাদের জেলায় কিছু প্রাইমারি স্কুল করার ব্যাপারে। তখন তিনি বলেছিলেন, ওদের ছেলে-মেয়েদের লেখাপড়া শিখিও না, তোমাদের মাথায় কাঁঠাল ভেঙে খাবে। এখন ওইসব ছেলে-মেয়েরাই কাঁঠাল ভেঙে খাচ্ছে। আমাদের জলপাইগুড়িতে আগে দুটি কলেজ ছিল—জলপাইগুড়ি কলেজ এবং আলিপুরদুয়ার কলেজ। এখন আমাদের জেলায় ১১টি কলেজ হয়েছে। আপনাদের আমলে অঙ্গনওয়ারি কর্মী হিসাবে ক্লাস এইট পাশ মেয়ে খুঁজে পাওয়া যেত না। আর আজকে গ্রামে গ্রামে ডজন

ডজন এম.এ., বি.এ., উচ্চমাধ্যমিক, মাধ্যমিক পাশ ছেলে-মেয়ে পাওয়া যাচ্ছে। আর আপনারা বলছেন, শিক্ষাব্যবস্থা এখানে ভেঙে পড়েছে। আপনারা বলছেন রাস্তার অবস্থা নাকি বেহাল ! আপনাদের আমলে তো রাস্তাই ছিল না। কংগ্রেসি নেতারা পরিযায়ী পাখির মতো পাঁচ বছর অন্তর ইস্ত্রি করা খদ্দরের পায়জামা-পাঞ্জাবী পরে গ্রামে যান। পাঁচ বছর অন্তর গ্রামে গিয়ে গ্রামের চেহারা বোঝা যায় না। আগে কংগ্রেসের প্রতীকচিহ্ন ছিল জোড়া বলদ, জোড়া বলদ গেল, এল গাই-বাছুর, গাই-বাছুর গেল, এল হাত। আপনাদের কোনো কিছুরই স্থায়িত্ব নেই। আজকে কংগ্রেসিদের মুখে আইন-শৃঙ্খলার কথা মানায় না। দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের পতনের পরে ওদের হাতে আমাদের দলের ১১০০ লোক খুন হয়েছিল। কাশীপুরের গণহত্যার জন্য দায়ী আপনারা। গৌরকিশোর ঘোষ রোজ মাথা ন্যাড়া করতেন। তাকে জিজ্ঞাসা করা হয়েছিল, আপনি রোজ মাথা ন্যাড়া করেন কেন ? তিনি বলেছিলেন প্রতিবাদ করার জন্যই আমি রোজ মাথা ন্যাড়া করি। কিন্তু যখন কাশীপুরে গণহত্যা হল, তিনি তখন কোনো প্রতিবাদ করেননি। আজকে ভারতবর্ষের মধ্যে শিক্ষিতের হার সবচেয়ে বেশি হচ্ছে কেরালায় ৯২.৮ শতাংশ, আর পশ্চিমবাংলায় হচ্ছে ৭২ শতাংশ। আর আমাদের পাশের রাজ্য বিহারে হচ্ছে ৪০ শতাংশ।

[ 6.00 – 6.10 p.m. ]

কর্নাটকে তুলাচাষীরা আত্মহত্যা করেছে। আপনাদের নরসিমহা রাও দরজা খুলে দিয়েছে, বিদেশ থেকে বীজ আসছে, সার আসছে। কামরূপের সার কারখানা, বারাউনি, দুর্গাপুর, হলদিয়ার সার কারখানা একটাও নেই। বিদেশ থেকে বেশি দামে সার আনতে হয়। আগে পশ্চিমবাংলায় ইউরিয়া বিনা পয়সায় দিত, পরে হল ৫০ পয়সা, এখন সাড়ে পাঁচ টাকাতেও পাওয়া যায় না। ধানের পোকা মারার জন্য ডি.সি.এইচ. লাগে এখন ১০০ গ্রাম ডি.সি.এইচ.-এর দাম সাড়ে পাঁচশো টাকা। অবাধ আমদানি নীতির ফলে মালয়েশিয়া বা অন্যান্য দেশ থেকে চাল, মুড়ি, মাংস, কাড়ু আরও কত কি আসছে। ত্রিস্তর পঞ্চায়েতে যে উন্নতি হয়েছে পশ্চিমবঙ্গে, দিল্লী থেকে তার সার্টিফিকেট দিয়েছে। এই পশ্চিমবাংলার জন্ম হয়েছে রামকৃষ্ণ, বিবেকানন্দ, রবীন্দ্রনাথ, নজরুল থেকে, তারপরই বামফ্রন্ট সরকার। তখন মমতা কোথায় ছিল ? কেউ ছিল না। কংগ্রেসিরা তো টুকরো টুকরো হয়ে গেছেন, ভেঙে চুরমার হয়ে গেছে। কোন রাজ্যে আপনারা আছেন বলুন তো ? আর পশ্চিমবঙ্গের সমালোচনা করছেন ? রাজ্যপাল সঠিকভাবেই উল্লেখ করেছেন, আমরা আতঙ্কিত সন্ত্রাসবাদী জঙ্গী কার্যকলাপের জন্য। এদের হাতে পশ্চিমবঙ্গে ২৬ জন বামপন্থী মারা গেছে, তার মধ্যে সি.পি.এম.-এর ২০ জন, আর.এস.পি.-র ৬ জন। হাইস্কুলের হেড মাস্টার খুন হলেন তাদের হাতে নিজের স্কুলেই। আই.এস.আই. গোটা দেশে জাল বিছিয়েছে, তার বিরুদ্ধে কি করেছে কেন্দ্রীয় সরকার ? পার্লামেন্টে আক্রমণ করল, সেটাও রুখতে পারলেন না আপনারা।

স্বাস্থ্যের কথা বলছেন ? আগে পশ্চিমবাংলায় তিন-চারটে গ্রাম পঞ্চায়েত নিয়ে একটা স্বাস্থ্যকেন্দ্র ছিল আপনাদের সময়, তাতে একটাও বেড থাকত না। আর এখন প্রত্যেকটা গ্রাম পঞ্চায়েতে একটা করে হাসপাতাল আছে, তাতে ৬টা করে বেডও আছে। এখন রুরাল হাসপাতাল আছে, সাব-ডিভিসন হাসপাতাল আছে।

সমস্যা অনেক আছে, সেইগুলোর সমাধান অবশ্যই করতে হবে। কিন্তু রাজ্যটা তো শুধু সি.পি.এম.-এর নয়, দায়িত্ব আপনাদেরও আছে। দায়িত্বজ্ঞানহীনের মতো কথা বলে পশ্চিমবাংলাকে ছোটো করা যাবে না। তাই বলছি, আসুন সকলে মিলে পশ্চিমবাংলাকে উন্নত করি, গোটা দেশের মধ্যে শ্রেষ্ঠ রাজ্য হিসাবে পরিগণিত হোক আমাদের পশ্চিমবাংলা। এটাই আমরা চাই। এই কটি কথা বলে, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী সমর হাজরা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল মহাশয়, এখানে যে ভাষণ পাঠ করেছেন তাকে ধন্যবাদ জানিয়ে এবং বিরোধীদের সংশোধনীর বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলছি। রাজ্যপাল সঠিকভাবেই পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলার বাস্তব চিত্র তুলে ধরেছেন। মাননীয় সরকার পক্ষের সদস্যরা বিস্তারিত ব্যাখ্যা সহযোগে বিরোধীদের জবাব দিয়েছেন। আমি যে আইন-শৃঙ্খলার প্রশ্নে বলছি যে কংগ্রেস শাসিত এবং বি.জে.পি. শাসিত যে রাজ্যগুলো আছে, তাদের আইন-শৃঙ্খলা পশ্চিমবাংলার চেয়ে উন্নত নয়। কারণ পশ্চিমবাংলাকে কোনোদিন গুজরাট হতে হবে না, সেই বাতাবরণ এখানে বামফ্রন্ট সরকার তৈরি করেছে যাতে পশ্চিমবঙ্গ কোনোদিন গুজরাট না হয়। এখানে মানুষ তার নাগরিক অধিকারকে ভোগ করতে পারেন নির্বাচনের মাধ্যমে, এখানে মানুষ অবাধে তাদের ভোট দিতে পারে। বিরোধী সদস্যরা বারবার বলেছেন, পশ্চিমবাংলায় নাকি তপশীলি জাতি এবং উপজাতি মানুষদের বঞ্চিত করা হচ্ছে। কিন্তু আমরা দেখেছি যে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার তপশীলি জাতি, উপজাতি মানুষদের ক্ষেত্রে একটা দৃষ্টান্ত স্থাপন করেছে, তাদের মর্যাদা দিচ্ছে। এখানে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাকে প্রবর্তন করা হয়েছে। এখানেই বামফ্রন্ট সরকারের সাফল্য। আজকে স্বাস্থ্য পরিষেবার কথা বলেছেন আপনারা, যে স্বাস্থ্য অবস্থা বেহাল হয়েছে। কিন্তু পশ্চিমবাংলার ৭০ ভাগ মানুষ আজও সরকারি স্বাস্থ্য পরিষেবা পেয়ে যাচ্ছে যা ভারতবর্ষের আর কোনো রাজ্যে নেই, অন্য কোনো রাজ্য পায় না। হ্যাঁ, ঠিকই যে এখন সরকারি চিকিৎসায় পয়সা লাগছে, কিন্তু যাদের সামর্থ্য আছে পয়সা দেওয়ার তাদের তো পয়সা দিতেই হবে। শিক্ষাক্ষেত্রেও সেই একই কথা, যাদের পয়সা আছে কেন তারা বিনা বেতনে পড়বে ? এইসব কথাই তো রাজ্যপালের ভাষণে বলা আছে। আজকে পশ্চিমবাংলার পঞ্চায়েতরাজের মাধ্যমে গ্রামাঞ্চলে নানারকম উন্নয়ন ঘটছে। আজকে গ্রামে গ্রামে শুদ্ধ পানীয় জল পৌঁছে দেওয়া হচ্ছে। তারপর মৎস্যজীবীদের সাহায্য করা হচ্ছে, ঘর তৈরি করে দেওয়া হচ্ছে, মৎস্যজীবীদের পি.এফ. তৈরি করে দেওয়া হচ্ছে, অসংগঠিত শ্রমিকদের ভবিষ্যনিধি করে দেওয়া হচ্ছে। এইরকমভাবে পশ্চিমবংলার বামফ্রন্ট সরকার উন্নয়ন করতে চাইছেন। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে সেই সত্যটাই তুলে ধরেছেন। আজকে যথার্থ অর্থেই পশ্চিমবাংলায় সর্বশিক্ষা অভিযান হয়েছে। আগামী দশ সালের মধ্যে সব শিশুকে শিক্ষার আঙিনাতে আসতে হবে। রাজ্যপালের ভাষণে কৃষকদের কথা বলা হয়েছে। আজকে বিরোধী সদস্যরা বিধানসভার মধ্যে কৃষকদের কথা বলছেন, কৃষকের আত্মহত্যার কথা বলেছেন। আমি নিজে ওই এলাকার বিধায়ক। ওখানে বছরে দু'বার আলু চাষ হয়। এবারে যে অসুবিধা হয়েছে চাষীরা ঠিক সময়মতো চাষ করে উঠতে পারেনি।

যেভাবে বাজার দর যাচ্ছে, তাতে চাষীদের আত্মহত্যা করার কোনো প্রশ্ন ওঠে না। এই ব্যাপারে তারা সংবাদমাধ্যমে প্রচার করতে চাইছে। এখন তারা কৃষকদের প্রতি দরদ দেখাচ্ছে। আজকে বেকারত্ব বাড়ছে, কেন্দ্রীয় সরকারের নয়া শিল্পনীতির ফলে দিনের পর দিন কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, কোনো কাজ পাচ্ছে না, একটা চরম অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে। পশ্চিমবঙ্গ সরকার চেষ্টা করছে কি করে তাদের স্বনির্ভর করা যায়। বিভিন্ন ঋণ দানের মধ্যে দিয়ে, সমবায়ের মধ্যে দিয়ে নিজের পায়ে তারা যাতে দাঁড়াতে পারে তার জন্য বামফ্রন্ট সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন। মাননীয় রাজ্যপাল বিস্তারিতভাবে সেই ব্যাখ্যাই করেছেন, কিন্তু বিরোধী সদস্যরা সেটা দেখতে পান না। আজকে পরিস্থিতির অনেক উন্নতি হয়েছে। আগে গ্রামে-গঞ্জে সাদা রাস্তা ছিল, সেখানে লাল মোরামের রাস্তা হয়েছে, এখন মানুষের দাবি কালো রাস্তা করতে হবে, মানুষের দাবি সেচের ড্রেনের ব্যবস্থা করতে হবে, মানুষের দাবি কৃষি উৎপাদন বাড়াতে হবে, পানীয় জলের ব্যবস্থা করতে হবে, জমিকে একফসলী থেকে দোফসলী করতে হবে, বাজার দর পেতে হবে, এখন এগুলিই হচ্ছে মানুষের চাহিদা। মাননীয় রাজ্যপাল তিনি তাঁর ভাষণে এইসবের ব্যাখ্যা করেছেন এবং মাননীয় সরকার পক্ষের সদস্যরাও বিস্তৃতভাবে এই কথাগুলি বলেছেন। আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানাই এবং বিরোধী দলের সদস্যরা যে সংশোধনীগুলি এনেছেন তার বিরোধিতা করে এবং রাজ্যপালের ভাষণের উপর যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[ 6.10 – 6.20 p.m. ]

**শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারী ২০০৪ মাননীয় রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে বিধানসভায় যে ভাষণ দিয়েছেন তার উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি এবং যে সমস্ত সংশোধনীগুলি এসেছে তা গ্রহণ করার দাবি জানাচ্ছি। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে গোটা রাজ্যের সত্যিকারের অবস্থা কি সেটা থাকাই স্বাভাবিক, কিন্তু আমরা কি দেখছি ? আমরা দেখছি ভাষণের সঙ্গে বাস্তবের কোনো মিল নেই। তাই এই ভাষণের আমি বিরোধিতা করছি। স্যার, গোটা রাজ্যের আইন-শৃঙ্খলার ব্যাপারে এখানে একতরফাভাবে বলা হয়েছে। বামপন্থী বন্ধুরা বলেছেন, পশ্চিমবঙ্গে নাকি আইনের শাসন প্রতিষ্ঠা লাভ করেছে। কিন্তু পশ্চিমবঙ্গে আইনের কোনো শাসন আছে বলে আমরা মনে করছি না, কারণ পঞ্চায়েত নির্বাচনের আগে এবং পরে দক্ষিণ ২৪-পরগনা জেলার কুলতলি, জয়নগর, ক্যানিং, পাথরপ্রতিমা, কাকদ্বীপ, সাগর এই বিস্তীর্ণ অঞ্চলে কমিউনিস্ট বন্ধুরা একের পর এক যেভাবে সন্ত্রাস করেছে এবং সেখানে এমনকি পশ্চিমবঙ্গ সরকারের মন্ত্রী শ্রী অমর চৌধুরীও রেহাই পাননি। রেহাই পাননি সোনারপুরের বিধায়ক নির্মল মণ্ডল মহাশয়ও। আমি মেনশন পর্বে উপস্থাপিত করেছিলাম, সাগর ব্লকে গত ৯ই জানুয়ারী ৬৪টি তপশীলি পরিবারগুলির ঘর আগুন দিয়ে কমিউনিস্ট পার্টির বন্ধুরা পুড়িয়ে দিলেন এবং সেখানে ১০৪ বছর বয়স্কা এক বৃদ্ধাও অগ্নিদগ্ধ অবস্থায় মারা যায়। এমনি করে সাগর, নামখানা,

বেলপাহাড়ী এলাকায় পুলিশের মাইন বিস্ফোরণে বহু মানুষের জীবন গেছে এবং দার্জিলিং-এর চা-শ্রমিকদের পুড়িয়ে মারার পরেও এই বামপন্থী বন্ধুরা বলবেন পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা ভালো আছে ? বামফ্রন্টের ২৭ বছরের রাজত্বে যেখানে নৈরাজ্য, সন্ত্রাস, লক্-আপে বন্দীর মৃত্যু হচ্ছে, নারী নির্যাতন, নারী ধর্ষণ হচ্ছে সেখানে তাই আমি মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি। আপনারা অবগত আছেন গতকাল হাসপাতাল চত্বরে বেআইনী কার্যকলাপের বিরুদ্ধে এবং নিরাপত্তার দাবিতে এন.আর.এস. হাসপাতালের ডাক্তাররা অনশন করছেন, তারপরেও এই বামপন্থী বন্ধুরা বলবেন পশ্চিমবাংলায় আইনের শাসন আছে ? তাই আমি এই রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি। মাননীয় রাজ্যপাল শিক্ষার সম্বন্ধে যে কথা বলেছেন তাতে মনে হয় ওঁরা যেন সব মানুষকেই শিক্ষিত করে দেবেন, তাই এই সর্বশিক্ষা অভিযান। পশ্চিমবঙ্গে ৫৪ হাজার প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৮ হাজার প্রাথমিক বিদ্যালয়ে মাত্র একজন করে শিক্ষক আছেন। যেখানে শ্রেণীকক্ষ নেই বা ভগ্ন অবস্থায় বিদ্যালয়ের পরিকাঠামোর ডেভলপমেন্ট হচ্ছে না সেখানে কি করে সর্বশিক্ষা অভিযান বাস্তবে রূপায়িত হবে, তাতে আমার প্রশ্ন জাগে। সর্বশিক্ষা অভিযানের মূল উদ্দেশ্য হচ্ছে সমস্ত ড্রপআউট ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ের অঙ্গনে আনতে হবে এবং ৫-১৪ বছর বয়সের শিশুকে একটা গ্রহণীয় মানে পৌঁছে দেওয়ার কথা বলা হয়েছে। সেখানে দাঁড়িয়ে বলতে চাই, ২০০৪-০৫ সালের মধ্যে সমস্ত প্রাথমিক স্তরের ছেলে-মেয়েকে চতুর্থ শ্রেণিতে উত্তীর্ণ করতে হবে। ২০০৪ সালে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে সর্বশিক্ষা অভিযান কতটা বাস্তব রূপ পাবে তাতে সন্দেহ আছে। স্যার, এটা আমাদের রিপোর্ট নয়, একটা ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন—'ফ্রি দি চিলড্রেন'—তাদের রিপোর্ট। তারা সেই রিপোর্টে বলছে স্টেট গভর্নমেন্ট, সেন্ট্রাল গভর্নমেন্ট ইউনিসেফকে সাবমিট করেছেন যে রিপোর্ট তার সারাংশে যা বলা হয়েছে তাতে প্রাথমিক শিক্ষার কি অবস্থা তা ভালো করে বোঝা যায়। বলা হয়েছে প্রতি বছর শতকরা ৩৩ শতাংশ ছাত্র-ছাত্রী ড্রপ-আউট হচ্ছে এবং ১৯৮৮ সাল থেকে অদ্যাবধি রাজ্যে প্রাথমিক শিক্ষক নিয়োগ হয়নি এবং ১৫ বছরে রাজ্যে যেখানে ৩২ শতাংশ জনসংখ্যা বেড়েছে সেখানে ১৯৯৯ সালে মাননীয় মন্ত্রী মহাশয় ঘোষণা করেছেন, ১০ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হবে। কিন্তু অদ্যাবধি কোনো নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হল না। ভারতবর্ষে শিক্ষার ক্ষেত্রে বিভিন্ন কমিশন তৈরি হয়েছে। তারা বিভিন্ন সময় বলেছে—৪০ জন ছাত্র-পিছু একজন শিক্ষক থাকতে হবে। পশ্চিমবঙ্গের শিক্ষা দপ্তর ঘোষণা করল ৮০ জন ছাত্র-পিছু একজন করে শিক্ষক থাকতে হবে। কিন্তু কার্যক্ষেত্রে দেখা গেল ৮৪ জন ছাত্র-পিছু একজন করে শিক্ষক রাখা হল। ইতিমধ্যে ৯ হাজারের বেশি প্রাথমিক শিক্ষক অবসর গ্রহণ করেছেন। তাই আপনাদের কাছে আবেদন যেখানে আমাদের কচি-কচি শিশুরা, আগামী দিনের ভবিষ্যৎ, এই রকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে সেখানে কি করে প্রাথমিক শিক্ষার উন্নয়ন হচ্ছে বলে বামপন্থী বন্ধুরা বলছেন ? আমি তাদের কাছে বিনম্রভাবে আবেদন করতে চাই, আপনারা গ্রামবাংলা থেকে নির্বাচিত হয়েছেন, কিন্তু আজকে স্কুলগুলোর কি অবস্থা হয়েছে তা নিশ্চয় জানেন না, তাই মাননীয় রাজ্যপালের ভাষণের আমি তীব্র বিরোধিতা করছি।

স্যার, স্কুল ম্যানেজিং কমিটির দুর্নীতি, দলবাজির কথা মাথায় রেখে স্কুল সার্ভিস কমিশন গঠিত হয়েছিল। সেদিন মাননীয় মন্ত্রী বলেছিলেন, স্কুল সার্ভিস কমিশন গঠিত হলে নিয়োগের ক্ষেত্রে ম্যানেজিং কমিটির কোরাপশন বন্ধ হবে এবং ভালো শিক্ষক নিয়োগ সম্ভব হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন যে এস.এস.সি.-র মাধ্যমে শিক্ষক নিয়োগে চরম দুর্নীতি এবং দলবাজি হচ্ছে। সেখানে প্যানেল করে লিস্ট টাঙিয়ে দেওয়া হচ্ছে না যে কারা কারা প্যানেলভুক্ত হলেন।

তাছাড়া, পশ্চিমবঙ্গের বহু হাইস্কুল এবং মাদ্রাসা মাষ্টার মহাশয় ছাড়াই চলছে। তাহলে ২৬ বছরের বামফ্রন্টের শাসনে পশ্চিমবঙ্গে শিক্ষার ক্ষেত্রে পরিকাঠামোতে কি ডেভেলপমেন্ট হয়েছে ?

স্যার, আজকে প্রাইমারি এবং সেকেন্ডারি স্কুলে কন্ট্র্যাক্ট বেসিসে শিক্ষক নিয়োগের কথা বলা হচ্ছে। একজন স্থায়ী শিক্ষক একই শিক্ষাগত যোগ্যতায় সরকারের কাছ থেকে ৭ হাজার টাকা বেতন পাবেন আর কন্ট্র্যাক্ট বেসিসে যে শিক্ষক নিয়োগ হবেন তিনি পাবেন মাত্র ১ হাজার টাকা। এইভাবে শিক্ষক নিয়োগের কথা শিক্ষা পর্যদ এবং মাননীয় শিক্ষামন্ত্রী বিভিন্ন জায়গায় বলছেন। স্যার, যেখানে একজন এম.এ., এম.এ.(অনার্স.) স্থায়ী শিক্ষক ১১ হাজার টাকা বেতন পাবেন সেখানে একজন কন্ট্র্যাক্ট শিক্ষক পাবেন ২ হাজার টাকা।

[ 6.20—6.24 p.m. ]

তাই স্যার, আমি বলতে চাই যে, আজকে শুধু প্রাইমারি স্কুলের ক্ষেত্রে কন্ট্র্যাক্ট নয়, আজকে হায়ার সেকেন্ডারি স্কুলের ক্ষেত্রে কন্ট্র্যাক্ট, কলেজের ক্ষেত্রে কন্ট্র্যাক্ট, হসপিটালের ক্ষেত্রে কন্ট্র্যাক্ট হচ্ছে। কলেজে প্রিন্সিপাল নেই, স্কুলে হেডমাস্টার থাকেন না—এরকম অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থা চলছে। পশ্চিমবঙ্গে শিক্ষার ক্ষেত্রে একটা চরম নৈরাজ্য চলছে। তাই আমি মনে করি শিক্ষার এই বেহাল অবস্থার জন্য রাজ্য সরকার সম্পূর্ণভাবে দায়ী। কারণ এই সরকারের বিজ্ঞানসম্মত কোনো পাঠক্রম এবং সিলেবাস সম্পর্কে কোনো সুনির্দিষ্ট পরিকল্পনা নেই। তাই একদিন মহামতি গোখলে বলেছিলেন, "হোয়াট বেঙ্গল থিঙ্কস্ টুডে, ইন্ডিয়া থিঙ্কস্ টুমরো"। সেই পশ্চিমবঙ্গ আজকে শিক্ষার ক্ষেত্রে ১৮তম স্থানে এসে পৌঁছেছে। স্যার, একটা উদাহরণ দিই—বিগত ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে শিক্ষার ক্ষেত্রে বাজেট ছিল মাত্র ১১ পারসেন্ট এবং সেই সময় সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে ৬৪ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হয়েছিল। আজকে শিক্ষাক্ষেত্রে ২৬ পারসেন্ট বাজেট বরাদ্দ সত্ত্বেও সেখানে ২৬ বছরে আপনারা মাত্র ৯২২১ জন প্রাথমিক শিক্ষক নিয়োগ করেছেন। অথচ বামপন্থী বন্ধুরা বলবেন, শিক্ষার উন্নতি হয়েছে ! তাই স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয় যে বক্তব্য এখানে রেখেছেন আমি তার বিরোধিতা করছি। স্যার, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর প্রাথমিক স্তর থেকে ইংরেজি তুলে দিয়েছিল, আজকে ১৯ বছর পর তাঁরা বলছেন, নতুন করে আবার প্রথম শ্রেণি থেকে ইংরেজি চালু করতে হবে। আপনারা ইংরেজি তুলে দিয়েছিলেন, সেজন্য আজকে সর্বভারতীয় পরীক্ষাগুলোতে পশ্চিমবঙ্গ থেকে কেউ আই.এ.এস.,

আই.পি.এস. হচ্ছে না। আপনারা বাংলার মানুষের সঙ্গে দ্বিচারিতা করেছেন। বাংলার মানুষের কাছে আপনাদের ক্ষমা চাওয়া উচিত। সেজন্য মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন এবং মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু বলেছেন—'আমরা ভুল করেছি, তাই আমরা নতুন করে আবার প্রথম শ্রেণি থেকে ইংরেজি চালু করার সিদ্ধান্ত নিয়েছি'! আমার মনে হয়, পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রীর উচিত বিধানসভায় দাঁড়িয়ে জনগণের কাছে ভুল স্বীকার করা। পশ্চিমবঙ্গ নেতাজির বাংলা, পশ্চিমবঙ্গ বিদ্যাসাগরের বাংলা, পশ্চিমবঙ্গ রবীন্দ্রনাথের বাংলা। পশ্চিমবঙ্গের শিক্ষা, সংস্কৃতির ঐতিহ্য যে জায়গায় ছিল, আজকে সেই জায়গায় পশ্চিমবঙ্গের সংস্কৃতি অপসংস্কৃতিতে পরিণত হয়েছে। আজকে বিদ্যাসাগর, রবীন্দ্রনাথের পাশে পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রীর ছবি রেখে বলা হচ্ছে তিনি নাকি পশ্চিমবঙ্গের একজন মহান পুরুষ ! পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী প্রতি বছর বইমেলা উদ্বোধন করতে যান—তিনি বুঝতে পেরেছেন বিদ্যাসাগর, রবীন্দ্রনাথের ছবির পাশে প্রাক্তন মুখ্যমন্ত্রীর ছবি রেখে সেই জায়গায় রবীন্দ্রনাথ, বিদ্যাসাগরকে অপমানিত করা হয়েছে। তাই মাননীয় মুখ্যমন্ত্রী এবারে বইমেলায় যাননি। এই কথা বলে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবের আমি বিরোধিতা করছি এবং বিরোধীদের আনীত সংশোধনীগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

## Adjournment

(The House was then adjourned at 6.24 p.m. on 09.03.2004 till 11.00 a.m. on 10.03.2004 at the Assembly House, Kolkata.)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 10th March, 2004 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker ( SHRI HASIM ABDUL HALIM ) in the Chair, 11 Ministers, 06 Ministers of State and 132 Members.

[ 11.00–11.10 a.m. ]

## Starred Questions
### ( to which oral answers were given )

### হেল্থ সায়েন্স ইউনিভার্সিটি স্থাপন

*২৮। ( অনুমোদিত প্রশ্ন নং *২ ) **শ্রী জ্যোতির্ময় কর** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার হেল্থ সায়েন্স ইউনিভার্সিটি চালু করার পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, তার অগ্রগতি কীরূপ ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** : (ক) হ্যাঁ, সত্যি।

(খ) ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেল্থ সায়েন্স ইতঃমধ্যেই ১.১.২০০৩ তারিখ থেকে কাজ শুরু করেছে। ২০০৩ সাল থেকে MBBS, BDS, B.Sc. (Nursing) এবং M.Sc. (Nursing)-এর ছাত্র ভর্তি করা হয়েছে। ২০০৪ সাল থেকে MD, MS, DM. MCh, MDS, PG Diploma, B. Pharm, B.Sc. (Physiotherapy) Course-এ ছাত্র ভর্তি শুরু হবে।

**শ্রী জ্যোতির্ময় কর** : মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন—উনি যেটা বললেন সেটা অ্যাকাডেমিক সংক্রান্ত অর্থাৎ পঠন-পাঠন সংক্রান্ত। কিন্তু একটা যে ইনফ্রাস্ট্রাকচার অর্থাৎ বিশ্ববিদ্যালয় অটোনমাস হবে, তার ভাইস চ্যান্সেলার থাকবে, তার একটা জায়গা থাকবে—এই সংক্রান্ত তথ্য যদি মন্ত্রী মহাশয়ের কাছে থাকে সভাকে জানাবেন।

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** : হ্যাঁ। ইউনিভার্সিটির জায়গা তো আছেই। আমরা সল্টলেকের ওখানে আমাদের যে সাব-ডিভিশনাল হসপিটাল ছিল ডিডি ৩৬ সেক্টর-১-এ সেখানে

ইউনিভার্সিটির ঘর-বাড়ি তৈরি হয়েছে। ২০০৩ সালে ১লা জানুয়ারি ইউনিভার্সিটিতে কাজ শুরু হয়। তখন আমরা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করিনি। কিন্তু ১ বছর পরে এই বছরের ১লা জানুয়ারি মুখ্যমন্ত্রী গিয়েছিলেন আনুষ্ঠানিকভাবে—আমাদের যে ইনফ্রাস্ট্রাকচার যেটা বললেন ঘর-বাড়ি অফিস সেগুলি আগেই হয়েছিল—কম্পিউটারাইজ করা হয়েছে, ওদের নিজস্ব ওয়েব সাইট হয়েছে—সেগুলি উদ্বোধন করেছেন তিনি। তার সঙ্গে আমাদের ভাইস চ্যান্সেলার আমরা দিয়েছি। রেজিস্টার দিয়েছি, কন্ট্রোলার অফ এক্সজামিনেশান দিয়েছি, ফিনান্স অফিসার দিয়েছি আমরা মোট ১৯টা পোস্ট স্যাংশান করেছি। অফিসার ও অন্যান্যদের মধ্য থেকে এর মধ্যে ১৪ জন এখন কাজ করছেন। পার্সোনাল অ্যাসিসটেন্ট, ডেপুটি কন্ট্রোলার দিয়েছি।

( নয়েজ )

**Mr. Speaker :** Mr. Sobhandeb Chattopadhyay, you please take your seat. If it goes on, I will then suspend the Question. Please take your seat. This cannot happen.

( At this stage, Shri Sobhandeb Chattopadhyay was still shouting. )

Mr. Chattopadhyay, please take your seat. Don't do this. I will suspend the question. Don't do this.

( Noise and Interruptions )

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** স্যার, যিনি প্রশ্ন করেছিলেন তাঁর প্রশ্নের আমি উত্তর দিয়েছি। আর ওঁর যদি প্রশ্ন থাকে তাহলে উনি হাত তুলে পারমিশন নেবেন। সাধারণ কার্টসি এটাই ডিমান্ড করে।

**শ্রী জ্যোতির্ময় কর :** জানুয়ারি ২০০৩ থেকে মেডিকেল ইউনিভার্সিটি চালু করার কথা ছিল, তা কি চালু হয়েছে ? যদি চালু হয়ে থাকে তাহলে নতুন কোনো মেডিকেল কলেজ কি তার অধীনে অনুমোদন পেয়েছে ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** চালু হয়ে কাজ শুরু করেছে। আমাদের কলকাতা বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নিয়ে বিভিন্ন মেডিকেল কলেজে যে সমস্ত ছাত্র-ছাত্রীদের ব্যাচ শুরু হয়ে গেছে সেই ব্যাচগুলি বাদ দিয়ে পরবর্তীকালে যে সব ছাত্রছাত্রী, নতুন ব্যাচের ছাত্রছাত্রী মেডিকেল কোর্সে ভর্তি হয়েছে—অ্যালোপ্যাথিক, হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক-সহ সমস্ত কোর্সে—তারা সবাই এই নতুন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নিয়েই ভর্তি হচ্ছে।

**শ্রী জ্যোতির্ময় কর :** পরিকাঠামোগত পরিষেবা পরিবর্তনের কথা আমি বলছি না, নতুন কোনো কলেজকে এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়েছে কি ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** ১০০ সিটের একটা নতুন প্রাইভেট ডেন্টাল কলেজ হয়েছে। বিড়লা হার্ট রিসার্চ ইন্সটিটিউটের অধীন—বেসরকারি—একটা এম.এস.সি. নার্সিং কোর্স চালু হয়েছে এই ইউনিভার্সিটির পারমিশন নিয়ে। এ ছাড়া এই বিশ্ববিদ্যালয় অনুমোদিত জলপাইগুড়িতে একটা বি ফার্মা কোর্স পড়াবার কলেজ চালু হয়েছে।

**শ্রী জ্যোতির্ময় কর :** মেডিকেল কলেজ স্থাপনের জন্য, নতুন মেডিকেল কলেজ, এই বিশ্ববিদ্যালয় কি দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে এবং এ ব্যাপারে আপনাদের সরকারের কি দৃষ্টিভঙ্গি ? উভয় দৃষ্টিভঙ্গির মধ্যে কোনো পার্থক্য আছে কি ? সরকারি এবং বেসরকারি কলেজ স্থাপনের ক্ষেত্রেও দৃষ্টিভঙ্গির কোনো পার্থক্য আছে কি ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** বিশ্ববিদ্যালয়ের দৃষ্টিভঙ্গি বলার আমার এক্তিয়ার নেই। কিন্তু সরকারি দৃষ্টিভঙ্গি আমি নিশ্চয়ই বলতে পারি। আমরা পোস্ট গ্র্যাজুয়েট কোর্সের মেডিকেল কলেজ বেশি বেশি সংখ্যায় খুলতে চাই যাতে বেশি স্পেশালিস্ট ইত্যাদি তৈরি করতে পারি। তার জন্যই সরকারি ক্ষেত্রের পাশাপাশি বেসরকারি ক্ষেত্রেও আমরা উদ্যোগ নিচ্ছি বেসরকারি উদ্যোগীদের উৎসাহিত করে। উভয় ক্ষেত্রেই আন্ডার গ্র্যাজুয়েট, পোস্ট গ্র্যাজুয়েট, প্যারা মেডিকেল কলেজ, নার্সিং, ফার্মাসি ইত্যাদির আরো সম্প্রসারণে আমরা আগ্রহী।

**শ্রী নির্মল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, শুধু অ্যালোপ্যাথিই নয়, হোমিওপ্যাথি, আয়ুর্বেদিক, ইউনানি ইত্যাদি প্রতিটি বিষয়ই হেল্‌থ সার্ভিস ইউনিভার্সিটির অধীনে আরো বিস্তার লাভ করবে বলে আমরা শুনেছি। বিশেষ করে হোমিওপ্যাথি এবং আয়ুর্বেদিক সংক্রান্ত কার্যক্রম হেল্‌থ সার্ভিস ইউনিভার্সিটি নিয়েছে বলে আমরা জানতে পারছি। আমরা আশা করব, এর মধ্যে দিয়ে আরো বেশি সংখ্যায় ডাক্তার আমরা লাভ করব। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার আরো নতুন নতুন মেডিকেল কলেজ স্থাপনের চিন্তা-ভাবনা আছে। আমাদের উত্তরবঙ্গে একটা মেডিকেল কলেজ আছে। ৬টি জেলার মাত্র একটা মেডিকেল কলেজ। সংগত কারণে ওখানে আরও একটা মেডিকেল কলেজ করার চিন্তা-ভাবনা রাজ্য সরকারের পক্ষ থেকে করা হয়েছে কি ? এটা অনুগ্রহ করে বললে বাধিত হব।

[ 11.10–11.20 a.m. ]

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** আমি আগেই বলেছি এই হাউসে, উত্তরবঙ্গের মালদাতে একটা মেডিকেল কলেজ করার জন্য। প্রোজেক্ট কেন্দ্রীয় সরকারের কাছে দিয়েছি। এটা একটা বাইরের সাহায্য পাবার স্কীম আছে, সেই স্কীম দিয়েছি। যদিও এখনো পর্যন্ত কোনো ইতিবাচক সাড়া পাইনি। আমরা চেষ্টা করছি, যদি এটা পাই তাহলে মালদায় একটা মেডিকেল কলেজ করব।

**শ্রী আবু আয়েস মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় বিগত বাজেট ভাষণে আপনি আমাদের এই রাজ্যে মেডিকেল শিক্ষা ও তার উন্নতি বিধানকল্পে কতকগুলি পদক্ষেপের কথা বলেছিলেন যেটা ২০০০-২০০১ সালে নেওয়া হয়েছিল এবং তার বেশিরভাগ কার্যকরী

হয়েছে বলে বাজেটে বলেছেন। তার অন্যতম বিষয় হচ্ছে, হেল্‌থ সায়েন্স ইউনিভার্সিটি যে পদক্ষেপগুলি নিয়েছিলেন—আমাদের রাজ্যে মেডিকেল শিক্ষা ব্যবস্থার ত্রুটি খুঁজে বের করার জন্য একটা উচ্চ-ক্ষমতাসম্পন্ন কমিটি করেছেন, সেই কমিটি রিপোর্ট পেশ করেছে কিনা ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** হ্যাঁ, একটা এমপাওয়ার কমিটি করেছিলাম। তারা একাধিক রিপোর্ট-এর মধ্যে দুটি রিপোর্ট সাবমিট করেছেন এবং প্রায় সমস্ত মেডিকেল কলেজ ঘুরে দেখে তারা সেই রিপোর্ট সাবমিট করেছেন। আমি শুধু তাদের ঘুরে রিপোর্ট দিতে বলিনি, আমি ওদের বলেছিলাম, আপনারা গিয়ে ঘুরে দেখুন, যদি মনে করেন কোনো ব্যবস্থা নেওয়ার দরকার আছে সঙ্গে সঙ্গে নির্দেশ দেবেন কলেজ পরিচালন কর্তৃপক্ষকে এবং তদনুযায়ী অনেক নতুন ব্যবস্থা হয়েছে। আন্ডারগ্র্যাজুয়েট লেকচারের ক্লাস সকাল ৮টার সময়ে শুরু হয়, বেড-সাইড ক্লিনিক নিয়মিতভাবে হয় এবং ইভিনিং ক্লিনিক অর্থাৎ সকালবেলায় যেমন হয় তেমনি সন্ধ্যার সময়ে যারা ভিজিটিং টিচার তারা বেড-সাইড ক্লিনিক দেন। সেইসব ব্যবস্থা কিছু জায়গায় পরীক্ষামূলকভাবে শুরু হয়েছে। শিক্ষকরা ছাত্র-ছাত্রীদের যে পাঠ দেন, ছাত্র-ছাত্রীদের দৃষ্টিভঙ্গি থেকে সেটার মূল্যায়নের ব্যবস্থা হয়েছে এবং সেটা ক্যালকাটা মেডিকেল কলেজ শুরু হয়েছে। সেই অভিজ্ঞতা থেকে অন্যান্য কলেজে প্রসারিত করার চেষ্টা হচ্ছে। তা ছাড়া আরো অনেকগুলি সুপারিশ পেয়েছিলাম। যেমন, ঘর-বাড়ি রক্ষণাবেক্ষণ সংক্রান্ত, পি.ডব্লু.ডি-র সঙ্গে সমন্বয় সংক্রান্ত আর অর্থ বরাদ্দ ইত্যাদি বিষয়ে। এগুলি নিয়ে আলোচনা করছি, কিন্তু সেগুলি আমরা সব করে উঠতে পারিনি।

**ডাঃ রত্না দে (নাগ) :** হোমিওপ্যাথিতে পোস্ট গ্র্যাজুয়েট চালু করার কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** হ্যাঁ, আমরা চাই পোস্ট গ্র্যাজুয়েট কোর্স হোমিওপ্যাথিতে খুলতে। ন্যাশনাল ইনস্টিটিউটে কোর্স আছে, আমাদের কলেজগুলিতে আমরা খুলতে চেষ্টা করছি কাউন্সিলের অনুমোদনসাপেক্ষে।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** আমাদের রাজ্যে বর্তমানে মেডিকেল কলেজের সংখ্যা কত এবং যেসব জেলাগুলিতে মেডিকেল কলেজ নেই সেখানে স্থাপনের কোনো উদ্যোগ নিচ্ছেন বা নিয়েছেন কিনা ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** এমনিতেই মেডিকেল কলেজ ৭টি আছে, একটা পোস্ট-গ্র্যাজুয়েট ইনস্টিটিউট আছে, আই.পি.জি.এম.আর. যেটাকে পি.জি. বলা হয়, আর আমরা এখন আবেদন করেছি মেদিনীপুরে এবং আই.পি.জি.এম.আর.-এ আন্ডার-গ্র্যাজুয়েট খোলার। আই.পি.জি.এম.আর.-এ পোস্ট-গ্র্যাজুয়েট পড়ানো হয় পি.জি.তে, ওখানে আমরা আন্ডার-গ্র্যাজুয়েট খুলতে চাই আর মেদিনীপুরে নতুন করে মেডিকেল কলেজ করতে চাই। এই ব্যাপারে আবেদন করেছি, লেটার অফ ইনটেন্ট পেয়েছি, তারপর ইন্সপেকশন হবে,

তারপর লেটার অফ পারমিশন চাইবো, পেলে আমরা সেখানে কাজ শুরু করব। এ ছাড়া দুটি ডেন্টাল কলেজ আছে—নর্থ বেঙ্গলে আর আমাদের এখানে। ডেন্টাল প্রাইভেটে একটা খোলা হয়েছে, গত বছর চালু হয়েছে। আয়ুর্বেদিকে একটা প্রাইভেট মেডিকেল কলেজ খোলা হয়েছে। এই হচ্ছে এখন যা আছে।

**শ্রী শুভেন্দু চৌধুরী :** মাননীয় স্বাস্থ্যমন্ত্রী একটু আগে বলার সময়ে বললেন, অনুমোদন পেলে মালদহে একটা মেডিকেল কলেজ হতে পারে। মন্ত্রী মহাশয় একটু বলুন, কারণ আমাদের জানা আছে বিশ্বব্যাঙ্ক এই ব্যাপারে অনুদান দিচ্ছে এবং ওখানে হোস্টেলের জন্য একটা জায়গাও দেখা হয়েছিল—এটার কতটা অগ্রগতি হয়েছে ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** আমি বললাম, বাইরের সাহায্য আমরা পেতে পারি, এই রকম প্রকল্প কেন্দ্রীয় সরকার আমাদের জমা দিতে বলেছিলেন। আমরা মালদহের জন্য একটি প্রস্তাব জমা দিই। বিদেশ থেকে যে সাহায্য পাওয়া যাবে তা আমরা কেন্দ্রীয় সরকারের মাধ্যমে পেতে পারি। কারণ সরাসরি আমরা পেতে পারি না। ওরাই এর জন্য যোগাযোগ করতে পারেন। সেইভাবে আমরা যদি পাই, তাহলে ওখানে আমরা পরিকাঠামো গড়ে তুলব। তারপর আমরা আবেদন করব। আর আপনি যেটা বললেন, আমরা ইতিমধ্যে স্টেট হেল্‌থ সিস্টেম ডেভেলপমেন্ট স্কীম-২-তে রাজ্য স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন প্রকল্প টু-তে বিশ্বব্যাঙ্কের অনুদান এবং আমাদের টাকা দিয়ে করার যে উদ্যোগ নিয়েছি, তাতে আমরা মালদহের ওপরে জোর দিয়েছি। ওখানে যদি আমাদের মেডিকেল কলেজ করতে হয়, তাহলে আমাদের নির্ভরশীল হওয়ার জন্য এগিয়ে থাকতে হবে। যেমন, ওখানে আমরা সি.টি. স্ক্যান মেশিন বসিয়েছি। ডিস্ট্রিক্ট হসপিটালে আমরা সাধারণত সি.টি. স্ক্যান মেশিন বসাই না। আমরা আরও খোঁজার চেষ্টা করছি, জায়গা দেখছি।

**শ্রী চৌধুরী মোহন জাটুয়া :** স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমরা জানি, পশ্চিমবঙ্গে মেডিকেলে এম.বি.বি.এস.-এর ছাত্র সংখ্যা বাড়াবার জন্য মেডিকেল কলেজ হচ্ছে, একজিস্টিং মেডিকেল কলেজ এবং পি.জি.-তে নতুন নতুন সিট বাড়াবার জন্য চেষ্টা করছেন। সরকার সেজন্য ধন্যবাদ পেতে পারেন। মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, যে সমস্ত ছেলে এখানে এমবিবিএস পড়ছে এবং পাশ করছে, তাদের জন্য পোস্ট গ্র্যাজুয়েট এবং পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে এখন যে আসন সংখ্যা আছে তা বাড়াবার জন্য চেষ্টা করছেন কিনা, বা কমাবার পরিকল্পনা আছে কিনা ? যদি কমান তাহলে তা কিসের জন্য এবং ডেফিসিয়েন্সি কিভাবে মেটাবেন ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** আমি আগেই বললাম, কমাবার প্রশ্ন ওঠে না। পোস্ট গ্র্যাজুয়েট, ডিগ্রি-ডিপ্লোমাতে গত বছর বেড়েছে, এই বছরেও বাড়বে।

**শ্রী কমল মুখার্জী :** মেদিনীপুরে যে বেসরকারি মেডিকেল কলেজ স্থাপিত হয়েছে, সেই মেডিকেল কলেজে এই বছরে এমবিবিএস কোর্সে ছাত্র ভর্তি হবে বলে আপনারা

বলেছিলেন এবং সঙ্গে সঙ্গে পি.জি. হাসপাতালেও এমবিবিএস পড়ানো হবে বলেছিলেন— এই বছরে তা হলো না কেন ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** মেডিকেল কাউন্সিল অফ ইন্ডিয়ার অনুমোদন পাওয়া যায়নি। আমরা লেটার অফ পার্মিশন পাইনি। লেটার অফ ইনটেন্টটা পেয়েছি। আমরা পার্মিশন না পাওয়ার কারণে অনুমোদন করতে পারিনি।

**শ্রী তারাপদ চক্রবর্তী :** বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজে সেখানে আকুপাংচার যে ব্যাপারটা, এটা কোনো স্কীমের মধ্যে ধরা আছে কিনা এটা একটু জানাবেন। কারণ আমার ওন্দাতে একটি আকুপাংচার সেন্টার খোলা হয়েছে। সেখানে বহু মানুষ সুযোগ-সুবিধা পাচ্ছে। বিশেষ করে গরিব মানুষরা আকুপাংচার চিকিৎসায় নিরাময় হচ্ছে।

[ 11.20–11.30 a.m. ]

বাঁকুড়া মেডিকেল কলেজে এইরকম কোনো শিক্ষাদানের ব্যবস্থা করা যায় কিনা যাতে করে যেসব ছাত্র মেডিকেল কলেজে পড়ছে তাদের আকুপাংচার পড়ানোর শিক্ষা দেওয়া যেতে পারে—এই ব্যাপারে কোনো ব্যবস্থা গ্রহণ করছেন কিনা ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** আমরা আকুপাংচার চিকিৎসার সম্প্রসারণ হোক চাই কিন্তু মেডিকেল কলেজে আকুপাংচার পড়ানোর বন্দোবস্ত করা যাবে না কারণ ওটা একটা আলাদা স্ট্রিম, যেমন হোমিওপ্যাথিক একটা স্ট্রিম, আয়ুর্বেদিক একটা স্ট্রিম, সেইরকম আকুপাংচার একটা আলাদা স্ট্রিম এবং তার জন্য আলাদা করে ট্রেনিং দিতে হয়। এম.বি.বি.এস. স্টুডেন্টদের আকুপাংচার পড়ানোর ট্রেনিং দেওয়া যেতে পারে না। কিন্তু আকুপাংচার চিকিৎসার সম্প্রসারণ হোক জেলায় জেলায় সেটা আমরা চেষ্টা করছি।

**শ্রী অরুণাভ ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন ভারত সরকার বনাম উন্নিকিষাণ একটা কেস সুপ্রিম কোর্টে হয়েছিল এবং কেসে উন্নিকিষাণ বলেছিলেন ভারত সরকারের এই ক্যাপিটেশান ফি নিয়ে পড়ানো সম্পূর্ণ বে-আইনি। এতে বড়লোকের গাধা ছেলেরা টাকা পয়সা দিয়ে ১০-১৫ লক্ষ টাকা দিয়ে মেডিকেল পড়ার সুযোগ পাবে অথচ যারা প্রকৃত মেধাবী যাদের টাকা দিয়ে ভর্তির সুযোগ নেই তারা পড়তে পারবে না। আপনারাও কি ওই ক্যাপিটেশান ফি দিয়ে পড়ানোর সুযোগ করে দিচ্ছেন ?

হৃদরোগ প্রাদুর্ভাবের অন্যান্য কারণগুলির মধ্যে রক্তচাপ বৃদ্ধি, অতিরিক্ত ধূমপান, ডায়াবেটিস মেলিটাসের সংক্রমণ অন্যতম। তাই হৃদরোগের প্রবণতা রোধের জন্য সমস্ত চিকিৎসা শিক্ষা মহাবিদ্যালয়ের জেনারেল মেডিসিন, কার্ডিওলজি ও এনডোক্রিনোলজি বিভাগে হাইপারটেনসিভ ক্লিনিক ও ডায়াবেটিক ক্লিনিক চালু করা হয়েছে। হাইপারটেনসিভ ক্লিনিকে যারা উচ্চ রক্তচাপের শিকার অথবা পারিবারিক কারণে উচ্চ রক্তচাপের শিকার হতে পারেন তাঁদের নিয়মিত পরীক্ষা করা হয়। ডায়াবেটিক ক্লিনিকে রক্তে শর্করা মাপার মাধ্যমে রোগীর চিকিৎসা ও ডায়াবেটিস রোগটিকে যথাসম্ভব নিয়ন্ত্রণে রাখার চেষ্টা করা হয়। এ ছাড়াও ওই সমস্ত বিভাগে রোগীদের জীবনযাপনের অভ্যাস পরিবর্তন (Life style modification) সম্পর্কে অবহিত করা হয় যথা—

(১) সঠিক ধরনের খাদ্য গ্রহণের অভ্যাস
(২) নিয়মিত ব্যায়ামের অভ্যাস
(৩) ধূমপান থেকে বিরত থাকা

প্রসঙ্গত উল্লেখ্য, মেডিক্যাল কলেজে Stroke awareness clinic খোলা হয়েছে। গ্রাম থেকে আসা হৃদরোগীদের চিকিৎসার জন্য বর্ধমান মেডিকেল কলেজ, বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও উত্তরবঙ্গ মেডিকেল কলেজেও সংশ্লিষ্ট বিভাগ চালু করা হয়েছে।

## সাতগাছিয়া গ্রামীণ হাসপাতালের উন্নয়ন

*৩৮। ( অনুমোদিত প্রশ্ন নং *১৯৬ ) **শ্রীমতী সোনালী গুহ** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সাতগাছিয়ার মুচিশায় লক্ষ্মীবালা দত্ত গ্রামীণ হাসপাতালের উন্নয়নের জন্য সরকার কী উদ্যোগ নিয়েছেন ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন প্রকল্প অনুযায়ী অন্যান্য গ্রামীণ হাসপাতালের মতো উক্ত হাসপাতালটিতেও সার্বিক উন্নতি ঘটানো হয়েছে।

মুচিশায় লক্ষ্মীবালা দত্ত গ্রামীণ হাসপাতালে ইতোমধ্যে এক্সরে এবং ই.জি.সি. মেশিন বসানো হয়েছে। তাছাড়া একটি মাইনর ও.টি. চালু হয়েছে। মেশিন দুটি চালানো এবং ও.টি. চালু রাখার জন্য যথাযথ কর্মী নিয়োগ করা হয়েছে।

## গ্রামীণ হাসপাতালের উন্নীতকরণ

*৩৯। ( অনুমোদিত প্রশ্ন নং *৩০৩ ) **শ্রী তাপস চট্টোপাধ্যায়** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কয়েকটি গ্রামীণ হাসপাতালকে স্টেট জেনারেল হাসপাতালে উন্নীত করা হবে ; এবং

(খ) সত্যি হলে, মেমারি গ্রামীণ হাসপাতালটিকে এই তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বর্তমানে এই ধরনের কোনো প্রস্তাব স্বাস্থ্য কৃত্যক অধিকারের বিবেচনাধীন নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

## প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বন্ধের সিদ্ধান্ত

*৪০। ( অনুমোদিত প্রশ্ন নং *৪২২ ) **শ্রী অজয় দে** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার রাজ্যের কয়েকটি চালু প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছেন ;

(খ) সত্যি হলে, তার সংখ্যা কত ; এবং

(গ) এগুলি বন্ধ করার কারণ কী ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## মেটাল বক্স কারখানা চালুকরণ

*৪১। ( অনুমোদিত প্রশ্ন নং *১২৮ ) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেটাল বক্স কারখানাটি দীর্ঘদিন বন্ধ হয়ে আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কারখানাটি খোলার বিষয়ে সরকার কী উদ্যোগ গ্রহণ করেছেন ?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্য সরকার বিভিন্ন সময়ে বি.আই.এফ.আর., এ.এ.আই.এফ.আর এবং দিল্লি হাইকোর্টে আবেদন করে সংস্থাটির পুনরুজ্জীবন প্রকল্পের পক্ষে সায় দেন এবং নীতিগতভাবে বিভিন্ন আর্থিক সুযোগ-সুবিধা প্রদানের জন্য অঙ্গীকারবদ্ধ হন যাতে কলকাতার শাখাগুলি পুনরায় চালু করা সম্ভব হয়। দুঃখের বিষয় সংস্থাটির পরিচালন কর্তৃপক্ষ এককভাবে কলকাতার শাখাগুলি চালু করার ব্যাপারে অনীহা প্রকাশ করেন। রাজ্য সরকার বিভিন্ন সময়ে সংস্থাটির পরিচালন কর্তৃপক্ষ এবং এটির কলকাতা শাখাগুলির সংশ্লিষ্ট কর্মচারী ইউনিয়নগুলির সঙ্গে আলোচনা করে কলকাতার ১নং শাখাটি চালু এবং অন্য শাখাটির কর্মচারীদের বিধিসম্মত প্রাপ্য পাওনার ব্যাপারে মধ্যস্থতা করেন এবং এই ব্যাপারে এখনও সচেষ্ট রয়েছেন।

## তাঁতবস্ত্র সামগ্রীর রপ্তানি

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *২৯০) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত ২০০২-০৩ আর্থিক বছরে এ রাজ্য থেকে উল্লেখযোগ্য পরিমাণ তাঁতবস্ত্র সামগ্রী বিদেশে রপ্তানি করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, রপ্তানিকৃত বস্ত্র সামগ্রী থেকে অর্জিত বৈদেশিক মুদ্রার পরিমাণ কত ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) ভারত সরকারের ডাইরেক্টর জেনারেল অফ কমার্শিয়াল ইনটেলিজেন্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্স সূত্রে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জানা যায় যে, বিগত আর্থিক বছরের এপ্রিল, ২০০২ থেকে ফেব্রুয়ারি, ২০০৩ পর্যন্ত সময়ে এই রাজ্য থেকে জল, স্থল ও আকাশপথে মোট ২১৩৮৮.২০ লক্ষ টাকার তাঁতবস্ত্র সামগ্রী বিদেশে রপ্তানি করা হয়েছে। এই পরিমাণ রপ্তানি থেকে অর্জিত বৈদেশিক মুদ্রার পরিমাণ জানা নেই।

## হাসপাতালে স্টাফ প্যাটার্ন

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫০) **শ্রী কমল মুখার্জী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সরকারি হাসপাতালগুলিতে পরিকাঠামোগত কোনো নির্দিষ্ট স্টাফ প্যাটার্ন আছে কি ; এবং

(খ) থাকলে, তা কীরূপ ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) মেডিকেল কলেজে এম.সি.আই. বিধি অনুযায়ী এবং রাজ্যের অন্যত্র অর্থাৎ জেলা, মহকুমা, রাজ্য সাধারণ, ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, গ্রামীণ হাসপাতালগুলিতে '৯১ সালে প্রকাশিত পদ সৃষ্টির সরকারি আদেশনামা অনুযায়ী চিকিৎসক, সেবিকা, প্রকৌশলী ও অন্যান্য শ্রেণীর নির্দিষ্ট পদ সংখ্যা হাসপাতালের শয্যাসংখ্যা অনুযায়ী ঘোষিত আছে।

Q. No. 33 will be given later.

**Mr. Speaker:** Yesterday I have received a notice of breach of privilege from the Leader of the Opposition Shri Pankaj Banerjee. I am requesting Shri Banerjee to move his notice.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** স্যার, গতকাল আপনার কাছে আমাদের প্রতিবাদ জ্ঞাপন করবার পরে আমাদের যে প্রিভিলেজ নোটিশ আমরা দিয়েছি তা আবার সমর্থন করে আপনার কাছে এই বিষয়ে সুবিচার আশা করি।

**Mr. Speaker:** Now, the question is what constitutes a breach of privilege against a member or of the House. The speaches and writings or comments affecting on the character or proceedings of the House or Committees or in relation to any member relating to his character or conduct as a member of the House are considered as breach of privilege and or contempt of the House. But any comment made in relation to a political party as to its conduct, behaviour and activities cannot be termed as breach of privilege or contempt of the House. In course of a political movement, many people make many comments against political parties vis-a-vis. It is outside the House and it concerns political activities. It can never deemed to be a breach of privilege or contempt of the House because it does not relate to any particular member or to any proceeding in the House. It does not say 'you' as such are doing this or doing that. It said a political party is doing this or that. As such, no case of breach of privilege has been made out and accordingly the notice of breach of privilege given by the Hon'ble Shri Pankaj Banerjee, the Leader of the Opposition, is disallowed.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** আপনি আপনার মতামত দিলেন। আমরা আবারও বিরোধী পক্ষের তরফ থেকে বলছি—বিধানসভার ভিতরে যখন রাজ্যপালের ভাষণের উপর আলোচনা চলছে, সেই আলোচনার পরিপ্রেক্ষিতে যখন কনক্লুডিং ভাষণ সরকারি দলের প্রধান হিসাবে মুখ্যমন্ত্রীর দেওয়ার সুযোগ আছে এবং এই ভাষণকে কেন্দ্র করে মাননীয় মুখ্যমন্ত্রী সভার বাইরে যে কটূক্তি করেছেন—আমরা আবারও আমাদের স্থির বিশ্বাস যে মাননীয় মুখ্যমন্ত্রী তিনি এই সভার স্বাধিকার ভঙ্গ করেছেন। তার কারণ তিনি যে অসত্য কথা বলেছেন শুধু তাই নয়—পশ্চিমবাংলার মানুষের কাছে তিনি সম্পূর্ণ মনগড়া অভিযোগ করেছেন। তিনি বলেছেন যে—'তৃণমূল কংগ্রেসের সাথে জনযুদ্ধ গোষ্ঠীর যোগাযোগ আছে।' মাননীয় অধ্যক্ষ মহাশয় দ্বিতীয়বার আমি আবারও আপনাকে আমাদের আবেদন গ্রহণ করবার জন্য অনুরোধ করছি এবং দুটি কথা বলি—প্রথমত যে অঞ্চলে জনযুদ্ধ গোষ্ঠীর সঙ্গে যোগাযোগ আছে বলে অভিযোগ করেছেন গত ৫ বছরে লাগাতার সি.পি.এম. দল এবং পুলিশের একাংশের সহযোগিতায় সেই অঞ্চল থেকে সি.পি.এম-এর এই অগণতান্ত্রিক শক্তি এবং অগণতান্ত্রিক মদতকে যারা প্রতিবাদ করেছিলেন তাদের নিশ্চিহ্ন করে দিয়েছিল এবং বিগত বিধানসভা নির্বাচন ২০০১ সালে আপনি দেখবেন মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রত্যেকটি ক্ষেত্রে একমাত্র শাসক দলের প্রতিনিধি হিসাবে সি.পি.এম. দলের প্রতিনিধি হিসাবে ১ লক্ষ ৮ হাজার ভোটে-৬৭ হাজার ভোটে সেখানে জিতে আসছেন। সেখানে তৃণমূল, বি.জে.পি. বা কংগ্রেসের তাদের অস্তিত্ব সেখানে রাখতে দেওয়া হবে কি ? যেখানে তাদের অস্তিত্বই নেই সেখানে জনযুদ্ধ গোষ্ঠীর সাথে যোগাযোগ এই অভিযোগ সত্য হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যদি ইতিহাস দেখেন—৬০-৭০-এর দশকে প্রথম যখন পশ্চিমবঙ্গে নকশালপন্থী আন্দোলন শুরু হয়—কারা করেছিল—আপনি অবাক হবেন যে তখন যে জঙ্গল সাঁওতালের নাম পাওয়া যায়—আপনি যদি দেখেন—এই জঙ্গল সাঁওতাল কোন দলের সৃষ্টি—সেদিন যারা সেখানে সশস্ত্র আন্দোলনের হুমকি দিয়ে পশ্চিমবঙ্গের প্যারালাল প্রশাসন যারা চালিয়েছিলেন কেউ কংগ্রেস থেকে যায়নি। জাতীয়তাবাদী গণতান্ত্রিক রাজনৈতিক দল থেকে কেউ যায়নি। প্রায় প্রত্যেকেই সিপিএম থেকে গিয়েছিল। সিপিএম-এর একটা রাজনৈতিক অংশ সশস্ত্র যুদ্ধ ঘোষণা করেছিল নকশালপন্থী নাম নিয়ে। তারা প্রশাসনের ওপর হামলা করেছিল, বিদ্বজ্জনের ওপর হামলা করেছিল। পশ্চিমবাংলার অনেক জায়গায় তারা সমান্তরাল প্রশাসন চালু করেছিল। কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, বিজেপি প্রভৃতি কোনো অকমিউনিস্ট দলের সে-সময় নকশালদের সঙ্গে কোনোরকম প্রত্যক্ষ বা পরোক্ষ যোগাযোগ ছিল না। যাদের যোগাযোগ ছিল তারা এক সময় সিপিএম পার্টির নেতা, সদস্য, কর্মী ছিলেন। তারা সিপিএম থেকে দলছুট হয়ে নকশালপন্থী হয়েছিল। কংগ্রেস, তৃণমূল কংগ্রেস বা বিজেপি-র কোনো সশস্ত্র রাজনৈতিক দলের সঙ্গে যোগাযোগের কোনো ঐতিহাসিক ধারাবাহিকতা নেই। দ্বিতীয়ত উগ্রপন্থী কাজের সঙ্গে যুক্ত বলে যাদের জনযুদ্ধ নামে চিহ্নিত করা হচ্ছে তাদের বিরুদ্ধে পুলিশ অ্যাডমিনিস্ট্রেটিভ টেরারিজ্‌ম, প্রশাসনিক সন্ত্রাস সৃষ্টি করছে। তথাপি মুখ্যমন্ত্রী বিরোধী দলের বিরুদ্ধে যে অভিযোগ দায়ের করেছেন তা তিনি কোনোভাবেই প্রমাণ করতে পারছেন না। বিরোধী গণতান্ত্রিক রাজনৈতিক দলের বিরুদ্ধে তিনি অসত্য অভিযোগ উত্থাপন করেছেন এবং

আশ্চর্যের বিষয় হচ্ছে বিধানসভা চলাকালীন তিনি ওইসব কথা সভায় না বলে সভার বাইরে—যাঁদের বিরুদ্ধে অভিযোগ করলেন তাঁদের আত্মপক্ষ সমর্থনের, নিজের বক্তব্য বলার সুযোগ না দিয়ে—বললেন। তাই আমি পুনরায় বলছি মুখ্যমন্ত্রী সভার অবমাননার মধ্যে দিয়ে এই সভার সদস্যদের অধিকার ভঙ্গ করেছেন। এটা ব্রিচ অব প্রিভিলেজ বলেই আমরা মনে করি। আপনাকে বিষয়টির প্রতি ধ্যান দিতে অনুরোধ করে আপনার জাস্টিস সীক্ করছি।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker:** Today I have received four notices of Adjournment Motions. The first one is from Dr. Asish Banerjee on the subject of recurring traffic jam at Rampurhat town. The second one is from Shri Kashinath Mishra, Shri Kallol Khan, Shri Jyoti Priya Mallick, Shri Bankim Chandra Hazra, Shri Ajit Bhunia and Shri Manturm Pakhira on the subject of reported disorder in the Madhyamik Examination causing sufferings to the students in the State. The third one is from Shri Asit Mitra on the subject of reported tough English Question paper in Madhyamik Examination, 2004 and the fourth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of reported snatching of over rupees 1.5 lakh from two employees of Bhangar Post office on the 9th March, 2004.

The subject matters of all the four Motions relate to day-to-day Administration of the Government and do not call for the Adjournment of the Business of the House. Members will get ample scope to raise the matters during discussion on Governor's Address. Besides, the Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member of the Party may, however, read the text of the Motion as amended.

**শ্রী কাশীনাথ মিশ্র :** এ বছরের মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে দিন কয়েক আগে। পরীক্ষার্থীর সংখ্যা ৬ লক্ষের উপর। পরীক্ষার শুরুতেই অ্যাডমিট কার্ড নিয়ে চরম বিভ্রান্তি। কোনও কোনও কেন্দ্রে পরীক্ষার্থীদের অভিযোগ যে পরীক্ষার অ্যাডমিট কার্ডই আসেনি। মধ্যশিক্ষা পর্ষদ যাবতীয় অভিযোগ উড়িয়ে দিয়েছে। দ্বিতীয় দিনের পরীক্ষায় পূর্ব মেদিনীপুরের এক পরীক্ষা কেন্দ্রে ১৭ জন পরীক্ষার্থীর অ্যাডমিট কার্ডে ভিন্ন ছবি সাঁটা হয়েছে বলে অভিযোগ ওঠে। প্রশ্ন হল, কেন এমন বিভ্রাট হবে ? এজন্য দায়ী কর্মীদের কি চিহ্নিত করা হচ্ছে। কী ব্যবস্থা নেওয়া হয়েছে ওই গাফিলতি ঠেকাতে ? আসলে সব ত্রুটি-বিচ্যুতি ধামাচাপা দেওয়ার একটি প্রবণতা এ রাজ্যে আছে। সেজন্য ত্রুটি দূর হয় না। পরীক্ষা শুরুর আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং পরীক্ষা পরিচালন ব্যবস্থার সঙ্গে যাঁরা যুক্ত তাঁরা

নানা প্রতিশ্রুতি দেন। কিন্তু পরীক্ষা শুরুর সঙ্গে সঙ্গে দেখা যায় যে ত্রুটি-বিচ্যুতিতে চরম ভোগান্তি হয় পরীক্ষার্থীদের। পুনরায় প্রশ্ন হল, প্রায় ফি বছর এরকম ঘটনা ঘটবে কেন ? কেনই বা ত্রুটিমুক্ত পরীক্ষা ব্যবস্থা হবে না পশ্চিমবঙ্গে ? বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায়, কর্তৃপক্ষ নিজেদের দোষ ঢাকতে সাফাই গান, কখনও কখনও নানা অজুহাতও দেখানো হয়। অথচ, এইসব গাফিলতির দরুন অসংখ্য ছাত্র-ছাত্রীর নিদারুণ ক্ষতি হয়ে যায়। লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর করুণ কাহিনি অভিভাবক সমাজকেও চিন্তিত করে তুলেছে। অবিলম্বে সভা মুলতবী করে এই বিষয়ে বিশেষভাবে আলোচনা করা হউক।

[ 12.10–12.20 p.m. ]

**শ্রী অসিত মিত্র :** ২০০৪-এর মাধ্যমিকের ইংরেজি প্রশ্নপত্র অত্যন্ত কঠিন হয়েছে। খুব কম পরীক্ষার্থীই এই প্রশ্নপত্রের সঠিক উত্তর দিতে পারবে ? এমন প্রশ্ন দেওয়া হয়েছে যা তাদের পক্ষে উত্তর দেওয়া তো সম্ভব নয়, এমনকি শিক্ষকদের পক্ষেও তার মর্মার্থ উদ্ধার করা কঠিন হয়েছে। এই ধরনের প্রশ্নপত্রের মাধ্যমে সঠিক মেধার পরীক্ষা করা সম্ভব নয়। এই প্রশ্নপত্রের জন্য শুধুমাত্র ছাত্ররা বিক্ষুব্ধ নয় বিভিন্ন শিক্ষক সংগঠনও প্রতিবাদ জানিয়েছে। এমনকি প্রধান শিক্ষক সমিতির সঙ্গে এ.বি.টি.এ.-র পক্ষ থেকেও প্রতিবাদ জানানো হয়েছে। অবিলম্বে এ বিষয়ে তদন্ত করা হোক এবং প্রয়োজনে পরীক্ষার্থীদের স্বার্থে পুনরায় পরীক্ষা নেওয়া হোক অথবা তাদের গ্রেস মার্কস দেওয়ার ব্যবস্থা করা হোক।

## CALLING ATTENTION

**Mr. Speaker:** Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :–

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Alleged death of O.C. of Bandwan P.S., Purulia from a clash between police and extremists on 11.10.2004 | : | Shri Sobhandeb Chattopadhyay & Smt. Sonali Guha |
| (ii) | Proposal for construction of a bridge on Dhallaghat under Budhigram Gram Panchayet, Rampurhat | : | Dr. Asish Banerjee |
| (iii) | Apprehended closure of K. R. Steel Factory at Kalyani | : | Shri Kashinath Mishra<br>Shri Bankim Chandra Hazra<br>Shri Kallol Khan<br>Shri Jyoti Priya Mallick<br>Shri Ajit Bhunia<br>Shri Manturam Pakhira &<br>Shri Ashok Kumar Deb |

| Subject | | Name |
|---|---|---|
| (iv) Reported dacoity at Bhangar Post Office in South 24-Parganas | : | Shri Asit Kumar Mal |

I have selected the notice of **Shri Sobhandeb Chattopadhyay** and **Smt. Sonali Guha** on the subject of **alleged death of O.C. of Bandwan P.S. Purulia from a clash between Police and Extremists on 11.10.2004.**

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 18th March, 2004.

## PRESENTATION OF COMMITTEE REPORTS

### Presentation of the Eighteenth Report of the Committee on Public Accounts (2003-2004)

**Shri Abdul Mannan :** Sir, with your kind permission I beg to present the Eighteenth Report of the Committee on Public Accounts (2003-2004) on Para No. 3.5 of the Report of the Comptroller and Auditor General of India (Civil-III) for the year 1996-97 relating to the Finance Department.

### Presentation of the Nineteenth Report of the Committee on Public Accounts (2003-2004)

**Shri Abdul Mannan :** Sir, with your kind permission I beg to present the Nineteenth Report of the Committee on Public Accounts (2003-2004) on Para No. 3.8 for the year 1999-2000 (Civil-II) and Para nos. 3.5 and 3.9 for the year 2000-2001 (Civil-II) of the Report of the Comptroller and Auditor General of India relating to the Urban Development Department.

## LAYING OF REPORTS

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the Annual Statement of Accounts together with Audit Report of the West Bengal Power Development Corporation for the year 2002-2003.

## MENTION CASES

**ডঃ আশীষ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টির আকর্ষণ করছি। রামপুরহাট বিধানসভার মধ্যে ময়ূরাক্ষী নর্থ ক্যানাল ডিভিশনের সিউড়া মেন ক্যানেলের ফাইভ (বি) শাখা থেকে খাঁ পুকুরের মাঠ পর্যন্ত খনন করা অত্যন্ত প্রয়োজন, কারণ দীর্ঘদিন ধরে খননকার্য না হওয়ায় এই সমস্ত খালগুলি বুজে গেছে এবং সেচের জল সেখানে পৌঁছাচ্ছে না। তারাপুর, বেজুরি, জয়সিংহপুর, পোপাড়া-সাহাপুর প্রভৃতি স্থানে সেচের খাল খনন করা হয়নি দীর্ঘকাল। ফলে সেচের জলের জন্য ওই সমস্ত এলাকার চাষিরা হাহাকার করছে। অন্যদিকে চাষিদের কাছ থেকে সেচ-কর নেওয়া হচ্ছে। এ ছাড়াও রামপুরহাট বিধানসভার মধ্যে চাকপাড়া, পৌড়া-বেলিয়া—এই সমস্ত জায়গাতে সেচের জল পৌঁছায়নি। আমি আপনার মাধ্যমে দাবি করছি, অবিলম্বে চাষিদের যে হাহাকার চলছে, সেচের জল যাতে চাষিদের কাছে পৌঁছায়, জল যাতে মাঠে পৌঁছায় সরকার তার ব্যবস্থা করুন। সরকার সেচ-কর নিচ্ছে অথচ চাষিরা জল পাচ্ছে না। আমি দাবি করছি, সেচমন্ত্রীকে আপনি বলুন যাতে এই ব্যাপারে তিনি একটা ব্যবস্থা করেন। সেচের জল না পাবার জন্য হাজার হাজার কৃষক যে অসুবিধার মধ্যে পড়ে রয়েছে, তাদের অসুবিধার কথা সরকার যেন চিন্তা করেন। আমরা অবাক হয়ে যাই, সরকার সেচের কর নিচ্ছেন কিন্তু চাষিদের জল দিতে পারছে না। রামপুরহাট এলাকার বিভিন্ন স্থানে মানুষ জল পাচ্ছে না, কৃষকরা জল পাচ্ছে না। অবিলম্বে তাদের কাছে জল পৌঁছানো প্রয়োজন এবং বিভিন্ন জায়গায় সেচের যে অব্যবস্থা রয়েছে তা দূর করার জন্য আমি মাননীয় সেচমন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রী এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলায় রেশনকার্ডের বাড়তি সমস্যা থেকে যাচ্ছে। এর সমাধানের জন্য যে উদ্যোগ গ্রহণ করা দরকার, আমার মনে হচ্ছে সেই উদ্যোগে গ্রহণ করা হচ্ছে না। বিশেষ করে, সীমান্তবর্তী জেলা, এই অজুহাতে সরকারি অফিসাররা যাদের রেশনকার্ড দরকার তাদের হয়রান করছেন। প্রকৃত রেশনকার্ড প্রাপকদের রেশনকার্ড দেবার ব্যাপারে জেলা কর্তৃপক্ষের কোনো উদ্যোগ বলে মনে হচ্ছে না। এই প্রসঙ্গে জানাই, রেশনকার্ড প্রাপকদের দেবার মতো রেশনকার্ড জেলায় নেই। আগে বাড়ি বাড়ি ঘুরে প্রকৃত রেশনকার্ড প্রাপকদের রেশনকার্ড দেবার ব্যবস্থা ছিল, সেইভাবে আবার রেশনকার্ড দেবার ব্যবস্থা করুন। রেশনকার্ড না পাবার ফলে যে সমস্ত ছেলেমেয়েরা লেখাপড়া শিখছে, তাদের নানান অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। অনেকে ভর্তি হতে পারছেন না। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, প্রকৃত যারা রেশনকার্ড পাবার অধিকারী তাদের রেশনকার্ড দেওয়া হোক এবং যে সমস্ত ভুয়ো রেশনকার্ড আছে সেগুলোকে বাতিল করা হোক এবং নির্দিষ্ট একটা সময় রাখার দরকার যাতে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকৃত প্রাপকরা রেশনকার্ড পেতে পারে।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে ডাঃ সূর্য্যকান্ত মিশ্র এবং

প্রত্যুষ মুখার্জী আছেন। আগে একটা ব্যবস্থা ছিল, পেয়িং বেডে কোনো রোগী যদি ভর্তি হত, তাহলে পরবর্তী সময়ে বিলো দি পভার্টি লাইন তার ইনকাম, এম.এল.এ.-র কাছ থেকে এই সার্টিফিকেট নিয়ে গিয়ে জমা দিলে তাকে ফ্রি বেড দেওয়া হত। এখন সরকারি নির্দেশ গিয়েছে যে, হাসপাতালে কেউ যদি পেয়িং বেডে ভর্তি হয়, তাহলে তাকে ফুল পেমেন্ট করতে হবে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, আপনি তো একজন ডাক্তার। আপনি বলুন তো, হাসপাতালে একজন লোক যখন এমার্জেন্সি অবস্থায় ভর্তি হয়, তখন সে কি আগে ডাক্তারের কাছে যাবে, না আগে এম.এল.এ.-র কাছে সার্টিফিকেট নিতে যাবে ? আমার মনে হয় এটা একটা অমানবিক সিদ্ধান্ত যে, একবার পেয়িং বেডে ভর্তি হলে তাকে পুরো পেমেন্ট করতে হবে। আগে যে ব্যবস্থা ছিল, পেয়িং বেডে ভর্তি হবার পরে যদি কোনো রোগী এম.এল.এ.-র কাছ থেকে সার্টিফিকেট নিয়ে যেত তাহলে তাকে ফ্রি বেডে দেওয়া হত—কাইন্ডলি এটা পুনরায় চালু করুন। এটা শুধুমাত্র আমাদের সমস্যা নয়, এটা সকলের সমস্যা।

[ 12.20–12.30 p.m. ]

**শ্রী কিরীটি বাগদী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমাজকল্যাণ দপ্তর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় মহিলা এবং শিশু বিকাশ প্রকল্প খোলার জন্য একজন এন জি ও-কে দায়িত্ব দেওয়া হয়েছিল কিন্তু আজকে তিনবছর হয়ে গেল সেটার কাজ চালু করতে পারেননি। কয়েকদিন আগে শুনলাম এই এন জি ও টাকা পয়সা নিয়ে দুর্নীতির ঘটনায় জড়িত হয়ে গেছেন। সুতরাং অবিলম্বে ওই এন জি ও-কে বাতিল করা হোক। এবং ওই মহিলা ও শিশু বিকাশ প্রকল্পটি চালু করা হোক যাতে করে দুস্থ পরিবারের ছেলেমেয়েরা শিক্ষা এবং খাবার থেকে বঞ্চিত না হয়। সুতরাং অবিলম্বে ওই কেন্দ্রটি ওখানে চালু করার ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী মঞ্জু বসু** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে রাজ্য সরকারের সার্বিক অপদার্থতার জন্য সমাজের সমস্ত শ্রেণীর মানুষ বিপন্ন এবং সবচেয়ে বেশি বিপন্ন ছাত্র সমাজ। এই ব্যাপারে একটি ঘটনার কথা বলতে চাই হুগলি জেলার বলাগড় থানার গুপ্তিপাড়ায় একটি পরিবারে একমাত্র ছেলে, যার এইবার মাধ্যমিক পরীক্ষা দেবার কথা এবং টেস্টে ৮৫ নং পেয়ে পাশ করেছে, সেই ছেলে গত কয়েকদিন ধরে নিখোঁজ হয়ে রয়েছে। কোনো খোঁজই তার পাওয়া যাচ্ছে না। তার মা-বাবার কি করুণ অবস্থা, যার ছেলে এইবার মাধ্যমিক দেবার কথা অথচ নিখোঁজ হয়ে গেছে এবং কোনো খোঁজও পাওয়া যাচ্ছে না। পুলিশের তরফ থেকে আরো সচেতন হওয়া দরকার। এর ফলে ছাত্র সমাজ এক অসহায় অবস্থায় পড়েছে। এখনও পর্যন্ত ছেলেটির মা-বাবা ছেলেটি জীবিত না মৃত জানতে পারছে না। পরীক্ষা দেওয়া তো হলোই না, এখন বেঁচে আছে কিনা তাও জানা যাচ্ছে না। সেইকারণে সরকারের কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে ওই ছেলেটিকে যাতে জীবিত অবস্থায় ফিরিয়ে আনা যায় তার ব্যবস্থা করুন। ছাত্র সমাজ যাতে সুষ্ঠুভাবে বাঁচতে পারে তার জন্য আবেদন জানাচ্ছি এবং ছেলেটিকে জীবিত অবস্থায় যাতে খুঁজে বার করা যায় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী তারাপদ চক্রবর্তী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাঁকুড়া জেলার ওন্দা ব্লকে ১৫টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ১৪টি গ্রাম পঞ্চায়েত সেচ এলাকার অন্তর্ভুক্ত। কংসাবতীর জলধারায় ১৪টি এলাকার জল পাওয়ার কথা। কিন্তু মাত্র ৪টি গ্রাম পঞ্চায়েত ওই জল পায়। আর বাকি ১০টি গ্রাম পঞ্চায়েত কোনো সেচের জল পায় না। অথচ ওইসব এলাকার চাষিদের কাছে খাজনা দেবার জন্য নোটিশ জারি করা হয়েছে। একটার পর একটা চাষির কাছে ১০ হাজার ১৫ হাজার টাকার খাজনা দেবার নোটিশ জারি করা হয়েছে। এইরকম অবস্থায় সেচ দপ্তরকে জানাতে অনুরোধ করছি কোন কোন এলাকা সেচ এলাকা এবং কোনটা অসেচ এলাকা সেটা চিহ্নিত করুন। এবং এই ব্যাপারে একটা সংশোধনী বিল বিধানসভাতে আনুন যাতে সেচ এলাকা এবং অসেচ এলাকা হিসাবে চিহ্নিত করা হয় এই দাবি জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন গতকাল মাধ্যমিকের ইংরেজি পরীক্ষা ছিল। এই ইংরেজি পরীক্ষাতে প্রশ্নপত্র অত্যন্ত স্টিফ হয়েছে। ছাত্র, অভিভাবকরা বলছেন, শিক্ষকরা পর্যন্ত বলছেন এই রকম প্রশ্ন আসা ঠিক হয়নি। এর ফলে বহু ছাত্র-ছাত্রীই পুরো উত্তর দিতে পারেনি। আমার কাছে ওই পরীক্ষার কোশ্চেন আছে আমি আপনার আকর্ষণে আনছি এবং আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর আকর্ষণও করছি। আপনার কোশ্চেন নং ৭-এর সেকশান 'সি'-তে একটা আনসিন দেওয়া হয়েছে রিপোর্ট তৈরি করার জন্য। ওই রিপোর্টে যেসব কথাগুলো ব্যবহার করা হয়েছে যেমন সেলেস্টাল, পলিকার্ব ইত্যাদি এইসব শব্দের মানে এতো কঠিন যে ছাত্ররা তো দূরের কথা, শিক্ষকরাই জানেন কিনা সন্দেহ। তারপরে বানানও ভুল আছে যেমন 'অকারিং' এবং 'অকারে' দুটি 'আর' থাকার কথা, সেখানে মাত্র একটি 'আর' দেওয়া হয়েছে। তারপরে ৯ নং কোশ্চেনে অ্যাজ সেক্রেটারি অফ ইকো ক্লাব কি ? আমরা শহরে যেটা জানি, ইকোলজি ক্লাবের সেক্রেটারিকে লিখতে হবে এই ওয়াটার সম্পর্কে, সেফ ওয়াটার সম্পর্কে। এই টেক্সটে, আজকে মাধ্যমিকে-পরীক্ষার্থী—৬ লক্ষ ছাত্রছাত্রী যারা এর সঙ্গে জড়িত আছে, তাদের পরীক্ষা গ্রহণ এবং প্রশ্নপত্র যেভাবে করা হয়েছে, যার উত্তর পাওয়া যাচ্ছে না, মধ্যশিক্ষা পর্যদকে এর জন্য দায়িত্ব নিতে হবে। এই ব্যাপারে তদন্ত করতে হবে, ছাত্রছাত্রীরা এই ব্যাপারে কেন সাফার করবে, এই বিষয়টা দেখা দরকার।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি বিপণন ও ভূমি রাজস্ব মন্ত্রীর কাছে অনুরোধ করছি। মেদিনীপুর সদর ব্লকে কোনো রেগুলেটেড মার্কেট নেই। এখানে কোনো নিয়ন্ত্রিত বাজার নেই। সুতরাং নিয়ন্ত্রিত বাজার করার জন্য এখানে এক খণ্ড জমির প্রয়োজন, সেই জমিও আছে, আবাস ও কেরানীচটিতে অনেক জমি খাস জমি রয়েছে। আমি ভূমি রাজস্ব দপ্তরের কাছে অনুরোধ করছি যারা জমি অ্যাকোয়ার করে নিজেদের দখলে রেখেছে অথচ সেখানে কিছু নির্মাণ করছে না, এই সমস্ত জায়গায় যাতে নিয়ন্ত্রিত বাজার গড়ে তুলতে পারা যায় তার জন্য চেষ্টা হোক। এবং কৃষি বিপণন মন্ত্রীকে অনুরোধ করব এই নিয়ন্ত্রিত বাজার তৈরি করার জন্য প্রয়োজনে যে উদ্যোগ

সেটা গ্রহণ করে অবিলম্বে একটা নিয়ন্ত্রিত বাজার তৈরি করুন। কেননা, চাষিরা অনেকে ফসল ফলাচ্ছে, শাক-সবজি তৈরি করছে, কিন্তু নিয়ন্ত্রিত বাজার না থাকার ফলে তাদের উৎপাদিত দ্রব্য সামগ্রী নিয়ে বাজারে পৌঁছাতে পারছে না, এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা :** স্যার, আমি আপনার মাধ্যমে হাউসে উপস্থিত মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতাল দীর্ঘদিনের ব্লাড ব্যাঙ্কের অভাব আছে। এই দাবির পরিপ্রেক্ষিতে জানাই, কয়েকজন রোগী রক্তের অভাবে মারা যাওয়াতে '৯০ সালে সেখানে আন্দোলন হয় এবং সেই আন্দোলনের বহিঃপ্রকাশ রাজপথ অবরোধ করার মাধ্যমে তৎকালীন সি.এম.ও.এইচ. সুধীর সরকার উপস্থিত হয়ে বলেছিলেন যে নদিয়াতে এই ব্লকে যদি কোনো ব্লাড ব্যাঙ্ক স্থাপন হয় তাহলে নবদ্বীপকে অগ্রাধিকার দেওয়া হবে। দুঃখের বিষয় দেখা যাচ্ছে, নদিয়ার কল্যাণীতে ৩টি ব্লাড ব্যাঙ্ক আছে, একটি হচ্ছে জওহরলাল নেহেরু মেমোরিয়াল হাসপাতাল, আর একটি হচ্ছে, গান্ধী হাসপাতাল এবং আর একটি হচ্ছে নেতাজি সুভাষ সেনেটোরিয়াম এবং নেতাজি সুভাষ সেনেটোরিয়ামটা শিফটেড হবে। নদিয়ার অন্যত্র স্থানান্তরিত হবে। আমি এখানে উপস্থিত মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি। একটু আগে প্রশ্নোত্তরকালে বলেছিলেন, মহকুমা শাসক ও জেলা স্বাস্থ্য আধিকারিক যদি সেখানে প্রস্তাব পাঠায় তাহলে সেখানে অগ্রাধিকার করে দেওয়া যাবে। তাই আনন্দের সঙ্গে বলতে চাই, নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতালে এই ব্লাড ব্যাঙ্ক নির্মাণে সেখানে মহকুমা শাসক ওসি.এম.ও.এইচ সেখানে স্টেট-এর জয়েন্ট সেক্রেটারি অফ হেল্‌থ-এর কাছে প্রস্তাব পাঠিয়েছেন এবং আমি ব্যক্তিগতভাবে গত মাসে মাননীয় মন্ত্রীকে লিখিতভাবে জানিয়েছি, আশা করছি অনতিবিলম্বে স্টেট জেনারেল হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক স্থাপন যেন করা হয় তার ব্যবস্থা করবেন বলে উপস্থিত মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি।

**শ্রী ভূতনাথ সোরেন :** স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যের আবগারি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার নয়াগ্রাম ব্লক উড়িষ্যা এবং পশ্চিমবঙ্গের শেষ প্রান্তে। বর্ডার এলাকায় ২/৩টি গ্রাম পঞ্চায়েত, কম করে সেখানে ১৩/১৪টি চোলাই মদের ভাটিখানা আছে। এই চোলাই মদের ভাটিখানাগুলোতে হাজার হাজার লিটার মদ তৈরি করা হচ্ছে। কিন্তু এই ব্যাপারে বার বার আবেদন করা সত্ত্বেও প্রশাসনিকভাবে কোনোরকম হস্তক্ষেপ করা হচ্ছে না। তার ফলে ওই এলাকার আদিবাসী মানুষের—সামাজিক, আর্থিক এবং পারিবারিক সম্পর্ক নষ্ট হচ্ছে। বিশেষ করে আর্থিক দিক থেকে তারা প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই সমস্ত ভাটিখানাগুলো অবিলম্বে প্রশাসনিকভাবে বন্ধ করে দেওয়ার জন্য আমি আবেদন জানাচ্ছি।

[ 12.30–12.40 p.m. ]

**শ্রী অসিত মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার নার্সিং হোমগুলি একটা অরাজকতার মধ্যে দিয়ে চলছে, তাদের উপরে সরকারের কোনো নিয়ন্ত্রণ আছে বলে মনে হয় না। গত

কয়েকদিন আগে হাওড়া শহরের একটি নার্সিং হোমে একজন রোগীর ভুল চিকিৎসার ফলে তিনি মারা যান। আমি বলছি না, হাসপাতালে বা নার্সিং হোমে গেলে রোগী মরবে না। কিন্তু যে রোগের জন্য সে নার্সিং হোমে ভর্তি হল তার তো সঠিক চিকিৎসা হওয়া দরকার। সবচেয়ে বড় কথা হচ্ছে পশ্চিমবাংলার সর্বত্র ব্যাঙের ছাতার মতো নার্সিং হোমগুলো গজিয়ে উঠছে এবং তাদের অনেকেরই লাইসেন্স নেই বা রেজিস্ট্রেশান নেই। এদের নিয়ন্ত্রণ করার জন্য কোনোরকম আইনি বন্দোবস্ত করা যায় কিনা সেটা বলবেন। আবার হাসপাতালগুলোর সঙ্গে নার্সিং হোমগুলো একটা সম্পর্ক তৈরি করার চেষ্টা চলছে। এখানে স্বাস্থ্য দপ্তরের পূর্ণমন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রী দুজনেই উপস্থিত আছেন, তারা যদি এই ব্যাপারে বিবৃতি দেন তাহলে ভালো হয়। আর রাজ্য সরকারের পক্ষ থেকে নার্সিং হোমগুলোকে নিয়ন্ত্রণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**শ্রীমতী মীনা সনাতনী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল মাধ্যমিকের ইংরেজি প্রশ্নপত্রে কিছু ভুল ছিল। যার ফলে পরীক্ষার্থীদের মধ্যে একটা বিভ্রান্তির সৃষ্টি হয়। এই অনিচ্ছাকৃত ত্রুটির জন্য পরীক্ষার্থীরা যাতে কোনোরকম ক্ষতিগ্রস্ত না হয় সেই ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর এখানে বিবৃতি দাবি করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই হাউসের প্রত্যেক সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি। ক্লাস এইটের এই ইতিহাস বইটির সিলেবাস ঠিক করা হয়েছে এবং বিভিন্ন স্কুলে এই বইটা পাঠানো হয়েছে। বইটির নাম হচ্ছে 'স্কুল হিস্টোরি'—গৌরীশঙ্কর বন্দ্যোপাধ্যায়। ওরা শিক্ষায় গৈরিকীকরণের কথা বলেন, কিন্তু এখানে শিক্ষার রক্তিমকরণ করা হয়েছে। এই বইতে যা আছে সেই ব্যাপারে বিস্তারিতভাবে বলা যাবে না, আমি সংক্ষেপে বলছি। এই বইতে মহাত্মা গান্ধী, নেতাজি, পণ্ডিত জওহরলাল নেহরু, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, রবীন্দ্রনাথ ঠাকুর, মৌলানা আবুল কালাম আজাদ, বাঘাযতীন, ক্ষুদিরাম, মাস্টারদা সূর্য সেন, বালগঙ্গাধর তিলক, এদের অধিকাংশের ব্যাপারেই কোনো লেখা নেই এবং থাকলেও দু-এক লাইন লেখা আছে এবং কোনও ছবিও নেই। যাদের ইতিহাস সম্বন্ধে এই বইতে বড় করে লেখা আছে তারা হলেন—মাও-সে-তুং, কার্ল মার্কস, লেনিন, স্টালিন, সানিয়াৎ সেন, হিটলার, মুজফ্‌ফর আহমেদ। কিন্তু ভারতবর্ষের জাতীয় আন্দোলনে যাঁরা অগ্রণী ভূমিকা অবলম্বন করেছেন তাঁদের ছবি দেওয়া হয়নি। শুনলে আরও অবাক হবেন, যে মারাঠাদের বীরত্ব নিয়ে আমরা কথা বলি, সেই মারাঠাদের ইতিহাস নিয়ে লেখা আছে ১৬ লাইন আর কার্ল মার্কস, ফ্রেডারিক অ্যাঙ্গেল নিয়ে লেখা আছে ৪২ লাইন। আপনারা বলেন গৈরিকীকরণ, এটা কি রক্তিমিকরণ ? ১২ থেকে ১৬ বছরের ছেলেমেয়েরা রুশিয়ান রেভেনিউশান, ফ্রেঞ্চ রেভেলিউশন পড়বে, বিদেশিদের ইতিহাস পড়বে আর ভারতবর্ষের ইতিহাস, পশ্চিমবাংলার ইতিহাস জানবে না। যারা জীবনপণ আন্দোলনের মধ্যে দিয়ে দেশকে স্বাধীন করল, তাদের ইতিহাস ছাত্র-ছাত্রীরা জানতে পারবে না। তাদের দূরে সরিয়ে রাখার এই ধরনের অপচেষ্টার তীব্র বিরোধিতা করছি এবং এই ধরনের বই বাজেয়াপ্ত করার জন্য আবেদন করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার বাউড়িয়ায় গ্রস্টার কেবল কোম্পানীতে একসময় ৩০০০ শ্রমিক কাজ করত, ভালো প্রোডাকশনও হত। কিন্তু ম্যানেজমেন্টের ভোগ-বিলাসিতার কারণে আজকে সেখানে লস দেখানো হচ্ছে, শ্রমিক সংখ্যা ৯০০-তে নামিয়ে এনেছে এবং বলছে এক-একজন শ্রমিক মাসে ৬ দিন কাজ পাবে এবং তাদের ভি.আর.এস. দেবে। আমরা এর প্রতিবাদ করেছি। আজকেও লেবার কমিশনারের অফিসে গিয়েছিলাম। শ্রমমন্ত্রীর দপ্তরেও আলোচনা হয়েছে। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ, অবিলম্বে মিলটি খোলার ব্যবস্থা করুন, নাহলে আমরা কঠিন আন্দোলন করতে বাধ্য হব।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, বাঁকুড়া জেলায় জনযুদ্ধের প্রকোপ চলছে এবং সেখানে পুলিশ, বি.এস.এফ. ২৪ ঘন্টা পাহারা দিচ্ছে বলা হচ্ছে। কিন্তু আপনি জানেন কি, গত ৯ই মার্চ রবিবার বাঁকুড়ার সারেঙ্গা এলাকায় ল্যান্ড মাইন পাওয়া গেছে ? যদিও সেটা বিস্ফোরণ হয়নি, সেটা উদ্ধার করা হয়েছে। আমার কথা হচ্ছে, যেখানে এত পুলিশ, এত পাহারার ব্যবস্থা, সেখানে মানুষের মনে আতঙ্ক বাড়ছে কেন ? এখন বিকেলের পর একটা মানুষও রাস্তায় দেখা যায় না। সারেঙ্গা বলুন, রায়পুর বলুন, রাণীবাঁধ বলুন সেইসব জায়গায় বিকেলের পর থেকে মানুষ পাওয়া যাচ্ছে না, মানুষ এত আতঙ্কগ্রস্ত হয়ে গেছে। পুলিশের ভূমিকা পুলিশ পালন করতে পারছে না। আতঙ্ক দূর করার পরিবর্তে তারা আতঙ্ক সৃষ্টি করছে। এটা বন্ধ করা দরকার। গোয়েন্দা পুলিশ রিপোর্ট দিয়েছে যে বাঁকুড়া বলুন, পশ্চিম মেদিনীপুর বলুন, পুরুলিয়া বলুন আবার বিস্ফোরণ হতে পারে। এর প্রতিকারার্থে কি ব্যবস্থা নিয়েছেন, এইগুলো করা দরকার যাতে মানুষ আর আতঙ্কগ্রস্ত না হয়।

[ 12.40–12.50 p.m. ]

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যালয় শিক্ষামন্ত্রী এবং মাদ্রাসার ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, পূর্ব মেদিনীপুর জেলায় নরঘাট বিধানসভা কেন্দ্রে কোনো হাই মাদ্রাসা নেই। নরঘাট শ্রীপতিগঞ্জে '৮৪ সাল থেকে ওই এলাকার কিছু শুভবুদ্ধিসম্পন্ন মানুষ পঞ্চম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত এই মাদ্রাসা শিক্ষাব্যবস্থা চালু রেখেছেন কিন্তু আজও অনুমোদন পাননি। এই বিষয়ে জেলা পরিষদের সভাধিপতি, কর্মাধ্যক্ষ, পঞ্চায়েত সমিতি, স্থানীয় সাংসদ, বিধায়ক সকলকে তাঁরা জানিয়েছেন, কিন্তু এখনও পর্যন্ত সেখানে কোনো অনুমোদন দেওয়া হয়নি। তৎসত্ত্বেও এই মাদ্রাসা শিক্ষার সঙ্গে সঙ্গে বাস্তব যে বিষয়গুলো ইংরাজি, অঙ্ক, ভূগোল সেগুলো পড়াচ্ছেন। আমি তাই অনুরোধ করছি যে ওই এলাকার যে সমস্ত মুসলিম ভাইরা আছেন তাদের ছেলেদের শিক্ষার জন্য নরঘাটে একটা হাই মাদ্রাসার অনুমোদন দেওয়া হোক।

**শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** স্যার, সাগর বিধানসভার নামখানা ব্লকে পচামুড়ি নামে একটা নদী আছে। এই নদীর উপর সুন্দরবন উন্নয়ন পর্ষদ গত ২৩শে আগস্ট ২০০১ সালে

একটা ব্রিজ নির্মাণের সিদ্ধান্ত নেন। সেই চন্দনবাড়ি যে চন্দনবাড়ি তেভাগা আন্দোলনের অন্যতম পীঠস্থান। ওই এলাকায় ছাত্রছাত্রী, কাকদ্বীপ, ডায়মন্ডহারবার, নামখানার স্থানীয় মানুষ স্বাস্থ্য পরিষেবার জন্য তাদের কাকদ্বীপ মহকুমা হাসপাতালে প্রতিনিয়ত যাতায়াত করতে হয়, তাছাড়া মানুষকে পঞ্চায়েত ব্যবস্থায় অংশগ্রহণের জন্য পঞ্চায়েত অফিসে যাতায়াত করতে হয়। আমি সুন্দরবন উন্নয়ন পর্ষদের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই পচামুড়ি নদীর উপর ব্রিজ নির্মাণের যে সিদ্ধান্ত আপনারা গ্রহণ করেছিলেন সেই গৃহীত সিদ্ধান্ত অবিলম্বে কার্যকরী করা হোক।

**শ্রী মোহন মণ্ডল :** স্যার, আপনার মাধ্যমে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৯শে ২০০৩ তারিখে উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের মধ্যে লাড লো জুট মিলে সাসপেনশন অব ওয়ার্ক-এর নোটিশ দিয়ে কারখানা বন্ধ করে দিয়েছে। ওই কারখানায় ৬ হাজার শ্রমিক কাজ করে। আজ পর্যন্ত শ্রম কমিশনারের দপ্তরে তিনবার এবং শ্রমমন্ত্রীর ঘরে দুবার বৈঠক হয়েছে কিন্তু সেটা ফলপ্রসূ হয়নি। ওই কারখানার মালিক একটা ৩৪ দফা দাবি পেশ করেছেন যেটা মানা শ্রমিকদের সম্ভব হয়নি। তারা কন্ট্রাক্ট প্রথা চালু করতে চায় আলাদা একটা ইউনিট করে সেখানে কম মাহিনা দিয়ে কারখানাটিকে চালাতে চায়। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর কাছে আবেদন করছি যাতে অবিলম্বে এই কারখানাটি খোলার ব্যবস্থা করেন।

**শ্রী মুস্তাক আলম :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমার বিধানসভা কেন্দ্র ৪২ নম্বর হরিশ্চন্দ্রপুরে কুমুদপুর প্রাইমারি হেল্‌থ সেন্টারের জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করলে তিনি সংশ্লিষ্ট দপ্তর দিয়ে তার ফিজিবিলিটি সম্পর্কে রিপোর্ট নেন। স্যার, মাননীয় মন্ত্রী এখানে আছেন আমি তাঁকে অনুরোধ করব তাঁর দপ্তর থেকে তদন্ত করে যে রিপোর্ট নিয়েছেন এই ব্যাপারে তিনি সঠিক ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী দিবাকান্ত রাউত :** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সপ্তগ্রামে ত্রিবেণী-কালনা রোড একটি গুরুত্বপূর্ণ রাস্তা যা আমার বলাগড় বিধানসভা কেন্দ্রের উপর দিয়ে গেছে। সম্প্রতি এই রাস্তাটির অবস্থা খুবই বিপর্যস্ত। রাস্তাটি খারাপ হওয়ার জন্য যানবাহন চলাচল করতে পারছে না, নিত্য দুর্ঘটনা ঘটছে। এই রাস্তা দিয়ে স্কুলের ছেলেমেয়ে থেকে শুরু করে অফিস-আদালত যাওয়া নিত্যযাত্রীরা নাকাল হচ্ছে। দীর্ঘদিন এই রাস্তার কোনও সংস্কার করা হয়নি। যাতে অবিলম্বে এই রাস্তাটির সংস্কারের ব্যবস্থা করা হয় বিশেষ করে শঙ্খনগর-গুপ্তিপাড়া এই ৩০ কি.মি. রাস্তা আরও চওড়া এবং মজবুত করার জন্য আমি পূর্তমন্ত্রীর কাছে আবেদন করছি।

**শ্রী আবু তাহের খান :** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমার বিধানসভা এলাকা নোয়াদার রেজিনগর থানা এলাকা ১৫-২০ দিন ধরে লোডশেডিং হচ্ছে। চাষিরা এতে বিপন্ন, আজকে বোরো চাষ ভীষণভাবে মার খাচ্ছে। গতকাল টি.ভি.-তে দেখলাম—হাজার হাজার একর জমি ফেটে গেছে, চাষিরা আত্মহত্যার কথা ভাবছে, গতকাল টিভিতে দেখলাম হাজার হাজার চাষি বিদ্যুৎ দপ্তরের সামনে

গণডেপুটেশান দিচ্ছে। কিন্তু বিদ্যুৎ দপ্তর আজ পর্যন্ত তার কোনো সুরাহা করতে পারছে না। মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে ওই এলাকার চাষিরা যাতে বোরো চাষে মার না খায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী কার্তিক চন্দ্র বাগ :** স্যার, আমার আউসগ্রাম বিধানসভা এলাকায় জঙ্গলমহল এলাকায় জঙ্গলে যে গ্র্যাভিটেশান ক্যানেল সেটা ১৯৮৬ সালে সরকারি অনুমোদন পায় এবং ১১৩০ চেন কাটা হয় এবং ২০৫ চেন হঠাৎ করে বন্ধ হয়ে যায় এবং ২০৫ চেন আটকে থাকে। বন দপ্তর থেকে জানা যায় যে মাত্র ৫ চেনের সরকারি অনুমোদন নেই। কিন্তু আমরা এর জন্য জমি দিয়ে অনুমোদনের জন্য পাঠাই। বন দপ্তর বলে ভুবনেশ্বরের হেড অফিস থেকে ওই অনুমোদন পেতে হবে। কিন্তু আজ পর্যন্ত এর অনুমোদন পাওয়া যায়নি। এটার অনুমোদন পেলে প্রায় ১৫ হাজার একর জমি এর আওতায় আসবে এবং এই এলাকার তপসিলি জাতি ও উপজাতি মানুষরা এই সুবিধা পাবে। যাতে এই অনুমোদন তাড়াতাড়ি আসে তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় বন এবং সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মন্টুরাম পাখিরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দক্ষিণ সুন্দরবনের কাকদ্বীপ, পাথরপ্রতিমা, নামখানা এবং সাগর এই ৪টি অঞ্চলের মধ্যে কাকদ্বীপ, নামখানা এবং পাথর এই ৩টি অঞ্চলকে নিয়ে কাকদ্বীপ মহকুমা গঠিত হয়েছে ১৯৯০ সালে, কিন্তু আজ পর্যন্ত এই মহকুমা হাসপাতালটি পূর্ণাঙ্গভাবে গঠিত হল না। আমরা জানি কাকদ্বীপ মহকুমা হাসপাতালে সমস্ত রকম পরিকাঠামো রয়েছে, সেখানে গৃহনির্মাণ হয়ে গেছে, বিভিন্ন যন্ত্রপাতি রয়েছে এবং সমস্ত রকম ব্যবস্থা পর্যাপ্ত পরিমাণে আছে, কিন্তু সেখানে ডাক্তার, নার্স এবং অন্যান্য কর্মচারী না দেওয়ার জন্য কাকদ্বীপ মহকুমা হাসপাতালটি আজ পর্যন্ত অথৈ জলে রয়েছে।

[ 12.50–1.00 p.m. ]

অথচ এখনও পর্যন্ত যে সমস্ত যন্ত্রাংশ কেনা হয়েছে তা মরিচা পড়ে যাচ্ছে, কাজ করা যাচ্ছে না। এ ব্যাপারে বারে বারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, স্বাস্থ্য দপ্তরকে বলেছি। সেখানে ১২/১৩ বছর কাকদ্বীপ মহকুমা তৈরি হয়ে গেলেও এলাকার মানুষ মহকুমা হাসপাতালের সুযোগ পেল না। আমরা সেজন্য বার বার স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু আজকে পর্যন্ত সেই সৌভাগ্য কাকদ্বীপ মহকুমাবাসীদের হয়নি। আজকে এখানে দুজন মাননীয় স্বাস্থ্যমন্ত্রী উপস্থিত আছেন। তাই তাঁদের উপস্থিতিতে বলছি যাতে কাকদ্বীপ মহকুমা হাসপাতালকে পূর্ণাঙ্গভাবে স্থাপন করে ডাক্তার, নার্স দিয়ে সুন্দরবনবাসীদের জন্য ওই মহকুমা হাসপাতাল উন্মোচন করা হয় তার জন্য রাজ্যে দুজন মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডুয়ার্স এলাকায়, বিশেষ করে চা-বাগান সংকটগ্রস্ত, বহু মানুষ মারা গিয়েছিল এবং গত ৮ তারিখে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আলিপুরদুয়ার মহকুমা

হাসপাতাল দেখে এসেছেন। কিন্তু সেখানে স্যাংশন পোস্টে ডাক্তার নেই, অর্থোপেডিক নেই, মেডিসিনের ডাক্তার নেই, অভাব রয়েছে। অতি সম্প্রতি কিছু ডাক্তার জলপাইগুড়ি জেলাতে পাঠানো হয়েছে, কিন্তু যখন সাব-এলট করা হয় তখন আলিপুরদুয়ার মহকুমায় ডাক্তার থাকে না। ওখানে যাতে ডাক্তার দেওয়া হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। আপনি জানেন ডুয়ার্স ম্যালেরিয়াপ্রবণ এলাকা। পাশেই অসম সীমান্ত, ভুটান সীমান্ত। ওখানে কামাখ্যাগুড়ি হাসপাতালে ডাঃ আহমেদ বলে একজন ডাক্তার ছিলেন। তিনি খুব ভালো ডাক্তার, গত বছর কে.এল.ও. জঙ্গীদের হামলার মধ্যেও কাজ চালিয়ে গেছেন। কিন্তু দেখা যাচ্ছে তাকে ট্রান্সফার করে কার্সিয়াঙে বদলি করে দেওয়া হয়েছে। তাও এ.সি.এম.ও.এইচ নয় বি.এম.ও. এইচ করে। ডাঃ আহমেদকে যাতে আরো কিছুদিন কামাখ্যাগুড়ি হাসপাতালে রাখা হয় তার জন্য আবেদন করছি।

এছাড়া, চা-বাগানের জন্য যে প্রকল্প নিয়েছেন সেগুলো যাতে দ্রুত রূপায়িত হয়। সেখানকার মানুষ স্বাস্থ্য পরিষেবা পেতে পারে তার জন্যও আপনাদের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ওয়ার্ল্ড ব্যাঙ্কের যে সমস্ত প্রকল্প আমাদের আন্ডারে বিভিন্ন হাসপাতালে চলছে তাতে আমার যতদূর ধারণা এই মাসে ওদের সময়সীমা শেষ হয়ে যাচ্ছে। এর ফলে সাধারণ মানুষ আশঙ্কার মধ্যে দিন কাটাচ্ছে। এমনিতেই ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহায়তায় হাসপাতালে হাসপাতালে যে যন্ত্রপাতি এসেছে টেকনিসিয়ানের অভাবে মানুষ তার ৪০/৫০ শতাংশের বেশি পরিষেবা পায়নি। এর মধ্যে যদি আবার ওদের সময়সীমা শেষ হয়ে যায় তাহলে না জানি কি সমস্যার সৃষ্টি হবে। আমাদের রাজ্য সরকার মেশিন বা যন্ত্রপাতিগুলো সচল রাখার জন্য কি ব্যবস্থা নিচ্ছেন ? সাধারণ মানুষের আশঙ্কা ওয়ার্ল্ড ব্যাঙ্কের অনুপস্থিতিতে হয় সেগুলো বন্ধ হয়ে যাবে, না হয় নতুন করে চিকিৎসা ক্ষেত্রে রেট বাড়বে এগুলো চালানোর জন্য। এখানে দুজন মাননীয় মন্ত্রী স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে উপস্থিত রয়েছেন। আশা করি তাঁরা আমাদের এ ব্যাপারে অবহিত করবেন। এমনিতে রাজ্যে স্বাস্থ্য পরিষেবা খুব খারাপ অবস্থায় চলছে, তার মধ্যে আবার নতুন করে কোনো সমস্যা দেখা দেবে না তো ? আশা করি মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয় এ ব্যাপারে আমাদের অবহিত করবেন।

**শ্রী নারায়ণ মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর ২৪-পরগনা জেলার বারাসাত থেকে বসিরহাট বরাবর হাসনাবাদ পর্যন্ত কলকাতার সঙ্গে সংযোগকারী রাস্তার অবস্থা বেহাল হয়ে পড়েছে। যদি অবিলম্বে এর মেরামত বা সংস্কার করা না হয় তাহলে প্রত্যন্ত সুন্দরবন অঞ্চলের মানুষ, যারা এই পথ দিয়ে কলকাতার সঙ্গে যোগাযোগ রক্ষা করে তারা অসুবিধায় পড়বে। তাই অবিলম্বে যাতে ওই রাস্তা মেরামতের ব্যাপারে হস্তক্ষেপ করা হয় তার জন্য আবেদন করছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনা জেলার গোসাবা

ব্লক এবং মগরাহাট ২ নম্বর ব্লকে লক্ষ লক্ষ টাকার মিড-ডে মিলের চাল খোলাবাজারে এবং কালোবাজারে বিক্রি করা হয়েছে। গোসাবা ব্লকের বি.ডি.ও., সেখানকার ফুড ইন্সপেক্টর, হোলসেলার সুদীপ দাস এবং তার ছেলে তপন দাস এ ব্যাপারে জড়িত। ১ কোটি টাকার চাল ২ বছর ধরে বিক্রি করা হয়েছে। সেই সঙ্গে বি.পি.এল., এস.জে.আর.ওয়াই.—এইসব প্রকল্পের চাল বিক্রি করা হয়েছে। এ ব্যাপারে ডি.এম., এস.ডি.ও.-কে বলা সত্ত্বেও নাম-কা-ওয়াস্তে তদন্ত হয়। কিন্তু সেই তদন্ত গোসাবা থানা এলাকার বি.ডি.ও. ধামাচাপা দিয়ে দেন। মগরাহাট ২ নম্বর ব্লকের সাড়ে চার লক্ষ টাকার চাল বিক্রি হয়েছে। কেন্দ্রীয় সরকারের মিড-ডে মিলের অধীন এস.এস.কে. এবং এস.জে.আর.ওয়াই.—এই প্রকল্পের আওতায় নভেম্বর-ডিসেম্বর, ২০০৩ এবং জানুয়ারি-ফেব্রুয়ারি, ২০০৪-এ—এই মোট ৪ মাসে ৭২.৫৫ লক্ষ টন চাল কালোবাজারে বিক্রি করে দিয়েছে। এ ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য আমি মাননীয় খাদ্যমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবেশ দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তে আমাদের রাজ্যে এন.জে.এম.সি.-এর ৫টি মিলের শ্রমিকরা একটা ভয়ঙ্কর সংকটের মধ্যে চলেছেন। তাঁদের পি.এফ., গ্র্যাচুইটি, ই.এস.আই.-এর টাকা জমা পড়ছে না। টেক্সটাইল ডিপার্টমেন্ট ঘোষণা করেছেন, ২টি মিল বন্ধ করা হবে। মিলগুলোকে আরও সংকটে ফেলার জন্য কেন্দ্রীয় সরকার পরিকল্পিতভাবে চক্রান্ত চালাচ্ছে। যেখানে শ্রমিকদের মাইনে হচ্ছে না, সেখানে একশ্রেণির কর্মচারী এবং অফিসারদের মাইনে অনেক বাড়িয়ে দেওয়া হয়েছে। সেখানে ই.এস.আই.-এর টাকা জমা পড়ছে না, অথচ সেখানে এক শ্রেণির কর্মচারী এবং অফিসারদের জন্য মেডিকেল গ্র্যান্ট অঢেল দেওয়া হচ্ছে। মিলগুলো বন্ধ করার জন্য নানারকম চেষ্টা হচ্ছে। দুটো মিলের উৎপাদন পুরোপুরি বন্ধ এবং অন্যান্য মিলগুলোর উৎপাদন কমিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। পশ্চিমবঙ্গে এই শ্রমিকরা চরম দুর্নীতি, চরম ভবিতব্যর মুখোমুখি একটা নিষ্ঠুর অমানবিক পরিস্থিতির সম্মুখীন হতে যাচ্ছে। এতে হাজার হাজার পাটচাষি ক্ষতিগ্রস্ত হবে। আমি এই বিষয়ে রাজ্য সরকার এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অশোক কুমার দেব** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাউসে শুনতে পাচ্ছি, আমাদের পক্ষের এবং সরকার পক্ষের সবাই বলছেন যে, রাজ্যে কোনো কাজ হচ্ছে না। এখন দুজন মন্ত্রী বসে আছেন—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র এবং শ্রী প্রত্যুষ মুখার্জী মহাশয়। এখন হট কেক এবং খবরের কাগজে দেখছি, বিভিন্ন হসপিটালে এবং নার্সিংহোমে ঝামেলা হচ্ছে। মানুষ বাঁচার তাগিদে হসপিটালে, নার্সিংহোমে যায়। কিন্তু এখন সেখানে গেলে মানুষ মারা যাচ্ছেন। বিভিন্ন হসপিটাল, নার্সিংহোমে আমাদের যেতে হয়। আমরা দেখছি সেখানে রোগীর বাড়ির লোকের সঙ্গে খারাপ ব্যবহার করা হচ্ছে। আপনাদের মন্ত্রী শ্রী প্রতীম চ্যাটার্জী মহাশয় দুবার দু-জায়গায় রক্ত পরীক্ষা করলেন এবং তাতে দু-রকম রেজাল্ট দেখা গেল। এগুলো সমস্ত পুরনো। এরপর দেখলাম যারা মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পরীক্ষা দিচ্ছে তাদের প্রশ্নপত্র তাদের মান অনুযায়ী করা হচ্ছে না। কারা এইসব প্রশ্ন করছেন ? প্রতিবছর মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পরীক্ষায় তাদের প্রশ্নপত্রের ব্যাপারে একটা কেলেঙ্কারি অবস্থার সৃষ্টি হয়। এ ব্যাপারে সরকার বলছেন, 'আমরা সতর্ক', বোর্ডের সভাপতি বলছেন, 'আমরা সতর্ক'। তাহলে

ইচ্ছাকৃতভাবে এরকম প্রশ্ন হচ্ছে কেন ? এর পিছনে কারা আছেন ? এর তদন্ত করা দরকার। এর তদন্ত না করলে পরীক্ষার্থীদের পরীক্ষা দিতে খুব অসুবিধা হবে। তারা পরীক্ষা দিতে পারবে না। যাঁরা দায়িত্বে আছেন তাদের চেষ্টা করা উচিত যাতে আগামীদিনে এই ধরনের ঘটনা না ঘটে।

[ 1.00–1.10 p.m. ]

**শ্রী জ্যোতির্ময় কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আজকে যে বিষয়টি মেনশান করব সেটা সেচ বিভাগ সংক্রান্ত। মাননীয় সেচমন্ত্রী আছেন। উড়িষ্যার কোস্ট ক্যানেল-সহ যে কটি জলা বাঁধ আছে সেটা শেষ করার বন্দোবস্ত করুন এবং যে জলা বাঁধ, নদী বাঁধ, সমুদ্র বাঁধ—যেগুলি দীর্ঘদিন সংস্কারের অভাবে অবক্ষয়প্রাপ্ত হয়ে গিয়েছে এবং গত প্রাকৃতিক দুর্যোগের ফলে যেগুলি অবলুপ্তপ্রায় সেগুলি আজকে মেরামতির বন্দোবস্ত করুন। সারা রাজ্যে এবং সেই সঙ্গে উত্তর কাঁথি এলাকাসমূহ সর্বনাশ হয়ে যাবে। এটা বন্দোবস্ত না করলে আবারও ত্রাহি ত্রাহি রব উঠবে। তাই নদীবাঁধগুলি সংস্কার করার জন্য আমি এটা মেনশান করছি।

**শ্রী অসিত কুমার মাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে গতকাল ইংরেজি প্রশ্ন কঠিন হয়েছে মাধ্যমিক পরীক্ষার। সেই পরিপ্রেক্ষিতে শিক্ষক সংগঠন, রাজনৈতিক, অরাজনৈতিকভাবে বিভিন্ন সংগঠন এর প্রতিবাদ জানিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে বলতে চাই যে রাজ্যের ছাত্রছাত্রীরা সবেমাত্র পরীক্ষায় বসেছে, এখনও অনেকগুলি পরীক্ষা বাকি আছে, যাতে তারা স্বস্তি পায়, তার জন্য গ্রেস দেওয়ার ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

## ZERO HOUR

**শ্রী অশোক কুমার দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলছি যে—সামনে নির্বাচন, দেখা যাচ্ছে এই নির্বাচনকে কেন্দ্র করে সি.পি.এম. পুলিশের সহযোগিতা নিয়ে বিভিন্ন এলাকায় আমাদের উপর সন্ত্রাস করার চেষ্টা করছেন। এবং শুধু এই কথা নয়, শুধু সন্ত্রাস নয়—খুন, জখম করার চেষ্টা করছেন। আমরা চাইছি নির্বাচন সুষ্ঠুভাবে হোক। কে জিতবেন, কে হারবেন সেটা বড় কথা নয়। এলাকার জনগণ—মানুষ যাকে ভোট দেবেন—নিশ্চয়ই সেটা করবেন। কিন্তু আমরা চাইছি প্রহসন যাতে না হয়, যাতে শান্তিতে করা হয়। আজকে দেখলাম কাগজে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং সুভাষ চক্রবর্তী এবং ওখানকার একজন সি.পি.এম. প্রার্থী যারা কৌশলগতভাবে চেষ্টা করছেন কিভাবে দমদম কেন্দ্র দখল করা যায়। এটা আমার কথা নয়। এই যদি বলেন তাহলে তাদের নির্বাচন করতে হবে না। শান্তিতে থাকুক। এই কি নির্বাচন ? প্রাক্তন মুখ্যমন্ত্রী বলছিলেন যে দমদম না হলে আমি মারা যাব—মৃত্যুর আগে আমি দমদম আমাদের দেখে যেতে চাই। এ কি ধরনের কথা! বললেন প্রাক্তন মুখ্যমন্ত্রী। সেই রাজ্যে আমরা কি আশা করতে পারি ? আমি চাইছি আপনার মাধ্যমে এগুলি যাতে বন্ধ হয় সেই চেষ্টা করুন।

**শ্রী নির্মল দাস :** স্যার, বিশেষ করে আজকে খুব খারাপ দিন ভারতবর্ষে। লালকৃষ্ণ আদবানি যেভাবে ১৯৯২ সালের কাহিনী পরবর্তীকালে যে ঘটনা ঘটেছে গোটা ভারতবর্ষে আগুন লাগালেন। ভারত উদয় যাত্রা যে তৈরি করেছে—সাংঘাতিক অবস্থা। আমার দাবি—আমাদের পশ্চিমবঙ্গে তার পরিকল্পনা আছে। আমরা চাই কোনোরকমভাবে যাতে ওই লালকৃষ্ণ আদবানি যেভাবে ভারতবর্ষে আগুন জ্বালাতে চান—সাম্প্রদায়িক বিষ বাষ্পে ছড়িয়ে গোটা দেশে অস্থিরতা সৃষ্টি করতে চান—আমরা চাই তাকে এখানে যেন ঢুকতে দেওয়া না হয়। আমার দাবি তাকে গ্রেপ্তার করা হোক। আমরা চাই ভারতবর্ষের সাম্প্রদায়িক সম্প্রীতি, মৈত্রী, সংহতি নষ্ট করার জন্য যে কাজ শুরু করেছে সেটা বন্ধ করা হোক এবং এখানে ঢুকলেই যাতে তাকে গ্রেপ্তার করা হয় এই দাবি স্যার, আমি আপনার উদ্দেশ্যে জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** স্যার, স্বাস্থ্যমন্ত্রীর এবং স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী এখানে আছেন। আমাদের কংগ্রেস দলের অসিত মিত্র এবং আমি একদিন স্বাস্থ্যমন্ত্রীর সাথে দেখা করেছিলাম এবং মৌখিকভাবে বলেছিলাম যে, কোনো লোক—খুব গরিব মানুষ সিট পাচ্ছে না, একদিনের জন্য টাকা দিয়ে ভর্তি হয়েছে, পরবর্তীকালে আমাদের কাছে এসেছে সার্টিফিকেটের জন্য যে খুব অসহায়, টাকা দিতে পারবে না। আবার খাবারের আলাদা চার্জ দিতে হচ্ছে। গরিব মানুষেরা তারা চিকিৎসা করাতে পারছে না, হাসপাতালে ডাক্তাররা বলছেন ইমিডিয়েট এখান থেকে নিয়ে চলে যাওয়ার জন্য। এ রকম অবস্থায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যদি কোনো ব্যবস্থা না করেন তাহলে প্রকৃত গরিব মানুষরা চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হবেন। হয়তো কোনো গরিব মানুষ অ্যাক্সিডেন্টে আহত হয়েছেন, পাড়ার লোকেরা তাঁকে সাময়িক টাকাপয়সা দিয়ে হাসপাতালে ভর্তি করে দিলেন। তারপর দেখা গেল টাকাপয়সা খরচ করে তাঁর আর চিকিৎসা চালাবার ক্ষমতা নেই, তাহলে সেই মানুষটি চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হবেন। এ রকম ঘটনা যাতে না ঘটে, তার জন্য একটা বন্দোবস্ত থাকা প্রয়োজন। এমনিতেই এম.আর.আই. বা সিটি স্ক্যান করতে মানুষকে অনেক পয়সা খরচ করতে হয়। এম.আর.আই.-এর ক্ষেত্রে এক পয়সাও ছাড় দেওয়া হয় না। সিটি স্ক্যানের ক্ষেত্রে গরিব মানুষদের কাছ থেকে ৫০% কম নেওয়া হয় ; কিন্তু তাও দিনে দু-একটার বেশি হয় না। গরিব মানুষরা আমাদের কাছে আসেন, আমরা এটা ফিল করি। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি প্রকৃত গরিব মানুষরা যাতে চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত না হন তার জন্য একটা মধ্যবর্তী ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ ২৪-পরগনা জেলার আইন-শৃঙ্খলার অবস্থা আজ কোথায় এসে দাঁড়িয়েছে তা আমি গতকালই এখানে উল্লেখ করেছি। ভাঙড় থানার পাশেই ভাঙড় পোস্ট অফিস এবং একটা হাইস্কুল অবস্থিত। গতকাল দিনের বেলা ভাঙড় পোস্ট অফিসে তিনজন ছেলে ঢুকে মারধর করে দেড় লক্ষ টাকা ডাকাতি করে নিয়ে চলে গেল। লোকে তাদের ধাওয়া করেও কিছু করতে পারল না। আশ্চর্যের বিষয় হচ্ছে পাশেই থানা, থানা থেকে পুলিশ বেরিয়ে তাদের চেস্ করে দুটো ব্ল্যাংক ফায়ারও করল না। থানার অপদার্থ ও.সি. কোনো ব্যবস্থাই করল না। বর্তমানে

ভাঙড় থানাকে ভেঙে তিনটে থানা করা হয়েছে—ভাঙড়, কে.এল.সি. এবং কাশীপুর— তিনটে থানা ওই এলাকায় বর্তমানে অ্যাডমিনিস্ট্রেটর হিসাবে ফাংশন করছে। তথাপি প্রতিদিন ওখানে চুরি, ডাকাতি হচ্ছে। কোনো প্রতিকার হচ্ছে না। গতকাল যেভাবে ডাকাতি হয়েছে তাতে ঐ এলাকার মানুষজন সন্ত্রস্ত হয়ে পড়েছে। তাই আমি বিষয়টির প্রতি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে এ বিষয়ে পূর্ণ তদন্ত করা হোক। থানার পাশেই পুলিশের চোখের সামনে ডাকাতি হল, পুলিশ ঠুঁটো জগন্নাথ হয়ে বসে থাকল। আমি দাবি করছি ওই অপদার্থ ও.সি.-কে অবিলম্বে সাসপেন্ড করার ব্যবস্থা করা হোক।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারত এবং পাকিস্তানের খেলাকে কেন্দ্র করে সারা পৃথিবীতে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। এটাতে কোনো পলিটিক্যাল গুরুত্ব না দিয়েই আমি উল্লেখ করছি ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের বিভিন্ন শ্রেণীর মানুষের মধ্যে প্রচণ্ড উৎসাহ-উদ্দীপনা তৈরি হয়েছে। আমরা জানি পশ্চিমবাংলা সব সময় চিন্তা-ভাবনার দিক দিয়ে অগ্রণী ভূমিকা পালন করে থাকে। সেজন্য আমি বলব যে, শুধুমাত্র শান্তির পায়রা উড়িয়ে শান্তির কথা না বলে ক্রীড়ামন্ত্রী অথবা স্পীকার বা ডেপুটি স্পীকারের নেতৃত্বে এখান থেকে একটা ছোটো সর্বদলীয় প্রতিনিধি দলকে পাকিস্তানে খেলা দেখতে পাঠানো হোক। সংবাদপত্র জগতের লোকেরাও তাতে থাকুন। এই বিধানসভা থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দলকে পাকিস্তানে খেলা দেখতে পাঠানো হোক। ধন্যবাদ।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গতকালের মাধ্যমিক পরীক্ষার ইংরাজি প্রশ্ন-পত্র পশ্চিমবাংলার ৬ লক্ষ ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবকদের চিন্তিত করে তুলেছে। প্রশ্ন-পত্র দেখে আমরা অবাক হয়ে যাচ্ছি। এখানে এখনই পর্ষদ সভাপতি দিব্যেন্দু হোতাকে এবং শিক্ষামন্ত্রী মহাশয়কে ডাকা উচিত। মধ্যশিক্ষা পর্ষদ শিক্ষা দপ্তরের অধীনস্থ সংস্থা। শাসকদলের মাধ্যমেই সেখানে কর্তৃপক্ষ নির্বাচিত হয়ে থাকে। প্রশ্ন-পত্রে আমরা লক্ষ্য করছি অকারেন্স এবং অকারিং শব্দ দুটিতে যেখানে দুটো 'আর' থাকার কথা সেখানে একটা 'আর' রয়েছে। আমার প্রশ্ন, আর একটা 'আর' কোথায় গেল ? হয়তো এটার সম্বন্ধে বলা হবে প্রিন্টিং মিসটেক্।

[ 1.10–1.20 p.m. ]

এ এক অদ্ভুত ব্যাপার ? মঙ্গলগ্রহ সম্বন্ধে বাচ্চা-বাচ্চা শিশুরা কি করে জানবে ? ইউনিসেফ সম্বন্ধে ক-জনের নলেজ আছে ? সেখানে ১২০ ওয়ার্ডের প্যারাগ্রাফ তৈরি করতে বলে দিলেন, এটা একটা ভয়ঙ্কর জিনিস। মধ্যশিক্ষা পর্ষদের নেগ্‌লিজেন্সে এই জিনিস হয়েছে এবং বারে বারে এই জিনিস হচ্ছে। অ্যাডমিট কার্ড ভুল পাঠাচ্ছেন, একজনের ফটো অন্যজনের গায়ে লাগিয়ে দিচ্ছে, মার্কশিট ভুল করছে, প্রশ্নপত্র ভুল করছে, এইরকমভাবে গোটা শিক্ষাব্যবস্থা চলছে। আমি এর বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী ইউনুস সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দষ্টি আকর্ষণ করছি। আমার জেলায় এক ভয়ঙ্কর সমস্যা দেখা দিয়েছে এবং সেটা

গত কয়েক বছর ধরে তৈরি হয়েছে, বিশেষ করে আর্সেনিকের সমস্যা। ২০০১-২০০২ সালে জলঙ্গী, রাণীনগর, ডোমকল প্রভৃতি অঞ্চলে ১৬ জনের মৃত্যু হয়েছিল। তার পরবর্তী পর্যায়ে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর বিশেষ কিছু ব্যবস্থা গ্রহণ করার ফলে অবস্থাটা অনেকখানি আয়ত্তে এসেছে। এখন রাণীনগর এবং জলঙ্গী ব্লকের কয়েকটি জায়গায় যেভাবে আর্সেনিকের রোগ বাড়ছে এবং মানুষের মধ্যে যে ভয়াবহ অবস্থা তৈরি হচ্ছে তাতে একটা অন্য ধরনের আবহাওয়া সৃষ্টি হচ্ছে। বিশেষ করে ওই সমস্ত এলাকার লোকেরা চিকিৎসা করার ক্ষেত্রে একটা অসুবিধার সম্মুখীন হচ্ছে। কারণ কলকাতা ছাড়া আর্সেনিক রোগের আর কোথাও চিকিৎসা ব্যবস্থা নেই। পাশাপাশি ওই সমস্ত অঞ্চলে বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা করা দরকার এবং আর্সেনিক ডিটেকশন করে তার চিকিৎসা করার জন্য বিশেষ একটা ব্যবস্থা ওই মহকুমাকে ঘিরে বা ওই জেলার ক্ষেত্রে গড়ে তোলা দরকার বলে আমি দাবি করছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী :** Hon'ble Dy. Speaker Sir, I would like to draw special attention of the Hon'ble Chief Minister and Food Minister. Sir, I have received a copy of the representation from the M.R. Dealer Association of Darjeeling Hills which I would like to mention in this August House. Certain G.Os. from the Food and Supplies Department, Government of West Bengal are totally against the hill M.B. dealers and the orders have been issued to deprive the hill people. The implementation of these G.O.s will financially cripple the hill M.R. Dealers, The Food and Supplies Department at the Kolkata level have taken all the powers in their hand and all the powers of the local officer have been withdrawn.

The Food and Supplies Department has recently issued numerous G.O.s which have hampered the functioning of PDS in hill areas and it is felt that the department is acting in a manner to finish the PDS in the hills, Sir, I would like to mention here that the recent G.O. has reduced the number of ration card holders with each M.R. Dealers from 5000 to 3500. This G.O. is only for hill areas and in the plain areas, the State government are still allowing 5000 units per Dealers. In the G.O. they mentioned that this step is being taken due to drastic reduction in allocation of foodgrains by the central government. Sir, then I would like to mention that the scale of the food grains supplied to the consumers has reduced ; as such the quantity handled by the dealers has also been reduced. Since Darjeeling is economically backward due to its location the cost of living in Darjeeling is very high. The reduction of units held by the Dealers will severely hamper their financial condition

which is already poor due to the poor commission being given by the department. Since this G.O. is only for hills, this G.O. is aimed at directly crippling the hill M. R. Dealers.

Sir, through you, I request the Chief Minister as well as the Food Minister to take up the matter with the appropriate authorities so that the black laws being issued by the department are withdrawn immediately.

**শ্রী মুস্তাক আলম :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় কান্তি বিশ্বাস মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি মালদহ্ জেলার সেন্ট জেভিয়ার্স স্কুলের একটি ঘটনার ব্যাপারে। এর আগে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, ম্যানেজিং কমিটি মিলে কতকগুলো অনিয়ম কাজ করেছেন। গত ২৫.৫.২০০৩ তারিখে যেখানে ডেপুটি ডাইরেক্টর অফ স্কুল এডুকেশন এবং অ্যাসিস্ট্যান্ট ডি.আই. অফ স্কুল এডুকেশন উপস্থিত ছিলেন, তাঁদের উপস্থিতিতে ডিস্ট্রিক্ট ম্যাজিস্টেট, ম্যানেজিং কমিটির লোকেরা এবং এ.ডি.এম.-ও ছিলেন, তখন কতকগুলো বিষয় উল্লেখ করা হয়। টার্মিনেশন অফ সিনিয়র টিচার্স, অ্যাপয়েন্টমেন্ট অফ পার্ট টাইম টিচার এবং আরও অন্যান্য বিষয়, এইসব বিষয়গুলো নিয়ে বেআইনি কিছু হয়েছে। এটা আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যেন তাঁর দপ্তরের কর্তাব্যক্তি এবং জেলা সমাহর্তা কর্তৃপক্ষের মাধ্যমে হস্তক্ষেপ করেন। কারণ সেক্রেটারি এবং অন্যান্য যারা যুক্ত আছেন ফিনান্সিয়াল কোরাপশনে তার তদন্তের দাবি করছি। ধন্যবাদ।

**শ্রী আবু তাহের খান :** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার সঙ্গে নদিয়া জেলার একটা বিস্তীর্ণ এলাকার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে আছে। যখনই নির্বাচন আসে তখন মাননীয় পূর্তমন্ত্রী সেখানে যান এবং সেই এলাকার মানুষের স্বার্থে একটা ব্রিজের কথা ঘোষণা করেন। রাধানগর-রানীনগর ঘাটে ব্রিজের অভাবে দীর্ঘদিন ধরে ওখানকার মানুষ বিপন্ন। রাধানগর-রানীনগর ঘাটে ব্রিজটি নির্মিত হলে মুর্শিদাবাদ জেলার সাথে নদিয়া জেলার যোগাযোগ ব্যবস্থাটা ভালো হবে এবং পাশাপাশি কলকাতার সঙ্গে মুর্শিদাবাদের ৫০ কি.মি. দূরত্ব কমে যাবে। সত্বর যাতে উক্ত ব্রিজটি স্থাপিত হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তারাপদ চক্রবর্তী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ওন্দা ব্লকে রামনগর এলাকা ডিম পোনা উৎপাদনে পশ্চিমবঙ্গের মধ্যে বিশেষ স্থান অধিকার করে আছে। ওই এলাকা থেকে প্রায় চার-পাঁচ কোটি টাকার ডিম পোনা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যায়। বর্তমানে ডিম পোনা উৎপাদনের ক্ষেত্রে কিছু সমস্যা দেখা দিয়েছে। প্রথমত, রাস্তার অভাব। যে সমস্ত শ্যালো টিউবওয়েলগুলো আছে, সেগুলো বিদ্যুতের অভাবে চলছে না। ভিন্ন রাজ্য থেকে যেসব লোকেরা ডিম পোনা নিতে আসেন, তাঁদের জন্য যাত্রী নিবাস করা দরকার। স্থানীয়

প্রতিনিধি হিসাবে আমি এবং ডিম পোনা ব্যবসায়ীদের প্রতিনিধিরা ডেপুটেশন দিয়েছি। কিন্তু অদ্যাবধি সেগুলো কিছুই হয়নি। আমি যে কথাটা বলতে চাই, তিন-চার হাজার মানুষ এর সাথে যুক্ত এবং এলাকার এর জন্য উন্নতি হচ্ছে, রাজ্যের আর্থিক উন্নতি হচ্ছে। সেজন্য ডিম পোনা উৎপাদনে যে সমস্যাগুলো রয়েছে, আমি মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি, তিনি যেন সেগুলোর সমাধান করেন। ধন্যবাদ।

**শ্রী অসিত কুমার মাল** : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, বীরভূম জেলায় জলসংকট দেখা দিয়েছে। বিশেষ করে গ্রামাঞ্চলে এখনও গ্রীষ্মকালের চরম অবস্থা আসেনি, সবেমাত্র গ্রীষ্মকাল শুরু হয়েছে। বীরভূম জেলায় অধিকাংশ টিউবওয়েলগুলো খারাপ অবস্থায় আছে। এখুনি যদি ব্যবস্থা না নেওয়া হয়, তাহলে গ্রীষ্মকাল এসে গেলে মানুষ চরমভাবে পানীয় জলের সংকটের মধ্যে পড়বে, বিশেষ করে যে সমস্ত এলাকায় পাইপলাইন ওয়াটার সাপ্লাই নেই। পঞ্চায়েতগুলোকে বলা হোক, যেখানে পাইপ লাইন ওয়াটার সাপ্লাই নেই, সেখানে টিউবওয়েলের মাধ্যমে যাতে পানীয় জলের ব্যবস্থা করে।

[ 1.20–2.00 p.m. ] (including adjournment)

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সবাই জানি কেন্দ্রীয় সরকার যতই বিজ্ঞাপন দিয়ে বোঝাবার চেষ্টা করুন না কেন যে ১ কোটি লোকের চাকরি দেবেন কিন্তু আমরা জানি ১৯৯৮ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত রাষ্ট্রায়ত্ত সংস্থায় ৬ লক্ষ ৫২ হাজার কর্মীকে কর্মচ্যুত করা হয়েছে। এখন আবার শোনা যাচ্ছে কেন্দ্রীয় সরকার নাকি পি এফের সুদের হার আরো অর্ধাংশ কমিয়ে দেবেন। অর্থাৎ এখন সাড়ে ৯ পার্সেন্ট আছে সেটা ৯ পার্সেন্টে আসবে। সুতরাং ভারত উদয়ের যাত্রা যতই লালকৃষ্ণ আদবানী করুন না কেন ভারতবর্ষে যদি বি জে পি জোট সরকার আবার ক্ষমতায় আসে তাহলে দেশের মানুষের মধ্যে সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়িয়ে দেবেন। এবং অর্থনৈতিক ক্ষেত্রেও আমেরিকার কাছে দেশটাকে বন্ধক দেবে।

**মিঃ ডেপুটি স্পীকার** : এখন সভার বিরতি, আবার আমরা মিলিত হব দুটোর সময়ে।

[ 2.00–2.10 p.m. ] (After adjournment)

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

**শ্রী অসিত মিত্র** : স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে আবারও আবেদন জানাচ্ছি। গতকাল এই নিয়ে অনেক আলোচনা হয়েছে, যে মাননীয় মন্ত্রীরা থাকছেন না, তাঁরা প্রশ্নের উত্তর দিচ্ছেন না উপস্থিত থেকেও। এই নিয়ে আলোচনা হয়েছে এবং তার পরবর্তীকালে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবের উপর আলোচনা হচ্ছে। এখানে একজন মন্ত্রী সংসদীয় মন্ত্রী ছাড়া অন্য

কোনো মন্ত্রী উপস্থিত নেই। এই যদি অবস্থা হয় তাহলে আমরা হাউসে থাকব না, এই আলোচনায় অংশগ্রহণ করব না, আমরা হাউস থেকে বেরিয়ে যাব, আপনি হাউস অ্যাডজোর্ন করুন।

**মিঃ ডেপুটি স্পীকার** : হাউসটা আর্লি বসেছে, মন্ত্রীরা আসছেন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মিঃ ডেপুটি স্পীকার স্যার, গভর্নর অ্যাড্রেস-এর উপর বিতর্ক হচ্ছে এটা অত্যন্ত গুরুতর বিষয়। গোটা পশ্চিমবাংলার মানুষের অবস্থা নিয়ে এখানে আলোচনা হচ্ছে। কিন্তু মন্ত্রীরা এখানে উপস্থিত নেই। স্যার, আপনি হাউসটা অ্যাডজোর্ন করুন, মন্ত্রীরা আসুক, তার পরে আলোচনা শুরু করবেন।

**মিঃ ডেপুটি স্পীকার** : হাউস রোজই আড়াইটের সময় বসত, আজকে ২টোর সময় বসেছে সেইজন্য একটু অসুবিধা হয়েছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : তাহলে আপনি হাউস অ্যাডজোর্ন করে দিন, আমরা আড়াইটের সময় আসব।

( এই সময় তৃণমূল কংগ্রেসের মাননীয় সদস্যগণ ওয়াক আউট করেন )

**মিঃ ডেপুটি স্পীকার** : মিঃ সিন্‌হা আপনি বলুন। ৩/৪ জন মন্ত্রী এসে গেছেন, আপনি শুরু করুন।

**শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদিও মন্ত্রীদের উপস্থিতি অত্যন্ত নগণ্য। মুখ্যমন্ত্রী হাউসে আবার নেই। তবুও রাজ্যপালের ভাষণের ধন্যবাদসূচক প্রস্তাবের উপর বলতে হচ্ছে, এটা অত্যন্ত দুঃখজনক। আমি আশা করব, আপনার কাছে, আগামীদিনে আপনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন, যখন বিরোধীপক্ষের সদস্যরা বক্তব্য রাখবেন তখন যাতে মন্ত্রীরা সদলবলে উপস্থিত থাকেন এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী যাতে উপস্থিত থাকেন এটা ব্যবস্থা করবেন। এটা আমরা আশা করি। এবং আপনি যথাযথ ব্যবস্থা করবেন এই আশা রেখে এবং প্রতিবাদ রেখে আমার বক্তব্য শুরু করছি।

মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবে যা এসেছে আমি তার বিরোধিতা করছি। তার কারণ স্যার, আপনি জানেন মাননীয় রাজ্যপাল যখন এখানে ভাষণ দিতে এসেছিলেন তখন তিনি একটা উক্তি করেছিলেন। তিনি বলেছিলেন এটা আমার নিজের ভাষণ নয়, সংবিধানের রীতিনীতি রক্ষা করার জন্য তাকে এই ভাষণটা পড়তে হচ্ছে। তার এই উক্তির মধ্যে দিয়ে তিনি পরিষ্কারভাবে বুঝিয়ে দিয়েছিলেন যে এই ভাষণের সঙ্গে তিনি একমত নন। সেইজন্য ওই ভাষণটা তিনি পুরোটা পড়েননি, প্রথম কয়েক লাইন এবং শেষ কয়েক লাইন পড়েই তিনি চলে গেলেন। এটা অত্যন্ত দুঃখের এবং এটা প্রিসিডেন্ট হয়ে থাকবে আমাদের পবিত্র বিধানসভায়। স্যার, আমি প্রত্যেকবারই রাজ্যপালের ভাষণের উপরে আলোচনার সময় বলি, সংবিধানের ১৭৬ নম্বর ধারা অনুসারে রাজ্যপালকে প্রত্যেক বছর অধিবেশনের শুরুর প্রথম দিনে ভাষণ দিতে হয়। শুধু পশ্চিমবঙ্গ নয়, বিভিন্ন রাজ্যের বিধানসভাগুলোতে রাজ্যপালের ভাষণের সময় এমন একটা অবস্থার সৃষ্টি হয় যেটা

অভিপ্রেত নয় এবং গণতান্ত্রিক ব্যবস্থায় এটা হওয়া উচিত নয়। সেইজন্য আমি গতবারও বলেছিলাম, আমাদের রাজ্য সরকারের তরফ থেকে কন্সটিটিউশনাল অ্যামেন্ডমেন্টের ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করা উচিত এবং কেন্দ্রীয় সরকারের কাছে লেখা উচিত এই ১৭৬ নম্বর ধারাটা যাতে অ্যামেন্ডমেন্ট করা হয়, পরিবর্তন করা হয়। অনুরূপভাবেই পার্লামেন্টের যুক্ত অধিবেশনের প্রথম দিনে রাষ্ট্রপতিকেও ভাষণ পড়তে হয়, সেটারও অনুরূপভাবে পরিবর্তন করা দরকার বলে আমি মনে করি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সরকার ভুল স্বীকার করবার সরকার। গত ২৬ বছরে তারা একটার পর একটা ভুল স্বীকার করছেন এবং অকপটে তারা স্বীকার করে নিচ্ছেন যে এটা আমাদের ভুল হয়েছিল। প্রথমে তারা প্রাথমিক স্তর থেকে ইংরেজি তুলে দিলেন। তারপরে বহু রিপোর্টের পর, নানা পরিকল্পনার পর তারা ঠিক করতে পারছিলেন না ক্লাস ফাইভ থেকে ইংরেজি পড়ানো হবে, না ক্লাস থ্রি থেকে ইংরেজি পড়ানো হবে। তারপরে তারা একটা সিদ্ধান্তে উপনীত হলেন যে ক্লাস ওয়ান থেকেই আবার ইংরেজি চালু করা হবে। এই দীর্ঘ ২৫-২৬ বছর ধরে ইংরেজি শিক্ষা থেকে যেসব ছেলেমেয়েরা বঞ্চিত হল, তাদের জীবনের যে ক্ষতি হয়ে গেল, সেই ক্ষতি পূরণ করবার কোনো ব্যবস্থা হল না। আপনারা শুধু ভুল স্বীকার করে নিয়ে ক্লাস ওয়ান থেকে ইংরেজি চালু করলেন। সুতরাং কোনো কাজ করবার আগে আপনাদের মনে রাখতে হবে, আপনারা ভুল যাতে না করেন তার জন্য যথাযথ ব্যবস্থা আপনাদের আগে থেকেই গ্রহণ করতে হবে। একসময় আপনারা পশ্চিমবাংলায় কম্পিউটার ঢুকতে দেওয়ার বিরুদ্ধে ভীষণ আন্দোলন করেছিলেন। কিন্তু পরবর্তীকালে যখন আপনারা দেখলেন কম্পিউটার ছাড়া রাজ্যের শিল্পের অগ্রগতি সম্ভব নয়, তখন আপনারা বললেন আমরা ভুল করেছি। পশ্চিমবাংলায় যাতে কম্পিউটার প্রবেশ করে তার ব্যবস্থা করব। একসময় আপনারা জঙ্গী আন্দোলন করে বহু কারখানা বন্ধ করে দিয়েছিলেন এবং সেইসব কারখানার মালিকরা পশ্চিমবঙ্গ ছেড়ে অন্য জায়গায় চলে গিয়েছিল। ফলে হাজার হাজার শ্রমিক বেকার হয়ে গেল।

[ 2.10–2.20 p.m. ]

আর এখন আপনারা বলছেন—আমরা ভুল করেছি এবং চেষ্টা করছি যাতে সিটুর জঙ্গী আন্দোলন বন্ধ করা যায়। মুখ্যমন্ত্রী বারে বারে বলছেন সিটুকে রুখে দেওয়ার চেষ্টা করব, তাদের আন্দোলন বন্ধ করার চেষ্টা করব, কিন্তু পারছেন না, সিটুর তরফ থেকে সেইরকম পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না। ফলে বিভিন্ন কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এক সময় আপনারা বিনা প্রয়োজনে সরকারি, আধা-সরকারি সংস্থাগুলোতে আপনাদের পার্টির অনুগত লোকদের ঢুকিয়েছিলেন—তন্তুজ, তন্তুশ্রীর কথা তো সবাই জানেন। ফলে সেইগুলো ক্রমাগত লোকসানে চলতে লাগল, আর্থিক দিক থেকে সেইগুলো পঙ্গু হয়ে পড়ল। আপনারা পরে বুঝতে পারলেন ওইভাবে লোক ঢোকানো ঠিক হয়নি, এখন চেষ্টা করছেন তাদের সরিয়ে দিতে এবং সেই টাকার জোগাড় করতে নিরুপমবাবুকে বিলেতে পর্যন্ত যেতে হয়েছে, যেটা এই সরকারের কাছে আশা করিনি। আপনারা প্রাইভেটে উচ্চশিক্ষার ব্যবস্থা করেননি এবং এখন বুঝতে পারছেন কেবলমাত্র সরকারি প্রচেষ্টায় উচ্চশিক্ষা, কারিগরি শিক্ষা দেওয়া

সম্ভব নয়। সরকারের যে আর্থিক অবস্থা—যা আমি একটু পরেই উল্লেখ করব—তা দিয়ে উচ্চশিক্ষা, কারিগরি শিক্ষা সম্প্রসারণ করা সম্ভব নয়, এটা এতদিন পরে বুঝতে পেরেছেন এবং চেষ্টা করছেন বেসরকারি ব্যবস্থায় যাতে এই সমস্ত শিক্ষা দেওয়া যায়। তার জন্য টিউশন ফি, ক্যাপিটেশন ফি নিয়ে ইঞ্জিনিয়ারিং ব্যবস্থা চালু করতে চাইছেন। এক সময় শিক্ষকদের টিউশন করার ঢালাও সুযোগ করে দিয়েছিলেন, কারণ এই শিক্ষককুল আপনাদের ভোটের ব্যবস্থা করেন, তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেননি। কিন্তু এখন বুঝতে পারছেন এই টিউশনের জন্য শিক্ষাব্যবস্থাটা ভেঙে পড়ছে এবং শিক্ষকরা যাতে টিউশন করতে না পারেন তার জন্য নানান ব্যবস্থা গ্রহণ করছেন এমনকি মুচলেকা পর্যন্ত লিখিয়ে নিচ্ছেন। এই যে ভুল আপনারা করেছিলেন, তার জন্য বহু ক্ষতি পশ্চিমবঙ্গের মানুষকে স্বীকার করতে হয়েছিল। নেতাজির এক সময় বিরোধিতা করেছিলেন। তাঁকে বলেছিলেন তোজোর কুকুর, কুইসলিঙ্। আর এখন বলছেন, না আমরা ভুল করেছিলাম। এই ভুল স্বীকার করে এখন প্রত্যেক বছর ২৩শে জানুয়ারিতে তাঁর গলায় মালা পরাচ্ছেন। রবীন্দ্রনাথকে একসময় বলেছিলেন বুর্জোয়া কবি। এখন বলছেন, আমরা ভুল করেছিলাম। রবীন্দ্রনাথকে স্মরণ না করে, তাঁর জয়গান না করে আপনারা কোনো বক্তৃতা এখন দেন না। আপনাদের তো মনে আছেই একসময় সাম্প্রদায়িক দল বি.জে.পি.-র সঙ্গে হাত মিলিয়ে এই শহিদ মিনার ময়দানে মিটিং করেছিলেন কংগ্রেসকে হারাবার জন্য ? এখন এই যে বি.জে.পি. সরকার ভারতবর্ষে এসেছে, সেখানে আপনাদের ভূমিকাও আছে। এর জন্য আপনারাও অনেকাংশে দায়ী। অটলবিহারী বাজপেয়ীর সঙ্গে শহিদ মিনার ময়দানে আপনারা মিটিং করেছিলেন, সেই ছবি আমাদের কাছে আছে। আমরা তখনও বলেছিলাম বারবার করে, ভুল করছেন। এখন আপনারা বলছেন, আমরা ভুল করেছিলাম। আপনারা বলেছেন তখন আমরা ভুল করেছিলাম। মুখ্যমন্ত্রী উনি এখন এখানে নেই। উনি এক সময়ে চোরের সরকার বলে চলে গিয়েছিলেন এই সরকার থেকে আবার ফিরে এসে দুঃসময় বলে নাটক লিখেছিলেন। এই সমস্ত করার পর আবার মন্ত্রিসভায় ফিরে এসে মুখ্যমন্ত্রী হয়েছেন। উনি কি ভুল করেছিলেন যখন বলেছিলেন চোরেদের সরকারে আর থাকব না। এইভাবে একটার পর একটা উদাহরণ আমি দিতে পারি দীর্ঘ ২৬ বছর ধরে আপনারা বিভিন্ন ব্যাপারে ভুল করেছেন, আর তার জন্য পশ্চিমবাংলার মানুষকে খেসারত দিতে হয়েছে। প্রত্যেকটা ক্ষেত্রে পশ্চিমবাংলা পিছিয়ে গিয়েছে। আজকে ভুল স্বীকার করছেন সেই অবস্থার পরিবর্তন করতে কিন্তু সেই অবস্থার পরিবর্তন হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ল্যান্ড অর্ডার সিচুয়েশন নিয়ে আমি বেশি কিছু বলব না, কারণ আমার পূর্ববর্তী বক্তারা এই বিষয়ে বহু দৃষ্টান্ত দিয়েছেন। আমি শুধু রাজ্যপালের ভাষণের একটা অংশ বলে দিচ্ছি, তিনি ৪ নম্বর পাতায় বলেছেন, "The over all crime situation in the state remained well within control and the incidence of crime has not shown any noticeable increase." এই কথাটা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে বুঝবার জন্য অনুরোধ করছি। নোটিশেবলি ইনক্রিজড। তার মানে ইনক্রিজ হয়েছে। নোটিশেবলি হয়নি কিন্তু ইনক্রিজ হয়েছে। আমি বলব যে নোটিশেবলিই হয়েছে, তার উদাহরণ কয়েকটা দেব। সুতরাং রাজ্যপালের ভাষণের মধ্যে থেকে বোঝা যাচ্ছে যে ক্রাইম সিচুয়েশন সুবিধাজনক

নয় এবং গত কয়েকদিন যেভাবে নারী ধর্ষণ, খুন, রাহাজানি বাড়ছে তা থেকে পরিষ্কার যে আইন-শৃঙ্খলার পরিস্থিতি শোচনীয়, বিশেষ করে বাঁকুড়া মেদিনীপুর, পুরুলিয়াতে, সেখানে এম.সি.সি., জনযুদ্ধ গোষ্ঠী এবং উত্তরবঙ্গে কে.এল.ও. এদের শক্তি ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, যার ফলে কিছুদিন আগে আমরা দেখলাম যে বান্দওয়ানির ও.সি. নিহত হলেন। আমরা দেখলাম লালপাহাড়ীতে সেখানে ৮ জন পুলিশ কর্মী ল্যান্ডমাইনে মারা গেলেন। এই ঘটনার পর মুখ্যমন্ত্রী অকপটে স্বীকার করতে বাধ্য হয়েছেন যে, এম.সি.সি., জনযুদ্ধ গোষ্ঠী এদের শ্রীবৃদ্ধি হয়েছে ওই এলাকাগুলো অনুন্নত হয়ে আছে বলে। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে ২৬ বছর ধরে এই সরকার আছেন কেন তাঁরা ওই সমস্ত এলাকায় উন্নয়ন করেননি। এই যে মেনেস তৈরি হয়েছে, যার ফলে বহু মানুষ মারা যাচ্ছেন, তাদের খেসারত দিতে হচ্ছে। '৭৭ সালে আমরা যখন চলে যাই তখন পশ্চিমবাংলায় বেকারের সংখ্যা ছিল ১৪ লক্ষ আজকে সেই সংখ্যা দাঁড়িয়েছে ৬৬ লক্ষে। আজকে আপনারা বলুন তো ঘরে ঘরে ছেলেরা যদি বেকার হয়ে থাকে নিশ্চিত তারা একটা পথ বেছে নেবে যে পথ বাঞ্ছনীয় নয়। অধিকাংশ জায়গায় দেখছি খুন, রাহাজানি বেড়ে যাচ্ছে এবং তার প্রধান কারণ হচ্ছে এই বেকারত্ব বৃদ্ধি তাদের করার কিছু নেই। কোনো কিছু না পাওয়ার ফলে তারা আজকে এই অসামাজিক, অনৈতিক কাজে লিপ্ত হচ্ছে।

[ 2.20–2.30 p.m. ]

এই দিকে কোনো দৃষ্টি এই সরকার দিতে পারেনি এবং রাজ্যপালের ভাষণের মধ্যেও এর কোনো ইঙ্গিত নেই। এই বিরাট বেকার সমস্যা এবং তার ফলে আইন-শৃঙ্খলা অবনতি একটা চূড়ান্ত আকার ধারণ করেছে, সেখান থেকে আমরা কিভাবে মুক্তি পেতে পারি তার কোনো কথা মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। একটি লাইনও নেই। আমরা আশা করছি নিশ্চয়ই এই সরকারের যদি সদিচ্ছা থাকে এই রকম একটা পরিস্থিতি থেকে পরিত্রাণ পাওয়ার নিশ্চয়ই একটা উপায় তারা খুঁজবেন। আমি দৃষ্টান্ত হিসাবে একটু বলতে চাই ২০০২ সালে ডাকাতি হয়েছিল ১৮টি। তবে ডাকাতির সংখ্যা সাধারণত আরও বেশি হয়, এটা পুলিশের হিসাব। পুলিশ অর্ধেক জায়গার ডাকাতির কেসগুলি নথিভুক্ত করে না যাতে করে কেসের সংখ্যা কম করে দেখানো যায়। ২০০৩ সালে ডাকাতি হয়েছিল ৩৩টি, আর এই বছরে প্রথম মাসেই ১৬টি ডাকাতি ঘটে গেছে। স্যার, আপনি বুঝতে পারছেন কিভাবে আজকে পশ্চিমবাংলায় ডাকাতির সংখ্যা বেড়ে যাচ্ছে। এগুলি সব ছোটোখাটো ডাকাতি নয়, এগুলি ব্যাঙ্ক ডাকাতি, কোথাও ৬০ লক্ষ কোথাও ৭০ আবার কোথাও ৮০ লক্ষ টাকা চুরি হয়েছে এবং তার কোনো হদিস পাওয়া যায়নি। এখন একটা বড় জিনিস হচ্ছে যারা ক্রাইম করছে যেমন খুন, ডাকাতি, রাহাজানি, ধর্ষণ যারা করছে তাদের শাস্তি হচ্ছে না। আপনারা বলবেন আমরা কি করে শাস্তি দেব, এটা তো কোর্টের ব্যাপার। কিন্তু এই কাজ যারা করছে তারা বেশির ভাগ আপনাদের দলের লোক, আপনাদের দলভুক্ত। তারা অনেক সময় পুলিশের কাছে নিষ্কৃতি পেয়ে যায়, আর নিষ্কৃতি যদি না পায় তাহলে তার এগেনস্টে যে এফ.আই.আর. করা হয় বা চার্জশিট হয় সেটা এমনভাবে লেখা হয় যাতে সেটা কোর্টে না টেকে এবং অনেক সময় সাক্ষীকেও এমনভাবে ভয় দেখানো হয় যে সাক্ষীও সঠিকভাবে

সাক্ষ্য দিতে পারে না। এর ফলে আসামীরা ছাড়া পেয়ে যায়। এই সমস্ত ক্রাইম যারা করেন তাদের ১, ২, ৩ পারসেন্ট মতো আসামীর সাজা হয় শেষ পর্যন্ত। তাই এই অসামাজিক কাজকর্ম যারা করে তারা জানে যে আমি যাই করি না কেন আমার সাজা হবে না। আমি রেহাই পেয়ে যাব। এইভাবে আজকে খুন, রাহাজানি, ডাকাতি, চুরি, ধর্ষণ ইত্যাদি অপরাধ করার প্রবণতা বেড়ে যাচ্ছে, যেটা মোটেই বাঞ্ছনীয় নয়। আমি সরকারের কাছে বলব যারা এই অসামাজিক কাজে লিপ্ত হচ্ছে তাদের যাতে শেষ পর্যন্ত শাস্তি হয়, সাজা হয় তার ব্যবস্থা করতে হবে। এখন দেখা যায় বাস আটকে ডাকাতি হয়। আমার কাছে খবর এসেছে ও.সি. নিজেই স্বীকার করেছেন এটা পুলিশের অপদার্থতা। আনন্দবাজার পত্রিকায় গত ২২ ফেব্রুয়ারি তারিখে বেরিয়েছে বীরভূম জেলার রাজনগরে বোমা মেরে বাস আটকে ডাকাতি হয়েছে। সেখানে পুলিশ ছিল কিন্তু তারা ভয়ে পালিয়ে গেছে। আপনারা পুলিশদের ঠিকমতো ট্রেনিং দেন না। আজকের পুলিশের সাহস নেই, বন্দুক নেই। একটা ডাকাতি হচ্ছে দেখে পুলিশ এখন বাধা দেয় না, ভয়ে পালিয়ে যায়। আমরা আমেরিকান সেন্টারের সামনে কি দেখলাম, সেখানে পুলিশ কোনো গুলি করল না এবং কয়েকজন পুলিশ নিহত হল। এইভাবে আজকে পুলিশ ফোর্সের মধ্যে অপদার্থতার চূড়ান্ত নজির আমরা দেখতে পাচ্ছি এবং তার ফলেই আইনশৃঙ্খলা আজকে বজায় থাকছে না। অপরাধের প্রবণতা সীমা ছাড়িয়ে যাচ্ছে। এর থেকে পরিত্রাণ পাওয়ার উপায় মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই তার জবাবী ভাষণে আমাদের বলবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরেকটা বিষয় উল্লেখ করতে চাই, যেটা রাজ্যপালের ভাষণে আদৌ উল্লেখ করা হয়নি। সেটা হচ্ছে অর্থনৈতিক অবস্থা। যে অর্থনৈতিক অবস্থার মধ্যে আজকে বামফ্রন্ট সরকার এসে পৌঁছেছে সেটা সংকটজনক, তাতে কোনো সন্দেহ নেই। এবং কিছুদিন আগে মাননীয় অর্থমন্ত্রী এ ব্যাপারে একটা বই বার করেছিলেন যে 'রাজ্যের সমস্যা—আর্থিক সংকটের কারণ এবং সমাধানের পথ'। প্রায় এক বছর আগের কথা। তিনি সেখানে অকপটে স্বীকার করেছেন, আমি ডিটেইলসে যাচ্ছি না, সংক্ষেপে বলছি। যেগুলো খরচ করবার জন্য—শিক্ষকদের বেতন, সরকারি কর্মচারীদের বেতন দিতে লাগে ১১ হাজার ৩৭৯ কোটি টাকা এবং সুদ ও আসল মিলিয়ে দিতে হয় ৯,৫৬৬ কোটি টাকা। এছাড়া, পরিকল্পনা-বহির্ভূত খাতে খরচ হয় ৩,৬১৯ কোটি টাকা। উক্ত তিনটে রাশির যোগফল দাঁড়াচ্ছে ২৪,৫৬৪ কোটি টাকা। এবং সেই বছর সরকারের ইনকাম ছিল ১৫ হাজার কোটি টাকা। তাহলে বুঝতে পারছেন যেখানে খরচ ২৪ হাজার কোটির উপর সেখানে ইনকাম ১৫ হাজার কোটি হলে ঘাটতি থেকে যাচ্ছে ৯ হাজার কোটি টাকা। তাহলে কোথা থেকে উন্নয়ন হবে ? যেখানে এসেনসিয়াল খরচ মেটাতে নাভিশ্বাস উঠছে সেখানে পরিকল্পনার জন্য খরচ করা, উন্নয়নের জন্য খরচ করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। এবং তাই রাজ্য সরকার 'ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ'-এর নীতি নিয়েছেন। এবং যতদূর জানি এক বছর আগে যেটা ৭০ হাজার কোটি টাকা ঋণ ছিল সেটা এখন বাড়তে বাড়তে ১ লক্ষ টাকায় পৌঁছেছে। আমি জানি না এইভাবে চললে আগামীদিনে কিভাবে অর্থ জোগাবেন, খরচ মেটাবেন। এর কোনো হদিস মাননীয় রাজ্যপালের ভাষণে দেখতে পাইনি। আমরা আশা করেছিলাম যে অর্থনৈতিক সংকটের মধ্যে রাজ্য সরকার পড়েছে তার ব্যাপারে মাননীয় রাজ্যপাল মহাশয় কিছু বলবেন, একটা হদিস উনি দেবেন। কিন্তু আমরা দেখতে

পাইনি। তাই মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আশুতোষ মুখোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এখানে উপস্থিত করা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

সমর্থন করতে গিয়ে আমি প্রথমেই বলতে চাই যে, শ্রদ্ধেয় শ্রী অতীশ চন্দ্র সিন্‌হা মহাশয় যে বক্তব্য রাখলেন তা আমি খুব মন দিয়ে শুনছিলাম। উনি একজন অভিজ্ঞ সংসদীয় রাজনীতিক। ওনার কাছ থেকে আমি আরো কিছু বিজ্ঞজনোচিত পরামর্শ আশা করেছিলাম। আমি একটা বুঝতে পারলাম না আমাদের ভারতবর্ষে যে সংবিধান রয়েছে সেই সংবিধানে রাজ্য বিধানসভার যে অধিবেশন বছরের শুরুতে শুরু হয় তা উদ্বোধন করেন মাননীয় রাজ্যপাল, তার ভাষণের মধ্যে দিয়ে সভা শুরু হয়। এবং সেই ভাষণে মাননীয় রাজ্যপাল, যিনি সরকারের প্রধান, সেই সরকারের কথা বলবেন না তো কি বিরোধী দলের কথা বলবেন ? তবে রাজ্যপাল পদ থাকা উচিত কি উচিত নয় তা নিয়ে বিতর্ক আছে। কারণ রাজ্যপালের পদ নির্বাচিত পদ নয়। রাজ্যপালের পদ নিয়ে আলোচনা চলতে পারে। কিন্তু মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দেবেন তাতে সরকারের কথাই থাকবে এবং এখনও পর্যন্ত আমাদের সংবিধানে সেই নির্দেশই আছে। অতীতে আবশ্য আমরা অন্য রকমও দেখেছি। মাননীয় অতীশবাবুরা তো তখন কংগ্রেসের নেতা ছিলেন, তাদের পূর্বসুরীরা ছিলেন আমরা তো দেখেছি, এই রাজ্যপাল পদকে কেমন করে রাজনৈতিক নিয়োগের মাধ্যমে যে রাজ্যগুলোতে বিরোধীদের দল শাসনক্ষমতায় ছিল সেখানে কিভাবে পদপিষ্ঠ করা হয়েছিল। আমাদের রাজ্যে এবং অন্যান্য রাজ্যেও এই অভিজ্ঞতা আছে।

মাননীয় রাজ্যপালের ভাষণ যদি পড়ে দেখা যায় তাহলে দেখা যাবে তার প্রতিটি ছত্রে ছত্রে আমাদের রাজ্যের প্রকৃত যে চিত্র সেই চিত্র তুলে ধরা হয়েছে।

[ 2.30–2.40 p.m. ]

আমাদের রাজ্য সরকার কিভাবে অত্যন্ত অর্থনৈতিক সংকটের মধ্যে থেকেও যখন সারা দেশ গভীর সংকটের মধ্যে নিমজ্জিত—তার মধ্যে থেকেও রাজ্যের মানুষের জন্য উন্নয়নের চেষ্টা করে যাচ্ছেন। উন্নয়ন সম্পর্কে আমাদের কিছু দৃষ্টিভঙ্গি আছে। আমরা খুব খোলাখুলি বলি যে, উন্নয়নের দৃষ্টিভঙ্গি হচ্ছে আমাদের শ্রেণী দৃষ্টিভঙ্গি। আপনারাও শ্রেণী দৃষ্টিভঙ্গি দ্বারা পরিচালিত হন। আমাদেরও শ্রেণী দৃষ্টিভঙ্গি আছে। উন্নয়ন মানে কি ? সমাজতত্ত্ববিদরাও মোটামুটিভাবে এই বিষয়ে একমত যে, পৃথিবীর সর্বশ্রেষ্ঠ সম্পদ হল মানবসম্পদ। এই মানবসম্পদের উন্নয়নই হল প্রকৃত উন্নয়ন। দুর্ভাগ্যজনকভাবে এই মানবসম্পদ আমাদের দেশে যুগ যুগ ধরে অবহেলিত, বঞ্চিত হচ্ছে। আমাদের দেশের শাসকশ্রেণী এই মানবসম্পদকে অবহেলা করেছেন। তার ফল হিসেবে আমরা দেখতে পাচ্ছি, স্বাধীনতার ৫৬ বছর পরেও ভারতবর্ষ পৃথিবীর অন্যতম গরিব দেশ। তাই আমাদের রাজ্যের সরকার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও উন্নয়নের দৃষ্টিভঙ্গিতে সমাজের সেই সব পিছিয়ে

পড়া মানুষ—দরিদ্র মানুষ, সামাজিকভাবে পিছিয়ে পড়া মানুষ—এস.সি., এস.টি. মানুষ—এদের উন্নয়নের জন্য তাঁরা যাবতীয় কর্মসূচির কথা উল্লেখ করেছেন এবং সেইভাবে তাঁরা কাজকর্ম করছেন—যার প্রমাণ মাননীয় রাজ্যপাল মহাশয়ের প্রদত্ত ভাষণের প্রতিটি ছত্রে ছত্রে পাওয়া যাবে। ভারতবর্ষ একটা সার্বভৌম রাষ্ট্র। পশ্চিমবঙ্গ স্বাধীন রাষ্ট্র নয়, পশ্চিমবঙ্গ একটা অঙ্গরাজ্য। ভারতবর্ষের যে সংবিধান ও আইন সেটা পশ্চিমবঙ্গের ক্ষেত্রেও লাগু হয়। কেন্দ্রীয় সরকারের যে আর্থিক নীতি এবং তার ফলে যে সংকটের সৃষ্টি হয়েছে তার থেকে পশ্চিমবঙ্গ আজকে পিছিয়ে থাকতে পারে না। তা সত্ত্বেও পশ্চিমবঙ্গ সরকার তার নিজস্ব ক্ষমতার মধ্যে, তার নিজের এক্তিয়ারের মধ্যে উন্নয়নের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। আমাদের সংবিধানের মধ্যে কেন্দ্র ও রাজ্য সরকারের মধ্যে ক্ষমতার যে বিভাজন করা আছে, আজকের যুগের পরিস্থিতিতে বর্তমান যে ছবি, তাতে এগুলো আমাদের সংশোধন করা দরকার। আমাদের সংবিধানে কি আছে ? আমাদের সংবিধানে কেন্দ্রীয় সরকারের কি কি ক্ষমতা এবং দায়িত্ব এবং রাজ্য সরকারের কি কি ক্ষমতা ও দায়িত্ব—এগুলো দেওয়া আছে। এতে দেখা যাচ্ছে যে, কেন্দ্রীয় সরকারের হাতে অধিক ক্ষমতা রয়েছে। এটুকু আপনারা জানেন যে, বেশি কাজ করতে গেলে বেশি টাকার দরকার। কিন্তু কেন্দ্রীয় সরকার যেটা করেন সেটা হল যে, কাউকে ৮০ টাকার বাজার করতে দিয়ে তার হাতে ২০ টাকা দেওয়া হলে এবং কাউকে ২০ টাকার বাজার করতে দিয়ে তার হাতে ৮০ টাকা দিলে যেমন হয়, তেমনিভাবে তারা টাকা দেন। রাজ্য সরকারকে হসপিটাল, স্কুল, কলেজ, রাস্তা, সেচব্যবস্থা, পানীয় জলের ব্যবস্থা করতে হবে। সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের যা কিছু প্রয়োজন সেগুলোর ব্যবস্থা করতে হবে রাজ্য সরকারকে। দেশরক্ষা, মুদ্রা, ব্যবস্থা, ব্যাঙ্কিং, প্রতিরক্ষা—এগুলোর দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। যার সঙ্গে মানুষের দৈনন্দিন জীবনের সম্পর্ক খুব কম। অথচ কেন্দ্রীয় সরকারের হাতে বেশি আর্থিক ক্ষমতা দেওয়া আছে। আমরা বলেছি কেন্দ্র-রাজ্য আর্থিক অবস্থার পুনর্বিন্যাস চাই। কেন্দ্রীয় সরকার রাজ্যগুলো থেকে যে অর্থ নেন তার বিনিময়ে সাংবিধানিক বিধি অনুযায়ী তাঁরা খুব কম অর্থ রাজ্যগুলোকে ফেরত দেন। কেন্দ্রীয় সরকার যদি কোনো রাজ্য থেকে ১০০ টাকা দেন, তাহলে সেই রাজ্যকে কেন্দ্রীয় সরকার ২৯ টাকা ফেরত দেন। বাকি টাকা কেন্দ্রীয় সরকার কি করেন সেটা একটু পরে বলব। কেন্দ্র ও রাজ্যের মধ্যে এই আর্থিক অবস্থার একটা পুনর্বিন্যাস দরকার। মাননীয় অতীশবাবু ভালো কথা বলেছেন যে, অর্থনৈতিক সংকট রয়েছে, আমাদের রাজ্যে সংকট চলছে। কিন্তু কেন এই অর্থনৈতিক সংকট চলছে সেটাও বলা উচিত ছিল। কারণ গোটা ভারতবর্ষে এই যে অর্থনৈতিক সংকট চলছে তার থেকে আসে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, এর থেকে আসে সন্ত্রাসবাদী আন্দোলন—তারা নিজেদেরকে বঞ্চিত মনে করে, রাজ্যে রাজ্যে অসমতা বাড়ে। এর ভিতর দিয়ে বিভাজনের বীজ বোনে। এর ভিতর দিয়ে হচ্ছে অনৈক্য। এইজন্য আমি কেন্দ্রীয় সরকারের যে সমস্ত নীতি, যে নীতির ফলে আমাদের রাজ্যগুলি আজকে সংকটগ্রস্ত হয়েছে—সে সম্পর্কে ২-৪টি কথা আমি আপনাদের সামনে উল্লেখ করতে চাই। আমি বলতে চাই যে আমরা দেখলাম যে বর্তমানে যে কেন্দ্রীয় সরকার তারা যখন ক্ষমতায় ছিলেন খুব বড় গলা করে তারা বলেছিলেন যে দেশ থেকে তারা ৩টি জিনিস দূর করবেন। তার একটা হচ্ছে ভুখা, ক্ষুধা দূর করবে দুই ভয় এবং তিন হচ্ছে

ভ্রষ্টাচার দূর করবে। একটু যদি দেখতেন বিচার-বিবেচনা করতেন যে কি অবস্থায় দাঁড়িয়েছে। সাড়ে ৬ কোটি টন কেন্দ্রীয় সরকার প্রচার করছেন—সাড়ে ৬ কোটি টন খাদ্য কেন্দ্রীয় সরকারের গুদামে জমা আছে, পচছে। আর এই সময় ৩৮ কোটি মানুষ দারিদ্রসীমার নীচে নেমে গিয়েছে। ৬ হাজার মানুষ না খেতে পেয়ে মারা গিয়েছে। সাড়ে ৬ কোটি টন খাদ্য পচছে এই অবস্থায় ৩৯ কোটি মানুষ ভুখা অবস্থায় আছে। ১৬ লক্ষ শিশু আবার ভিটামিনের অভাবে অন্ধ হচ্ছে, ৪০ কোটি মানুষ পড়তে পারে না, ২০ কোটি শিশু শিক্ষার সুযোগ পায় না। লজ্জা হয় না আপনাদের ? লজ্জা হয় না তাদের সঙ্গে জোট বেঁধে আছেন আর তাদেরকে নিয়ে এখানে যে সাম্প্রদায়িক ঐক্য রয়েছে এখানে আপনারা সাম্প্রদায়িকতার বীজ বুনে তাদেরকে হাত ধরে প্রতিষ্ঠিত করতে চাইছেন। লজ্জা হওয়া উচিত। গত বছর পর্যন্ত আমরা কি দেখলাম—আমরা দেখলাম বিশ্বায়নের নামে আপনারা যা করেছেন গত বছর পর্যন্ত সংগঠিত ক্ষেত্রে দেড় পারসেন্ট ছাঁটাই হয়েছে। ক্ষুদ্র-মাঝারি শিল্পে ইউনিট বন্ধ হয়েছে। এটা আমার রিপোর্ট নয় স্টেটসম্যান পত্রিকায় ২রা জানুয়ারির রিপোর্ট—তারা রিপোর্ট দিয়েছে। রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে সাড়ে ৬ লক্ষ শ্রমিক-কর্মচারী কর্মচ্যুত হয়েছে, ৮ লক্ষ কর্মচারীকে VRS দিয়ে তাড়িয়ে দেওয়া হয়েছে। দ্বিতীয় শ্রম কমিশন—তার মধ্যে বাড়তি যে সমস্ত শর্তগুলি আছে সেগুলি খুব পরিষ্কার করে দেওয়া হয়েছে। আমি অতীশবাবুকে বলি—আপনি ধর্মঘট সম্পর্কে ২-৪টি কথা বললেন—দুঃখ লাগে। এই ধর্মঘটের অধিকার আদায় করতে শ্রমিক-কর্মচারীদের দীর্ঘদিন লড়াই করতে হয়েছিল। এটা জেনে রাখুন আমাদের প্রধানমন্ত্রীর কথা বলি—আপনারা জানেন যে জওহরলাল নেহরু ১৯৩৯ সালে বম্বের ক্রিনিক্যালে একটি চিঠি দিয়েছিলেন ওই শ্রমিকদের ধর্মঘটের অধিকারকে সমর্থন করার জন্য। যে ব্রিটিশ সরকার শ্রমিকদের বিরুদ্ধে মালিকরা যে হামলা করেছিল তার বিরুদ্ধে বলেছিলেন পণ্ডিত জওহরলাল নেহরু, লালা লাজপত রায়, নেতাজি সুভাষ চন্দ্র বসু—এরা ধর্মঘটের পক্ষে। আমি এই কথা বলতে চাই যে, এইজন্য এইবার যখন ধর্মঘটের অধিকারকে কেড়ে নেওয়ার জন্য মাদ্রাজ হাইকোর্টে যে রায় বেরিয়েছিল—সুপ্রিম কোর্ট বলেছিল শ্রমিক-কর্মচারীদের রাজনৈতিক, নৈতিকতার কোনো অধিকার নেই। কেন্দ্রীয় সরকার একটা কথাও বলেননি—পরে একটা প্রতিবাদও করলেন না। আর সেই ধর্মঘটের অধিকারকে শ্রমিক-কর্মচারীরা তারা ধর্মঘটের মধ্য দিয়ে ফিরিয়ে আনার চেষ্টা করছে। আপনারা কাদের জন্য কাজ করেন—আমরা তো জানি হ্যাঁ, আপনাদের যখন গায়ে লাগে—এখানে কি রকম কাজ করেন—মানুষকে আজকে ভুল বোঝাচ্ছেন, বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। বেঙ্গল প্যাকেজ কোথায় গেল বাংলার ?—কোথায় কোন হিমঘরে—শোভনদেববাবু ?—কোন হিমঘরে ? এখন কয়লা প্যাকেজ তৈরি করছেন। আপনারা বলেছিলেন, আপনাদের মন্ত্রী বলেছিলেন যে কয়লাখনি বেসরকারিকরণ করা হবে না। অথচ দেখুন কয়লাখনি জাতীয়করণ সংশোধনী ২০০০ যখন উঠল সংসদে তখন আপনারা বিরোধিতা করেননি। আর আপনাদের নেত্রী তখন সংসদের সাংসদ ছিলেন। তখন তিনি সমর্থন করেছিলেন। আর আজকে কয়লামন্ত্রী হবার পরে বলছেন বিলগ্নীকরণ হবে না। টেন্ডার হয়ে গেছে। বিলগ্নীকরণের টেন্ডার হয়ে গেছে। তাকে প্রত্যাহার করেননি। ৬ হাজার কোটি টাকা বলে দিয়েছে—৬ হাজার কোটি টাকার প্রোজেক্ট দিয়েছে। দেশে কোটি কোটি টাকা—

[ 2.40–2.50 p.m. ]

কোথায় টাকা ? বাজেটে এক টাকাও নেই। স্বপ্নের প্রতিশ্রুতি কার্যকরী করতে হয় না। স্বপ্নে বলছেন জনগণকে পোলাও খাওয়াবেন ; ঘি কম দিয়ে খাওয়াবেন কেন ? একটু বেশি করেই দিন। তাই আপনারা বেশি করে প্রতিশ্রুতি দিচ্ছেন।

কেন্দ্রে একটা দপ্তর হয়েছে, বেচে দেওয়ার দপ্তর এবং সে দপ্তরের একটা গাল-ভরা নামও দেওয়া হয়েছে—'মিনিস্ট্রি অব ডিস-ইনভেস্টমেন্ট'। আপনাদের নেতা নেত্রীরা যেভাবে কলকাতায় পাথর পুঁতছেন তাতে এরপরে শিলান্যাস দপ্তর খুলতে হবে। এক হাজার বছর পরে যখন প্রত্নতাত্ত্বিকরা এসে দেখবেন তখন তাঁরা ভাববেন কোনো এক সভ্যতার নিশ্চয়ই এটা ধ্বংসস্তূপ। আপনারা হয়কে নয় করে জ্যান্ত মাছে পোকা ধরিয়ে দিচ্ছেন।

আপনারা একটা বন্‌ধ করে দিলেন। কি কারণে ? গরু-ছাগলের ওপর এই সরকার ট্যাক্স বসিয়েছে। গরু-ছাগলের ওপর ট্যাক্স বসাচ্ছে এই সরকার বলে সারা রাজ্যে প্রচার করলেন। গাঁয়ের একটা কথা আছে : 'হাটে গেল নবার মা, শুনে এলো বাঘের ছা। তুই বললি আমি শুনলাম, মরি বাঁচি বাঘ দেখলাম।' এই হচ্ছে আপনাদের কথা।

যাই হোক আমাদের কিছু রাজস্ব সংগ্রহের ব্যবস্থা করতেই হবে। কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের পাওনা দিচ্ছে না। আমরা দেখছি বন্যাদুর্গত মানুষের সাহায্যের জন্য পশ্চিমবঙ্গ কেন্দ্র থেকে কোনো টাকা পায় না। যেহেতু বামপন্থী শাসিত রাজ্য সেহেতু পশ্চিমবঙ্গ কেন্দ্র থেকে ন্যায্য পাওনা পায় না। অর্থ কমিশনের বরাদ্দ করা ন্যায্য টাকা পশ্চিমবঙ্গ পায় না। বেতন বৃদ্ধির ৫০ শতাংশের দায়-ভার কেন্দ্রের গ্রহণ করার কথা, কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে তা তারা করে না। এই যখন অবস্থা তখন পশ্চিমবঙ্গকে নিজস্ব রাজস্ব সংগ্রহ করতেই হবে, নিজের পায়ে নিজেকে দাঁড় করাতে হবে। সেই রাজস্ব সংগ্রহের ক্ষেত্রেও আমাদের শ্রেণী দৃষ্টিভঙ্গি কাজ করে। আমরা আপনাদের মতো ওপরতলার ১৫% মানুষের জন্য কাজ করি না। গরিব মানুষের ওপর বামফ্রন্ট সরকার কখনোই ট্যাক্সের বোঝা বাড়ায় না। যাদের ট্যাক্স দেওয়ার ক্ষমতা আছে তাদের কাছ থেকে ট্যাক্স নিতে হবে। যাদের দেওয়ার ক্ষমতা নেই তাদের ছাড় দিতে হবে। গরিব, নিম্ন-মধ্যবিত্ত, মধ্যবিত্তদের ওপর অবশ্যই ছাড় থাকবে। বড়লোকদের ওপর ট্যাক্স বসাতে হবে, নাহলে শ্রেণী দৃষ্টিভঙ্গি অনুযায়ী কাজ হবে না। আপনাদের দিল্লির সরকার ভোটে চমক দেওয়ার জন্য ১১ হাজার কোটি টাকা ছাড় দিয়েছে। কাদের ছাড় দিয়েছে ? কি কি জিনিসের ওপর ছাড় দিয়েছে ? কেন্দ্রীয় সরকার বিদেশি মদের আমদানির ওপর কর ছাড় দিয়েছে। বিমান ভাড়ার ওপর কর ছাড় দিয়েছে। বিদেশি মোটর গাড়ির ওপর কর ছাড় দিয়েছে। ফ্রিজের ওপর কর ছাড় দিয়েছে। অর্থাৎ আমাদের দেশের ওপরতলার ১০% মানুষ যেসব জিনিস ব্যবহার করে তার ওপর কর ছাড় দিয়েছে। আর গরিব মানুষের রেশন তুলে দিয়েছে। রেশনে একটু কম দামে চিনি গম পাওয়া যাচ্ছিল, সেটাও কেন্দ্রীয় সরকার তুলে দিয়েছে। কেরোসিন তেলের দাম আড়াই টাকা থেকে ৯ টাকায় তুলে দিয়েছে।

আর কৃষির কথা না বলাই ভালো। কয়েকদিন আগে কোথায় না কি আলুচাষি আত্মহত্যা করেছে বলে আপনাদের দরদ উথলে উঠেছিল। আমি হুগলি জেলার মানুষ,

আমাদের জেলায় সবচেয়ে বেশি আলু চাষ হয়। হুগলির চাষিরা মাঠ থেকেই ১৪০ টাকা, ১৫০ টাকা দামে আলুর বস্তা বিক্রি করছে। এটাই বামফ্রন্ট সরকারের কৃষিনীতির সাফল্য। আলুচাষিরা একটু দাম পাচ্ছে, তাও আপনাদের সহ্য হচ্ছে না। অথচ আপনারা দিল্লিতে যে সরকারের শরিক সেই সরকার বিশ্বায়নের নামে কৃষিক্ষেত্রে ভরতুকি কমিয়ে দিয়েছে। ভরতুকি কমিয়েছেন কোথায় ? অন্য দেশগুলি কি করেছে ? জাপান কৃষিতে ভরতুকি দিয়েছেন ৭২ পার্সেন্ট, ইউরোপিয়ান ইউনিয়ন ভরতুকি দিয়েছেন ৩৭ পার্সেন্ট, মার্কিন যুক্তরাষ্ট্র দিয়েছেন ২৬ পার্সেন্ট, এমনকি পাকিস্তান যেখানে দিয়েছেন ২১ পার্সেন্ট, সেখানে আমাদের দেশের সরকার অর্থাৎ কেন্দ্রীয় সরকার ভরতুকি তুলতে তুলতে কৃষিতে ৩ পার্সেন্ট ভরতুকি এনে দাঁড় করিয়েছেন। আর এখানে বসে আপনারা কৃষকদের প্রতি দরদ দেখাচ্ছেন ? সারের দাম কত বেড়েছে ? ডিজেলের দাম কত বেড়েছে ? এইভাবে চলতে থাকলে চাষিদের তো শেষ করে দেবেন। কেন্দ্রীয় সরকার এইভাবে চাষিদের শেষ করে দিচ্ছে আর আপনারা এখানে এসে চাষিদের প্রতি দরদ দেখাচ্ছেন, খেত-মজুরদের প্রতি দরদ দেখাচ্ছেন ? ১৯৮১ সালের কেন্দ্রীয় তথ্য অনুযায়ী মানুষ বছরে ১২৩ দিন কাজ পেত, এখন সেটা কমতে কমতে এসে দাঁড়িয়েছে ৭২ দিন। এই হচ্ছে আপনাদের ভারত উদয়। এই উদয়ের যুগে আগে যেখানে কৃষিতে বরাদ্দ হত ৩.৯ পার্সেন্ট, এখন সেটা ২.০৬ পার্সেন্ট। এস.জে.আর.ওয়াই অর্থাৎ গ্রাম-উন্নয়ন প্রকল্পে ২০০১-২০০২ সালে বরাদ্দ করেছিল যেখানে ১৫ হাজার ১৯৫ কোটি টাকা, এ বছর সেটা দাঁড় করিয়ে দিয়েছেন ১০ হাজার ২৮৯ কোটি টাকায় অর্থাৎ ৫ হাজার টাকা কমিয়ে দিয়েছে আর এদিকে বলছেন গ্রাম-উন্নয়ন হচ্ছে। তাই বলছি, আমাদের রাজ্যে যে সাম্প্রদায়িক সম্প্রীতি আছে সেটাকে আপনারা অশান্ত করার চেষ্টা করছেন। গোলমাল পাকানোর চেষ্টা করছেন। যতই নিজেদের রং মেখে দেখাতে চান বিকশিত হয়েছি, শকুন যতই ময়ূরের পেখম পরে নাচার চেষ্টা করুক, ভাগাড়ের দিকে তার লক্ষ্য থাকবেই। তাই ভূমি ব্যান্ডের কথায় আপনাদের বলতে হয়, 'তোমার দেখা নাই রে, তোমার দেখা নাই', কিন্তু ভোট যখন আসে তখন দিদির দেখা পাই রে, দিদির দেখা পাই। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অরুণাভ ঘোষ** : একটু আগে মাননীয় সদস্য বললেন, আমাদের নাকি মদ খাওয়ার অভ্যাস আছে। আমি বলছি, আমি ৩ দিন মদ খাই। একদিন ৮ নভেম্বর, ৫ই মে, আর ২২ এপ্রিল। কিন্তু জ্যোতিবাবু ২ দিন খান অর্থাৎ আমার চেয়ে একদিন কম খান। যেদিন বৃষ্টি পড়ে সেদিন খান আর যেদিন বৃষ্টি পড়ে না সেদিন খান। এটা নোট করে নিন।

**শ্রী আশুতোষ মুখোপাধ্যায়** : অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, আমি যখন বক্তৃতার সময়ে মদের কথা বলছিলাম তখন উনি বললেন, এটা আপনাদের খাওয়ার জন্য। আমি এটা অত্যন্ত নিন্দনীয় বলে মনে করছি। আমি বলেছিলাম, এটা আপনাদের অভ্যেস, আপনারা এটা করতে পারেন।

**শ্রীমতী মঞ্জু বসু** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি বলতে চাই যে গতানুগতিক প্রথায় গত ২৬ ফেব্রুয়ারি, ২০০৪ তারিখের অধিবেশনে নেপথ্য শিল্পী রাজ্য সরকারের তৈরি ভাষণে মহামান্য রাজ্যপাল মহাশয় লিপ দেওয়ায় সভা যে আন্তরিক

ধন্যবাদ জ্ঞাপন করে আমি তার তীব্র প্রতিবাদ করি এবং আমাদের বিরোধীদলের আনীত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের উপর সংশোধনীকে পূর্ণ সমর্থন করছি এবং এই বিষয়ে আমার সমর্থনের পক্ষে কিছু বক্তব্য রাখছি। প্রথমত মহামান্য রাজ্যপাল তাঁর অনিচ্ছা সত্ত্বেও যে অসত্য ভাষণ দিতে বাধ্য হয়েছেন সে কথা তিনি নিজের মুখেই স্বীকার করেন শুরুতে এবং এটাই প্রমাণিত হয় তার ভাষণ পাঠের অসম্পূর্ণতায়। অতএব আরো একবার প্রমাণিত হল যে রাজ্যপালের মতোন বিশাল ব্যক্তিত্বও স্বৈরাচারী বামফ্রন্ট সরকারের শৃঙ্খলে আবদ্ধ। এবারে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে, রাজ্যে পরলোকগত বিশিষ্ট ব্যক্তিদের প্রতি যখন শোকজ্ঞাপন করা হচ্ছে,

[ 2.50–3.00 p.m. ]

সেখানে দেখি আমাদের বিধায়ক প্রয়াত স্বরাজ মুখার্জীকে বলা হয়েছে প্রাক্তন বিধায়ক। পাশাপাশি দেখতে পাচ্ছি প্রয়াত লক্ষ্মী দে-র বেলায় বলা হয়নি প্রাক্তন বিধায়ক। তার কারণ কি ? এটা হয়তো স্বরাজ মুখোপাধ্যায় তৃণমূলের বিধায়ক, সেইজন্য তাঁর প্রতি এই ব্যবহার, এই ভুল তাঁর জন্যই হয়েছে, এটা সম্পূর্ণ ইচ্ছাকৃত। আমি এর প্রতিবাদ জানাচ্ছি। বিভিন্ন ব্যক্তিবর্গের প্রতি শোক জ্ঞাপন করা হয়েছে। বিশিষ্ট ব্যক্তি, খেলোয়াড়, শিক্ষা জগতের মানুষ, লেখক, শিল্পী এবং অন্যান্য রাজনৈতিক ব্যক্তিত্ব থেকে শুরু করে সকলের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়েছে। কিন্তু বিশিষ্ট খেলোয়াড় রজনীশ প্যাটেলের প্রতি শোক জ্ঞাপন করা হয়নি। এটা আমি মনে করি তাঁর প্রতি অবহেলা করা হল, অবমাননা করা হল। এটা কি সভ্য সমাজের প্রতি আঘাত নয় ? মহামান্য রাজ্যপাল স্বাস্থ্যব্যবস্থা, আইনশৃঙ্খলা এই রকম অত্যন্ত জরুরি বিষয়গুলি নিয়ে উনি নিজে স্বীকার করেছেন ভালো নেই। বামফ্রন্টের মুখ্যমন্ত্রীকে নিজে বলেছেন এই ব্যাপারে, এই ব্যাপারে উনি যথেষ্ট বিরোধিতা করেছেন, তাঁর মতামত জানিয়েছেন। কিন্তু সেখানে আমি দেখতে পাচ্ছি এই ভাষণে সত্যের অপলাপ ঘটানো হয়েছে। এই ১২ পাতার ভাষণে উনি সাফল্যের জয়গান গেয়ে গেছেন। ভালো করে তোষামোদ করে গেছেন। পক্ষান্তরে তিনি বামফ্রন্টের পতন ত্বরান্বিত করে গেছেন। আমরা লক্ষ্য করছি রাজ্যের সার্বিক আইন-শৃঙ্খলা তলানিতে এসে ঠেকেছে, অর্থনৈতিক দেউলিয়াতে পরিণত হয়েছে, স্বাস্থ্য পরিষেবা সম্পূর্ণ ভেঙে পড়েছে। শিক্ষাক্ষেত্রে চরম নৈরাজ্য চলছে। রাজ্য প্রশাসনে চরম দুর্নীতি চলছে যা দমনে এই সরকার সম্পূর্ণ ব্যর্থ। রাজ্যের উন্নয়ন একেবারে স্তব্ধ। বেকার যুব সমাজ বেকারের জ্বালায় তাদের চিন্তা-ভাবনা অন্যদিকে মোড় নিচ্ছে। নারীর সম্মান, নারীর সম্ভ্রম আজ ভুলুণ্ঠিত। এটা সভ্য সমাজের একটা কলঙ্ক। আমরা বলি 'জননী জন্মভূমি স্বর্গাদপি গরিয়সী'। সেখানে জননীকে, মাতৃজাতিকে পূজা করার কথা বলি। একদিকে আমরা নারীকে পূজা করতে বলছি অন্যদিকে নারীকে ভোগ্যপণ্য হিসাবে ব্যবহার করা হচ্ছে। এই দ্বিচারিতা ছাড়া আর কিছুই নয়। আমি এর প্রতিবাদ জানাচ্ছি। এই সরকারের বৈশিষ্ট্য হল যখন কেন্দ্রীয় সরকার কোনো প্রকল্প গ্রহণ করে সেই প্রকল্পগুলিতে যখন সুযোগ থাকে, অর্থ ভাগ করে নেওয়া থাকে তখন তড়িঘড়ি কাল বিলম্ব না করে সেই প্রকল্প রাজ্য সরকার গ্রহণ করে। তার মধ্যে উল্লেখযোগ্য হল সর্বশিক্ষা অভিযান। এই সর্বশিক্ষা অভিযান ২০০০ সাল থেকে শুরু করে ২০১০ সালের

মধ্যে শেষ করতে হবে। এই প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে ভারতবর্ষের সমস্ত ছেলেমেয়েকে শিক্ষার আঙিনায় নিয়ে আসা। এই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার দেখে ৭৫ ভাগ এবং বাকি ২৫ শতাংশ রাজ্যগুলো দেবে। এই ক্ষেত্রে আমি লক্ষ্য করছি ৩ বছর পার হয়ে গেল এই প্রকল্প সুষ্ঠুভাবে শুরু করা হয়নি। সমস্ত জিনিস পরীক্ষা-নিরীক্ষা করতেই ৩ বছর কেটে গেল। ২০১০ সালের মধ্যে এটা শেষ করা সম্ভব নয়। অর্থের কোনো হিসাব দেওয়া হচ্ছে না। শিক্ষা কমিটির একজন সদস্য হিসাবে আমি বিভিন্ন জায়গায় ঘুরেছি। আমাদের কিছু কিছু প্রশ্নের উত্তরে জেলা পরিষদের সভাধিপতির মুখ থেকে, জেলা শাসকের মুখ থেকে শুনেছি যে উপযুক্ত পরিকাঠামোর অভাবে কিছু করা যায়নি। প্রতিটি স্কুলে পানীয় জল খাবার জন্য একটি করে টিউবওয়েল তৈরি করে দেবার কথা, শৌচাগার করে দেওয়ার কথা। কিন্তু সেইগুলো হয়নি। এই খাতের টাকা ফেরত চলে যাবে। যেভাবে আমরা দেখেছি সাক্ষরতা অভিযান করা হয়েছে। কোটি কোটি টাকা নয়ছয় করা হয়েছে, ক্যাডারদের পকেট ভর্তি করা হয়েছে। আমি নিজে দেখেছি তাদের একটা কমিটি করে ঢুকিয়ে দেওয়া হয়েছে। যারা একটা রুটি জোগাড় করতে পারত না তাদের হাতে এখন গাড়ি আছে মোবাইল আছে, হাজার হাজার লক্ষ টাকা ব্যাঙ্ক ব্যালান্স করে ফেলেছে। সাফল্য কি রকম হয়েছে ? অ-ম-ল লিখতে তো ক-ম-ল লিখতে পারছে না একটা ছবি এঁকে বসে আছে। এই ধরনের শিক্ষা তারা লাভ করেছে। এই হচ্ছে শিক্ষার নমুনা, সাক্ষরতার নমুনা। দ্বিতীয়ত, স্বাস্থ্যব্যবস্থা বলতে আজকে কিছুই নেই। গরিব মানুষেরা যারা হাসপাতালে যায় চিকিৎসার জন্য, সেই সমস্ত গরিব মানুষ, সাধারণ মানুষের সেখানে জায়গা হয় না। হাসপাতালে সদ্যোজাত শিশুকে তার মা রক্ষা করতে পারে না, কুকুরে, বিড়ালে শিশুকে খেয়ে ফেলে। আমি কিছুদিন আগে হাওড়ার স্টেট জেনারেল হাসপাতালে গিয়েছিলাম। সেখানে দেখলাম ষাট বছরের একজন বৃদ্ধ, যিনি প্যারালিসিস রোগী, তিনি আগুনে পুড়ে সম্পূর্ণভাবে দগ্ধ হয়ে গেছেন। পুলিশ সুপারকে জিজ্ঞাসা করলে তিনি তার জবাব দিতে পারেননি। তিনি বলেছিলেন, 'সি.এম.ও.এইচ'-এর সঙ্গে তিনি কথা বলবেন। আজও তার ব্যবস্থা হল না। এরা মানুষের জীবনের দাম দিতে পারে না। তাই আমরা দেখি, সুস্মিতা বিশ্বাস, সাবানা পরভিনের মতো ছাত্রীরা চিকিৎসার অভাবে অকালে প্রাণ হারাচ্ছে। কল্যাণী হাসপাতালে যে সমস্ত ওষুধ এক্সপায়ারড হয়ে গেছে সেগুলো খাওয়ানো হচ্ছে রোগীদের—এই হচ্ছে স্বাস্থ্যব্যবস্থা। মাননীয় রাজ্যপাল এই সমস্ত বিষয়গুলোকে সম্পূর্ণভাবে এড়িয়ে গিয়েছেন এবং সামান্য দু-একটি ক্ষেত্রে জয়ধ্বজা উড়িয়েছেন। আইন-শৃঙ্খলার কথায় মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, সারা দেশের মধ্যে মরূদ্যান। সকালে ঘুম থেকে উঠলে শোনা যায় বিভিন্ন জায়গায় মানুষ খুন হয়েছে। এই সরকার উগ্রপন্থী মোকাবিলায়, জঙ্গী আন্দোলন দমনে সম্পূর্ণ ব্যর্থ হয়ে তার দায় আমাদের ওপরে চাপিয়ে দিচ্ছে। সিপিএম-এর কর্মীদের আড়াল করতে সমস্ত দায়ভার না নেবার জন্য অন্যদের ওপরে চাপিয়ে দিচ্ছে। শাক দিয়ে মাছ ঢাকা যায় না। এই যে অধঃপতন একে রক্ষা করবেন কিভাবে ? আমাদের আশা ছিল, মাননীয় রাজ্যপাল নিরপেক্ষ ব্যক্তি হিসাবে তিনি দেখবেন কিভাবে রাজ্যের উন্নতি হচ্ছে। দলগাঁওতে শ্রমিক শ্রেণীর ওপরে যে ঘটনা ঘটেছে, পাঁচশো শ্রমিক সেখানে আক্রান্ত হয়েছে, এগারোজনকে পুড়িয়ে মারা হল, এ সবই সিটু ইউনিয়নের কর্মীদের গোষ্ঠীদ্বন্দ্বের পরিণাম। ওদের নিজেদের ঘরে যে আগুন লেগেছে তাকে

ঢাকা দেবার জন্য এটা ঘটিয়েছে। রাজ্যপালের যে ভাষণ তা অসত্য, তার বিরোধিতা করে এবং আমাদের সংশোধনীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী ভক্তিপদ ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারি, ২০০৪ তারিখে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় বীরেন জে শা এই সভায় যে ভাষণ রেখেছেন, তাকে সমর্থন করে আমি বলছি যে, এই ভাষণে তিনি সংক্ষিপ্তভাবে পশ্চিমবাংলার চিত্র তুলে ধরতে পেরেছেন এবং তুলে ধরেছেন। আজকে পশ্চিমবাংলা ভারতবর্ষের কাছে একটা উদাহরণ হিসাবে বিরাজ করছে এবং সবচেয়ে বড় প্রমাণ যে, এখানে বিগত ২৭ বছর ধরে কেন্দ্রীয় সরকারের বিরোধিতা সত্ত্বেও একটা সরকার প্রতিষ্ঠিত আছে। ভারতবর্ষে আর কোনো রাজ্যে এইভাবে একটা সরকারের ওপরে আস্থা আছে—নেই।

[ 3.00–3.10 p.m. ]

এর থেকেই প্রমাণিত হয় যে দীর্ঘদিন এই সরকারের থাকার এবং জনগণের এই সরকারকে যে সমর্থন করছে সেটা প্রমাণিত হয় এবং সেই কারণে পশ্চিমবঙ্গে এই সরকার সুষ্ঠুভাবে জনগণের সমর্থনে টিকে আছে। মাননীয় রাজ্যপালের ভাষণের প্রথমের দিকে তিনি সীমান্তবর্তী এলাকায় যে সমস্ত উপদ্রুত এলাকা ভুটান এলাকা আছে এবং ঝাড়খণ্ড এলাকা আছে সেইব সমস্যার মোকাবিলা প্রশাসনিক তথা রাজনৈতিকভাবে করা হয়েছে এবং অনুন্নত এলাকার উন্নয়নের দিকে লক্ষ্য রেখে তার সমস্যার সমাধানের চিন্তা-ভাবনা করে সেইভাবে মোকাবিলা করেছেন। এবং সেগুলোই প্রথম দিকে তুলে ধরেছেন। তারপরে তুলে ধরেছেন সরকারের দপ্তরওয়ারি কাজকর্ম—শিল্পের সঙ্গে বিভাজনের যোগ শিল্পের প্রয়োজনেই এটা মেনে নিয়েই শিল্পের প্রসার কিভাবে পশ্চিমবঙ্গে করা যায় এবং তার জন্য কিভাবে কাজ করে যাচ্ছেন সেটা তুলে ধরেছেন। শিল্পের সঙ্গে সঙ্গে বিজ্ঞান প্রযুক্তি যাতে বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে কম্পিটিশান পশ্চিমবঙ্গের যুব সমাজ দিতে পারে তার চেষ্টা করা হচ্ছে এবং এই বিজ্ঞানপ্রযুক্তির মাধ্যমে যাতে আরো বেশি করে কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া যায় সেকথা তুলে ধরেছেন। তারপরে তুলে ধরেছেন রপ্তানিযোগ্য কৃষির ব্যাপারে। আজকে কৃষিতে ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গ এগিয়ে এবং পশ্চিমবঙ্গ থেকে বেশ কয়েকটি পণ্য যেমন উদাহরণ হিসাবে বলা যেতে পারে লিচু, লিচু পশ্চিমবঙ্গ থেকে ইউরোপে রপ্তানি হচ্ছে। পশ্চিমবঙ্গ থেকে ফুল যাচ্ছে নেদারল্যান্ডে। পশ্চিমবঙ্গের আলু যাচ্ছে সিঙ্গাপুর এবং মালয়েশিয়াতে। আজকে কৃষিতে উন্নয়নের ফলে গ্রামীণ সমাজে আগে যেমন কৃষি বা কৃষিজাত পণ্যের জন্য দাবি করত এখন আর তা সেটা করে না। আজকে তাদের দাবি অনেক বেড়েছে। তারা বিদ্যুতের দাবি করছে, স্কুলে পড়ার দাবি করছে। খাওয়া-পড়ার অভাব আর এখন সে রকম নেই। সেই কারণে তাদের এখন অন্য দাবি, আরো উন্নতির জন্য যেসব দরকার তার দাবি করছে। আজকে কৃষিতে অগ্রগতি ঘটেছে যার ফলে আলুর প্রোডাকশান যেখানে আমাদের ৬০ মেট্রিক টনের দরকার ছিল, সেখানে ৮৪ মেট্রিক টন হয়েছে। এবং এই যে কৃষিতে উন্নতি, সেই উন্নতির কথা মাননীয় রাজ্যপাল সঠিকভাবেই তাঁর ভাষণে তুলে ধরেছেন। তারপরে তুলে ধরেছেন পঞ্চায়েত

কথা। গ্রামে গিয়ে দেখুন আজকে সমস্ত কাজ পঞ্চায়েতের মাধ্যমে হচ্ছে। এখানকার পঞ্চায়েত ব্যবস্থা সারা ভারতবর্ষের মধ্যে একটা উদাহরণস্বরূপ, ভারতবর্ষে আর কোথাও এই ধরনের ব্যবস্থা নেই। এখানে জনগণের হাতেই সমস্ত ক্ষমতা, জনগণই তাদের কাজ নিজেরা করেন। কোন কাজটা কিভাবে করবেন, না করবেন তা তারা নিজেরা অর্থাৎ জনগণ বসে ঠিক করেন। কোন কাজটা আগে করতে হবে, কোনটা পরে করবে তা তারা নিজেরাই ঠিক করেন। এই যে পঞ্চায়েতি ব্যবস্থা পশ্চিমবাংলায় রয়েছে, বিগত অধিবেশনে পঞ্চায়েত আইনকে সংশোধন করে আরো বেশি জনমুখী করে এবং জনগণের কাছে পৌঁছে যাওয়ার এবং প্রশাসনকে জনমুখীর লক্ষ্যে নিয়ে যাওয়ার যে পঞ্চায়েতি ব্যবস্থার কথা তিনি উল্লেখ করেছেন এবং এই পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে সমস্ত গ্রামের মধ্যে বিদ্যুৎ যাচ্ছে, রাস্তা হচ্ছে, সব কিছু হচ্ছে এবং সেচের ব্যবস্থাও হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে। এইভাবে পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে পশ্চিমবাংলার উন্নয়ন দ্রুতগতিতে এগিয়ে চলেছে, এটা তিনি সঠিকভাবেই এখানে তুলে ধরেছেন। এর পরে আসছি, প্রাথমিক শিক্ষার ব্যাপারে। এটা ঘটনা যে পশ্চিমবাংলায় দেখা গিয়েছে—ভারতবর্ষের কথা ছেড়েই দিলাম—প্রাথমিক স্তরে ড্রপ আউট যে রকম হত প্রাইমারি স্কুলে, প্রথমদিকে অনেক ছেলে-মেয়ে পড়া করত তারপরে তারা আর পড়ত না, এখন সেই প্রাইমারি শিক্ষাকে প্রতিটি বাড়ির দরজায় পৌঁছে দেওয়ার জন্য পঞ্চায়েতকে ব্যবহার করে যেভাবে সার্বজনীন শিক্ষা চালু করা হয়েছে, এই সার্বজনীন শিক্ষা আজ গ্রামে গ্রামে একটা সাড়া পড়ে গিয়েছে। পশ্চিমবঙ্গ সরকার যে পদ্ধতিতে যেভাবে তারা প্রত্যেক বাড়ির দরজায় শিক্ষাকে পৌঁছে দেবার যে ব্যবস্থা করেছেন সেই সর্বশিক্ষা অভিযান বা শিশুশিক্ষা কর্মসূচি, এই কর্মসূচিকে সফল রূপায়ণ করতে পঞ্চায়েত যে ব্যবস্থা করে যাচ্ছে এটাকে তিনি সঠিকভাবে তুলে ধরেছেন। উচ্চশিক্ষার ক্ষেত্রেও এখানে যে সমস্ত হয়েছে, সেইগুলি মোটামুটি তিনি পরিষ্কারভাবে তুলে ধরেছেন। উচ্চশিক্ষার বিষয়েও এখানে তিনি পরিষ্কারভাবে তুলে ধরেছেন। পরিবহণের বিষয়ে বলতে গিয়ে যে কথা বলা দরকার, শিল্পের উন্নয়ন করতে গেলে যে সড়ক যোগাযোগ ব্যবস্থা এবং তার যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, সেই ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট হয়েছে। পরিবহণ ব্যবস্থায়, এই পরিবহণ ব্যবস্থাকে উন্নীত করা এবং সড়ক যোগাযোগ ও শহরের লোকের সুযোগ-সুবিধার জন্য যে সমস্ত ডেভেলপমেন্ট পরিবহণের জন্য দরকার সেইগুলি তিনি পরিষ্কারভাবে তুলে ধরেছেন। বিদ্যুৎ নিয়ে বলি, আজকে পশ্চিমবাংলায় লোডশেডিংয়ের কথা শোনা যায় না। বিদ্যুৎ উৎপাদনে বক্রেশ্বর হচ্ছে একটা উল্লেখযোগ্য উদাহরণ। এই বক্রেশ্বর নিয়ে অনেক জল ঘোলা হয়েছে। অনেক সমালোচনা হয়েছে। তখন সমালোচনা হত যে রক্ত দিয়ে আমরা বক্রেশ্বর গড়ব, কিন্তু সেই রক্ত দিয়ে বক্রেশ্বর গড়া হয়েছে। এবং সেই বক্রেশ্বর আজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে। এবং তিনটি ইউনিটের কাজ চলছে। আরো ২টি ইউনিট চালু করার আলোচনা চলছে। এখানে মাননীয় রাজ্যপাল বিদ্যুতের ক্ষেত্রে যে অগ্রগতির কথা বলেছেন সেটাও তিনি সঠিকভাবেই তুলে ধরেছেন। তারপরে, তিনি সমাজ কল্যাণ নিয়ে যে কথা বলেছেন, আমি একদিন শুনেছিলাম যে পশ্চিমবাংলায় প্রতিবন্ধীদের জন্য নাকি কিছু হয়নি।

[ 3.10–3.20 p.m. ]

আমাদের সরকার প্রতিবন্ধীদের ব্যাপারে যেসব ব্যবস্থা নিয়েছেন তা মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে তুলে ধরা হয়েছে। এর সঙ্গে রাজ্যপালের ভাষণের মধ্যে আরও তুলে ধরা হয়েছে দারিদ্র্যসীমার নিচে যারা বসবাস করে তাদের যে কার্ড দেওয়া হয়েছে সেই ব্যাপারে। এটা এই সরকারের আরও একটি সাফল্যের দিক। আমাদের রাজ্যের সমাজ কল্যাণ বিভাগ নারী ও শিশুদের বিকাশের জন্য ও তাদের সামাজিক উন্নয়ন ও অর্থনৈতিক উন্নয়নের দিকে লক্ষ্য রেখে আত্মসহায়তা গোষ্ঠী গড়ে তোলা হয়েছে। এটা গ্রামে গ্রামে ঘুরলেই আপনারা লক্ষ্য করবেন। আজকে গরিব খেটে-খাওয়া মেহনতি মানুষদের সংস্থান হচ্ছে। শুধু তাই নয়, তারা সঞ্চয়ের দিকেও আজকে এগিয়ে যেতে পারছেন। কিছুদিন আগে আমরা স্ট্যান্ডিং কমিটির তরফ থেকে চা-বাগান এলাকা পরিদর্শনে গিয়েছিলাম। আজকে চা-শিল্পে যে সঙ্কট তৈরি হয়েছে সেই ব্যাপারে বর্তমান কেন্দ্রীয় সরকার কিন্তু নীরব। কিন্তু রাজ্য সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যেও শ্রমিকদের কিভাবে সহায়তা করা যায় তার চেষ্টা করে যাচ্ছেন। আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আবার আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্টগুলো নিয়ে আসা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। রাজ্যপালের ভাষণের মধ্যে অতিশয়োক্তি আছে, যেটা বাস্তব চিত্র নয়। মাননীয় মুখ্যমন্ত্রী ব্রিগেডের জনসভায় দাঁড়িয়ে বলেছেন—'বিরোধীরা বলছে আমরা নাকি পঞ্চায়েত গরু, ছাগল, হাঁস, মুরগীর উপরে ট্যাক্স বসিয়েছি।' এইসব কথা শুনলে তো হাঁস-মুরগীও হাসবে। অর্থাৎ সরকার কোনো ট্যাক্স বসাননি এই কথায় উনি ব্রিগেডের সভায় দাঁড়িয়ে বলতে চেয়েছেন এবং সেই কথায় গ্রামের ঘরে ঘরে তাদের দলের লোকেদের প্রচার করবার জন্য বলেছেন। আমাদের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর থেকে যে স্মারকপত্র বেরিয়েছে ১.৩.২০০১ তারিখে, তাতে ৪৭০১ ধারায় বলা হয়েছে—কুকুর, ঘোড়ার জন্য লাইসেন্স নিতে হবে। জমিতে ঘাস খেলে তার উপরে আলাদা করে কর বসবে ১২ টাকা পর্যন্ত। গ্রামোন্নয়ন দপ্তরের সচিব মানবেন্দ্রবাবুর সই করা এই অর্ডার। আজকে এই সরকার নতুন করে কর বসাচ্ছে, সেস বসাচ্ছে, খাজনা বসাচ্ছে। আর অন্যদিকে কেন্দ্রীয় সরকার ডিজেল, কেরোসিন ও পেট্রোলের মূল্যবৃদ্ধি করে চলেছে। ফলে চাষিরা আজকে অভাবের মধ্যে দিয়ে দিনযাপন করতে বাধ্য হচ্ছেন। অপরদিকে এই সমস্ত নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে। কেন্দ্রীয় সরকারও করছে রাজ্য সরকারও করছে, কোনো পার্থক্য নেই। আজকে গ্রামের চাষিরা তাদের ফসলের অভাবী মূল্য না পেয়ে আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। মেমারিতে আলুচাষি রবীন্দ্রনাথ ঘোষ আত্মহত্যা করেছে। গত বছর জামালপুরে আত্মহত্যা করেছে। কোচবিহারের দিনহাটায় করলা চাষ করতে গিয়ে দেনায় ডুবে গিয়ে রামেশ্বর বর্মণ আত্মহত্যা করেছে। আজকে পুঁজিপতিদের স্বার্থে উদারীকরণ নীতি আনায় চাষিরা অসহায় অবস্থায় মারা যাচ্ছে আর এই সরকার এইসব মর্মান্তিক আত্মহত্যার ঘটনাকে ধামাচাপা দিতে

চাইছে। উত্তরবাংলার হাজার হাজার চা-শ্রমিক অনাহারে, অপুষ্টিতে মারা গেল। সুপ্রিম কোর্টের কমিশনার বলেছে সেখানে এক হাজার লোক মারা গেছে আর এখানকার মুখ্যমন্ত্রী বলছে কেউ অনাহারে মারা যায়নি, তিনি হলফনামা দিচ্ছেন। অতীতে প্রতিক্রিয়াশীল সরকার যেভাবে বলত, আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সেইভাবে সব ঘটনা ধামাচাপা দিতে চাইছে। শিল্পায়নের কথা বলছেন ? গত ৩০শে ডিসেম্বর কৃষিক্ষেত্রে কর্মসৃজন প্রকল্পে একটা সেমিনার হয়েছিল গ্রেট ইস্টার্ন হোটেলে, সেই সেমিনারে মুখ্যমন্ত্রী যুবকদের উদ্দেশ্যে বলেছেন—বড় বড় শিল্প করলে কি সেখানে কর্মসংস্থান হবে ? এই তো হলদিয়াতে বছরে দু হাজার কোটি টাকা বিনিয়োগ করা হল, সেখানে কর্মসংস্থান হল ? বাঁকুড়াতে লাফার্জ সিমেন্ট কারখানা করল, আমি জিজ্ঞেস করেছিলাম, বলল ৬০ জনের মাত্র কর্মসংস্থান হবে। এসবে এখানে কর্মসংস্থান হবে না, এতদিন পরে কি বুদ্ধদেববাবুর বোধোদয় হল ? ১৯৮৮ সালে এই হাউসে প্রশ্ন করেছিলাম, হলদিয়াতে কত লোকের কর্মসংস্থান হবে ? তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বলেছিলেন, হলদিয়া পেট্রো-কেমিক্যাল এবং আরও ৯টি কোম্পানির সঙ্গে চুক্তি হয়েছে, সেখানে এক হাজার লোকের কর্মসংস্থান হবে। অথচ তখন ব্রিগেডে পদযাত্রা করে আপনারা বলেছিলেন সেখানে লক্ষ লক্ষ লোকের চাকরি হবে। এইভাবে আপনারা জনগণকে বিভ্রান্ত করেছেন। এখন বলছেন মাঝারি এবং ক্ষুদ্রশিল্পে কর্মসংস্থান হবে। কিন্তু আপনি কি জানেন না আজকে সাম্রাজ্যবাদী দুনিয়ার দাপটে মাঝারি শিল্প, ক্ষুদ্রশিল্প টিকতে পারছে না। পশ্চিমবাংলায় ২৭৪টি কারখানা বন্ধ। এছাড়া ছোটো-বড়ো ৫৬ হাজার কারখানা কেন্দ্রীয় সরকারের বন্ধ, লক্ষাধিক ছোটো ছোটো কারখানা বন্ধ। স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ ফেডারেশনের সভাপতি বলে গিয়েছেন ভারতবর্ষের রুগ্ন বা বন্ধ শিল্পের যে তালিকা, তাতে পশ্চিমবাংলার স্থান দ্বিতীয়। আর আপনারা বলছেন ক্ষুদ্র, মাঝারি শিল্পে চাকরি হবে। এইভাবে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন, যেটা অত্যন্ত উদ্বেগ, বেদনার কথা। প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী বলেছেন উত্তরবাংলার ২৫টি চা-বাগান বন্ধ। সেখানে মালিকদের জন্য হাজার লোক মারা গেছে। মালিকরা রেশন দিচ্ছে না, প্রভিডেন্ট ফান্ডের টাকা দিচ্ছে না, সমস্ত কিছু থেকে শ্রমিকদের বঞ্চিত করছে, তারা আজ অনাহারে, অপুষ্টিতে মারা যাচ্ছে।

[ 3.20–3.30 p.m. ]

সেখানে মালিকদের বিরুদ্ধে সরকার কোনো ব্যবস্থা নিচ্ছে না। শিল্প-বাণিজ্য দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারি সব্যসাচী সেন তাঁকে দিয়ে একটা কমিটি করা হয়েছিল, সেই কমিটির রিপোর্টে বলছে যে মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায়, তাদের যা আচরণ সেটা অসহনীয়, তাদের লীজ নাকচ করে দেওয়া যায়, সরকার অধিগ্রহণ করতে পারে। আজকে চা-শিল্পের যে বাজার তাতে চায়ের মালিকদের ক্ষতিগ্রস্ত হওয়ার কথা নয়, সেখানে সরকার তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিচ্ছেন না। এই সরকার মালিকদের স্বার্থ রক্ষা করার জন্য এত উদ্গ্রীব যে তারা কোনো ব্যবস্থাই নিচ্ছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী শিলিগুড়িতে একটা মিটিং করেছিলেন। সেখানে যখন শ্রমিকরা তাদের বেদনার কথা তাদের জানাতে গেল, তিনি সেই মিটিংয়ে বললেন যে, কোনো শিল্পে কোনোরকম জঙ্গী আন্দোলন আমরা বরদাস্ত করব

না, ঘেরাও, ভাঙচুর বরদাস্ত করব না। অথচ শ্রমিকরা অনাহারে মারা যাচ্ছে। এই সরকার মালিকদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেবে না। ব্যবস্থা নিচ্ছে শ্রমিকদের বিরুদ্ধে। কার স্বার্থে এই সরকার চলছে। আজকে এই সরকার যেভাবে ঢালাও মদের দোকানের লাইসেন্স দিচ্ছে ভাবলে আশ্চর্য হয়ে যেতে হয়। অলরেডি আড়াই হাজার মদের দোকান আছে। গ্রামাঞ্চলে আট হাজার মানুষপিছু একটা করে মদের দোকান এবং শহরাঞ্চলে ১২ হাজার মানুষপিছু একটা করে মদের দোকান দেবে। এই কথা বলছে যে এদের মদ খাওয়ার প্রবণতা বাড়ছে সুতরাং আমরা মদের দোকানের লাইসেন্স দেব, দিয়ে সরকার আর্থিক ক্ষতিপূরণের চেষ্টা করবে। অন্যান্য রাজ্যে এর থেকে আরও অনেক বেশি উপার্জন করে। আমরা মদের দোকান থেকে ১ হাজার কোটি টাকা তুলতে পারব। আজকে বামপন্থার নামে অধঃপতন কোন জায়গায় গেছে ভাবলে আশ্চর্য লাগে। আমরা জানি এই মাদকদ্রব্য শুধু রাজস্ব নয়, এর পিছনে গূঢ় কোনো উদ্দেশ্য আছে। দেশের যুবশক্তিকে যদি মাদকাসক্ত করা যায় তাহলে তাদের মধ্যে যে হীনম্মন্যতা কাজ করবে সেই হীনম্মন্যতা বোধ থেকে তারা প্রতিবাদ করার শক্তিকে হারিয়ে ফেলবে। আমরা যুগে যুগে দেখেছি যে, সব সময়ে শোষক শ্রেণী জানে শোষিতকে শুধু পুলিশ, রাষ্ট্রশক্তির দ্বারা জোর করে দাবিয়ে রাখা যাবে না, তাদের নৈতিক মেরুদণ্ডকে ভেঙে দিতে হবে। এই উদ্দেশ্যেই গোটা শোষিত শ্রেণীকে মাদকাসক্ত করে পঙ্গু করে দেওয়া প্রয়োজন। যুগে যুগে আমরা তাই দেখেছি। আমাদের ভারতবর্ষে তাই দেখেছি। সেখানে ব্রিটিশ শক্তি যৌবনকে নষ্ট করার জন্যে এই জিনিস করেছিল। তাই স্বদেশি আন্দোলনের সঙ্গে সঙ্গে মাদকদ্রব্য বর্জন আন্দোলন শুরু হয়েছিল। দেশবন্ধু চিত্তরঞ্জন রায়ের নেতৃত্বে পিকেটিং হয়েছিল। আর আজকে পশ্চিমবাংলায় দেখছি মুখে বিশ্বায়ন, উদারীকরণের বিরুদ্ধে বললেও আজকে ক্ষমতাসীন কেন্দ্রীয় সরকারের সঙ্গে পাল্লা দিয়ে, প্রতিযোগিতা করে মালিক শ্রেণীকে তুষ্ট করার জন্য যেভাবে জনবিরোধী পদক্ষেপ একটার পর একটা নেওয়া হচ্ছে তাতে গোটা পশ্চিমবাংলার মানুষ বিক্ষোভে ফেটে পড়বে। আজকে আমরা দেখছি যে গ্রামবাংলার মানুষ এর উপর একটার পর একটা ট্যাক্স চাপানো হচ্ছে। রেজিস্ট্রেশন ফি বাড়িয়ে দেওয়া হয়েছে অথচ মালিকদের কর ছাড় দেওয়া হচ্ছে। সি.ই.এস.সি.-র গোয়েঙ্কাকে ২০৯ কোটি টাকা ছাড় দেওয়া হয়েছে। ১০০ কোটি টাকা ছাড় দিলেন মালিকদের এবং ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত ৪ হাজার কোটি টাকার উপর বিক্রয় কর ছাড় দিলেন। এবারে আপনারা মালিকদের স্বার্থে স্পেশাল ইকনোমিক জোন করে তাদের সমস্ত ট্যাক্স ছেড়ে দিচ্ছেন। এই সরকার আজকে জনগণের নামে জনস্বার্থ-বিরোধী নীতিগুলিকে নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে পাল্লা দিয়ে জনগণের উপরে যে আক্রমণ চালাচ্ছে তার বিরুদ্ধে পশ্চিমবাংলার মানুষ আন্দোলন করছে এবং সেই গণ-আন্দোলনের ঢেউকে তারা এখন পর্যুদস্ত করতে চাইছেন। আপনারা আইন-শৃঙ্খলার ব্যাপারে বলছেন শান্তির মরূদ্যান। এটা কার্যত মাফিয়াদের রাজত্ব। হাইকোর্টের বিচারপতি বারীন ঘোষ মহাশয় বলেছেন পশ্চিমবাংলায় মাফিয়ারা পুলিশের একটা অংশকে নিয়ে রাজত্ব চালাচ্ছেন। এই জিনিস যদি চলতে থাকে তাহলে পশ্চিমবাংলার মানুষ প্রতিকার পাবে না। যে অভিযুক্ত তার বিরুদ্ধে অভিযোগকারী অভিযোগ করেছে আর যে অভিযোগকারী তাকে অভিযুক্ত করছে, এইভাবে হয়কে নয় করা হচ্ছে। বিরোধীদের দাবিয়ে রাখার জন্য এখানে খুন, জখম, রাহাজানি, লুঠ,

অপহরণ, ধর্ষণ আজকে মারাত্মকভাবে বেড়ে গেছে এবং দিনের পর দিন এই জিনিস চলছে। মন্ত্রী বলেছেন আইন-শৃঙ্খলায় পশ্চিমবাংলা শান্তির মরূদ্যান। আমরা দেখলাম আন্তর্জাতিক নারী দিবসে কয়েকজন মহিলা ধর্ষিত হলেন। আজকে সি.পি.এমের মধ্যে এই সমস্ত এক শ্রেণীর সমাজবিরোধী আশ্রয় নিচ্ছে। এবং তাদেরকে ব্যবহার করছে এবং আগামী নির্বাচনেও করবে। রিগিং, ছাপ্পা যদি করতে হয় তাহলে এই সমাজবিরোধীদের আনা ছাড়া এটা তাদের পক্ষে করা সম্ভব নয়। আজকে পুলিশ প্রশাসনকে শাসক দল অত্যন্ত নগ্নভাবে ব্যবহার করছে। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে প্রস্তাব নেওয়া হয়েছে তার বিরোধিতা করে আমাদের আনীত সংশোধনীগুলিকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারি আমাদের এই পবিত্র বিধানসভায় মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এবং তার উপরে যে আলোচনা সেই আলোচনায় এখানে যারা বিরোধীদলের পক্ষ থেকে বক্তব্য রাখলেন তাঁদের প্রায় প্রত্যেকের মুখেই একটা কথা শুরুতে একবার এবং শেষে একবার বলতে শোনা গেল। কথাটা হচ্ছে মাননীয় রাজ্যপাল অসত্য ভাষণ পেশ করেছেন। এটা বোঝা মুশকিল যে কোনোদিনই তাঁরা বলেছিলেন কিনা জানি এই ২৬ বছরের মধ্যে যে মাননীয় রাজ্যপাল সত্য ভাষণ পেশ করেছেন, এই কথা কোনোদিনই তাঁদের মুখে শোনা যায়নি। প্রতিবারেই প্রতিটি বক্তাই এটাকে অসত্য ভাষণ বলে বলেছেন। স্যার, আমাদের বিরোধী বন্ধুদের আমি বলতে চাই তাঁরা এই বইয়ের এক থেকে তেরো পাতার সবটা যদি পড়তেন তাহলে বাস্তব তথ্য তাঁরা উপলব্ধি করতে পারতেন। এখানে একেবারে শুধুই গালভরা প্রশংসা করা হয়েছে তা কিন্তু নয়। মাননীয় রাজ্যপাল মহাশয় প্রথমেই বলেছেন উত্তরবঙ্গে সশস্ত্র জঙ্গী কার্যকলাপ দীর্ঘকালীন সমস্যা এবং রাজ্যের পশ্চিমাঞ্চলে চরম বামপন্থী কার্যকলাপের দরুন রাজ্য সরকার ও তার নিরাপত্তা পরিকাঠামো এখনও কঠিন এক চ্যালেঞ্জের মুখোমুখি রয়েছে। আপনারা এই সত্যটাকেও চ্যালেঞ্জ করবেন ?

*[ 3.30–3.40 p.m. ]*

মাননীয় রাজ্যপাল মহাশয় বলেছেন 'চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে।' কিন্তু একথা তো আজকে সর্বজনস্বীকৃত যে ৮০ জনের বেশি কে.এল.ও. জঙ্গীকে প্রতিনিবৃত্ত করা হয়েছে। ভুটানের আর্মি ৪২ জন জঙ্গীকে পশ্চিমবঙ্গ পুলিশের হাতে তুলে দিয়েছে। এগুলো অসত্য ? তাছাড়াও আপনারা জানেন বিপুল পরিমাণ গোলা-বারুদ ও অস্ত্র আটক করা হয়েছে। এগুলো তো দিবালোকের মতো সত্য। তবুও বলবেন মাননীয় রাজ্যপাল মহাশয় অসত্য ভাষণ দিয়েছেন ? জানি না ওরা অসত্য ভাষণে উৎস মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে কোথায় খুঁজছেন। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে বলা হয়েছে 'সশস্ত্র বিপ্লব ও হিংসায় বিশ্বাসী এইসব চরমপন্থী গোষ্ঠীর কার্যকলাপের মূল ঘাঁটি হল অন্ধ্রপ্রদেশ, ওড়িশা, ঝাড়খণ্ড ও বিহারের মতো প্রতিবেশী রাজ্য।' এটা তো আপনারাও বলে থাকেন মাঠে-ময়দানের বক্তৃতায়, আলোচনাসভায় স্বীকার করেন, বিতর্কে অংশগ্রহণ করে সরকারের দৃষ্টিভঙ্গি

আকর্ষণ করার জন্য বলেন। সর্বদলীয় প্রস্তাবে যখন মতামত দেন তখন তো আপনারাও বলেন যে এইসব রাজ্যগুলো থেকে ওই সমস্ত জঙ্গী কার্যকলাপ আমাদের রাজ্যের মধ্যে সীমান্তবর্তী জেলাগুলোতে ঢুকে পড়ছে। সুতরাং মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে কোথায় অসত্য ভাষণ খুঁজে পেলেন তা বোঝা মুশকিল। মাননীয় রাজ্যপাল মহাশয় তার ভাষণে স্বীকার করেছেন যে 'রাজ্যে অপরাধমূলক কার্যকলাপের সামগ্রিক পরিস্থিতি যথেষ্টই নিয়ন্ত্রণে রয়েছে'। কখনও বলেননি যে, অপরাধমূলক কার্যকলাপ এই রাজ্যে ঘটছে না বা ঘটেনি, বলেছেন নিয়ন্ত্রণে আছে। আর, নিয়ন্ত্রণে আছে বলেই আপনারা আছেন, আমরা আছি। কিন্তু কত বড় অপরাধ এই রাজ্যে সংঘটিত হয়েছে ? একটা ডাকাতি, একটা ছিনতাই দুর্বৃত্তদের হানাহানি—এ তো থাকবেই। কিন্তু এর মধ্যে দিয়ে এটা প্রমাণ হয় না যে রাজ্যের সামগ্রিক পরিস্থিতি, পরিবেশ একেবারে নষ্ট হয়ে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যে বিষয়ে আজকে আলোচনা সে বিষয়ে ধার না ধেরে অন্যদিকে চলে যাওয়া হচ্ছে। মাননীয় রাজ্যপাল মহাশয় কিন্তু আরো অন্যান্য বিষয়ে উল্লেখ করেছেন। কিন্তু সে সম্বন্ধে বিরোধীদের মুখে কোনো কথা শুনতে পেলাম না। মাননীয় রাজ্যপাল মহাশয় তার ভাষণে বলেছেন যে, 'রাজ্যে গ্রামীণ অর্থনীতির পট পরিবর্তনের লক্ষ্যে আমার সরকারের ভূমি ও ভূমিসংস্কার বিভাগ একটি ধারাবাহিক ভূমিসংস্কার নীতি সার্থকভাবে রূপায়ণ করে চলেছে।' এর ফল ভোগ তো আপনাদের সমর্থিত কৃষকরাও করছেন। সেইসব গরিব মানুষ তো আপনাদের সমর্থন করেন। তবুও বলবেন এই ভাষণ মিথ্যা ? ২০০৩-০৪ সালের মধ্যে যত জমি বণ্টন করা হয়েছে তার মধ্যে তফশিলি জাতি এবং তফশিলি উপজাতিভুক্ত মানুষজনও আছেন। মহামান্য রাজ্যপাল মহাশয় সেকথাও এখানে উল্লেখ করেছেন। আপনারা তথ্য দিয়ে বোঝান না এই আর্থিক বছরে এই কর্মকাণ্ডগুলো পশ্চিমবঙ্গে ঘটেনি।

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের কর্মসূচির কথা বলতে গিয়ে মাননীয় রাজ্যপাল মহাশয় আবার উল্লেখ করেছেন যে দারিদ্র মোচন ও সাধারণ মানুষের জীবনযাত্রা গ্রামোন্নয়ন মন্ত্রকের কাজের ফলে উঁচুতে উঠেছে। না কি ওঠেনি ? আমরা ২৬ বছর আগে যে কথাটা যে মানুষদের সম্পর্কে বললাম, যে দল নিচের দিকের মানুষের দূরবস্থার কথা বলল আজকে সেইসব মানুষের চেহারার ছাঁদ, তাদের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন হয়েছে কি হয়নি ? আর, ২৬ বছর পরে যদি সেটা চিত্র-আকারে তুলে ধরেন পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় রাজ্যপাল মহাশয়, কি উন্নয়ন হয়েছে, কি উদ্দেশ্যে ভাষণ তিনি করেছেন সেটা চোখে দেখেও যারা স্বীকার করতে পারেন না—এটা আমাদের কাছে মনে হয় সবচেয়ে বড় লজ্জার।

কৃষি-উৎপাদনের ক্ষেত্রে মাননীয় রাজ্যপাল মহাশয় বলেছেন। আজকে কৃষি-উৎপাদন রাখার জায়গা নেই। এটা আমরা সবাই বলছি। প্রচুর পরিমাণে কৃষি-উৎপাদন বেড়েছে এবং বিশেষ করে ধান, পাট, আলু, তৈলবীজ, সবজি এত পরিমাণে উৎপাদন হচ্ছে যে এগুলো রাখার জন্য কোল্ড স্টোরেজের দাবি করা হচ্ছে। কোল্ড স্টোরেজ হোক। আরও বিজ্ঞানসম্মতভাবে কি করে রক্ষা করা যায় সেটার চেষ্টা হচ্ছে। মাননীয় রাজ্যপাল মহাশয় যদি অসত্য কিছু বলে থাকেন তাহলে সেটা কোন পঙক্তিতে আছে সেটা বলবেন। আপনারা বলবেন যে, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ১৩ পাতার প্রদত্ত ভাষণের মধ্যে অমুক অমুক সত্য আছে, আর বাকিগুলো অসত্য। অসত্য থাকলে সেটা খণ্ডন করুন। কৃষি-বিপণন, খাদ্য

প্রক্রিয়াকরণ—এগুলোর জন্য আমরা মুভমেন্ট করছি। সবজি, ফল, ফুল, সমুদ্রজাত জিনিস, দুগ্ধ সামগ্রী—এগুলোর উৎপাদন বাড়ানোর জন্য এবং এগুলোকে কি করে সংরক্ষণ করা যায় সেজন্য আমরা চেষ্টা করছি, আমাদের সরকার চেষ্টা করছেন। আপনারা বলছেন, আমাদের রাজ্যে এগুলো কিছু হয় না। এখনও কি আপনারা অস্বীকার করবেন যে, মৎস্যচাষ, মাছের চারা উৎপাদন ইত্যাদিতে আমাদের রাজ্য রেকর্ড সৃষ্টি করেছে বিগত কয়েক বছর ধরে। আপনারা কথায় কথায় বলেন, এখানে যদি এত মাছ উৎপাদন হয় তাহলে আমরা অন্ধ্রপ্রদেশের মাছ খাব কেন ? তাহলে বলি যে, আমাদের দেশে এত ধান, ফসল উৎপাদন হচ্ছে, আমাদের দেশে এত খাদ্যসামগ্রী উৎপাদন হচ্ছে, তা সত্ত্বেও বিদেশ থেকে চাল আমাদের দেশে কেন প্রবেশ করছে ? যে দেশ খাদ্যে স্বয়ম্ভর সেখানে কেন বিদেশ থেকে চাল আসছে ? এর প্রতিবাদ তো আপনারা করবেন না ? কারণ ওখানে কেন্দ্রীয় সরকারের কাছে আপনারা দস্তখত লিখিয়ে এসেছেন। অথচ এক রাজ্যের মাছ আরেক রাজ্যে আসবে—সে ব্যাপারে আপনাদের প্রতিবাদ। আজকে প্রাথমিক শিক্ষাকে সর্বজনীন করা হয়েছে। যে কোনো একটা শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত করেই হোক, সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানিকভাবেই হোক বা অন্য কোনো সামাজিকভাবেই হোক, ড্রপ আউট যাদের হয়েছে—তারা গৃহে থেকেও যেভাবে হোক প্রত্যেককে শিক্ষার আঙিনার মধ্যে কি করে যুক্ত করা যায় তার একটা সুবৃহৎ পরিকল্পনা আমরা নিয়েছি। মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণের মধ্যে বুঝিয়ে বলার চেষ্টা করছেন যে, প্রাথমিক বিদ্যালয়ে কত সংখ্যক ছাত্রছাত্রীকে রান্না করা খাবার দেওয়া হচ্ছে।

আপনারা একটা উদাহরণ দিয়ে বলতে পারবেন না যে, যারা সি.পি.এম. করে তাদের পরিবারের ছেলেমেয়ে যারা প্রাথমিক বিদ্যালয়ে পড়ে শুধু তাদেরকেই রান্না করা খাবার দেওয়া হয়, পোশাক দেওয়া হয়, আর যারা তৃণমূল কংগ্রেস, কংগ্রেস, বি.জে.পি. করে তাদের পরিবারের যেসব ছেলেমেয়ে প্রাথমিক বিদ্যালয়ে পড়ে তাদেরকে রান্না করা খাবার এবং পোশাক দেওয়া হয় না। এ ব্যাপারে একটা উদাহরণও আপনারা দিতে পারবেন না। শুধু বিরোধিতার জন্য আপনারা বিরোধিতা করে যাচ্ছেন। এখানে এত বেশি যান চলাচল করছে, সেগুলোকে যাতে সার্থকভাবে নিয়ন্ত্রণ করা যায়, তার গতি বৃদ্ধির জন্য আরও বেশি সড়ক যাতে তৈরি করা যায়, উড়ালপুল করা যায়, সংযোগকারী রাস্তা করা যায়—এর জন্য অনেকে দাবি করেছেন, মেনশন করেছেন। আপনারা বলছেন, কিছু হচ্ছে না। কাজ অনেক হয়েছে। কিন্তু আপনারা জেনেও স্বীকার করছেন না। চলতি আর্থিক বছরে বিদ্যুৎ নিয়ে সঙ্কট বিপর্যয়ের মুখোমুখি হতে হচ্ছে না। বিদ্যুৎ নিয়ে উত্থান-পতন ঘটেছে। কিন্তু চলতি আর্থিক বছরে বিদ্যুৎ নিয়ে চিন্তা-ভাবনা দূর হয়েছে। সরকারের প্রচেষ্টা আছে বলে, বিদ্যুৎ নিয়ন্ত্রণ করার কলাকৌশল আছে বলে আমরা বিদ্যুৎ বিপর্যয় থেকে রক্ষা পাচ্ছি। বিদ্যুৎ চুরি করার প্রবণতা বেড়েছে এবং আমাদের সরকারের পক্ষ থেকে বলিষ্ঠ হাতে বিদ্যুৎ চুরির মোকাবিলা করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং তার জন্য বোধহয় বিদ্যুৎ বিপর্যয়ের হাত থেকে রক্ষা পেয়েছি। এবং জনগণের স্বার্থে কাজে লাগছে। এগুলো আপনারা অস্বীকার করছেন ? মা ও শিশুদের কল্যাণের জন্য, শিশুদের বিকাশ সাধনের জন্য যে যে কর্মসূচি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে নেওয়া হয়েছে, সেগুলো প্রত্যেকটি বিধায়কের এলাকায় জানিয়ে

দেওয়া হয়েছে যে, মা ও শিশুর কল্যাণের জন্য রাজ্যের সমাজকল্যাণ দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

[ 3.40–3.50 p.m. ]

কোনো একটা বিধানসভা ক্ষেত্রে যাদের এই প্রকল্প চালু করতে দেরি হয়েছিল আমরা তার জন্য তদ্বির করেছি, আমরা তার জন্য আরও বেশি সচেষ্ট ভূমিকা গ্রহণ করেছি কত তাড়াতাড়ি আমাদের এই সমস্ত কাজ করা যায়। আমরা একথা তো অস্বীকার করতে পারব না। পানীয় জলে আর্সেনিক-আর্সেনিক করে সবাই হইচই করছে—সত্যিই তো, জল খাব—তা যদি বিশুদ্ধ পানীয় না হয়, তাহলে এই বিপর্যয় আর্সেনিকের জন্য কি রাজ্য সরকার দায়ী হবে ? সরকার আর্সেনিকমুক্ত জল যখন টিউবওয়েলের মাধ্যমে পরিষেবা দেওয়ার ব্যবস্থা করছেন এবং সেটাকে আপনারা বলছেন যে এটাও অসত্য। কোনটা সত্যি বলতে পারি না। আমরা সুন্দরবন এলাকায় বাস করি বন্ধুবর সরকারদা উনিও থাকেন—অস্বীকার করে লাভ আছে ? ২৬ বছর আগের সুন্দরবন আর এখন সুন্দরবন—আমি গত পরশুদিন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বলছিলাম ৩০ কোটি টাকা ছিল যে সুন্দরবনের জন্য আজকে আরও কমতে কমতে বোধহয় এ বছরে ৭-৮ কোটিতে নেমে আসবে। হ্যাঁ, আর্থিকভাবে একটু কমে যাচ্ছে, একটা সময় যেখানে ২ কোটি টাকা বরাদ্দ নিয়ে সুন্দরবনের বাজেট তৈরি হয়েছিল। যেখানে ৩০ কোটি টাকা ছিল বাজেট, সেখানে আজকে ৭ কোটিতে নেমে এসেছে। আমরা এইজন্য আতঙ্কিত—উন্নয়ন কতটা স্তব্ধ হয়ে যাবে। যেভাবে এগিয়েছিল আজকে তাই আমরা অনুরোধ করব যে পিছিয়ে পড়া জায়গাগুলোর উন্নয়ন পরিকাঠামোর ক্ষেত্রে সেগুলিকে কত তাড়াতাড়ি দূর করা যায়, এটাকে আরও বেশি করে মজবুত করার জন্য। সরকার আজকে সেইভাবেই অর্থ বরাদ্দ করুন এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের এই সভায় মাননীয় রাজ্যপালের যে ভাষণ সেটাকে আমি আর একবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মন্টুরাম পাখিরা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে বিধানসভার অধিবেশনে রাজ্যের মাননীয় রাজ্যপালের যে প্রদত্ত ভাষণ—২৬শে ফেব্রুয়ারি ২০০৪-এ এবং সেই প্রদত্ত ভাষণের বিরোধিতা করি এবং বিরোধীদের আনা সমস্ত সংশোধনীকে সমর্থন করে আমি কয়েকটি কথা এখানে উপস্থাপিত করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের যে ভাষণ আমি বিগত যে বাজেট অধিবেশনগুলোর ভাষণ—সমস্ত বইগুলোকে পুঙ্খানুপুঙ্খভাবে অনুধাবন করে দেখলাম যে মাননীয় রাজ্যপালের ভাষণ আমার দেশের সাংবিধানিক যে সংসদীয় নীতি আছে সেই নীতি অনুযায়ী রাজ্য সরকারের যে কথা, সেই কথাগুলি তার মুখ দিয়ে বলিয়ে নেওয়া হয়—এই হচ্ছে রাজ্যপালের ভাষণ এবং সরকার তার কথাগুলি এইভাবে প্রতিটি বাজেটে রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে দেশের পরিকাঠামোগতভাবে সংসদীয় নীতি অনুযায়ী এই কাজ করে থাকেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমেই রাজ্যপাল মহাশয় বলেছেন যে, উগ্র বামপন্থা—সেই উগ্র বামপন্থাকে সি.পি.আই.এম.এল. অর্থাৎ জনযুদ্ধ গোষ্ঠী—এই জনযুদ্ধ গোষ্ঠীর কথা তিনি বলেছেন যে ভয়ঙ্করভাবে একটা উদ্বেগের সৃষ্টি হয়েছে পশ্চিমবঙ্গে। আজকে যে

কথা—সরকার পক্ষের যে বিধায়কগণ বলেছেন যে প্রতিবেশী দেশগুলিতে জনযুদ্ধ গোষ্ঠী যেভাবে মাথাচাড়া দিচ্ছে, আমাদের পশ্চিমবঙ্গে তারা অংশগ্রহণ করেছে। আজকে জনযুদ্ধের নামে—যে জনযুদ্ধের কথা বলা হচ্ছে এবং পশ্চিমবাংলার মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়, তিনি বলেছেন যে জনযুদ্ধ—তিনি সরাসরি বলছেন না যে জনযুদ্ধ একটা নিষিদ্ধ সংগঠন—তারা যদি নিষিদ্ধ সংগঠন হয়ে থাকে—তার কথা জানতে পারছেন যে জনযুদ্ধ একটা নিষিদ্ধ সংগঠন আছে। জনযুদ্ধের কথা—কয়েকদিন আগে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় অসীম দাস নামে জনযুদ্ধের একজন নেতা পশ্চিম মেদিনীপুরের শালবনীর লালগড়ে তিনি খুন হলেন, তিনি গুলিবিদ্ধ হলেন, তার মৃতদেহ যখন জনযুদ্ধের থেকে আনতে যাওয়া হয় প্রথমে জানিয়ে দেওয়া হয়—তার মৃতদেহ পুড়িয়ে দেওয়া হয়েছে। পরবর্তী সময়ে এ.পি.ডি.আর যখন চাপ সৃষ্টি করল—ভাবলে অবাক হতে হয়—ভাবলে অবাক হতে হয়, সেদিন টি.ভি.-র পর্দায় দেখলাম জনযুদ্ধের কর্মীরা সোদপুরের ঘোলা-সুভাষনগরে মিছিল করে সেখান থেকে পানিহাটির শ্মশানে মৃতদেহ নিয়ে গিয়ে দাহ করল। সেখানে তাদের ধারে-কাছে কোনো পুলিশ ছিল না। জনযুদ্ধ মিছিল করে থানায় ডেপুটেশন দিচ্ছে। গ্রামে জেহাদ ঘোষণা করছে। সরকারি কর্মচারীরা এবং পুলিশ নীরব দর্শকের ভূমিকা পালন করছে। অথচ জনযুদ্ধের নামে তৃণমুল কংগ্রেস-সহ অন্যান্য সিপিএমবিরোধী রাজনৈতিক দলের কর্মীদের পেটানো হচ্ছে। তাদের গায়ে জনযুদ্ধের তকমা লাগিয়ে পুলিশ দিয়ে পেটানো হচ্ছে। গোটা রাজ্যে জনযুদ্ধের নামে এই কাজ করা হচ্ছে।

আজকে সরকারকে নির্দিষ্টভাবে চিন্তা করতে হবে। অবশ্য উগ্র বামপন্থার কথা রাজ্যপাল মহাশয় নিজেই স্বীকার করেছেন। সিপিএম ত্যাগ করে যারা উগ্র বামপন্থী হয়ে গেছে তাদের কথা রাজ্যপালের ভাষণে উল্লিখিত হয়েছে। অথচ পশ্চিমবঙ্গ সরকারের আচরণে আমরা দ্বিচারিতা লক্ষ্য করছি। একদিকে রাজ্যপালের ভাষণে এই কথা বলা হচ্ছে, অপরদিকে জনযুদ্ধের নামে নিরীহ তৃণমূল কংগ্রেস কর্মীদের ঘরছাড়া করা হচ্ছে। গত কয়েকদিন আগে টি.ভি.-র পর্দায় দেখলাম একটা ছোট্ট মেয়ে বলছে পুলিশ তার বাবাকে জনযুদ্ধ কর্মী বলে তুলে নিয়ে গেছে। পাড়ার লোকেরা বলছে, ওই ব্যক্তির সঙ্গে কোনো মানুষের বিবাদ ছিল না, তিনি খুবই সাধারণ জীবন-যাপন করেন এবং তিনি কোনো রাজনৈতিক দলের সক্রিয় কর্মীও নন। তাঁকে জনযুদ্ধ বলে তুলে নিয়ে যাওয়া হয়েছে। এইরকম এক চরম অবস্থা পশ্চিমবাংলায় তৈরি হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে একজন মাননীয় বিধায়ক উন্নয়নের প্রশ্নে পঞ্চায়েত ব্যবস্থার কথা উল্লেখ করলেন। রাজ্যপাল মহাশয়ও এ সম্বন্ধে কয়েকটা কথা বলেছেন। আজকে পঞ্চায়েত ব্যবস্থা কেমন চলছে তা আমার নির্বাচনী কেন্দ্র কাকদ্বীপের মতো একটা ছোট জায়গার উদাহরণ দিলেই সবার কাছে পরিষ্কার হয়ে যাবে। সেখানে মোট ১৩টা গ্রামপঞ্চায়েত, তার মধ্যে ৫টা গ্রামপঞ্চায়েতে জব অ্যাসিস্ট্যান্ট এবং সচিব নেই। একজন সচিব দিয়ে সেগুলি পরিচালিত হচ্ছে। যখন বিধায়ক এলাকা উন্নয়নের কথা বলা হচ্ছে তখন সচিব এবং জব অ্যাসিস্ট্যান্টের অভাবের কথা বলা হচ্ছে। বিধায়ক এলাকা উন্নয়ন কর্মসূচির একজিকিউটিভ এজেন্সি হচ্ছে পঞ্চায়েত সমিতি বা গ্রামপঞ্চায়েত। লক্ষ লক্ষ টাকা গিয়ে কাকদ্বীপ পঞ্চায়েত সমিতির অধীন বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে বিগত কয়েক

বছর ধরে পড়ে আছে। গ্রামপঞ্চায়েতকে ইমপ্লিমেন্ট করতে বলা হলে, বলছে, 'কোথা থেকে করব, সচিব নেই, জব অ্যাসিস্ট্যান্ট নেই। আমরা কাজ করতে পারব না।' পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে বি.ডি.ও. কাছে এস.এ.ই. নেই। সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ৪ জনের জায়গায় মাত্র একজন আছে কাকদ্বীপ পঞ্চায়েত সমিতিতে। ফলে তারা নিজেরা নিজেদের পরিকল্পনা করতে পারছে না। তারপর তারা কি করে বিধায়ক এলাকা উন্নয়নের কাজ করবে ? এই অবস্থার মধ্যে দিয়ে পঞ্চায়েত চলছে।

আমাদের সুন্দরবন এলাকায় সাড়ে তিন হাজার কিলোমিটার নদীবাঁধ আছে। এখানে সেচ দপ্তরের মন্ত্রী মহাশয় উপস্থিত আছেন। তিনি নিজে সুন্দরবন এলাকার মানুষ। তিনি প্রত্যন্ত এলাকা গোসাবার মানুষ, সেখান থেকে নির্বাচিত হয়েছেন। ১৫টি বিধানসভা কেন্দ্রের মধ্যে দিয়ে, ১৯টি পঞ্চায়েত সমিতি তথা ব্লকের মধ্যে সাড়ে তিন হাজার কিলোমিটার নদীবাঁধ রয়েছে। সুনির্দিষ্ট পরিকল্পনার মধ্যে দিয়ে সেই নদীবাঁধগুলি মেরামতের কোনো ব্যবস্থাই গ্রহণ করা হচ্ছে না। প্রতি বছর বর্ষার সময় নদীমাতৃক সুন্দরবন এলাকার মানুষদের চরম দুর্ভোগ ভোগ করতে হচ্ছে। প্রতি বছর নদীবাঁধ ভেঙে হাজার হাজার বিঘা জমিতে লোনা জল ঢুকছে। জমিগুলো সব জলমগ্ন হয়ে পড়ছে, চাষ হচ্ছে না। এ জিনিস আমরা প্রতি বছর দেখছি। গত বছর সরকার একটা সিদ্ধান্ত গ্রহণ করেছিল।

[3.50–4.00 p.m.]

সর্বদলীয় সিদ্ধান্ত গ্রহণ করা হয় জাতীয় সমস্যা হিসাবে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে তুলে ধরব। আমাদের রাজ্য সরকারের কাছ থেকে যে টাকা পাওয়া যায় সেই টাকা দিয়ে সুন্দরবনের নদীবাঁধ মেরামত আমাদের পক্ষে সম্ভব নয়। কিন্তু কোথায় সেই সর্বদলীয় সিদ্ধান্ত ? আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করা হয়েছে কি ? আজকে গঙ্গা-পদ্মার ভাঙনকে জাতীয় সমস্যা হিসাবে রূপ দেওয়া হয়েছে, কিন্তু সুন্দরবনের যে সাড়ে ৩ হাজার কিলোমিটার নদীর বাঁধ ভাঙছে সেই ব্যাপারে কোনো সুনির্দিষ্ট পরিকল্পনা বা পরিকাঠামো গ্রহণ করা হল না। বছরের পর বছর ধরে নদীবাঁধ ভাঙতে ভাঙতে একটার পর একটা গ্রামপঞ্চায়েত নদীতে তলিয়ে গেল, তার কোনো কিনারা হল না। একটু আগে আমার আগের বক্তা বললেন, ২০০১-২০০২ সালের আর্থিক বর্ষে ৩০ কোটি টাকা পরিকল্পনা খাতে সুন্দরবন উন্নয়ন পর্ষদকে দেওয়া হয়েছিল। কেন এই ৩০ কোটি টাকা পরিকল্পনার জন্য দেওয়া হল ? কারণ, সুন্দরবনে ১৫টি বিধানসভা কেন্দ্র এবং ১৯টি ব্লক আছে। সুন্দরবনের রাস্তাঘাট, পানীয় জল সর্বক্ষেত্রে সুব্যবস্থা করার জন্য ৩০ কোটি টাকা ২০০১-২০০২ সালের আর্থিকবর্ষে দেওয়া হয়েছিল। কিন্তু আজকের বাজেটে কি বলা হচ্ছে—৬-৭ কোটি টাকা দেওয়া হবে। আজকে পরিকল্পনা খাতে টাকা কোথায় ? সব টাকাই পরিকল্পনা-বহির্ভূত খাতে খরচ হচ্ছে। আজকে মন্ত্রীদের ঠাঁটবাট, সরকারি কর্মচারীদের ঠাঁটবাট বজায় রাখতেই পরিকল্পনা-বহির্ভূত খাতে টাকা চলে যাচ্ছে। সুতরাং পরিকল্পনা খাতে কোথায় অর্থ ? মাত্র ৬ কোটি টাকায় সুন্দরবনের বিরাট অঞ্চলে কিভাবে উন্নয়ন হবে সেটা আজকে চিন্তা করতে হবে। তারপর শ্রমিকদের সমস্যার কথা বলা হয়েছে। আজকে অসংগঠিত ক্ষেত্রে শ্রমিকদের পরিকল্পনা কোথায় ? আজকে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষার

ক্ষেত্রে বিদ্যালয়গুলিতে কোনো শিক্ষক নেই। আমার কাকদ্বীপ বিধানসভা কেন্দ্রে যতগুলি প্রাথমিক বিদ্যালয় রয়েছে তার মধ্যে এখনো পর্যন্ত শতকরা ৩০ শতাংশ প্রাথমিক বিদ্যালয়ে ১ জন করে শিক্ষক রয়েছেন। সুতরাং সর্বক্ষেত্রে যে অবক্ষয়, এই অবক্ষয়ের ফলে পশ্চিমবঙ্গের উন্নয়ন স্তব্ধ। সর্বক্ষেত্রে এই সরকার আজকে ব্যর্থ, দুর্নীতিতে সব ভরে গেছে। তাই রাজ্যপালের ভাষণের তীব্র বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সমস্ত সংশোধনীগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরীটি বাগদী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল এই হাউসে যে ভাষণ রেখেছেন এবং এই ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে তাকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। মহামান্য রাজ্যপাল যে ভাষণ রেখেছেন আমি মনে করি সেটা সঠিক তথ্য রেখেছেন। কারণ কংগ্রেস এবং বি.জে.পি. শাসিত রাজ্যগুলিতে আজকে যেভাবে আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে, তার চেয়ে পশ্চিমবাংলায় আইন-শৃঙ্খলা অনেক ভালো, এখানে মানুষ নিরাপদে চলাফেরা করতে পারে। আজকে মানুষ নির্ভয়ে ভোট দিতে পারে। যদিও তৃণমূল কংগ্রেস, তারা যে সিটে হেরে যায় সেখানে বলে রিগিং হয়েছে, আবার যে সিটে জেতে সেখানে বলে শান্তিপূর্ণভাবে ভোট হয়েছে। এই হচ্ছে তাদের চরিত্র। স্যার, এই বক্তব্যের মধ্যে একটা জিনিস আছে যে কৃষকদের জন্য ভূমিসংস্কার হয়েছে এবং বিশেষ করে ভাগচাষিদের বর্গা রেকর্ড হয়েছে। তারা স্বপ্নেও ভাবতে পারেনি যে একটা মালিকের জমি তারা বছরের পর বছর চাষ করতে পারবে। আগে একটা মালিকের জমি এক বছর চাষ করার পর সেই চাষ যদি মালিকের মনের মতো হত তাহলে সে থাকতে পারত তা না হলে সেই চাষিকে জমি থেকে উচ্ছেদ করে দিত। আজকে এই বামফ্রন্ট সরকার এসে তাদের জমির মালিক করে দিয়েছে এবং বর্গাদার হিসাবে রেকর্ড করে দিয়েছে যাতে করে সেই মালিক তাকে আর কোনোদিন জমি থেকে উচ্ছেদ করতে না পারে। শুধু তাই নয়, আগে ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিদের মহাজনদের কাছ থেকে ঋণ নিয়ে চাষ করতে হত। তারপর তাকে আর ফসল ঘরে তুলতে হত না। শুধু মহাজনকে দিতেই তার সব শেষ হয়ে যে, তাঁকে খেত-মজুরি করে সংসার চালাতে হত। আজকে কৃষকরা সমবায়ের মাধ্যমে ঋণ পাচ্ছে, ঋণের জন্য তাদের আর মহাজনদের কাছে যেতে হয় না। আজকে সমবায় থেকে ঋণ নিয়ে তারা চাষ করতে পারে। আজকে তারা চাষ করে দু-পয়সা আয় করে এবং তাদের ছেলেমেয়েদের স্কুলে পাঠাতে পারে, কলেজে পাঠাতে পারে। অন্যদিকে কেন্দ্রীয় সরকার কৃষি থেকে বিভিন্ন রকম ভর্তুকি তুলে নিয়ে তাদেরকে বেকায়দায় ফেলেছে। শুধু তাই নয়, আজকে তাদের পণ্যগুলিকে বিক্রি করতে দিচ্ছে না। আজকে ১৪২৯টি পণ্য বাইরে থেকে এনে তাদেরকে ফসল বিক্রি থেকে বঞ্চিত করেছে। আজকে তাদের সর্বহারার পথে নিয়ে গিয়েছে। এর জন্য দায়ী হচ্ছে কেন্দ্রীয় সরকার। আর সেই সরকারের পেছনে যাচ্ছে তৃণমূল কংগ্রেস মন্ত্রী হবার লোভে। জানি না তাদের সেই কার্য সফল হবে কিনা। আজকে খেতমজুরের ছেলেমেয়েরা স্কুলে যায়, তাদের ছেলেমেয়েরা লেখাপড়া শেখে। এটা তারা কোনোদিন ভাবতে পারেনি যে তাদের ছেলেমেয়েরা স্কুলে যাবে। আজকে এই সরকার তাদের ছেলেমেয়েদের স্কুলে যাওয়ার ব্যবস্থা করেছে। আজকে বহু মানুষকে বলতে হচ্ছে যে

আমরা কিষেণ মজুর পাচ্ছি না, ঘরে আর গরু-মহিষ রাখা যাচ্ছে না। অধিকাংশ ছেলেমেয়েরা স্কুলে যাচ্ছে। যদিও কিছু ছেলেমেয়ে এই লেখাপড়ার বাইরে আছে। তাদের কিভাবে পড়ানো যায় তার পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। তারা যখন সময় পাবে তখন তাদের পড়ানো হবে এইরকম ব্যবস্থা করা হচ্ছে। আজকে স্কুলের ছেলেমেয়েদের দুপুরে খাওয়ার ব্যবস্থা করেছে বামফ্রন্ট সরকার। সরকার মিড-ডে মিলের ব্যবস্থা করেছে। অধিকাংশ স্কুলে হয়তো চালু করা যায়নি, কিন্তু এটা ভাবনা-চিন্তার মধ্যে আছে যে সমস্ত স্কুলে যাতে দুপুরে খাওয়ার ব্যবস্থা করা যায়। এটা করার ফলে বহু ছাত্রছাত্রী স্বতঃস্ফূর্তভাবে স্কুলে যাচ্ছে।

[ 4.00–4.10 p.m. ]

ভূমিহীন যারা শুধু মজুরি করে যেত, তারাও ভাবত যে, আমার যদি দু-কাঠা জমি থাকত তাহলে আমিও একদিন কাজে না গিয়েও খেতে পেতাম, আমাকে উপোস থাকতে হত না। যে সমস্ত চোরা জমি ছিল, যে জমিগুলোকে লুকিয়ে রেখেছিল জমি চোররা, সেই সমস্ত জমি উদ্ধার করে খেতমজুরদের পাট্টা দেওয়া হয়েছে। আজকে তারা সেই পাট্টা পাওয়া জমিতে চাষ করছে। শুধু তাই নয়, আজকে অধিকাংশ সময়ে দেখা যাচ্ছে, স্বামী-স্ত্রীর নামে সেই জমি পাট্টা দেওয়া হয়েছে। আজকে স্বাস্থ্যের ব্যাপারে দেখা যাচ্ছে, মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি পেয়েছে। এটা এই বামফ্রন্ট সরকারই করেছে। বামফ্রন্ট সরকার গ্রামে গ্রামে প্রচার করে এটা করেছে। আজকে তার ফলে মানুষ স্বাস্থ্য সম্পর্কে সচেতন। গ্রামের মানুষকে আজকে দেখা যাচ্ছে একটু কিছু হলেই তারা হাসপাতালে গিয়ে ভিড় করছে। আজকে ৭০ ভাগ গ্রামের মানুষ বিনা পয়সায় চিকিৎসার সুযোগ পাচ্ছে। এই ব্যবস্থা ভারতবর্ষের আর কোথাও নেই। শুধু তাই নয়, আজকে প্রত্যেক পঞ্চায়েতে একজন করে ভেটেরেনারী ডাক্তার বসেন। গ্রামের মানুষরা গরু ছাগল পোষে। তাদের অসুখ-বিসুখে আগে মড়ক দেখা দিত। এখন ওই সমস্ত পশুদের—হাঁস, মুরগি, গরু, ছাগল যা তারা পালন করে—কোনো অসুখ হলে পঞ্চায়েতে ডাক্তারের কাছে নিয়ে যায়। আজকে হাঁস, মুরগি পালন করে গ্রামের মানুষের আর্থিক উন্নতি হয়েছে। তারা সুস্থভাবে হাঁস, মুরগি পালন করতে পারছে। সেজন্য তাদের আর্থিক উন্নতি হয়েছে। সেজন্য মাননীয় রাজ্যপালের ভাষণের ওপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ রত্না দে (নাগ)** : মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, কয়েকদিন আগে এক বেসরকারি বৈদ্যুতিন মাধ্যমে এক অনুষ্ঠানে দেখলাম এই সরকারের এক মাননীয় মন্ত্রী এবং দুজন বিরোধী দলের বিধায়ক অংশগ্রহণ করেছেন। বিরোধী দলের বিধায়ক যখন তথ্য দিয়ে বললেন কলকাতার থেকে অন্য মেট্রোপলিটন শহরের রাস্তা, পরিবহণ এবং স্বাস্থ্যে অনেক উন্নত, তখন ওই অনুষ্ঠানে উপস্থিত মাননীয় মন্ত্রীর চটজলদি উপদেশ ছিল ঐ বিধায়কের প্রতি, কলকাতা ছেড়ে অন্য জায়গায় গিয়ে বসবাস করুন। ২৭ বছরে এই রাজ্যের সার্বিক যে উন্নতি হওয়ার কথা ছিল তা কিন্তু তাঁরা সবটুকু করে উঠতে পারেননি। বামপন্থীরা দীর্ঘ ৫৫ বছর ধরে সদা সর্বদা বলে এসেছেন কেন্দ্রীয় সরকার ভারতের কোনো উন্নতিই করেননি। কখনও ইন্দিরা গান্ধীর হাসিকে শকুনের হাসি বলে ব্যঙ্গ করে, কখনও

রাজীব গান্ধীকে বিশ্বের সেরা চোর হিসাবে অভিযুক্ত করে, অটল বিহারীকে সাম্প্রদায়িক আখ্যা দিয়ে বলে এসেছেন ভারতের কোনো উন্নতিই হয়নি। ভারতের স্বাধীনতার পর 'ইয়ে আজাদি ঝুটা হ্যায়' যারা বলেছিলেন, তখন কিন্তু তাঁদের কোনো জাতীয়তাবাদী রাজনৈতিক কর্মী কখনও বলেননি বা উপদেশ দেননি ভারত ছেড়ে চলে গিয়ে কিউবা, চীন বা রাশিয়ায় গিয়ে বসবাস করবার জন্য। কারণ জাতীয়তাবাদী রাজনৈতিক কর্মীরা জানেন, সবাইকে নিয়েই দেশ গড়তে হয়। সবার শ্রমলব্ধ আয়ই জিডিপি-তে যোগ হয়। একজন চিকিৎসক, একজন ইঞ্জিনিয়ার, একজন শিক্ষক, একজন শিক্ষার্থী, একজন সাংসদ বা একজন বিধায়ক যে মতাদর্শে বিশ্বাসী হোন না কেন, তিনি যদি কিছু কাজ করেন তা কিন্তু পশ্চিমবঙ্গের উন্নয়নের কাজে লাগে। কিন্তু তাই বলে তিনি যদি পশ্চিমবঙ্গের বামফ্রন্টের সমর্থক না হন, তাহলে তাঁকে কি পশ্চিমবঙ্গ ছেড়ে চলে যেতে হবে ? রাজ্য সরকারের দেওয়া মাননীয় রাজ্যপালের ভাষণে মাননীয় রাজ্যপাল উল্লেখ করেছেন, এই রাজ্যের কোনো কোনো অংশে জঙ্গী ও উগ্রপন্থী কার্যকলাপ এক চ্যালেঞ্জ-এর সৃষ্টি করেছে। আইন-শৃঙ্খলা এবং উগ্রপন্থী কার্যকলাপ একটা চ্যালেঞ্জ সৃষ্টি করেছে। হ্যাঁ, স্যার একথা সত্য যে জঙ্গী এবং উগ্রপন্থী কার্যকলাপ আমাদের রাজ্যে আভ্যন্তরীণ নিরাপত্তা রক্ষার ক্ষেত্রে এক গভীর উদ্বেগের সৃষ্টি করে চলেছে। আজকে এই জঙ্গী এবং উগ্রপন্থী কার্যকলাপ এই চরম পর্যায়ে পৌঁছল কি করে, তার জন্য কি রাজ্য সরকার দায়ী নয় ? মাননীয় রাজ্যপালের ভাষণে কিন্তু রাজ্য সরকার তার দায়িত্বের কথা বলেননি। বিরোধী সদস্যরা বারে বারে বলে এসেছে জঙ্গী এবং উগ্রপন্থীদের মুক্তাঞ্চল এই পশ্চিমবঙ্গ। কিন্তু বিরোধীদের সেই হুঁশিয়ারিকে সরকার কোনো গুরুত্ব দেননি। পাঞ্জাবের উগ্রপন্থীরা এখানে এসে মহাকরণে বসে সরকারের আধিকারিকদের সঙ্গে মিটিং করে দেশ ছেড়ে পালাবার সময়ে ধরা পড়লেন। ভিন্ন প্রদেশের জঙ্গী এবং উগ্রপন্থীরা কলকাতায় থেকে, এই রাজ্য থেকে অন্য রাজ্যের পুলিশ কর্তৃক বারে বারে ধৃত হচ্ছে, এতে সরকারের কিন্তু চোখ ফোটেনি। সত্তরের দশকে সাধারণ মানুষকে এবং সাধারণ কনস্টেবেলকে যে হত্যা করা হয়েছিল তার রক্তের দাগ এখনো হাত থেকে আপনাদের মোছেনি। তাই আজকে বামফ্রন্ট তাদেরকে যুক্ত করে ক্লিনচিট দিয়ে এই সরকার জঙ্গী এবং উগ্রপন্থীদের কাছে কি বার্তা পাঠালেন জানি না। জঙ্গী এবং উগ্রপন্থীদের সঙ্গে আপনাদের একটা আঁতাত হয়েছে এবং তাই আজকে আমরা উপলব্ধি করতে পারছি যে, জঙ্গী এবং উগ্রপন্থীদের এত রমরমা চলছে। জঙ্গী এবং উগ্রপন্থী কার্যকলাপের সঙ্গে সংযুক্ত মানুষদের না ধরার শর্তে বিরোধী রাজনৈতিক নেতাদের খুন করার নির্দেশ দেওয়া হয়েছিল। কেবলমাত্র ভোটের জন্য প্রতিবেশী দেশ থেকে আগত জঙ্গী এবং উগ্রপন্থীদের রেশন কার্ড দিয়ে সীমান্তবর্তী অঞ্চলে বসবাস করার ব্যবস্থা করে দেওয়া হয়েছে। কিন্তু এই সরকারই আবার বলেছে এই সব জঙ্গী এবং উগ্রপন্থীদের সঙ্গে প্রতিবেশী রাজ্যের ঘনিষ্ঠ যোগাযোগ আছে। বিষবৃক্ষ ওঁরা নিজেরাই রোপণ করেছেন এবং সেই বিষবৃক্ষ উৎপাটন করার দায়িত্ব কিন্তু এঁদেরই। আজকে কেন্দ্রীয় সুরক্ষা বাহিনীর সহযোগিতা ছাড়া আজ এই বিষবৃক্ষ উৎপাটন করা সম্ভব হচ্ছে না। আজকে জঙ্গী এবং উগ্রপন্থীদের বিরুদ্ধে অভিযান চালাতে গিয়ে ৯ জন পুলিশ কর্মী নিহত হলেন। তাঁদের বিদেহী আত্মার প্রতি আমি শান্তি কামনা করি। তাঁদের পরিবারের প্রতি পূর্ণ সহানুভূতি জানাই। কিন্তু স্যার, সরকারের লজ্জাহীনতা

দেখুন—এই সরকার কি করলেন—তাঁর সতীর্থ কর্মীদের মাইনের টাকার থেকে টাকা কেটে নিয়ে নোটিশ জারি করলেন যাতে সেই অর্থ নিহতদের পরিবারের আর্থিক সাহায্য দেওয়া হয়। কিন্তু স্যার, আমার প্রশ্ন যে, যে সমস্ত নিহত কর্মীদের মাইনের থেকে টাকা কেটে নেওয়া হবে তারাই যে যে কোনোদিন জঙ্গী এবং উগ্রপন্থীদের আক্রমণের শিকার হবেন না একথা কে বলতে পারেন ? সেইজন্য আমি আপনার মাধ্যমে সরকারের কাছে আবেদন জানাই যে, কোনো পুলিশ কর্মচারীর মাইনের থেকে একটা টাকাও যাতে কাটা না হয়, সরকার যেন নিজস্ব তহবিল থেকে ওই সমস্ত পরিবারকে অর্থ সাহায্য করেন। স্যার, কি মরূদ্যানে বাস করছি দেখুন—পূর্ণ ইউনিফর্ম পড়া ডিউটিরত পুলিশ কনস্টেবেল, ট্রাফিক পুলিশ দুজন গুণ্ডা শ্রেণীর লোকের হাতে মারধর খেলেন। পরে জানা গেল যে, ওই দুজন গুন্ডা লোকও নাকি পুলিশ। এখন শোনা যাচ্ছে পুলিশের উচ্চপদের ব্যক্তিরা এবং তার থেকেও উচ্চপদে অধিষ্ঠিত ব্যক্তিদের নির্দেশে যাতে ওই দুজন পুলিশ কর্মীকে বাঁচানো যায় তার চেষ্টা করছেন। স্যার, একথা যদি সত্য হয় তাহলে মরুভূমিতে যে চিকচিক করে সেই মরীচিকা তো দৃষ্ট হবেই না, মরূদ্যান তো দূরের কথা। সেই কারণে রাজ্যপালের ভাষণের বিরুদ্ধে বিরোধীরা বারবার বলেছেন কেন না পশ্চিমবঙ্গ সরকার বামফ্রন্ট সরকারের হলেও পশ্চিমবঙ্গ তো আমাদের সকলের। আমরা সবাই চাই পশ্চিমবঙ্গের উন্নতি হোক। তাই বিরোধীরা বারবার সরকারের ভুল, দোষ ত্রুটিগুলো দেখিয়ে দিয়েছে এবং দিচ্ছে। কিন্তু আমরা আশা করি না যে সরকার তার দোষ স্বীকার করবেন। আজকে পশ্চিমবঙ্গের মানুষ কি বিশ্বাস করবে এই রাজ্যের যানবাহনের গতি বৃদ্ধি পেয়েছে ? সন্তানহারা মা-বাবারা কি বিশ্বাস করবেন এই রাজ্যে উন্নততর যানবাহনের ব্যবস্থা হয়েছে ? সাধারণ যুবক এবং বেকাররা কি বিশ্বাস করবেন যে নতুন নতুন শিল্প উদ্যোগ চালু হয়েছে ? শ্রমিকরা কি জানতে চাইবে না কেন দিনের পর দিন একটা একটা করে কারখানা বন্ধ হয়ে যাচ্ছে এবং কবেই বা সেইসব কারখানা খুলবে ? স্যার, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ কি জানতে চাইবে না কর্মী বিনিয়োগ কেন্দ্রের থেকে যে সমস্ত কল লেটার বেরোয় তার মধ্যে তাদের বরাদ্দ কেন মাত্র চার শতাংশ ? তারা কি জানতে চাইবে না তাদের মধ্যে শিক্ষার প্রসার তেমন করে ঘটছে না কেন ? কখন এই দল, কখন ওই দলকে সাম্প্রদায়িক হিসাবে আখ্যা দিয়ে বলে বেড়াচ্ছেন এটা কি দীর্ঘ ভোটের প্রচারের জন্য ? স্যার, চা-বাগানের শ্রমিকরা কি দুর্দশার মধ্যে আছে গতকাল টি.ভি.তে দেখছিলাম, বামফ্রন্টের একজন শরিক দলের সদস্য গোবিন্দবাবু বলছিলেন চা-বাগানে ১ হাজার শ্রমিক না খেতে পেয়ে মারা গিয়েছেন। মাননীয় মন্ত্রী অশোকবাবু বলছিলেন ৪টি চা-বাগান কারখানা বন্ধ আছে। কিন্তু স্যার, অত্যন্ত দুঃখের বিষয়, মাননীয় রাজ্যপালের ভাষণে এইসব কথার কোনো উল্লেখ নেই। গত ২৭ বছর ধরে এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছেন, কিন্তু সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে তেমন কোনো উন্নতি হয়নি। তাদের শিক্ষার কোনো বিস্তার ঘটেনি, তাদের চাকরির কোনো ব্যবস্থা নেই। শুধুমাত্র ভোটের প্রচারের জন্য কখন সাম্প্রদায়িক কখন অন্যভাবে তাদের প্ররোচিত করা হচ্ছে। তাহলে তো তারা সব থেকে বেশি সাম্প্রদায়িক। স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে এবং আমাদের আনীত সংশোধনীগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

**শ্রী নাজমুল হক**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপালের বস্তুনিষ্ঠ ভাষণের উত্তর মাননীয় সদস্য পদ্মনিধি ধর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। সমর্থন এই জন্যই করতে চাই যে মাননীয় রাজ্যপালের ভাষণ সঙ্গত ও যুক্তিপূর্ণ সেইজন্য। আমার বক্তব্য হল যে ঐ ভাষণ সমর্থন করব না, করছি না, এই ধরনের কথা বলা বাঞ্ছনীয় নয়। মাননীয়া সদস্যা ডাক্তার মানুষ, তিনি এই রকম না বললে ভালোই করতেন। যাই হোক, ২০০০ সালের বিশ্বব্যাঙ্ক দারিদ্র সংক্রান্ত একটা তথ্য দিয়েছে, সেখানে রিপোর্টে বলা হয়েছিল যে '৮০-র দশকে পশ্চিমবাংলায় দারিদ্রসীমার নিচে বাস করত ৫৩ শতাংশ মানুষ যা দ্রুতগতিতে কমছে এবং বর্তমানে সেটা ২৬ শতাংশের নিচে বিরাজ করছে। ভারতের সব রাজ্যের তুলনায় দ্রুতহারে দারিদ্র হ্রাস পাচ্ছে, এই রাজ্যে। আমি এইজন্য বলছি, রাজ্যপালের ভাষণ বস্তুনিষ্ঠ। বিগত ২৬ বছর ধরে মানুষের জন্য যে দায়বদ্ধতা, বিশ্বস্ততা নিয়ে নির্দিষ্ট নীতি কর্মসূচির ভিত্তিতে মানুষকে অংশীদারি করে এই রাজ্যে কিছু কাজ আমরা করেছি যে কাজগুলি আমাদের সাফল্য আছে। এই সাফল্যকে আমরা সংহত করতে চাই যে বিষয়গুলিতে আমরা পিছিয়ে আছি, মানুষের সহযোগিতা নিয়ে আপনাদের পরামর্শ নিয়ে, সকলের সহযোগিতা নিয়ে আমরা সেই কাজগুলিকে সম্পন্ন করতে চাই। এর মধ্যে আমরা যেগুলি ভালোভাবে করেছি, তা হল ভূমিসংস্কার। আমরা বারবার বলি, বর্গাদার এবং খাস জমি মিলিয়ে ২২ লক্ষ একর জমির মালিকানা ৩৫ লক্ষ পরিবারের মধ্যে ন্যস্ত হয়েছে এবং এর উৎপাদিত পণ্য যা ন্যূনতম বাজারমূল্য হিসাবে ধরলে ৬,৬০০ কোটি টাকা এই পরিবারগুলি তাদের নৈমিত্তিক জীবিকা নির্বাহ হিসাবে ব্যয় করছেন। আমাদের বিগত বছরগুলিতে ১৩ হাজার কোটি টাকার কেনাবেচার বাজার গড়ে উঠেছে। তার অনেকটাই হচ্ছে এই ভূমিসংস্কারজনিত কারণে। আমরা বলছি, এটা আমাদের সাফল্য। দারিদ্রসীমার নিচে বাংলার মানুষ এর খাওয়া-দাওয়া, শিক্ষা, গাড়ি, বাড়ি, স্বাস্থ্য অনেকটাতে এই ভূমিসংস্কার প্রভাবিত হয়েছে। সেচ নিয়ে দেখুন, বামফ্রন্ট সরকার যখন '৭৭ সালে আসে, তখন ২০ শতাংশ জমি সেচের আওতায় ছিল, কৃষকের উৎপাদনে আগ্রহ থাকা সত্ত্বেও প্রকৃতির উপর নির্ভরশীল থাকতে বাধ্য হত। তাই মাটির নিচের জল, উপরের জল, ক্ষুদ্র সেচ, মাঝারি সেচ, বৃহৎ সেচ এই তিন ধরনের প্রকল্পকে ব্যবহার করে ৬৫ শতাংশের বেশি জমিকে সেচের আওতায় আনা গিয়েছে। আমরা দাবি করছি এটা আমাদের সাফল্য। ১৯৮৮ সালে বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এল তখন আমাদের রাজ্যে খাদ্যশস্য উৎপাদন হত ছিয়াত্তর লক্ষ মেট্রিক টন। ফলত দারিদ্রসীমার নিচে বসবাসকারী মানুষদেরকে তখন হয় না খেয়ে, না হয় অখাদ্য-কুখাদ্য খেয়ে দিন কাটাতে হত। আমরা আমাদের রাজ্যে কৃষি-বিজ্ঞানের লাগাতার উন্নয়ন ঘটিয়ে ও কৃষকদের নানানভাবে সহযোগিতা করে খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি ঘটিয়েছি। ফলে আমাদের রাজ্যে আজকে ১৫৫ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদন হচ্ছে। কিন্তু আজকে সারা দেশের কৃষক ও কৃষি আক্রান্ত। কারণ পণ্য বিক্রয়ের অনিশ্চয়তা, কৃষিপণ্যের লাভজনক দর না পাওয়া এবং কৃষি উপকরণের দাম দিনের পর দিন বেড়ে যাওয়ার জন্য আজকে কৃষকদের অস্তিত্বের সঙ্কট দেখা দিচ্ছে। ম্যানসেস্টোর, কারগিল, সিংজিটা এই সমস্ত বহুজাতিক বিদেশি কোম্পানির হাতে আজকে আমাদের দেশের

কৃষি ধ্বংস হচ্ছে। এই বিষয়টা আপনারা ভাবুন। কারণ আপনারা বাংলার মানুষ এবং এখানকার মানুষের দ্বারাই নির্বাচিত হয়ে আসছেন। তাই এই ব্যাপারে আপনাদের সোচ্চার হওয়া উচিত বলে আমি মনে করি। এবারে শিল্প প্রসঙ্গে আমি আসছি। এই রাজ্য এক সময় শিল্পে অগ্রগণ্য ছিল। মাশুল সমীকরণ নীতি এবং লাইসেন্স প্রথার বৈষম্যের জন্যই এই রাজ্য ক্রমাগত পিছিয়ে পড়ছে। আমাদের রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রয়াত ডাঃ বিধান চন্দ্র রায়ের পণ্ডিত জওহরলাল নেহরুকে লেখা একাধিক চিঠিগুলো আপনারা অনেকেই হয়তো দেখে থাকতে পারেন, আবার অনেকেই হয়তো দেখেননি। শিল্পায়নের জন্যই এই চিঠিগুলো লেখা হয়েছিল। ১৯৯৪ সালে বামফ্রন্ট সরকার নতুন শিল্পনীতি ঘোষণা করে এবং পরবর্তী দশ বছরে লাগাতার প্রয়াস চালিয়ে এই সরকার কুড়ি হাজার কোটি টাকারও বেশি প্রকল্প এই রাজ্যে আনতে সক্ষম হয়েছে এবং তারা কাজ শুরু করেছে। একমাত্র ২০০৩ সালের ক্যালেন্ডার ইয়ারে ১৫০০ হাজার কোটি টাকার ৭১টি প্রকল্প আমাদের রাজ্যে রূপায়িত হয়েছে এবং তারা উৎপাদন শুরু করেছে। এই হাউসে আমরা 'ওয়েস্ট বেঙ্গল স্পেশাল ইকনমিক জোন বিল' সেইজন্য পাশ করিয়েছি। বিগত ৩রা মার্চ 'আনন্দবাজার পত্রিকায়' বেরিয়েছে ডায়মন্ডের বাজার সম্পর্কে একটা খবর। সেখানে বলা হয়েছে দিল্লি, মহারাষ্ট্র এবং কর্নাটককে পিছনে ফেলে আমাদের রাজ্য অনেক এগিয়ে গেছে। জি.ডি.পি. এবং এইচ.ডি.পি. যদি না বাড়ে তাহলে আমাদের রাজ্যে এই ডায়মন্ড কিনছে কারা ? এবারে আমি তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে আসছি। এই ব্যাপারে আমরা দেরিতে কাজ শুরু করলেও ঈর্ষণীয় সাফল্য লাভ করেছি। কলকাতা থেকে জেলা সদর, ব্লকস্তর পর্যন্ত যোগাযোগ রক্ষা করা সম্ভব হয়েছে এবং এই ব্যাপারে আরও উন্নত করার চেষ্টা আমরা করছি। আন্তর্জাতিক স্তরে যে সমস্ত প্রতিষ্ঠান আছে তারা এখানে তাদের ব্যবসার প্রসার ঘটিয়েছে এবং বিগত বছরের তুলনায় বর্তমান বছরে তাদের ব্যবসা বাড়াতে সক্ষম হয়েছেন। বিশেষ করে সল্টলেকের সফট্ওয়্যার টেকনোলজি পার্কের ব্যবসা ৯০০ কোটি টাকা ছাপিয়ে গেছে। যখন আপনারা আমাদের সমালোচনা করবেন তখন এইগুলো আপনাদের স্মরণে রাখা উচিত। এবারে আমি শিক্ষার ব্যাপারে আসছি। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার আগে এই রাজ্যের শিক্ষাব্যবস্থা ছিল লজ্জাজনক অবস্থায়। তখন সময়মতো পরীক্ষা হত না, সময়মতো পরীক্ষার ফল প্রকাশ হত না। শিক্ষা যে সবার জন্য এই ভাবনাটাই ছিল তখন বৃথা। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ৩৬ দফা কর্মসূচি গ্রহণ করেছিল এবং তার মধ্যে ২৫ থেকে ২৯ এই পাঁচটি দফায় ছিল শিক্ষা-সংক্রান্ত ব্যাপারে। লাগাতর চেষ্টা চালিয়ে আমাদের রাজ্যের শিক্ষাব্যবস্থার আমরা উন্নতি ঘটিয়েছি। ফলস্বরূপ এখানে পঞ্চাশ লক্ষ শিশু প্রাথমিক স্তরে শিক্ষা গ্রহণ করে। শিশুশিক্ষা এবং প্রাথমিক শিক্ষা, এই দুটো মিলিয়ে মোট এক লক্ষ পাঁচ হাজার শিশু এখানে শিক্ষা লাভ করছে।

[ 4.20–4.30 p.m. ]

আজকে প্রত্যন্ত গ্রামের কুঁড়েঘরেও প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষার আলো পড়ে। আগে ছিল ৬টি বিশ্ববিদ্যালয়, এখন চলছে ১৫টি। স্নাতক স্তরে মেডিকেল শিক্ষায় দুটো কলেজ তৈরি হয়েছে,। ম্যানেজমেন্ট ইনস্টিটিউট হয়েছে। ৪০টির বেশি কারিগরি মহাবিদ্যালয় এই রাজ্যে চলছে। এইগুলো তো বলতে হবে। ভারতবর্ষের আর কোন রাজ্যে

২০/২৫ ভাগ টাকা শিক্ষাখাতে খরচ হয় ? ১৫-১৮ শতাংশের বেশি কোথাও নয়। আইন-শৃঙ্খলা নিয়ে এমন সব কথা বলেন যে, তাদের কোনো বাস্তবতাই নেই। আমরা কি কখনও বলেছি আমাদের রাজ্যে অপরাধী নেই ? আমাদের রাজ্যে অপরাধ সংঘটিত হয় না ? কিন্তু বিচারের তো একটা নিরিখ থাকবে। হয় পশ্চিমবাংলার তুলনীয় কোনো রাজ্যের সঙ্গে তুলনা করুন অথবা সর্বভারতীয় ক্ষেত্র ধরে বিচার করুন। শুধু বিক্ষিপ্ত কয়েকটি ঘটনা তুলে দিয়ে আইন-শৃঙ্খলার কথা বলা, ৮ কোটি মানুষ এখানে বিপন্ন, এসব কুৎসা ছড়ানো ছাড়া আর কিছু নয়। ভারতবর্ষে প্রতি বছর ২০ লক্ষ অপরাধ সংঘটিত হয়, যার একটা ক্ষুদ্র অংশ আমাদের রাজ্যেও হয়, আমরা তার প্রভাব থেকে মুক্ত নই। আমাদের রাজ্যে এই সংখ্যাটা ৬৮ হাজারের বেশি নয়। পশ্চিমবঙ্গের সঙ্গে তুলনীয় যে কোনও রাজ্যের থেকে যা কম। কিন্তু এসব ক্ষেত্রে আপনারা নীরব থাকেন। ১৯৯৯ সালের পরে ন্যাশানাল ক্রাইম রেকর্ডস ব্যুরোর কোনো রিপোর্ট আমাদের বিধানসভার লাইব্রেরিতে পৌঁছয়নি। অপরাধ যেভাবে বাড়ছে তাতে পৌঁছবার প্রশ্নই নেই। যেটা স্বীকার করেন না, নির্বাচনের মতো বড় বড় অনুষ্ঠান এখানে শান্তিতে অনুষ্ঠিত হয়ে যায়। টি. চতুর্বেদী থেকে টি.এন. সেসন, কিংবা লিংডো থেকে কমিশনার গিল বারবার নির্বাচনের শংসাপত্র দিয়েছে। দুর্গাপূজা, বড় বড় খেলা, ঈদ কিংবা মহরম এখানে শান্তিতেই অনুষ্ঠিত হয়। এখানে সাম্প্রদায়িক দাঙ্গার কোনো সুযোগ নেই। কিন্তু আপনারা গান্ধী হত্যাকারীর সমর্থকদের সমর্থন করেন। তফশিলি জাতি-উপজাতির লোকেরা এখানে খুন হন না। তবুও কিছু উদ্বেগজনক ঘটনা ঘটে। এই বিধানসভায় ২রা মার্চ মাননীয় সদস্যা মঞ্জু বসু তাঁর স্বামীর খুনের বিষয়ে যে কথা বলে গিয়েছেন তাকে কি বলবেন ? এরকম বিচিত্র দল আর এরকম নেতৃত্ব কোথাও পাবেন না। মঞ্জু বসু ওখানে বসেন আর একজন ওইধারে বসেন। মঞ্জু বসু বলছেন, সদস্যপদ ছেড়ে দেবেন আর ডায়মন্ড হারবার বা ব্যারাকপুর কিছুতেই ছেড়ে দেবেন না। আমাকে সুদীপ ব্যানার্জী বানাতে চান বানান, কিন্তু ব্যারাকপুরে ওকে মেনে নেব না। আপনারা আইন-শৃঙ্খলার কথা ভুলে যান। হোলির দিনের দুর্ভাগ্যজনক ঘটনা আমাদের রাজ্যে ঘটেছে। কিন্তু হোলির দিনের যে মত্ততা, উদ্দামতা, তাতে সারা দেশে খুন হয়েছে ২৫ জন মানুষ, জখম হয়েছে আড়াইশ জন মানুষ। বিহার, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র বা মধ্যপ্রদেশ, এসব জায়গা মিলিয়ে ২৫ জন মানুষ খুন হয়েছে। আমাদের দেশের সর্বজনমান্য রাষ্ট্রপতি তাঁর সুশিক্ষিত, সুনির্বাচিত পুলিশ বাহিনী, গত বছর দিল্লিতে বুদ্ধ জয়ন্তী পার্কে একটা প্রকাশ্য সভা হয়েছিল সেই সভাতে দলাই লামা ছিলেন মাননীয় প্রাক্তন রাষ্ট্রপতি কে.আর. নারায়ণন ছিলেন, আর সেখানেই তো এই ঘটনা ঘটেছে। আমাদের এই দেশের রাজধানী সুইস দূতাবাসের মহিলার সম্ভ্রম নষ্ট হয়ে গেল। এই দিল্লিতে ফিজির ছাত্রীর দিবালোকে ইজ্জত হরণ হয়ে গেল। এই দেশেই তো আমরা আছি। ৫০ হাজার ধর্ষিতা মহিলা এখনও বিচারের অপেক্ষায় রয়েছে। এই দেশেই তো আমরা আছি। আপনারা হয়তো জেনে থাকবেন আমেরিকা বৈদেশিক দপ্তরের আন্তঃরাষ্ট্রীয় মানবাধিকার সংক্রান্ত যে রিপোর্ট দিয়েছে, সেখানে উল্লেখ করেছে ভারতবর্ষের পশ্চিম উত্তরাঞ্চলের রাজ্যগুলোতে, আমি জম্মু আর কাশ্মীরকে বাদ দিয়েই বলছি পুলিশ ব্যারাকে, পুলিশ লক আপে রেপ সংঘটিত হয়েছে। মাসের পর মাস, বছরের পর বছর বিনা বিচারে মানুষকে আটকে রেখে দেওয়া হচ্ছে গণতান্ত্রিক এই দেশে।

এই দেশেই তো আমরা আছি। আমাদের এই রাজ্য তো দেশেরই মধ্যে, সুতরাং এখানে তো তার প্রভাব পড়বেই। এই দেশেরই রাজ্য গুজরাট, সরকারের নেতৃত্বে, প্রশাসনিক প্রত্যক্ষ মদতে আড়াই মাস ধরে সেখানে দাঙ্গা সংঘটিত করা হচ্ছে। রামের নামে স্লোগান দিয়ে, হনুমানের নামে স্লোগান দিয়ে মহিলাদের ইজ্জত কেড়ে নেওয়া হয়েছে। আর সেই ঘটনায় মহামতী নিউটনের তৃতীয় সূত্রকে আওড়ানো হয়েছে। আর প্রধানমন্ত্রী পিঠ চাপড়ে দিয়েছে, আর স্বরাষ্ট্রমন্ত্রী নীরব থেকেছেন। ২০০২ সালে গুজরাট কাণ্ড নিয়ে লোকসভায় ৩০ ঘণ্টা ধরে বিতর্ক চলে। সেই বিতর্কের শেষে আপনাদের দলের নেত্রী সেই দুষ্কর্মের পাণ্ডাকে সেই দলের সরকারকে শেষ পর্যন্ত সমর্থন করেছেন, ভোট দিয়েছেন ওই লোকসভায়। এই দিয়েই আপনাদের নীতি বোঝা যায়, আপনাদের চরিত্র বোঝা যায়। গান্ধিজিকে বাদ দিয়ে ওদের সঙ্গে থাকার কারণ মানুষ বুঝতে পারে। তাই পশ্চিমবাংলায় এর যথাযোগ্য জবাব আপনারা পাবেন। আপনাদের মুখোশ খুলে পড়বে কেশপুরে আপনাদের নির্বাচনী অফিসে জাতীয় কংগ্রেস বসছে। পিংলায় মানুষ আপনাদের প্রার্থীকে ফিরিয়ে দিয়েছে। আপনারা তৈরি হন। আপনাদের সময় কমে আসছে। আত্মকেন্দ্রিকতা কূপমণ্ডূকতার সীমা থাকে, আপনাদের সেই সীমা নেই। আপনারা সেই ২৫ টাকার চপ্পল ফেরত পাওয়ার জন্য উদগ্রীব ছিলেন, সেই চপ্পল আপনারা ফেরত পেয়েছেন। বাংলার মানুষ আপনাদের বুঝিয়ে দেবে, আগামী দিন আপনাদের কি পরিস্থিতি হয় দেখবেন, তার জন্য অপেক্ষা করুন। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করে এবং যে অযৌক্তিক অবৈজ্ঞানিক সংশোধনীগুলো এসেছে সেগুলোর তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[ 4.30–4.40 p.m. ]

**শ্রী চিত্তরঞ্জন রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারি মাননীয় রাজ্যপাল শ্রী বীরেন জে শা মহাশয় ভারতীয় সংবিধানের ১৭৬ ধারা অনুচ্ছেদ অনুসারে বিধানসভায় যে লিখিত ভাষণ পাঠ করেছেন এবং সরকার পক্ষ থেকে এই পরিপ্রেক্ষিতে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করি এবং বিরোধীদের আনা সকল সংশোধনীকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় রাজ্যপাল তাঁর বক্তব্যে বলেছেন উত্তরবঙ্গে সশস্ত্র জঙ্গি কার্যকলাপ দীর্ঘকালীন সমস্যা এবং রাজ্যের পশ্চিমাঞ্চলে চরম বামপন্থী কার্যকলাপের দরুন রাজ্য সরকার ও তার নিরাপত্তা পরিকাঠামো এখনো কঠিন এক চ্যালেঞ্জের মুখোমুখি রয়েছে। আজকে উত্তরবঙ্গের কে.এল.ও., কে.পি.পি. সবাই মিলে যে সন্ত্রাস শুরু করেছে এর রাজনৈতিক মোকাবিলা সরকারকে করতে হবে এবং এবং বিরোধীদের সহযোগিতা অবশ্যই নিতে হবে। আজকে আমরা মনে করি উত্তরবঙ্গে এই ধরনের সন্ত্রাসবাদের মূলে রয়েছে উত্তরবঙ্গের প্রতি অবহেলা, বঞ্চনা। সেখানকার জনজাতির লোক আর্থসামাজিক ক্ষেত্রে, শিক্ষাক্ষেত্রে এবং তাদের উন্নয়নের ক্ষেত্রে তারা পিছিয়ে পড়ে যাচ্ছে, তাই এই আন্দোলনে তারা হাতিয়ার তুলে নিতে বাধ্য হয়েছে। সরকারকে সেখানে উন্নয়নের দিকে অবশ্যই নজর দিতে হবে। আজকে সরকার উত্তরবঙ্গের উন্নয়নের নামে যে সংস্থা তৈরি করেছেন এবং তার মাধ্যমে যে উন্নয়নের কথা বলা হয়েছে তাতে সেখানে সরকার খুব সামান্য অর্থই বরাদ্দ করেছেন। সেখানে ৬টি জেলার জন্য এক থেকে দেড়

কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এর দ্বারা কি উন্নয়ন করা সম্ভব ? সেখানকার কৃষিনির্ভর মানুষ আজকে দুর্দশাগ্রস্ত, তাই আজকে তারা পাঞ্জাবে, উত্তরপ্রদেশে, হরিয়ানায়, দিল্লিতে কাজের সন্ধানে যাচ্ছে। সেখানকার যুবকদের যদি কর্মসংস্থানের ব্যবস্থা না করা হয়, যদি সেখানকার আর্থসামাজিক অবস্থার উন্নয়ন না করা হয় তাহলে এই অবস্থা থেকে আমরা নিস্তার পাব বলে আমার মনে হয় না। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে অনেক কথা বলেছেন, তিনি পঞ্চায়েত ব্যবস্থার কথা বলেছেন। পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে দরিদ্র জনগণের দারিদ্র মোচনের ব্যবস্থা হয়েছে। অথচ আমরা সবাই জানি পঞ্চায়েত ব্যবস্থার ভিতর দিয়ে একটা রাজনৈতিক বাতাবরণ তৈরি করে সেখানকার মানুষকে পাইয়ে দেবার রাজনীতিতে পর্যবসিত হয়েছে। সেখানে প্রকৃত যারা দুস্থ, যাদের অভাব আছে তাদের প্রতি অবহেলা করা হচ্ছে। একটা বিশেষ রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে সেখানকার অবস্থাকে অবহেলা করা হচ্ছে। যে পঞ্চায়েত ব্যবস্থা নিয়ে আমরা পশ্চিমবাংলার উন্নয়নের কথা বলি, সেখানে হয়তো কিছু কিছু জেলায় সাফল্য এসেছে ঠিক কথা, কিন্তু প্রদীপের আলোর নীচে যেমন অন্ধকার থাকে তেমনি অনেক জেলা অন্ধকারের মধ্যেই আছে। মাননীয় রাজ্যপালের ভাষণে পি.এম.জি.এস.ওয়াই.-এর কথা বলা হয়েছে। রাস্তাঘাটের কথা বলা হয়েছে। প্রধানমন্ত্রী সড়ক যোজনার মাধ্যমে আমরা লক্ষ্য করেছি গ্রাম এলাকায় কিছু কিছু রাস্তাঘাট তৈরি হয়েছে কিন্তু সেটা কেন্দ্রীয় সরকারের অর্থে নির্মিত হয়েছে। আমি মনে করি আমাদের মাননীয় সাংসদরা রয়েছেন বলেই এটা সম্ভব হয়েছে। এখানে বামফ্রন্ট সরকারের কৃতিত্বের কোনো ব্যাপার নেই। আজকে কৃষিতে যে সাফল্যের কথা বলা হয়েছে সেই কৃষির কথা বিধানসভায় বহুবার আলোচনা করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী কৃষিপণ্যের ন্যায্যমূল্যের কথা এই বিধানসভায় ঘোষণা করেছেন। কৃষকদের ন্যায্যমূল্য দেওয়া হবে তাদের ফসলের জন্য। কিন্তু কার্যক্ষেত্রে আমরা কি দেখছি ? আমরা দেখছি যে অর্থ বরাদ্দ করা হয়েছে তাতে মিল মালিক বা পণ্য সংগ্রহ যারা করে তাদের সঙ্গে যোগসাজশে কৃষকদের ন্যায্যমূল্য থেকে বঞ্চিত করা হচ্ছে।

আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে সেচব্যবস্থার উন্নতির কথা বলা হয়েছে। বলা হয়েছে যে, ১৬,৪৭৫ হেক্টর জমিতে সেচের সুবিধা প্রসারিত করা হয়েছে। কিন্তু আমরা গ্রামাঞ্চলের বিধায়ক, আমরা জানি, বিশেষত খরা এলাকায় ডিপ টিউবওয়েল বা রিভার পাম্পের মাধ্যমে সেচের ব্যবস্থা আছে। কিন্তু আমাদের উত্তরবঙ্গে দেখা যায় বিশেষত আমাদের জেলা উত্তর দিনাজপুরে লক্ষ্য করেছি অধিকাংশ ডিপ টিউবওয়েল বন্ধ হয়ে আছে, বিদ্যুতের সুযোগ নেই। ফলে সেখানকার কৃষকরা সেচের সুবিধা পাচ্ছে না। এর সঙ্গে যুক্ত কর্মচারীরা অফিসে বসে মাইনে পাচ্ছে। এমতাবস্থায় আমরা কোনোভাবেই বলতে পারি না সেচের দ্বারা মানুষের উপকার হচ্ছে, বরং ক্ষতি হচ্ছে। ওইসব এলাকা সেচ এলাকা বলে একবার ঘোষিত হয়ে যাওয়ার ফলে ওই এলাকার কৃষকরা সেচের সুযোগ পান বা না পান তাদের দুগুণ হারে খাজনা দিতে হয়। এর ফলে কৃষকরা আরো বিপদের সম্মুখীন হয়েছে।

মাননীয় রাজ্যপালের ভাষণে তিস্তা ব্যারেজের কথা বলা হয়েছে। বলা হয়েছে, এর মাধ্যমে ১,২৩,৯৬০ হেক্টর জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী প্রায়ই শিলিগুড়িতে যান, তিনি জানেন তিস্তা ক্যানেলের কি অবস্থা। শিলিগুড়ি পেরিয়ে যখন

তিস্তা ক্যানেল উত্তর দিনাজপুর জেলাতে ঢুকছে তখন দেখা যাচ্ছে সেই দপ্তরের ইঞ্জিনিয়াররা বলছেন, তিস্তা ক্যানেলের যে বেড তাতে ডাউন অবস্থা রয়েছে। অর্থাৎ উত্তর দিনাজপুরে ঢোকার পর দেখা যাচ্ছে যে বেড নিচু হয়ে যাচ্ছে। সেটা মাটি দিয়ে ভরাট করতে হবে। আজকে তিস্তা ক্যানেলের নামে টাকা নয়-ছয় করা হচ্ছে। মাটি টাকা, টাকা মাটি হয়ে যাচ্ছে। ফলে তিস্তা ক্যানেলের মাধ্যমে কৃষকদের সেচের যে সুবিধাগুলো দেওয়ার কথা ছিল তা কার্যত ফলপ্রসূ হয়নি। কতদিন লাগবে তাও কারো জানা নেই। জানি না কোন ভগীরথ তিস্তাকে কপিলমুনির আশ্রম থেকে নিয়ে আসবেন।

মাননীয় রাজ্যপালের ভাষণে সর্বশিক্ষা অভিযানের কথা বলা হয়েছে। বলা হয়েছে প্রত্যেক শিশুকে শিক্ষায়তনের সঙ্গে যুক্ত করা হবে। অর্থাৎ শিশুরা বিদ্যালয়ে যাবে না বিদ্যালয় শিশুদের কাছে আসবে—এই হচ্ছে পরিকল্পনা। কিন্তু এই সর্বশিক্ষা অভিযানের ব্যাপারে আমরা, বিধায়করাই এখনও অন্ধকারে রয়েছি। কিভাবে জেলা সর্বশিক্ষা অভিযান হচ্ছে তা আমরা অবহিত নই। আমাদের সঙ্গে সরকারি লেভেলে এ ব্যাপারে কোনো যোগাযোগ করা হচ্ছে না। আমরা দেখছি আজকে সর্বশিক্ষার নামে মহোৎসব চলছে এবং লক্ষ লক্ষ ক্যাডারকে কর্মে নিযুক্ত করে তাদের দ্বারা লক্ষ লক্ষ কোটি কোটি টাকা নয়-ছয় করা হচ্ছে। তাই আমি মাননীয় রাজ্যপালের ভাষণের বিরোধিতা করছি। তিনি যে বক্তব্য রেখেছেন তা সঠিক নয়।

মাননীয় রাজ্যপালের ভাষণে বলা হয়েছে ৩৭,৯১০টি মৌজার মধ্যে ৩১,৩৬৭টি মৌজায় বিদ্যুতায়ন হয়েছে। কিন্তু গ্রামাঞ্চলে দেখা যাচ্ছে কোথাও হয়তো খুঁটি আছে তো তার নেই, তার আছে তো ট্রান্সফর্মার নেই, গ্রামগুলো অন্ধকারে পড়ে আছে। তাই মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বিরোধীদের আনা কাট-মোশানকে সমর্থন করে বক্তব্য শেষ করছি। নমস্কার।

[ 4.40–4.50 p.m. ]

**শ্রী তমসের আলি** : (অনুপস্থিত)

**শ্রী চৌধুরী মোহন জাটুয়া** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয় রাজ্যপাল মহাশয়ের যে লিখিত ভাষণ আমাদের এখানে দেওয়া হয়েছে সেটা পড়লে মনে হয় যে, পশ্চিমবঙ্গের মতো এমন উন্নত রাজ্য সারা ভারতবর্ষে কেন, পৃথিবীর আর কোথাও পাওয়া যাবে না। এখানে নাকি ল' অ্যান্ড অর্ডার খুব ভালো, শিক্ষাব্যবস্থা খুবই ভালো, এগ্রিকালচার প্রোডাকশন ভালো, ইনডাস্ট্রিতে ভালো—সব কিছু ভালো। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণ পড়ার সময়, এখন থেকে ৪৫ বছর আগে আমার ছাত্রজীবনে একটা কবিতা পড়েছিলাম, সেই কবিতার কথাটা মনে পড়ছে। সেই কবিতাটি হল— "স্বপন যদি মধুর এমন
হোক সে নিছক কল্পনা
জাগিও না মোরে জাগিও না"।

আমাদের কর্তব্য হল, যে সরকার এই অলীক সুখ-স্বপ্ন নিয়ে ঘুমোচ্ছেন, তাদেরকে রূঢ় আঘাত এনে জাগাবার সময় হয়েছে—তাদের স্বার্থে এবং পশ্চিমবঙ্গবাসীর স্বার্থে। এখানে মাননীয় রাজ্যপাল মহাশয়কে দিয়ে বলানো হয়েছে যে, এখানে নাকি ল' অ্যান্ড অর্ডার ভালো আছে, কোনো ঝামেলা নেই, পরিস্থিতি যথেষ্ট নিয়ন্ত্রণে রয়েছে। এখানে পরিস্থিতি যে কতটা নিয়ন্ত্রণে রয়েছে সেটা প্রত্যেকদিন খবরের কাগজ খুললে, টি.ভি. দেখলে বোঝা যায়। আমরা যারা ট্রামে-বাসে ঘুরে বেড়াই—সেখানে আমরা লোকেদের আলাপ-আলোচনা শুনে পরিস্থিতি কতটা নিয়ন্ত্রণে আছে সেটা বুঝতে পারি এবং এটা বোধহয় বিস্তারিতভাবে বলার অপেক্ষা রাখে না। টেররিস্টদের নিয়ে পশ্চিমবঙ্গ সরকার বলেছেন, 'একটু উদ্বেগের ব্যাপার আছে'। তবে ওরা খুশি যে, ভুটান রয়াল আর্মি ওদের কিছু লোকজন ধরে দিয়েছে, যেটা পশ্চিমবঙ্গ পুলিশের ধরার কথা। কিন্তু আমাদের পুলিশ কি করছে ? গরিব ট্যাক্স পেয়ার্সদের পয়সায় এতবড় পুলিশবাহিনী পশ্চিমবঙ্গ সরকার মেইনটেইন করছে, তারা কি কাজ করছে ? একটার পর একটা ঘটনা ঘটছে। সেখানে রুলিং পার্টির কাছ থেকে ২-১ বার শুনলাম যে, 'এটাকে পলিটিক্যালি ট্যাকেল করা হবে, আর এরকম ঘটনা ঘটবে না'। আমেরিকান সেন্টারের সামনে কর্তব্যরত ৩ জন পুলিশ যখন খুন হলেন, তখনও একই কথা বলা হয়েছিল যে, 'এবারে দেখে নেব'। বান্দোয়ানের ও.সি. টেররিস্টদের মাইন বিস্ফোরণে থানার জিপের মধ্যে নিহত হলেন। তখনও একই কথা বলা হল যে, 'এবারে দেখে নেব'। কিছুদিন আগে ৮ জন পুলিশ বেলপাহাড়ি এলাকায় খুন হলেন। তখন বলা হল, 'এবারে কিছু করতে হবে, এবারে দেখে নেব'। এর সঙ্গে ছেলেমানুষি যোগ হয়েছে। কালকে শুনলাম, এই টেররিস্টদের সঙ্গে নাকি তৃণমূলের যোগাযোগ আছে। এটা এত সহজ, সরল সরলীকরণের বিষয় নয়। এটা চাইল্ডিশ স্যাটিসফ্যাকশনের স্টেজে যাওয়ার মতো অবস্থায় নেই। অবস্থাটা সত্যিই ভয়াবহ। এটা মনে রাখা দরকার যে, টেররিস্টরা ভীষণভাবে অর্গানাইজড্। এই যে ৩টে ঘটনার কথা বললাম, অদূর ভবিষ্যতে এর চেয়ে বড় কোনো ঘটনা ঘটবে না সেটা বলা যাচ্ছে না। আমাদের সরকার যদি সজাগ না হন, আমাদের সরকারের পুষ্ট যে পুলিশবাহিনী আছে—বিশেষ করে তার যে ইনটেলিজেন্স ব্রাঞ্চ আছে তারা যদি তাদের কাজ ঠিকমতো না করেন—এটা আমার কথা নয়, কিছুদিন আগে একটা কাগজে দেখছিলাম এক্স চিফ মিনিস্টার মাননীয় শ্রী জ্যোতি বসু মহাশয় বলেছেন—এইসব টেররিস্ট অ্যাকটিভিটিস পশ্চিমবঙ্গে বাড়ছে। এর পিছনে ইনটেলিজেন্স ফেলইওর আছে। কাগজে দেখলাম। তিনি বলেছেন কি বলেননি জানি না। কিন্তু আমরা মনে করি ইনটেলিজেন্স ফেলিওর আছে, ইনটেলিজেন্স মেসিনারি তারও সহযোগিতা রয়েছে এবং ওদের ঘোষিত পলিটিক্যাল ট্র্যাকেল যে সমস্ত প্রক্রিয়া—ওরা জানে না এইসব চাইলডিশ কথাবার্তা না বলে, তৃণমূলের ঘাড়ে দোষ না চাপিয়ে দিয়ে দয়া করে এখন কিছু করুন। তা না হলে ভবিষ্যতে পশ্চিমবঙ্গকে আরও অনেক ভয়াবহ অবস্থার মধ্য দিয়ে যেতে হবে। এরপরে আসছি শিক্ষার ব্যাপারে। শিক্ষা ব্যাপারে আমরা খুব ভালো এগিয়ে এসেছি। গত ২৭ বছর ধরে শিক্ষাব্যবস্থাকে নষ্ট করে দিয়েছি। আজকে গ্রাম বাংলায় এবং কলকাতার শিক্ষাব্যবস্থায় দেখা যাচ্ছে যে শহরের ছেলেমেয়েরা ইংলিশ মিডিয়ামে প্রাইভেট স্কুলে পড়ছে, নিজেদের ছেলেমেয়েদের ইংলিশ মিডিয়ামে পড়াচ্ছেন, লন্ডন স্কুল

অফ ইকনোমিক্সে পড়াচ্ছেন। আর গ্রামবাংলার ছেলেমেয়েরা তারা মাতৃভাষার মাধ্যমে পড়ুক, ইংরাজিতে পড়বে না। তার ফলে যা হয় হচ্ছে, আমাদের গ্রামবাংলার ছেলেমেয়েরা কেউ চাকরি পাচ্ছে না। কোনো ইন্টারভিউয়ে তারা বসার সুযোগ পাচ্ছে না। এখন ২৭ বছর বাদে হঠাৎ পশ্চিমবঙ্গ সরকারের কর্মকর্তাদের মনে হল যে ইংরেজিটা বোধহয় তুলে দেওয়া ভুল হয়েছে, আবার চালু করে দাও। এইরকম অস্থির মস্তিষ্ক যে প্রশাসন—সরকারের যারা তারা এই ভুল ২৭ বছর পরে বুঝলেন, যেটা ২৭ বছর আগে তুলে নিয়েছিলেন। ২৭ বছর পর চালু করলেন তাহলে গোটা পশ্চিমবাংলার মানুষ ভবিষ্যতে কতটা সুখে থাকবে ? তারপরে আসছি সুন্দরবনের ব্যাপারে। সুন্দরবন এলাকার বাসিন্দা—সুন্দরবনের বিধায়ক আমি—শুনুন—সুন্দরবন নিয়ে একটা ছেলেখেলা হচ্ছে। সুন্দরবনের যে ১৯টি ব্লক নিয়ে একটা মিনিস্ট্রি তৈরি করা হয়েছে, তার যে মন্ত্রী আছে, ডিপার্টমেন্ট আছে সুন্দরবনকে দেখার জন্য। কি তার ভালো দেখেছেন কি করছেন তারা সুন্দরবনের মানুষের জন্য ? যেখানে না আছে বিদ্যুৎ, না আছে রাস্তাঘাট, এসব কিছুই নেই। সেগুলি করবে কে ? সুন্দরবনের ডিপার্টমেন্টের মন্ত্রীকে কিছু বললে তিনি বলেন যে টাকা নেই। টাকা নেই—টাকাটা দেবে কে ? তিনি বললেন আপনারা চেষ্টা করুন। বিধানসভায় আমরা বিরোধীরা আমরা চেষ্টা করব টাকা জোগাড় করব আর সুন্দরবনের মন্ত্রিমহাশয়কে দেব তিনি উন্নয়ন করবেন। কাজের কাজ কিছুই হচ্ছে না। দেশে নাকি ৮৫ পার্সেন্ট বিদ্যুতায়িত হয়েছে। কিন্তু আমাদের সুন্দরবনের ৪৫ পার্সেন্ট বিদ্যুতায়ন হতে বাকি আছে। ১৫ পার্সেন্ট হয়েছে। আর বাকি যেগুলি আছে সেখানে না হয়েছে রাস্তাঘাট, না আছে কোনো শিল্প। বেকারি চরমে পৌঁছেছে। সেইসব মানুষের ছেলেমেয়েরা যারা কোনো কাজ পাচ্ছে না। আর মেদিনীপুরে, আজ পুরুলিয়ায়, আজ বাঁকুড়ায় যা ঘটনা ঘটছে—সেইদিকে তারা আজকে এগিয়েছে। তাহলে তাদের কি দোষ দেওয়া যাবে না, না এই সরকার চোখ খুলে ঘুমাচ্ছেন। তাদেরকে আজ পশ্চিমবঙ্গের মানুষ বিচার করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী রামপদ সামন্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২৬শে ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল এই মহতী বিধানসভায় যে বক্তব্য উপস্থাপন করেছেন এবং সেই বক্তব্যের সমর্থনে যে ধন্যবাদসূচক প্রস্তাব সরকার পক্ষের থেকে মাননীয় সদস্য পদ্মনিধি ধর উপস্থাপিত করেছেন, আমি তাকে সমর্থন জানাচ্ছি। রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গে দীর্ঘ ২৬ বছর ধরে যে সরকার চলছে, সেই সরকারের বিভিন্ন কর্মধারা, বিভিন্ন পরিকল্পনা, সেইসব কথাগুলি বলেন রাজ্যপাল তার ভাষণের মধ্যে তুলে ধরেন।

[ 4.50–5.00 p.m. ]

সঠিকভাবে এই তথ্য পরিবেশিত হয়েছে। আইন-শৃঙ্খলা সম্বন্ধে রাজ্যপাল বলেছেন যে, একটা সন্তোষজনক অবস্থা এ রাজ্যে বিরাজ করছে। অথচ বিরোধী সদস্যরা এখানে বার বার উল্লেখ করছেন যে, এখানে নাকি আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে; সরকার ঠিকমতো কাজ করছে না। কাজ-কর্ম সব অচল হয়ে গেছে। তাঁরা যদি ভারতবর্ষের সামগ্রিক চিত্রটা মনে

রেখে একথা বলতেন তাহলে তাঁরা নিজেরাই লজ্জা পেতেন। কারণ ভারতবর্ষের ন্যাশানাল ক্রাইম রিপোর্ট উল্লেখ করছে অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলায় অপরাধপ্রবণতা অনেক কম।

উন্নয়নের নিরিখ পর্যালোচনা করার ক্ষেত্রে যদি স্ট্যাটিস্টিক্যাল অ্যাকাউন্টস দেখা যায় তাহলে আমরা দেখব যে, আমাদের বিরোধী বন্ধুরা কেন্দ্রে যে সরকারের সঙ্গে রয়েছেন সেই সরকার গোটা দেশের মধ্যে গুজরাটকে মডেল স্টেট হিসাবে উল্লেখ করতে চাইছেন। সেই মডেল স্টেট গুজরাটের উন্নয়নের চিত্র হচ্ছে ০.৪। সেখানে পশ্চিমবাংলার উন্নয়নের নিরিখ হচ্ছে ৫.৫।

বিরোধী বন্ধুরা উল্লেখ করলেন যে, ২৬ বছর ধরে বামফ্রন্ট সরকার রিগিংয়ের মধ্যে দিয়ে সরকারে এসে সরকার পরিচালনা করছে। জনগণের সমর্থন নেই। এই কথা বলে তাঁরা পশ্চিমবাংলার জনগণকেই অপমান করছেন। জনগণের বিচার-বুদ্ধি এবং সচেতনতাকেই অপমান করছেন। এই প্রসঙ্গে আমি তাঁদের বলব যে, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বিরোধীদের যে দৌরাত্ম্যের সময় ছিল তখনই এই রিগিং শব্দটা জনপ্রিয়তা লাভ করেছিল। ইদানীং বিরোধীরা একটা নতুন লাইন তৈরি করেছিলেন—পাঁশকুড়া লাইন। যে সমস্ত লাইন ভেস্তে গেছে। এমনকি নির্বাচন কমিশন পর্যন্ত পশ্চিমবাংলার নির্বাচন ব্যবস্থাকে বার বার প্রশংসা করেছেন। এটা প্রমাণ দেয় যে, তাঁদের অভিযোগ সঠিক নয়।

রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার বিভিন্ন অগ্রগতির চিত্র সঠিকভাবে উল্লেখ করা হয়েছে। এক্ষেত্রে কেউ কি পশ্চিমবাংলার সুষ্ঠু পঞ্চায়েত ব্যবস্থা এবং ভূমিসংস্কারকে অস্বীকার করতে পারেন ? পশ্চিমবাংলায় যে ভূমিসংস্কার হয়েছে ভারতবর্ষের অন্য কোনো রাজ্যে তা সম্ভব হয়নি। পশ্চিমবাংলায় আজ ১৫.০৪ লক্ষ বর্গাদারের নাম নথিভুক্ত হয়েছে। ভারতবর্ষের আর কোনো রাজ্যে কি এই কাজ হয়েছে ? এ কথাটাই রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয়েছে। ৩৪০টি ব্লকের রেকর্ডভুক্ত বর্গাদাররা জমি ভোগ করছে, এটাই রাজ্যপালের ভাষণের মধ্যে সঠিকভাবে উল্লেখ করা হয়েছে।

পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের বনজ সম্পদকে নানাভাবে রক্ষা করার জন্য যুক্তিযুক্ত এবং সঠিক পদক্ষেপ গ্রহণ করেছেন। তারজন্য বন সংরক্ষণ কমিটি গঠন করা হয়েছে। ৩৮০৫টি বন সংরক্ষণ কমিটি গঠিত হয়েছে, ৯৩টি পরিবেশ নিয়ন্ত্রণ কমিটি গঠিত হয়েছে। ৬ হাজার বর্গকিলোমিটারের বেশি বনাঞ্চলকে সংরক্ষিত করার ব্যবস্থা করা হয়েছে। একথা আমরা অস্বীকার করতে পারি না যে বন সুরক্ষা করার মধ্য দিয়ে, বন নীতির মধ্য দিয়ে বনাঞ্চলে নতুন নতুন পর্যটন কেন্দ্র গড়ে তোলার ব্যবস্থা হয়েছে। শুধু তাই নয়, প্রাকৃতিক বিপর্যয়ে বনাঞ্চলের জন্তু-জানোয়ারের ক্ষতি যাতে না হয় তার জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে নতুনভাবে বন সুরক্ষা কর্মপ্রকল্প ঘোষণা করেছেন। একথা রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়েছে। শুধু তাই, আজকে বিশ্বায়নের ফলে, বেসরকারিকরণের ফলে, উদারনীতির ফলে, দেশের অর্থনীতির কি ফল দেখতে পাচ্ছি ? বেকারত্বের হাহাকার, মানুষ কর্মহীন, একটার পর একটা মানুষ কারখানা থেকে ছাঁটাই। এই অবস্থা থেকে মুক্তি পাবার

জন্য পশ্চিমবঙ্গ সরকার বাংলার মানুষকে স্বনির্ভর করে তোলার জন্য বিভিন্ন কর্মসূচি ঘোষণা করে সাধারণ মানুষের মধ্যে বামফ্রন্ট সরকার প্রতীক হয়ে উঠেছে। বিভিন্ন জেলা জুড়ে ৭৮টি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করে যুবকদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। শুধু তাই নয়, দারিদ্রসীমার নিচে বসবাসকারী মানুষদের কল্যাণের জন্য, বিশেষ করে মহিলাদের স্বনির্ভর করে তোলার জন্য প্রায় সাড়ে ৪১ হাজারের বেশি সেল্ফ হেল্প গ্রুপ তৈরি করে তাদের স্বনির্ভর করার চেষ্টা করছেন। যানজট এড়ানোর জন্য নয়া উড়ালপুল করার পরিকল্পনা নেওয়া হয়েছে এবং এই সমস্ত কথা রাজ্যপালের ভাষণে সঠিকভাবেই উল্লেখ করা হয়েছে। তাই আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীপক কুমার ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬ ফেব্রুয়ারি রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন তার উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করে এবং যে ৫৩৯টি সংশোধনী এসেছে তার সবগুলিকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমি রাজ্যপালের দেওয়া বাংলা এবং ইংরেজি দুটি ভাষণই পেয়েছি। বাংলা ভাষণের ৫ পৃষ্ঠার মাঝখানের প্যারাগ্রাফে লেখা আছে, "এই পঞ্জিকা বর্ষে ১১.০৯ লক্ষ একর জমিকে এই কর্মসূচির আওতায় এনে ১৫.০৪ লক্ষ বর্গাদারের নাম নথিভুক্ত করা হয়েছে।" পঞ্জিকা বর্ষ বলতে বোধ হয় ক্যালেন্ডার ইয়ার বোঝাতে চেয়েছেন। অর্থাৎ ক্যালেন্ডার ইয়ার বলতে ১ বছরে ১৫.০৪ লক্ষ বর্গাদারের নাম রেকর্ডেড হয়েছে। ইংরেজি ভাষণে দেখতে পাচ্ছি ৭ নম্বরের মাঝখানের প্যারাগ্রাফে লেখা আছে "টিল নভেম্বর, ২০০৩, বলে এই ফিগারগুলি দেওয়া হয়েছে। অর্থাৎ ইংরেজির সঙ্গে বাংলার ভাষণের কোনো মিল নেই। বাংলায় যেটা ১ বছরে দাবি করা হয়েছে, ইংরেজিতে কিন্তু ২৬ বছরের কৃতিত্ব আছে। এইরকম অনেক ছোটোখাটো ভুল আছে। মুখ্যমন্ত্রীর সচিবালয়ের এটা দেখবার কথা, হয়তো নানা তাড়াহুড়োয় ভুল হয়ে গেছে। এটা রেকর্ডে যাক ঠিক নয়, সংশোধন করে নিলে ভালো হবে। যাই হোক, রাজ্যপালের ভাষণে এবারে যেটা দেখলাম, চিরাচরিত ৩টে জিনিস নেই। এক নম্বর হচ্ছে, মরূদ্যানের কথা নেই। ২ নম্বর হচ্ছে, বিকল্প অর্থনীতির কথা নেই। আর ৩ নম্বর হচ্ছে, দেউলিয়া হয়ে গেছে সেই স্বীকৃতি নেই। কি আছে ? কৃষির ক্ষেত্রে সাফল্যের কথা দাবি করা হয়েছে। আমরা কি দেখেছি, ১৯৯১ সালের জনগণনার রেকর্ডের চেয়ে ২০০১ সালের জনগণনায় ৫ লক্ষ কৃষিজীবী কমে গেছে আর পপুলেশন বেড়েছে ২ কোটি। কৃষিজীবী কমে গেছে ৫ লক্ষ আর কৃষিমজুর বেড়ে গেছে আড়াই লক্ষ। কৃষিমজুরের সংখ্যা বাড়া উচিত নয়, কৃষিজীবীর সংখ্যা বাড়লে ভালো। অথচ দেখতে পাচ্ছি, অসাফল্যটা সেটা সাফল্য বলে দাবি করা হয়েছে। ধানের দর যা ঠিক করা হয়—পাঞ্জাব যদি সেই দরে ধান কিনতে পারে, তাহলে পশ্চিমবঙ্গ কিনতে পারছে না কেন ? কারণ খরচ বেশি। কেন খরচ কমানো যাবে না এই প্রতিযোগিতার বাজারে ? তারপর কে আত্মহত্যা করেছে, কে করছে না সে কথায় আমি পরে আসছি।

[ 5.00–5.10 p.m. ]

সেটা পরের কথা আমি পরে আসছি। এটা কিন্তু অসাফল্য, খরচ কমাতে পারছেন না। আমাদের এখানে উৎপাদনশীলতা কম, পাঞ্জাবে উৎপাদনশীলতা বেশি। কৃষিতে উন্নতি

হয়েছে এটা বলা হচ্ছে। প্রোডাকটিভিটি যদি না বাড়ে প্রোডাকশান বাড়লেও সেটা কিন্তু কৃষিতে উন্নতি নয়। এখন ২৫ লক্ষ চাল-গম ফুড করপোরেশন ট্রেড চ্যানেলের মাধ্যমে আনে ভুখা মানুষকে খাওয়াতে। যতই এখানে ১৫৫ লক্ষ মেট্রিক টন উৎপাদন হোক না কেন, ২৫ লক্ষ মেট্রিক টন আমাদের আনতে হয়। এটা সরকারি চ্যানেলে আসছে। বাংলা বইয়ের ৭ পাতায় যেটা আছে সেটা ইংরেজিতেও আছে, এটা ঠিক আছে। বলা হচ্ছে 'গণ-সাক্ষরতা কর্মসূচীর ক্ষেত্রে ১৯৯০ সালে যেখানে ১৪ কোটি মানুষের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল সেখানে ২০০৩ সালের মধ্যে ১.৪ কোটি মানুষকে সাক্ষর করে তোলা হয়েছে'। '৯০-এর দশকে ১৪ কোটি মানুষকে সাক্ষর করতে হবে। কোথা থেকে এলো এত মানুষ ? এটা ভুল নাকি ? ১৪ কোটি মানুষের দায়িত্ব কি বামফ্রন্ট সরকারের ঘাড়ে পড়েছে ১৯৯০ সালে ? সেখানে ২০০৩ সালে ১.৪ কোটি মানুষকে সাক্ষর করে তোলা হয়েছে। এটা তো ১০ ভাগ। এতে এত কৃতিত্ব কি আছে ? ১৪ কোটি মানুষ কোথা থেকে এল, অন্য কোনো রাজ্যের মানুষ আছে নাকি ? এই প্রশ্নে উত্তর আমার মনে হয় দেওয়া উচিত। না হলে এই সংখ্যাটা ঠিক করা উচিত। এখানে সরকার পক্ষের বক্তারা কেন্দ্রীয় সরকারের দোষ-গুণ নিয়ে আলোচনা করেছেন। আমার মনে হয় না এটা তার ফোরাম। আমরা রাজ্যপালের ভাষণের উপর আলোচনা করছি, রাজ্যের ব্যাপার নিয়ে আলোচনা করা উচিত। তাঁরা এখানে আপত্তি তুলেছেন কেন্দ্রীয় সরকারের বিজ্ঞাপন দেওয়া নিয়ে। কেন্দ্রীয় সরকার বিজ্ঞাপন দিয়েছেন ১৪৮ কোটি টাকা দিয়ে, হাইকোর্ট, সুপ্রিম কোর্ট করছেন ঠিক আছে। কিন্তু বামফ্রন্ট সরকার যে বিজ্ঞাপন দিয়েছে তার কৈফিয়ত কে দেবে ? এই যে বামফ্রন্ট সরকার বিজ্ঞাপন দিয়েছে 'সরলার স্বপ্ন' বলে। সরকার আর কোথায় দেবে ? গণশক্তি পত্রিকায় দেবে ? এই গণশক্তি আমি এককপি কিনে পড়ি, আর কতজন লোক কিনে পড়ে আমি জানি না, রাস্তায় রাস্তায় পড়ে কেন্দ্রীয় সরকারের বিজ্ঞাপন দেওয়াটা যদি বেআইনি হয়, অনৈতিক হয়—তবু তো কেন্দ্রীয় সরকার রাস্তাটা করছে—তাহলে বামফ্রন্ট সরকারের এই বিজ্ঞাপন দেওয়াটা কি বেআইনি হয় না, অনৈতিক হয় না ? সরলা স্বপ্ন হচ্ছে পশ্চিমবাংলার সমস্ত গ্রামে গ্রামে বিদ্যুৎ এসে গেছে, বামফ্রন্ট সরকারের আমলে আর কোনো গ্রামে বিদ্যুৎ যেতে বাদ নেই। সরলার স্বপ্ন সার্থক হয়ে গেছে। এবারে আমি কৃষির কথায় আসছি। সম্প্রতিকালে একজন কৃষক রবীন্দ্র ঘোষ আত্মহত্যা করেছে। কেন আত্মহত্যা করেছেন, সেটা সমস্ত সদস্যরা ঠিক জানেন না। কেননা জেলাশাসক বলেছেন এখনও আমি তদন্ত করিনি, তদন্তের নির্দেশ দিয়েছি, তদন্ত হলে বলতে পারব। কিন্তু তিনি দুটি কথা বলেছেন। একটা হচ্ছে এই পরিবার ঋণের দায়ে জর্জরিত। ২ লক্ষ টাকা কো-অপারেটিভ ব্যাঙ্কে ঋণ আছে। কো-অপারেটিভ ব্যাঙ্ক নোটিশ দিয়েছে ৩১শে মার্চের মধ্যে ১ লক্ষ ৩৫ হাজার টাকা ফেরত দিতে হবে। তাছাড়াও অন্যান্য ন্যাশানালাইজড ব্যাঙ্কেও তার ঋণ আছে। এই রাজত্বে ঐ লোকটি কল্পনা করতে পারেনি যে ঋণ শোধ করতে হবে। অন্য ব্যাপার আছে। মুখ্যমন্ত্রী বাজে ব্যাপারে বলে বলতে চাননি। আপনারা দলগতভাবে বলতে আরম্ভ করেছিলেন যে এই লোকটির অবৈধ সম্পর্ক ছিল ইত্যাদি। তারপর আরো একধাপ এগিয়ে আসলেন, কারণ, বুঝতে পারলেন এটা মানুষ আর নিচ্ছে না। গণশক্তি পত্রিকায় আবার অন্য একদিন এই ব্যাপারে একটা রিপোর্ট বেরিয়েছে। একেবারে ছবি-সহ বেরিয়েছে,

একটি আদিবাসী মহিলা নাকি তার বাড়িতে কাজ করত, সেই মহিলার স্বামী-সহ ছবি বেরিয়েছে। রিপোর্টে বলেছে যে এই লোকটা নাকি প্রতিদিন তাকে ধর্ষণ করত। প্রতিদিন ধর্ষণ করত—গণশক্তি পত্রিকায় লেখা আছে। ডেপুটি স্পীকার যদি চান, আমি দিতে পারি। ছবি ছাপিয়ে স্বামীকে পাশে নিয়ে বলেছে ধর্ষিতা হয়েছে—এইরকমভাবে ছবি ছাপিয়ে দেওয়া যায়, এটা বোধহয় সিপিএম-এর পক্ষেই সম্ভব। অন্য কারও পক্ষে সম্ভব নয়। এখনও কিন্তু অনুসন্ধান শুরু হয়নি। এইরকম বাজে ব্যাপার, মুখ্যমন্ত্রী এই ব্যাপারে বলতে পারবেন কিনা জানি না। এখানে ফিল গুড বলে চেঁচাচ্ছেন। ফিল গুড খায়, না মাথায় দেয়—কাণ্ডজ্ঞান নেই। সত্যি সত্যি একটা রাষ্ট্রের উন্নতি এক বছরে কিছু বোঝা যায় না। সেটা দশ বছরে ধীরে ধীরে গ্যাপে গ্যাপে করা হয়—যেটাকে আমরা রেট অফ গ্রোথ বলি। প্রতি দশ বছরে করা হয়। সেটা পঞ্চাশের দশকে ছিল, ষাটের দশকে ছিল। তারপর আস্তে আস্তে বাড়তে বাড়তে এটা প্রায় ৬ শতাংশে এসেছে। এই বছরে, দশম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বলা হয়েছে যে, দশম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৮ শতাংশ করে বাড়াবার চেষ্টা করব। এই বছরে প্রথম দুই কোয়ার্টারে ওই রকমভাবে বাড়েনি। তারপরের তিন কোয়ার্টারে—অক্টোবর, নভেম্বর এবং ডিসেম্বরে ৮.১-এ বেড়েছে। আর শেষ কোয়ার্টারে—জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চে ৮.৯ শতাংশে বাড়বে বলে বলা হয়েছে। জানুয়ারি, ফেব্রুয়ারি এবং মার্চ এই মাসগুলোকে যদি ইন্টারপোলেট করা যায়, সবটাকে যদি ধরা যায় তাহলে দেখব ৮.৯-তে উন্নত হচ্ছে। আগামী বছরে হবে কিনা বলা যাচ্ছে না। কিন্তু যেটা ধরা হয়েছে, তাতে এটা হচ্ছে। তরুণ দাস, আপনাদের একজন বিশ্বস্ত লোক, যাকে পেট্রো-কেমিকেলস্ করবার জন্য নিয়ে এসেছিলেন, তরুণ দাস একটা ইংরেজি পত্রিকায় লিখেছেন— In these years India's dreams have been transformed into possibilities. যে স্বপ্নগুলো দেখানো হয়েছিল, এখন সেটা সমাধানের মধ্যে এসে গেছে। এখন আর স্বপ্ন নেই। তিনি থ্রি মাস্কেটিয়ার্সের কথা বলেছেন—প্রধানমন্ত্রী, তাঁর প্রিন্সিপ্যাল সেক্রেটারি আর অর্থমন্ত্রী—তিনজনে মিলে দেশকে সত্যি সত্যিই এগিয়ে নিয়ে যাচ্ছেন। এগুলো ঠাট্টা-তামাশার ব্যাপার নয়। আমি ফরেন এক্সচেঞ্জ কি রকম রিজার্ভ হয়েছে তার মধ্যে যাচ্ছি না। এ নিয়ে তর্ক-বিতর্ক থাকতে পারে। মূল কথাটা কি ? মূল কথা হচ্ছে থ্রি বিলিয়ন ডলার লোন প্রি পে করা হয়েছে, যদিও ফেরত দেবার মতো টাইম আসেনি। যেখানে অসীমবাবু অল্প কিছু দেবার জন্য হাবুডুবু খাচ্ছেন। গরু, ছাগলের ওপরে কর বসিয়েছেন। সেখানে ভারত সরকার থ্রি বিলিয়ন ডলার ইন্টারন্যাশানাল লোন প্রি পে করে দিয়েছে। সমস্ত এড গিভিং দেশকে বলে দিয়েছে আমাদের এখন আর এড দরকার নেই। আমরা এখন ৩৭ বিলিয়ন ডলার এড দিচ্ছি। আগে আমরা ছিলাম অধমর্ণ, এখন আমরা উত্তমর্ণ। ভারতবাসী হিসাবে গর্ব করুন। ভারতবাসী যদি হতেন তাহলে গর্ব করতেন। অন্য দেশ থেকে আমদানি করা কমিউনিজমে বিশ্বাসী হয়ে ভারতবাসী হতে পারবেন না, জানি, অসুবিধা আছে। এগুলো নিয়ে বেশি বলব না। হাইকোর্ট, স্বাস্থ্যব্যবস্থা নিয়ে—স্বাস্থ্যব্যবস্থাই অসুস্থ বলেছেন। একটা কেসে বলেছেন, রাজ্যের স্বাস্থ্যব্যবস্থা ভেঙে পড়েছে। কয়েক মাসে স্বাস্থ্যের ব্যাপারে কতকগুলো মামলা হয়েছে, তার মধ্যে একটা কেসে কমিটি করে খুঁজে দেখতে বলেছেন। দশ হাজার টাকা কমপেনসেশন দিতে বলেছেন। গত তিন মাসে হাইকোর্টে শুধু পুলিশ নয়, শুধু স্বাস্থ্যব্যবস্থা

নয়, শুধু শিক্ষাব্যবস্থা নয়, যে কটি জাজমেন্ট দিয়েছেন, তাতে যা বলেছেন, আপনাদের মধ্যে যদি সামান্য গণতান্ত্রিক চেতনা থাকত, তাহলে আপনারা মন্ত্রিসভা থেকে পদত্যাগ করে চলে যেতেন। আপনারা তাহলেও কেন আছেন—কারণ আপনারা জানেন, এবারে একটা নির্বাচন হলে রিগিং করার অসুবিধা আছে। সেজন্য পদত্যাগের কথা আপনাদের মাথায় আসে না।

[ 5.10–5.20 p.m. ]

হাইকোর্টও একটার পর একটা স্ট্রিকচার হাজির করেছে এবং সেখানে পুলিশের কার্যকলাপের বিরুদ্ধে অভিযোগ এনেছে। আমি দু-একজন পুলিশ অফিসারের নাম করতে পারি যেমন ১৯৯৬ সালে সবংয়ে রামবাবুর এলাকা হয়তো নয়, ওটা মাখনলাল বাঙালের এলাকা, তখন ওখানকার অ্যাডিশনাল এস পি যিনি ছিলেন বাসুদেব বাগ, তাঁর সম্বন্ধে চিফ জাস্টিস তখন যিনি ছিলেন মাননীয় শ্যামল সেন, যাঁকে এখন আপনারা হিউম্যান রাইটস্ কমিশনের চেয়ারম্যান করেছেন, তিনি বলেছিলেন বাসুদেব বাগ—অ্যাডিশনাল এস পি হচ্ছেন সিপিএম প্রার্থীর এজেন্ট হিসাবে কাজ করছেন। ওই অ্যাডিশনাল এস পি-কেই তুলে নিয়ে এসে আপনারা বাঁকুড়ার এস পি করে দিলেন। আমাদের লেখাপড়া করতে বলা হয়েছে আমরা লেখাপড়া নিশ্চয় কিছু কিছু করেছি, কিন্তু এই জনযুদ্ধে গোষ্ঠী যাকে নিয়ে এতো আপনাদের ভয়, সেটা কারা সৃষ্টি করেছে বলুন তো ? ১৯৬৭ সালের ৯ই ফেব্রুয়ারি ডি আই বি-র রিপোর্ট অনুযায়ী নকশালবাড়ি তো আপনারাই সৃষ্টি করেছিলেন। এই জনযুদ্ধ কথাটি এল কোথার থেকে ? প্রথম মহাযুদ্ধের সময়ে স্ট্যালিন আক্রান্ত হলে পরে তিনি বলেছিলেন আমি আক্রান্ত, এখন থেকে সাম্রাজ্যবাদের সঙ্গে যুদ্ধ শুরু হল। এবং সেই থেকে জনযুদ্ধ বা পিপলস্ ওয়ার এই কথাটি শুরু হল। আপনারাই তো নেতাজিকে কুইসলিং থেকে শুরু করে তোজর কুকুর কি না বলেছেন এবং শেষ পর্যন্ত তাঁকে মারতেও চেয়েছিলেন। তখনকার জনযুদ্ধ আর এখনকার জনযুদ্ধ তো এক নয়। তখন তো আপনারা ব্রিটিশ সরকারের সহায়তায় রাস্তায় নেমে পড়েছিলেন নেতাজিকে মারবার জন্য এবং নেতাজির পিঠে ছুরি মারবার চেষ্টা করেছিলেন। আপনাদের আমলেই ১৯৬৭ সালে তো নকশাল বাড়ি সৃষ্টি হল। আপনাদের কোনো আইডিওলজি নেই, সেই নকশালবাড়ির পাপ তো কখনো চাপা থাকবে না। গণতন্ত্রের বিরুদ্ধে যে পাপ, সেই পাপ আপনাদের ক্ষমা করবে না, আপনাদের মাথায় চেপে বসেছে। এবং ওটাই জনযুদ্ধ হয়ে আজকে আপনাদের মাথায় চেপে বসেছে। সুশান্তবাবু নাকি আবার বই লিখেছেন সন্ত্রাসবাদের উপরে এবং সেই বই আপনারা সবাই মিলে প্রকাশ করবেন। সবচেয়ে বড় যে সন্ত্রাসবাদ, সে কিনা সন্ত্রাসবাদের উপরে বই লিখেছেন। আজকে জনযুদ্ধ গোষ্ঠী কারা তৈরি করলেন, ছোট আঙারিয়ার ঘটনা কি ভুলে গেলেন ? ওই যে অরুণ ঘোষ মারা গেলেন বীভৎসভাবে, এখানে তো পূর্ণেন্দু বা অনেক কথা, ভালো ভালো কথা বলে গেলেন, কিন্তু ওই অরুণ ঘোষের সঙ্গে সি পি আই-এর একজন লোক ছিলেন, যেহেতু ওই লোকটি সি পি আইয়ের তাই তাকে ছেড়ে দেওয়া হল আর অরুণ ঘোষ যেহেতু তৃণমূলের তাকে নৃশংসভাবে হত্যা করা হল। যেখানে হত্যা করা হল তার পাশেই পুলিশ ক্যাম্প ছিল। পুলিশকে ডাকতে গেলে তারা বললেন যে পোশাক পরে তারা আসছেন। ওই পোশাক পুলিশের পরে আসতে আসতেই ওই ব্যক্তিকে মারা হয়ে গেল। সুতরাং এর ফলে তো জনযুদ্ধ তৈরি হল, এবং আপনাদেরই সৃষ্টি হল। আপনারা

তো রিগিংয়ের মাধ্যমে জিতে আসবেন এবং আপনাদের এই পদ্ধতি যদি কেউ বাধা দিতে পারে সেটা হচ্ছে ওই জনযুদ্ধ গোষ্ঠী। আপনারা ওই জনযুদ্ধ গোষ্ঠীকে মারবার জন্য একটা পৈশাচিক ষড়যন্ত্র শুরু করেছেন। আপনারা যে মডেলে কেশপুর, গড়বেতা, আরামবাগ, কতুলপুরে কাজ শুরু করেছিলেন ঠিক সেই একই মডেলে মুর্শিদাবাদে কাজ করতে চাইছেন। পুরনো কেসে আবার আসামীদের কনফেস করানো হচ্ছে। পুলিশ বেছে বেছে কংগ্রেসের সমস্ত লোকেদের মুর্শিদাবাদে জেলে ভরবার চেষ্টা করছেন। যাতে করে ভোটের সময়ে কোনো অসুবিধা না হয়। ১৬৪ ধারা প্রয়োগ করে জেলে ভরার প্রচেষ্টা বন্ধ করুন। এটা কিন্তু ডেনজারাস রাস্তা। আপনারা কিন্তু ভুলে যাবেন না যে, নকশালরা যে পিস্তল নিয়ে নেমেছিল আজকে জনযুদ্ধরা কিন্তু তাই নিয়ে নামবে না। তারা আজকে বাজুকা নিয়ে নামবে। তারা কিন্তু বাজুকা নিয়ে আসবে। তারা কিন্তু এ কে ফর্টি সেভেন নিয়ে আসবে। কাজেই এই সাবধান যদি না হন, ৫০ জন এস পি জি নিয়ে জনযুদ্ধ বাহিনীকে ঠেকানো যাবে না, যাবে না; এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, তার বিরোধিতা করে আমাদের সংশোধনীগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী নবনীতা মুখার্জী** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, ভারতীয় সংবিধানে ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাজ্যপাল গত ২৬শে ফেব্রুয়ারি তারিখে ২০০৪ সালে যে ভাষণ বিধানসভায় রেখেছেন এবং সেই ভাষণের উপর মাননীয় বিধায়ক পদ্মনিধি ধর মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন তাঁকে আমি সমর্থন করছি। বিরোধীদের জন্য সংশোধনী প্রস্তাবের বিরোধিতা করছি। আজকে রাজ্যপালের এই ভাষণের মধ্যে পশ্চিমবাংলার যে চিত্রটা তুলে ধরেছেন তাতে বিরোধীদের গায়ে জ্বালা উঠেছে। আজকে ভূমিসংস্কারের ফলে গরিব মানুষ তারা মাথা তুলে দাঁড়িয়েছে। এবং দেখা যাচ্ছে যে এই ভূমিসংস্কার ওদের আমলে শুরু হয়েছিল ওরা কিন্তু তখন কিছুই করেনি। এই বামফ্রন্ট সরকারের আমলে ভূমিসংস্কার সবচেয়ে বেশি হয়েছে। সারা ভারতবর্ষে যত বেশি জমি ভেস্ট হয়েছে তার ১৮ শতাংশ জমি বিলি হয়েছে পশ্চিমবাংলায়। সারা ভারতবর্ষে যে জমি বিলি হয়েছে দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় বিলি হয়েছে তার ২০ শতাংশ জমি। আজকে পাট্টাদারের কথা ওরা বলছে, সারা ভারতবর্ষে যত পাট্টা বিলি হয়েছে তার ৪৬ শতাংশ পাট্টা বিলি হয়েছে পশ্চিমবাংলায়, তাই আজকে আমরা দেখতে পাচ্ছি, এইভাবে পশ্চিমবঙ্গের যে উন্নয়ন ভূমিসংস্কারের ফলে কৃষকের উন্নয়ন হয়েছে। আজকে সারা ভারতবর্ষে ক্ষুদ্র প্রান্তিক চাষির হাতে আছে মাত্র ৩৪ শতাংশ জমি, সেই জায়গায় আমাদের পশ্চিমবাংলার ক্ষেত্রে প্রান্তিক চাষির হাতে প্রায় ৭১ শতাংশ জমি আছে। এই জমি চাষের ফলে আজকে আপনারা জানেন পশ্চিমবঙ্গে অগ্রগতি অনেকটা বেশি হয়েছে। আজকে পশ্চিমবঙ্গে মানুষের কেনার ক্ষমতা বেড়েছে। পশ্চিমবঙ্গ খাদ্যশস্য উৎপাদনে প্রথম হয়েছে এবং পশ্চিমবঙ্গে খাদ্য উৎপাদনের মূলে রয়েছে ক্ষুদ্র প্রান্তিক চাষির অবদান। আজকে এইভাবে পশ্চিমবঙ্গের উন্নয়নের ফলে এবং খাদ্যশস্য উৎপাদনের ফলে এই যে অগ্রগতি ঘটেছে তার ফলে কৃষকের হাতে যে টাকা এসেছে তার ফলে ১১ কোটি টাকার বাজার সৃষ্টি

হয়েছে। গরিব মানুষ জিনিস কিনছে, ফলে শিল্পের সম্ভাবনা দেখা দিচ্ছে। মাঝারি শিল্প, ক্ষুদ্রশিল্প আজকে পশ্চিমবাংলায় ব্যাপক হারে হচ্ছে আমরা দেখতে পাচ্ছি। বিদেশি যারা বিনিয়োগকারী তারা আজকে পশ্চিমবাংলায় আসছে বিনিয়োগ করতে। অর্থ বিনিয়োগ করতে। শিল্পকে সাহায্য করতে। এটা ওদের গায়ে জ্বালা ধরেছে। যেখানে ওরা রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিকে বিক্রি করে দিচ্ছে। ফলে নূতন নূতন শিল্পর বাধা হচ্ছে। অন্যদিকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার তারা—ওদের আমলে—এইভাবে ক্ষুদ্রশিল্প, মাঝারি শিল্পর উন্নয়ন ও স্বনির্ভর গোষ্ঠীর উন্নয়নে যেভাবে আজকে গ্রামেগঞ্জে যেভাবে বেকার যুবকরা কাজে নিয়োজিত হয়েছে যেভাবে কাজ করছে, তাতে নির্বাচনের মুখে ওদের গায়ে জ্বালা বেশি করে ধরেছে। এখানে শিক্ষা সম্পর্কে বললেন, পশ্চিমবাংলায় নাকি শিক্ষিতের সংখ্যা অল্প, এখানে নাকি শিক্ষা হচ্ছে না। পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষাক্ষেত্রে স্থান দ্বিতীয়, গোয়া প্রথম। সুতরাং পশ্চিমবাংলার এই শিক্ষার উন্নতি এটা ওদের গায়ে জ্বালা ধরাচ্ছে। আজকে পশ্চিমবাংলার সরকার শুধু শিক্ষায় নয়, পানীয় জলের ক্ষেত্রেও বিরাট সাফল্য লাভ করেছে। বিশুদ্ধ পানীয় জল যেভাবে আমাদের এখানে সরবরাহ করা হয়, তাতে আমরা দেখছি পাঞ্জাব তারা ৮২ শতাংশ পরিবারকে পানীয় জল দিতে পারেন আমাদের পশ্চিমবঙ্গ সরকারও ৮২ শতাংশ পরিবারকে বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করতে পারেন, এটায় ওদের গায়ে জ্বালা ধরেছে।

[ 5.20–5.30 p.m. ]

আজকে এইভাবে ওরা গায়ের জ্বালা মেটাচ্ছে। ছত্তিশগড়ে সেউনাথ নদীটির ৩০ কিলোমিটার বিক্রি করে দিয়েছে ওখানকার সরকার কৈলাস সোনির কাছে। নদীর জল বিক্রি করে দেওয়া হচ্ছে একটা কোম্পানির কাছে। নদীর চারপাশে যে ৪০টি গ্রাম আছে সেখানকার লোকেদের পানীয় জল তো দূরের কথা, নিত্যব্যবহার্য জলও পাচ্ছে না। তাদের ১২.৬০ পয়সা লিটার দরে জল কিনতে হচ্ছে। তামিলনাড়ুতে ভবানী নদীটি লার্সেন অ্যান্ড টুব্রো কোম্পানির কাছে এবং বেকটেল কোম্পানির কাছে বিক্রি করে দেওয়া হচ্ছে। আজকে কেন্দ্রে যে সরকার আছে তারা জনবিরোধী নীতি গ্রহণ করছে, ফলে দেশের মানুষকে তার ফল ভোগ করতে হচ্ছে। ফিল গুড, ভারত উদয় কত কি হাজির করে ওরা বিভিন্নভাবে লোককে বিভ্রান্ত করার চেষ্টা করছে। আজকে পশ্চিমবাংলার ৭০ শতাংশ লোক সরকারি চিকিৎসা ব্যবস্থার আওতায় এসেছে। কংগ্রেস আমলে এটা ছিল না। চিকিৎসার ব্যাপারে মানুষকে আর পশ্চিমবাংলার বাইরে যেতে হচ্ছে না। আজকে অন্য রাজ্য থেকে মানুষ এখানে চিকিৎসার জন্য আসছে। আজকে পশ্চিমবাংলার সরকারি চিকিৎসা ব্যবস্থা অনেক উন্নত হয়েছে। কিন্তু কিছু বাজারি পত্রিকা আমাদের স্বাস্থ্যব্যবস্থা নিয়ে বিভ্রান্তিমূলক খবর ছাপিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। আজকে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ব্যবস্থাকে বিঘ্নিত করার চেষ্টা করছে বিরোধীরা, আর বামফ্রন্ট সরকারের ঘাড়ে তার দোষ চাপিয়ে দেওয়া চেষ্টা করছে। আজকে লোকসভার নির্বাচন যত এগিয়ে আসছে, বিরোধীরা তত মানুষের কাছে বিভ্রান্তিমূলক কথাবার্তা বলে সরকারকে হেয় করতে চাইছে। খোদ দিল্লিতে, যেখানে দেশের প্রধানমন্ত্রী, দেশের স্বরাষ্ট্রমন্ত্রীরা থাকেন, সেখানে মেয়েরা রাত্রিবেলা

তো দূরের কথা, দিনের বেলাতেও রাস্তায় বেরোতে ভয় পাচ্ছে। আর বিরোধীরা বলছেন এখানে নাকি মেয়েদের নিরাপত্তা নেই। আপনাদের নেত্রী মমতা ব্যানার্জী অনেক প্যাকেজ খুঁজে শেষে কয়লা প্যাকেজ নিয়েছেন। উনি দশ হাজার কোটি টাকার 'কোল প্যাকেজ' ঘোষণা করে দিলেন। আর এদিকে কয়লাখনিতে ধস নামছে। আজকে কয়লাখনির শ্রমিকরা প্রশ্ন করেছে, কয়লাখনি রয়েছে বর্ধমানে, আর উনি পাথর পুঁতছেন কলকাতায়। এইভাবে আজকে ওরা মানুষকে বোকা বানানোর চেষ্টা করছে, আর এদিকে পশ্চিমবঙ্গ সরকারের খুঁত খুঁজে বেড়াচ্ছেন। 'সুচ বলে চালুনি তোর ফুটো কটা'। আজকে সকলের সাহায্য ও সহযোগিতা নিয়ে এই রাজ্যে বামফ্রন্ট সরকার এগিয়ে চলার চেষ্টা করছে। আজকে বিরোধী সদস্যরা রাজ্যপালের ভাষণকে বিকৃতভাবে উপস্থাপন করলেন। আজকে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে, এবং বিরোধীদের সংশোধনীগুলির তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজিত ভূঞ্যা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। তাঁর ভাষণে রাজ্যের উগ্র বামপন্থী সংগঠন জনযুদ্ধ, এম.সি.সি.-র যে আন্দোলন, আক্রমণ হচ্ছে তাতে রাজ্যপাল উদ্বেগ প্রকাশ করেছেন। এদিকে মাননীয় মুখ্যমন্ত্রী বিধানসভা কক্ষের বাইরে গিয়ে মন্তব্য করলেন জনযুদ্ধ, এম.সি.সি.-র সঙ্গে নাকি পশ্চিমবাংলার বিরোধী দল তথা তৃণমূল কংগ্রেসের যোগাযোগ রয়েছে। এই কথাতে পশ্চিমবাংলার জনগণও উদ্বিগ্ন। কিছুদিন আগে ঝাড়গ্রামের বাঁশপাহাড়ি এলাকায় জঙ্গলে ল্যান্ড মাইন ফেটে ৭ জন পুলিশ কর্মী নিহত হয়েছেন, সেই ঘটনার আমরা নিন্দা করি, দুঃখ প্রকাশ করি, তাদের পরিবারবর্গের প্রতি আমরা সমবেদনা জানাই। কিন্তু এই ঘটনাগুলোর যদি তদন্ত করা হয় তাহলে দেখা যাবে মুখ্যমন্ত্রীর উদ্বেগের কারণ নেই। গত ৪ঠা ডিসেম্বর শালবনী থানার অভয়া জঙ্গল থেকে কমান্ডার ইন চিফ অসিত সরকারকে গ্রেপ্তার করে এনেছিল পুলিশ। সেই অসিত সরকার তৃণমূল বা বি.জে.পি.-র কেউ নয়। শুনে রাখুন, ১৯৮৮ সালের পঞ্চায়েত নির্বাচনে সন্ধিপুরের ৪২ নং বুথে তিনি সি.পি.এম.-এর টিকিটে নির্বাচিত পঞ্চায়েত সদস্য ছিলেন এবং ১৯৯২ সালে ওই পঞ্চায়েতের ব্যাপক দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে গ্রামে গ্রামে মিটিং করে সি.পি.এম.-এর আশ্রয় থেকে বেরিয়ে এসেছিলেন। তখন থেকেই সংঘাত শুরু হয়েছিল সি.পি.এম.-এর সঙ্গে অসিত সরকারের। ১৯৯৩ থেকে ৭ বছর ধরে মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া জেলায় অসিত সরকার সি.পি.এম.-এর বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলেছিলেন। গড়বেতা যখন তৃণমূলের দখলে, বাঁকুড়া যখন তৃণমূলের দখলে, তখন মন্ত্রী সুশান্ত ঘোষ, অসিত সরকারের সঙ্গে একটা রফায় আসে, এস.পি. গৌরব দত্তকে নিয়ে রফা করে তৃণমূলকে উচ্ছেদ করার জন্য। সেই আগ্নেয়াস্ত্র এনেছিল বিহার, ঝাড়খণ্ড থেকে। পরবর্তীকালে দেখলাম সেখানে অত্যাচার চলছে, তৃণমূল উৎখাত হয়ে গেল, সন্ধিপুর এলাকার তিনটি গ্রাম পঞ্চায়েত, গোয়ালতোড়ের তিনটি গ্রাম পঞ্চায়েত জনযুদ্ধকে ছেড়ে দেওয়া হবে। কিন্তু ছাড়েনি সি.পি.এম.। নতুন করে সংঘাত শুরু হল। ফলে ওখানে সাতজন পুলিশকর্মী নিহত হলেন। যে কথা বলতে চাই, পুলিশের উপর আক্রমণ পশ্চিমবাংলায় নতুন নয়, দীর্ঘদিন ধরেই চলছে। জনযুদ্ধ প্রথমে আক্রমণ শুরু করেনি। প্রথম শুরু করেছিল

সি.পি.এম.। তিলজলার ও.সি. গঙ্গাধর ভট্টাচার্য খুন হয়েছিলেন, খুন হয়েছিলেন পুলিশ অফিসার বিনোদ মেহেতা, সেই খুনগুলো জনযুদ্ধ করেছে ? সি.পি.এম.-এর মদত ছিল। আজকে বলা হচ্ছে তৃণমূলের মদত আছে। মদত তৃণমূলের, না সি.পি.এম.-এর তা বিচার করলেই বোঝা যাবে। সমস্ত ক্ষেত্রেই ছিল সি.পি.এম.-এর মদত। সি.পি.এম.-এর মদত থেকেই ঘটেছিল ধানতলার ঘটনা।

[ 5.30–5.40 p.m. ]

তারকেশ্বর লোহারের ক্ষেত্রে সি.পি.এম.-এর মদত থাকে, ধানতলা কাণ্ডে সি.পি.এম.-এর মদত থাকে, বানতলা কাণ্ডে সি.পি.এম.-এর মদত থাকে, ঘোকসাডাঙা কাণ্ডে সি.পি.এম.-এর মদত থাকে, দুলাল ভৌমিকের কাণ্ডে সি.পি.এম.-এর মদত থাকে, রশিদ মিঞা, চুনু মিঞা কাণ্ডে সি.পি.এম.-এর মদত থাকে, তাই আজকে মদত দেওয়ার ভূত দেখছেন আমাদের মুখ্যমন্ত্রী। আজকে তাকে স্মরণ করিয়ে দিতে চাই ঐ যে ফরেনসিক বিশেষজ্ঞ যাকে বলে তাদের দিয়ে যদি তদন্ত করানো যায় তাহলে দেখা যাবে যে ওই ল্যান্ড মাইন বিস্ফোরনের পিছনে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর মদত রয়েছে। তাই আজকে রাজনৈতিকভাবে বিভ্রান্ত হয়ে শুধুমাত্র বিরোধী শক্তির উপর দোষারোপ করলে চলবে না, এই কথা মনে করিয়ে দিতে চাই। আজকে সি.পি.এম.-এর সদস্যরা, সরকার পক্ষের সদস্যরা খুবই উল্লসিত আজকে নাকি স্যারা পশ্চিমবাংলায় সমস্ত ক্ষেত্রে বিরাট সাফল্য পেয়েছে। সুপ্রিম কোর্ট একটা অর্ডার করছিলেন কমিশন নিয়োগ করে। আজকে গরিবদের জন্য নির্দিষ্ট পরিকল্পনায় যে টাকা বরাদ্দ হয় পশ্চিমবাংলার জন্য, তার কত টাকা খরচ হয়েছে, কত টাকা খরচ হয়নি। এর জন্য কমিশন নিয়োগ করা হয়েছে—এন.সি. সাকসেনা, ডঃ এস. আর সংকর্ষণ। দুটো পরিকল্পনা অন্ত্যোদয় যোজনা প্রকল্প, অন্নপূর্ণা যোজনা প্রকল্প, শুধুমাত্র গরিব মানুষদের জন্য। অন্ত্যোদয় যোজনা প্রকল্পে সারা দেশে যে চাল, গম দেওয়া হয়েছিল, সারা দেশে অন্যান্য রাজ্যে যেখানে ৮২ শতাংশ জিনিস গরিবদের মধ্যে বিতরণ করছে সেখানে পশ্চিমবাংলায় মাত্র ৬৮ শতাংশ। এটা আমাদের কোনো কথা নয়। সুপ্রিম কোর্টের নিযুক্ত কমিশনার তাঁরা এই কথা বলেছেন। আপনারা জেনে রাখুন অন্ত্যোদয় যোজনা প্রকল্প এবং অন্নপূর্ণা প্রকল্পে ১৫ হাজার পরিবারকে রাজ্য সরকার বিতরণ করতে পারেননি। আজকে এই জায়গায় গেছে। আজকে গরিব মানুষদের জন্য অঙ্গনওয়ারি প্রকল্প। রাজ্যে ১৩টা আই.সি.ডি.এস. প্রকল্প এর অন্তর্গত ১৫৬০টা অঙ্গনওয়ারি কেন্দ্র অনুমোদিত হল। এইগুলো চালু করা সম্ভব হয়নি। ফলে ১ লক্ষ ৩০ হাজার শিশু এবং ১৯ হাজার মহিলা পুষ্টিকর খাদ্য থেকে বঞ্চিত হয়েছে। শুনে রাখুন আজকে মিড-ডে মিল প্রকল্প, যারা গরিব পরিবারের শিশু তাদের মিড-ডে মিল প্রকল্পের মাধ্যমে খাদ্য দেওয়ার চেষ্টা করেছেন কেন্দ্রীয় সরকার। রাজ্যের ৯টা জেলায় মাত্র ১৯শো স্কুলে এই প্রকল্প চালু করা সম্ভব হয়েছে, কিন্তু ২০০৩-০৪ আর্থিক বছরে ৯৭ লক্ষ ছাত্রছাত্রী স্কুলে নাম লেখালেও মিড-ডে মিল পায়নি। মাত্র ১ লক্ষ ৭২ হাজার ৭৫ জন শিশু মিড-ডে মিল পেয়েছে, বাকি ছাত্রছাত্রীরা বঞ্চিত হয়েছে। আজকে বি.পি.এল. তালিকা নিয়ে অনেকে অনেক কথা বলছিলেন। সরকার পক্ষের একজন সদস্য বলছিলেন যে আমরা নাকি অনেক উপরে উঠে এসেছি। তাহলে ঝাড়গ্রামে কেন এই আন্দোলন ? কারণ সেখানে মানুষ বঞ্চিত, সেখানে মানুষ সমস্ত উন্নয়ন থেকে

বঞ্চিত। আজকে ২০০২ সালের যে ডি.আর.ডি.-এ রিপোর্ট, সেই রিপোর্ট অনুযায়ী নয়াগ্রামে হয়েছে ৪৭.৫ মানুষ দারিদ্রসীমার নিচে বাস করে, জামবনীতে ৪৩.০১ শতাংশ মানুষ ঝাড়গ্রামে ৩৪.৯৭ শতাংশ মানুষ দারিদ্রসীমার নিচে বাস করে। আরও খারাপ অবস্থা অন্যান্য ব্লকে। লজ্জায় মাথা হেঁট হয়ে যায়। আর আপনারা বলছেন যে আপনারা নাকি উন্নয়নের কাজ করছেন। ১২ বছর ধরে আজকে এখানে শিল্পের পরিসংখ্যান কি। ১২ বছর ধরে অনেক কথা বলেছেন। ৩ হাজার ৭৮টা শিল্পকে ছাড়পত্র দিয়েছিলেন। কটা শিল্প এখানে স্থাপিত হয়েছে—মাত্র ৬৫৮টি। বিনিয়োগের গল্প শুনিয়েছেন ৬১ কোটি ২২ লক্ষ ৯৯ হাজার আর প্রকৃত বিনিয়োগ হয়েছে ২২ কোটি ১২১ লক্ষ ১৫ হাজার। এই হচ্ছে আপনাদের উন্নয়নের চিত্র। আর ঝাড়গ্রামে কি বলছিলেন ? অফিসারের সামনে নগ্ন করে মহিলাকে পুলিশ বলে তুই আর গৃহবধূ নয়। মানুষের উপর পুলিশের কি অত্যাচার দেখুন। আজকে পুলিশ বাহিনী এবং সি.পি.এম. বাহিনীর এই অত্যাচার চলছে। কেশপুরে দুই তৃণমূলীর মৃতদেহ উদ্ধার করেছে। আজকে মানুষ পুলিশের উপর ক্ষিপ্ত হয়ে গেছে। রাতের অন্ধকারে আদিবাসী মেয়েদের বাড়ি থেকে, বিছানা থেকে তুলে নিয়ে তাকে ধর্ষণ করছে। নিরপরাধ মানুষকে দিনের পর দিন গ্রেপ্তার করে জেল হাজতে ঢুকাচ্ছে। তার জন্যই আজকে এই পরিণতি ল্যান্ড মাইন বিস্ফোরণ। আজকে এখানে বিরোধীদের মদত দেওয়া হয়, আপনাদের সি.পি.এম. পার্টি এর জন্য সম্পূর্ণভাবে দায়ী এবং সেখানে সরকারের মদত আছে। তাই আজকে মুখ্যমন্ত্রী আফসোস করে মানুষের কাছে সাধু সাজছেন। তাই আজকে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে, সংশোধনী প্রস্তাবের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক কুমার দেব** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারি রাজ্যপাল এই বিধানসভায় তাঁর বক্তব্য রাখতে এসেছিলেন। আপনারা দেখেছেন যে বইটা পড়তে ২০ মিনিট সময় লাগে, রাজ্যপাল সেটা ৩-৪ মিনিটে তার প্রথম, সেকেন্ড এবং লাস্ট প্যারাটা পড়ে চলে গেছেন। আমার মনে হয় তিনি এই হাউসকে অসম্মান করেছেন। তাঁর পুরোটা পড়া উচিত ছিল। এর আগের অনেক রাজ্যপালকেই আমরা দেখেছি তাঁরা সবটা পড়ার চেষ্টা করতেন। "আমি নিশ্চিত রাজ্য গণতন্ত্র, ধর্মনিরপেক্ষ, চিরকালীন ঐতিহ্যকে আরও সুদৃঢ় করবে" এই কথা তিনি বলেছেন। এটা একটা ভেক্ কথা তিনি লিখেছেন, এটা মিথ্যা কথা লিখেছেন। বামফ্রন্ট সরকার যেটুকু লিখে দিয়েছে তিনি সেইটুকুই হাউজে বলে চলে গেছেন, নিজের কিছুই বলেননি। এখানে বামফ্রন্ট সরকারের মন্ত্রীরা অনেকেই আছেন, অনেক মাননীয় সদস্যও আছেন, আপনারা বলতে পারেন যে একটা ভুল কাজ হয়েছে রাজ্যে, তাহলে বোঝা যায়। কিন্তু পড়লে বোঝা যায় কোনো কিছুই আমাদের জন্য রাখেননি। শুধুমাত্র আপনারা যা বলেছেন তাই বলার চেষ্টা করেছেন। এখন রেগুলার কাগজ খুললে দেখা যায় ডাকাতি, রাহাজানি, খুন, ধর্ষণ থেকে শুরু করে কিডন্যাপিং থেকে শুরু করে এমন একটা ঘটনা নেই যা কাগজে পাওয়া যায় না। তার জন্য দায়ী কারা ? এর জন্য সরকার কি ব্যবস্থা নিয়েছেন ? এর জন্য আপনারা কি ব্যবস্থা নিয়েছেন ? নাহলে মুখ্যমন্ত্রীর বাড়িতেই চুরি হয় ? ছায়া বেরা, যিনি মারা গেছেন, তাঁকেও কিডন্যাপ করা হয়েছিল। যে রাজ্যে মন্ত্রীদেরই কোনো প্রোটেকশান নেই, যেখানে পুলিশের কোনো প্রোটেকশান নেই, সেই রাজ্য কিভাবে চলছে আমরা জানি না ? আমাদের রাজ্যে ডি.সি.

মেহেতো মারা যাননি ? ও.সি. গঙ্গাধরবাবু খুন হননি ? তাঁরাও পুলিশ প্রশাসনে ছিলেন, রাজ্য কি কিছু করতে পেরেছিল ? প্রশাসন কিছুই করতে পারেনি। এখানে ছিলেন কমার্স মিনিস্টার, মনে হয় উঠে গেলেন—রাজ্যে বিভিন্ন কলকারখানা বন্ধ, নতুন কোনো কারখানা খোলা হয়নি, অথচ আপনারা বলছেন কারখানা খুলবে। সোমনাথবাবু সরকারি টাকা খরচ করে বিদেশে ঘুরে ঘুরে রাজ্যে একটি কারখানাও তৈরি করতে পারেননি। ডানলপ থেকে শুরু করে নিউ সেন্ট্রাল জুটমিল থেকে শুরু করে বালি জুটমিল, কোলোডিয়ান জুটমিলসহ অনেক জুটমিল বন্ধ হয়ে গেল। মুখ্যমন্ত্রী যেদিন মিটিং করতে গিয়েছিলেন ওখানে তার সাথে সাথেই বালি জুটমিল বন্ধ হয়ে গেল, অবাক কাণ্ড। অনেক শ্রমিক না খেয়ে মারা যাচ্ছে, ডানলপের শ্রমিকরা না খেতে পেয়ে মারা যাচ্ছে। আমরা তাদের সাথে কথা বলতে গিয়েছিলাম। আজও সেটা খোলেনি। অথচ আপনারা বলছেন 'আমরা সর্বহারার নেতা'। রাজ্যের কথা ভাবছেন। কোথায় রাজ্যের কথা ভাবছেন ? এটা ঠিক নয়। আমরা চাই নতুন কারখানা। শিল্পপতিরা বলেছেন পশ্চিমবঙ্গে নতুন কারখানা হবে না। বিদ্যুৎ পাচ্ছে না, সিটু বিভিন্নভাবে ঝামেলা করছে। শিল্পপতিরা চলে যাচ্ছেন উড়িষ্যা, মহারাষ্ট্র, ব্যাঙ্গালোর, কর্নাটকে। এখানে কিছু হবে না। কেন হবে না পশ্চিমবঙ্গে ? এটা আমাদের জানার দরকার আছে। আপনারা শিক্ষার ক্ষেত্রে বলেন। শিক্ষাক্ষেত্রে আপনারা দেখবেন প্রতি বছর মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের পরীক্ষা যখন আসে তার প্রশ্নপত্র ফাঁস হবে কিংবা একটা কেলেঙ্কারি হবেই এবং এটা জানা কথা যে কান্তি বিশ্বাস তখন এসে বলবেন আগামী বছর এটা হবে না। হবে না বললেন, কিন্তু প্রতি বছরই হচ্ছে। এর পিছনে কারা আছেন ? কেন এই রকম ঘটনা ঘটবে ? গোটা পরীক্ষার সাথে সারা রাজ্যের ছাত্র, অভিভাবক এবং মানুষরা জড়িত। শিক্ষা আজকে কোথায় চলে গেছে। তারপরে স্বাস্থ্য, প্রতিদিনই কাগজে দেখা যায়, হাসপাতালে গিয়ে দেখুন সেখানে স্থান পাবেন না, গরিব মানুষ যদি হাসপাতালে ভর্তি হয় তাহলে তার যদি স্ক্যান, করতে হয় বা এম.আর.আই করতে হয়, তার পয়সা তাদের থাকে না। তাহলে তাকে সেখান থেকে হয় চলে আসতে হবে, নয়তো তাকে মরতে হবে। মন্ত্রীরা নতুন আইন করেছেন কোনো স্ক্যান, এম.আর.আই ফ্রিতে করা যাবে না। একটা এম.আর.আই. করতে কত লাগে জানেন ? ৪-৬ হাজার টাকা লাগে। গরিব মানুষ এত টাকা পাবে কোথায় ? এটা আপনাদের ভাবা দরকার।

[ 5.40–5.47 p.m. ]

গরিব মানুষ পাবে কোথায় ? দিনের পর দিন এই রাজ্যে তাই হচ্ছে।

মাননীয় প্রবোধবাবু ছিলেন, চলে গেলেন। ঢালাও মদের লাইসেন্স দিয়ে উনি রাজ্যে মদের ফোয়ারা ছোটাতে চাইছেন। স্কুল-কলেজে পড়াশোনা হবে ? উনি তিন হাজার লাইসেন্স দেবার কথা বলছেন। কিন্তু ভবিষ্যতের কথা ভাবছেন না। আগামীদিনে হয়তো দেখা যাবে বিয়ার হাতে করে ছেলেরা স্কুল-কলেজে চলেছে। পড়াশোনা হবে ? হবে না।

আপনারা মাঝখানে কোর্ট ফি চালু করেছিলেন। করে কি করলেন ? রাজ্যের গরিব জনগণ যাতে কোর্টে যেতে না পারে সেই রাস্তা তৈরির চেষ্টা করলেন। আমরা তখনই বলেছিলাম কোর্ট ফি বাড়ানো ঠিক নয়। কিন্তু সরকার তখন আমাদের সেই কথা শোনেনি।

উচ্চ থেকে নিম্ন আদালতে যান কি অবস্থা ? রাজ্যের বিভিন্ন থানায় দেখা যাচ্ছে সেখানে বসে মানুষ কেসগুলো মিটমাট করার চেষ্টা করছে। আপনারা সরকারে আছেন বলে যা ইচ্ছা তাই করবেন, এটা হতে পারে না, এটা ঠিক নয়। এটা যদি চলতে থাকে তাহলে আগামীদিনে একটা ভয়াবহ ব্যাপার হবে।

আমরা দেখলাম উত্তরবঙ্গের দলগাঁও চা-বাগানে শ্রমিক মারা গেল। সেখানে কারা ধরা পড়ল। আপনাদের দলের নেতা। কিন্তু ধরা পড়লে আপনারা বললেন, আমাদের দলের লোক নয়। দুলাল ব্যানার্জি কাদের দলের লোক ছিল ? আপনাদেরই দলের লোক ছিল। আবার দেখা গেল আপনাদের দলেরই একজন প্রাক্তন চেয়ারম্যান বর্তমান চেয়ারম্যান খুন করার অপরাধে ধরা পড়ল। আজকে যে সমস্ত খুন-ডাকাতি-রাহাজানি, ধর্ষণের ঘটনা ঘটছে তাতে আপনাদের দলের লোকেরা ধরা পড়ছে। অথচ আপনারা এখানে চুপচাপ বসে আছেন পদত্যাগ করছেন না। মাননীয় হোম মিনিস্টার বলছেন রাজ্যে প্রশাসন ঠিক আছে। অথচ দেখা যাচ্ছে এই কথা বলার পরপরই সন্ত্রাসের ঘটনা ঘটছে, জনযুদ্ধ আক্রমণ করছে। প্রশাসনের গাফিলতির জন্য এইসব ঘটনা ঘটছে। আমরা যখন সরকারে ছিলাম তখন নকশাল মুভমেন্ট হয়েছিল। আমরা তা বন্ধ করার চেষ্টা করেছিলাম। আপনারা বলেছেন যেন-তেন প্রকারে ট্রিট করার চেষ্টা করছেন। কিন্তু কতদিনে এটা বন্ধ হবে ? কতদিন লাগবে ? এটা ভেবে দেখা দরকার। রাজ্যে ক্ষমতায় আছেন বলে আপনাদের সব কিছু আমরা মেনে নেব তা হয় না। আমরা চাই প্রশাসনকে সঠিকভাবে পরিচালনা করা হোক। এখন বিদ্যালয়ে পড়শোনা হচ্ছে না। অনেক শিক্ষক আছেন যারা আপনাদের দলের লোক। চন্দননগরে দেখা যাচ্ছে সিটুর মিটিং থাকার জন্য স্কুল ছুটি দিয়ে দেওয়া হচ্ছে। এটা কখনও মানা যায় না। বহু মাস্টার মহাশয়কে দেখা যায় পড়াশোনা বন্ধ করে বিভিন্ন সময়ে মিটিং-মিছিল করে বেড়ান। এসব বন্ধ করে আন্দোলন চলতে পারে না। গ্রাম-গঞ্জের মানুষ অনেক কষ্ট করে তাদের ছেলেমেয়েদের পড়াশোনা করান। অনেক সময় তাদের এক-আধবেলা খাওয়া জোটে না কিন্তু তবুও তারা তাদের ছেলেমেয়েদের পড়াশোনা করাতে চান। দেখছি কখনও ইংরেজি তুলে দেওয়ার কথা বলা হচ্ছে আবার কখনও রাখার কথা শোনা যাচ্ছে। এ ব্যাপারে আপনাদের নিজেদেরই মতের কোনো ঠিক নেই। এক্ষেত্রে আমরা আগেই যে কথা বলেছি আপনারা তখন তা করলেন না, কিন্তু পরে সেটাই আবার মানতে হল। প্রাথমিক স্কুল কোথায় ক-টা করেছেন ? কিন্তু আমরা দেখি প্রতি বছরই বাজেটের সময় অনেক অনেক প্রাথমিক স্কুল করার কথা বলা হয়ে থাকে। পরে যদি এটা মিলিয়ে দেখা হয় ফল আসবে শূন্য। তাছাড়াও দেখা যায় কোথাও শিক্ষার পরিকাঠামো নেই—ঘরবাড়ি আছে তো শিক্ষক নেই, শিক্ষক আছেন তো ঘরবাড়ির অভাব রয়েছে। আপনারা কাগজে দিয়েছেন ৬০ হাজার শিক্ষক নেবেন। তারা কারা ? কাদের নেবেন ? দীর্ঘদিন যাদের পড়াশোনার সঙ্গে সম্পর্ক নেই, যারা বহুদিন আগে বইপত্র তুলে রেখেছেন, আপনাদের ক্যাডার, তাদের নেবেন। কিন্তু ক্যাডারদের দিয়ে পড়ালে কাজের কাজ কিছুই হবে না, পড়ুয়াদের ভবিষ্যতও ভালো হবে না। ছেলেমেয়েদের পড়াশোনা হবে না, শিক্ষারও কোনো উন্নতি হবে না, শুধু রাজনীতি হবে। এগুলো একটু ভেবে দেখা দরকার। আজকে যখন অন্ধ্র, মহারাষ্ট্র, শিক্ষাক্ষেত্রে প্রভূত উন্নতি করছে, কিন্তু আমাদের এখানে তা হচ্ছে না কেন ?

সম্প্রতি সুপ্রিম কোর্ট থেকে মিঃ সাকসেনা ও মিঃ সংকর্ষণকে নিয়ে একটা কমিশন করা হয়েছিল পশ্চিমবঙ্গে রুরাল ডেভেলপমেন্টের কাজ কি রকম চলছে সে ব্যাপারে একটা রিপোর্ট দেবার জন্য। সেখানে দেখা যাচ্ছে ৯-টা প্রকল্পের প্রত্যেকটাতেই পশ্চিমবঙ্গ পিছিয়ে আছে। আমরা কিসে এগিয়ে আছি ? খুন-ধর্ষণ-চুরি-ডাকাতি-রাহাজানিতে। ভালো কাজে আমরা শুধু পিছিয়েছি।

এই সরকার দেউলিয়া হয়ে গেছেন। যে সরকার পিয়ারলেসের কাছ থেকে টাকা নিয়ে নিজের কর্মচারীদের মাইনে দেন, সেই সরকার এখানে বসে আছেন কি করে ? এখানে ইরিগেশন মিনিস্টার বসে আছেন। একটা ড্রেন যদি কাটতে হয় তাহলে তিনি বলবেন, ড্রেন করা যাবে না, কারণ সরকারের পয়সা নেই। এই অবস্থা দাঁড়িয়ে গেছে। কোথাও ব্রীজ ভেঙে গেলে ব্রীজ করা যাবে না, কারণ সরকারের পয়সা নেই। পয়সা নেই বললে চলবে কি করে ? কাদের জন্য আমরা এখানে বিরোধিতা করছি ? আমরা সারা রাজ্যের মানুষের কথা বলার চেষ্টা করছি। মানুষ আমাদের নির্বাচিত করে এখানে পাঠিয়েছেন, আমরা তাঁদের কথা এখানে বলতে এসেছি। মানুষ যদি আমাদের কাছ থেকে সাহায্য না পান তাহলে তাঁরা কেন আমাদের পাশে দাঁড়াবেন ? মন্ত্রীরা গাড়ি করে চলাফেরা করেন, তাঁরা রাস্তায় চলেন না। এখানে রাস্তা নেই, জল নেই। বিদ্যুৎ নেই। এখনও একটা বিরাট সংখ্যক মৌজায় বিদ্যুৎ পৌঁছায়নি। গ্রাহকরা তাঁরা টাকা দিয়েও বিদ্যুৎ সংযোগ পাচ্ছেন না। এবারে মিড-ডে মিলের কথায় আসছি। এখানে ১০ পার্সেন্ট স্কুলেও মিড-ডে মিল দেওয়া হয় না। দরিদ্র ছাত্রছাত্রীদের আরও বেশি সংখ্যায় বিদ্যালয়ে আনার জন্য কেন্দ্রীয় সরকার মিড-ডে মিল চালু করেছিলেন। মিড-ডে মিল না দেওয়ার জন্য যারা দায়ী তাদের শাস্তির জন্য আপনারা কি ব্যবস্থা করেছেন ? অন্যান্য রাজ্যে ১০০ পার্সেন্ট মিড-ডে মিল দেওয়া হয়। এখানে পরীক্ষার প্রশ্ন লিক্ হয়ে যায়। যে ক্লাসে যে ধরনের প্রশ্ন করা উচিত, সেই ক্লাসে সেই ধরনের প্রশ্ন না করে এখানে অন্য ধরনের প্রশ্ন করা হয়। অথচ এর জন্য যারা দায়ী তাদের শাস্তির ব্যবস্থা করা হয় না। সুতরাং মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর ধন্যবাদ দেওয়ার প্রশ্ন নেই। এতে অনেক অসত্য কথা বলা হয়েছে। সেজন্য মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, আমি তার বিরোধিতা করছি।

## Adjournment

At this stage the House was adjourned at 5.47 p.m. till 11-00 a.m. on Thursday, 11th March, 2004.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 11th March, 2004 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 22 Ministers, 13 Ministers of State and 166 Members.

[ 11.00—11.10 a.m. ]

## QUESTIONS AND ANSWERS

**Mr. Speaker :** Hon'ble members, I have just been informed that two blocks of microphone have gone off. Some technical defects have taken place. What we intend to do is to use the other good ones beside them. Very well. Now starred question no. 44, Mr. Saugata Roy, please.

**Shri Saugata Roy :** Sir, admitted question no. *44.

### Starred Questions
### (to which oral answers were given)

### Elephant disturbances

*44. (Admitted Question No. *310) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Forest Department be pleased to state—

(a) number of persons killed and/ or injured in attacks by elephants from April, 2003 to January, 2004 ;

(b) price of crops destroyed and

(c) steps taken to check elephant disturbances ?

**Shri Jogesh Chandra Barman :**

(a) 47 persons were killed and 20 injured by elephants during the period from April, 2003 to January, 2004.

(b) The Value of Crop damaged by wild elephants is estimated at Rs. 1.5 crore.

(c) The following steps have been taken to check elephant disturbances :

1. Development of elephant habitat.
2. Setting up of Eastern Dooars Elephant Reserve and Mayurjharna Elephant Reserve and arrangement for holding elephants for more time in the reserved forests.
3. Ensuring involvement of people including Panchayat espesially in the forest fringe areas, through formation of EDC and FPC under joint Forest Management for increasing awareness about conservation of Wild Life.
4. Radio-collaring, periodic monitoring of movements of elephant population and directional driving of elephant herds.
5. Veterinary care for elephants in the wild as well as in captivity.
6. Publication of materials for increasing awareness among people.

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী যে তথ্য দিলেন সেটা রীতিমতো উদ্বেগজনক। মাত্র ৮-৯ মাসের মধ্যে ৪৭ জন লোক বন্য হাতির আক্রমণে মারা গিয়েছে। যেটা হচ্ছে যে, হাতিদের যে যাতায়াতের রাস্তা—তার উপরে জঙ্গল কেটে বসতি হয়ে যাচ্ছে, তার ফলে হাতিরা সেই জায়গা দিয়ে যাচ্ছে এবং রাস্তায় লোক পড়লে মারা যাচ্ছে। মূলত সমস্যা দক্ষিণবঙ্গে সবচেয়ে বেশি। দলমার হাতিরা আসছে, কাঁকড়াঝোড় দিয়ে এসে এবং বিভিন্ন জায়গা দিয়ে এসে ঢুকে যাচ্ছে এবং এতে সাধারণ মানুষ এতো ক্ষিপ্ত হয়ে উঠেছে যে, সম্প্রতি একজন ফরেস্ট অফিসারকে বেঁধে রেখেছিল গ্রামবাসীরা সারারাত ধরে। মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি হঠাৎ হাতীর আক্রমণের ঘটনাগুলো বেড়ে গেল কেন ? হাতীদের চলাচলের জন্য যাতে একটা করিডোর থাকে তার জন্য তিনি কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কি ? তামিলনাড়ু, কেরালা এবং কর্ণাটকের মতো অ্যাফরেসটেশন এবং এলিফ্যান্ট করিডোর তৈরি করার কোনো উদ্যোগ মাননীয় মন্ত্রী নিয়েছেন কি ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মন :** এ বছরই খুব বেশি হাতীর দ্বারা মৃত্যু হয়েছে, এটা ঠিক নয়। হিসাবে দেখা যাচ্ছে বেশ কয়েক বছর ধরেই এ ঘটনা ঘটছে, কোনো বছর একটু কম, কোনো বছর একটু বেশি। ফরেস্ট ছোট হওয়ার জন্য প্রতি বছরই দলমা থেকে হাতী মোটামুটি মাস ছয়েকের জন্য এদিকে আসে। ছোট ছোট ফরেস্টের অ্যাডজাসেন্ট ভিলেজে

গিয়ে হাতী ফসলহানী করছে। এ বিষয়ে আমরা দুটো ব্যবস্থা নিয়েছি—ময়ূরজরা প্রকল্প এবং উত্তরবঙ্গের এলিফ্যান্ট প্রোজেক্ট। দক্ষিণবঙ্গে ৪১৪২ কিলোমিটার জায়গা নিয়ে একটা ফরেস্ট তৈরি করছি। এই ফরেস্টটা ঝাড়খণ্ডের দলমা এবং উড়িষ্যার সিমলিপাল-এর সঙ্গে যাতে যুক্ত থাকে সেই ব্যবস্থা করা হয়েছে। এ বিষয়ে এলিফ্যান্ট প্রকল্প থেকে কিছু অর্থ বরাদ্দ হয়েছে। সেখানে হাতী যেসমস্ত স্পেসিসের ঘাস পছন্দ করে সেই সমস্ত ঘাসের চাষ শুরু হয়েছে। আগে এই জায়গায় কোনো ঘাসের চাষ হ'ত না। হাতীদের পানীয় জলের জন্য পুকুরও করা হয়েছে। ঝাড়খণ্ডের দলমা এবং উড়িষ্যার সিমলিপাল থেকে হাতীরা এখানে এনট্রি পাচ্ছে। তামিলনাড়ু, কেরালা, কর্ণাটকের মতোই ব্যবস্থা আমরা করতে চাইছি। আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি—আপনারা তিনটি রাজ্যকে দেখাশোনা করার জন্য একটা মনিটারিং সিস্টেম চালু করুন। আশা করছি এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের সহযোগিতা পাওয়া যাবে। ইতিমধ্যেই কিছু অর্থ বরাদ্দ হয়েছে। আশা করছি পরবর্তীতে হাতীর উপদ্রব কিছুটা কমানো যেতে পারবে।

**শ্রী সৌগত রায়** : হাতীর আক্রমণে যারা মারা যায়, যারা আহত হয় এবং যাদের শস্যহানি হয় তাদের সরকার থেকে কি পরিমাণ ক্ষতিপূরণ দেওয়া হয় ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মন** : মৃত্যুর জন্য সরকার থেকে ৩০ হাজার টাকা দেওয়া হয় এবং ফরেস্ট ফ্রিঞ্জ এরিয়ায় ফরেস্ট প্রোটেকশন মেম্বার গ্রুপ ইনস্যুরেন্স-এর ২০ হাজার টাকা, মোট ৫০ হাজার টাকা মৃত ব্যাক্তির পরিবারের লোকেরা পাচ্ছে। সরকার থেকে যে ৩০ হাজার টাকা দেওয়া হয় তার ৫০% সাথে সাথেই দেওয়া হয়, প্রায় ঘটনার দিনই দেওয়া হয়। বাকিটা পোস্টমর্টেম রিপোর্ট পাবার পরে দেওয়া হয়। শস্যহানির ক্ষেত্রে টাকা পেতে একটু দেরি হয়। কারণ হাতী একটা জমির ফসল খাবার পর তার পাশের আর একটা জমি দিয়ে হেঁটে চলে যায়, সেখানে বিশেষ ফসলহানি হয় না। অনেক সময়েই দেখা যায় যে যার জমির ফসলহানি হয়নি সেও ফসলহানিজনিত ক্ষতিপূরণের জন্য দরখাস্ত করেছে। সে জন্য আমরা একটি কমিটি করেছি ফরেস্ট বীট অফিসারকে আহ্বায়ক করে। তাতে পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ, গ্রাম পঞ্চায়েতের প্রধান আছেন। সেই কমিটির রিপোর্টের ভিত্তিতে ক্ষতিপূরণের টাকা বরাদ্দ করা হয়। হেক্টর প্রতি ৪ হাজার টাকা বরাদ্দ করা হয়। এক হেক্টর জমির ধান বা অন্য ফসল নষ্ট হলে ৪ হাজার টাকা দেওয়ার নিয়ম আছে।

[11.10—11.20 p.m.]

এই রিপোর্ট আসতে অনেক দেরী হয়। যার জন্য শস্যহানির ক্ষেত্রে টাকা পেতে বিলম্ব হলেও তারা টাকা পায়। এটা এনসিওর যে টাকা আমরা দেব। আর পুরোপুরি যারা অক্ষম হয়ে যায়, ইনজিওর্ড যারা হয় তাদের ১৫ হাজার টাকা সাথে-সাথে দেওয়া হয় আর সম্পূর্ণ খরচ সরকারি হাসপাতালে আমরা নির্বাহ করি। মোটামুটি যারা আহত হয় কিন্তু সচল থাকেন তারা সাড়ে ৭ হাজার টাকা পাবে এবং সম্পূর্ণ বিনাব্যয়ে আমরা চিকিৎসা করে থাকি। ঘর-বাড়ি ভাঙলে সাধারণত একটা রেট আছে। সেই রেট উন্নয়ন আধিকারিক

বা ডি.এম. বা এস.ডি.ও. ওরাই ঠিক করেছে, সেখানে দেড় হাজার টাকা দেওয়া হয় আর সাড়ে ৭০০ টাকা দেওয়া হয় আংশিক ক্ষতি হলে। শস্যহানির ক্ষেত্রে বিলম্ব হলেও আর বাকিগুলির ক্ষেত্রে মোটেই বিলম্ব হয় না।

**শ্রী সৌগত রায় :** আমাদের পশ্চিমবাংলায় কত হাতি আছে তার কোনো সেনসাস করা হয়েছে কিনা ? পশ্চিমাঞ্চলে এবং উত্তরবঙ্গে কত এবং অ্যাভারেজে কত হাতি প্রতি বছর রাজ্যের বাইরে থেকে আসছে ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মন :** ২ বছর অন্তর অন্তর হাতির গণনা হয়। ২০০২ সালে হয়েছে, ২০০৫ সালে কিম্বা ২০০৪ সালের শেষের দিকে আবার শুরু করব। পরিসংখ্যান যা আছে তাতে দেখতে পাচ্ছি, ২০০২ সালে উত্তরবঙ্গে হাতির সংখ্যা ২৯২টি আর দক্ষিণ পশ্চিমবঙ্গের জেলাগুলিতে স্থায়ীভাবে বসবাস করছে ৩৬টি হাতি। এই ৩৬টি হাতি বাদ দিয়ে ৫০ থেকে ৫৫টি হাতি যাদের পরিযায়ী বা মাইগ্রেটরী বলা যেতে পারে এবং বলা-বাহুল্য এইসব হাতিগুলিই ডিসটারভেন্স করে, তারা এসে ফসল ধ্বংস করে চলে যায়। তাহলে উত্তরবঙ্গের ২৯২টি হাতি আর দক্ষিণ পশ্চিমবঙ্গের জেলাগুলিতে ৩৬টি হাতি মোট ৩২৮টি স্থায়ী হাতি আমাদের আছে।

**শ্রী সৌগত রায় :** আমি জানতে চাইছি, একটা হাতি রোগড এলিফ্যান্ট হলে সেই ব্যাপারে সরকারের সিদ্ধান্ত কি ? তাকে কি গুলি করে মারার অর্ডার দেওয়া হয়, নাকি হাতি বিশেষজ্ঞ এনে কোনোরকমে তাকে সামলানোর অর্ডার দেওয়া হয় ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মন :** রোগ্‌ড হলেই যে তাকে গুলি করে মারা হবে এটা নিয়ম নয়। হাতির গতিবিধি বা বিহেভিয়ার লক্ষ্য করা হয়। তারপর এলিফ্যান্ট বিশেষজ্ঞ যারা আছেন যদিও আমাদের রাজ্যে খুব বেশি নেই—ডাঃ ডি. কে. লাহিড়ী চৌধুরীকে ডাকা হয়।

(**শ্রী সৌগত রায় :** মিস বড়ুয়াও তো হস্তি বিশেষজ্ঞ)

হ্যাঁ, আমরা মিস বড়ুয়ারও সাহায্য নিই। হাতির গতিবিধি লক্ষ করে ডিসিশনে আসি যে রোগ্‌ড হয়ে গেছে। তখনও পর্যন্ত গুলি করা যাবে না, গুলি করতে গেলে চীফ্ ওয়াইল্ড লাইফ ওয়ার্ডেন যিনি আছেন তিনি তখন আদেশনামায় সই করবেন। তারপর গুলি করা হয়। সি. ডব্লু. এল. ডব্লু.-র অর্ডার ব্যাতিরেকে গুলি করার নিয়ম নেই।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** এই যে বন থেকে হাতিরা লোকালয়ে চলে আসছে এবং তাদের মনের বিকৃতি ঘটার ফলে মানুষ মারা যাচ্ছে, এর জন্য তাদের মূল স্রোতে ফিরিয়ে নিয়ে আসবার জন্য আপনার দপ্তরে কতজন হস্তিতত্ত্ব বিশারদ আছেন ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মন :** হস্তিতত্ত্ব বিশারদ বলতে আপনি যেটা বলতে চাইছেন সেইরকম আমাদের দপ্তরে আছে কিনা আমি জানি না, তবে হাতির সম্পর্কে জানেন, বোঝেন এবং ওয়ার্ল্ড লাইফ কনজারভেন্সি থেকে তারা একটা ট্রেনিং নেন। আমাদের একজন ডাঃ ডিকে লাহিড়ী চৌধুরী তিনি ওয়ার্ল্ড লাইফ বোর্ডের সঙ্গে যুক্ত আছেন, তার পরামর্শ

মাঝে মাঝে নিই। ডাঃ সুকুমার উনি কর্নাটকের হস্তি বিশেষজ্ঞ, তাঁর পরামর্শ মাঝে মাঝে নিচ্ছি। এদের বিহেভিয়ার ওদের জানার কথা। কয়েক বছর দক্ষিণবঙ্গে এটা হওয়াতে বুঝে গেছি। এটা আস্তে আস্তে নিরাময়ের জন্য আরও কিছু ব্যবস্থা নেওয়ার কথা ভাবা হচ্ছে। কিছুক্ষন আগে মাননীয় সদস্য সৌগত রায়ের প্রশ্নের উত্তরে বললাম এলিফ্যান্ট রিজার্ভ করার চেষ্টা করছি। একটা জায়গা নিয়ে যে ফডার হাতি খেতে ভালবাসে, যে যে জিনিস হাতি খায় সেইগুলো সেখানে চাষ করতে চাই। তার সঙ্গে থাকবে পুকুর। একেবারে দলমা থেকে শুরু করে উড়িষ্যার শিমলিপাল পর্যন্ত একটা আনডিটার্ব জোন তৈরি করতে চাইছি যেখানে হাতিগুলি থাকবে। আপাতত এইটুকু ব্যবস্থা করা যেতে পারে। আর দলছুট হাতির ব্যাপারে স্থানীয় মানুষ এবং ফরেস্ট প্রোটেকশান কমিটি, পঞ্চায়েত এই রকম যা আছে, সবাই মিলে প্রতিরোধের ব্যবস্থাও এই মুহূর্তে করতে হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। গত ২ বছরে প্রায় ৫৬ জনের মতো মানুষকে হাতি মেরেছে এবং প্রচুর পরিমাণে ফসলহানি ঘটেছে দক্ষিণবঙ্গে। গত ২ বছরে যারা মারা গেছে তাদের জন্য আপনি কত ক্ষতিপূরণ দিয়েছেন এবং ফসলহানির জন্য আপনি কত টাকা ব্যয় করেছেন এটা মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মন** : প্রাণহানি যেখানে ঘটে সেখানে সাথে সাথেই ক্ষতিপূরণ দেওয়া হয়। পোস্টমর্টেম রিপোর্টের আগে অর্ধেক দেওয়া হয় এবং পরে অর্ধেক দেওয়া হয়। কোনোটা বাকি নেই। উত্তরবঙ্গে এবং দক্ষিণবঙ্গে কোথাও বাকি নেই। প্রাণহানির জন্য টাকা বাকি নেই। ফসলহানির জন্য টাকা বাকি আছে। কেন বাকি আছে সেটা আগেই বলেছি। এই ক্ষেত্রে সঠিক রিপোর্ট আসতে দেরী হয়। ২০০৩-০৪ সালে প্রায় ৪০ লক্ষ টাকা দিয়ে দিয়েছি। এই ব্যাপারটা কাশিনাথবাবু যদি সংশ্লিষ্ট রেঞ্জ অফিসে খোঁজ নেন তাহলে ভালো হয়। যদি আপনার কোনো সন্দেহ থাকে তাহলে খোঁজ নিয়ে আপনাকে জানাব।

**শ্রীমতী শান্তা ছেত্রী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা প্রশ্ন করতে চাইছি। স্যার, আমাদের দার্জিলিং-এর পাহাড়ী অঞ্চলে হাতি পাওয়া যায় না কিন্তু ওয়াইল্ড বোর পাওয়া যায়। এই ওয়াইল্ড বোর ক্রপ ড্যামেজ করে। এই হাউসে মন্ত্রী মহাশয়ের কাছে আগেও এই প্রশ্ন করেছিলাম। তখন উনি বলেছিলেন যে এই ওয়াইল্ড লাইফ অ্যাক্টের মধ্যে সিডিউল (২)-তে ওয়াইল্ড বোর আছে, এরা ক্রপ ড্যামেজ করলে তাতে কমপেনসেশান দেওয়া যায় না। কিন্তু আলোচনা করছি বলে উনি অ্যাসিয়োরেন্স দিয়েছিলেন। আমি তাই মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, এই যে পাহাড়ী অঞ্চলে ওয়াইল্ড বোর প্রচুর পরিমাণে যে ক্রপ ড্যামেজ করছে তার জন্য কমপেনসেশানের ব্যাপারে সরকারি তরফ থেকে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়েছে ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মন** : এখনও পর্যন্ত সিডিউল(১)-এ বাঘ এবং হাতি ছাড়া অন্য কিছু নেই, অন্য ক্ষেত্রে ক্ষতিপূরণ দেওয়া হয় না। মানবিক কারণে লোকাল অ্যারেঞ্জমেন্ট করে কিছু করা যায়। সরকারিভাবে বাঘ ও হাতি ছাড়া দেওয়া যায় না। আমি বহুবার সি.ডাব্লু.এল.সি.-র মিটিং-এ বলেছি, আপনিও বলেছেন। এই ব্যাপারে আমি খোঁজও নিয়েছি

এবং চিঠিও লিখেছি। কিন্তু আজ পর্যন্ত সদুত্তর পাওয়া যায়নি। তাতে ধরে নেওয়া যেতে পারে যেহেতু ওয়াইল্ড বোর সিডিউল(১)-এ নেই সেই জন্য এটা হবে না। এটা ধরে নিয়েও একটা চেষ্টা নিরুন্তর চালানো যেতে পারে।

**শ্রী জানে আলম মিঞা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বনমন্ত্রীর কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। কিছু হাতি দলছুট হিসাবে অনেক সময় জঙ্গলের বাইরে চলে আসে খাদ্যের তাড়নায়। জঙ্গল থেকে বার হয়ে আসার পর চাষিদের ফসল নষ্ট করার জন্য চাষিরা তাড়া করে, তার জন্য তাদের প্রাণ যায়। এই ক্ষেত্রে যে সব জঙ্গলে খাদ্যের অভাবে হাতিরা দলছুট হয়ে বেরিয়ে আসছে সেখানে খাদ্যের পরিমাণ বাড়ানোর জন্য কি কি ব্যবস্থা আপনার দপ্তর নিয়েছে জানালে খুশি হব।

[11.20—11.30 a.m.]

**শ্রী যোগেশ চন্দ্র বর্মন :** আমি তো বলেছি যে, হাতি যে সমস্ত স্পেসিস খায়, সবগুলো তো খায় না, ঘাস খায়। হাতি তৃণভোজী, মাংসাশী নয়। এদের জন্য ঘাস চাষ করতে হয়। আপনারা বিদেশী ফিল্মে ডিসকভারিতে দেখে থাকবেন, বাইরের দেশে গ্রাসল্যান্ড প্রচুর আছে। আমাদের এখানে যে ভৌগলিক অবস্থান, তাতে ঘাস—হাতি যে ধরনের ঘাস খায়-খুব কম। আপনি যদি জলদাপাড়া ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারিতে যান, তাহলে দেখবেন সেখানে হাতির উপযোগী ঘাস প্রচুর পরিমাণে চাষ হচ্ছে। এছাড়া আমলকি, হরিতকি, বহেড়া এবং বাঁশ—এগুলো ক্যানোপি ওপেন করে আছে দেখতে পাবেন। দক্ষিণবঙ্গে এইভাবে চাষ করা হচ্ছে। আর উত্তরবঙ্গে তো আছেই। এগুলোর প্রচুর চাষ করা হয়েছে। এলিফ্যান্ট হ্যাবিট্যান্ট যাতে বাড়ে, এগুলো লাগানো হয়েছে। তবে ফলটা তো সঙ্গে সঙ্গে পাওয়া যায় না, পাঁচ-সাত বছর পরে দেখা যাবে এখন যে সমস্যাটা আছে তা অনেকটাই কমে গেছে।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস :** মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, সাত-আট বছর এই যে বড়জোড়া ব্লক এবং সোনামুখী ব্লকে হাতি দাপিয়ে বেড়াচ্ছে, সেই কারণে বহু শস্যহানি হয়েছে এবং অনেক মানুষ নিহত হয়েছেন, রাজ্য সরকার থেকে তাদের যে ক্ষতিপূরণ দেওয়া হয় তা খুব কম—ক্ষতিপূরণের টাকাটা বাড়াবার কোনো পরিকল্পনা আছে কিনা ; এবং এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে কোনো তথ্য পাঠানো হয়েছে কিনা ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মন :** বড়জোড়া হাতিদের খুব পছন্দের জায়গা। আপনারা খুব অতিথি বৎসল। আমাদের মোট যে ক্ষতি হয়, তাতে দেখা যায় যে বড়জোড়ার পরিমাণটা বেশি। আমি আন্তরিকভাবে এরজন্য দুঃখ প্রকাশ করি। এ পর্যন্ত টাকার অঙ্কটা যা আছে সেটা বাড়ানো যায়নি। আমরা চেষ্টা করব আরও কি করে বাড়ানো যায়। আমি অনুরোধ করব, ফিল্ড লেভেল থেকে যে রিপোর্ট আসে সেটা যেন সঠিক হয়। আমাদের কাছে এমন রিপোর্ট আসছে, যারা দায়িত্বসম্পন্ন লোক তাঁরা পাঠাচ্ছেন, যাতে দেখা যায় যে, কোনো জমির ওপর দিয়ে হাতি চলে গেছে, রাস্তাও হয়েছে, কিন্তু জমির ফসল নষ্ট হয়নি, সেইসব

জমির মালিকরাও একইভাবে ক্ষতিপূরণের দাবী করে। এই ঘটনার জন্য অহেতুক বেশি অর্থ ব্যয় হয়। আমি এই জন্য বলব, পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ যাঁরা থাকেন, সবাই মিলে দেখে সঠিক রিপোর্ট যত তাড়াতাড়ি আসবে, টাকাটা তত তাড়াতাড়ি পাঠানো যাবে। আর বৃদ্ধির ব্যাপারে যে প্রশ্ন তুললেন, দেখা যাক কি করা যায়।

## রাজারহাট থেকে রামরাজাতলা মেট্রো রেল

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮) **শ্রীরামপদ সামন্ত** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজারহাট থেকে রামরাজাতলা পর্যন্ত মেট্রো রেল প্রকল্পের জন্য রাজ্য সরকার একটি পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি বর্তমানে কোন্ পর্যায়ে রয়েছে ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য** :

(ক) হ্যাঁ।

(খ) পরিকল্পনাটি বর্তমানে সমীক্ষার পর্যায়ে আছে।

**শ্রী রামপদ সামন্ত** : এই পরিকল্পনাকে বাস্তবায়িত করার জন্য আপাতত কত টাকার প্রোজেক্ট ধরা হচ্ছে ; এবং কত কিমি. রাস্তা তৈরি করা হবে ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য**: আমরা যেটা করেছি সমীক্ষার পর্যায়ে কেন বললাম কারণ হচ্ছে এর প্রি-ফিজিবিলিটি স্টাডির ড্রাফট্ তৈরি করার পরে ফাইনাল প্রি-ফিজিবিলিটি স্টাডির রিপোর্ট তৈরি করা হয়। ফাইনাল প্রি-ফিজিবিলিটি স্টাডির রিপোর্ট তৈরি করার পরে একটা ডিপিআর করতে হয়। তারপরে আমরা চূড়ান্তভাবে বুঝব কত টাকা লাগবে না লাগবে। আমরা প্রাথমিকভাবে এই ফাইনাল প্রি-ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট পেয়েছি। তাতে প্রায় ৪ হাজার ৫০০ কোটি টাকার মতো প্রয়োজন। আপনার ২৩ কি.মি. দৈর্ঘ্য রাজারহাট থেকে হাওড়া জেলার দাশনগর পর্যন্ত মেট্রো রেলের কাজ হবে। হাওড়া জেলার দাশনগরের ইস্ট-ওয়েস্ট পর্যন্ত মেট্রো রেলের কাজ হবে। আমরা এর জন্য কিছুটা এলিভেটেড করে করতে হবে যেমন রাজারহাট থেকে বেঙ্গল কেমিক্যাল এই পর্যন্ত সেটা এলিভেটেড হবে, তারপরে আবার আন্ডারগ্রাউন্ডে হাওড়া ময়দান পর্যন্ত। আন্ডারগ্রাউন্ডে গঙ্গার নীচ দিয়ে সেটা ট্যানেলিং হবে। আবার হাওড়া ময়দান থেকে নিউ দাশনগর পর্যন্ত সেটা এলিভেটেড হবে। এই ২৩ কি.মি. এর মধ্যে দেখা যাচ্ছে ১৭ কি.মি. এলিভেটেড আর বাদবাকিটা আন্ডারগ্রাউন্ডে। এই হচ্ছে মোটামুটি ফিজিবিলিটি রিপোর্ট যেটা আমরা পেয়েছি।

**শ্রী রামপদ সামন্ত** : মাননীয় মন্ত্রী জানালেন যে, সমীক্ষার কাজ চলছে। আপাতত ৪ হাজার ৫০০ কোটি টাকার একটা মোটামুটি পরিকল্পনা ধরা হয়েছে। তারপরে সমীক্ষার পর হিসাব করে আরো পরিবর্তন হবে। সমীক্ষার পর কারণ সমীক্ষার পরে নতুন করে সময় সীমা ধরে নেওয়া হবে এই কথা বলছেন। আমার মন্ত্রীর কাছে প্রশ্ন এই যে টাকা

লাগবে, ওই টাকাটা সংগ্রহ করবেন কিভাবে—রাজ্য সরকার কি তার নিজস্ব উদ্যোগে করবেন নাকি কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে করবেন নাকি বাইরের বিদেশের থেকে সাহায্য নয়ে কাজটা করবেন সেটা জানাবেন কি ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য** : যখন ২০০২ সালে এই ফিজিবিলি রিপোর্ট তৈরি করার প্রশ্ন আসে তখন আমরা কেন্দ্রীয় সরকারের কাছে এই স্টাডি রিপোর্ট তৈরি করার জন্য কিছু আর্থিক সাহায্য চেয়েছিলাম। সেটা আমরা পাইনি। পরবর্তীকালে মাননীয় মুখ্যমন্ত্রী বিশেষ উদ্যোগ নিয়ে জাপানের জেট্রো বলে একটি সংস্থা আছে তাকে দিয়ে রিপোর্টটি তৈরি করার চেষ্টা করেন। তারা এসে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন এবং মুখ্যমন্ত্রীর অনুরোধে তারা আপনার এই স্টাডি রিপোর্ট তৈরি করার জন্য খরচ করতে রাজি হয়। সুতরাং প্রি-ফিজিবিলিটি স্টাডির জন্য যে খরচ সেটা জেট্রো সংস্থা সম্পূর্ণ বহন করেছে। তারা তখন প্যাসিফিক ইন্টারন্যাশানাল নামে একটি সংস্থাকে দিয়ে ওই স্টাডি রিপোর্ট তৈরি করান। এই প্রি-ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট তৈরির পরে এর একটা ডিপিআর তৈরি করতে হবে। ওই ডিপিআর তৈরি করতে বেশ কিছু টাকার প্রয়োজন হয়। তখন আমরা কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠাই। কেন্দ্রীয় সরকারের নগর উন্নয়ন মন্ত্রকের কাছে কিছু অর্থ সাহায্য পাওয়ার জন্য অনুরোধ করেছিলাম। নীতিগতভাবে ডিপিআর তৈরি করার জন্য ৬-৭ কোটি টাকা লাগবে। এতে ৪০ শতাংশ সাহায্য কেন্দ্রীয় সরকারের নগর উন্নয়ন মন্ত্রক দিতে রাজি হয়েছেন। ডিপিআর তৈরির পর সেটা পাঠাব ভারত সরকারের কাছে, যাতে ভারত সরকার ওই প্রস্তাব জাপানের জে বি আই সির কাছে পাঠায়। ভারত সরকারের মধ্যে দিয়েই জাপান সরকারের কাছে প্রস্তাব পাঠাতে চাই যাতে করে আমরা ওই ৪ হাজার ৫০০ কোটি টাকার যে প্রয়োজন সেই টাকাটা ঋণ হিসাবে পেতে পারি। এখন মূল বিষয় হচ্ছে জাপান সরকারের কাছে ভারত সরকারের মাধ্যমে প্রস্তাব পাঠানো এবং এই ব্যাপারে ভারত সরকারের অনুমোদন দরকার। ভারত সরকার অনুমোদন দেবার পরেই প্রস্তাবটি পাঠানো হবে। আমরা ব্যাঙ্গলোর এবং হায়দ্রাবাদে যেমন যে পদ্ধতিতে মেট্রো কর্তৃপক্ষ তৈরি করেছে, আমরাও ঠিক ওইরকম নতুন মেট্রো কর্তৃপক্ষ তৈরি করার চিন্তা ভাবনা করছি।

**শ্রী রামপদ সামন্ত** : আপনি জানালেন ব্যাঙ্গালোর এবং হায়দ্রাবাদে যেমন হয়েছে অর্থাৎ যেমন দিল্লীতে মেট্রো কর্পোরেশান রয়েছে ঠিক ওই ধরনের কর্পোরেশান বা কোনো সংস্থা এখানে কাজ করবেন এই রকম চিন্তা-ভাবনা করছেন।

[11.30—11.40 a.m.]

**শ্রী অশোক ভট্টাচার্য্য** : নীতিগতভাবে আমরা এটা সিদ্ধান্ত নিয়েছি। দিল্লিতে দিল্লি মেট্রোপলিটান রেলওয়ে কর্পোরেশান বলে যে সংস্থা আছে, এই রকম একটা সংস্থা তৈরি করব। এখন দিল্লিতে যিনি আছেন শ্রী ধরণ বলে, তিনি এই ব্যাপারে খুবই অভিজ্ঞ, তিনি এই বিষয়ে কিছু পরামর্শ হায়দ্রাবাদ ব্যাঙ্গালোরে দিয়েছেন। এই মাসের শেষের দিকে দিল্লিতে শ্রী ধরণ-এর সঙ্গে মিটিং হওয়ার কথা আছে। এই ধরনের একটা সংস্থা আমাদের তৈরি করতে হবে।

**শ্রী ব্রহ্মময় নন্দ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে যে মেট্রো লাইন আছে, এর সাথে কোনো মেট্রো স্টেশানের সঙ্গে, এর কোনো যোগাযোগ থাকবে কি না ? আপনাদের

নক্‌শায় কিছু আছে কিনা ? রামরাজাতলা থেকে যে লাইনটা আসবে সেটা কোন মেট্রো স্টেশানের সঙ্গে যুক্ত থাকবে কলকাতায়, যেখান থেকে অন্য জায়গায় যাওয়া যাবে ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য**: বিষয়টা হচ্ছে, প্রথম যখন '৭০-এর দশকে কলকাতায় মেট্রোর পরিকল্পনা করা হয়েছিল, তখন বলা হয়েছিল মেট্রো রেল-এর লাইনটার তিনটি অ্যালাইনমেন্ট হবে। একটা হচ্ছে, দমদম থেকে টালিগঞ্জ, আর একটা হচ্ছে সল্টলেক থেকে রামরাজাতলা আর একটা হবে ডানলপ থেকে দক্ষিণে বেহালা পর্যন্ত। এইরকম পরিকল্পনা নেওয়া হয়েছিল। তারপরে আমাদের যে ট্রাফিক ট্রান্সপোর্টেশান এই ব্যাপারে কে.এম.ডি.এ. যে মাস্টার প্লান তৈরি করে, সেখানে তখন বলা হয়, আপাতত আমাদের যেরকমভাবে ইস্ট-ওয়েস্ট-এ যে পরিমাণ প্যাসেঞ্জার বেড়ে যাচ্ছে, রাস্তাগুলি কনজেসটেড হয়ে যাচ্ছে, বিশেষ করে মহাত্মা গান্ধী রোড, লেনিণ সরণী এবং বিবেকানন্দ রোড তার চাপটা প্রচণ্ডভাবে বাড়ছে। তখন আমরা প্রাথমিকভাবে ঠিক করি ইস্ট-ওয়েস্টটাই করা উচিত। কিন্তু ইস্ট-ওয়েস্ট করার ক্ষেত্রে যেহেতু সল্টলেক থেকে রাজারহাটে নিউ টাউনশিপ শুরু হয়েছে, সেই জন্য আগে যেটা ছিল রামরাজাতলা পর্যন্ত, সেটা নিউ দাশনগর পর্যন্ত করা হবে। ক্রসিং যেটা হবে, সেটা সেন্ট্রাল এভিনিউ-এর সামনে হবে। এই জায়গায় একটা ক্রসিং-এর প্রভিসান দেওয়া আছে। এটা মোট হবে ২৩ কি.মি., তার মধ্যে ১৮টির মতন স্টেশান তৈরি হবে। এক জায়গায় ক্রসিং হবে, গঙ্গার নীচ দিয়ে যাবে আর কোনো জায়গায় কিন্তু কোনো ক্রসিং হচ্ছে না।

**শ্রী কল্লোল খাঁ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন, এই পরিকল্পনায় কত অর্থ বরাদ্দ হবে এবং কত সালে এই পরিকল্পনার কাজ শেষ হবে ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য** : অর্থ বরাদ্দের প্রশ্ন নেই। আমি পরিষ্কার বলেছি, প্রথম হচ্ছে এর অনেকগুলি পর্যায় আছে। ২০০২ সালে আমরা প্রথম বললাম ফিজিবিলিটি স্টাডি করতে হবে, কিন্তু প্রথমে সেটা করা যায়নি। পরে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে জাপান সরকারকে দিয়ে এর প্রি-ফিজিবিলিটি স্টাডি করতে বলেছিলাম, এবারে ডি.পি.আর. করতে হবে। প্রথম পর্যায়ে প্রয়োজন হবে ৪৫৯৯ কোটি টাকা। তার জন্য ৭-৮ বছর লাগবে। ২০১৩ সাল নাগাদ প্রথম পর্যায়ের কাজ শেষ করবে, ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট পেয়েছি, এবারে বিস্তারিতভাবে ডি.পি.আর. না তৈরি করা পর্যন্ত পুরো বিষয়টা আমরা বুঝতে পারছি না।

**শ্রী ইউনুস সরকার** : আমার অতিরিক্ত প্রশ্ন, এই যে ২০১৩ সালের মধ্যে এটা সম্পন্ন হবে বর্তমানে যে অবস্থা আছে, পরবর্তী পরিকল্পনাটা কি এবং রামরাজাতলা পর্যন্ত যেটা বললেন, পরবর্তী সময়ে এই পরিকল্পনাটা কোথায় কোথায় নেওয়া হয়েছে ? এবং এর পরবর্তী যে এক্সটেনসান কোথায় কোথায় করা হচ্ছে ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য** : এটা আপাতত আমরা পরিষ্কারভাবে বলে দিচ্ছি, প্রথমে ছিল সল্টলেক থেকে রামরাজাতলা। এখন সেটা করা হচ্ছে রাজারহাট থেকে নিউ দাশনগর পর্যন্ত। এর পরে একটা এক্সটেনসান হওয়ার কথা, যেটা '৭০-এর দশকের রিপোর্টে বলা হয়েছিল,

তখন বলা হয়েছিল হাওড়া ময়দান থেকে একটা এক্সটেনসান হবে শালীমার-এর দক্ষিণ পর্যন্ত। কিন্তু আমাদের প্রি-ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট যেটা তৈরি করা হয়েছে এখন সেখানে কোনো প্রস্তাব রাখা হয়নি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় মন্ত্রীমহাশয় বললেন রাজারহাট থেকে রামরাজাতলা পর্যন্ত মেট্রো রেল প্রকল্পের কাজ সমীক্ষার পর্যায়ে আছে এবং ৪,৫০০ কোটি টাকা ব্যয়-বরাদ্দ হবে বলে ঠিক করা হয়েছে। এর ইকনমিকাল ভায়াবিলিটি রিপোর্ট, টেকনিকাল ভায়াবিলিটি রিপোর্ট, ও ইমপ্লিমেন্টিং ভায়াবিলিটি রিপোর্ট কি একটা সংস্থায় করেছে ? যদি করে থাকে তার যে খরচ সেটা কে বহন করবে ? আর জে.বি.আই.সি. যেটা দেবে বলে আশা করছেন, সেটা তারা পুরোটাই দেবেন, না কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার তার আর্থিক দায়িত্ব বহন করবেন ? এখানে আমি জানতে চাই, কত শতাংশ রাজ্য সরকার দেবে, কত শতাংশ কেন্দ্রীয় সরকার দেবে এবং কত শতাংশ জে.বি.আই.সি. দেবে ? জে.বি.আই.সি. যে লোনটা দেবে সেটা সফট লোন হিসাবে দেবে না অনুদান হিসাবে দেবে ? আর এই ব্যাপারে জে.বি.আই.সি. কোনো শর্ত আরোপ করছে কি ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য :** প্রথমত আমরা ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট একটা তৈরি করেছি। এতে বলা হয়েছে কত প্যাসেঞ্জার হতে পারে এবং এটা যে ফিনানসিয়ালি ভায়াবেল হবে সেটা বলা হয়েছে। এতে দেখানো হয়েছে ইস্ট-ওয়েস্ট মেট্রো রেল আর্থিক দিক দিয়ে অত্যন্ত লাভজনক হবে। কারণ প্রতিদিন লক্ষ লক্ষ লোক হাওড়া থেকে শিয়ালদহ এবং সল্টলেট থেকে হাওড়া অবধি যাতায়াত করে এবং এইসব মানুষগুলো উপকৃত হবে। আর আমাদের কতগুলো রাস্তা স্যাচুরেটেড অবস্থায় চলে গিয়েছে, সেই রাস্তাগুলো এক্সটেনসান বা ওয়াইডেনিঙের জন্য কোনো ব্যবস্থা করা যাবে না। আর দ্বিতীয় ব্যাপার হচ্ছে, ডি.পি.আর. যখন তৈরি করা হবে তখন একটা এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট তৈরি করা হবে। আর ডি.পি.আরই বলে দেবে আমরা ডি.এম.আর.সি. মডেলে একটা কর্পোরেশান তৈরি করব কিনা। তাতে রেলওয়ে অথরিটি আসবে কিনা, ভারত সরকার থাকবে কিনা, রাজ্য সরকারের কত পার্সেন্টেজ থাকবে এবং পাবলিক ইক্যুইটি আমরা সংগ্রহ করব কিনা সেগুলো ঠিক হবে। আর জে.বি.আই.সি.-র কাছে যখন আমরা যাব তখন ভারত সরকারের মাধ্যমেই যাব। বিদেশের কাছ থেকে যখন কোনো রাজ্য সরকার ঋণ নেয় তখন ভারত সরকার সেই ঋণটা নিয়ে রাজ্যসরকারকে দেয় সেভেনটি-থার্টি রেশিওতে। সেভেনটি পারসেন্ট ঋণ হিসাবে প্রদান করা হয় এবং থার্টি পারসেন্ট অনুদান হিসাবে প্রদান করা হয়। আর ঋণ হিসাবে যেটা রাজ্য সরকার নেয় তার জন্য সাড়ে বারো শতাংশ সুদ ভারত সরকারকে দিতে হয়। এই হচ্ছে শর্ত। ভারত সরকারের মাধ্যমে ডি.পি.আর জাপান সরকারের কাছে পাঠানো হবে। এটা হয়ে গেলে তখন অন্যান্য শর্তগুলো আমরা জানতে পারব এবং সেই তথ্য আপনাদের দিতে পারব।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** স্যার, এই ব্যাপারে আমি কিছু বলতে চাই। আমাদের নগরোন্নয়ন মন্ত্রীও জানেন প্রস্তাবটা। জাপানের চারটে কোম্পানি আছে। আর স্পেসিফিক

কনসালটেন্ট ইন্টারন্যাশানাল, জাপান, তারা নিজেদের টাকায় এই ফিজিবিলি স্টাডির কাজটা করিয়েছে। তাদের আর্থিক সাহায্যে জেটরো এই কাজটা করেছে। এই ফিজিবিলিটি স্টাডির জন্য রাজ্য সরকারের কোনো টাকাই খরচ করতে হয়নি। আরেকটা ব্যাপার হচ্ছে, তৃতীয় ব্রীজ যেটা হচ্ছে রায়চক এবং কুঁকড়াহাটির মধ্যে তারও টেকনিকাল স্টাডি ওরা নিজেদের পয়সায় করেছে।

[11.40 – 11.50 a.m.]

আমরা এর পরে আশা করছি, যেটা বলছেন, ডিটেইলস প্রজেক্ট রিপোর্ট তৈরি হবার পর ফিনান্সিয়াল অ্যারেঞ্জমেন্ট ঠিক হবে। আমরা মূলতঃ নির্ভর করছি জে.বি.আই.সি.-র ঋণের উপর।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল :** মেট্রো রেলের প্রস্তাব আছে রাজারহাট থেকে রামরাজাতলা পর্যন্ত। বর্তমানে যাত্রীর চাহিদা বাড়ছে, এটাকে আরও বৃদ্ধি করার কোনো পরিকল্পনা রেখেছেন কি ? বিশেষ করে লিলুয়া থেকে চাপটা যেভাবে আসে, সেটা আরও বাড়ানো যায় কিনা দেখবেন কি ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য :** ২০১৩ সালে যখন এই কাজ শেষ হবে, তখন প্রতিদিন ৫ লক্ষ যাত্রী যাতায়াত করতে পারবে। তারপর ১২ লক্ষ মতো যাত্রী যাতায়াত করতে পারবে। তারপর যদি দেখা যায় চাহিদা আরও বাড়ছে, তখন দেখা যাবে। ডি.পি.আর. হয়ে গেলে ঋণের ব্যবস্থা করে এটা কার্যকরী করার চেষ্টা করব, তারপর বাড়ানোর প্রশ্ন আসবে।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় মুখ্যমন্ত্রী বললেন সবটাই বিনা পয়সায় হচ্ছে, ওরা টাকা নেবে না, সার্ভে রিপোর্ট বিনা পয়সায় করেছে, টাকাও ওরা দেবে। তাহলে ফিতে কাটা ছাড়া আপনাদের কোনো কাজ নেই ? ওরা কোন শর্তে এইগুলো করছে ? কি ইন্টারেস্টে করছে ? ওরা কি কোন শর্ত আরোপ করেছে ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য :** ওই সংস্থা যখন মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে, মুখ্যমন্ত্রীর অনুরোধে বিনা শর্তে ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট তৈরি করতে রাজি হয়েছে। ডি.পি.আর. তৈরির পর যখন ঋণের প্রশ্ন আসবে, তখনই শর্তের ব্যাপারটি আসবে। এখন ওরা নিজেদের উদ্যোগেই করছে। আমরা শুধু টাস্ক ফোর্স করে দিয়েছি এবং বিভিন্ন সংশ্লিষ্ট দপ্তরগুলোকে যুক্ত করেছি। কোনো শর্ত ছিল না, আমাদের কাছ থেকে কোনো টাকা নেয়নি। সমস্তটা নিজেরাই করেছে।

**শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক :** রাজারহাট থেকে রামরাজাতলা মেট্রোরেলের কতটা আন্ডারগ্রাউন্ড হবে, কতটা সারফেসের উপর দিয়ে যাবে ? দ্বিতীয় হচ্ছে, আপনি বলছেন ৪,৫০০ কোটি টাকার প্রজেক্ট। কলকাতা মেট্রো রেলের অভিজ্ঞতায় দেখা গেছে যে টাকা ধরে কাজ শুরু হয়েছিল, যখন শেষ হয়েছে দেখা গেল তার দশ গুণ লেগে গেছে। এই প্রকল্প যখন শেষ হবে ২০১৩ সালে, তখন এই ৪,৫০০ টাকা কততে দাঁড়াবে ভেবেছেন কি ?

**শ্রী অশোক ভট্টাচার্য্য :** এই পথটি হবে ১৪ কিলোমিটার এলিভেটেড—রামরাজাতলা থেকে বেঙ্গল কেমিক্যাল পর্যন্ত এবং ৯ কিলোমিটার আন্ডারগ্রাউন্ড—বেঙ্গল কেমিক্যাল থেকে

হাওড়া ময়দান পর্যন্ত। আন্ডারগ্রাউন্ড দুরকম হবে। একরকম হচ্ছে সিল্ট টানেলিং, টানেল করে যাবে, কিছুটা যাবে ওপেন কাট, কাট অ্যান্ড কভারের মধ্যে দিয়ে।

থার্ড হচ্ছে হাওড়া ময়দান থেকে নিউ দাসনগর। সেটা হচ্ছে এলিভেটেড। এই ২৩ কিলোমিটার যা হচ্ছে এর মধ্যে ১৪ কিলোমিটার এলিভেটেড, ৭ কিলোমিটার সিল্ট টানেলিং দু'কিলোমিটার কাট অ্যান্ড কভার। দ্বিতীয় যে প্রশ্ন করলেন সেই বিষয়ে বলি, সেই পর্যায় এখনও আসেনি। আগে ডি.পি.আর. তৈরি হোক, তারপর আমরা ঋণ পাই, ঋণের বিষয়গুলো চূড়ান্ত হোক, তারপর এই প্রশ্ন আসবে।

## Allotment of flats during 2003

*46. (Admitted Question No. *355) **Shri Chittaranjan Roy:** will the Minister-in-charge of the Housing Department be pleased to state–

(a) Number of flats allotted during 2003 at Paschim Barisha Government Housing Estate (category-wise) and

(b) Number of flats till vacent and reasons thereof ?

**Shri Goutam Deb:**

(a) 30– D Type.
20– C Type.
08– B Type.

(b) 16 { D type – 8, C type – 3, B type – 5 }

Not being in habitable condition at present these flats were allotted but refused by the allottees.

**শ্রী চিত্তরঞ্জন রায় :** মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন ওখানে কতজন লোক এখনও জবরদখল করে ফ্ল্যাট আটকে রেখেছেন ?

**শ্রী গৌতম দেব :** জবরদখল করে যা আছে ৩২২টা ফ্ল্যাট, আমাদের ৩৩টা হাউসিং এস্টেট আছে কলকাতার আশেপাশে সেখানে এখনও পর্যন্ত ৩২২টা আনঅথরাইজড অকুপ্যান্সির রিপোর্ট আমাদের কাছে আছে।

**শ্রী চিত্তরঞ্জন রায় :** আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে এস.সি., এস.টি., ফিজিক্যালি হ্যান্ডিক্যাপড্‌দের জন্য কোনো কোটা আছে কিনা, সেই কোটার মাধ্যমে ফ্ল্যাট বন্টন করা হয়েছে কিনা এবং নীতিবহির্ভূতভাবে কতজনকে ফ্ল্যাট দেওয়া হয়েছে ?

**শ্রী গৌতম দেব** : এই যে ফ্ল্যাটগুলোর কথা বলছেন, এইগুলো শুধুমাত্র গভর্নমেন্ট অফিসারদের জন্য। চীফ সেক্রেটারী থেকে আরম্ভ করে অর্ডারলি পর্যন্ত, এইরকম ফ্ল্যাট আমাদের ৪ হাজার কলকাতায়, ৮ হাজার হচ্ছে জেলাতে, রাউন্ড ফিগারে বলছি। এটার একটা পদ্ধতি আছে, কম্পিউটারাইজড একটা তালিকা আছে ফিজিক্যালি হ্যান্ডিক্যাপ্‌ড থেকে শুরু করে ওয়ার্কিং উওমেনদের জন্য একটা রোস্টারের সিস্টেম আছে। সেই সিস্টেম অনুযায়ী জিনিসটা হয়। পাবটিকুলারলি রোস্টারের গ্রুপ অনুযায়ী কতজন পেয়েছেন আলাদা করে প্রশ্ন করবেন উত্তর দেওয়া যাবে। রোস্টারের ব্যাপারটা উদাহরণ স্বরূপ বলছি, প্রথম ভ্যাকেন্সী জেনারেল, দ্বিতীয় ভ্যাকেন্সী রেকমেন্ডেড। তারও একটা সিনিয়রিটি থাকবে। ৫০টা রেকমেন্ডেশন ইনক্লুডিং আপনার রেকমেন্ডেশন, প্রিন্সিপ্যাল সেক্রেটারির রেকমেন্ডেশন যায়, এরও একটা সিনিয়রিটি থাকবে। তৃতীয় জেনারেল, চতুর্থ জেনারেল এইভাবে পরপর করে কোনো সিঙ্গল উওম্যান, বাড়িতে একমাত্র মহিলা কাজ করেন সেরকম ৫০ জন মহিলা অ্যাপ্লাই করেছেন। এইরকম আমাদের গাইড লাইন আছে, আপনি ইন্টারেস্টেড হলে নোটিশ দেবেন আমি বলে দিতে পারি।

**শ্রী অশোক কুমার দেব** : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, পশ্চিম বড়িশা থেকে আরম্ভ করে যে সমস্ত হাউসিং এস্টেটগুলো আছে সেগুলোর রক্ষণাবেক্ষণ হচ্ছে না ফলে অনেক জায়গায় বাড়িঘর ভেঙে পড়েছে।

[11.50—12.00 noon]

গতবারে আপনারা সিদ্ধান্ত নিয়েছিলেন বাড়িগুলি ওনারশিপ করে দেবেন। বর্তমানে সিদ্ধান্ত কি সেটা জানাবেন ?

**শ্রী গৌতম দেব** : আপনার ওখানে আছে বলে বিষয়টা আপনি খানিকটা জানেন, আমাদের দুই রকমের হাউজিং এস্টেট আছে, একটা সরকারী অফিসার এবং কর্মচারীদের জন্য (আর.এইচ.ই.) রেন্টাল হাউজিং এস্টেট, এটা আছে ২০ হাজারের কাছাকাছি। আর একযা হচ্ছে সাধারণ মানুষের জন্য এল.আই.জি. এবং এম. আই.জি., এটা আছে ১২ হাজারের মতো। এগুলির অবস্থা দেখে অনেক আগেই সিদ্ধান্ত হয়েছিল তারা যদি কিনে নিতে চান তাহলে আমরা তাদের দিয়ে দেব এবং দু-একটি জায়গাতে এর প্রসেস শুরু হয়েছে। আর সরকারি অফিসার বা কর্মচারীদের জন্য যেটা সেটা কোয়ার্টার্স। যেমন আমি যদি চীফ্-সেক্রেটারী হই তাহলে আমি সেখানে থাকতে পারলাম এবং চলে যাবার পরে যিনি আসবেন তিনি সেখানে থাকবেন। তাই এটা বেচার কোনো প্রশ্নই আসে না। এটা তাহলে রাজভবন বেচার মতো জিনিস হয়ে যাবে। এটা সারানোর ব্যাপারে বলি আমাদের অর্থাভাব আছে। আপনারা সবাই জানেন বাজেটে অনেকটা টাকা কমে গেছে, এখন সারানোর ব্যাপারে আমরা একটু অসুবিধার মধ্যে আছি, আশা করছি ভবিষ্যতে এটা কেটে যাবে।

**শ্রী অসিত মাল** : মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য কোর্ট অর্ডারের ভিত্তিতে একটা কোটা আপনি নিজের হাতে রেখেছিলেন কিছু দিন আগে শুনেছি, বর্তমানে ওই কোর্ট অর্ডার পাওয়ার পরে ৫ পারসন্টে বা ১০ পারসেন্ট যে কোটাটা ছিল যেটা আপনি প্রায়রিটি বেসিসে যারা অ্যাপ্লাই করতেন তাদের দিতেন, সেটাতে আপনি কত ফ্ল্যাট দিয়েছেন এবং কাদের দিয়েছেন এবং তাদের কি বেসিসে দিয়েছেন বলবেন ?

**শ্রী গৌতম দেব :** সুপ্রীম কোর্টে একটা মামলা আগেই ছিল, এখানে সেটা আলোচনা হয়েছে। দিল্লীতে ইচ্ছামতো বাড়ি দিয়ে দেওয়া হচ্ছিল কিছু টাকার বিনিময়ে বা কোনো কিছুর বিনিময়ে। সেটা মামলা হতে হতে ডিসক্রিশনারী কোটায় কে দিতে পারে, কিভাবে দিতে পারে ইত্যাদি বিষয়ের মীমাংসা সুপ্রীম কোর্ট করেছে। তার ভিত্তিতেই সেটা হাউজিং বোর্ড হোক বা হিডকোই হোক সর্বস্তরে সুপ্রীম কোর্টের রায়ের ভিত্তিতেই ৫ পারসেন্টের বেশি ডিসক্রিশনারী কোটা থাকবে না। ডিসক্রিশনারী কোটাতে কারা অ্যাপ্লাই করতে পারবে সেটাও কাগজে বিজ্ঞাপন দিতে হবে। এবং তাতে সম্ভবত ১৬, ১৭টা ক্যাটাগরী আছে তারাই অ্যাপ্লাই করতে পারবে। এই অ্যাপ্লিকেশানের ব্যাপারে সরকারের লোকদের নিয়ে একটা কমিটি করা আছে, তারাই দেখে একটা শর্টলিস্ট করে আমার কাছে দেবে। সেখানে এ ব্যাপারে সব কিছু লেখা আছে, যেমন এক্সমিলিটারী ম্যানরা পারবে, হ্যান্ডিক্যাপরা পারবে, যাদের থাকার জায়গা নেই তারা এবং যাদের নর্মাল লটারীতে নাম নেই তারা এই ডিসক্রিশনারী কোটাতে অ্যাপ্লাই করতে পারবে এবং মন্ত্রী বা অন্য কেউ হতে পারেন তার কাছে অ্যাপ্লাই করতে হবে। বাট দ্যাট হ্যাড টু বি অ্যাডভার্টাইজিং ইন দা নিউজপেপার। কত ফ্ল্যাট, কোথায় আছে ইত্যাদি বিষয় কমিটি দেখবে এবং শর্টলিস্ট করে দেবে তার ভিত্তিতে দেওয়া হবে।

**শ্রী তমসের আলি :** স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন কুচবিহার জেলার তুফানগঞ্জ মহকুমায় একটা হাউজিং প্ল্যান করার কথা, এটা ২০০১ সালে টেন্ডার হয়েছিল এবং ওয়ার্ক অর্ডার হয়েছে। কিন্তু কোনো কাজ শুরু হয়নি। এখন বর্তমানে এটা কি অবস্থা আছে যদি বলেন ?

**শ্রী গৌতম দেব :** এটা ছিল পশ্চিম বড়িশার হাউজিং এস্টেট নিয়ে কোশ্চেন তাতে আপনার জলপাইগুড়ির ব্যাপারে বলাটা মুসকিল, তবুও বলছি কুচবিহারে আর.এইচ.ইর. প্ল্যান হলেও এখন টাকার অভাব আছে। আপনারা জানেন বাজেটে অনেকটা টাকা কমে গেছে। এই অবস্থায় নতুন কোনো হাউজিং প্রোজেক্ট আমরা করছি না। শুধু অন্-গোয়িং প্রোজেক্ট যেগুলি আছে সেটা শেষ করার চেষ্টা করছি। তাই আমরা নতুন প্রোজেক্ট নিতে পারছি না। সামনে নির্বাচন যদি নতুন গভর্নমেন্ট আসে তখন দেখব কি করা যায়।

**শ্রী কল্লোল খাঁ :** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, যারা লোকসভা, রাজ্যসভা এবং বিধানসভার সদস্য তারা কি পদ্ধতিতে রেন্টেড ফ্ল্যাট পেতে পারেন বা কিনতে পারেন ? যদি জানান উপকৃত হই।

**শ্রী গৌতম দেব :** বিশেষ বিশেষ ক্যাটাগরী যেগুলোর ক্ষেত্রে বলা হয়েছে তার মধ্যে দেখবেন এম.এল.এ., এম.পি., রাজনৈতিক দলের বড় নেতাদের স্বাভাবিকভাবেই রাখা হয়েছে। দেশে হাজার হাজার বিশিষ্ট লোক থাকতে পারে আর এম.এল.এ., এম.পি.-রা বিশিষ্ট লোক হবে না না ? সেই জন্য দেখবেন সচেতনভাবেই ওই ১৮টা ক্যাটাগরীর মধ্যে রাজনৈতিক নেতা, এম.এল.এ., এম.পি. যারা মানুষের দ্বারা নির্বাচিত হয়ে এসেছেন—অনেকে আবার নির্বাচিত হননি কিন্তু বিশিষ্ট ব্যক্তি হয়ে ঘুরে বেড়াচ্ছেন—মানুষ নির্বাচিত করেছেন, রেকমেন্ডেশন করতে পারবেন, ফ্ল্যাট পাওয়ার জন্য অ্যাপ্লাই করতে পারবেন, তাদের রেকমেন্ডেশনে গুরুত্ব দেওয়া হবে। অন্যান্য যারা অ্যাপ্লাই করবেন তাদের থেকে এগুলো আগে বিবেচিত হবে। এইরকমভাবে অ্যাপ্লিকেশন করা হলে আমরা দেখব।

* Question No. 47 : Not called.

### "সজলধারা" প্রকল্প

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৪) **শ্রী অজয় দে** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে "সজলধারা" প্রকল্পের অগ্রগতি কীরূপ ;

(খ) প্রকল্পটি কতগুলি জেলায় কার্যকরী হয়েছে এবং

(গ) এজন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

**শ্রী গৌতম দেব** :

(ক) অতি সম্প্রতি কেন্দ্রীয় সরকারের প্রথম কিস্তির টাকা পাওয়া গেছে।

(খ) সব কটি জেলায় প্রয়োজনীয় কমিটি তৈরি হয়েছে এবং ১২টি জেলায় ব্যাংক-হিসাব খোলা হয়েছে।

(গ) প্রস্তাবিত বরাদ্দ ৯৪৩ লক্ষ টাকা।

**শ্রী অজয় দে** : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, এই প্রকল্প করার ক্ষেত্রে প্রয়োজনীয় কমিটি তৈরি হয়েছে এবং ১২টা জেলায় ব্যাঙ্ক-হিসাব খোলা হয়েছে এবং প্রথম কিস্তির টাকা পাওয়া গেছে। এই যে প্রকল্পগুলো কার্যকর হবে তার ক্ষেত্রে কোনো নিয়ম-নীতি বা গাইড-লাইন আছে কিনা। কারা এর মধ্যে আসবে, ভবিষ্যৎ কি হবে ? মেন্টেন্যান্স কারা করবে ? কিছুক্ষণ আগে মাননীয় অতীশবাবু বলছিলেন তাঁর এলাকায় কান্দি ব্লকের পুরন্দর জি.পি-তে বি.ডি.ও. নির্দেশ দিয়েছেন যে সেখানে ওই প্রকল্প কার্যকর করতে হলে খাটা-পায়খানা স্যানিটারি করতে হবে। সুতরাং এ ব্যাপারে নির্দিষ্ট গাইড-লাইনটা যদি জানান তাহলে সুবিধা হয়।

**শ্রী গৌতম দেব** : এটা নিয়ে হয়তো পরে আলোচনা হবে কারণ আপনারা জানেন খুব হুড়োহুড়ি করে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে সারা দেশজুড়ে সজলধারা প্রকল্প ঘোষণা করা হয়েছে—হাজার হাজার কোটি কোটি টাকায় গ্রামের মানুষকে জল খাওয়ানোর জন্য। আপনি যে প্রশ্ন করেছেন সেটা সজলধারা প্রকল্পের প্রশ্নেও খাটে। ভারত সরকারের কাছ থেকে প্রত্যেকটা রাজ্যসরকারের কাছে চিঠি এসেছে যে, ভারত সরকারের সঙ্গে চুক্তিতে সই করতে হবে। আমরা এখনও সেই চুক্তিতে সই করিনি। ওদের সঙ্গে বার বার মিটিং হচ্ছে—যেটাকে বলা হচ্ছে 'মৌ'। ভারত সরকারের প্রিন্সিপ্যাল সেক্রেটারি এসেছিলেন, অনেকে এসেছিলেন, আলোচনা চলছে, ইলেকশনের পরে দেখা যাবে। এই যে সজলধারার কথা বলা হচ্ছে এটা শেষ পর্যন্ত মানুষের অসুবিধা করবে, ক্ষতি হবে। এখন সেই আলোচনার মধ্যে আমি যাচ্ছি না। আরেকটা বিষয় বললে বুঝতে পারবেন, এই যাবতীয় পানীয় জলের জন্য যে টাকা আমরা পেতাম, ইন্দিরা গান্ধীর আমল থেকে যে সিস্টেম চলে আসছে তাতে

কোনো রাজ্য সরকার যদি ৫০ কোটি টাকা জলের জন্য রাখে দিল্লীও তাই দিত। আমাদের প্রোগ্রামের নাম ছিল এম.এন.পি.—মিনিমাম নিড প্রোগ্রাম। আর, দিল্লীর স্কীমের নাম ছিল এ.আর.ডাব্লু.পি.—একসিলারেটেড রুরাল ওয়াটার প্রোজেক্ট। এইভাবে বরাবর চলে আসছে। এই টাকা দিয়ে কাজ হত। কিন্তু সজলধারা মানে হচ্ছে—আমরা গত বছর ৮৮ কোটি টাকা পেয়েছি এ.আর.ডাব্লু.পি.-তে দিল্লী থেকে।

[12.00 – 12.10 p.m.]

যেহেতু আমরা জলের জন্য খরচা করেছি ৮৮ কোটি টাকা, সেটা এবারে কমিয়ে দিয়ে ৬৮ কোটি টাকা করেছে—৮৮ কোটি টাকা থেকে ২০ কোটি টাকা কমিয়ে দিয়েছে। সজল ধারায় ৯ কোটি টাকা দেখাচ্ছে, কিন্তু সেটা সাড়ে চার কোটি টাকা দিয়েছে। অসমে কংগ্রেস সরকারের সঙ্গে, বিহারে আর.জে.ডি. সরকারের সঙ্গে, কেরালা—এরকম ৫-৭টি রাজ্যের সঙ্গে কথা বলেছি। ঝাড়খণ্ড রাজ্যে বি.জে.পি. সরকার চালাচ্ছেন—তাঁদের মন্ত্রীদের সাথেও কথা বলেছি। এ ব্যাপারে দিল্লির সঙ্গে আমাদের ভালভাবে কথা বলতে হবে। আমরা অনেকগুলো জিনিষ বলেছি। গাইডলাইন যেটা জিজ্ঞাসা করেছেন, এই গাইডলাইন অনুযায়ী করলে গ্রামে জল দেওয়ার দায়িত্ব থেকে গভর্নমেন্টকে সরে আসতে হবে। গোটা গ্রামে জল দেওয়ার দায়িত্ব এবং মেইনটেনান্স গ্রামবাসীরা নিজেরা করবে, একটা কমিটি করবে—এটা অ্যাবসার্ড জিনিষ। ন্যাশনাল স্যাম্পেল সার্ভে অনুযায়ী এখন এই দেশে ২৬ পারসেন্ট মানুষ ইঁদারার জল খায়, ডাগ্ ওয়েলের জল খায়। এখানে এই দেশে ৩০ পারসেন্ট মানুষ পভার্টি লাইনের নিচে রয়েছে এবং ৭০ পারসেন্ট মানুষ ওয়াটার বোন ডিজিজে ভুগছে। এই অবস্থায় গ্রামে গ্রামে জলের ব্যবস্থা গ্রামবাসীরা করবে, সরকার সরে আসবে—এটা অ্যাবসার্ড জিনিষ। এটা এরকমভাবে করলে মুশকিল হবে।

## Starred Questions
## (to which answers were laid on the table)

### রাজ্যে ২০০৩ সালে আত্মহত্যা

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০) **শ্রী ধনঞ্জয় মোদক** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০৩ সালে রাজ্যে কতগুলি আত্মহত্যার ঘটনা ঘটেছে এবং

(খ) তন্মধ্যে, পুরুষ ও মহিলার সংখ্যা কত ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ১৩১৭৪ টি।

(খ) পুরুষ— ৭৩৪৯ জন।

মহিলা— ৫৮২৫ জন।

## বক্সা ব্যাঘ্র প্রকল্পের পরিবেশ উন্নয়ন কর্মসূচী

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বক্সা ব্যাঘ্র প্রকল্পের পরিবেশ উন্নয়ন কর্মসূচী রূপায়ণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

ভারত বাস্তু উন্নয়ন প্রকল্প (India Eco-Development Project) ১৯৯৬-৯৭ সালে শুরু হয়েছে এবং ২০০৪ সালের জুন মাসে শেষ হবে। প্রকল্প পর্যায় (১৯৯৬-৯৭ থেকে ২০০১-০২)-এ মোট খরচের পরিমাণ ২৩.৩৬ কোটি টাকা এবং বর্ধিত পর্যায় (২০০২-০৩)-এ ২.৯৩ কোটি টাকা। তাছাড়া বর্ধিত পর্যায় (২০০৩-২০০৪)-এ ডিসেম্বর, ২০০৩ পর্যন্ত ১.৩৭ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

এছাড়া কেন্দ্রীয় অনুমোদিত পরিকল্পের অধীনে (C.S.S. Project Tiger) বক্সা ব্যাঘ্র প্রকল্পে ২০০২-২০০৩ সালে ৬১.৫৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

## আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪০) **শ্রী নির্মল ঘোষ :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সারা রাজ্যে পরিস্রুত আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

**জনসাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

সরকার গৃহীত প্রধান পদক্ষেপগুলি হল :

(ক) বিষয় বিশেষজ্ঞ ব্যক্তিত্বদের নিয়ে গঠিত 'টাস্ক ফোর্স'-এর পরামর্শ গ্রহণ ;

(খ) কেন্দ্রীয় সরকারের সহায়তায় এবং রাজ্য সরকারের নিজস্ব উদ্যোগে বিভিন্ন স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনার মাধ্যমে আর্সেনিক অধ্যুষিত এলাকায় ইঁদারা স্থাপন, আর্সেনিক মুক্ত নতুন নলকূপ স্থাপন, আর্সেনিক দুষ্ট নলকূপগুলিতে আর্সেনিক দূরীকরণ ইউনিট স্থাপন, গভীর জলস্তর ভিত্তিক এবং ভূপৃষ্ঠ জলভিত্তিক নতুন নতুন নলবাহিত জল সরবরাহ প্রকল্পের রূপায়ণ ;

(গ) আর্সেনিকের বিপদ সম্পর্কে জনসাধারণকে সচেতন করা এবং নিরাপদ উৎসগুলির রক্ষণাবেক্ষণের জন্য হাতে কলমে শিক্ষা দেওয়া, প্রভৃতি।

(ঘ) রাজ্য সরকার এবং ইউনিসেফ-এর যৌথ উদ্যোগে গ্রামাঞ্চলে নলকূপের জলের গুণাগুণ পরীক্ষা করা।

রাজ্য সরকারের ন্যূনতম লক্ষ্য হচ্ছে আর্সেনিক দুষ্ট প্রতিটি জনপদে অন্তত একটি নিরাপদ জলের উৎস সুনিশ্চিত করা।

**'আই.টি.সি. ইনফোটেক'-এর ব্যবসা সম্প্রসারণ**

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৭) **শ্রী তপন হোড় :** তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি রাজ্যে 'আই.টি.সি. ইনফোটেক' কোম্পানী ব্যবসা প্রসারের সিদ্ধান্ত নিয়েছেন ;

(খ) সত্যি হলে, উক্ত সংস্থার সঙ্গে রাজ্য সরকারের কোনো আলোচনা হয়েছে কি এবং

(গ) হয়ে থাকলে উক্ত আলোচনার ফল কী ?

**তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) 'আই.টি.সি. ইনফোটেক' কোম্পানী রাজ্যে তাদের ব্যবসা প্রসারের সম্ভাবনাকে খতিয়ে দেখছেন।

(খ) উক্ত সংস্থার সঙ্গে রাজ্য সরকারের এই ব্যাপারে প্রাথমিক আলোচনা হয়েছে এবং উক্ত সংস্থা রাজ্য সরকারের সঙ্গে কথাবার্তা চালিয়ে যাচ্ছেন।

(গ) চূড়ান্ত সিদ্ধান্ত এখনও গৃহীত হয়নি।

**পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম প্রযোজিত কাহিনীচিত্র**

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৯) **শ্রী অসিত মিত্র :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৩-২০০৪ আর্থিক বছরে (৩১শে জানুয়ারী পর্যন্ত) পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম কর্তৃক প্রযোজিত ও প্রদর্শিত কাহিনীচিত্রের সংখ্যা কত ;

(খ) চিত্রগুলির নাম কী কী এবং

(গ) চলচ্চিত্র প্রযোজনায় রাজ্য সরকার কত টাকা খরচ করেছেন ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম কোনো চলচ্চিত্র প্রযোজনা করে না। পশ্চিমবঙ্গ চলচ্চিত্র উন্নয়ন নিগম চলচ্চিত্র প্রদর্শন করে না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ২০০৩-২০০৪ আর্থিক বৎসরে (৩১শে জানুয়ারী পর্যন্ত) চলচ্চিত্র প্রযোজনার জন্য পশ্চিমবঙ্গ সরকার কোনো অর্থ ব্যয় করেনি।

## Political murders in 2003

*53. (Admitted Question No. *701) **Shri Subrata Bakshi:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state–

(a) number of political murders occurred during 2003 and

(b) number of people arrested in connection therewith?

**Minister-in-Charge of the Home (Police) Department:**

(ক) ২০০৩ সালে রাজ্যে রাজনৈতিক হত্যা হয়নি, তবে বিভিন্ন রাজনৈতিক দলের মধ্যে সংঘর্ষে ৬৬ (ছেষট্টি) জনের মৃত্যু হয়েছে।

(খ) ২৬০ (দু'শ ষাট)।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়:** স্যার, গত ৩ দিন আগে আমরা একটা প্রশ্ন উত্থাপন করেছিলাম যে, আমাদের দলের বিধায়ক মাননীয় শ্রী নির্মল চন্দ্র মন্ডল মহাশয়কে অমানুষিকভাবে মারা হয়েছিল, ঘৃণ্যভাবে মারা হয়েছিল। তিনি চূড়ান্ত আহত হয়েছিলেন। তাঁকে দৈহিক নির্যাতন করা হয়েছিল। তিনি ১২ দিন হাসপাতালে ছিলেন, তাঁর নাকের হাড় ভেঙে দেওয়া হয়, সারা শরীরে খেজুর কাঁটা দিয়ে তাঁকে আহত করা হয়। তাঁর একটা চোখ প্রায় নষ্ট হওয়ার মতো। কেন এভাবে একজন নিরীহ এম.এল.এ.-কে মারা হল ? তিনি তাঁর ছেলে এবং তাঁর সিকিউরিটিকে নিয়ে মোটরবাইকে করে তাঁরই বিধানসভা এলাকায় ছাপনামারি নামে একটা গ্রামে গণ্ডগোলের খবর পেয়ে সেখানে গিয়েছিলেন। সেখানে শাসক দলের কিছু লোক তাঁকে ভীষণভাবে মারে এবং তিনি অজ্ঞান হয়ে যান। সেই সময় কিছু দূরে পুলিশ ছিল—তাঁরা এসে তাঁকে তুলে নিয়ে হাসপাতালে পাঠিয়ে দেয়। এ ব্যাপারে আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর বিবৃতি চেয়েছিলাম। মাননীয় মুখ্যমন্ত্রী এ ব্যাপারে একটা বিবৃতি দিন যে, আমাদের বিধানসভার সবচেয়ে নিরীহ প্রকৃতির এম.এল.এ., যাঁর সঙ্গে কারোর কোনো বিরোধ নেই তাঁকে কেন অমানুষিকভাবে মারা হল ? যারা এরকম করেছে তাদের বিরুদ্ধে কি অ্যাকশন নেওয়া হয়েছে সেটা আমরা জানতে চাই। এর মধ্যে মাননীয় নির্মলবাবু একটা চিঠি দিয়েছেন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য:** ঘটনাটি আমি প্রাথমিকভাবে জেনেছি। আমি ঠিক করেছিলাম যে, আমি যখন আলোচনায় অংশগ্রহণ করব তখন এ ব্যাপারে বলব। আজকে এই মুহূর্তে বলতে চাই যে, তাঁকে আক্রমণ করা খুবই খারাপ হয়েছে, খুবই নিন্দনীয়। কে করল, কারা করল, পুলিশ কি অ্যাকশন নিয়েছে—এগুলো আরেকটু জেনে নিয়ে বিকালে বাকি কথা বলব।

(Question hour is over)

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker:** Today I have received six notices of Adjournment Motion. The first one is from Shri Debaprasad Sarker on the subject of reported dispute over standard of English Question

Paper of Madhyamik Pariksha. The second one is from Dr. Asish Banerjee on the subject of deplorable condition of the tribal villages at Rampurhat for went of electricity and drinking water. The third one is from Shri Kashinath Mishra, Shri Ajit Bhunia, Dr. Ratna Dey Nag, Shri Manturam Pakhira, and Shri Joyti Priya Mallick on the subject of reported deplorable condition prevailling in the Government hospitals in the State. The fourth one is from Shri Ashok Deb on the subject of deplorable condition of fire service station at Bolpur, Birbhum. The fifth one is from Shri Gobinda Chandra Naskar on the subject of reported expultion of one one Grampanchayat Pradhan and a candidate of Madrasa Examination. The sixth one is from Shri Asit Kumar Mal on the subject of non-supply of power for shallow and deep tubewell causing sufferings to the farmers.

A notice on the subject similar to the first Motion was received yesterday, consent to which was withheld. As such the notice of the motion is out of order and I reject it.

The subject matter of the remaining five Motions relate to day to day Administration of the Government and do not call for the Adjournment of the Business of the House. Members will get ample scope to raise the matters during discussion on Governor's Address. Besides, the Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member of the Party may, however, read the text of the Motion as amended.

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

মাদ্রাসা পরীক্ষায় কারচুপির ঘটনায় সি.পি.এমের এক মহিলা গ্রাম পঞ্চায়েত প্রধান তথা এবারের এক পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে। তিনি বহিরাগত পরীক্ষার্থী হিসাবে এবার ওই পরীক্ষা দিচ্ছিলেন। এর আগে পাঁচবার পরীক্ষা দিয়ে তিনি অকৃতকার্য্য হন। দক্ষিণ দিনাজপুরের বংশিহারি ব্লকের নারায়ণপুর হাইস্কুলে ওই দিন ছিল মাদ্রাসার জীবন বিজ্ঞান পরীক্ষা। ওই মহিলার সঙ্গে সাবিনা ইয়াসমিন নামে এক পরীক্ষার্থীকে কেন্দ্র করে বহিস্কার করা হয়। বহিষ্কৃত ৩৫ বছরের প্রধান হাজিরা বিবি এবং সাবিনা ইয়াসমিন যোগসাজশ করে একে অন্যের রোল নম্বর খাতায় বদলা বদলি করে তাঁরা পরীক্ষা দেওয়ার চেষ্টা করছিল। গত দুদিন ধরে ওই দুই পরীক্ষার্থী রোল নম্বরে কারচুপি করে পরীক্ষা দিচ্ছিলেন। পরীক্ষা কেন্দ্রের সুপার গোলাম কিবরিয়া জানিয়েছেন, হাজিরা বিবি এবং সাবিনা ইয়াসমিন রোল নম্বর বদল করেছেন। অপরাধীর যথোপযুক্ত শাস্তির দাবি জানাচ্ছি।

**শ্রী অসিত কুমার মাল :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয় আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

রাজ্যে অস্বাভাবিক হারে বিদ্যুৎ এর বিল বাড়ানো হয়েছে। তাছাড়া বিদ্যুৎ বিলে চরম অনিয়ম ও অব্যবস্থার জন্য মানুষকে হয়রানিতে পড়তে হচ্ছে। দীর্ঘদিন ধরে কৃষকরা চাষাবাদের জন্য বিদ্যুৎ দপ্তরে কোটেশন-সহ টাকা-পয়সা জমা দেওয়ার পরও স্যালো ও ডিপ টিউবওয়েলের জন্য তাদের অনুমতি আটকে রেখেছে। এতে শুধু কৃষকদের ক্ষতি হচ্ছে না, ক্ষতি এবং চরম অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে দিনমজুর ও প্রান্তিক চাষিদের। সারা রাজ্যে ডিপ টিউবওয়েল ও স্যালোগুলোর জন্য একই ব্যবস্থা রাখতে এবং গ্রাহকদের বিল সঠিকভাবে নিয়মিত যাতে আসে তার ব্যবস্থা গ্রহণ করতে রাজ্য বিদ্যুৎ পর্ষদকে অনুরোধ করছি।

(At this stage hon. member Debaprasad Sarkar walked out of the Chamber)

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Scarcity of drinking water due to fluoride contamination in several villages under Rampurhat Assembly constituency. | : | Dr. Asish Banerjee |
| (ii) | Alleged dispute over identification of dead bodies at Bashirhat. | : | Shri Kashinath Mishra.<br>Shri Manturam Pakhira.<br>Shri Ajit Bhunia.<br>Dr. Ratna de (Nag) &<br>Shri Jyotipriya Mallick. |
| (iii) | Reported dacoity at Gourdaha Natun Pally under Canning P.S. of South 24 Parganas on 17.1.2004 | : | Shri Gobinda Chandra Naskar. |
| (iv) | Death of one Nemai Dey at Bishnupur, Bankura. | : | Shri Asit Kumar Mal. |

I have selected the notice of Dr. Asish Banerjee on the subject of scarcity of drinking water due to fluoride contamination in several villages under Rampurhat Assembly Constituency.

The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 18th.

## PRESENTATION OF COMMITTEE REPORT

### Presentation of the 23rd Report of the Committee on Subordinate Legislation (2003-2004)

**Shri Sunil Kumar Ghosh :** Sir, I beg to present the 23rd Report of the Committee on Subordinate Legislation (2003-2004).

## LAYING OF RULES

**The West Bengal Heritage Commission (Terms and Conditions of Service of the Chairperson, Member and the Secretary) Rules, 2003.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the West Bengal Heritage Commission (Terms and Conditions of Service of the Chairperson, Member and the Secretary) Rules, 2003 published in the Kolkata Gazette Extraordinary dated the 3rd March, 2004, under Notification No. 4205-ICA dated the 4th December, 2003.

## LAYING OF REPORTS

**Annual statement of Accounts together with Audit Report of the West Bengal Electricity Regulatory Commission for the year 2002-2003.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the Annual Statement of Accounts together with Audit Report of the West Bengal Electricity Regulatory Commission for the year 2002-2003.

### Audit Report on the Annual Statement of Accounts of West Bengal State Electricity Board for the year 2002-2003

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the Audit Report on the Annual Statement of Accounts of West Bengal State Electricity Board for the year 2002-2003.

### Fourteenth Annual Report of the West Bengal Surface Transport Corporation Limited for the year 2002-2003

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the fourteenth Annual Report of the West Bengal Surface Transport Corporation Limited for the year 2002-2003.

**Forty-ninth Report of the Business Advisory Committee**

**Mr. Speaker:** The Committee met in my Chamber on 9th March, 2004 and recommended the following programmes from 12th to 18th March, 2004 :

| | | | |
|---|---|---|---|
| 12.3.2004, Friday : | (i) | The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2004. (Introduction, Consideration & Passing) | .. 1 hour |
| | (ii) | The Births, Deaths & Marriages Registration (West Bengal Amendment) Bill, 2004. (Introduction, Consideration & Passing) | .. 1 hour |
| 15.3.2004, Monday : (3.00 p.m.) | (i) | Motion for Vote on Account for the year ending on 31.3.2005 | |
| | (ii) | Presentation of Supplementary Estimates for the Year 2003-2004 | |
| 16.3.2004, Tuesday: | | Discussion and Voting on Motion for Vote on Account for the year ending on 31.3.2005 | .. 2 hours |
| 17.3.2004, Wednesday: | | Discussion and Voting on Demands for Supplementary Grants for the year 2003-2004 | .. 4 hours |
| 18.3.2004, Thursday: | (i) | The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2004 (Introduction, Consideration & Passing) | .. 1 hour |
| | (ii) | The West Bengal Appropriation Bill, 2004 (Introduction, Consideration & Passing) | .. 1 hour |

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 49th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The Motion was then put and agreed to.

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of School Education and Madrasah Education, Shri Kanti Biswas, will make a statement.

**শ্রী কান্তি বিশ্বাস :**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ আয়োজিত এবারের মাধ্যমিক পরীক্ষার নির্ঘণ্ট অনুসারে গত ৯-ই মার্চ, ২০০৪, তারিখে ইংরাজি দ্বিতীয় ভাষার পরীক্ষা ছিল। পরীক্ষার প্রশ্নপত্র সম্পর্কে মাননীয় বিধায়কগণ গতকাল ১০-ই মার্চ তারিখে বিধানসভায় কিছু মন্তব্য ও উৎকণ্ঠা প্রকাশ করেছেন। বিষয়টির প্রতি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ তথা পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি আলোচ্য পরীক্ষার উল্লিখিত ইংরাজি প্রশ্নপত্রখানি দেখেছি। যারা প্রশ্নপত্র তৈরী করেন এবং যারা এই রচিত প্রশ্নপত্র পর্যালোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন, তারা সকলেই অভিজ্ঞ ও দক্ষ শিক্ষক এবং প্রাসঙ্গিক বিষয়ের বিশেষজ্ঞ। তাদের এই প্রশ্ন রচনার মধ্যে কোনো প্রকার ত্রুটি থাকার কথা নয়। যারা প্রশ্নপত্র রচনা এবং পরীক্ষা ব্যবস্থা পরিচালনার সাথে যুক্ত তারা সকলেই এই বিষয়ে পরিপূর্ণভাবে সচেতন যে মাধ্যমিক পরীক্ষা—পরীক্ষার্থীদের জীবনে প্রথম রাজ্য-ভিত্তিক পরীক্ষা। ফলে পরীক্ষার্থীদের স্নায়ুর উপরে যাতে অতিরিক্ত চাপ না পড়ে, সে বিষয়ে সকলের অতীব যত্নবান থাকা প্রয়োজন। আমি ইংরাজি ভাষার বিশেষজ্ঞ নই। তবে অনেকদিন বিদ্যালয়ে উপরের শ্রেণীতে ইংরাজি পড়িয়েছি। আমারও মনে হয়েছে উক্ত ইংরাজি প্রশ্ন যেভাবে তৈরি করা হয়েছে, তাতে পরীক্ষার্থীদের একটি অংশ কিছুটা অসুবিধার সম্মুখীন হতে পারে। দ্বিতীয়ত, যে কোনো প্রশ্নে বানান ভুল থাকা অত্যন্ত দুঃখের বিষয়। ইংরাজি প্রশ্নে যদি ইংরাজি বানান ভুল থাকে তাহলে পরীক্ষার্থীগণ বিভ্রান্ত হতে পারে—এ কথা অস্বীকার করার কোনো উপায় নেই। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের পরীক্ষার প্রশ্নপত্র ও পরীক্ষা ব্যবস্থাপনার সাথে তুলনা করতে চাই না। এই রাজ্যের যে সুনাম আছে, সেই সুনামকে রক্ষা করা আমাদের কর্তব্য। তথাপি, এই ইংরাজি প্রশ্নপত্রকে কেন্দ্র করে যে উৎকণ্ঠা ও উদ্বেগ বিধায়কদের কণ্ঠে উচ্চারিত হয়েছে তার প্রতি পরিপূর্ণ মর্যাদা রেখে বিষয়টিকে বিচার-বিবেচনা করার জন্য আমি স্ব-শাসিত পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতিকে বলেছি। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি মহোদয় আমাকে জানিয়েছেন যে প্রশ্নপত্রে ত্রুটির জন্য কোনো পরীক্ষার্থী যাতে কোনো অসুবিধার মধ্যে না পড়ে তার জন্য সম্ভাব্য সমস্ত ব্যবস্থা গ্রহণ করা হবে। ভবিষ্যতে প্রশ্নপত্র তৈরি করার সময় আরও সতর্কতা অবলম্বন করা হবে বলে পর্ষদ সভাপতি জানিয়েছেন। আমি আশা করি সংশ্লিষ্ট সকলেই এই বিষয় থেকে শিক্ষা নিয়ে স্বীয় দায়িত্ব পালনে যত্নবান থাকবেন।

এই প্রশ্নের সাথে আমি একজন শিক্ষক হিসাবে দুঃখ প্রকাশ করছি এবং আজকে সংবাদপত্রে দেখলাম ইংরাজি পরীক্ষার পরে একজন ছাত্র আত্মহত্যা করেছে, এটা আমাদের

পক্ষে মর্মান্তিক, এই বিধানসভার পক্ষেও এবং যারা শিক্ষক তাদের পক্ষেও দুঃখজনক। গত বছর লোকসভায় একটা প্রশ্ন ছিল, কত জন ছাত্র পরীক্ষার সময়ে আত্মহত্যা করেন ? তারা যে প্রতিবেদন পাঠিয়েছিলেন তাতে গোটা ভারতবর্ষে এই চিত্র ভয়াবহ। আমি আবেদন করব, যারা শিক্ষক আমাদের এই কিশোর-কিশোরীদের স্নায়ুতে যাতে চাপ না পড়ে সেই দিকে আরো যত্নবান হবেন এবং যে ছেলেটি আত্মহত্যা করেছে তার মা-বাবার কাছে দুঃখ প্রকাশ করছি, তাদের সমবেদনা জানাচ্ছি আমার পক্ষ থেকে এবং সরকারের পক্ষ থেকে ব্যথিত হৃদয়ে এবং যাতে এই ঘটনা না ঘটে তার জন্য আমাদের পক্ষ থেকে যতটুকু সজাগ থাকা উচিত সেই ব্যবস্থা নিশ্চয়ই আমরা করব এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়** : মাননীয় মন্ত্রীমহাশয় দুঃখ প্রকাশ করেছেন ভালো কথা, কিন্তু যার জন্য হল, যার জন্য একটি ছেলে আত্মহত্যা করল সেই বোর্ডের প্রেসিডেন্টের বিরুদ্ধে কেন কোনো ব্যবস্থা নেওয়া হবে না ? এটা একটা সিরিয়াস ব্যাপার, লক্ষ লক্ষ ছেলেদের ভবিষ্যৎ অন্ধকার হয়ে গেল। শুধু দুঃখ প্রকাশ করলেই হবে না, ব্যবস্থা নিতে হবে।

**মিঃ স্পীকার** : এটা হবে না, এটা হবে না। (নয়েজ)

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় মন্ত্রীমহাশয় দুঃখ প্রকাশ করেছেন ঠিক কথা। নিশ্চয়ই বেদনাদায়ক ঘটনা ঘটেছে, আত্মহত্যার ঘটনা ঘটেছে। আমি নিশ্চিতভাবেই জানি, যিনি ওই ইংরাজি প্রশ্ন করেছেন তিনি স্কুলের শিক্ষক নন, তিনি কলেজের অধ্যাপক। তাঁর যে স্ট্যানডার্ড হবে, নিশ্চয়ই স্কুলের ছাত্রদের স্ট্যানডার্ডে প্রশ্ন হবে না। আমি নিশ্চিতভাবেই জেনে বলছি, তিনি একজন অধ্যাপক। আপনি এই বিষয়ে জানেন কিনা বা এই বিষয়ে জেনেছেন কিনা ?

**শ্রী কান্তি বিশ্বাস** : মধ্যশিক্ষা পর্ষদ স্ব-শাসিত বোর্ড। আমি দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী হিসাবে কোনোদিন জানতে চাইনি কে প্রশ্ন করেন, কে মডারেট করেন ? এটা আমার পক্ষে জানা উচিত নয়। আপনি হয়ত জানতে পারেন। আমি কখনও জানতে চাইনি এবং কখনও জানি না।

**শ্রী সৌগত রায়** : এত বড় একটা ঘটনা ঘটল—আপনি জানবেন না ?

[12.20—12.30 p.m.]

**Mr. Speaker :** Mr. Saugata Roy, I am not allowing your notice u/s 198.

**শ্রী সৌগত রায়:** I like the tone and tenor of the Minister's statement. উনি জেনুইনলী দুঃখ প্রকাশ করেছেন। উনি বলেছেন যে, কোনো প্রশ্নে বানান ভুল থাকা উচিত নয়। প্রশ্নে স্ট্যানডার্ড এইরকম হওয়ার ফলে একজন ছেলে মারা গেল। মন্ত্রী মহাশয় তার জন্য দুঃখ প্রকাশ করেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। তিনি অকপটে তার দায়িত্ব নিজে নিয়েছেন। কিন্তু তিনি বারে বারে বলছেন যে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ স্ব-শাসিত সংস্থা। কিন্তু এই স্ব-শাসিত সংস্থায় প্রেসিডেন্ট নিয়োগ করেন রাজ্য সরকার। এটা পুরোপুরি ফানডেড্ বাই দি স্টেট গভর্নমেন্ট। সুতরাং আজকে যখন এতো বড় একটা ঘটনা

ঘটল, ৬ লক্ষ বাচ্ছা ছেলে-মেয়ে পরীক্ষা দেবে, সেই পরীক্ষা এমন হল যে ছেলেরা পরীক্ষা দিতে পারল না, একটা ছেলে আত্মহত্যা করল, তা হলে কেন সেকেন্ডারী বোর্ডের প্রেসিডেন্টের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন না ? দিস ইজ এ সিরিয়াস ল্যাপস্। এটা কখনও হওয়া উচিত ছিল না। ইংরাজী ঐচ্ছিক পেপার নয়, কমপালসারী পেপার। ইংরাজী পরীক্ষায় এমন একটা ঘটনা ঘটল। উনি বলেছেন যথাযথ ব্যবস্থা নেবেন। উই আর নট স্যাটিস্ফায়েড। আমি সরকারের কাছে জানতে চাই সরকার কি ব্যবস্থা নিয়েছে এই ব্যাপারে।

## MENTION CASES

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মুর্শিদাবাদ জেলায় ভয়ঙ্কর ঘটনা ঘটছে, আমরা খুব সংকটের মধ্যে পড়ছি। জেলার স্বাস্থ্য আধিকারিকের অফিসে ঔষধ কেনার টাকা যাওয়ার পরেও, জেলাশাসক সই করার পরেও, এখানকার স্বাস্থ্য কর্মাধ্যক্ষ সিগনেচার করার পরেও ঔষধ কেনার ব্যবস্থা করা হয়নি। গত ২৫শে ফেব্রুয়ারী এই অর্ডার যায়। এই ব্যাপারে জেলাশাসক হস্তক্ষেপ করার পরেও ঔষধ কেনার ব্যবস্থা হয়নি। গত ৯ই মার্চ আবার একটা সরকারী গ্রান্ট সেখানে যায় ঔষধ কেনার জন্য। কিন্তু সেই ক্ষেত্রে ঔষধ কেনার কোনো ব্যবস্থা করা হয়নি। সভাধিপতি নিয়ম না জেনে বলছেন যে কমিটিতে এটা পাশ না করা পর্যন্ত সই করব না। এই ব্যাপারে আমি দাবি করব মাননীয় মন্ত্রী মহাশয় যেন এই ব্যাপারে হস্তক্ষেপ করেন। জেলাপরিষদের সভাধিপতি নিয়ম না জানার ফলে ঔষধ কেনা বিলম্বিত হওয়ার ফলে জেলাবাসী সাফার করছে, ভোগান্তি ঘটছে। এটা হতে পারে না। অবিলম্বে জেলা স্বাস্থ্য দপ্তর থেকে দেখা উচিত সরকারের তরফ থেকে নিয়ম মানা হচ্ছে কিনা। নিয়ম না জেনে বারে বারে কাজে বাগড়া সৃষ্টি করা কখনই কাম্য নয়।

**শ্রী বিমান চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমিরাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা জগৎবল্লভপুরের পাঁতিয়াল অঞ্চলের নিজবালিয়ায় ১৮৯২ দাগের ১৩৬৬, ১৩৬৭, ১৩৬৮ খতিয়ান নম্বরের জে.এল. নম্বর ৪৬-এর ২৭ শতক জমি গত ১৫ বছর ধরে সমরেন্দ্র নাথ মাইতি, পিতা সনৎ মাইতি বর্গাদার হিসেবে চাষ করে আসছে। কিন্তু প্রায় ৪০ বছর ধরে এই জমি সে চাষ করে আসছে। গত ১৫ বছর ধরে সে রেকর্ডেড বর্গা হিসাবে চাষ করে আসছে। গত ২ বছর আগে ওই এলাকার অজিত মান্নার পুত্ররা পুরানো মালিকের কাছ থেকে জমিটি কেনার পর বর্গাদার উচ্ছেদ করার জন্য বারে বারে চেষ্টা করে আসছে। এই বর্গাদার উচ্ছেদ করার জন্য তারা যতরকম চেষ্টা করবার সেটা তারা করছে। বর্গাদার সমরেন্দ্রনাথ মাইতি জগৎবল্লভপুর থানায় এই ঘটনা জানিয়ে জি.ডি.ই. করেছে এবং সেই সঙ্গে ও.সি., বি.ডি.ও. এবং বি.এল.আর.ও-কে জানিয়েছে। গত ২৫.৮.২০০৩ তারিখে বি.ডি.ও. অফিসে এই ব্যাপারে ফাইভ ম্যান কমিটি একটা ডিসিশান নিয়েছিল এবং সেই ডিসিশানটা হল পুলিশ থেকে বর্গাদারের জমি চাষ করবে। ১৭.৯.২০০৩ তারিখে পুলিশের পক্ষ থেকে চাষ করা হয়। তার দু-দিন পরে এই জমিদার এই জমির চাষ নষ্ট করে দেয়। তারপরে এই জমিতে

ইঁট, বালি, পাথর, সিমেন্ট, ব্যাট্‌স, কাঁচ ছড়িয়ে দেয় এবং জমিটিকে একেবারে নষ্ট করে দেয়। এই ব্যাপারে ও.সি.-কে ১৬.১১.২০০৩ তারিখে লিখিতভাবে এই ঘটনা জানানো হয় যার নাম্বার হল ৭২৫। এই ব্যাপারে ও.সি.-কে জানানো সত্ত্বেও কোনো অ্যাকশান নেননি। ও.সি. শুধু জানিয়েছেন যে এই ব্যাপারে বি.এল.আর.ও-র অর্ডার আছে ইন্সপেকশান না হওয়া পর্যন্ত এই জমিতে চাষ করা যাবে না। কিন্তু খোঁজ নিয়ে জানা যায় বি.এল.আর.ও.-র এই অর্ডারটা সবটাই জাল, বি.এল.আর.ও-র সই জাল এবং তার সিলও জাল। এই জালিয়াতির ঘটনা ও.সি. জানা সত্ত্বেও কোনো ব্যবস্থা নেননি। এই ব্যাপারে আমি বিধায়ক হিসাবে ও.সি.-কে বারে বারে রিকোয়েস্ট করেছি। কিন্তু কোনো ফল হয়নি। স্যার, আমার বক্তব্য হচ্ছে, ওই বর্গাদার যাতে জমিতে চাষ করতে পারে এবং ওই থানার ও.সি., যে সমস্ত জালিয়াতি জেনেও চেপে গেছে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিন। বর্গাদার যাতে জমি চাষ করতে পারে এবং জমির নেচার এবং ক্যারেকটার যাতে পরিবর্তিত না হয়, কনভার্সান যাতে না হয় তার আবেদন জানাই।

**শ্রী মুজিবর রহমান :** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় জিয়াগঞ্জ শহরে একটি খ্রিস্টীয় মাতৃ সেবাসদন ছিল। ১৯৮৭ সালে মাননীয় অর্থমন্ত্রী ওখানে পরিদর্শনে গিয়ে কিছু টাকা বরাদ্দ করেন এবং উক্ত হাসপাতালটি খোলা হবে বলে মানুষকে আশ্বস্ত করেন। দু'হাজার সাল চলে গেল, আজ পর্যন্ত উক্ত হাসপাতালটি খোলা হয়নি। হাসপাতালটির ঘর দুয়ার সব হয়ে গেছে অথচ আজও সেটি চালু হল না। চালু করার ব্যাপারে কখনও বলা হয় এটি রাজ্য সরকারের তত্ত্বাবধানে খুলবে, আবার কখনও বলা হয় জেলা পরিষদের তত্ত্বাবধানে খুলবে। কিন্তু এখনও পর্যন্ত সেটি চালু হয়নি। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যাতে হাসপাতালটি অবিলম্বে খোলা হয় তার ব্যবস্থা করুন।

**শ্রীমতী মঞ্জু বসু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে রাজ্যে যে বিভিন্ন দুর্নীতি চলছে, তার মধ্যে একটি দুর্নীতির বিষয়ে এখানে উত্থাপন করছি। প্রায় অর্ধ শতাব্দী আগে দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবার এলাকায় একজন বিত্তবান ব্যক্তি, অর্জুন মন্ডল, তিনি মারা যান। এতকাল বাদে তাঁর দুই নাতি, একজনের নাম দিলীপ মন্ডল এবং আর একজন অনিল মন্ডল, যিনি একজন শিক্ষক—এই দু'জন উত্তরাধিকারী হিসাবে দাবী করছেন। তাঁদের দাবীর স-পক্ষে ডেথ সার্টিফিকেট দেখাচ্ছেন। একটা ডেথ সার্টিফিকেটে দেখা যাচ্ছে ১৯৫৬ সালে তিনি মারা গেছেন। আর একটা ডেথ সার্টিফিকেটে দেখা যাচ্ছে তিনি ১৯৫৮ সালে মারা গেছেন। এইভাবে জটিলতার সৃষ্টি হয়েছে। একজন মৃত ব্যক্তির ডেথ সার্টিফিকেট কিভাবে দু'রকমের হতে পারে ? এটা কি দুর্নীতি নয় ? ভূমি সংস্কার দপ্তর এর বিরুদ্ধে কি ব্যবস্থা নিচ্ছেন ? এলাকায় যাতে শান্তি বজায় রাখা যায় তা দেখার আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জানে আলম চৌধুরী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় বিদ্যালয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় সুতি এক নম্বর ব্লকের নুরপুর গ্রাম পঞ্চায়েত

এলাকায় কোনো মাধ্যমিক বিদ্যালয় নেই। সেখানে হাজার তিরিশ লোক বসবাস করে। সেখানকার ছেলে-মেয়েদের দূর-দুরান্তে গিয়ে পড়াশুনা করতে হয়। সেখানে মানুষের চাহিদা একটি হাই মাদ্রাসা। আমি তাই আবার বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, সেখানে একটি মাদ্রাসা এবং হাইস্কুলের অনুমোদন দিন। ধন্যবাদ।

[12.30—12.40 p.m.]

**ডঃ আশীষ ব্যানার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার রামপুরহাট বিধানসভার বুধীগ্রাম পঞ্চায়েতের অধীনে ধলারঘাটটি দীর্ঘদিন অবহেলিত হয়ে রয়েছে। প্রায় ৪০ বছর ধরে ওই ঘাটে সেতু নির্মাণের দাবী জানানো হয়েছে। এই সম্পর্কে নানাভাবে নানা সময়ে নানা দপ্তর থেকে বিশেষ করে পি.ডাব্লু.ডি.র থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। ডিপিসিসির মিটিংয়েও আলোচিত হয়েছে, সিদ্ধান্তও নেওয়া হয়েছে। কিন্তু দুঃখের বিষয় যে, সেতু নির্মাণের কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি। কাগজে কলমেই থেকে গেছে বছরের পর বছর। সেই কারণে রামপুরহাট বিধানসভার মানুষের পক্ষ থেকে দাবি যে, ওই সেতুটি অবিলম্বে নির্মাণ করুন এবং সরকারি তরফ থেকে অর্থ মঞ্জুরী করা হয় তার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হোক। ওই সেতুটি নির্মাণের প্রয়োজনীয়তা রয়েছে এবং বহু মানুষ ওই সেতুটি হলে পরে বীরভূম দিয়ে মুর্শিদাবাদে যেতে পারবে। সুতরাং অবিলম্বে ওই ধলারঘাট সেতুটি নির্মাণের ব্যবস্থা হোক এই দাবি আমি পূর্তমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী কিরীটি বাগদী**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভাকেন্দ্র হাতিরামপুরে রাস্তার পাশে একটি বাজার ছিল। ওই রাস্তাটি চওড়া করার জন্য ওখানকার বাজারটি ভেঙে ফেলা হয়। এর ফলে ওই জায়গাটি একটা শ্মশানপুরীতে পরিণত হয়েছে। ওখানকার বেকার যুবকরা এই বাজারে বিক্রি-বাটা করত এবং ছোট ছোট চাষিরা তাদের সবজি এনে ওখানে বিক্রি করত। সেইজন্য আমরা দরখাস্ত করেছি যাতে করে ওই বাজারটি আবার চালু করা হয়। মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ যাতে ওখানে বাজারটি আবার চালু করা হয়।

**শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুনরায় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নবদ্বীপ স্টেট জেনারেল হসপিটালটির শয্যা সংখ্যা অত্যন্ত কম। ২০০১, ২০০২, ২০০৩ সালে এই দাবী নিয়ে সোচ্চার হয়েছিলাম কিন্তু দুঃখের বিষয় ২০০৪ সালেও আবার ওই দাবী করতে হচ্ছে। নবদ্বীপের স্টেট জেনারেল হসপিটালে নাদনঘাট এবং পূর্বস্থলী থেকেও প্রচুর রোগী আসে। এর ফলে ওখানকার পরিস্থিতি খুব খারাপ হয় এবং অহরহ সমস্যার সৃষ্টি হচ্ছে। হাসপাতালের সামনে একটা বোর্ড টাঙিয়ে সুপার লিখিত নির্দেশ দিয়েছিলেন যে, নাদনঘাট এবং পূর্বস্থলীর থেকে ওই হাসপাতালে রোগীকে ভর্তি করাতে পারবে না। এর ফলে নাদনঘাট এবং পূর্বস্থলীর মানুষ সুপারকে ঘেরাও করেন। তখন শেষ পর্যন্ত এ.সি.এম.ও.এইচ. এবং ডি.এম.ও-র উপস্থিতিতে ঘেরাও উঠে যায়। তখন সি.এম.ও.এইচ. সুপারের কাছ থেকে ব্যাপারটা জানেন এবং ডেপুটি ডাইরেক্টরের কাছে ২৪শে অক্টোবর ২০০২ সালে শয্যাসংখ্যা বাড়ানোর জন্য প্রস্তাব পাঠান।

এবং ডেপুটি ডাইরেক্টরের পুরো ব্যাপারটা জানতে চান। এরপরে নবদ্বীপের মানুষ শয্যাসংখ্যা বাড়ানোর জন্য ওই স্টেট জেনারেল হসপিটালটির সুপারকে আবার ঘেরাও করেন। ওই ঘেরাও বন্ধ হয় যখন রাত্রে ওখানে সি এম ও এইচ প্রবাস চৌধুরী আসেন এবং সেই রাত্রে এসে সাধারণ মানুষকে আশ্বস্ত করেন যে সরকারি নিয়ম অনুযায়ী টাস্ক ফোর্স গঠন করে সরকারকে জানানো হবে যে হাসপাতালের শয্যা সংখ্যা বাড়াতে হবে। তারপরে ২০০২ সালের ১৩ই ফেব্রুয়ারী সি.এম.ও.এইচ. আবার জয়েন্ট সেক্রেটারি অফ হেল্থ (প্ল্যানিং অ্যান্ড ডেভলপমেন্ট) দপ্তরে চিঠি লেখেন। ২০০১ সালে দেখা গেল ডেপুটি ডাইরেক্টার অফ হেল্থ সেখানে সি.এম.ও.এইচ-কে চিঠির মাধ্যমে জানতে চায় অক্টোবর মাসে। কিন্তু দুঃখের বিষয় সি.এম.ও.এইচ. প্রভাস চৌধুরীর একটা চিঠির উত্তর দিতে লেগে গেল ২ বছর।

**শ্রী সমর হাজরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমার জামালপুর বিধানসভা কেন্দ্রের একটি বিষয়ের ব্যাপারে। এখানে মেমারী তারকেশ্বর চক্‌দীঘি রোড বলে একটি রাস্তা আছে, এই রাস্তাটির অবস্থা খুব খারাপ হয়েছে। এর প্রধান কারণ হচ্ছে, সেখানে দামোদর কোম্পানী দুর্গাপুর এক্সপ্রেসওয়ে তৈরি করছে, তাদের যে ওভার লোডেড মাল মেটিরিয়ালস ট্রাকে করে নিয়ে যাচ্ছে। তাতে ওই নূতন রাস্তা করতে গিয়ে জামালপুরের মতো গুরুত্বপউর্ঁ রাস্তা সেটা নষ্ট হয়ে যাচ্ছে। তাই আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন করছি, দামোদর কোম্পানী যদি রাস্তাটি মেরামত করে দেয় তো ভাল, যদি না দেয় তাহলে পূর্ত দপ্তর যেন রাস্তাটি মেরামত করে দেয়, তা না হলে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। রামানন্দ চট্টোপাধ্যায় ভারতীয় সাংবাদিকতার অগ্রপথিক। ১৯০৮ সালে বাঁকুড়ার স্কুলডাঙায় ব্রাহ্মসমাজের আচার্য্য কেদারনাথ কুলভীর পত্নী হেমাঙ্গিনী দেবীর নিকট রামানন্দবাবুর স্ত্রী মনোরমা দেবীর নামে একটি দ্বিতল বাড়িসহ ৫৫ শতক জমি ক্রয় করেন। এর মৌজার জে এল নম্বর ২১১, খতিয়ান নম্বর ৩৪৩৪, প্লট নম্বর ৪৫৮। রামানন্দ চট্টোপাধ্যায় বেশ কিছুকাল তিনি ওই বাড়িতে বসবাস করেন। এবং প্রবাসী ও মডার্ন রিভিউ বলে যে পত্রিকা সেখান থেকে প্রকাশিত ও সম্পাদিত করতেন, তিনি যে বাড়িতে বসবাস করতেন সেখানে বহু মনীষীর স্মৃতি বিজড়িত হয়ে আছে, এটাকে হেরিটেজ বিল্ডিং হিসাবে গ্রহণ করার জন্য আবেদন জানাচ্ছি। এটাকে হেরিটেজ বিল্ডিং হিসাবে যাতে গ্রহণ করা হয় তা দেখা দরকার। এই জায়গাটাকে কয়েকজন জমি ব্যবসায়ী তারা প্লট করে বিক্রি করে দেবার উদ্যোগ নিচ্ছেন, ভগ্নদশা বাড়িটির জিনিসপত্র বিক্রি করে দিয়েছে, অবিলম্বে সরকার যেন এটাকে হেরিটেজ বিল্ডিং হিসাবে গ্রহণ করেন, এই আবেদন আমি জানাচ্ছি।

**শ্রীমতী মীনা সনাতনী :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের ঝাড়গ্রাম একটা খরাপ্রবণ এলাকা, এখানকার ক্রমবর্ধমান জনসাধারণের চাহিদার তুলনায় পানীয় জলের সরবরাহ অপ্রতুল। গ্রীষ্ম আসন্ন, এই সমস্যা আরো বাড়বে। কাঁসাই নদীর জল ওভারহেড ট্যাঙ্কে তুলে

বিশুদ্ধ করে শহরে যাতে পানীয় জল সরবরাহ করা যায়, এই বিষয়ে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিত মাল :** মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বীরভূম জেলার দূনীগ্রাম অঞ্চলে ভাঙলায় দীর্ঘদিনের এলাকার মানুষের দাবি সেখানে একটা সেতু নির্মাণ করা উচিত। মাসখানেক আগে সারা ভারতবর্ষ ব্যাপী যে পোলিও কর্মসূচী ছিল, ৪টি গ্রামের মানুষ পোলিও নেয়নি। বাচ্ছাদের পোলিও দিতে দেয়নি। সেখানে স্বাধীনতার এত বছর পরে আজও বর্ষায় তারা বেরুতে পারে না, ছেলে-মেয়েদের লেখাপড়া শিখতে যাওয়ার জন্যও কোনো রাস্তাঘাট নেই।

[12.40—12.50 p.m.]

তারা বলছে আমরা কোনো বিপদে পড়লে যখন হাসপাতালে যেতে পারি না, বেঁচে থেকেই আমরা যখন অক্ষম হয়ে আছি তখন পোলিও না খেয়েই আমরা অক্ষম হয়ে থাকব, তাই তারা পালস্ পোলিও বয়কট করেছিল। স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, ব্রাহ্মণী নদীর কবলে পড়ে ভাঙলায় যে চর সৃষ্টি হয়েছে সেখানে তপশিলী জাতির হাজার হাজার মানুষ বাস করে এবং তারা বিনা চিকিৎসায় মারা যাচ্ছে, তাদের লেখাপড়ার কোনো সুযোগ নেই, তাদের যাতায়াত করার কোনো রাস্তা নেই। সেখানে অবিলম্বে একটি সেতু নির্মাণের ব্যবস্থা করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রীমতী মাফুজা খাতুন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য দাবি জানাচ্ছি। গত ৯ই মার্চ উত্তর দিনাজপুরের গোয়ালপোখড়ের তেঘড়িয়ার বাসিন্দা উপেন রায়, ৩২ বছর বয়স, দুস্কৃতীকারীদের হাতে খুন হয়। গত ৩রা মার্চ তারিখেও তমজুর আলিকে দুস্কৃতীকারীরা খুন করে, এক সপ্তাহের মধ্যে দুটি খুন একই নিয়মে হয়েছে এবং কংগ্রেসের আশ্রিত দুস্কৃতীকারীরা এই খুনগুলো করেছে। ওই এলাকায় কংগ্রেসীদের পায়ের তলার মাটি যতই সরে যাচ্ছে, ততই তারা সি.পি.এম. ও ডি.ওয়াই.এফ.আই. কর্মীদের মনোবল ভেঙে দেওয়ার জন্য পরিকল্পিতভাবে খুন ও সন্ত্রাসের রাজত্ব কায়েম করতে চাইছে। কংগ্রেসের আশ্রিত দুস্কৃতীকারীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বহুদিন আগে থেকে দার্জিলিং-এ একটি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপনের জন্য আমরা দাবি জানিয়ে আসছি এবং এই হাউসেও এই ব্যাপারে আমি বার বার দাবি জানিয়েছি। দু-তিন বছর আগে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী যখন দার্জিলিঙে গিয়েছিলেন তখন তিনি দার্জিলিঙের মানুষের কাছে আশ্বাস দিয়েছিলেন সেখানে একটি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করা হবে বলে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি দার্জিলিঙে একটি ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন করার জন্য।

**শ্রী ভূতনাথ সোরেন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজ থেকে প্রায় আট বছর আগে ১৯৯৬ সালে সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্পের কাজ শুরু হয়েছিল। তখন এই প্রকল্পের খরচ ধরা হয়েছিল ৫০০ কোটি টাকার মতো। এখন তার খরচ দাঁড়িয়েছে ১৫০০ থেকে ২০০০ কোটি টাকার মতো। প্রতি বছর রাজ্য সরকারের বাজেটে এই খাতে এক থেকে দেড় কোটি টাকা ধরা হয়। এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার ৭৫ শতাংশ এবং রাজ্য সরকার ২৫ শতাংশ অর্থ দেবে বলেছিল। এখনো পর্যন্ত সেখানে কিছু অফিস বাড়ি করা হয়েছে এবং কিছু লোককে নিয়োগ করা হয়েছে। কিন্তু মূল কাজটা এখনো পর্যন্ত শুরু করা হল না। আমার আবেদন হচ্ছে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার তাদের দেয় অর্থ তাড়াতাড়ি দিয়ে মূল কাজটা দ্রুত শুরু করা হোক।

**শ্রী মন্টুরাম পাখিরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের বিচার ও আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগণা জেলার দক্ষিণ সুন্দরবনের কাকদ্বীপ, সাগর, নামখানা ও পাথরপ্রতিমা, এই চারটি ব্লক নিয়ে ১৯৯০ সালে কাকদ্বীপ মহকুমা গঠিত হয়। কিন্তু এখনও অবধি কাকদ্বীপে ফৌজদারি আদালত এবং দেওয়ানি আদালত গঠিত হয়নি। ফলে ওই মহকুমার লোকেদেরকে ডায়মন্ড হারবার আদালতে যেতে হয় এবং চরম দুর্ভোগের মধ্যে পড়তে হয়। এর আগে বহুবার রাজ্যের মাননীয় বিচার এবং আইন বিভাগের মন্ত্রীকে, তাঁর দপ্তরে আবেদন জানিয়েও কোনো প্রতিকার হয়নি। অবিলম্বে যাতে কাকদ্বীপ মহকুমাবাসীর স্বার্থে কাকদ্বীপে ফৌজদারি এবং দেওয়ানি আদালত গঠিত হয় তার জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী ভবানীশঙ্কর হাতিয়াল :** স্যার, পশ্চিম মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর কেন্দ্রটিতে তফশিলী জাতি, উপজাতি এবং অন্যান্য পশ্চাদপদ সম্প্রদায়ের মানুষ বিপুল সংখ্যায় বাস করে। সেখানে মানুষকে মূলত কৃষির উপর নির্ভর করে থাকতে হয়, কোনো ইন্ডাস্ট্রি হয়নি। তবে, সাঁকরাইল ব্লকে একটা অ্যাসবেস্‌টস কারখানা আছে, তাতে বহু মানুষ উপকৃত হচ্ছে। সেখানে পরিকাঠামোগত সুবিধা যথেষ্ট, বিদ্যুৎ আছে, পাশে আছে ন্যাশানাল হাইওয়ে ৬, শ্রমিকও যথেষ্ট পাওয়া যায়। এই অবস্থায় সেখানে একটা পেট্রোকেমিক্যাল শিল্পের অনুসারী শিল্প বা প্লাস্টিক কারখানা গড়ে তোলার জন্য যথোপোযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় শিল্পমন্ত্রীর কাছে এবং রাজ্য সরকারের কাছে আবেদন রাখছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও মাননীয় শিক্ষামন্ত্রী কিছুক্ষণ আগে একটি স্টেটমেন্ট দিয়ে দুঃখ প্রকাশ করেছেন, তা সত্ত্বেও বলছি, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ একটি বাস্তুঘুঘুর বাসা। এখানে প্রতি বছর লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার দুর্নীতি হয়। এর আগের মধ্যশিক্ষা পর্ষদের সভাপতির বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠেছিল, তিনি পদত্যাগ করতে বাধ্য হয়েছেন। বর্তমানের সভাপতি দিব্যেন্দু হোতা দলবাজি করতে গিয়ে সিস্টেমটাকেই নষ্ট করে দিচ্ছেন। এবারে মাধ্যমিক পরীক্ষায় বায়োলজি প্রথম পত্রের প্রশ্ন আউট হয়ে গিয়েছিল পরীক্ষার আগেই। ইংরেজী প্রশ্নপত্র কলেজের শিক্ষককে দিয়ে করানো

হয়েছিল। এমন প্রশ্ন করা হল যে, একটি ছাত্র গতকাল আত্মহত্যা করেছে। স্কুলের কোনো উপযুক্ত শিক্ষককে দিয়ে কেন এই প্রশ্ন করানো হল না ? এর জবাব দেবেন এবং যে ছাত্রটি আত্মহত্যা করেছে তার ক্ষতিপূরণ দাবি করছি, সাথে সাথে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সভাপতির পদত্যাগ দাবি করছি।

**শ্রী পুর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ দপ্তরের এবং জলসম্পদ উন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই মাধ্যমিক পরীক্ষার সময় সন্ধেবেলা লোডশেডিং না করার জন্য ধন্যবাদ জানাই, এটা ভালো করেছেন। এটা বোরো চাষের সময়, চাষিদের যে সমস্ত আর.এল.আই. বা ডিপ টিউবওয়েল রয়েছে, তাতে বিদ্যুৎ সংযোগ হয়নি, এদিকে জলসম্পদ উন্নয়ন দপ্তর টাকাও নিয়েছে। চাষিদের স্বার্থে যদি বিদ্যুৎ সংযোগ দেওয়া যায় তাহলে চাষীরা উপকৃত হবে। জলসম্পদ উন্নয়ন দপ্তরের সঙ্গে কথা বলে বিদ্যুৎ দপ্তর যত শীঘ্র সম্ভব সেখানে বিদ্যুৎ সংযোগ দেওয়ার ব্যবস্থা করবেন এই আবেদন রাখছি।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি এই মুহূর্তে আপনার অনুমতি নিয়ে আমার সাবজেক্টটা পরিবর্তন করছি। তার কারণ, আমাকে কিছুক্ষণ আগে আমাদের মাননীয় সদস্য শ্রী নেপাল মাহাত ঝালদা থেকে টেলিফোনে জানিয়েছেন যে, গতকাল ঝালদায় একটা বীভৎস ঘটনা ঘটেছে। ঝালদা এক নম্বর ব্লকে হাতির আক্রমণ অব্যাহত আছে। সকলেরই এই ব্যাপারে অবহিত হওয়া উচিত।

[12.50—1.00 p.m.]

১ নম্বর ব্লকে কুশী, নোয়াটি, পাপড়াগুড়ুম এই তিনটি গ্রামে হাতির দল ২৫-৩০টা ঘর ভেঙেছে। আরও দুঃখের বিষয় নীরজা কুইরি বলে একজন মহিলাকে হাতি পায়ের তলায় ফেলে মেরে ফেলেছে। একটা না একটা গ্রামে হামলা হচ্ছে। দুঃখের বিষয় প্রশাসনকে জানানো সত্ত্বেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। মশাল জ্বালিয়ে, পটকা ফাটিয়ে হাতিদের তাড়াবার বন্দোবস্ত করা হচ্ছে তখন হাতির দল খেপে গিয়ে এই সমস্ত করছে। আগে শুধুমাত্র যখন ফসল হত তখন তারা ফসল খেতে যেত। এখন ধানের গোলা ভাঙছে। আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে ওই এলাকায় জেলা প্রশাসন, বন দপ্তর, বন্য প্রাণী সংরক্ষণ যারা করেন সেই অফিসারদের নিয়ে এই সমস্যা দূর করার জন্য অতি দ্রুত ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী প্রফুল্ল ভৌমিক** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলা করিমপুর এলাকায় কয়েকটা জুনিয়র হাইস্কুল আছে। সেখান থেকে পাশ করার পর অন্য স্কুলে গিয়ে ভর্তি হতে গেলে তাদের অসুবিধা হয়। ছাত্র-ছাত্রীদের সুবিধার জন্য আমি চারটি জুনিয়র হাইস্কুলের নাম বলছি—সেনপাড়া জুনিয়র হাইস্কুল, জামশেরপুর গার্লস স্কুল, পিপুলবেড়িয়া জুনিয়ার হাইস্কুল, বেড় রামচন্দ্রপুর জুনিয়র হাইস্কুল—এই জুনিয়র হাইস্কুলগুলোকে হাইস্কুলে উত্তীর্ণ করার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অশোক কুমার দেব :** স্যার, নীলরতন হাসপাতালে কাগজে দেখেছেন যে সেখানে মর্গে প্রচন্ড দুর্গন্ধ বেরোচ্ছে এবং এর ফলে সেখানে পরিবেশ নষ্ট হচ্ছে। শুধু নীলরতন নয়, কাঁটাপুকুর মর্গে সেখানেও একই অবস্থা। রাজ্যে যেখানে যেখানে মর্গ আছে সেখানেই একই অবস্থা। বহুদিন মর্গগুলো সংস্কার করা হয়নি। কাঁটাপুকুর মর্গে কোনো জলের ব্যবস্থা নেই। টেলিফোনের ব্যবস্থা নেই। পরিবেশ প্রচন্ডভাবে দূষিত হচ্ছে, এই দুর্গন্ধকে কেন্দ্র করে এলাকায় অশান্তির সৃষ্টি হচ্ছে। আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব অবিলম্বে মর্গগুলোর সংস্কারের ব্যবস্থা করা হোক।

**Shri Badal Zamadar :** Sir, I like to draw the kind attention of Hon'ble MIC, Municipal affairs Department to the fact that I have got a notice from inhabitants of the Mohalla/quarter named Chhaylabi under Ward No. 23 which has been newly added to the Salt Lake Municipality. The main theme of the notice is that they have demanded municipal facilities of supply of water, supply of drinking water, supply of electricity and drain of sewerage of dirty water etc. I hope that the Minister will consider it sympathetically and I conclude here. Thank you.

**শ্রী সৌগত রায় :** স্যার, আপনার কাছে জানাতে চাই রাজ্যে আবার জুট শিল্পে সংকট দেখা দিয়েছে। আমরা ৮ই জানুয়ারী সমস্ত সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন ১২ দিন স্ট্রাইক করার পরে জুটশিল্পে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল। প্রথম দিকে চুক্তি অনুযায়ী ঠিকই চলছিল, কিন্তু মার্চ মাসে বড় বড় দুটি জুটমিল একটা বালিতে বালি জুটমিল সেটা বন্ধ হয়ে যায় এবং ওখানে মালিকরা মুখ্যমন্ত্রীকে উপেক্ষা করেই করে, কারণ মুখ্যমন্ত্রী সেই জায়গায় যেদিন মিটিং করেন তার পরের দিনই এটা মালিকরা বন্ধ করে দেয়। তারপরে বজবজে ক্যালিডোনিয়াল জুটমিল বন্ধ হয়ে গেছে। সরকারের এ ব্যাপারে সচেতন থাকা দরকার যে মালিকরা কোনো চক্রান্ত করছে কিনা। স্যার, এর চেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে বজবজে নিউ সেন্ট্রাল জুটমিল বন্ধ হয়ে আছে। এটা কয়েক বছর ধরে রাজ্যসরকার সাহায্য দিয়ে চলছিল, শ্রমিকরা কো-অপারেটিভ করে চালাচ্ছিল। আগামী ২০ মার্চ বি.আই.এফ.আর.-এর মিটিং আছে এটার ওয়াইন্ডিং-আপের নোটিশের ব্যাপারে। তারা বলছে রাজ্য সরকার যেহেতু কোনো প্রস্তাব দেয়নি তাই ৩০শে মার্চ আমরা এটা ওয়াইন্ডিং আপ করে দেব। এতে ১০ হাজার শ্রমিকের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়বে। আমি দাবি করি অবিলম্বে নিউ সেন্ট্রাল জুটমিল খোলার ব্যাপারে রাজ্য সরকারের যে প্রস্তাব সেটা বি.আই.এফ.আরে জমা দিন যাতে আগামী ৩০ তারিখ ওয়াইন্ডিং আপের নোটিশ তারা না দিতে পারে।

**শ্রী বিশ্বনাথ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণের জন্য বলছি। আপনি জানেন মুর্শিদাবাদ জেলায় ধারাবাহিকভাবে খুন এবং সন্ত্রাসের রাজত্ব চালাচ্ছে ওখানকার কংগ্রেস। তারা পরিকল্পিতভাবে কাজ করছে। আপনি জানেন গত ১৬.১২.২০০৩ তারিখে সন্ধ্যার প্রাক্কালে এলাকার একজন জনপ্রিয় শিক্ষক লালমোহন মন্ডল তাকে নৃশংসভাবে খুন করা

হয়। তিনি যখন স্কুল থেকে বাড়ী ফিরছিলেন তখন তাকে রাস্তার উপর নৃশংসভাবে খুন করা হয়। উনি এক সময় শিক্ষক আন্দোলনের সাথে যুক্ত ছিলেন। এই খুন পরিকল্পিতভাবেই করা হয়েছে। এখানে ধারাবাহিকভাবে খুন, সন্ত্রাস সংঘঠিত হচ্ছে বলে জেলাতে একটা বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দুরদর্শনে সম্প্রচার করা হয়েছে তাতে মুর্শিদাবাদ জেলার কংগ্রেস সভাপতি এবং প্রাক্তন সাংসদ তিনি স্টেটমেন্ট দিয়েছেন খুন করেছি আরও করব, খুন করতে লাইসেন্স লাগে নাকি। এইরকম একটা অবস্থা ওখানে চলছে, এতে এলাকার মানুষ আতঙ্কিত। তিনি বর্তমানে বহরমপুর লোকসভা কেন্দ্রের প্রার্থী হয়েছেন। এলাকার মানুষ যাতে শান্তিতে ভোট দিতে পারে তার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করছি।

**শ্রী আবু তাহের খান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। মুর্শিদাবাদ জেলার সি.এম.ও.এইচ.-এর সঙ্গে স্বাস্থ্য দপ্তরের আধিকারিক তারা ২০ লক্ষ টাকার ওষুধ বেআইনিভাবে কিনবার জন্য জেলাপরিষদে ফাইল পাঠিয়েছিল। এর আগেও ১০ লক্ষ টাকার ওষুধ এইভাবেই কেনা হয়েছিল। জেলাপরিষদকে অন্ধকারে রেখে। জেলার স্বাস্থ্য আধিকারিক যদি একের পর এক এইভাবে ওষুধ কেনার জন্য হুকুম জারির জন্য ফাইল পাঠিয়ে দেয় তবে নিশ্চয়ই জিলাপরিষদ এই অবৈধ কাজের সঙ্গে জড়িত থাকবে না। এর আগে আমরা দেখেছি বিগত জিলাপরিষদ এই ধরনের দুর্নীতিমূলক কাজ তারা করেছে, আবার এখন করছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে এটা দেখা হোক। মুর্শিদাবাদ জেলায় শাসকদলের মদতপুষ্ট এই স্বাস্থ্য আধিকারিকরা একের পর এক এইরকম অবৈধ কাজ করছে, এটা দেখা হোক।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পূর্ব-মেদিনীপুরের তমলুকে নন্দীগ্রাম রোটারী এবং হাই রোডে পূর্তদপ্তর থেকে বৈদ্যুতিক আলোর ব্যবস্থা করা হয়েছিল। গত বছর পঞ্চায়েত নির্বাচনের আগে ২৪শে মার্চ বিদ্যুৎ দপ্তর থেকে এর বিদ্যুৎ সংযোগ কেটে দেওয়া হয়। বিদ্যুৎ দপ্তরের কাছে জানতে চাইলে তারা বলে পূর্ত দপ্তর থেকে পাওনা টাকা না পাওয়ার জন্যই তারা লাইন কেটে দিয়েছে। আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে নিবেদন করছি সেখানে আলো না থাকার জন্য বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে, অসামাজিক কাজকর্ম হচ্ছে। সামনেই লোকসভা নির্বাচনের কথা ভেবে ওখানে পূর্ত দপ্তরের কাছে বিদ্যুতের জন্য পাওনা টাকা মিটিয়ে দিয়ে সেখানে বিদ্যুতের ব্যবস্থা করুন।

[1.00 – 1.10 p.m.]

**শ্রী মুস্তাক আলম :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রীকান্তি বিশ্বাসের দৃষ্টি আকর্ষণ করছি। উনি দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর একটা লিখিত জবাব দিয়েছেন দেখলাম। এটা পড়ে মনে হ'ল উনি নিজে একজন শিক্ষক হলেও মন্ত্রী হিসাবে হৃদয়হীন। গড়বেতার সমীর মন্ডল ইংরাজী

পরীক্ষা খারাপ হওয়ার জন্য আত্মহত্যা করেছে। তার ব্যাপারে কিছু উনি বললেন না। শুধু শোক প্রকাশ করলেন এবং সমবেদনা জানালেন। দিস মাচ। এ ব্যাপারে আমি বলতে চাই যে ইংরাজি পরীক্ষার ওইরকম প্রশ্ন করার জন্য পর্ষদ সভাপতিকে বরখাস্ত করা হোক এবং যিনি কোশ্চেন সেট করেছেন তাকে শাস্তি দেওয়া হোক। এবং আজকে যে ছাত্র মারা গেল তার আত্মীয়-পরিজনকে ওই দুজনের পি.এফ এবং গ্রাচুইটির টাকা আদায় করে দেওয়া হোক। এবং যে ৬ লক্ষ ছাত্র-ছাত্রী ওই ইংরাজী পরীক্ষা দিয়েছে তাদের ভবিষ্যতের কথা মনে রেখে গ্রেস দেওয়া হোক না হয় নতুন করে পরীক্ষা নেওয়া হোক

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে পাঁচটা ব্লক আছে। পাঁচটা জেলার বর্ডার আমার এই বাগনান কেন্দ্র। এখান থেকে প্রায় ৫ লক্ষ ডেলি প্যাসেঞ্জার কলকাতা শহরের বিভিন্ন জায়গায় এসে থাকেন। এখানে ২০ হাজার ছোটে-বড় দোকান আছে, অফিস আছে, আদালত আছে। একটা গ্রামীণ হাসপাতালও আছে। কিন্তু ওই একটা হাসপাতালের দ্বারা এলাকার সমস্যার সমাধান করা যাচ্ছে না। রোগী মারা যাচ্ছে। পাঁচটা প্রাইমারি হেল্থ সেন্টার আছে। সেগুলোকে তাই আমি গ্রামীণ হাসপাতাল করার জন্য বারে বারে অনুরোধ করেছি, কিন্তু কাজের কাজ কিছু হয়নি। এর ফলে শ্যামপুকুর এলাকার ওই অঞ্চলের মানুষ মৃত্যুমুখে পতিত হয়ে নদী পথে তমলুকে যেতে বাধ্য হচ্ছে রোগীকে বাঁচানোর জন্য। তাই প্রাথমিক হেল্থ সেন্টারগুলোকে যাতে উন্নত করা যায় তার জন্য আবেদন জানাচ্ছি এবং গ্রামীণ হাসপাতালে জায়গা রয়েছে, সেখানে আরও কিছু বেড করার জন্য অনুরোধ করছি। এছাড়া, ওখানে ন্যাশনাল হাইওয়ে আছে। এবং দেখা যাচ্ছে প্রায় অ্যাক্সিডেন্ট হচ্ছে। সুতরাং ওই হাসপাতালে অর্থোপেডিক ডাক্তার থাকা আবশ্যক। তা না হলে অনেক ক্ষেত্রে রোগী অসুবিধার মধ্যে পড়ছে এবং মারাও যাচ্ছে। আশা করি বিষয়গুলোর প্রতি যথাযথ দৃষ্টি দেওয়া হবে।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরপাড়া স্টেট জেনারেল হাসপাতালে আমাদের হুগলী জেলা শুধু নয়, হাওড়া জেলারও বহু মানুষ চিকিৎসার জন্য আসে। এটা একটা রেফারেল হাসপাতালও বটে। অন্যান্য জায়গা থেকে চিকিৎসার জন্য মানুষকে এখানে পাঠানো হয়। কিন্তু বর্তমানে স্পেশালিস্ট ফিজিসিয়ান একজনই মাত্র রয়েছেন এবং বহু ডাক্তার ছুটিতে চলে গেছেন, অনেক ডাক্তার পদ খালিও রয়েছে। ফিজিসিয়ান পদে একজন মাত্র রয়েছেন। দুজন ওই পদে নেই। ৬ মাসের উপর হয়ে গেলেও একজনও অর্থোপেডিক সার্জেন নেই। যারা ছিলেন ট্রান্সফার হয়ে গেছেন। কোনো ডাক্তারকে স্থায়ীভাবে দেওয়া হচ্ছে না, অস্থায়ীভাবে দু'জনকে দেওয়া হয়েছে। তারাও নিয়মিত আসছেন না। এই অবস্থায় উত্তরপাড়া স্টেট জেনারেল হাসপাতাল প্রচন্ড অসুবিধার মধ্যে পড়েছে। অবিলম্বে শূন্যপদগুলোতে যাতে ডাক্তার দেওয়া যায় এবং যারা ছুটিতে গিয়েছেন তাদের ছুটি ক্যান্সেল করিয়ে জয়েন করানো যায় তার ব্যবস্থা নেওয়া হোক। ধন্যবাদ।

## ZERO HOUR

**ডাঃ রত্না দে (নাগ) :** স্যার, বহু বছর পর ভারতীয় ক্রিকেট দল পাক সফরে পাকিস্তানে পৌঁছেছে। ভারতীয় দলের শুভ কামনা করি। আমরা চাই ভারতীয় দল জিতুক। কিন্তু তার থেকে ক্রিকেটের জয় কামনা ছাড়াও, খেলোয়াড়োচিত মনোভাব নিয়ে ভারতীয় ক্রিকেট দল পাকিস্তানের মানুষের মন জয় করুক। আজকে আমরা দলমতনির্বিশেষে ভারতের জয় কামনা করি। কামনা করি ভারতীয় দল পাকিস্তান এবং ভারতের মধ্যে সু-সম্পর্ক গড়ার ক্ষেত্রে একটা ঐতিহাসিক ভূমিকা নেবে।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি আপনার মাধ্যমে একটা করুণ ঘটনার প্রতি হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। শালবনিতে আমাদের তৃণমূল কংগ্রেসের কর্মী অরুণ ঘোষকে জনযুদ্ধ বলে পুলিশ অ্যারেস্ট করেছিল। তারপর তাকে জানুয়ারী মাসে ছেড়ে দেয়। এরপর ১৮ই জানুয়ারী সি.পি.এম.-এর লোকেরা তাকে তুলে নিয়ে যায়। এর দুদিন পর তার খন্ড-বিখন্ড মৃতদেহ জঙ্গলের মধ্যে পাওয়া যায়। অরুন ঘেশষ শালবনি, গোয়ালতোড় এলাকায় তৃণমূল কংগ্রেসের পতাকা তুলে ধরেছেন। অরুণ ঘোষ খুন হওয়ার পর থেকে তাঁর স্ত্রী অদিতি, মেয়ে পায়েল এবং ছেলে—তারা গ্রামে ঢুকতে পারছেন না। কারণ অরুণ ঘোষের মৃত্যুর ব্যাপারে যাদের নামে এফ.আই.আর. করা হয়েছিল তারা শালবনিতে দিনের বেলায় প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। তাঁর স্ত্রী কোনোদিনই রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন না। সেখানে সি.পি.এমের লোকেরা চাপ সৃষ্টি করে তাঁর স্ত্রী এবং ছেলে-মেয়েকে গ্রামে ঢুকতে দিচ্ছে না। মাননীয় মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গকে শান্তির মরুদ্যান করতে চান। অথচ তৃণমূল কংগ্রেসের কর্মী খুন হওয়ার পর তাঁর স্ত্রী এবং ৯ বছরের মেয়ে ও ৭ বছরের ছেলে সি.পি.এম.-এর অত্যাচারের ফলে গ্রামে ঢুকতে পারছে না। শালবনি, গোয়ালতোড় এলাকায় অরুণ ঘোষ খুব জনপ্রিয় ছিলেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হল যে, তিনি নিহত হওয়ার পর তাঁর স্ত্রী, ছেলে-মেয়েকে গ্রামে ঢুকতে দেওয়া হচ্ছে না। নিহত অরুণ ঘোষের স্ত্রী এবং ছেলে-মেয়েরা যাতে শালবনিতে তাঁদের গ্রামে ঢুকতে পারেন সেজন্য পুলিশি ব্যবস্থা এবং প্রশাসনিক ব্যবস্থা করার আবেদন জানাচ্ছি।

**শ্রী বিমান চক্রবর্তী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার ব্লকে নিউ পি.,ইচ.সি.-তে অধিকাংশ ডাক্তার নেই। গ্রামের লোকের ডাক্তারের দরকার হলে তাদেরকে দূর-দুরান্তে আর.এইচ.সি.-তে যেতে হয়। এজন্য পাতিয়াল-শংকরহাটির মানুষরা দুরাবস্থার মধ্যে আছে। সেখানকার সি.এম.ও.এইচ.-কে এই কথা জানালে, তিনি বলেন যে, 'আর.এইচ.সি.-তে ডাক্তার নেই, আমি পি.এইচ.সি.-তে ডাক্তার দেব কি করে' ? সি.এম.ও.এইচ.-এর সঙ্গে দুদিন দেখা করতে গিয়েছিলাম। কিন্তু তাঁর সঙ্গে দেখা হয়নি। অবিলম্বে পাতিয়াল-শংকরহাটি পি.এইচ.সি.-তে ডাক্তার নিয়োগের জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দার্জিলিং জেলায় গোর্খা হিল কাউন্সিল-এ হেল্থ

ডিপার্টমেন্ট ট্রান্সফার আছে। এখানে হেল্থ ডিপার্টমেন্টে অনেক প্রবলেম আছে। সেই প্রবলেমগুলো মাননীয় মন্ত্রীর কাছে জানানো হয়েছিল। এবং হিল কাউন্সিলের তরফ থেকেও বহুবার এই প্রবলেমগুলো চিঠির মাধ্যমে জানানো হয়েছিল। দার্জিলিং-এ মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে ডি.জি.এইচ.সি.-এর অফিশিয়ালদের একটা মিটিং করা হবে বলে ঠিক করা হয়েছিল। কিন্তু আজকে ৩ বছর ধরে এই মিটিং হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় শিলিগুড়িতে এসে মিটিং করে যাচ্ছেন, কিন্তু দার্জিলিং-এ আসার টাইম তিনি পাচ্ছেন না। দার্জিলিং-এ গোর্খা হিল কাউন্সিলের হেল্থ ডিপার্টমেন্টকে যাতে সুষ্ঠুভাবে কাজ করানো যায় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আবার আবেদন করছি যাতে এই প্রবলেমগুলো তাড়াতাড়ি শর্ট আউট করা যায়।

**শ্রী অশোক কুমার দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা হাউসে বার বার বলেছি এবং গত ২ দিন আগে মন্ত্রী বলেছেন। মাননীয় মন্ত্রী সূর্যকান্ত মিশ্র মহাশয় বলেছিলেন। কিন্তু দেখা যাচ্ছে যে, বার বার বলার পরেও হসপিটালে একই অবস্থা দাঁড়াচ্ছে।

[1.10 p.m.—1.20 p.m.]

গতকাল মেডিকেল কলেজে একটা বাচ্ছা শিশুকে কেন্দ্র করে সেখানে একটা অশান্তি হয়। তাহলে বারবার এই বাচ্ছা মারা যাচ্ছে আর মন্ত্রী এসে দুঃখ প্রকাশ যদি করেন এবং আবার ওই ঘটনা যে ঘটবে না এটা আমরা বুঝতে পারছি না। এটা একটা তদন্ত হওয়ার দরকার। কেন ঘটনা ঘটছে। মানুষ যাচ্ছে হাসপাতালে তাদের ট্রিটমেন্ট করছে না। সেখানে যদি মারা যায় তাহলে হাসপাতালে যাওয়াও বন্ধ হয়ে যাবে। এমনিতে তো আদালতে যাওয়া বন্ধ হয়ে যাচ্ছে। হাসপাতালে গরীব লোকেরা যায়, গ্রামের লোকেরা যায়, সেখানে আপনারা চেষ্টা করছেন কি করে সেটাও বন্ধ করা যায়। তাহলে গরীব লোকেরা যাবে কোথায় ? তাই হাসপাতালে যাতে ট্রিটমেন্ট দেওয়া হয়, যাতে সঠিকভাবে কাজ হয়, ডাক্তাররা যাতে এগিয়ে আসেন তার চেষ্টা করবেন, এবং যাতে তারা ভালো বিহেব করেন। আমরা সকলেই জানি যে, আপনারা ওপর মহলের নির্দেশ অনুযায়ী কাজ করেন। আপনারা যদি তাইই পরিষ্কার করে বলে দেন তাহলে হাসপাতালে রোগী ভর্তি হবে না। আমরা আশা করব এই ব্যাপারে তদন্ত হোক এবং আগামী দিনে যাতে এই ধরনের ঘটনা না ঘটে তার তদন্ত হওয়া দরকার। এবং যে মারা গেছে সেটা যদি কারোর গাফিলতির কারণে মারা যায়, তাহলে তার জন্য দায়ী কে এবং তার শাস্তির ব্যবস্থা করবেন।

**শ্রী জানে আলম মিঞা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যসরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সুতি বিধানসভা এলাকার নিমতিতা, ঔরঙ্গাবাদ, নুরপুর এবং মুর্শিদাবাদ জেলা বর্ডার এলাকা। এখানে বি.এস.এফের অত্যাচার বাড়ছে। গ্রামের চাষীরা বর্ডার এলাকায় জমি চাষ করতে পারছে না বি.এস.এফের নিত্য নতুন ফরমানের জন্য। শুধু তাই নয়, আপনারা জানেন যে ইতিপূর্বে নিমতিতায় স্কুলের ছাত্র সিদ্ধার্থ সিংহকে গুলি করে মারে। এই কয়েকদিন হল স্থানীয় একজন ব্যবসায়ী নজরুল ইসলামকে দুজন বি.এস.এফের

জওয়ান হোটেলে গিয়ে মারধর করে এবং তার কাছ থেকে টাকা-পয়সা চায়। আপনারা খবরে জেনেছেন যে কয়েকদিন আগেও নিমতিতায় গঙ্গা নদীতে একজন মৎস্যজীবী মাছ ধরতে গিয়েছিল, তাদের জালে একটা মোটর সাইকেল ওঠে, এবং তারা সেই মোটর সাইকেল সুতি থানায় জমা দেয়। এই কারণে বি.এস.এফের জওয়ানেরা তাদের মারধর করে এবং মোটর সাইকেল ফিরিয়ে এনে তাদের কাছে জমা দিতে বলে। এছাড়া বি.এস.এফের দ্বারা স্থানীয় মহিলারা নির্যাতিতা হচ্ছে। এই কারণে রাজ্যসরকার-এর দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এখানে মাননীয় ক্রীড়ামন্ত্রী মহাশয় আছেন। বাঁকুড়া জেলায় জাতীয় ক্রীড়া এবং শক্তি সংঘ ১৯৭২ সালে হয়। কিশোর-কিশোরী, ছাত্র, যুবক-এর শারীরিক এবং মানসিক সুষম বিকাশ-এর মধ্য দিয়ে সু-শৃঙ্খল সেবাপরায়ণ নাগরিক গঠনের জন্য এটা তৈরি হয়েছে। সেখানে তারা একটা নতুন প্রতিষ্ঠান করতে চায়। আইলাকান্দি মৌজায় ১ একর জমি বাঁকুড়া শহরের উপর, তারা সেখানে নেতাজী সুভাষচন্দ্র ক্রীড়া ও সাংস্কৃতিক চর্চা কেন্দ্র-এর একটা প্রকল্প করতে চায়। এই প্রকল্প যদি হয়, এই প্রকল্প হলে সেখানে ক্রীড়া ও সাংস্কৃতিক দিক থেকে চর্চাটা বাড়াতে পারবে এবং এটার জন্য আনুমানিক প্রায় ৫৭ লক্ষ ৪০ হাজার টাকা সেখানে খরচ হবে। এই প্রকল্পটাকে তিনটে ভাগে ভাগ করা যেতে পারে। বাণিজ্যিক এবং পরিষেবা কেন্দ্র গড়া সম্ভব। সর্বস্তরের খেলাধূলার মাঠ যেমন করা সম্ভব তেমন শিশুদের জন্য বিনোদন কেন্দ্র গড়াও সম্ভব। বাঁকুড়া বাস টার্মিনাসটির নাম দেওয়া হয়েছে 'নেতাজীনগর বাস টার্মিনাস'। সে অনুযায়ী এই কেন্দ্রটিও নেতাজী সুভাষচন্দ্র বসুর নামেই করা যেতে পারে। এ বিষয়ে ক্রীড়ামন্ত্রী তথা সরকারকে অনুরোধ করছি, ওখানে কিছু টাকা মঞ্জুর করা হোক, তাই দিয়ে এই কেন্দ্রটি সুন্দরভাবে গড়ে তোলা হোক।

**শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, নদীয়া জেলার করিমপুরে এবং মুর্শিদাবাদ জেলার ডোমকলের মধ্যবর্তী ভৈরব নদীর ওপর একটা ব্রিজ নির্মাণের বিষয়টি অনেকদিন আগে স্যাংশান হয়ে, টেন্ডার হয়ে পড়ে আছে। কাজ শুরু হচ্ছে না। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এ বিষয়ে ইতিপূর্বেও আমি মাননীয় পূর্তমন্ত্রীর অনেকবার দৃষ্টি আকর্ষণ করেছি। তাঁর সঙ্গে ব্যক্তিগতভাবেও দেখা করেছি, তিনি আমাকে বলেছিলেন কাজ শুরু হবে। কিন্তু এখনো সে কাজ শুরু হয়নি। ব্রিজটি নির্মিত হলে আমাদের এই এলাকার মানুষের বহরমপুর এবং কৃষ্ণনগরের সঙ্গে যোগাযোগের সুবিধা হবে। তাই আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর পুনরায় দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই ব্রিজের কাজ শুরু করা যায়। ধন্যবাদ।

**শ্রী মোস্তাক আলম :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি একটা বিষয়ের প্রতি কৃষি বিপণন মন্ত্রী শ্রীমতী ছায়া ঘোষের দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার হরিশচন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের তুলসীহাটা মার্কেটিং-এর অন্তর্গত একটা বাজারের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছিল, ডি-মার্কেট করা হয়েছিল, একটা 'এল' প্যাটার্নের রাস্তাও

হয়েছিল, কিন্তু তারপর আর এক ইঞ্চি কাজও এগুলো না। একটা প্রোজেক্ট সম্পূর্ণ করতে হলে কাজের কনটিনিউয়েশন রাখা দরকার। কিন্তু এ ক্ষেত্রে তা আমরা লক্ষ করছি না। তাই আমি বিষয়টির প্রতি মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি বিষয়টা নিয়ে মন্ত্রীর সঙ্গে দেখা করেছি। কিন্তু তাঁর সদিচ্ছার কোনো প্রমাণ পাইনি। কারণ তিনি এ বিষয়ে কোনো খোঁজই রাখেন না। ওখানে একটা মার্কেটিং-এর পক্ষ থেকে জমি যে অধিগ্রহণ করা হয়েছে তাই তিনি জানেন না! তথাপি আমি আপনার মাধ্যমে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তুলসীহাটার কাজ সম্পূর্ণ করে বাজারটি শুরু করার ব্যবস্থা করুন।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে যে সংস্কৃত চতুষ্পাঠীগুলি বা টোলগুলি আছে তার অধ্যাপকদের নির্দিষ্ট কোনো বেতন নেই। তাঁরা বেতন পান না, একটা ভাতা পান। কিন্তু সেই ভাতা তাঁরা আজ ১২ মাস ধরে পাচ্ছেন না। ফলে তাঁরা খুবই আর্থিক দুর্ভোগের মধ্যে আছেন। তাঁরা বারবার রাজ্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছেন, কিন্তু বিগত ১২ মাস ধরে ভাতা পাচ্ছেন না। অবিলম্বে শিক্ষকদের প্রাপ্য ভাতা মিটিয়ে দেওয়ার জন্য আমি মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি। ধন্যবাদ।

**শ্রী কল্লোল খাঁ :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুক্যমন্ত্রী এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার গান্ধী মেমোরিয়াল হাসপাতাল হৃদরোগের দীর্ঘদিনের একটা সুচিকিৎসা কেন্দ্র হিসাবে পরিচিত। বর্তমানে এই হাসপাতালটির সারজেন সুপার ডাঃ নন্দদুলাল ভট্টাচার্য হাসপাতালে থাকছেন না। কারণ তিনি ওখানে 'আন্তরিক' নামে একটা বেসরকারী হৃদরোগ চিকিৎসাকেন্দ্র গড়ে তুলেছেন। সেখানে এই হাসপাতালের আরো তিনজন ডাক্তার, ডাঃ সিদ্ধার্থ মুখার্জী, ডাঃ সুবল ভট্টাচার্য এবং ডাঃ পুরকায়স্থও যুক্ত হয়েছেন। ফলে এখন বিভিন্ন প্রান্তের মানুষরা গান্ধী মেমোরিয়াল হাসপাতালে গিয়ে চিকিৎসার সুযোগ পাচ্ছে না। গান্ধী মেমোরিয়াল হাসপাতালের চিকিৎসা ব্যবস্থা একদম ভেঙে পড়েছে। এছাড়াও ডাঃ নন্দদুলাল ভট্টাচার্য ৬০ লক্ষ টাকা ব্যয় করে একটা প্রাসাদ গড়ে তুলেছেন। আমার অনুরোধ স্বাস্থ্য দপ্তর তথা সরকার বিষয়টা সরেজমিনে তদন্ত করে দোষী প্রমাণিত হলে এই ডাক্তারদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার ব্যবস্থা করুক।

[1.20—2.00 p.m. (including adjournment)]

**শ্রী চিত্তরঞ্জন রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাসের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি ইতিপূর্বে এই সভায় এসে ইংরাজি প্রশ্নপত্রের ব্যাপারে বিবৃতি দিয়েছেন। তার সঙ্গে এইটুকু সংযোজন করতে চাই, যে বা যারা এই প্রশ্নপত্রের সঙ্গে যুক্ত তাদেরকে ব্ল্যাক-লিস্টেড করা হোক। অর্থাৎ মাধ্যমিক পরীক্ষার খাতা যারা দেখেন তাদের ক্ষেত্রে দায়িত্বহীনতার পরিচয় পেলে মধ্যশিক্ষা পর্ষদ যেমন তাদেরকে চিরদিনের মতো এগ্‌জামিনারশিপ থেকে বঞ্চিত করেন,

অনুরূপভাবে যারা কোশ্চেন সেট্-আপ করেছিলেন বা এর সঙ্গে যুক্ত ছিলেন তাদেরকে ব্ল্যাক-লিস্টেড করা হোক এই আবেদন জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি এখানে আছেন। গতকাল উনি একটা মিটিং ডেকেছিলেন ভারত স্টেজ-২ করতে হবে আগামী ২ এপ্রিলের মধ্যে। তিনি মিটিংটা ডেকেছিলেন সমস্ত পরিবহণের সঙ্গে যুক্ত যাঁরা আছেন—ইউনিয়ন এবং সরকারপক্ষ সকলকে। হাইকোর্ট যে রায় দিয়েছেন তাতে পরিষ্কারভাবে দুটি কথা বলা আছে। একটা হচ্ছে, সি.এন.জি., এল.পি.জি. অর এনি আদার মোড লাগানো যাবে। অর্থাৎ ভারত সরকারের যে ফুয়েল পলিসি তাতে বলা আছে, এল.পি.জি., সি.এন.জি. অর এনি আদার মোড। যে কোনো ধরনের মোড অ্যাপলাই করা যাবে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের একটা নির্দেশ সামনে রেখে বলছেন, বিশেষ করে যে ৪টে কোম্পানীর উপর তাদের রেকমেন্ডেশন আছে তারা ছাড়া কেউ লাগাতে পারবে না এবং তার জন্য খরচ হবে ১৮ হাজার টাকা। অথচ বিভিন্ন স্বীকৃত সংস্থার কিট যার দাম ৩ হাজার ৯০০ টাকা কিম্বা ৪ হাজার টাকা বা ৫ হাজার টাকা সেগুলোও লাগানো যেতে পারে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার বলছেন হাইকোর্টের নির্দেশ মেনে চলতে হবে। হাইকোর্ট যে নির্দেশ দিয়েছেন তাতে কিন্তু কোনো একটি বিশেষ কোম্পানীর কথা বলেননি। পশ্চিমবঙ্গ সরকার হাইকোর্টের নির্দেশ না মেনে কোনো একটি বিশেষ কোম্পানীকে সহানুভূতি দেখাবার জন্য বেশি দামে যন্ত্র লাগাবার জন্য চেষ্টা করছেন কলকাতা শহর এবং শহরতলিতে। আমাদের রাজ্যে ২৫ হাজার অটো আছে যাদের মালিকরা গরীব। তাদের পক্ষে ১৮ হাজার টাকা দিয়ে কিট লাগানো অসম্ভব ব্যাপার, তারা হয়তো ৩-৪ হাজার টাকায় লাগাতে পারে। সুতরাং সেই ব্যবস্থা করা দরকার। এল.পি.জি., সি.এন.জি. অর এনি আদার মোড যেখানে বলা আছে সেখানে ৩ হাজার ৯০০ টাকায় যেখানে লাগানো যায় সেখানে কেন ১৮ হাজার টাকার কিট লাগবে, বিশেষ একটা কোম্পানীর কিট কেন লাগানো হবে ? মাননীয় মন্ত্রীমহাশয় এখানে আছেন, তিনি সহানুভূতিশীল, ভারত সরকার এবং হাইকোর্টের রায় মেনে বলছি, যে কোনো কিট লাগানো যেতে পারে যদি সেই যন্ত্র দূষণের মাত্রা ঠিক রাখে।

**শ্রী সুভাষ চক্রবর্তী :** মাননীয় সদস্য যে বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন সেই বিষয়টি খুবই জটিল এবং গুরুত্বপূর্ণ, সমগ্র কলকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চলের যান-বাহন পরিশুদ্ধ এবং পরিচালন ব্যবস্থা ভীষণভাবে যুক্ত, সামগ্রিকভাবে নাগরিক স্বার্থ, সঞ্চালনের গতি, অর্থনৈতিক কর্মকাণ্ড সব কিছুই পরিবহন ব্যবস্থার কার্যকারিতার সঙ্গে নির্ভরশীল। ২ এপ্রিল কোর্টের সময়সীমা যেটা আছে এই সম্পর্কে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর পরামর্শ নিয়েছি, অ্যাডভোকেট জেনারেলের সঙ্গে কথা বলেছি। প্রথমত পরিকাঠামো পরিবর্তন—হাইকোর্ট বা কেন্দ্রীয় সরকার ভাবছে বলে যেভাবে এসেছে সেই পরিকাঠামো পরিবর্তনের আঙ্গিক এই মুহূর্তে আমাদের প্রস্তুত নয়। কারণ কয়েক লক্ষ গাড়ি এর সঙ্গে জড়িত, বহু গাড়ির ইঞ্জিন বাতিল করতে হবে, ফুয়েলে রূপান্তর করতে হবে। সামান্য যে সময় আছে—

যদিও ১ বছর আগে থেকে অর্ডার হয়েছে—এখনো পর্যন্ত তার ফলশ্রুতি, বাস্তবে সুনির্দিষ্ট ব্যবস্থা সরকার যা যা নিচ্ছে সেটাকে সামনে রেখে করার মতন তৈরি হয়নি। তাই আমরা কোর্টের কাছে যাচ্ছি কিছুটা সময় যাতে পাই। স্থির, নিশ্চিত, দৃঢ়বদ্ধ দূষণমুক্ত কলকাতা করার জন্য যান-বাহনগুলির ক্ষেত্রে যে ব্যবস্থা নিতে হবে সেটা নিশ্চয়ই কার্যকরী করব নাগরিকদের স্বার্থে, জনস্বার্থে, সেই সঙ্গে আর্থিক সঙ্গতি এবং ওই আঙ্গিক যা আছে তাকে গড়ে তোলার জন্য যে সময়, সেই সময় দেবার জন্য আমরা কোর্টের কাছে যাব। উনি যেভাবে বলেছেন যে সরকার একভাবে করছে, কোর্টে একভাবে করছে। সেটা তা নয়। আমি কোর্টের নির্দেশাবলি অর্থবহভাবে প্রয়োগ করতে চাই। তাতে যে যে সমস্যা আছে—কোর্টের পরামর্শ সুপারিশ ছাড়া করা যায় না। আমি এই মাসের মধ্যে যাব। তার পরামর্শ এই সম্পর্কে ক্ল্যারিফিকেশানের দরকার আছে। আমি পেলে এটা করব।

**মিঃ ডেপুটি স্পীকার** : এখন বিরতি, আবার আমরা মিলিত হব ২টার সময়।

(এই সময় সভার বিরতি হয়)

## After Recess

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS 2004

[2.00 – 2.10 p.m. (after adjournment)]

**শ্রী অসিত মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় রাজ্যপাল মহোদয় অসমাপ্ত হলেও—এই কথাটা বরং সংশোধন করে বলা ভাল সামান্য একটা অংশ হলেও—যে বিবৃতি পাঠ করেছেন ২০০৪ সালে সংবিধানের নিয়ম অনুযায়ী, তার ওপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব মাননীয় পদ্মবাবু এনেছেন সুব্রতবাবু তাকে সমর্থন করেছেন, আমি তার চরম বিরোধিতা করে এবং আমার দলের এবং অন্যান্য দলের মাননীয় সদস্যদের আনা সংশোধনীগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শুরু করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনাকে যে কথা বলতে চাই সেটি হল এই যে, মাননীয় বুদ্ধবাবু তিনি আজকে এখানে উপস্থিত আছেন। এটা খুব ভাল লাগছে যে তিনি আলোচনার শুরু থেকে উপস্থিত আছেন। তাঁকে নিয়ে আমাদের বিধানসভার সৌভাগ্য যখন এই শেষ মুহূর্তে ডিসকাশন শুরু হচ্ছে, শেষ দিনে তিনি এখানে উপস্থিত আছেন। আমরা এটা কি কেউ আশা করতে পারি যে, বিধানসভায় শুধুমাত্র একজন মন্ত্রী উপস্থিত থাকবেন, বিধানসভায় দুজন মন্ত্রী উপস্থিত থাকবেন, আড়াইজন মন্ত্রী উপস্থিত থাকবেন আর মাননীয় মুখ্যমন্ত্রী তিনি এই বিধানসভায় উপস্থিত থাকাটাকে তাঁর সংসদীয় কাজকর্মের মধ্যে রাখেন বলে মনে হয় না। আমি তাঁকে যে সংস্কৃতিবান মানুষ বলে জানি, এটা কিন্তু আমার খটকা লাগে। এটা আমি বানিয়ে বলছি না। বিশেষ করে, তিনি আলোচনার সময়ে অনুপস্থিত থেকেছেন এবং বাইরে গিয়ে মন্তব্য করেছেন। আমার ভালো লাগতো, আপনি যে অল পার্টি মিটিংয়ে বলেন, আপনাদের বক্তব্যে গুরুত্ব থাকা চাই, আপনাদের উপস্থিত থাকা চাই, মাননীয় অধ্যক্ষ মহোদয়, উপস্থিত থেকে মাননীয় মুখ্যমন্ত্রী যখন মন্ত্রীসভায় পৌরহিত্য করবেন তখন যেন বলেন,

মাননীয় মন্ত্রীরা দয়া করে এক আধবার বেড়াবার জন্য হলেও বিধানসভায় আসেন। তাহলে আমরা খুশী হব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের এই যে ভাষণ দিচ্ছেন এই ব্যাপারে আমাদের নেতা শ্রী অতীশবাবু বলেছিলেন এই ১৭৬ ধারা অনুযায়ী যে বন্দোবস্ত আছে এটাকে বিলুপ্ত করা উচিত। আমাদের সংবিধান সংশোধনের এই আওয়াজ যদি পশ্চিমবঙ্গ থেকেই আসে এবং পশ্চিমবঙ্গের বিধানসভাতেই যদি এই বিতর্কের সৃষ্টি হয় তাতে আপত্তির কি আছে, কারণ হোয়াট বেঙ্গল থিংকস টুডে, ইন্ডিয়া থিংকস টুমরো। আমি তাই বলতে চাই একটা বিতর্কের মধ্যে সরকারিভাবে এই ১৭৬ ধারাতে মন্ত্রিসভার অনুমোদিত একটা লেখা যেটা মাননীয় রাজ্যপাল পাঠ করেন, সেটা বন্ধ করা যায় কিনা। এমন কিছু গন্ডগোল হয়নি বিধানসভাতে যে রাজ্যপাল তাঁর ভাষণ শেষ করতে পারেননি। এখানে কেউ তাঁকে পেপার ওয়েট ছুঁড়ে মারেনি, কেউ তাঁকে পচা ডিম ছুঁড়ে মারেনি, তা সত্ত্বেও রাজ্যপাল বিরক্ত হয়ে বিবৃতিটি নিয়ে তার প্রথম প্যারা পড়ে এবং শেষ প্যারা পড়ে সমস্ত সদস্যদের ধন্যবাদ জানিয়ে বিধানসভার থেকে বিদায় নিয়েছেন। আসলে মন্ত্রিসভার অনুমোদিত লেখার মধ্যে অনেক ফাঁক থেকে গেছে। ফলেই তিনি পড়তে চাননি। রাজ্যপাল ভাষণে কে এল ও জঙ্গির কথা বলেছেন, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন—হ্যাঁ, আমরা কিছুটা এই ব্যাপারে সফল হয়েছি এই বিষয়ে বলতে কোনো সন্দেহ নেই। কিন্তু এই সফলতার পেছনে রয়াল ভুটান আর্মি বা কেন্দ্রীয় সরকারের সদর্থক কোনো ভূমিকা কিভাবে কাজ করেছে সেটা বললে ভালো করতেন। তাহলে পরে অনেকটা আশ্বস্ত হতে পারতাম। কে এল ও জঙ্গীদের আক্রমণ রোধ করা গেছে জানি কিন্তু উত্তরবঙ্গের মানুষ যেভাবে দারিদ্রতার মধ্যে বাস করছে এবং এই কথা যেভাবে চিত্তবাবু বললেন তাতে আমার মনে হয় যে কোনো সময়ে ওখানকার মানুষেরা কে এল ওর কাছে আত্মসমর্পণ করবে। তারপরে রাজ্যপালের ভাষণের মধ্যে আই এস আইয়ের ব্যাপারে কোনো কথা লেখা নেই। তাহলে কি মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে হয় পশ্চিমবঙ্গে আই এস আইয়ের চক্র কি তাহলে একেবারে নেই ? অথচ দুমাস আগেই মাননীয় মুখ্যমন্ত্রী একটি সংবাদপত্রে বলেছিলেন এই আই এস আই সম্পর্কে। জানি ওই সাংবাদিকের লেখা ঠিক না ভুল সেটা আপনিই বলতে পারবেন। আপনারা বলেছেন এম সি সি এবং পি ডাব্লু ডির আক্রমণ অত্যন্তভাবে বেড়ে গেছে এবং বিষয়টি অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখতে হবে। তবে আপনাদের সাথে হিন্দুত্বের ধ্বজা উড়িয়ে বিজেপিও পিছিয়ে নেই। লালকৃষ্ণ আদবানী ভারত উদয় এই ভাবনা নিয়ে এক রথযাত্রা শুরু করেছেন এবং একটা সাম্প্রদায়িকতার সুড়সুড়ি দেবার চেষ্টা করছেন। এই ব্যাপারে আমরা আপনাদের সঙ্গে একমত যে কেন্দ্রীয় সরকার ধর্ম নিরপেক্ষতার বাতাবরণ সৃষ্টি করে যেভাবে ফিল গুড এই শ্লোগান দিয়ে বাহবা নেবার চেষ্টা করছেন, আদৌ কিন্তু তা নয়, কৃষকদের দারিদ্রতা বেড়েছে, এতে দুর্নীতি আছে এই বিষয়ে কোনো সন্দেহ নেই। সুতরাং এই কথা খুব জোরের সঙ্গে বলতে পারি যে, একথা আগেও বলেছি এখনো বলছি কংগ্রেস কড়নো বিজেপিকে সমর্থন করবে না এবং কোনো সমঝোতা ওদের সঙ্গে হবে না। তাতে যদি কংগ্রেস জিততে নাও পারে তাও নয়। এবং আগামীদিনেও এইভাবে চলার চেষ্টা করব এই বিষয়ে কোনো সন্দেহ নেই। মাননীয় মুখ্যমন্ত্রীকে জানাই, রাজ্যপালের ভাষণে দুটি বাধার কথা বলেছেন। ওই দুটি বাধার মধ্যে একটি হল উন্নয়ন আরো বেশি করতে হবে, যেটা ঠিক হয়নি।

এটা তো আপনি স্বীকার করবেন যে, জ্যোতিবাবু দীর্ঘ ২৬ বছর রাজত্ব করে গেছেন, তখন তো আর সিদ্ধার্থ শংকর রায় ছিলেন না, তাহলে কেন ঝাড়গ্রামের বেলপাহাড়িতে, বাঁশপাহাড়ি এবং বীনপুর, খাতরা, রানিবাঁধ, এবং জামবনী এইসব অঞ্চলে কোনো উন্নতির আলো নেই। আপনি বেলপাহাড়িতে জনসভা করে আসার পরেই বান্দোয়ানে পুলিশ খুন হল। সুতরাং আপনারা কোন উন্নয়নের কথা চিন্তা করছেন। আজকে একবিংশ শতাব্দীর লগ্নে এসে আপনাদের ভাবতে হবে বাবুই ঘাসের দামও বাড়াতে হবে।

[2.10 – 2.20 p.m.]

সাবাই ঘাস কিনতে হবে। নেপাল মাহাত দাবি জানিয়েছেন, আমিও দাবি জানাচ্ছি। আপনাকে ভাবতে হবে কেন্দুপাতার দাম বাড়াতে হবে। তা না হলে মানুষগুলি বাঁচবে না। এটা কি বন্দোবস্ত হল, আপনি ৩-৪ বছর ধরে এই কথা বলছেন, কিন্তু কোনো ব্যবস্থা হয়নি। মাননীয় মুখ্যমন্ত্রী মাঝে মাঝে আমার দুঃখ হয়, এই কথা ভেবে, আপনার কথা কি আপনার দল শোনে ? আপনার কাছে একবার ডেপুটেশানে গিয়েছিলাম, সৌমেন বাবুর নেতৃত্বে, আপনি জোর গলায় বলেছিলেন, আমরা যখন আপনাকে বলতে চাইছিলাম, আপনি পুলিশকে নিরস্ত করুন, সাধারণ মানুষকে যেন গ্রেপ্তার না করেন। যে কোনো যুবককে যেন গ্রেপ্তার না করেন। বান্দোয়ান থেকে শুরু করে বেলপাহাড়ি বাঁশপাহাড়ি এলাকার সাধারণ মানুষকে এদেরকে জনযুদ্ধের নেতৃত্বের সঙ্গে যুক্ত করে দিলেন, বললেন এরা জনযুদ্ধ এম সি সি-র সঙ্গে যুক্ত রয়েছে। আমি বলছি, আপনি নির্ভীকভাবেই বলেছেন, ওদের হাত কোনোদিন শক্ত হবে না, আমি তাদের হাত ভেঙে দিয়েছি। এটা আত্মবিশ্বাস নাকি ঔদ্ধত্য ? এটা যদি ঔদ্ধত্য হয় তাহলে এটা ক্ষমা করা যায় না, আর যদি আত্মবিশ্বাস হয় তাহলে কোথাও সেখানে ক্রটি আছে এর রসদ জোগানোতে। কোথায় ক্রটি—কোন অফিসার, বা পার্টির নেতা বা কর্মচারী এই রসদ জোগাচ্ছেন। এই যে অসিত সরকার, গ্রেপ্তার হওয়ার পরে সব কিছু শেষ হয়ে গেছে যদি ভাবেন, সেইজন্য আমি আপনাকে বলতে চাই, এটা কিন্তু পথ নয়। আমি আপনাকে বলছি, এরা যখন দিনের পর দিন অত্যাচারিত হয়েছে, যখন গ্রেপ্তার হয়েছে, তার পরে তারা সেই জায়গায় আবার চলে গেছে। আমি আপনাকে বলি, আপনি যখন ছাত্র নেতা ছিলেন, তখন যুব ফেডারেশানের পতাকা কাঁধে ছিল, তখন নকশাল আন্দোলন চলছিল, সেই সময় কংগ্রেস আমলে আমরা দেখেছি কিছু কিছু পুলিশ অফিসার তারা যে কোনো যুবক বা ছেলেকে দেখলে কোলকাতার টালা থেকে টালিগঞ্জ পর্যন্ত, হাওড়া থেকে শুরু করে দার্জিলিং পর্যন্ত যদি কেউ প্রোটেস্ট করত তখনি তাদেরকে ওরা বলতেন এরা নকশালবাড়ির আন্দোলনের সঙ্গে যুক্ত। এদের গ্রেপ্তার করা উচিত। আপনি সেই ধরনের আমলাদের সঙ্গে নূতন করে ঐক্যবদ্ধ হচ্ছেন ? আমি আপনার কাছে বলতে চাই, এটাই পথ নয়। আপনাকে কে বলেছিল, আপনি বান্দোয়ানে যান ? সেখানে আপনি দাঁড়িয়ে বললেন, মেইন স্ট্রিমে তোমরা ফিরে এসো। তারপরে বললেন, পুলিশ যা করছে, ঠিক করছে, আমি আপনাকে বলছি, পুলিশ ঠিক করছে না। যারা সত্যিকারের জনযুদ্ধের নেতা তাদের প্রেপ্তার করুন। তাদেরকে গ্রেপ্তার না করে অসহায় মানুষদের প্রেপ্তার করছেন। আর তারা জনযুদ্ধের কাছে সারেন্ডার করছে জেল থেকে

বেরিয়ে। তার পরে যখন ওদেরকে মিথ্যা মামলায় গ্রেপ্তার করা হল, মাননীয় মুখ্যমন্ত্রী আমি আপনাকে বলতে চাই, বান্দোয়ানে আপনার বক্তব্যই পুলিশকে খুন হতে সাহায্য করেছে। আমি বলতে চাই, আমাদের সঙ্গে জনযুদ্ধের যোগাযোগ নেই, আপনাদের নেতা যে কথা বলেছেন, আমি টিভিতে দেখেছি, জনযুদ্ধ কংগ্রেসকে মারে না, টি এম সি-র লোকেদের মারে না, বি.জে.পি.-র লোকেদের মারে না। খালি আমাদের কর্মীদের মারছে। এর কারণ কি, আপনারা যারা শাসন কর্তা, তারা ওই সমস্ত অসহায়, শোষিত, মানুষগুলি যাদের উগর অত্যাচার করেছেন, বেলপাহাড়ী বাঁশপাহাড়ীতে, তাদের বন্দুকের নল তাই আপনাদের দিকেই ঘুরিয়েছে, যেরকম আপনারা বন্দুকের নল আমাদের দিকে ঘুরিয়ে দেন যখন নির্বাচন আসে। তাই এই অবস্থায় আমি আপনার কাছে প্রশ্ন করতে চাই, এটা কেন হচ্ছে ? এর উত্তর আপনি দেবেন। আমরা বলছি, এটা পথ নয়, মাননীয় মুখ্যমন্ত্রী আমি একটা কথা আপনাকে কি জিজ্ঞাসা করতে পারি, চার বছর ধরে চেষ্টা করার পরেও আপনি কি ঘোষণা করবেন, আপনি কি চিন্তা-ভাবনা করছেন কে এল ও, জনযুদ্ধ, এম সি সি-কে নিষিদ্ধ করবেন ? এটা আমি দাবি করছি না, যদি ওদেরকে নিষিদ্ধ না করেন তাহলে আপনার কথাই বলছি, ওদেরকে মেইন স্ট্রিমে ফিরিয়ে আনার জন্য যে বন্দোবস্ত নেওয়া দরকার, সেটা করুন। আপনি শুনবেন না, কিছু ঘুষখোর পুলিশ অফিসারের কথা। আপনার দলের কিছু দুর্নীতিপরায়ণ নেতার কথা শুনবেন না, ওদের কথা শুনে আপনি নিয়ন্ত্রণ করতে যাবেন না, এটা আপনার পথ নয়। মাননীয় মুখ্যমন্ত্রী আপনি একজন বিদগ্ধ মানুষ, পণ্ডিত মানুষ, আমার নিজের অভিজ্ঞতা থেকে বলছি, আমি ওই জায়গায় গিয়েছি, আমি আপনার কাছে বলছি, আপনাকে এই কথা ভাবতে হবে, আজকে বেলপাহাড়ীর ঘটনা প্রমাণ করে দেয়, এই ঘটনার জন্য টি এম সি দায়ী নয়। এর জন্য কংগ্রেস দায়ী নয়, এর জন্য অন্য কোনো রাজনৈতিক দল দায়ী নয়। আমার বলতে কোনো দ্বিধা নেই মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি বিপথে পরিচালিত হয়ে বান্দোয়ানে গিয়ে যে ধরনের ঔদ্ধত্য দেখিয়েছিলেন তারই বহিঃপ্রকাশ ঘটেছে বেলপাহাড়িতে। এই জিনিস আপনি করবেন না, এই জিনিস করলে ফল ভালো হবে না। আপনি বলেছেন ল্ অ্যান্ড অর্ডার সিচ্যুয়েশান ভালো এবং নোটিশেবেল ডেভালপমেন্ট হয়েছে, উল্লেখযোগ্য কোনো ঘটনায় নাকি হয়নি। আমি একটা উদাহরণ দিচ্ছি, ২০০২ সালে কলকাতায় ডাকাতি হয়েছিল ১৮টি, ২০০৩ সালে ৩৩টি এবং ২০০৪ সালের প্রথম মাসেই ডাকাতি হয়েছে ১৬টি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই এটা কি উন্নতির লক্ষণ ? আজকে প্রতিদিনই ধর্ষণের ঘটনা ঘটছে। আপনারা যখন আন্তর্জাতিক নারী দিবস পালন করছেন তখন বর্ধমানের বোনেরা কাঁদছিল, বহরমপুরের ১৩ বছরের কিশোরী ন্যাশনাল হাইওয়ের ধারে দাঁড়িয়ে কাঁদছিল। এখনো অবধি দোষীদের গ্রেপ্তার করা হল না, তাদের বিচারের কোনো ব্যবস্থা করা হল না। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে দলের উপরে নির্ভর করেই তিনি চলবেন। আজকে সেই দলের অবস্থাটা কি দেখুন ? আপনারাই বলছেন দলের মধ্যে অবাঞ্ছিত লোক ঢুকে গেছে। আপনিই একসময় বলেছিলেন দলের মধ্যে বেনোজল ঢুকেছে এবং এই বেনোজল ক্লিয়ার করতে হবে। আপনাদের রাজ্য কমিটির সম্পাদক ২৮.২.২০০৪ তারিখে বলেছেন—'পশ্চিমবঙ্গে অবাঞ্ছিত লোকজন সি.পি.এম. দলের ঘনিষ্ঠ হতে চাইছে'। এটা আমার কথা নয়, আপনাদের দলের রাজ্য কমিটির

সম্পাদকের কথা। সেখানে এক জায়গায় তিনি সি.পি.এমের কর্তব্য বিশ্লেষণ করতে গিয়ে বলেছেন—"ভোটে জেতার জন্য রাজনৈতিক লড়াই এবং বিরোধীদের আক্রমণ প্রতিহত করতে হলে মানুষকে পার্টির সঙ্গে শামিল করতেই হবে। এ ধরনের প্রতিরোধ গড়ে তোলার জন্য কখনোই সমাজ বিরোধীদের ওপর নির্ভর করা চলবে না"। তাহলে কি আমরা ধরে নেব এতদিন আপনারা সমাজ বিরোধীদের ওপর নির্ভর করেই চলছিলেন এবং সেই জন্যই আপনাদের পার্টির রাজ্য কমিটির সম্পাদককে বলতে হচ্ছে এই ধরনের কথা ! আজকে ব্যাঙ্ক ডাকাতির সংখ্যা অনেক বেড়ে গেছে। মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশের দক্ষতা বাড়ানোর জন্য অনেক চেষ্টা করছেন, চেষ্টা করছেন করুন, তাতে আমাদের কোনো আপত্তি নেই। আজকে কে.এল.ও, জনযুদ্ধ এম.সি.সি., ডাকাতি সমস্ত ক্ষেত্রেই আপনাকে পুলিশের দক্ষতার উপর নির্ভর করতে হয়। কিন্তু আপনি ডি.জিকে একবার ডেকে বলুন, কে ফরোয়ার্ড ব্লক, কে সি.পি.এম., কে আর.এস.পি., কে টি.এম.সি., কে কংগ্রেস আমি জানতে চাই না— আপনারা প্রকৃত অপরাধীদের ধরুন এবং নিরপেক্ষভাবে কাজ করুন। তাহলেই দেখবেন ডাকাতি, ধর্ষণ, খুনের সংখ্যা কমে যাবে। কিন্তু পুলিশ আজকে সেই ভূমিকা পালন করছে না। আপনারা প্রাথমিক শিক্ষা সম্বন্ধে বলতে গিয়ে বললেন, এক্ষেত্রে আমরা অনেক দূর এগিয়ে গেছি। কিন্তু প্রাথমিক বিদ্যালয়গুলিতে হাজিরার হার কিন্তু অনেক কমে গেছে। হিমাচল প্রদেশে ৯৪ শতাংশ শিশু বিদ্যালয়ে যায়, সেখানে কেরালায় ৯১ শতাংশ শিশু বিদ্যালয়ে যায়, আর পশ্চিমবাংলায় বিদ্যালয়ে যায় মাত্র ৭১ শতাংশ শিশু। ইউনিসেফের প্রকাশিত 'গার্লস এডুকেশান ইন ইন্ডিয়া' বইটির উদ্বোধন করতে গিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী কান্তিবাবু নিজে বলেছেন মিড ডে মিল সমস্ত স্কুলে চালু না করলে, স্কুলগুলোতে শৌচাগারের ব্যবস্থা না করলে এবং স্কুল বাড়িগুলো ঠিক না করলে পড়ুয়ার সংখ্যা বাড়বে না। কবে নাগাদ আপনারা এগুলো করতে পারবেন জানাবেন। আপনারা বলেছেন পাঁচ হাজার স্কুলে মিড ডে মিল চালু করা হয়েছে। আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে আপনার কাছে জানতে চাই, কবে নাগাদ সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিল চালু হবে ? এই ক্ষেত্রেও কি কেন্দ্রীয় সরকার কোনো বাধা ?

[2.20 – 2.30 p.m.]

আপনি বলুন কবে নাগাদ পশ্চিমবাংলার সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিল চালু করা সম্ভব হবে ? মাদ্রাসাগুলোতে শিক্ষার উন্নয়ন দরকার। কিছু পদক্ষেপ আপনারা নিয়েছেন। যখন মাদ্রাসা শিক্ষা ব্যবস্থায় আধুনিকীকরণের কথা বলছেন, ঠিক তখন আপনাকে ভাবতে হবে এখানে আরও টাকা দেওয়ার জন্য। আপনারা বলছেন চালে অনেক দূর এগিয়ে গেছেন অন্ধ্রপ্রদেশ থেকে। অন্ধ্রপ্রদেশে ৩৮ লক্ষ ২৫ হাজার হেক্টর জমিতে ধান চাষ হয়, আর পশ্চিমবাংলায় ৬০ লক্ষ ৬৯ হাজার হেক্টর জমিতে ধান চাষ হয়। প্রোডাকটিভিটি— অন্ধ্রপ্রদেশে পার হেক্টর ২৯.৮, গোয়াতে ২৫.৬, হরিয়ানায় ২৬.৫, পাঞ্জাবে ৩৫.৪, তামিলনাড়ুতে ৩২.৬ আর পশ্চিমবাংলায় ২৫.২১। প্রোডাকটিভিটিতে সারা ভারতবর্ষে পশ্চিমবঙ্গের স্থান ষষ্ঠ। স্ট্যাটিসটিক্যাল ইন্ডিয়া ২০০২ আমার বক্তব্যের পরে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের কাছে এনে দেব, আপনি দেখে নেবেন। কিন্তু মার্কেটিং নেই এখানে।

ধান, পাট, আলু এই তিনটে প্রধান উৎপাদন বর্তমানে পশ্চিমবাংলা থেকে হারিয়ে যাচ্ছে। আমি আপনাকে বলছি, এদের ব্যবস্থা করুন।

আজকে কি অবস্থা দেখুন। রাস্তার কথা বললে মন্ত্রী বলছেন টাকা নেই। যখন বলছি আমার এলাকায় কলেজ করুন, মন্ত্রী বলছেন টাকা নেই, বেসরকারি কলেজ হবে। এই আশুবাবু বলেছে তোমার দেখা নাই রে তোমার দেখা নাই, তেমনি আমি আপনাকে বলছি, তোমার টাকা নাই রে তোমার টাকা নাই। সব টাকা খেয়ে চলে গেছে, আর কিছু করতে পারবেন না। আর বলি, যতই বিজ্ঞাপন দিন, শুধু ফিল গুড-এর জন্য বাজপেয়ী নয়। আমি একটা গান আপনাকে বলছি, 'কাগজে লেখ নাম সে নাম ছিঁড়ে যাবে, পাথরে লেখ নাম সে নাম ক্ষয়ে যাবে, হৃদয়ে লেখ নাম সে নাম রয়ে যাবে।' বুদ্ধদেববাবু, 'হৃদয়ে লেখ নাম সে নাম রয়ে যাবে'। বাংলার মানুষের হৃদয়ে নাম লিখলে সেই নাম থাকবে। আর, যতই অত্যাচার করুন, যতই বিরোধিতা করুন, কিছুই হবে না। তাই, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে, তার বিরোধিতা করে এবং আমাদের এবং বিরোধীদের আনা সমস্ত সংশোধনীর সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মুরসালিন মোল্লা :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপাল যে ভাষণ পেশ করেছেন এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে সেই প্রস্তাবকে আমি সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

একটা নতুন পরিস্থিতিতে মহামান্য রাজ্যপাল পশ্চিমবঙ্গ সরকারের কার্য তালিকা সামনে এনে এখানে পেশ করেছেন। আমাদের বিরোধী বন্ধুরা বলছেন সেটা নাকি অপূর্ণতায় ভরা। সারা ভারতবর্ষের প্রেক্ষাপটে দাঁড়িয়ে যে পরিস্থিতি, কেন্দ্রে একটা দেশী বেচনেওয়ালা সরকার আর বিকাশপুরুষ আর লৌহপুরুষ শুরু করেছে রথযাত্রা। সেই অবস্থায় দাঁড়িয়ে পশ্চিমবাংলার ১৮ জেলায় ৮ কোটি মানুষ জীবনসঞ্জাত অভিজ্ঞতা থেকে তারা এগিয়ে যাচ্ছেন। আমাদের দেশের মধ্যে আমাদের রাজ্যে কৃষি উৎপাদনের হিসাব বললেন মিত্র মহাশয়। স্যার, আমি একটা হিসাব আপনার কাছে পেশ করছি—ওয়ার্ল্ড ডেভলপমেন্ট রিপোর্ট ২০০৩। তাতে বলছে, ভারতের এক অঙ্গ রাজ্য পশ্চিমবাংলা 'এই রাজ্যের জমির সত্ত্ব সংক্রান্ত আইনের বদল ঘটিয়ে এবং আইনে বর্গাদারদের জমিতে চাষ করার নিরাপত্তাকে সুনিশ্চিত করে ফসলের উৎপাদন বিপুলভাবে বাড়াতে পেরেছে। তখন খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির হার ছিল ০.৪ শতাংশ। নতুন আইন চালু হওয়ায়, এক দশকে বৃদ্ধির গড় খাদ্যশস্য উৎপাদনে বার্ষিক বৃদ্ধি ১.৯ শতাংশ থেকে বেড়ে ৩.১ শতাংশে পৌঁছেছে। আমরা জানি যে চিরায়তধারার উপর আক্রমণ নেমে আসছে। এক দিকে প্রযুক্তির উন্নয়ন আরেক দিকে শ্রম নিবিড় মানুষের উপর আক্রমণ নেমে আসছে। কর্মী সংকোচন হচ্ছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের ভারতবর্ষ দাঁড়িয়ে আছে গ্রামীণ অর্থনীতির উপর, কৃষিজীবনের উপর। এই কৃষকদের ধারা অন্য রাজ্যের তুলনায় আমাদের মাথাপিছু আয় বাড়াতে পেরেছে। শিক্ষা ক্ষেত্রে আমরা দেখছি মাধ্যমিক পরীক্ষা হচ্ছে। আগেই মাধ্যমিক পরীক্ষার্থী ৬ লক্ষ অতিক্রান্ত হয়েছে প্রতি বছর সেখানে ২০ থেকে ২৫ হাজার শিক্ষার্থী বেড়ে যাচ্ছে

এবং বৈদ্যুতিন মাধ্যমের শিক্ষাকে তারা গ্রহণ করেছেন, এগিয়ে যাচ্ছেন। এই ঘটনাগুলো এমনি এমনি সারা ভারতবর্ষের প্রেক্ষাপটে এমনি এমনি ঘটেনি ভেভাগা আন্দোলনের পর রাজনৈতিক প্রশাসনিক ক্ষমতা পশ্চিমবাংলায় সৃষ্টিশীল মানুষের হাতে তুলে দেওয়া হয়েছে। মানুষ বুঝেছেন বন্টন নয়, দাক্ষিণ্য নয়, অধিকার এবং সেই অধিকার আমাদের দশের স্বাধীনতার মধ্যে দাঁড়িয়ে ভূমিহীন কৃষকরা সেই অধিকার, জমির অধিকার পেয়েছে। বর্গাদারেরা পেয়েছে তাদের উৎপাদিত ফসলের অধিকার। আপনারা যে অধিকারের কথা বলছেন ক্ষেতমজুররা তাদের মজুরী বৃদ্ধির অধিকার পেয়েছেন। এই অবস্থানে দাঁড়িয়ে জীবনের মান বদলে যাচ্ছে। আপনারা যদি দেখেন গ্রামাঞ্চলের কোণায় কোণায় পূজোর উৎসবে, ইদের উৎসবে চাষি জীবনের মানুষ যারা আছেন তারা এসে, তাদের সন্তানেরা এসে এখন জিনসের প্যান্ট দাবি করে। দরজি শিল্প, ক্ষুদ্র শিল্প এর সাথে যুক্ত মানুষের আয় বেড়েছে। এটা তো এমনি এমনি বাড়েনি। আমরা জানি যে আমাদের উন্নয়নের পূর্ব শর্ত কৃষির বিকাশ। সেই কৃষি বিকাশের ধারা পশ্চিমবাংলায় এগোচ্ছে। মহামান্য রাজ্যপাল তার উল্লেখ করেছেন। আমরা জানি পানীয় জলের ক্ষেত্রে যে দূষণ ঘটে এসেছে, আর্সেনিকের দূষণ ঘটছে, সমস্ত ভূমিকে নিংড়িয়ে যে জল দাঁড়াচ্ছে, দূষিত জল দাঁড়াচ্ছে—আমরা সকলে মিলে সর্বদলীয় কমিটি দিল্লীতে গিয়েছিলাম আর্সেনিক প্রসারের বিরুদ্ধে লড়াইয়ের জন্য যে অর্থের প্রয়োজন আমরা সকলে মিলে সেই অর্থ চেয়েছিলাম, কিন্তু আমরা কি পেয়েছি ? আমরা কি পেয়েছি সেই সহযোগিতা কেন্দ্রীয় সরকারের ? কিন্তু রাজ্যসরকারের জনস্বাস্থ্য কারিগরি বিভাগ তার নিজস্ব চেষ্টায় এগিয়ে যাচ্ছে এবং পরিশুদ্ধ পানীয় জলের বিতরণের ক্ষেত্রে আমাদের রাজ্যের দূষিত এলাকা ধরে ধরে আমরা এগিয়েছি। মাননীয় বিরোধী সদস্য মিত্রমশাই শিক্ষার কথা বলছিলেন। ৫০৪টি মাদ্রাসাকে একটা নতুন অর্থনৈতিক দৃষ্টিভঙ্গিতে জীবনবোধে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা এই বামফ্রন্ট সরকার করছেন, পশ্চিমবাংলার মানুষ করছেন। বিচ্ছিন্ন নয়, এটাকে সম্পৃক্ত করে শিক্ষার আলোয় উদ্ভাসিত করার কাজকে এগিয়ে নিয়ে যাচ্ছে বামফ্রন্ট সরকার এবং আমাদের এই ব্যবস্থা যখন চলছে তখন আমাদের রাজ্যের পরিকাঠামোগত উন্নয়নে আরও বেশি বেশি অর্থের প্রয়োজন আছে। যে উন্নয়ন আমরা করতে চাইছি তাকে যদি সমৃদ্ধ করতে হয় তাহলে নিশ্চয়ই আরও বেশি অর্থের প্রয়োজন। কিন্তু সারা ভারতবর্ষের অর্থনৈতিক কাঠামোর মধ্যে থেকে একটা রাজ্যের সাবলম্বী হওয়ার যে পথ, সেটা কি আছে ? আমরা জানি স্বাধীনতার পূর্ববর্তীকালে ১৯৩০ সালে সারা পৃথিবীতে দেখলাম যে রাষ্ট্রায়ত্ত সংস্থা গড়ার কাজ চলছে। এটা সফল হলে তবেই মজবুত করে গড়ে তুলতে পারব রাষ্ট্রকে। এর ফলে ইংল্যান্ডে কয়লাকেও জাতীয়করণ করা হয়েছে। তখন নেতাজী সুভাষচন্দ্র বোসের নেতৃত্বে একটা প্ল্যানিং কমিটি গঠিত হয়েছিল, যার সেক্রেটারি ছিলেন কে.পি.সাহ। তাঁরা চেয়েছিলেন মৌলিক শিল্পের উপর দাঁড়াবে ভারতবর্ষ। আমাদের ভারতবর্ষে তখন কাজও শুরু হয়েছিল। কিন্তু আজকে আপনারাই বলুন রাষ্ট্রের কোষাগার সমৃদ্ধ আছে ? যেখানে রাষ্ট্রের সমৃদ্ধি ফাঁকা হয়ে যাচ্ছে সেখানে রাজ্যের থাকবে কি করে ? গত কয়েক বছর ধরে যে টাকায় রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি বিক্রি করে দেওয়া হতো যেমন ২০০০ সালে ৫০টি রাষ্ট্রায়ত্ত সংস্থার শিল্প বিক্রি করে দিলেন

কেন্দ্রীয় সরকার ৮ হাজার কোটি টাকায়। অবশ্য এগুলি সব ছোটো ছোটো শিল্প ছিল, সেগুলি বৃহৎ ছিল না। ২০০১ সালে যে বাজেট প্রভিশন ছিল তাতে ১০ হাজার কোটি টাকায় বিক্রি করবেন বললেন, ২০০৩ সালে ১২ হাজার কোটি টাকায় দাঁড়ালো এবং ২০০৪ সালে ১৩ হাজার কোটি টাকা। আমাদের ও.এন.জি.সি. একটা লাভজনক সংস্থা, তার ১১ মিনিটের মধ্যে ২৬ হাজার কোটি টাকার শেয়ার বিক্রি হয়ে গেল। কারা কিনলেন ? যারা কিনলেন তারা আমাদের রাষ্ট্রের সীমানার বাইরে থাকেন, অর্থাৎ আর্থিক সম্পদ আমাদের দেশের বাইরে চলে যাচ্ছে। এই যে পরিস্থিতি তাতে আমাদের দেশ সমৃদ্ধ হবে, না সমৃদ্ধশালী থাকবে ? আমাদের এখানে যে সমস্ত শিল্পগুলি তালিকায় রয়েছে সেখানে আই.পি.সি.এল. বলুন বা বি.পি.সি.এল. বলুন, সেখানে কয়লাও যুক্ত আছে সেই তালিকায়। আমাদের কর্ণাটকে রায়পুর, গুলবর্গা, চিত্রকূট যে সোনার হীরের খনি আছে সেগুলিকেও বিক্রি করে দেওয়ার ব্যবস্থা করছেন। এই যে বিক্রি করে দেওয়ার ব্যবস্থা আপনারা করছেন তার মধ্যে দিয়ে এই যে কয়েক হাজার কোটি টাকা সংগ্রহ করা হবে সেটা কি পরিকাঠামো উন্নয়নের কাজে ব্যয় করা হবে ? ভারতবর্ষের ২৮টি রাজ্যের মধ্যে কোনো রাজ্যের পরিকাঠামো উন্নয়নের জন্য কোনো টাকা দিয়েছেন ? না দেননি। আপনাদের ঘাটতি মেটাতে, ঋণ মেটাতে দেশের একটা সমৃদ্ধশালী অংশকে বেচে দিচ্ছেন। রাষ্ট্রের আর্থিক সম্পদ যোগানের দিকটাকে শেষ করে দিচ্ছেন। এইভাবে যদি সারা ভারতের রাষ্ট্রীয় আর্থিক কাঠামো চলতে থাকে তাহলে আমাদের রাজ্যের উন্নয়নের জন্য ফিল গুডের কথা যেটা বলা হচ্ছে সেটা কি সুখানুভূতির জায়গা ? আমরা এই সুখানুভূতির বিরুদ্ধে সত্যি সত্যি শ্রমজীবী মানুষের ঐক্য গড়ে তুলে সুখের নিজস্ব অবস্থান গড়ে তুলতে চাই। এইরকম একটা অবস্থায় আমরা আগে পড়িনি যে, আমাদের দেশে আমাদের রাজ্যে আমাদের রাষ্ট্রের যে চরিত্র সেই চরিত্র এইভাবে একটা ধর্মনিরপেক্ষ বহুমাত্রিক ভারতীয় চরিত্রকে এবং ভারতীয় সমাজকে নির্মমভাবে তারা আক্রমণ করবেন এবং আমাদের সমস্ত ঐতিহ্যগুলোকে গণতান্ত্রিক বহুমুখী মানুষের গঠনকে তারা নিচে নামিয়ে আনবেন ? আমরা দেখছি আমাদের দেশের বর্তমান শাসকরা ভুখ-ভীতি-ভ্রষ্টাচার-এর নীতি নিয়ে চলছেন। ভুখ থাকবে। ভয় দেখাবেন রথ চালিয়ে কন্যাকুমারী থেকে অমৃতসর পর্যন্ত। চলতে চলতে ১৯৮৯, ১৯৯২ সালের ভয়াবহ স্মৃতি থাকবে, শ্রমজীবি মানুষ উৎকণ্ঠিত হবে—সেই অবস্থা আবার আমাদের দেশে বিরাজ করাবার চেষ্টা করছেন তারা। এবং আমাদের যে নিজস্ব ঐতিহ্য সংস্কৃতি, ভারতবর্ষের সেই সংস্কৃতি এবং ঐতিহ্যকেও পাল্টে দেবার চেষ্টা তারা করছেন। আমরা দেখছি আমাদের এখানে যে শিক্ষার জায়গাগুলো ছিল, সেই শিক্ষার জায়গাগুলোকে কলুষিত করছেন ওই সরকার। আজকে সরকার শিক্ষার অঙ্গনকে কলুষিত করছে। ইন্ডিয়ান কাউন্সিল ফর হিস্টোরিকার রিসার্চ-এর প্রিঅ্যাম্বেলে ছিল 'র‍্যাশানাল' কথাটা। আপনারা সেটা তুলে দিয়েছেন। র‍্যাশানাল তুলে দিয়ে 'হিন্দুত্ব' 'কমিউনাল' অ্যাপ্রোচ টেনে এনেছেন। কতকাল ধরে তৈরি হয়ে ঐতিহাসিক গবেষণা পরিষদ। সারা দেশের জাতীতত্ত্ব, কৌম, সংস্কৃতি এবং ভাষা, এতদিন ধরে তিলতিল করে ঐতিহাসিক গবেষণার প্রেক্ষাপট ভারতবর্ষে তৈরি করা হয়েছে, সেই প্রেক্ষাপটের মূল চাবিকাঠিকে কলুষিত করছেন। আমাদের এখানে 'সিমলা

ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ অ্যাডভান্স স্টাডি'-তে কৃষ্ণগোপাল রাস্তোগিকে অধিকর্তা করে বসালেন যিনি দাঙ্গার সময় নারী ধর্ষণের অভিযোগে অভিযুক্ত ছিলেন। তিনি ওই অ্যাডভান্স স্টাডির ডাইরেক্টর হয়ে গেলেন। আমাদের আই.আই.টি-র গভর্নিং বডি ঢেলে সাজিয়ে দিলেন। তাতে কাঠ ব্যবসায়ী পি.ডি. চিৎলাঙ্গীয়া সাহেব তিনি দেশের নতুন প্রজন্মের উন্মোচন ঘটাবেন। এই হচ্ছে দৃষ্টিভঙ্গি। একদিকে তারা প্রফেসর পানিক্কর, সুমিত সরকারের 'টুওয়ার্ডস ফ্রিডম' গ্রন্থ ছাপানো বন্ধ করে দিচ্ছেন যাতে আমাদের দেশের মানুষ, আমাদের দেশের সংগ্রামী শ্রমজীবীদের অবদানকে ভবিষ্যৎ প্রজন্ম জানতে না পারে।

[2.40—2.50 p.m.]

এভাবে একদিকে শিক্ষা, একদিকে দেশের আসল সম্পদ, আরেকদিকে তৈরি করেছেন দুর্বৃত্তায়ন। সামগ্রিকভাবে আমাদের দেশের যে রাজনীতির সততা, রাজনৈতিক সততা—পলিটিকাল অনেস্টি, সেই পলিটিকাল অনেস্টি আজ প্রশ্নের সামনে দাঁড়িয়ে গেছে। আমরা যাঁরা এখানে বিধায়ক আছি, যাঁরা লোকসভা এবং রাজ্যসভার সাংসদ আছেন—তাঁদের দিকে মানুষ আঙুল তুলে দেখাচ্ছেন যে, এখন রাজনীতি মানে হচ্ছে দুর্বৃত্তায়নের অংশ। কেন ,রকম হবে ? এই দুর্বৃত্তায়নে আপনাকে সহায়তা করছেন ? আপনারা এই দুর্বৃত্তায়নকে রুখছেন তো না বরং আর কি করে বিকশিত হয় সেজন্য তার দিকে এগোচ্ছেন। আমাদের বিচার ব্যবস্থা, আমাদের এখানে জুডিশিয়ারি—সেই জুডিশিয়ারির মধ্যে আমরা দেখতে পাচ্ছি যে—একটা কেস হল, বাবরি মসজিদ ধ্বংসের কেস হল—লিবারহান কমিশন, তাকে ২০০৪ সালে গুটিয়ে ফেলতে বলা হচ্ছে—জাস্টিস লিবারহান যখন চাইছেন যে, সমস্ত সাক্ষীসাবুদের সব তথ্য আরও বেশি সুবিন্যস্ত করার জন্য আমার লোক চাই, তখন তাঁকে কর্মী দেওয়া হচ্ছে না, তখন তাঁকে তাড়িয়ে বেড়ানো হচ্ছে এক জায়গা থেকে আরেক জায়গায়। লিবারহান কমিশন তৈরি হয়েছিল। কিন্তু লিবারহান কমিশনের রিপোর্টের ব্যাপারে জাস্টিস লিবারহান নিজে বলেছেন যে, 'ঠিকভাবে আমি প্রকাশ করতে পারব না'। এদিকে আমাদের বাবরি মসজিদ ধ্বংসের জন্য যে কেস চলছিল—লক্ষ্ণৌয় যে কেস চলছিল, কেসে অপরাধী হিসেবে যাদের নাম নথিভুক্ত করা আছে—দেখা যাচ্ছে যে, যখন তারা আদালত বদলাচ্ছে তখন তার নাম সেখান থেকে কেটে দেওয়া হচ্ছে—আডবাণীজীর নাম বাদ দেওয়া হচ্ছে, ঋতম্ভরার নাম বাদ দেওয়া হচ্ছে। একদিকে শিক্ষাকে আক্রমণ করা হচ্ছে, আর্থিক স্বাবলম্বনের অবস্থানকে আক্রমণ করা হচ্ছে, আরেকদিকে বিচার পাওয়ার জন্য স্বাধীন নাগরিক হিসাবে মানুষের যে অধিকার—সেটাকেও আক্রমণ করা হচ্ছে। গুজরাট সরকার, যে সরকারকে আপনারা বাহবা দিয়েছেন, সেই সরকারের বিরুদ্ধে কোনোক্রমে বেঁচে যাওয়া বেস্ট বেকারির কন্যাটি যখন দিল্লিতে বসে বক্তব্য রাখছেন, তখন ওই রাজ্যের এবং ভারত রাষ্ট্রর কর্ণধাররা তাঁর আর্জিটাকেও ঠিকভাবে লিখে জমা পর্যন্ত দিতে দিলেন না। এটা হচ্ছে বিচার বিভাগের উপর আক্রমণ। আমাদের এখানে বিদেশী লগ্নীকারী যাঁরা আসছেন, সেই লগ্নীকারীদের যে কর, সেই করেও—আপনারা কেন্দ্রীয় সরকারের শরিক—আপনারা সি.বি.ডি.টি.-কে দিয়ে সার্কুলার করাচ্ছেন যাতে ৩ হাজার কোটি টাকা কর তারা ফাঁকি দিতে পারে। আর সেই কর ফাঁকি দেওয়ার বিরুদ্ধে যখন ২০০২ সালে অর্থমন্ত্রী যশোবন্ত

সিং-এর এই সার্কুলারের বিরুদ্ধে হাইকোর্টে কেস হল, তখনও তিনি চেষ্টা করছেন যে, কিভাবে আমাদের দেশের আর্থিক সঙ্গতিকে, অর্থের উৎসমুখকে বন্ধ করে দেওয়া যায়। ভারতবর্ষের ২০০২ কোটি মানুষ ইউ.টি.আই.-তে অর্থ জমা দিলেন। এতদিন ধরে চলে আসছিল—ইউনিট ট্রাস্ট অফ ইন্ডিয়া। তারা কি করছেন সেখানে ? সমস্ত ভূয়ো সংস্থা—সাইবার সোর্স লিমিটেড ভুয়ো সংস্থাকে দিয়ে শেয়ার কিনিয়ে ২ কোটি শ্রমজীবী, নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্ত মানুষের অবস্থাটাকে শেষ করে দিতে চাইছেন। স্যার, এইরকম প্রেক্ষাপটে পশ্চিমবঙ্গ দাঁড়িয়ে। এরপরেও বামফ্রন্ট সরকার সামগ্রিকভাবে আলাদা দৃষ্টিভঙ্গীতে এগিয়ে চলেছে। মানুষ জানে, সব মানুষ জানে, আমরা জানি ২২ শে জুন ২০০০ সালে আপনাদের নেত্রী এই আমাদেরই পাশে যখন এম.এম.সি. কারখানা বন্ধ হয়ে যায় তখন তিনি বলেছিলেন—আমি এসেছি। আমার হাতে ফ্যাক্স বার্তা আছে। বিকাশ পুরুষ ভারতবর্ষের—ফ্যাক্স বার্তায় এই শ্রমিকদের ভাইদের শুকনো মুখে দাঁড়িয়ে থাকেন। এখন বুকের পাটা আছে ? ২০০০ সালের ২২শে জুন এই বক্তৃতা করেছিলেন। বুকের পাটা আছে তো ওই নিরন্ন, নিঃস্ব শ্রমিকদের সামনে গিয়ে আবার গিয়ে বলবেন ? কয়লা খনি বাঁচাব—বিশ্বাস করবে ? ওই শ্রমিকরা বিশ্বাস করবে ? এম.এম.সি.-র শ্রমিকরা ? তঞ্চকতা করবেন না, মানুষ জানে। হীনতায় ভুগছেন আপনারা—তৃণমূল কংগ্রেস যারা এন.ডি.এ-র শরীক তারা হীনতায় ভুগছেন। মুখ্যমন্ত্রী গদির জন্য আপনি পদত্যাগ করতে চান। আপনার ক্ষমতার দরকার নেই। কেন্দ্রীয় সরকারের ক্ষমতা থেকে চলে আসেন চোর ধরার জন্য। তারপর আপনি আবার মন্ত্রীহীন হয়ে গেলেন। এতদিন থাকার পর এখন আবার আপনি বান্ধবহীন হয়ে গেলেন। দুজন মন্ত্রী ছিল। এখন একজন মন্ত্রী। হীনতায় ভুগছেন। নির্বাচন আসছে—এই লোকসভা নির্বাচনে আপনাদের এই হীনতাকে জনগণ ঠিকভাবে জবাব দেবে। যদি মনে করেন এই রাজ্যপালের ভাষণ সঠিক নয় তাহলে এম.পি. হীন করে দেবে, সাবধান থাকবেন।

**শ্রী অরূপ ভদ্র :** স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে বিধানসভা অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপালের—বীরেন জে শাহের—তিনি যে ভাষণ এখানে রেখেছেন—হাউসের মধ্যে—তার সম্পূর্ণ বিরোধিতা করে বিরোধীদের আনা সমস্ত অ্যামেন্ডমেন্টকে সমর্থন করে দু-চারটি কথা এই হাউজের মধ্যে রাখছি। এটা যেমন বিরোধিতা করলাম তেমনি রাজ্যপালকে আবার ধন্যবাদ জানাই—কারণ রাজ্যপাল যে সংসদীয় গণতান্ত্রিক সিস্টেম অনুযায়ী-আইন অনুযায়ী তিনি তার বক্তব্য পেশ করেছেন—সকলের সামনে তিনি বলেছেন এটা প্রেস-এ প্রকাশিত হয়েছে। ইলেকট্রনিক্স মিডিয়ায়—তিনটি মিডিয়ায় প্রকাশিত হয়েছে। তিনি বলে যান এখানে দাঁড়িয়ে আমাদের শিল্পমন্ত্রীর সামনে বসে আমি যখন অন্যান্য সভা করি—বলেছেন এই রাজ্যে শিল্পের পরিকাঠামো তৈরি হয়নি। এখানে শিল্পের নামে মালিককে সি.আই.টি.ইউ. ইউনিয়ন মারে, এখানে শিল্পের কোনো পরিবেশ নেই। শিক্ষামন্ত্রী সামনে বসে আছেন। স্কুলে পরিবেশ দুষিত হয়ে গেছে। শিক্ষার নামে এখানে যে অরাজকতা চলছে সেখানে দলের ক্যাডারদের বিভিন্ন পদে বসিয়ে স্কুলের পরিবেশ দূষিত করে দিচ্ছে। সেই সম্পর্কে আমাদের কেউ বলতে পারে না। এখানে আইন শৃঙ্খলা নেই। প্রতিদিন ধর্ষণ থেকে আরম্ভ করে চুরি, ডাকাতি থেকে আরম্ভ করে

সমস্ত ব্যাপারে আজকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং এই রাজ্য সরকার পুলিশকে মদত দিয়ে যেভাবে করছেন, আজকে তাদের পাশে দাঁড়িয়ে এই ভাষণ আমি রাখতে পারি না। তাই সেই বিষয়ে আমার গতানুগতি আইন অনুসারে আমি প্রথম পাতা এবং শেষ পাতা পড়ে চলে যাচ্ছি। আপনারা দেখেছেন বিরোধী এবং সরকার পক্ষের বক্তারা ৪ দিন ধরে এই বিষয়ে বিভিন্ন বক্তব্য রেখেছেন। আমি যে জেলায় বাস করি দক্ষিণ ২৪ পরগনায়— আমার দুর্ভাগ্য কার উপর বিশ্বাস করে এই রাজ্য চলবে ?

[2.50—3.00 p.m.]

দক্ষিণ ২৪ পরগনা জেলা থেকে নির্বাচিত হয়ে এ রাজ্যে দুজন মুখ্যমন্ত্রী হয়েছেন। একজন প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং অপরজন বর্তমান মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। আপনাদের বর্তমান মুখ্যমন্ত্রী দক্ষিণ ২৪-পরগনা জেলার যাদবপুর কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছেন, তিনি কিভাবে নির্বাচিত হয়েছেন তা আমি আর বলতে চাই না। তা রিপোর্ট বলবে এবং এলাকার নির্বাচকরাই বলবেন। কিন্তু তিনি নির্বাচিত হয়ে দক্ষিণ ২৪ পরগনা জেলা-সহ গোটা রাজ্যের দায়িত্বভার গ্রহণ করেছেন। ওঁকেই জিজ্ঞেস করুন আজ দক্ষিণ ২৪ পরগনা জেলার অবস্থা কি ? গোটা জেলা খুন, ডাকাতি, রাহাজানিতে ছেয়ে গেছে। রাস্তাঘাট থেকে শুরু করে শিক্ষা ক্ষেত্রের কোনো উন্নতিই আমরা সেখানে দেখতে পাচ্ছি না। সর্বক্ষেত্রে অবনতি লক্ষ করা যাচ্ছে। সেখানে একটা কোনো নতুন স্কুল স্থাপন হয়নি, কোনো নতুন মাদ্রাসা সংস্থাপিত হয়নি। কোনো ক্ষেত্রে কোনো উন্নয়নমূলক কাজ হয়নি। আপনারা কথায় কথায় জনসমর্থনের কথা বলেন। দক্ষিণ ২৪ পরগনা জেলায় বিগত বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস ১৪টি আসন লাভ করেছে এবং এস.ইউ.সি.আই. দুটো সিট লাভ করেছে। মোট ২৮টি সীটের মধ্যে ১৬টি সীটে আপনারা পরাজিত হয়েছেন। এরপরেও বলবেন মানুষের বিশ্বাস আছে আপনাদের প্রতি ? আপনারা মানুষের বিশ্বাস হারিয়েছেন। মমতা বন্দ্যোপাধ্যায় সঠিকভাবেই বলেছেন, গোটা রাজ্যে আপনারা মানুষকে অবাধে ভোট দিতে দেননি। কারণ আপনারা জানতেন আপনারা মানুষের বিশ্বাসযোগ্যতা হারিয়েছেন। আমরা দেখেছি বারুইপুরে বিধানসভা কেন্দ্রে মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর প্রিয় প্রার্থীকে জেতাবার জন্য রাজ্য সরকারের অধিগৃহীত কৃষ্ণা গ্লাস, যে সংস্থা বন্ধ হওয়ার মুখে চলে গিয়েছিল সেই সংস্থায় নতুন করে টাইলস ইউনিট চালু করার উদ্যোগ গ্রহণ করেছিলেন। শুধু তাই নয়, এই টাইলস ইউনিট উদ্বোধনের নামে সেখানে এক নাটক করা হল। সংবাদপত্রে সে বিষয়ে সংবাদ পরিবেশিত হয়েছে। মুখ্যমন্ত্রী-সহ ওঁর প্রিয় নির্বাচন প্রার্থী বললেন, রেলমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ওঁদের উদ্বোধনী বক্তৃতা রাখতে দিতে চান না, তাই তিনি নাকি রেলের মাঠে মিটিং করার পারমিশন দেননি। সেই অজুহাতে ওরা সেখানে মিটিং না করে, মুখ্যমন্ত্রী-সহ সিটু নেতারা টাইলস কারখানার উদ্বোধনী মিটিং একটা বিতর্কিত প্রাইভেট ল্যান্ডে, যে জমি নিয়ে কেস চলছে বিনা পারমিশানে সেখানে করলেন। এই দ্বিচারী মুখ্যমন্ত্রীর কাছে আমরা কি আশা করব ! বাংলার মানুষ ওঁর কাছে কি আশা করতে পারে ! আমি খুব ভালোভাবে জানি আজ কৃষ্ণা গ্লাস একদম বন্ধ হয়ে গেছে। এটা খুবই দুঃখের বিষয়, ১১ লক্ষ টাকা ইলেকট্রিসিটি বিল বাকি থাকার জন্য আজ সম্পূর্ণ বন্ধ হয়ে রয়েছে। শ্রমিকরা ২-৩ মাস

অন্তর ৫-৬ শো টাকা করে বেতন পাচ্ছে। টাইলস ইউনিটে চাকুরি দেওয়ার নামে রাজ্যের জনগণকে ধোঁকা দেওয়া হয়েছে। বারুইপুরের মানুষকে ধোঁকা দেওয়া হয়েছে। ওখানে আজকে জনগণের টাকায় কেনা বিভিন্ন 'র' মেটিরিয়ালস্ পড়ে আছে। অথচ টাইলস ইউনিট গড়ার নামে ওখানে নাটক করা হল। এবারের লোকসভা নির্বাচনে যাদবপুর কেন্দ্রের জন্য সিপিএম থেকে অ্যাডভান্স প্রার্থীর নাম ঘোষণা করা হল সেই ব্যক্তির যিনি গত বিধানসভা নির্বাচনে বারুইপুর কেন্দ্রে পরাজিত হয়েছেন। এবার লোকসভায় তাঁকে জেতাবার জন্য আবার নতুন করে দক্ষিণ ২৪ পরগনা জেলায় শিল্প-বাণিজ্য মেলা অনুষ্ঠিত হল। বলা হল দক্ষিণ ২৪ পরগনা জেলায় শিল্প-বাণিজ্যের উন্নয়ন ঘটাতে হবে—বিভিন্ন রকম কুটির শিল্প, সফ্টওয়ার শিল্প, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প সংস্থাপিত হবে। শিল্প স্থাপনের নামে বড় বড় শিল্পপতিদের নিয়ে গিয়ে এক বিশাল মেলার আয়োজন করা হল। এর কারণ কি ? বামফ্রন্ট যাদবপুর লোকসভা কেন্দ্রে যাঁকে দাঁড় করিয়েছেন তাঁকে প্রোজেক্ট করা। তাঁকে প্রোজেক্ট করার জন্য বিশাল মেলা এবং সভা করা হল এবং সংবাদপত্রের মাধ্যমে তা প্রচার করা হল। অথচ সেই মেলার সেই সভাতে স্থানীয় বিধায়ক, স্থানীয় এম.পি., লোকাল মিউনিসিপ্যাল চেয়ারম্যান, কাউকে ডাকা হল না। নিজেদের দলের লোকেদের নিয়ে সভা করা হল, সরকারি খরচে শিল্প বাণিজ্য মেলা করা হল। সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে সরকারি অর্থে অনুষ্ঠান অনুষ্ঠিত হল বিরোধী দলের বিধায়কদের, নির্বাচিত প্রতিনিধিদের সেখানে ডাকা হল না। সেখানে আমরা দেখলাম লক্ষ লক্ষ টাকা শিল্প বাণিজ্য মেলার নামে আত্মসাৎ হয়ে গেল। খরচের হিসাব দিতে পারলেন না। আজকে এই এলাকায় বেসকো রোলিং মিল যদি চালু হত তাহলে অনেক শ্রমিকের চাকরি হত। সিটু নেতারা বেসকো রোলিং মিল চালু করতে দিল না। সেখানে আমরা দেখলাম সিটুর লোকেরা মিনি বাসে করে গিয়ে বেসকোর ম্যানেজমেন্টের লোকেদের মারধোর করল, পা পর্যন্ত ভেঙে দিল। রাজ্যপালের ভাষণের মধ্যে জমি অধিগ্রহণ থেকে আরম্ভ করে বিভিন্ন বিষয়ের আমরা উল্লেখ দেখতে পাচ্ছি। শিক্ষা সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে। অথচ এ রাজ্যে আজকে আমরা শিক্ষার কি হাল দেখছি ? চরম দুরব্যবস্থার মধ্যে দিয়ে শিক্ষা ব্যবস্থা চলছে। লোকসভা নির্বাচনে আপনারা অংশগ্রহণ করছেন, এন.ডি.এ-র বিরোধিতা করছেন। অথচ এন.ডি.এ. নির্বাচনে জিতলে কে প্রধানমন্ত্রী হবেন তা অনেক আগেই ঘোষণা করে দিয়েছেন, বাজপেয়ীজী তাদের প্রধানমন্ত্রী প্রার্থী, কিন্তু আপনারা একবারও বলতে পারছেন না যে, লোকসভা নির্বাচনের পরে আপনাদের কে প্রধানমন্ত্রী হবেন। আপনারা এই নির্বাচনে প্রধানমন্ত্রী হিসাবে কারও নাম ঘোষণা করতে পারছেন না।

এই দ্বি-চারিতার রাজনীতি পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার তথা সি.পি.এম. করছে। কখনও কংগ্রেসের ঠ্যাং, কখনও লালুপ্রসাদ যাদবের ঠ্যাং, কখনও ভি.পি.সিং.-এর ঠ্যাং ধরে।....

(এই সময় পরবর্তী স্পীকার ডাকায় মাইক অফ হয়ে যায়)

**শ্রী গোবিন্দ রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় গত ২৬ ফেব্রুয়ারী, ২০০৪ সালের অধিবেশনে যে ভাষণ প্রদান করেছেন সেই

জন্য এই সভা তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছেন। শ্রী পদ্মনিধি ধরের প্রস্তাব উত্থাপনে এবং শ্রী সুব্রত বসুর প্রস্তাবের সমর্থনে আমি কিছু কথা এখানে তুলে ধরতে চাই। আজকে এই আলোচনার শেষ দিন। মহামান্য রাজ্যপালের ১৩ পাতার এই ভাষণে বিরোধী বন্ধুরা কখনও প্রবেশ করলেন না, তাঁরা একই কথা, একই জায়গায় রয়ে গেছেন। তাঁদের মূল সুর হচ্ছে, আমাদের সরকারকে আক্রমণ করা এবং সেই ধারাবাহিকতা তাঁরা বজায় রাখলেন। আজকের এই আলোচনা সভায় যখন আমি বক্তব্য রাখছি তখন আমাদের ভাবতে হচ্ছে, ভারতের অপর প্রান্তে যেখানে রথযাত্রা আরম্ভ হয়েছে, এবং তার ফলে আমাদের দেশে আরও কোনো ভয়ঙ্কর বিপর্যয় এগিয়ে আসবে—সেই সংকটের কথা চিন্তা করে আজ আমাদের এখানে আলোচনায় অংশ নিতে হবে। কন্যাকুমারী থেকে আমাদের দেশের একজন মহান সন্ন্যাসী পরিব্রাজক রূপে পায়ে হেঁটে আপামর মানুষের দুর্দশা দেখে—দরিদ্র ভারতবাসী, অজ্ঞ ভারতবাসী, চণ্ডাল ভারতবাসী আমার ভাই বলে যে উদাত্ত আহ্বান জানিয়েছিলেন, সেই কন্যাকুমারী থেকে বিশাল ব্যয়বহুল রথযাত্রা বার করেছেন ভারতের উপ-প্রধানমন্ত্রী। ১৯৯০ সালের রথযাত্রার স্মৃতিকে উস্‌কে দেবার জন্য পথে পথে বেড়িয়েছেন তাঁর সাথে দল বেঁধে, দঙ্গল বেঁধে বিরাট অসুরবাহিনী, তারা দানবীয় কায়দায় এক বিভীষিকার পরিবেশ তৈরি করার চেষ্টা করছে। আমরা জানি, ভারতের উপ-প্রধানমন্ত্রীর রথযাত্রার মুখ্য উদ্দেশ্য হচ্ছে আগামী লোকসভায় মসনদ পুনরায় দখল করা এবং ভারতবর্ষকে আরও পিছিয়ে নিয়ে যাওয়া। ভারতবর্ষকে গত ৫০ বছরে কংগ্রেসী রাজত্বে যতটা না ধ্বংস করা যায়নি, কত দ্রুত ভারতবর্ষকে ধ্বংস করা যায়, কবরে পাঠানো যায় তার একটা উদ্যোগ গ্রহণ করেছেন ভারতের উপ-প্রধানমন্ত্রী যাকে তারা লৌহ-মানব আখ্যা দিয়েছেন। আমাদের সৌভাগ্য আমাদের এই সভায় তাদের কোনো লোক নেই, তবে এই সভায় তাদের শাকরেদ, তাদের সমর্থক জোট শরিক আছে। গ্রাম বাংলায় একটা কথা প্রচলিত আছে, "ঠেকায় বৈরাগী নাচে, ফাকৎ নাচে ঝোলা"। বৈরাগী হচ্ছে বি.জে.পি., তারা সাম্রাজ্যবাদীদের কাছে তাদের মাথা বিক্রি করে দিয়েছে, দেশকে বিক্রি করার উদ্যোগ নিচ্ছে, তারা মার্কিন সাম্রাজ্যবাদীদের নিয়ে নাচানাচি করছে আর তাদের ঝোলা হচ্ছে তৃণমূল কংগ্রেস। তারা ঝোলায় নাচানাচি করছে কখন কি পায়। এখন ঝোলায় কয়লা পড়েছে, সেই কয়লা নিয়ে মাতামাতি আরম্ভ করেছে। আমার আশঙ্কা হচ্ছে যে, পশ্চিমবাংলায় এর প্রভাব না পড়ে। এর জন্য আমাদের দাঁতে দাঁত দিয়ে লড়তে হবে। আজকে খেটে-খাওয়া মানুষ, শ্রমজীবী মানুষ, দেশের সর্বস্তরের মানুষ ঐক্যবদ্ধ হয়েছে, তারা সাম্রাজ্যবাদীদের এই অপ-প্রয়াস রুখবে। সাম্প্রদায়িকতাবাদীদের অপ-প্রয়াস রুখবে। নানা সংকটের মধ্যেও পশ্চিমবাংলা আজ মাথা উঁচু করে দাঁড়িয়েছে, তাই বাংলার মানুষ এর প্রতিকার, প্রতিরোধ করবে।

[3.00—3.10 p.m.]

তার বিবৃতির খাস ঝলক রূপে কিছু কিছু কথা মহামান্য রাজ্যপালের বিবৃতিতে প্রসারিত হয়েছে। উত্তরবঙ্গের কঠিনতম একটা সমস্যা, কে.এল.ও. দমনে রাজ্য সরকারের ভূমিকা এবং আমাদের বন্ধু রাষ্ট্র ভুটানের ভূমিকার কথা উল্লিখিত হয়েছে। যথাযথভাবে মাটি তৈরি করেছে রাজ্য সরকার। সেখানকার মানুষকে বুঝিয়ে উন্নয়নের আলোয় তাদের নিয়ে আসবার জন্য

উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করে উন্নয়নের পরশ পৌঁছে দিয়ে মানুষগুলোকে সংগঠিত করেছে। সাম্রাজ্যবাদের দ্বারা পরিচালিত কে.এল.ও যখন তাদের নাশকতা চালাতে যাচ্ছে তখন তাদের মিলিটারী দিয়ে অপারেশান করে দমন করবার ক্ষেত্রে যে সাফল্য দেখিয়েছে তা গোটা রাজ্যের মানুষের কাছে একটা বিস্ময়। তা হলেও আমাদের সতর্ক থাকতে হবে। সেই সঙ্গে পশ্চিমাঞ্চলে নানাভাবে অরাজকতা সৃষ্টি করবার কাজ চলছে। তার বিরুদ্ধে আমাদের সতর্ক থাকতে হবে। তার কথা এখানে উল্লিখিত হয়েছে। আমাদের রাজ্য সরকারের সাফল্যের খাস ঝলক এই বিবৃতিতে প্রচারিত হয়েছে সে কথায় বিরোধী বন্ধুরা গেলেন না, অন্য কথা বলে তারা চিরাচরিত চরিত্র বজায় রেখে গেলেন। আজকে ভারতবর্ষ যে দেশ সেই দেশের কেন্দ্রীয় সরকার প্রকৃতপক্ষে সংবিধান অনুযায়ী ৭৫ ভাগ ক্ষমতার অধিকারী। সেই কেন্দ্রীয় সরকারের কার্যকলাপের খাস ঝলক এক নজরে আমরা যদি একটু দেখে নিই তাহলে বুঝতে পারবে তাদের ফিল গুডের প্রচার, তাদের ভারত উদয়ের প্রচার দেশটাকে কোথায় নিয়ে যাচ্ছে। তার একটা সাধারণ চিত্র পেলাম রথযাত্রার মাধ্যমে ত্রিশূলে ধার দেওয়া হচ্ছে। আমরা যেটাকে বলি কাস্তেতে ধার দেওয়ার কথা, ওরা সেখানে ত্রিশূলে ধার দিচ্ছে। তারা ত্রিশূলে ধার দিচ্ছে গুজরাটে গর্ভবতী মায়ের পেট থেকে নবজাতককে বের করে আনার জন্য। এই ফিল গুড তারা প্রচার করতে যাচ্ছে দেশ জুড়ে। উড়িষ্যায় বারিপোদায় খ্রীস্টানদের হত্যা করে বজরং দল। সেই হত্যাকারীরা আমাদের দেশের মানুষকে ফিল গুড বোঝাবার চেষ্টা করছে। উড়িষ্যার কোরাপুটি কালাহান্ডিতে মানুষ অভাবের তাড়নায় আমের আঁটি খেয়ে জীবন ধারণ করবার চেষ্টা করছে, না খেতে পেয়ে মারা যাচ্ছে সেখানে তাদের ফিল গুডের কথা বলা হচ্ছে। অন্ধ্রপ্রদেশের কথা বিরোধী বন্ধুরা বললেন, এই অন্ধ্রপ্রদেশে কৃষকরা ফসল ঘরে তুলতে পারছে না উৎপাদনের খরচ বেড়ে যাওয়ার জন্য। সেখানে কৃষকদের আত্মহননের মিছিল চলছে। সেখানে বলা হচ্ছে ফিল গুডের কথা। ২০ লক্ষ কোটি টাকা ঋণের বোঝা আমাদের দেশের মানুষের ঘাড়ে। সেই টাকা তোলার জন্য একটা দপ্তর খোলা হয়েছে সেই দপ্তরের নাম বিলগ্নিকরণ দপ্তর। ভালো ভালো রাষ্ট্রায়ত্ত সংস্থা বিক্রি করে দেওয়া হচ্ছে। গতকাল সিঙ্গাপুরে গিয়ে বলে এসেছে এখন তো এই সব বিক্রি করছি, অবস্থা আরও খারাপ হলে গোটা দেশ বিক্রি করে দেব। এই সমস্ত লোক বলছে ফিল গুডের কথা। ঋণ নিয়ে গিয়ে, তাদের খুশী করতে গিয়ে সাম্রাজ্যবাদের হাতে তুলে দেওয়া হচ্ছে এই রাষ্ট্রীয় সম্পদ। এই সরকার ডিজেল, পেট্রল এবং কেরোসিনের দাম সমস্ত দফায় বাড়িয়েছে। ৩ টাকা কেরোসিন তেলের লিটার ছিল, বি.জে.পি. সরকার এসে সেটা দাঁড় করিয়েছে প্রতি লিটার ১০ টাকায়, সেই কেরোসিন খোলা বাজারে কোথাও বিক্রি হচ্ছে ২০ টাকা, কোথাও বিক্রি হচ্ছে ২৫ টাকায়। গ্রামে গঞ্জে কেরোসিনের আলোয় অন্ধকার দূর করে, সেখানে তাদের অন্ধকারে ডুবিয়ে দিচ্ছেন, অন্ধকারের জগতে ঠেলে দিচ্ছেন। তাদের বলা হচ্ছে ফিল গুড। আমাদের দেশে ভয়াবহ বেকার সমস্যা। ১ কোটি বেকারকে চাকুরী দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছিল এই বি.জেপি. সরকার। ক্ষমতায় আসার পর সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থা বন্ধ করে দিল, কারখানা বন্ধ হয়ে গেল, চাকুরীর দরজা বন্ধ করে দিল। ফলে ৭৮ লক্ষ কর্মচারী নতুন করে বেকার হয়ে পড়ল। আজকে লিখিত-অলিখিত বেকারের সংখ্যা দাঁড়িয়েছে ৩০ কোটি। এই ভয়াবহ অবস্থার মধ্যে

বলছেন ফিল গুড। ব্যাঙ্ক, বীমা, তৈলক্ষেত্র খনি যাবতীয় রাষ্ট্রায়ত্ত সংস্থাকে বিলগ্নিকরণ করে বেসরকারী হাতে তুলে দেওয়ার ষড়যন্ত্র চলছে। কী বেকারত্বের জ্বালা—৩৮,০০০ শূন্য পদের জন্য রেলে ইন্টারভিউ ডাকা হল। দরখাস্ত করেছেন ৭৫ লক্ষ। দাঙ্গা হয়ে গেল আসামে। বেকারত্বের যন্ত্রণা কিরকম তা এই চিত্র থেকেই বোঝা যায়। দুদিন আগে আমাদের বামফ্রন্টের শরিক দলের এক নেতা বক্তব্যে বলেছিলেন, ১৭৫টি দেশের মধ্যে ভারতবর্ষের স্থান ছিল ১২৪তম। বিজেপি'র এই সাড়ে চার বছরের রাজত্বে তিন ধাপ পিছিয়ে এসে আমরা ১২৭-এ এসে দাঁড়িয়েছি। কেবল পিছোচ্ছি, পিছনে চলছি। আর বলা হচ্ছে ফিল গুড, ভারত উদয়। এই কঠিন সমস্যার কথা আমাদের সদস্য বন্ধুরা, বিরোধী বন্ধুরা কেউ খেয়াল করছেন না, তুলে ধরছেন না। এই আমলে কেলেঙ্কারীর ইতিহাস তৈরি হয়েছে। সারা ভারতবর্ষ জুড়ে একটার পর একটা কেলেঙ্কারির ইতিহাস সৃষ্টি করেছিল কংগ্রেস, আর তাদেরই উত্তরাধিকার নিয়ে এক ভয়াবহ কেলেঙ্কারীর ইতিহাস তৈরি করেছে এই নয়া জমানায়—তহলকা, কফিন, চিনি, তথ্য প্রযুক্তি, শেয়ার কি নেই তাতে। এই কেলেঙ্কারীর ইতিহাস বহন করে নিয়ে যাচ্ছে যে দেশের সরকার, তারা বলছে ফিল গুড। শেষ ধাক্কাটা এনেছে পেনশন ভোগীদের ওপরে, যাদের কিছু নেই। কোনোক্রমে পেনশনের টাকায় এবং এম.আই.এস. স্কীমে লগ্নী করে যারা দিন গুজরান করবে জীবনের সায়াহ্নে এসে, তাদের পেটেও লাথি মারা হল। তাদের সম্পর্কে একটি কথাও নেই। তারা ঝোলা নিয়ে শুধু ফুল কিভাবে ঝোলায় ভরানো যায় তার জন্য চেষ্টা করে যাচ্ছে। শিক্ষা, স্বাস্থ্য নিয়ে বিরোধীরা নানা কথা বলছেন। শিক্ষা, স্বাস্থ্য নিয়ে কথা বলার আগে ভেবে দেখা দরকার। দেশের সরকার শিক্ষা নিয়ে কি করছে, কি অবস্থা। সভ্যতা এগিয়ে চলে। পুরনো প্রস্তর যুগ পার হয়ে মধ্যযুগ থেকে আধুনিক যুগ ধরে আমরা একবিংশ শতাব্দীর দিকে এগিয়ে যাব। এরা বলছে পিছনে চল। জ্যোতিষ শাস্ত্র, পুরোহিত তন্ত্র এইসব জারিজুরি চালু করে গোটা শিক্ষা ব্যবস্থাকে পিছনে নিয়ে যাবার চেষ্টায় ব্যস্ত। কারণ কি ? কারণ মানুষ যদি অন্ধ থাকে, কুসংস্কারাচ্ছন্ন থাকে, মানুষ যদি দেব বিশ্বাসে বিশ্বাসী হয়ে ওঠে, তাহলে তাদের ত্রিশূল ধরিয়ে, তাদের রাম নামের কথা বলে, তাদের রথযাত্রার কথা বলে উন্মাদনায় নিয়ে যাওয়া সম্ভব হয়। তাই এই ত্রিশূলের পার্টি বিজেপি এবং তাদের যারা সহযোগিতা করছেন, তাঁদের কাছে আমি আবেদন করব, আগে নিজে দেখুন, কাদের সঙ্গে চলেছেন। এখুনি একজন বললেন, বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে নাকি দু'রকম কথা বলা হচ্ছে। দ্বৈত চরিত্র, নাটকের কথা বললেন। আমি ওই কথাগুলোয় যেতে চাই না। নাটকে যদি নোবেল প্রাইজ চালু হোত, এই ধরনের নাটকে, তাহলে আপনাদের নেত্রী অনেকবার নোবেল পেতেন। নিজের মাফলার খুলে গাড়ির ওপর দাঁড়িয়ে শূন্যে ফাঁসি লাগাবার চেষ্টা করেছিলেন। স্যান্ডেলের মতো মন্ত্রীত্ব ত্যাগ করে আবার কয়লার ঘরে ঢুকে কোনোভাবে সেখানে মন্ত্রিত্বের জন্য তিনি গেছেন। এইরকম অজস্র নাটকের দৃষ্টান্ত দেওয়া যেতে পারে। আমি সে কথায় যেতে চাইছি না। আমাদের দেশের সরকার শিক্ষা, স্বাস্থ্যকে কোন্ জায়গায় এনে দাঁড় করিয়েছেন—মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক নামে যে মন্ত্রক, তার যিনি প্রধান, তিনি মাথায় তিলক কেটে বাবার থানে বাবার ফোঁটা দিয়ে মন্ত্রী সভার চেয়ার অলংকৃত করে ভারতবর্ষকে মধ্যযুগে নিয়ে যাবার জন্য হাঁটা আরম্ভ করেছেন। আর আপনারা তাদের সঙ্গে নিয়ে সেইদিকে এগোচ্ছেন। এইরকম ভয়ঙ্কর

একটা পরিণামের দিকে আমাদের দেশকে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। এখানে অসিতবাবু ফিল গুডের ব্যাপারে বলেছেন। তিনিও একমত। বিজেপি সরকারের এই তত্ত্ব, ভারত উদয়ের তত্ত্বতে তিনিও সহমত পোষণ করেছেন। কিন্তু আমি বলি, বিজেপির কেন্দ্রীয় সরকার তারা সংবিধান অনুসারে ৭৫ ভাগ ক্ষমতার যারা মালিক, আপনাদের আক্রমণ কিন্তু তাদের বিরুদ্ধে ২৫ শতাংশ। ২৫ শতাংশ আক্রমণ করে ৭৫ ভাগ আপনারা ভুল জায়গায় আক্রমণ করছেন। এতেই আপনাদের ধীরে ধীরে পশ্চাদপসারণ ছাড়া কোনো রাস্তা থাকবে না। আর আমি তৃণমূলের প্রধান, বিরোধী দলের বন্ধুদের বলব, ওই তত্ত্ব ছাড়ুন। দু'দিন আগে যেটা সৌগতবাবু তাঁর ভাষণে বলেছিলেন যে, তাঁরা আশায় আছেন। সত্তর বছর পরে হলেও এই রাজ্যে তাঁরা ক্ষমতায় আসবেন।

[3.10—3.20 p.m.]

আপনারা সেই আশার দিন গুনুন, আশায় থাকুন এবং আশা নিয়েই বেঁচে থাকুন, আশা নিয়েই চলুন আপনাদের কাজের জন্য সাধনা দরকার, সেই সাধনায় ব্যাপৃত হন। মানুষের কাছে জনগণের কাছে বিশ্বাস অর্জন করার চেষ্টা করুন—'নিশিদিন ভরসা রাখিস ওরে মন হবেই হবে।'—এই চিন্তা নিয়ে বসে থাকতে পারেন তাতে কোনো আপত্তি নেই কিন্তু পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আছে থাকবে। আপনারা যতই বাধা দেবার চেষ্টা করুন না কেন পশ্চিমবঙ্গের মানুষকে সাথে নিয়ে সরকারের যে চিত্র প্রতিফলিত হয়েছে সেটা প্রতিরোধ করা যাবে না। আমি শেষে একটি কথা বলে শেষ করতে চাই সেটা হচ্ছে যে, দুটি সরকারের দুরকমের চিত্র ফুটে উঠেছে। একদিকে আমাদের মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বিভিন্ন ক্ষেত্রে উন্নতির কথা বলেছেন অপরদিকে কেন্দ্রীয় সরকার তার বিভিন্ন প্রকল্প নিয়ে একটা ভিন্ন চিত্র তুলে ধরার চেষ্টা করেছে। সুতরাং, দুটি চিত্রের মধ্যে পার্থক্য রয়েছে। সেই জন্য বলছি আপনারা চোখ, কান খুলে রাখুন। তবে একটাই আনন্দের বিষয় যে, অন্তত অসিত মিত্র মহাশয় বিজেপির এই কার্যকলাপ নিয়ে বলেছেন এবং বিজেপির 'ফিল গুড' এই উক্তিটা সম্পূর্ণ ভ্রান্ত। বিজেপিরা আসলে হচ্ছে জনবিরোধী এবং দেশদ্রোহী, তারা দেশকে হরণ করতে চায়। তারা রাবণের রূপ নিয়ে ছদ্মবেশে থেকে রাম মন্দির ইস্যুকে গোপন রেখে গোটা দেশজুড়ে একটা নৈরাজ্যের সৃষ্টি করতে চাইছেন। এর বিরুদ্ধে পশ্চিমবঙ্গের ৮ কোটি মানুষ সোচ্চার হবে। এবং আমরা যেভাবে হোক ওই বিজেপি শক্তিকে দমন করব এবং তাদের কার্যকলাপ প্রতিরোধ করব এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল ঘোষ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বলতে চাই সরকারি দলের পক্ষ থেকে মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব পদ্মনিধি ধর এনেছেন, তার আমি বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। কাশিমবাবু একজন সিনিয়র মেম্বার, তিনি আমাদের নেত্রী মমতা ব্যানার্জী সম্পর্কে যে কথাগুলো বললেন, যদিও তিনি খারাপ কথা বলেন না কিন্তু তারই মধ্যে যেন একটু অন্য সুর শোনা গেল। আপনারা এটা জেনে রাখুন এবং অটলবিহারী বাজপেয়ী এই দুজনের নেতৃত্বে সরকার আসবে এবং এই বিষয়ে আপনারা নিশ্চিত থাকতে পারেন। আপনারা তো খুলেও বললেন যে, ওই ১২৬টি

কয়লা কারখানা বন্ধ করে দেবে বলেছিল, মমতা ব্যানার্জী মন্ত্রিত্ব নেবার পরেই সেগুলোকে চালু করার ব্যবস্থা করেছেন এবং বলেছেন ৪ লক্ষ শ্রমিকের একজনও ছাঁটাই হবে না। এই ব্যাপারে তো মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বসে আছেন, একটু অ্যাপ্রিসিয়েশানও তো দিলেন না। এর জন্য তো একটু অন্তত আপনাদের ধন্যবাদ দেওয়ার দরকার ছিল। মমতা ব্যানার্জী যে কাজটা করেছেন তাতে আপনারা ধন্যবাদ না দিলেও সিটুর তরফ থেকে দেওয়া হয়েছে, আপনারা ওদের কাছ থেকে শিক্ষা নিয়ে নেবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটি ছোট্ট নিবেদন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখছি। আমার এলাকায় একজন শিক্ষক খুন হলেন, তাঁর নাম অর্কিদেব ভট্টাচার্য। তাঁর খুনীদের যাতে সাজা হয় তার ব্যবস্থা আপনি নেবেন। মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসের নেতা অথচ আপনার দল এবং আপনার সরকার এই হাউসের পবিত্রতা রাখে না। আপনি জানেন আপনি এই হাউসের সদস্য, আপনি নেতা আপনার দলের আর আপনি মুখ্যমন্ত্রী রাজ্যের। হাউসের নেতা হিসাবে আপনার প্রত্যেকটি সদস্যকে মর্যাদা দেওয়া উচিত, সেই মর্যাদা আপনি রক্ষা করুন। ওই অর্কিদেব ভট্টাচার্যের খুনীরা যাতে গ্রেপ্তার হয় এবং তাদের শাস্তি হয় তার ব্যবস্থা করুন। আপনার জনযুদ্ধ গোষ্ঠীর আক্রমণে বেলপাহাড়িতে ৬, ৭ জন জওয়ান এবং পুলিশ মারা গেল। ওই পুলিশরা যে মারা গেল তার জন্য সরকার থেকে তো টাকা দেবেন, কম্পেনসেশান দেবেন। কিন্তু আমার এলাকায় যে লোকটি অসীম দাস, যাকে পুলিশ খুন করে, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বলতে চাই, তাঁর পরিবারের কি হবে। আপনার কাছ থেকে এর উত্তর আমি চাই। এই কথা বলে আমি ২-৩টি প্রশ্ন করতে চাই মাননীয় মুখ্যমন্ত্রীকে, এই যে একটা সরকার দেউলিয়া হয়েছে ১ লক্ষ কোটি টাকা দেনার দায়ের ভ'রে যারা জর্জরিত, সেই আপনাদের শিল্পনীতি শুরু করতে ৬ বছর লেগে গেল। '৮৯ সাল থেকে যদি ধরা হয়, যখন ভারতবর্ষের শিল্পনীতির পরিবর্তন ঘটে, তখনও আপনারা ৬ বছর সময় নিলেন, '৯৪-তে নতুন শিল্পনীতি নিয়ে এলেন। যখন ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে শিল্পায়ন চলছে পশ্চিমবাংলা সেই জায়গায় পিছিয়ে থাকল। তারপরে, আপনারা নতুন শিল্পনীতি এনেছেন। এই সম্পর্কে এই প্রথম আপনারা রাজ্যপালের ভাষণে বলেছেন, আর্থিক সংস্কার করবেন। এই সংস্কারের সঙ্গে দিল্লির সংস্কারের কি পার্থক্য আছে ? আর্থিক সংস্কার করবেন, প্রশাসনিক সংস্কার করবেন, তার মানে যুক্ত মালিকানা তুলে নেবেন। সরকারী কর্মচারীদের মাহিনা কমিয়ে দেবেন, ছাঁটাই করবেন এবং ছাঁটাই করবার নোটিশ যা হাইকোর্ট থেকে যাবে, ফলে আগাম যাতে কেউ মামলা না করতে পারে এটা একটা নিদর্শন এই বামফ্রন্ট সরকার করে দিলেন। ১৬টি কারখানা তারা বন্ধ করে দিলেন, অথচ কর্মচারীদের দায় মেটাতে আপনারা ওই বিদেশীদের টাকা নিয়ে, ডি এফ আই ডি-র টাকা নিয়ে প্রাইস ওয়াটার হাউস এর ষড়যন্ত্রে যেতে আপনাদের লজ্জা হয় না। আপনারা বলছেন, দিল্লির সরকার ডিস-ইনভেস্টমেন্ট করছে, আর আমরা এখানে তার বিরোধিতা করছি। এই প্রাইভেটাইজেশান এর জন্য আপনারা বলছেন কি করবেন, যৌথ উদ্যোগে করবেন। যৌথ উদ্যোগের অর্থ হচ্ছে ডিজ-ইনভেস্টমেন্ট, ৮০ ভাগ মালিকানা মালিকদের হাতে তুলে দিচ্ছেন, দিল্লি ডিজ-ইনভেস্টমেন্ট করলে তার বিরোধিতা করছেন। আমরাও বলছি সম্পূর্ণভাবে আমরা এর বিরোধী। আমি একটা ছোট্ট ঘটনার কথা মুখ্যমন্ত্রী মহাশয়কে জানিয়ে রাখতে চাই, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, বোধহয় দেওয়ালের লেখা পড়েননি। জ্যোতিবাবুর থেকে আপনি নিশ্চয় বড়

নেতা নন। বরানগর কেন্দ্র থেকে জ্যোতিবাবুকে '৭২ সালে ৭৩ হাজার ভোটে হারতে হয়েছিল। যদি সত্যি রিগিং করে, চুরি করে ভোটকে প্রহসনে পরিণত না করেন তাহলে আপনারাও দেওয়ালের লেখা পড়ে নেবেন, জ্যোতিবাবুকেও ৭৩ হাজার ভোটে বরানগর থেকে হারতে হয়েছিল। আপনারা চিৎকার করবেন, বিধানসভা বয়কট করবেন কিনা জানি না, এবারে জেনে রাখুন, ভোটে রিগিং হলে এই সরকারকে বরখাস্ত করে আগামী দিনে ভোট হবে। গ্রাম-গঞ্জের মানুষ, পশ্চিমবাংলার মানুষ যাতে ভোট দিতে পারে তার ব্যবস্থা হবে। এবারে ২-৩টি ঘটনার কথা বলি, পশ্চিমবাংলায় ১৮-২০ হাজারের মতন প্রাথমিক স্কুলকে বন্ধ করে দেওয়ার কথা ভাবছেন, কারণ কি ; দেখা যাচ্ছে, এই সমস্ত স্কুলগুলিতে কোথাও ছাত্র আছে তো শিক্ষক নেই, কোথাও শিক্ষক আছে তো ছাত্র নেই, কোথাও বিল্ডিংগুলির অবস্থা খুবই খারাপ, এই যে প্রাথমিক স্কুলগুলি বন্ধ করে দেওয়ার মথা মাননীয় মন্ত্রী ভাবছেন, আপনি কি এর জন্য তাঁকে ভৎর্সনা করেছেন ? এই স্কুলগুলিতে কোথাও হয়তো ছাত্র নেই, হয়তো কোথাও শিক্ষক নেই, এই অবস্থায় স্কুলগুলিকে বন্ধ করে দেওয়ার কথা ভাবছেন ? আসলে, এই সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলি আপনার তৈরি করেননি, এগুলি তৈরি করেছিল আপনাদের আগের সরকার। আগের সরকার অর্থাৎ যারা দেশকে ভালোবেসেছে, দেশের জন্য প্রাণ দিয়েছে, তারা এগুলি, তৈরি করেছিল। তাই এর জন্য আপানদের কোনো অনুশোচনা হয় না। মাননীয় মুখ্যমন্ত্রী একবারও কি বলেছেন, চা শ্রমিকদের জন্য মর্মাহত। আমাদের সকলের অনুরোধ ছিল ওই যে চা শ্রমিকরা মারা যাচ্ছে, সেখানে একজন মন্ত্রী উত্তরবঙ্গে গিয়েছিলেন, তিনি বলেছিলেন, একজন চা শ্রমিকও মারা যায়নি। এর পরেও আপনি কি তাঁকে ভর্ৎসনা করেছেন ? এই যে চা শ্রমিকরা যারা অনাহারে, না খেতে পেয়ে, ঔষধ না পেয়ে, খাদ্য না পেয়ে মারা গিয়েছে, সেখানে যে মন্ত্রী এই কথা বলেছিলেন একটাও শ্রমিক মারা যায়নি, তাঁকে কি আপনি একবারও ভৎর্সনা করেছেন ? আমরা আপনার কাছে বলেছিলাম, সরকারের কাছে আবেদন করেছিলাম, চা শ্রমিকদের অন্ততপক্ষে ৫ শত টাকা করে দিন। এই যে ১৮টি চা বাগান বন্ধ, আরও ছোটোখাটো মিলিয়ে ৪০টির মতন সর্বসাকুল্যে বন্ধ আছে, হাজার হাজার চা শ্রমিক তাদের কিছু নেই, তারা নিরন্ন, বস্ত্রহীন, তাদের পোষাক নেই, সেখানে তাদের— আপনারা বলেন বামফ্রন্ট সরকার শ্রমিক দরদী সরকার, বামফ্রন্ট সরকার গরীবের সরকার— পাশে আপনারা দাঁড়াননি। আজকে হাসপাতালগুলিতে, মহকুমা হাসপাতালে, জেলা হাসপাতালে, স্টেট জেনারেল হাসপাতালের ভালো ভালো ডাক্তারদের সূর্য্যবাবু আসার পরে, হুগলী, হাওড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা থেকে তুলে নিয়ে চলে গেলেন, তুলে নিয়ে গিয়ে কি উন্নতি হয়েছে।

[3.20-3.30 p.m.]

এর সমস্ত চাপটা আজকে কলকাতার দশটা হাসপাতালের উপরে এসে পড়ছে। আজকে মানুষ সরকারি হাসপাতালে ঢুকলে আর বেরোয় না। সরকারি হাসপাতালগুলিতে চিকিৎসার কোনো পরিষেবা নেই, ডাক্তারদের অনীহা, নার্সদের অনীহা, জোর করে রোগীর নাকের নল খুলে দেওয়া হচ্ছে, এইসব ঘটনা ঘটছে। কিন্তু একটাও দৃষ্টান্তমূলক শাস্তি তাদের দেওয়া হল না। ২০০০ সালে ভারতবর্ষ যখন পৃথিবীর মধ্যে প্রথম স্থান অধিকার করে নিয়েছে আই.টি-তে তখন আপনারা এখানে ইনফর্মেশান টেকনোলজির কাজ শুরু করলেন। কেন আপনাদের

এতদিন লাগল কাজ শুরু করতে ? আজকে ইনফর্মেশান টেকনোলজি, সফটওয়ার, এসব ক্ষেত্রে ইন্ডিয়া হ্যাজ অকুপায়েড ফার্স্ট প্লেস। বেসরকারি মেডিকেল কলেজ চালু করার জন্য আপনাদের এতদিন চিন্তা করতে হল কেন ? গত সাতাশ বছর ধরে পশ্চিমবাংলার স্বাস্থ্য, শিক্ষা, শিল্প সব ক্ষেত্রেই আপনারা এই রাজ্যকে শেষ করে দিয়েছেন। আজকে ডানলপের শ্রমিকরা কাঁদছে, বাসন্তী মিলের শ্রমিকরা কাঁদছে, মোহিনী মিলের শ্রমিকরা আজকে কাঁদছে, সুলেখার শ্রমিকরা আজকে কাঁদছে, শ্রমিকরা আজকে আত্মহত্যা করছে। আপনারা শুধু ওইসব কারখানার জমি বিক্রি করে প্রোমোটারি ব্যবসা করছেন, বড়লোকদের জন্য বাড়ি তৈরি করছেন। আজকে চারিদিকে জলাজমি ভরাট করে বাড়ি তৈরি হচ্ছে। বন্ধ কারখানার শ্রমিকদের জন্য এই সরকার কি করবে সেই কথা এই রাজ্যপালের ভাষণের মধ্যে নেই, সেই শ্রমিকদের কথা এখানে চিন্তা করা হয়নি। তাই রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্বেদ রায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের বিরুদ্ধে এবং বিরোধী দলের আনীত সংশোধনীর পক্ষে আমি কয়েকটি কথা সংক্ষেপে, স্বল্প সময়ের মধ্যে পেশ করছি। স্যার, প্রথমেই একটা কথা আপনাকে বলে রাখি, এবারের বক্তব্যে আমাদের কিছু ভুল হলে তার জন্য আমরা ক্ষমাপ্রার্থী। তার কারণ অন্যান্য বার মাননীয় রাজ্যপাল এক ঘন্টা ভাষণ দেন এবং তার সারমর্ম করি আমরা অল্প সময়ের মধ্যে। এবারে রাজ্যপাল স্বয়ং নিজেই পাঁচ মিনিট ভাষণ দিয়েছেন, আর আমরা আলোচনা করছি দশ মিনিট। এটা একটা ঐতিহাসিক ঘটনা এবং আমরা নতুন পরীক্ষার মুখোমুখি হয়েছি, তার জন্য ভুলভ্রান্তি হলে ক্ষমা করবেন। কারণ এটা হল সারমর্ম থেকে ভাবসম্প্রসারণ করা, সেই অসুবিধা যদি রাতারাতি পাল্টাতে না পারি তার জন্য ক্ষমা করবেন। এবারে মাননীয় রাজ্যপাল অত্যন্ত গুরুত্বের সঙ্গে সংবিধানের ১৭৬ নম্বর ধারার কথা উল্লেখ করেছেন। কেন উনি বললেন, একমাত্র উইংসের ধার থেকে প্রম্পট করা সরকারি এই কথাগুলি আমার মুখ দিয়ে মঞ্চে বলা সম্ভব, কারণ আমি ১৭৬ ধারার বশবর্তী। মাননীয় রাজ্যপাল প্রথম ভাষণ পাঠ করার পর প্রথম যে ধাক্কাটা খেয়েছেন সেখান থেকেই শুরু করা যাক। আপনাদের নিশ্চয় মনে আছে শ্রীকান্তকে ইন্দ্রনাথ একটা দর্শনের কথা বলেছিলেন। শ্রীকান্ত যখন ইন্দ্রনাথকে বলেছিল, এটা কোন জাতের মরা, এতে হাত দেওয়া যাবে—তখন ইন্দ্রনাথ বলেছিল, ভাই মরার কোনো জাত থাকে না, যেমন ওই নৌকাটা। সমাজ, রাজনীতি, অর্থনীতি এই সমস্ত আমাদের জীবনের মধ্যে একটা প্রভেদ করে রাখে, কিন্তু মৃত্যুর পরে আর সেই প্রভেদ থাকে না। কিন্তু সরকার পক্ষ মৃত্যুর পরেও সেই প্রভেদটাকে বজায় রেখেছেন। স্বরাজ মুখার্জী এবং লক্ষ্মী দে দুজনেই প্রয়াত হয়েছেন। তারা দুজনেই এই হাউসের সদস্য ছিলেন। যদি এটা অনিচ্ছাকৃত ত্রুটি হয়, তাহলে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তাঁর জবাবী ভাষণে তিনি যেন এটা পাল্টে দেন, এই মহতী সভার সবার কাছে আবেদন রাখব এটা পাল্টে দেওয়ার জন্য।

আমাদের রাজ্যের অর্থনীতির পরিপ্রেক্ষিতে দু-একটি কথা বলব। সাম্প্রতিক সমীক্ষা বলছে, ১৯৭১-৭২ সালে পশ্চিমবাংলার সূচক ছিল চতুর্থ, আর ১৯৯৭-৯৮-তে ১৪ নম্বরে এই সূচক ছিল। রাস্তা, রেলপথ, বন্দর, সেচ ব্যবস্থা, বিদ্যুৎ, টেলিফোন, ব্যাঙ্কের ঋণ এবং

আমানতের অনুপাত, এই রাজ্য সরকারের যা কর আদায়ের পরিমাণ, ১৯৬৪-৬৫ সালের এই সূচকগুলোকে একসঙ্গে করে কোনো সমীক্ষা হয়নি। আলাদা আলাদাভাবে এই সূচকগুলোকে ধরে যে সমীক্ষা হয়েছিল তাতে এদের স্থান ছিল প্রথম না হয় দ্বিতীয়। এই তথ্য কোথা থেকে দিলাম ? এটা কি তৃণমূলের ঘর থেকে তুলে দিচ্ছি, না অসীমবাবুর ঘর থেকে দিলাম ? ই.পি.ডাব্লু ২০০২ সালের ১২ই অক্টোবর যে স্পেশাল আর্টিকেল বের করেছিল, ৯ জন বিশিষ্ট অর্থনীতিবিদ যে রিপোর্ট দিয়েছিল, তা থেকে দিলাম। সেই ৯ জনের নাম বলছি—অভিজিৎ ব্যানার্জী, প্রণব বর্ধন, কৌশিক বসু, মৃণাল দত্ত চৌধুরী, সঞ্জয় গুহ, মৈত্রীশ গুহ মজুমদার, মুকুল মজুমদার, দিলীপ মুখার্জী এবং দেবরাজ রায়। ই.পি.ডব্লু. তো অনেকেই নাড়াচাড়া করে দেখেছেন, সেখানে থেকেই এটা পেশ করলাম। মাননীয় রাজ্যপাল এই তথ্যের সঙ্গে তাঁর ভাষণের কোনো মিল খুঁজে পাননি, এটা পড়ার তাঁর প্রয়োজন হয়নি, সংবিধানের ১৭৬ ধারার কথা বলে তাঁর ভাষণ সংক্ষেপ করে চলে গেছেন। তাঁকে ধন্যবাদ জানাই। সরকারি স্বাস্থ্যব্যবস্থা নিয়ে মহামান্য রাজ্যপাল স্বাস্থ্যমন্ত্রীকে ডেকে তাঁর উপলব্ধির কথা জানিয়েছেন, সেই জন্য ভাষণ পাঠ না করে স্বাস্থ্য ব্যবস্থার কথা না বলে, দ্বিপ্রাহরিক ভোজনের পর রাজভবন থেকে বিধানসভা পর্যন্ত পথ পায়ে হেঁটে নিজে স্বাস্থ্য উদ্ধারের কথা ভেবেছেন। পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থার কথা পাঠ করে নতুন করে আর অস্বস্তির মধ্যে ফেলেননি।

আই.টি. সেক্টরের কথা বলেছেন, দারুন হয়েছে, চারিদিকে হার্ডওয়ার ডেভলপ্‌ড হয়েছে। যারা বিনিয়োগ করার চেষ্টা করেছিল তারা বন্‌ধের দিন দেখা করতে না পেরে সেদিন নাকি ফিরে চলে গেছেন। মানববাবু একটা ওয়েবপোর্টাল তৈরি করেছেন, তার নাম দিয়েছেন 'বাংলার মুখ'। আমি এক সময় মানববাবুকে জিজ্ঞেস করেছিলাম, আপনার ইনফরমেশন ডিপার্টমেন্টে ওয়েবপোর্টাল আপডেটেড আছে কিনা। তিনি কিছুটা অস্বস্তিতে পড়ে সম্ভবত উত্তর দিলেন, একটা দারুণ ওয়েবপোর্টাল তৈরি করছি, সমস্ত ডিপার্টমেন্টের ইনফরমেশন বা তথ্য নিয়ে, সেটা দারুণ আপডেটেড হবে। কিয়স্ক, যারা ভাড়া নিয়েছিল তাদের কি অবস্থা তা সংবাদপত্র থেকে আমরা জানি। 'বাংলার মুখ' ওয়েবপোর্টাল সম্বন্ধে যখন কথা হচ্ছে তখন বলি, ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব, ডব্লু.ডব্লু.ডব্লু. ইন্টারনেটে ওয়েবপোর্টাল গেল, এই সম্পকে আমার বিশেষ জ্ঞান ছিল না, একজন প্রযুক্তি মনস্ক মানুষকে জিজ্ঞেস করলে তিনি বলেছিলেন, এটা অনেকটা নখদর্পণে বিশ্ব বীক্ষণের মতো। অর্থাৎ সরার মধ্যে ধরাকে দেখতে পাবে, পৃথিবীটা তোমার ড্রয়িংরুমে এসে যাবে। 'বাংলার মুখ' যখন নাম দেওয়া হল, তখন বোধহয় একটা জিনিস খেয়াল করেননি মানববাবু, মুখ্যমন্ত্রী জীবনানন্দ প্রেমী মানুষ, তিনি হয়ত নামটা পছন্দ করে দিয়েছেন। সেখানে লেখা ছিল, 'বাংলার মুখ আমি দেখিয়াছি পৃথিবীর রূপ খুঁজিতে যাইনা আর'। ওই বাংলার মুখ যদি একবার কেউ দেখে সে আর পৃথিবীর মুখ খুঁজে পাবে না, সে ইন্টারনেট হোক বা ডব্লু.ডব্লু.ডব্লু. হোক। সুতরাং এই অবস্থায় আই.টি. ডিপার্টমেন্টকে নিয়ে গিয়েছেন। মানববাবু আপনি বলতে পারেন—সরকারি আই.টি.-তে কি কি মুসাবিদা পাওয়া যাবে, কবে পাওয়া যাবে ? কিয়স্কের অবস্থা যেখানে ফেলেছেন সেখান থেকে আদৌ মুক্ত হবেন কিনা ?

[3.30-3.40 p.m.]

দুটো অগ্রগতির কথা স্বীকার করতেই হয় এ বিষয়ে কোনো সন্দেহ নেই। সরকার পক্ষ আনন্দিত হবেন। দুটো অগ্রগতির কথা একটা গয়নার দোকান খুলেছেন, আরেকটা পুতুলের দোকান খুলেছেন। এই দুটো অগ্রগতি সাংঘাতিক অবিশ্বাস্য গতিতে হয়েছে। ২০০১ সালে যখন রাজ্যপালের ভাষণ দেওয়া হয়েছিল তখন গয়নার দোকানের কথা বলা হয়েছিল, পুতুল খেলার কথা বলা হয়েছিল। ২০০৪ সালে সেই গয়নার দোকানের কথা বলা আছে, পুতুল খেলার কথা বলা আছে। সুতরাং এই অগ্রগতিতে আমাদের হাততালি দেওয়া উচিত। ক্ষুধার্ত মানুষকে গান শোনাবার জন্য ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালে ৮০ লক্ষ টাকা যাচ্ছে আর বেকার ছেলের সংখ্যা ৭২ থেকে ৬৭ লক্ষে এসে পৌঁছেছে, তাদের জন্য পুতুল খেলার ব্যবস্থা করে দেওয়া হচ্ছে। গত ধর্ষিতার জন্য অলঙ্কারের শিল্প তৈরি করে দেওয়া হচ্ছে। এতে এই অগ্রগতি বিকৃত হয়ে যাচ্ছে কিনা সে বিচার আপনারা করবেন। স্বরাষ্ট্র মন্ত্রকের উপর দুটো বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করব। তার আগে একটা কথা বলে নিই। এই সময়ের ভারতবর্ষে, গত দু-বছরের ভারতবর্ষে সবচেয়ে বড় নিকৃষ্ট এবং পাশবিক ঘটনা বন্দি মৃত্যু নিয়ে এশিয়ান হিউম্যান রাইটস কমিশনের রিপোর্ট। সেই রিপোর্ট অনুযায়ী দুজন বন্দির মৃত্যু ঘটেছে মালদহে—নিমাই ঘোষ, গণেশ দাসের মৃত্যুর ঘটনা। মালদহে পুলিশ কাস্টডিতে যাদের মৃত্যু হয়েছিল। সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী হাইকোর্টের নির্দেশে পশ্চিমবঙ্গ সরকারকে এক লক্ষ টাকা তাদের পরিবারকে দিতে হবে দু'মাসের মধ্যে। এখানেও পশ্চিমবঙ্গ সরকার সেই টাকা দুমাসের মধ্যে দিতে পারেননি। রিপোর্ট অনুযায়ী যে ঘটনা ঘটেছিল ১৫ জনের কাস্টডি যেটা তৈরি করা হয়েছিল সেখানে পুলিশের হিসাব অনুযায়ী ২৬২ জনকে ঢোকানো হয়েছিল এবং ৪০ ডিগ্রী গরমে তারা খাবার জল চেয়েছিল। তাদের সেই খাবার জল দেওয়া হয়নি। তার কারণ পুলিশ খাবার জল বিক্রি করছিল ৪০ টাকা করে। তাদের সেই পয়সা ছিল না, তাই তারা জল পায়নি। ১৫০ জন বন্দিকে হাসপাতালে অসুস্থ অবস্থায় নিয়ে যাওয়া হয়। তার মধ্যে দুজন মারা যায়। এই দুজনের ক্ষেত্রে হাইকোর্ট যে রায় দিয়েছেন সেই রায় মাথা নত করে মেনে নিতে হয়েছে। এটা আমার কথা নয়। আমার প্রত্যেকটা কথার ক্ষেত্রে আমি সূত্র তুলে ধরেছি। আমি যা বলেছি এশিয়ান হিউম্যান রাইটস কমিশনের রিপোর্ট তুলে ধরে বলছি। আমি শুধু একটা কথা বলে শেষ করব। আমি বলতে চাই পি.ডব্লু.জি., এম.সি.সির কথা বহু উল্লেখ করা হয়েছে। একজন মাননীয় নেতা তিনি বামফ্রন্টের চেয়ারম্যান, তিনি বলেছেন একটা গুরুত্বপূর্ণ কথা, বলেছেন পি.ডব্লু.জি-র তৃণমূলের সঙ্গে যোগাযোগ আছে। তিনি কোনো প্রমাণ রাখেননি, ভবিষ্যতে হয়তো প্রমাণ দেবেন। আমরা নিশ্চয়ই আলোচনা করব কিন্তু আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বিগত অধিবেশনে অনাস্থা প্রস্তাবের দিন একটা প্রমাণ পেশ করেছিলাম। সি.পি.এম.-এর একজন মাননীয় সদস্য তাঁর সঙ্গে আই.এস.আই.-এর সঙ্গে যোগাযোগ আছে প্রশ্নটা সংবাদ মাধ্যম থেকে উঠেছিল। তার পরবর্তীকালে তিনি বলেছিলেন, সাত দিনের মধ্যে তিনি আমার এই অভিযোগের জবাব দেবেন। আমরা সেই শক্তির খবর জানতে চাই, তার জন্য শ্বেতপত্র প্রকাশ করতে বলি, তাই আজকে শেষ করার মুহূর্তে দাঁড়িয়ে বলি যখন প্রথম বুদ্ধদেববাবু এসেছিলেন তখন কোনো এক সংবাদ মাধ্যম

আমাকে জিজ্ঞাসা করেছিলেন বুদ্ধদেববাবুর সম্পর্কে আপনার অ্যাসেসমেন্ট কি ? আমি বলেছিলাম খুব তাড়াতাড়ি এই কথাটা বলা বাতুলতা হবে, বাচালতা হবে। কারণ বুদ্ধদেববাবু বাঘের পিঠে চড়ে বসেছেন, উনি যে কথা বলছেন আর ওঁনার দল যে কথা বলছেন সেই দুটো পাশাপাশি মিলছে না। কিন্তু বাঘের পিঠে চড়ে বসলেইতো আর বাঘ হয় না। বুদ্ধদেববাবু যেটা ভাবছেন সেই কথার পরিপ্রেক্ষিতে বলি আপনার বাঘের পোষাক, পিছনে ইন্দ্রনাথরা তাদের লণ্ঠন নিয়ে ছিনাৎ বহুরূপীকে আবিষ্কার করে ফেলেছে। কখনও সেই ইন্দ্রনাথরা তৃণমূল অথবা কংগ্রেস বিধায়ক, কখনও সেই ইন্দ্রনাথরা হয়তো বা পদ্মনিধি ধর জনান্তিকে, হয়তো বা সেই ইন্দ্রনাথরা অন্য কেউ, অথবা প্রত্যক্ষে কমল গুহ। আমি জানি না হয়তো বা বুদ্ধদেববাবু আয়নার সামনে নিজের চেহারা দেখে দেখে ভাবেন ওইখানে কোনো এক স্বপ্ন দেখা যুবকের শব ভাসিতেছে চিরদিন লাল, নীল, রূপোলি নীরব। নমস্কার।

**শ্রী ধনঞ্জয় মোদক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারী এই বিধানসভায় পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার প্রত্যুত্তরে মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর মহাশয় যে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব রেখেছেন সেই প্রস্তাবের সপক্ষে আন্তরিক সমর্থন জানিয়ে আমি স্বল্প পরিসরে আমার বক্তব্য রাখছি। বিধানসভায় মাননীয় রাজ্যপাল যে ভাষণ দেন সেটা সংবিধান সম্মত, কিন্তু সেটা প্রতিবারই এই বিধানসভায় আমরা দেখেছি বিরোধী সদস্যরা বিশেষ করে তৃণমূল কংগ্রেস সদস্যরা বিধানসভায় ফ্লোরে যে আচরণ করেন তাতে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে দিয়ে তৃণমূল কংগ্রেস সদস্যদের প্রতি অনাস্থা জ্ঞাপন করেছেন। সংবিধানের নিয়ম অনুযায়ী রাজ্যপাল যে ভাষণ দেন তাতে প্রতিবারই তৃণমূল কংগ্রেস সদস্যরা ফ্লোরে দাঁড়িয়ে ভাষণ চলাকালীন যে আচরণ করেন, তাঁদের সেই আচরণের প্রতিবাদে রাজ্যপাল এবারেও বলেছেন, এই কারণে রাজ্যপালকে ধন্যবাদ জানাচ্ছি। ২৬ বছর পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার শিক্ষা, স্বাস্থ্য সমস্ত দিক থেকে একটা নির্দিষ্ট উন্নয়নের লক্ষ্য নিয়ে চলেছে। মানুষের জন্য, মানুষের স্বার্থে বামফ্রন্ট সরকার কাজ করে চলেছে। আমাদের দেশের কেন্দ্রীয় সরকারের আজকে যে অর্থনীতি সেই অর্থনীতির প্রভাব পড়ে সারা ভারতবর্ষেই এবং পশ্চিমবঙ্গেও তার ব্যতিক্রম নয়। যখন কেন্দ্রে কংগ্রেস ক্ষমতায় ছিল তখন ভারতবর্ষের মানুষের প্রতি, কৃষি ব্যবস্থার প্রতি, শিল্প ব্যবস্থার প্রতি, সেচ ব্যবস্থার প্রতি কোনো দৃষ্টিপাত না করে বিদেশী মার্কিন সাম্রাজ্যবাদের সহযোগিতায় তাদের ইন্ধনে কংগ্রেস সরকার গ্যাট চুক্তিতে সই করে।

[3.40—3.50 p.m.]

গ্যাট চুক্তিতে সই করার ফলে এবং বিশ্ব-বাণিজ্য সংস্থার সাথে হাত মেলানোর ফলে আমাদের দেশের কৃষি এবং শিল্পের উপর একটা বিরূপ প্রভাব পড়েছে। আমরা দেখতে পাচ্ছি কংগ্রেস সরকার যেভাবে দেশটাকে চালাতে চেয়েছিল আজকে কেন্দ্রের এন.ডি.এ জোট সরকারও সেই পথেই চলেছে এবং সেইভাবে দেশকে চালানোর কথা তারা ভাবছে। তার ফল আজকে কৃষিক্ষেত্রে এবং শিল্প ক্ষেত্রে দেখা যাচ্ছে। শিল্পক্ষেত্রে শ্রমিক ছাঁটাই, কলকারখানা বিক্রি হচ্ছে। কেন্দ্রের এই সরকারের সাড়ে চার বছরের সময়কালের মধ্যে

দেখা যাচ্ছে বহু কারখানা তারা বিক্রি করে দিয়েছে, অনেক শ্রমিক ছাঁটাই হচ্ছে, ভি.আর.এস. দেওয়ানো হচ্ছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি আমাদের এখানে এন.ডি.এ. সরকারের যারা প্রতিনিধি, ওই তৃণমূল কংগ্রেসের বন্ধুরা রয়েছেন তারা দিল্লীর ওই জনবিরোধী সরকারের কোনো প্রতিবাদ করেন না। যেভাবে এন.ডি.এ. সরকার 'ভারত উদয়', 'ফিল গুড' প্রচার করছে তাতে তারাও উল্লসিত হচ্ছে। রাজ্যের ক্ষেত্রে বেকার যুবক-যুবতীর চাকরির ব্যাপারে তৃণমূলের বন্ধুরা এখানে অনেক কথা বলে থাকেন কিন্তু আজকে যে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে, নতুন কলকারখানা তৈরি করা দরকার এবং বেকার সমস্যার সামগ্রিকভাবে সমাধান করা দরকার তা কিন্তু তারা বলছেন না। অথচ তারা পশ্চিমবঙ্গকে এক্ষেত্রে আঘাত করছে। নতুন কলকারখানা আজকে তৈরি হচ্ছে না, ছোট ছোট শিল্পগুলো বন্ধ হয়ে যাচ্ছে, গ্যাট চুক্তির ফলে বিদেশ থেকে বিভিন্ন জিনিস আজকে আমাদের দেশে ঢুকছে তাহলে দেশের অর্থনীতি কোন জায়গায় গিয়ে দাঁড়াবে ? বেকার ছেলেরা কাজ পাবে কি করে ? বিদগ্ধ বিরোধী বন্ধুরা কিন্তু সে সম্পর্কে চিন্তা-ভাবনা করছেন না। শুধুমাত্র বিরোধী বলেই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের বিরোধিতা করছেন তারা। কিন্তু একটা দেশের অর্থনীতি, কৃষি ও শিল্প ব্যবস্থার উপর দাঁড়িয়ে থাকে। কিন্তু দেখা যাচ্ছে কেন্দ্রের এন.ডি.এ. সরকারে সেই কৃষি ব্যবস্থাকে আজকে ধ্বংস করে দিচ্ছে। কিন্তু আজকে এই বাস্তব কথা তারা বলছেন না। আজকে স্যার, ডিজেলের দাম বেড়ে যাওয়ার ফলে কৃষি-জাত ফসলের দাম বেড়ে গেছে এবং দেখা যাচ্ছে কৃষক পরিশ্রম করে যে ফসল ফলাচ্ছে তা লাভজনক দামে বিক্রি করতে পারছে না, অভাবী বিক্রি করতে হচ্ছে। এক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ দিতে হয় তারা কৃষকদের অভাবী বিক্রির সময় অনেক ধান সোসাইটির মাধ্যমে কিনে নিয়েছে। সব কিনে নিতে পারলে অবশ্য আরও ভালো হত। তবুও বলতে হবে যে এক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের একটা চেষ্টা ছিল। চাষির যাতে অভাবী বিক্রি করতে না হয় সেটা তারা দেখেছেন। কিন্তু তৃণমূলের বন্ধুরা আছেন তাদের বলব বাস্তব অবস্থাটা চিন্তা করা দরকার, দেশের অর্থনীতির বিষয়টা চিন্তা করা দরকার। আজকে আপনারা চা-শিল্পের জন্য কুম্ভীরাশ্রু বর্ষণ করছেন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে চা একটা গুরুত্বপূর্ণ শিল্প। কিন্তু আজকে বিদেশ থেকে চা আসছে আমরা দেখতে পাচ্ছি। তাহলে কি হবে ? আজকে যখন আমেরিকা, জাপানে চাষিদের ভর্তুকি দেওয়া হচ্ছে তখন আমাদের দেশে চাষিদের এবং অন্যান্য ক্ষেত্রে ভর্তুকি তুলে দেওয়া হচ্ছে, কমিয়ে দেওয়া হচ্ছে। আমেরিকা, জাপানে চাষিদের ভর্তুকি দেওয়া হয়। কিন্তু আজকে ভারতবর্ষে দিনের পর দিন ভর্তুকি তুলে দেওয়া হয়েছে, ভর্তুকি কমে গিয়েছে। বিদেশে, আমেরিকা যুক্তরাষ্ট্রে ভর্তুকি দেয়, আজকে সেই ভর্তুকি দেওয়া ফসল চলে আসছে ভারতবর্ষে ডাব্লু.টি.ও-এর ভিতর দিয়ে। তার ফলে আমাদের দেশে একটা বিরাট অর্থনৈতিক অভিঘাত সৃষ্টি হয়েছে। এই বাস্তবটাকে আমাদের বুঝতে হবে। তার মধ্যে বামফ্রন্ট সরকার আজকে চেষ্টা করছেন। ঘটনাটা অস্বীকার করার উপায় নেই। আজকে আমরা দেখতে পাচ্ছি যে, পশ্চিমবাংলায় উন্নত ব্যবস্থা আছে, উন্নত আইন-শৃঙ্খলা আছে। হ্যাঁ, চেষ্টা হচ্ছে, বিভিন্ন উগ্রপন্থী শক্তিরা চেষ্টা করছে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলাকে নষ্ট করার। এটা অস্বীকার করার উপায় নেই। এর উদ্ভবটা কি ? আজকে উগ্র বামপন্থা যেটা পুরুলিয়া, বাঁকুড়া,

মেদিনীপুরের দিকে, উত্তরে কামতাপুরী আন্দোলন। আজকে অস্বীকার করার উপায় নেই যে, ৪ বছর আগে তৃণমূল দল তাদের সঙ্গে সংযোগ রেখেছিলেন, ইলেকশনে জোট করেছিলেন। আজকে সেই সত্য অস্বীকার করার উপায় নেই যে, উগ্রবামপন্থী শক্তি যারা শুধুমাত্র বামপন্থী কর্মীদের হত্যা করছে। কেন ? আজকে সেই উগ্র-বামপন্থী শক্তির হাতে ওই তৃণমূল বা কংগ্রেসের কেউ তো খুন হচ্ছে না ? কারণ কি ? কারণ নিশ্চয় আছে। সেই বিষয়টা বুঝতে হবে যে, কেন হচ্ছে ? সেই জায়গাটা বুঝতে হবে। বামফ্রন্ট সরকারের যারা বিরোধী শক্তি, যারা প্রতিক্রিয়াশীল শক্তি—তারা চেষ্টা করছে পশ্চিমবাংলায় একটা বিশৃঙ্খলা সৃষ্টির। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার মানুষের সহযোগিতা নিয়ে সেই বিশৃঙ্খলা দমন করার চেষ্টা করছেন। কিভাবে ? সেটা হচ্ছে যে, মানুষের কাছে সচেতনভাবে রাজনৈতিক সমস্যাকে রাজনৈতিকভাবে মোকাবিলা করা, উন্নয়নের সমস্যাকে উন্নয়ন দিয়ে মোকাবিলা করা। এভাবে সমস্যার সমাধান করার চেষ্টা করছেন। শিক্ষার ক্ষেত্রে বলি—আজকে যদি কেউ চোখ বুজে থাকেন তাহলে সূর্যের আলো দেখতে পাবেন না—শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের সাফল্যকে অস্বীকার করার উপায় নেই। এখানে বামফ্রন্ট সরকার ভূমিসংস্কারের ভিতর দিয়ে গরীব চাষিদের হাতে জমি দিয়েছে, বামফ্রন্ট সরকার সেচের ব্যবস্থা করছে। সেচের ব্যবস্থা করার ফলে মানুষের মধ্যে শিক্ষার আলো পাওয়ার বাসনা উদগ্র চিন্তা-ভাবনা হয়েছে, কাজ করছে। আজকে গ্রামে গ্রামে যান, দেখবেন প্রাইমারি স্কুলে কত ছাত্র পড়ে, মাধ্যমিক ক্লাসে কত ছাত্র পড়ে। ক্লাস-ফাইভ যেখানে আগে প্রায় ৫০-৬০ জন ছাত্র পড়ত, আজকে ২৫ বছরে সেই ক্লাস ফাইভে পড়ছে প্রায় ১২০০-১৫০০ ছাত্র। সমস্যা আছে। স্কুলগুলোকে আরও টাকা দিতে হবে, আরও পরিকাঠামো, আরও টিচার দিতে হবে। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সেই কারণে পরিকাঠামো তৈরি করার জন্য একদিকে ডি.আই. অফিসে জেলাপরিষদের ভিত্তিতে স্কুলগুলোর শ্রেণীকক্ষ নির্মাণের চেষ্টা করছেন, টিচারের সমস্যার সমাধানের জন্য এস.এস.সি.-এর মাধ্যম দিয়ে টিচারের ব্যবস্থা করার চেষ্টা হচ্ছে। একটা সুচিন্তিত নীতির ভিতর দিয়ে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার চলার চেষ্টা করছেন। আর বামফ্রন্টের বিরোধী শক্তিরা তারা এই সুফলগুলোকে দেখতে পাচ্ছেন না। আজকে শিক্ষার ক্ষেত্রে, প্রাথমিক স্তরে প্রাথমিক শিক্ষার সঙ্গে সঙ্গে, যারা আরও পিছিয়ে পড়া শ্রেণী, যারা স্কুলে যেতে পারে না, তাদের জন্য এস.এস.কে.—শিশু শিক্ষা কেন্দ্র করে বামফ্রন্ট সরকার চেষ্টা করছেন আরও নিচের তলায় দরিদ্রতর মানুষের কাছে শিক্ষার আলো পৌঁছে দিতে। মাধ্যমিক স্কুলগুলোতে যেখানে ছাত্র ওভার পপুলেটেড হচ্ছে, বেশি ভীড় হচ্ছে, সে জন্য সেখানে মাধ্যমিক শিক্ষা কেন্দ্র করে ছাত্রদেরকে শিক্ষার আলো দেওয়ার চেষ্টা হচ্ছে। আজকে শিল্প ক্ষেত্রে এটা অস্বীকার করার উপায় নেই যে, আমাদের স্ট্যানডিং কমিটির রিপোর্ট আছে—শিল্প ক্ষেত্রে, যাঁরা স্ট্যানডিং কমিটির মেম্বার, তাঁরা রিপোর্ট প্লেস করেন যে, শিল্প ক্ষেত্রে একটা ভাল পরিবেশ সৃষ্টি হয়েছে। বিদেশী-শিল্পপতি এবং দেশীয় সকলে আকৃষ্ট হচ্ছেন। সু-সংগঠিত চিন্তা-ভাবনার ভিতর দিয়ে আমরা চলার চেষ্টা করছি। কিন্তু দুঃখের বিষয় যে, বিরোধী বন্ধুরা সেটা দেখতে পাচ্ছেন না। এটা তো তাদের দোষ নয়। দোষ তাদের যারা বি.জে.পি.-র সঙ্গে চলে, যারা বি.জে.পি.-র ভাল দেখতে পায়। বি.জে.পি.-র ভাল কিছু নেই।

[3.50—4.00 p.m.]

তাদের কাছে ভালো জিনিস ভালো নয়। যারা সাম্প্রদায়িকতার দ্বারা পশ্চিমবঙ্গের জনজীবনকে নষ্ট করতে চায় তারা এইরকম খারাপই থাকবে। ফলে আমি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল ২৬শে ফেব্রুয়ারী যে বক্তব্য রেখেছিলেন তার পরিপ্রেক্ষিতে এই বইটি আমি ডিটেলস্-এ পড়েছি। পড়ার পর যে সমস্ত ডিপার্টমেন্ট আছে সেই ডিপার্টমেন্টের সব বিষয় এখানে লেখা আছে। কিন্তু তার মধ্যে নর্থ বেঙ্গল এবং দার্জিলিং-এর উন্নয়নের বিষয়ে কিছু উল্লেখ নেই। সেই জন্য আমি বিশেষ করে বলছি, বিশেষ করে গভর্নর স্পিচের প্রথমে লেখা আছে—"To make the administration more attuned to the people's needs and aspirations, Bengali Language is being used widely in Government Offices."

কিন্তু দুঃখের বিষয় আজকে আমরা এই অ্যাসেম্বলী হাউসে আমি আমার নিজের ভাষাতে—নেপালী বা গোর্খা ভাষা বলি—এই ভাষার রেকগনিসান হয়েছে। কিন্তু আমার নিজের মাতৃভাষাতে এখানে বক্তৃতা দিতে পারছি না। কারণ এখানে ট্রান্সলেটার নেই। আমাদের দার্জিলিং জেলাতে বিভিন্ন অফিস আছে সেখানে আজ পর্যন্ত আমাদের ভাষাতে কোনো কাজকর্ম হচ্ছে না—অল্প পরিমাণে, অল্প পারসেনটেজে কাজকর্ম হচ্ছে। কলকাতা থেকে যেগুলি গভর্নমেন্ট অর্ডার আসে সব বাংলা ভাষাতে আসে। আমাদের নেপালী স্পোকিং, গোর্খা স্পিকিং এমপ্লয়ি আছে সেক্ষেত্রে অসুবিধা হয়। তাই এখানে মাননীয় মুখ্যমন্ত্রী আছেন, আমি অনুরোধ করব এই ব্যাপারে উদ্যোগ নেওয়ার জন্য। আর একটা বলতে চাইছি যে, এগ্রিকালচারে—রাজ্যসরকার ৫টি এগ্রি এক্সপোর্ট জোন বিশেষ করে পাইনঅ্যাপেল, পোটেটো, লিচি, ম্যাংগো, ভেজিটেবিল,—৫টি এগ্রি এক্সপোর্ট জোন তৈরি করেছেন কিন্তু দুঃখের বিষয় আমাদের দার্জিলিং জেলায় কালিম্পং আছে, তাকদা আছে সেখানে খুব বেশি করে অরেঞ্জ, জিনজার, কারডামম হয় কিন্তু এই ব্যাপারে রাজ্যসরকার চিন্তা-ভাবনা করলেন না। এই ব্যাপারে আমি খুব দুঃখিত। আশা করছি রাজ্যসরকার ডি.এইচ.এস.সি-র সঙ্গে একটা কো-অর্ডিনেশান করে এই বিষয়কে যুক্তভাবে করা যায় তাহলে ভালো হবে। আমি পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামে গ্রামে—বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে ঘুরেছি, সেখানে কোল্ড স্টোরেজ রয়েছে। জলপাইগুড়িতে, ময়নাগুড়িতে, ধূপগুড়িতে কোল্ড স্টোরেজ হয়েছে কিন্তু আমাদের দার্জিলিং এ রাজ্যসরকার আজ পর্যন্ত কোল্ড স্টোরেজের ব্যাপারে চিন্তা-ভাবনা করলেন না। তাই আমি খুব দুঃখিত। স্যার, আমাদের দার্জিলিংয়ে যে ইনফ্রাস্ট্রাকচার রয়েছে মিনি হাইডেল প্রোজেক্ট করার জন্য অনেক সুযোগ রয়েছে। কিন্তু আমি এখানে দেখলাম না, ইতিমধ্যেই মংপুতে কালিখোলা মিনি হাইডেল প্রোজেক্ট যেটা সেটা এখনও কমপ্লিট হয়নি। এখানে লেখা আছে এইরকম মিনি হাইডেল প্রোজেক্ট করে গ্রামের বৈদ্যুতিকরণের অনেক সুযোগ রয়েছে কিন্তু আমাদের এখানে রাজ্যসরকার এই নিয়ে কিছু চিন্তা-ভাবনা করেনি। আমি আশা করব নিশ্চয়ই এই বিষয়ে দার্জিলিং-এ পাহাড়ে আমাদের নর্থ বেঙ্গলে নিশ্চয়ই রাজ্যসরকার আরও বেশি ধ্যান দেবেন বলে আমি আশা করছি।

ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট ডি.জি.এইচ.সি-র আন্ডারে নয়, রাজ্যসরকারের আন্ডারে। সেই ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট বিশেষ করে দক্ষিণবঙ্গে বলুন, কলকাতায় ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট থেকে বিভিন্ন কনস্ট্রাকশান ওয়ার্ক, ফ্লাই ওভার, এক্সটেনশান অফ্ রোড—বিভিন্ন প্রোজেক্ট তৈরি হচ্ছে। কিন্তু দুঃখের বিষয় নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন নর্থ বেঙ্গলের ভেতরে এবং নর্থ বেঙ্গল থেকে সাউথ বেঙ্গল পর্যন্ত যে বাস রুটগুলি পরিচালনা করে সেগুলোর সার্ভিস আজকে খুবই শোচনীয় হয়ে পড়েছে। এন.বি.এস.টি.সি-র এমপ্লয়িদের অবস্থাও আজ খুব খারাপ হয়ে দাঁড়িয়েছে। অবসরপ্রাপ্ত কর্মচারীরা পেনশান পাচ্ছেন না, গ্র্যাচুইটি পাচ্ছেন না। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নর্থ বেঙ্গলের ট্রান্সপোর্টের ব্যাপারে আরও কিছু ব্যবস্থা গ্রহণ করা হোক। আমি আরও একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে, আমাদের দার্জিলিং পাহাড়ী এলাকার বিভিন্ন জায়গা থেকে, তাগদা, তিনধড়িয়া, পাঙ্খাবাড়ি থেকে প্রতিদিন কার্শিয়াং-এ স্টুডেন্টরা পড়তে আসে, তাদের জন্য এই হাউসে আমি বহুবার বাসের দাবি জানিয়ে এসেছি। কিন্তু আজ পর্যন্ত তাদের জন্য ওখানে কোনো বাস সার্ভিস চালু করা হল না। এ বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য আমি সরকারকে অনুরোধ করছি। মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের অধীনে ইনটিগ্রেটেড ডেভলপমেন্ট অব স্মল অ্যান্ড মিডিয়াম টাউন প্রোগ্রাম গৃহীত হয়েছে এবং তাতে এ বছর ইংরেজ বাজার, তারকেশ্বর, হাবড়া, কোচবিহার, বসিরহাট ও মেদিনীপুর এই ছয়টি শহরকে ধরা হয়েছে। আমাদের দার্জিলিং পাহাড়ের কার্শিয়াং, কালিম্পং মিউনিসিপ্যালিটিকে এই প্রোগ্রামের মধ্যে নিয়ে আসার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি। এই কটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**Shri Sunirmal Paik :** Mr. Dy. Speaker Sir, the speech which was delivered by our Hon'ble Governor in the Assembly on 26th January and the motion of thanks moved by Shri Padmanidhi Dhar on the speech of the Hon'ble Governor-I want to say something in support of the motion. I don't know how far it will help in making all of you understand about the salient points which our Hon'ble Governor has tried to explain in his speech about the development work done by our government of West Bengal. The idea of training has come to light and it is much needed also for the workers who are working in different sectors of the Government. To bring dynamism in the work training is very much needed. If a worker is trained he will definitely be able to work very well and after that his work will go on smoothly and it will help the Government very much in case of smooth working. So training system has been started at present to train the Government workers in different sectors. This kind of idea is much worthy to be praised. The second thing is, so far as development of fishery is concerned one thing should be noted here, in Congress regime there was no thinking at all to develop fishery harbours.

[4.00 – 4.10 p.m.]

The Fisheries Dept. was stumbling to some extent in different sectors. But at present the Fisheries Dept. has become dynamic and so many harbours have been established in different districts in different ways to help the fishermen in such a way that they may earn their livelihood by transporting the fishes and so on . so fisheries Dept. has developed a new thing, a new system in our State and the work of Fisheries Dept. is really speaking also worth to be praised.

Another thing to note here is the universalization of primary education. In this stituation I want to quote one thing from the first day lecture of our Swamiji in Chicago. He said in Chicago, "I am proud to belong to the religion which has taught the world both tolerance and universal acceptance." He used the words 'universal acceptance' in the case of development of religion. In the speech of our Hon'ble Governor he has used the words universalization of primary education. Universalization of primary education here is very much needed for all the children irrespective of caste and creed. So to develop primary education this has been stressed very much. So universalization is very much needed and this universalization is felt by our Govt. of West Bengal. It is a very good idea also that universalization has come to develop the primary education and Sishu Sikshya Karmasuchi has come to the light. In Sishu Sikshya Karmasuchi so many new buildings-more than 811 buildings-have been established to develop this kind of education. To enthuse the rapturous enthusiasm in the minds of Children the West Bengal Government has done so many new things. You know the children become fickle minded but if they see the new buildings they will come batchwies to study. For there reasons buildings here and there in our state are being established. Sarba sikshya Abhijan has been started to help this kind of education. Thank you, Sir. I support the Hon'ble Governor's Address and oppose the amendments.

**শ্রী তাপস রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী মহামান্য রাজ্যপাল বীরেন জে শা ২৬ শে ফেব্রুয়ারী যে ভাষণ দিয়েছেন, তার উপর মাননীয় সদস্য যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করে অত্যন্ত স্বল্প পরিসরে কিছু কথা রাখবার চেষ্টা করছি। মাননীয় রাজ্যপালের ভাষণে তথ্য স্থান পায়নি, পর্যটন স্থান পায়নি, ক্রীড়া স্থান পায়নি। এমন একটা ভাষণকে ধন্যবাদ জানাই কি করে ? কি করে সকলে এর উপর বক্তব্য রাখলেন আমি জানি না। দেখতে পাচ্ছি মাননীয় মুখ্যমন্ত্রীর বোধ হয় নন্দনে যাওয়া বন্ধ হয়ে গেছে। তথ্য স্থান পায়নি,

চলচ্চিত্রের ব্যাপারে কোনো লাইন নেই। পর্যটন উনি চান না। সাহারা পুত্রের বিবাহ লগ্নে উপস্থিত না থেকে ৮০০ কোটি টাকার লগ্নি তিনি ফিরিয়ে দিলেন। পর্যটনের প্রয়োজন নেই পশ্চিমবাংলায়। বাংলার ক্রীড়াবিদ জ্যোতির্ময়ীকে কৃষ্ণনগরে দাঁড় করিয়ে যদি দায়িত্ব পালন করা যায় তাহলে ক্রীড়ার প্রয়োজন কোথায় ? আজকে বাংলার সোমা, পৌলমী সোনা জয় করে নিয়ে আসছে, কাগজে আমরা ছবি দেখেছি, খবর পড়েছি। আজকে সারা পশ্চিমবাংলায় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কিয়স্ক দেখতে পাচ্ছি। রবীন্দ্রময়ী মুখ্যমন্ত্রী তাঁর আধিকারিকদের রবীন্দ্র শিক্ষায় শিক্ষিত করতে পারেন। "আমার এই পথ চাওয়াতেই আনন্দ" সেটা বিভিন্ন জায়গায় লেখা আছে আমার এই চলাতেই আনন্দ। এই পথ চলাতে ওনার আনন্দ থাকতে পারে, উনি খুশি থাকতে পারেন। "খুশির এই আপন মনে বাতাস বহে সুমন্দ"। পশ্চিমবাংলায় সুমন্দ বাতাস বইছে তার গন্ধ পেয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী। তার কিয়স্ক দেখতে পাচ্ছি, হোর্ডিং দেখতে পাচ্ছি। কিন্তু বাংলার মানুষের উপর ১ লক্ষ কোটি টাকা ঋণ। ১২ হাজার কোটি টাকা বাড়ল ট্যাক্সের বোঝা। মটর সাইকেলের উপর লাইফ টাইম ট্যাক্স নেওয়া হচ্ছে, মটর গাড়ির উপর ৫ বছরের ট্যাক্স নেওয়া হচ্ছে। এই সরকার ২ বছরের বেশি নাও থাকতে পারে কিন্তু ৫ বছরের ট্যাক্স তুলে নেওয়া হচ্ছে। হাসপাতালের ১০ গুণ চার্জ বৃদ্ধি করা হয়েছে, পেট্রল ডিজেলের উপর লিটার প্রতি ২ টাকা সেস নেওয়া হচ্ছে। পাবলিক সেক্টরে ইন্ডিয়ান পেপার পালস, সুন্দরবন সুগার বিট বন্ধ হয়ে গিয়েছে। আরো ১৬টি প্রাইভেট সেক্টরকে বন্ধ করে দেওয়া হচ্ছে এবং রিস্ট্রাকচারিং-এর কথা ভাবা হচ্ছে। ওদের কথায় ব্রিটিশ সাম্রাজ্যবাদ, তাদের সাহায্য বা অনুদান নিয়ে। আর.ডি.এক্স. বোঝাই লরি পাওয়া যাচ্ছে। যোগাযোগ পাওয়া যাচ্ছে খিদিরপুর থেকে মালদা পর্যন্ত। আই.টি. যেটা নিয়ে এতো কথা বলা হচ্ছে, এতো গর্ব করা হচ্ছে, এতো ঢক্কানিনাদ করা হচ্ছে, সেই আই.টি-র ৪৫ কোটি টাকার বরাত ফেরত হচ্ছে। সি.আই.টি.ইউ. ইউনিয়ন স্তব্ধ করে রেখেছিল। সি.আই.টি.ইউ-র নেতা শ্যামল চক্রবর্তী বলেছেন, আমলারা ষড়যন্ত্র করে বিদ্যুৎ বাইরে পাঠিয়ে দিচ্ছে। বাইরে বিদ্যুৎ যাচ্ছে সেটা আমাদের গর্ব তিনি বলছেন। স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে মহামান্য আদালত বলছেন "স্বাস্থ্য ব্যবস্থাটাই অসুস্থ, কড়া শাস্তির দাওয়াই নিরাময়ে কমিটি গড়ার নির্দেশ হাইকোর্টের, অবহেলাতেই শিশু মৃত্যু, ক্ষতিপূরণ ১০ হাজার টাকা"। আইন-শৃঙ্খলায় পুলিশ প্রশাসন সম্পর্কে হাইকোর্টের অবজারভেশান—পুলিশ দিয়ে রাজ্য চালাচ্ছে মাফিয়ারা। এই মন্তব্য বিচারপতির। এই মন্তব্য আমার নয়, পঙ্কজ ব্যানার্জী বা তৃণমূলের নয়, এই মন্তব্য হাইকোর্টের বিচারপতির। গত ভিজিটে অমর্ত্য সেন কলকাতায় এসে বলে গেলেন স্বাস্থ্য পরিষেবা দিতে না পারলে দেবেন না। বর্তমান বন্দোবস্তে পরিষেবা না দিতে পারেন, মানুষকে হাসপাতালে নিয়ে গিয়ে মৃত্যুর দিকে ঠেলে দেবার অধিকার নেই।

[4.10—4.20 p.m.]

আমার কথা নয়, অসীম দাশগুপ্ত যাঁর পেছনে পেছনে ঘুরে বেড়ান, সেই ডঃ অমর্ত্য সেন তাঁর লাস্ট ভিজিটে কলকাতায় এসে এই কথা বলে গেছেন। আজকে তাই বামপন্থীরা বলছে। যারা আপনাদের বিশ্বাস করত তারা বলছে। বাংলার আপামর জনগণ রবীন্দ্রনাথের

সেই গান গেয়ে বলছে যে, আমার এই পথ, তোমার পথের থেকে অনেক দূরে গেছে বেঁকে। আজকে তাই সর্বহারার গোপন ব্যথ্যা, সাথীহারার গোপন ব্যথা সর্বহারা নেতার কাছে তারা বলছে, সাথীহারার গোপন ব্যথা বলব যারে সে জন কোথা ? সে জন এখানেও নেই। এখানে বুদ্ধদেব ভট্টাচার্য্যকে দেখতে পাচ্ছি না। আর সে জন প্রয়োজনেও থাকেন না। আজকে এটা প্রশ্ন। তাই সেখানে সেই ব্যথার কথা তারা বলতে পারছে না। সেই ব্যথার কথা যাকে তারা স্বজন ভেবেছিল, সেই সে জন, অর্থাৎ সেই বুদ্ধদেব ভট্টাচার্য-র কাছে, বাংলার মুখ্যমন্ত্রীর কাছে ধানতলা থেকে ঘোকসাডাঙা, ঘোকসাডাঙা থেকে হাড়োয়া, হাড়োয়া থেকে শক্তিগড়, বাংলার মহিলারা তাদের ব্যথার কথা জানাতে পারল না। বিধায়ক নির্মল মন্ডল তাঁকে ১২ই জানুয়ারী কাঁটা দিয়ে দিয়ে মারা হল। একজন বিধায়ক, নিরীহ বিধায়ক, তাঁকে কেন মারা হবে ? আপনি নিশ্চয়ই আপনার জবাবী ভাষণে বলবেন, কারা মারল ? বাংলার বুকে একদলীয় শাসন ব্যবস্থা কায়েম করার এই চক্রান্ত আপনাদের দীর্ঘদিনের। হাঁড়ির একটা ভাত টিপলে বোঝা যায় ভাত সেদ্ধ কি সেদ্ধ নয়। আপনাদের এম.এল.এ. খন্ডঘোষের বিধায়ক জ্যোৎস্না সিং ইস্তফা দিলেন কেন ? বাড়িতে চাকুরী নেই। ভাইয়ের চাকুরী নেই, অভাব অনটনের ছোঁয়া স্পর্শ করেছে। আর বিধায়কগিরি করলে অর্ধেক টাকা আলিমুদ্দিনে দিতে হবে। সংসার তো চলবে না। তাই জ্যোৎস্না সিংকে ইস্তফা দিতে হয়। এটা তো বাংলার ঘরে ঘরের চিত্র। সেই চিত্রের প্রতিফলন আপনার ভাষণের বইতে নেই। মাননীয় মুখ্যমন্ত্রী এটা ঘরের চিত্র, বাংলার প্রতিটি ঘরের চিত্র। আজকে তাই প্রশ্ন, মেমারীর রবীন্দ্র ঘোষ, আলু চাষী যখন মারা যায়, আপনার হৃদয়ে তখন দোলা দেয় না। আপনি অন্য কথা বলেন। আজকে আপনাদের দলের, সিপিএম-এর, নৈহাটির শংকর মোনাই কেন মারা যাবে ? আমি এই কথা আগেও বলেছি, আজও বলছি, ২০০৩-এ এই কথা বলেছিলাম। আজকে আপনার রিপ্লাইটা পেলাম, ৬৬ জন খুন হয়েছে, রাজনৈতিক খুন। যার মধ্যে শংকর কোনাই বাদ ২০০৪-এ। যার মধ্যে গোয়ালতোড়ের অসিত সাঁতরা বাদ। তারা কেন খুন হবে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি করে বলে? আপনি বলছেন জনযুদ্ধ। আপনি এখানে বলেছেন যে, জনযুদ্ধ তৃণমূলের নেতারা কি জিনিস জানে না। ঠিকই তো, জনযুদ্ধ আমরা জানবো কোথা থেকে ? জনযুদ্ধ তো আমাদের জানার কথা নয়। আপনারাই ক্লাস স্ট্রাগল-এর কথা বলে শিখিয়ে এসেছেন। আপনারা চিরজীবন ধরে ক্লাস স্ট্রাগল-এর কথা বলে এসেছেন, শিখিয়ে এসেছেন। এখন আপনারা সুখে রয়েছেন। দুধে-ভাতে রয়েছেন। কোথায় ক্লাস স্ট্রাগল ? কোথায় সশস্ত্র বিপ্লব ? আজকে তারা হাতে অস্ত্র তুলে নিয়েছে। সিপিআই থেকে সিপিএম, সিপিএম থেকে নকশাল—এখন সেই নকশালপন্থী, জনযুদ্ধ। আজকে আপনি যদি সেই কারণে বলেন যে, তৃণমূলের সম্পর্ক দেখা যাচ্ছে—একদা আমাদের সঙ্গে কেউ ছিল, আর এখন জনযুদ্ধ—এটা ভয়ঙ্কর প্রবণতা। আপনাদের বলার চেষ্টা করেছিলাম যে, একদিকে আর্থসামাজিক, একদিকে উন্নয়ন, একদিকে আপনাদের রাজনৈতিক দমন-পীড়ন, অপ্রেশন—আজকে এইদিকে নিয়ে যাচ্ছে। আমরা উদ্বিগ্ন। আমরা ব্যক্তি হত্যায় কোনোদিন বিশ্বাস করি না, আজও করি না, আগামী দিনেও করব না। তাতে আপনারা বিশ্বাস করুন বা না করুন কিছু আসে যায় না। কিন্তু আজকে আপনি যদি বলেন তখন ও তৃণমূল করত, আজকে সে জনযুদ্ধ হয়ে গেছে, যদি গিয়ে থাকে,

তার জন্যও আপনারা দায়ী। আমি জানি না, আপনি কি উত্তর দেবেন ? কিন্তু আপনি যদি বলেন যে, তৃণমূল জনযুদ্ধের সঙ্গে, তাহলে আপনাকে প্রমাণ দিতে হবে, বর্তমানে আমাদের কোনো নেতৃত্ব বা প্রাইমারী মেম্বারশিপ আছে, এমন কোনো ব্যক্তির যোগাযোগ রয়েছে ? তাহলে তো বলব, যারা জনযুদ্ধ বা নকশাল করতেন তাঁরা তো এক সময়ে সিপিআই বা সিপিএম, তাহলে পরে সেই রেশ ধরে তো বলতে পারি যে, তাঁরাও সিপিএমের লোক। অদ্ভুত একটা যুক্তি বামফ্রন্টের চেয়ারম্যান দিচ্ছেন। আর এখানে ধনঞ্জয়বাবু দিয়ে গেলেন যে, একটাও তো কংগ্রেস মরছে না। একটাও তো অবাম মরছে না। একটাও তো তৃণমূল মরছে না। আমার মনে পড়ে যাচ্ছে আমার ছাত্রাবস্থায় যে বক্তৃতা আমি করতাম যে, 'যে সাম্রাজ্যবাদ মহাত্মা গান্ধীকে খুন করে, ইন্দিরা গান্ধীকে খুন করে, রাজীব গান্ধীকে খুন করে, জেনারেল বৈদ্যকে খুন করে, কৈ, হরকিষাণ সিং সুরজিতকে তো খুন করে না, জ্যোতি বসুকে তো খুন করে না, আপনাদের কাউকে তো খুন করে না ?' অদ্ভুত যুক্তি ! অদ্ভুত ফেলাসি ! এর ওপরে দাঁড়িয়ে যদি বলেন যে, আপনাদের কাউকে খুন করছে না, এই কথা বলে যদি বলেন ওদের যোগসাজশ রয়েছে তৃণমূলের সঙ্গে, তাহলে তো বলতে হয়, ভারতবর্ষের বুকে যতগুলো টেররিস্ট অ্যাটাক হয়েছে, সেগুলোর সঙ্গে আপনাদেরও যোগাযোগ রয়েছে। আজকে তাই প্রশ্ন সেখানে থেকে যাচ্ছে। আপনি ডি ওয়াই এফ আইয়ের মিটিংয়ে ব্রিগেডে দাঁড়িয়ে যা বলেছেন তাতে হাঁস, মুরগীরা পর্যন্ত হাসছে। হ্যাঁ, হাঁস-মুরগীরাও হাসছে। আপনি বলেছেন যে, এইরকম ভাবনা-চিন্তা আপনার মাথাতেই ছিল না, তাহলে কার মস্তিস্ক প্রসূত এটা ? আপনারই পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের মানবেন্দ্র রায় বলেছেন যে ১৪ই অক্টোবর সার্কুলার দিয়েছেন, সেগুলো আমার এখানে রয়েছে। আপনি সেই সম্পর্কে বলবেন এখানে। আজকে আপনারা কার উপরে না করের ট্রফি, করের বোঝা চাপাতে চাইছেন না ? আজকে ইংরাজিতে সুনির্মল পাইকের বক্তৃতা শুনে আমার মনে পড়ে গেল প্রথম শ্রেণী থেকে যে আবার ইংরাজি শুরু হয়েছে তারই পূর্বাভাস হিসাবে সুনির্মল পাইক ইংরাজিতে বক্তৃতা দিতে শুরু করেছেন। তবুও আনন্দের কথা যে ইংরাজি আপনারা আবার প্রথম শ্রেণী থেকে পড়ানো শুরু করছেন। আসলে এতদিন পরে আবার ইংরাজি চালু করার জন্যই মাধ্যমিক পরীক্ষায় ইংরাজি প্রশ্নপত্রে ভুল বানানে ভর্তি। আসলে এতোদিন ধরে পড়াননি, শেখাননি এবং যে সমস্ত মানুষকে ওখানে বসিয়ে দিয়েছেন মধ্যশিক্ষা পর্ষদে, তাঁরা ভুল বানানে প্রশ্নপত্র শক্ত করেছেন। যার ফলে পশ্চিম মেদিনীপুরে চন্দ্রকোণা রোডের ছাত্রকে প্রাণ দিতে হয়েছে, আত্মহননের পথ বেছে নিয়েছে। এর কোনো দায়-দায়িত্ব বাংলার সরকারের নেই, বাংলার মুখ্যমন্ত্রীর নেই ? সুতরাং সেই কারণেই আজকে প্রশ্ন এসে দাঁড়িয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বলতে চাইছি যে, এই যে অরুণ ঘোষ ১৮ই জানুয়ারী রাওতারা গ্রামে শালবনীতে খুন হল, আজকে কেন তাঁর স্ত্রী অদিতিকে ৯ বছর এবং ৭ বছরের পুত্র এবং কন্যাকে নিয়ে পালিয়ে বেড়াতে হচ্ছে, কেন তারা গ্রামে ঢুকতে পারবে না। তার শ্লীলতাহানি হতে পারে অথবা প্রাণ যেতে পারে তার পুত্র-কন্যার—কেন হবে এই জিনিস। আপনি তো বাংলার মুখ্যমন্ত্রী, আপনি বলুন কেন ভাজা চাউলির মানুষকে গ্রামে ঢোকানো যাবে না। এখনো কেন তারা রাস্তায় থাকবে ? আজকে আপনাদেরই দলের দুলাল ব্যানার্জী ভজ

গৌরাঙ্গ লহ গৌরাঙ্গের গান গেয়ে সংকীর্তন করে বেড়াচ্ছে। আজকে দুলাল ব্যানার্জীর দল জেলের ভেতরে সংকীর্তন করছেন। আপনি একটা সার্কুলার দিয়ে জানান যে, বাবা এই যে সংকীর্তন করছ, জেলের ভেতরে সমস্ত কর্মীদের নিয়ে নয়, জেলের বাইরে নাম কীর্তন কর, আম মানুষকে খুন কর না, আর তোরা মানুষকে খুন করিস না। আপনারা বলবেন জানি না, আমার প্রশ্ন তাই যে, এই পথ শেষ কোথায় যে পথে আপনারা হাঁটছেন। মাননীয় মুখ্যমন্ত্রী যে পথে হাঁটছেন আপনারা, সেই পথে বাংলার স্বাস্থ্য থেকে আইন-শৃঙ্খলার থেকে সব কিছু জলাঞ্জলি গেছে। সেই পথে ঢালাও মদের ব্যবসা, বামফ্রন্ট সরকার ঢালাও মদের ব্যবসার জন্য লাইসেন্স দিতে চলেছেন। আপনাদের সিটু নেতারাই আমলাদের ব্যাপারে বলেছে, আমলারা নাকি চক্রান্ত করছেন। সুতরাং আজকে প্রশ্ন সেখানেই যে, যেখানে রঙের দাম ১৭৫ টাকার থেকে বেড়ে ৫০০ টাকা করেছেন, চুঙ্গীকর থেকে শুরু করে সর্বত্র কর বাড়িয়েছেন। আপনার ৫৫০ টাকা স্কোয়ার ফিটে কারা ঘর নেবে যারা কিনা ৫৫ হাজার টাকা দিয়ে আপনার রেজিস্ট্রি করার কথা ভাবেন। তারপরে রেস্টুরেন্টে ১৭.৫ শতাংশ কর বাড়িয়েছেন। আজকে কোর্ট ফি থেকে শুরু করে বিদ্যুতের মাশুল বৃদ্ধি দু-বছরে চারবার হয়েছে। অথচ সরকারি কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের রেট কমিয়ে দিয়েছেন। তাই এই পথ বাংলার পথ নয়, এই পথ আমাদের সবার পথ নয়, তাই এই পথের শেষ কোথায়, শেষ কোথায়, কি হবে শেষে। "হাল ভাঙা পাল ছেঁড়া ব্যথা চলেছে নিরুদ্দেশে।" ধন্যবাদ।

**শ্রী আবু হেনা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারী মাননীয় রাজ্যপাল সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ যে ভাষণ দিয়েছেন এবং তারপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমাদের দলের এবং বিরোধীদলের যে সমস্ত অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে সেইগুলো সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, গত চারদিন ধরে রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব যে এসেছে তার উপরে আলোচনা চলছে। অনেকেই বিতর্কে অংশগ্রহণ করেছেন এবং অনেকেই বক্তব্য রেখেছেন। এবং তাতে মোটামুটি সকলেই একই বক্তব্য রেখেছেন। কিন্তু আমরা ট্রেজারি বেঞ্চের যাঁরা বক্তব্য রেখেছেন তাদের বেশিরভাগ ক্ষেত্রে দেখতে পাচ্ছি যে, তাঁরা রাজ্যপালের ভাষণের উপরে সেইভাবে বক্তব্য না রেখে কেন্দ্রীয় সরকারের নীতি এবং তার কাজকর্ম সম্পর্কে আলোচনা করেছেন।

[4.20 – 4.30 p.m.]

মাননীয় রাজ্যপালের ভাষণের ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের উপর সেইভাবে বক্তব্য না রেখে কেন্দ্রীয় সরকারের নীতি তাদের কাজকর্ম নিয়ে যে আলোচনা করেছেন সেখানে কংগ্রেসের দলের তরফ থেকে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে, তাদের নীতির বিরুদ্ধে, তাদের আদর্শের বিরুদ্ধে, কর্মসূচির বিরুদ্ধে নতুন করে কিছু বলার নেই। আজকে আমাদের দলের প্রথম বক্তা অসিত মিত্র মহাশয় বিস্তারিতভাবে বলেছেন, এই ব্যাপারে। আজকে লালকৃষ্ণ আদবানী নতুন করে আবার রথযাত্রা করছেন। এই ব্যাপারে আমরাও অত্যন্ত উদ্বিগ্ন। কারণ আমরা জানি না কি হবে। তা সত্ত্বেও আমরা বলতে চাই যে, কেন্দ্রীয়স্তরে বিজেপি আমাদের প্রধান রাজনৈতিক শত্রু। কোনোদিনও আমাদের বিজেপি-র সঙ্গে মিত্রতা ছিল না। কারণ রাজ্যস্তরে সিপিএম পার্টি এবং আপনারা আমাদের রাজনৈতিক শত্রু সুতরাং আজকে মাননীয় রাজ্যপাল যে ভাষণ রেখেছেন আমরা জানি না মাননীয় রাজ্যপাল গত ২৬ তারিখে

এখানে এসেছেন এবং সেই ব্যাপারে বিভিন্ন ব্যক্তি বিভিন্ন বক্তব্য রেখেছেন। মহামান্য রাজ্যপাল মোটিভেটেডলি এই সরকারের লিখিত ভাষণ পড়েননি, সেদিন এমন কোনো ঘটনাও ঘটেনি যাতে করে রাজ্যপালকে তাঁর ভাষণ বন্ধ করে দেওয়ার মতো অবস্থা হয়েছিল। উনি প্রথম প্যারা, দ্বিতীয় প্যারা এবং শেষ প্যারাটা পড়ে ৫ মিনিটের মধ্যে ভাষণ শেষ করে চলে যান। কিন্তু ব্যাপারটা ছিল, এখানে রাজ্যপালের ভাষণের বইটা হচ্ছে ১৩ পাতার। উনি যে কথাটা বলতে চেয়েছিলেন সেটা আমি সংক্ষেপে বলতে চাই, উত্তরবঙ্গে সশস্ত্র জঙ্গী কার্যকলাপ হচ্ছে দীর্ঘকালীন সমস্যা এবং রাজ্যের পশ্চিমাঞ্চলে চরম বামপন্থী কার্যকলাপের দরুন রাজ্য সরকার ও তার নিরাপত্তা পরিকাঠামো এখনো কঠিন এক চ্যালেঞ্জের মুখোমুখি রয়েছে। সিপিআই, এম এল (জনযুদ্ধ) এবং এম সি সি-র নেতৃত্বে যে উগ্র বামপন্থী আন্দোলন চলছে তা রাজ্যের আভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থার ক্ষেত্রে একইভাবে গুরুতর উদ্বেগের বিষয়। এই ব্যাপারটা নিয়েও অনেকে আলোচনা করেছেন। আমিও বলতে চাই, এটা অত্যন্ত উদ্বেগের ব্যাপার এবং আমরা মনে করি এর অনেক কারণ আছে। সেই কারণগুলি অনেকে বিশ্লেষণ করেছেন, ব্যাখ্যা করেছেন। জনযুদ্ধ কিংবা কে এল ও এই যে বাড়ছে, প্রত্যেক বছরেই বাড়ছে এবং প্রশাসন যে ব্যর্থ হচ্ছে এটাকে দমন করার জন্য এর পিছনে কি আছে এটা নিশ্চয় আপনারা উপলব্ধি করছেন। আমরা মনে করি উপজাতিদের মধ্যে, জনজাতিদের মধ্যে তাদের যে আর্থিক সামাজিক অবস্থা তাদের উন্নয়নের ক্ষেত্রে যে পরিকাঠামোর ক্ষেত্রে অবনতি হয়েছে, গত ২৬ বছর ধরে তার পরিনতিতে এই ঘটনা ঘটেছে। এমন কি এখানে যে ৮ জন পুলিশ মারা গেলেন এবং হাজার হাজার মানুষ যারা সন্ত্রস্ত তা সত্ত্বেও এখানকার পুলিশ প্রশাসনের পক্ষ থেকে আপনি-মুখ্যমন্ত্রী-বারবার বলছেন তাদেরকে দমন করা হচ্ছে। দমন করা যাচ্ছে। কিন্তু এটা পথ নয়। পথ হচ্ছে, তাদের অর্থনৈতিক উন্নয়ন। তাদের আর্থিক সামাজিক অবস্থার উন্নয়ন। সেই পরিকাঠামোকে যদি উন্নয়ন না করতে পারেন তাহলে কিন্তু এই সমস্যা আরও বাড়বে। এই সমস্যা বাড়বে এবং এটাকে বন্ধ করতে পারবেন না। আমি আশা করব আপনি এদিকে পদক্ষেপ নেবেন এবং আপনাদের তৈরি করা রাজ্যপালের এই ভাষণের মধ্যে যেটা বলা আছে, রাজ্যে অপরাধমূলক কার্যকলাপের সামগ্রিক পরিস্থিতি যথেষ্টই নিয়ন্ত্রণে রয়েছে এবং অপরাধ সংঘঠনের ক্ষেত্রে উল্লেখযোগ্য কোনো বৃদ্ধি ঘটেনি। কিন্তু প্রত্যেক দিনের কাগজ এবং ইলেকট্রনিক মিডিয়াকে যদি আমরা লক্ষ করি তাহলে প্রত্যেকদিনই দেখবেন ডাকাতি, রাহাজানি, সন্ত্রাস, ব্যাঙ্ক ডাকাতি, ধর্ষণ প্রত্যেকদিন ২-৩-৪টি করে ঘটনা ঘটছে। আজকে ব্যাঙ্কে লক্ষ লক্ষ টাকার ডাকাতি হচ্ছে, রাহাজানি হচ্ছে, আপনার পুলিশ তার মোকাবিলা করতে পারছে না। কে.এল.ও. জনযুদ্ধের ব্যাপারে আপনার ইনটেলিজেন্স দপ্তর যেমন ফেইল করছে, ব্যাঙ্ক ডাকাতিগুলোর সমাধান করার ক্ষেত্রেও আপনার ইনটেলিজেন্স দপ্তর ফেইল করছে। কিন্তু পুলিশ পলিটিক্যাল ক্ষেত্রে মোটিভেটেড হয়ে কাজ করছে। আমাদের জেলায় যিনি এস.পি. আছেন তার নেতৃত্বে পুলিশ কংগ্রেস কর্মীদের উপরে অত্যাচার চালাচ্ছে। যেসব কেসগুলোর চার্জশিট হয়ে গেছে, ট্রায়ালের জন্য অপেক্ষা করছে, সেইসব কেসগুলোর লোকেদের ধরে নিয়ে এসে পুলিশ থার্ড ডিগ্রি চালাচ্ছে এবং বন্ড সিক্সটি ফোরে সই করিয়ে নিচ্ছে এবং এটা মোটিভেটেডলি করা হচ্ছে। আগামী লোকসভা নির্বাচনের

আগে এইভাবে কংগ্রেস কর্মীদের উপরে অত্যাচার করা হচ্ছে, যাতে কংগ্রেস ওই জেলায় ভালো ফল করতে না পারে। বুথ দখল করে, অন্যায্যভাবে যাতে সি.পি.এম. ওখানে সাফল্য লাভ করতে পারে তার জন্যই এটা করা হচ্ছে। কারণ গত ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের সময় কংগ্রেস জেলা পরিষদ দখল করেছে, ১২টি পঞ্চায়েত সমিতিতে জয়লাভ করেছে এবং বহরমপুরে ২৩টির মধ্যে ২৩টিই দখল করেছিল। আগামী লোকসভা নির্বাচনে কংগ্রেস প্রার্থী যাতে জয়লাভ করতে না পারে তার জন্য আপনারা পুলিশের সঙ্গে আঁতাত করে এই কাজ করছেন। কৃষি উৎপাদন আমাদের এখানে বেড়েছে, সারা ভারতবর্ষেই তো আজকে কৃষি উৎপাদন বেড়েছে। আজকে অন্ধ্রপ্রদেশে কৃষি উৎপাদন বেড়েছে। পাঞ্জাবে কৃষি উৎপাদন বেড়েছে। কিন্তু আজকে যারা মার্জিনাল ফার্মারস, স্মল ফার্মারস্ তারা তাদের উৎপাদিত পণ্য বিক্রি করতে পারছে, তারা ফসলের ন্যায্য দাম পাচ্ছে না। আপনারা ধানের একটা সাপোর্টিং প্রাইস ঘোষণা করলেন, কেন্দ্রীয় সরকার পাটের একটা সাপোর্টিং প্রাইস ঘোষণা করলেন, কিন্তু চাষিরা তাদের ন্যায্যমূল্য পেল না। এখানেও মিডলম্যানরা এসে গেছে, তারাই কম দামে চাষিদের কাছ থেকে পণ্য ক্রয় করে নিচ্ছে। পাট চাষিদের কাছ থেকে কম দামে তারা পাট ক্রয় করে নিয়ে জুট কর্পোরেশান অফ ইন্ডিয়ার কাছে তারা বেশি দামে বিক্রি করছে। আমরা জানি বিদ্যুৎ উৎপাদন বেড়েছে, কিন্তু ট্রান্সমিশান লসের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। এখনও গ্রাম বাংলায় পাঁচ থেকে ছয় ঘন্টা লোডশেডিং হচ্ছে। বিদ্যুৎ না থাকার জন্য কৃষকরা স্যালো পাম্প, টিউবওয়েল চালাতে পারছে না, ফলে তাদের ক্ষতি হচ্ছে। আমি বুঝতে পারছি না কিভাবে আমরা বিদ্যুতের উন্নতি করেছি? মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা খুঁজে পেলাম না ইরোশান প্রবলেম, আনএমপ্লয়মেন্ট প্রবলেম এইসব সম্বন্ধে কোনো উল্লেখ নেই এবং তার সমাধানের ব্যাপারেও কোনো উল্লেখ এখানে নেই। এই সরকারের আর্থিক দেউলিয়াপনার কথাও এই ভাষণের মধ্যে নেই। এক লক্ষ কোটি টাকা এই সরকারের আর্থিক দেনা। যেখানে চৌদ্দ থেকে পনেরো হাজার কোটি টাকা রেভিনিউ রিসিপ্ট হয়, সেখানে খরচ হচ্ছে ২৬ থেকে ২৭ হাজার কোটি টাকা, অর্থাৎ দশ, বারো হাজার কোটি টাকা ঘাটতি থেকে যাচ্ছে।

[4.30—4.40 p.m.]

সেই ডেফিসিট পূরণ করতে গেলে আবার ঋণ করতে হচ্ছে। এইরকম পরিস্থিতিতে দাঁড়িয়ে পশ্চিমবাংলায় ইকনমিক্যালি ব্যাঙ্করাপ্সি এসে গেছে। তার ফলে আমরা দেখছি কর্মচারীদের মাইনে দিতে, পেনশন দিতেই সমস্ত টাকা খরচ হয়ে যাচ্ছে এবং উন্নয়নের জন্য কোনো টাকা থাকছে না। আমরা দেখতে পাচ্ছি প্ল্যান আউটলে ক্রমশ কমতে কমতে এক চতুর্থাংশে এসে দাঁড়িয়েছে, উন্নয়নের কাজ কিছুই হচ্ছে না। স্বাস্থ্য পরিষেবার উন্নতি শুধু কাগজে-কলমেই হয়েছে, বাস্তবে তার নিদর্শন দেখতে পাচ্ছি না। গ্রামবাংলায় স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে, ডাক্তার নেই, নার্স নেই, ইক্যুইপমেন্ট নেই। রাজ্যপাল যে ভাষণ এখানে রেখেছেন, তাতে অনেক কিছুই দেখছি না। এমন ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সংশোধনীগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী সোনালী গুহ :** মাননীয় স্পীকার মহাশয়, মহামান্য রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে ২৬শে ফেব্রুয়ারী অবিচ্যুয়ারি পাঠ করেই চলে গেছেন, তাঁকে দিয়ে সরকার যে অসত্য কথা বলাবার চেষ্টা করেছিল তা না করেই। দেখবেন আমি কোনো অ্যামেন্ডমেন্ট দিইনি। কারণ, যে কথা রাজ্যপাল বলেননি, অবিচ্যুয়ারি পাঠ করেই চলে গেছেন, তার উপর কেমন করে অ্যামেন্ডমেন্ট দেব ? মুস্তাফা বিন কাসেম বললেন সারা দেশে হাহাকার, আর এখানে আমি বলছি বলাৎকার। বলছেন দমদম আপনাদের লজ্জা, সেখানে পরপর দুবার হেরে গেছেন। আপনাদের গর্বের কোনটা ? ধানতলা, ঘোকসাডাঙা গর্বের, হাড়োয়া গর্বের, উলুবেড়িয়া গর্বের। পশ্চিমবঙ্গ যদি একটা বটবৃক্ষ হয়, তাহলে তার নীচে বুদ্ধদেব বসে আছেন, তাঁর মাথায় কাক বিষ্ঠা ছড়াচ্ছে, সেই জন্য চুল সাদা হয়ে গেছে। অশোক মিত্র যখন বৃত্তি কর চালু করেছিল, তখন বলেছিলেন এর থেকে বেকারভাতা দেবেন। আপনি বলুন তো মাননীয় মুখ্যমন্ত্রী আপনি আসার পর বেকাররা ভাতা পাচ্ছে কিনা ? যারা চাকরি করছে তারাই মাইনে পাচ্ছে না, আর বেকাররা ভাতা পাবে ? যখন বৃত্তি করের বিষয় উঠেছিল, তখন কাশীপুরের মানুষ বুদ্ধদেব বাবুকে প্রত্যাখ্যান করেছিল। আজকে বিধানসভায় আসার পর কতগুলো বই দেওয়া হল কাগজে দেখলাম স্বাস্থ্য পরিষেবার হাল কি এখানে ? 'অন্ধকারে জমিয়ে দে মদের ঠেক, তাসের আড্ডা, প্রশ্ন করলে চোখ রাঙানি'। এটা তৃণমূল বলছে না, সাংবাদিক বন্ধুরা বলছে। কোথায় চলছে এই জিনিস ? নীলরতন সরকার মেডিক্যাল কলেজে চলছে। আমি যখন বলেছিলাম আপনার সূর্যগ্রহণ, তখন মার্শাল ডেকে আমাকে বার করে দিয়েছিলেন। এখন বলছি, শুধু সূর্যগ্রহণ নয়, পূর্ণগ্রাস সূর্যগ্রহণ।

শিল্পের কি অবস্থা দেখুন। ওয়েবেল-সহ পাঁচটি কোম্পানি বন্ধ হয়ে গেছে। দিল্লীতে একটা চলে সাবসিডি দিয়ে। কে চালাচ্ছে সুস্মিতা বসু, সি.পি.এম.-এর রাজ্যসভার সদস্য নীলোৎপল বসুর স্ত্রী। কিছু বলতে পারবেন না। পশ্চিমবাংলার গ্রামোন্নয়ন নিয়ে বলছেন ? ওই তো বসে আছেন মন্ত্রী আনিসুর রহমান, মন্ত্রী বললেন অধিকার পঞ্চায়েতকে দেওয়া হয়েছে। অধিকার তো ৭৩ সালেই দেওয়া হয়েছিল। কেন পঞ্চায়েত স্তর থেকে শুরু করে শহরাঞ্চলে কর বসানো হচ্ছে ? কেন দ্বিচক্রযানের উপর কর বসিয়েছেন ? কেন হাঁস-মুরগীর উপর কর বসানো হচ্ছে ? নির্বাচনের সময় হয়ত মুখ্যমন্ত্রী গ্রামে যাবেন ভ্যানে করে, সেখানকার মানুষের সঙ্গে কথা বলার চেষ্টা করবেন। আমরা অনেকে গ্রামের এম.এল.এ. আছি, আমরা গ্রামের দেওয়ালে দেওয়ালে লেখা দেখেছি। লেখা আছে—'হাসছে গরু, হাসছে ছাগল, হাসছে মুরগী বলছে বুদ্ধ পাগল'। এই হচ্ছে গ্রামের লোকেদের ভার্সন। গ্রামের লোক এটা বলছে। আর আপনারা নিজেদের সব ব্যর্থতা ঢাকতে, আপনারা বলছেন জনযুদ্ধের সঙ্গে টি.এম.সি., বিজেপির যোগাযোগ রয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী, আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই আমার কাছে কতগুলো পোস্টার আছে, সেই পোস্টার, ১১ই অক্টোবর পুরুলিয়াতে এম.সি.সি. হানায় ও.সি. মারা গেলেন, মারা গেলেন জনযুদ্ধ মাইন বিস্ফোরণে। সত্যব্রত মন্ডল যার বাড়ির লোক কি বলল মুখ্যমন্ত্রীর নিরাপত্তার জন্য এত টাকা খরচ হয় আর আমাদের ছেলেদের নিরাপত্তা কোথায়। আমরা বিশ্বাস করি মুখ্যমন্ত্রীর নিরাপত্তার দরকার আছে। হাউসের প্রত্যেকটা সদস্যই একথা মনে করে, কিন্তু যারা পাহারাতে যায় তাদের নিরাপত্তার আরও বেশি দরকার আছে। এটা কুম্ভকে রক্ষা করতে হবে নকল বুঁদি গড়কে। আজকে

আপনারা পুলিশের রেশন কেড়ে নিয়েছেন, মাইনে দিতে পারছেন না। নিরাপত্তাটুকুও কেড়ে নিয়েছেন, আর বলছেন টি.এম.সি., বিজেপি জনযুদ্ধের সঙ্গে সংযুক্ত। আমি এক সময়ে উত্তরবঙ্গের ছাত্র সংগঠনের সঙ্গে যুক্ত ছিলাম, তখন আমি উত্তরবঙ্গে গিয়েছিলাম। ওরা কি বলত ? কে.এল.ও. কি ? যারা পেল তারা সি.পি.এম, যারা পেল না, তারা কে.এল.ও.। কে.পি.পি. কি কি দিবি ? যারা পাবে তারা সি.পি.এম, যারা পেল না তারা কে.পি.পি.। আর আপনারা বলছেন জনযুদ্ধের সঙ্গে টি.এম.সি, বিজেপির যোগাযোগ ? মাননীয় মুখ্যমন্ত্রী বলুন তো তারকেশ্বর লোহারের বাড়ি কারা পুড়িয়ে দিল ? তারা জনযুদ্ধের লোক, তারা বিজেপির লোক, তারা টি.এমসি.-র লোক ? না, সেখানে অত্যাচারিত মানুষ ভাগে ভাগ পায়নি বলে তার বিস্ফোরণ হয়েছে তারকেশ্বর লোহারের বাড়িতে। আজকে সেখানে ১৯টা মানুষকে জ্যান্ত পুড়িয়ে মারা হয়েছে। কারা পুড়িয়ে দিয়েছে বীজপুরের সি.পি.এম নেতার বাড়ি। তারা সি.পি.এম.। মাননীয় মুখ্যমন্ত্রী আপনি জবাব দেবেন, আজকে দিনের পর দিন গ্রাম বাংলার মহিলাদের ধর্ষণ করে গ্রাম বাংলার মানুষকে অগ্নি স্ফুলিঙ্গে নিয়ে গেছেন, ঘরের মা, বোনকেও রেহাই দেননি। আজকে আমি এক জন মহিলা রাতের অন্ধকারে সিকিওরিটি ছাড়া বেরোতে ভরসা পাই না। আমি আপনাকে অনুরোধ করব বাংলার মেয়েদের আপনি সম্মান রক্ষা করার চেষ্টা করুন। আপনার কমরেড দুর্বৃত্তদের যদি নিবৃত্ত না করার চেষ্টা করেন নাহলে আমাদের প্রোটেকশান দেওয়ার ব্যবস্থা আপনাকে করতে হবে না। আপনার বাড়ির মা-বোনের ফটোগুলো জেরক্স করে পার্টি অপিসে পাঠিয়ে দিন, তারা আপনারা পার্টি কমরেডদের বলাৎকারের শিকার হবেন, মুখ্যমন্ত্রী সেদিন আপনি লজ্জায় মুখ লুকাতে জায়গা পাবেন না। আজকে গোটা বাংলা জ্বলছে। সেদিন কাশেম ভাই বলছিলেন যে সোনালী গুহরা পোস্টার নিয়ে বেড়াচ্ছিলেন সেই পোস্টার উনি নাকি দেখতে পাচ্ছিলেন না। পাবেন না। দেখতে পাবেন না। এখানে একটা পোস্টার মারা হয়েছে কোলাঘাটের সি.পি.এম. নেতার দুর্নীতির বিরুদ্ধে। কে লিখছে ? মাধব মান্নার সমস্ত কুকর্মের পূর্ণ তদন্ত চাওয়া হয়েছে। কারা চেয়েছে। কোলাঘাট তাপ বিদ্যুৎ কেন্দ্রে ভূমিহারাদের চাকরির দাবিতে মেচেদা, শান্তিপুর, জিমুটিয়া, আন্দুলিয়া, শ্রীকৃষ্ণপুরের ডি.ওয়াই.এফ.আইয়ের কর্মীরা দলীয় নেতৃত্বের বিরুদ্ধে কার্যত প্রকাশ্যেই বিদ্রোহ ঘোষণা করেছে। আজকে গোটা বাংলা জ্বলছে। কাশেম ভাই বললেন যে সোনালী গুহরা পোস্টার নিয়ে এসেছিলেন, উনি বললেন যে পোস্টার নাকি ওঁরা দেখতে পান না। এখানে একটা পোস্টার মারা হয়েছে। কোলাঘাটের সি.পি.এম. নেতার দুর্নীতির বিরুদ্ধে পোস্টার কে লিখছে ? লিখছে কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের ভূমি হারাদের চাকরির দাবিতে মেচেদা, শান্তিপুর, জিমুটিয়া, আন্দুলিয়া, শ্রীকৃষ্ণপুরে ডি.ওয়াই.এফ.আইয়ের কর্মীরা দলীয় নেতৃত্বের বিরুদ্ধে কার্যত প্রকাশ্যেই বিদ্রোহ ঘোষণা করেছে। এবার তাহলে বলি জনযুদ্ধ গোষ্ঠী যে বিদ্রোহ ঘোষণা করেছে পশ্চিম মেদিনীপুর থেকে পূর্ব মেদিনীপুর পর্যন্ত বিস্তার লাভ করছে, আপনাদের পার্টির লোকেরাই সেই বিস্তার লাভে সাহায্য করছে। মাননীয় মুখ্যমন্ত্রী আপনি এত বছরের স্বরাষ্ট্রমন্ত্রী তার মানে আপনার ইন্টেলিজেন্স ব্যুরোটাই ফেল করেছে। আপনি আটকাতে পারেননি। কোথা থেকে প্রকাশ্য দিবালোকে গাড়ির পর গাড়ি এসে ঢুকে গেছে। আপনাদের মন্ত্রিসভার এমন কয়েকজন সদস্য আছেন যারা নির্বাচনের আগে প্রকাশ্যে অস্ত্র নিয়ে মেদিনীপুরে ঘুরে বেড়ায়। তৃণমূল কংগ্রেস, বিজেপির অনেক কর্মীর রক্তাক্ত দেহ আমরা

পড়ে থাকতে দেখেছি। কিন্তু কিছুই হয়নি। তাদের মাথায় মুকুট পরিয়ে আজকে কাঁটার মুকুটে বসে আছেন। আর আপনি ভেবেছেন অমিতাভ নন্দী আর সুভাষ চক্রবর্তীকে একই ছাতার তলায় নিয়ে এসেছেন। মাথার উপরে জ্যোতিবাবু বসে আছেন, তিনি বলেছেন, রক্তের হোলি খেলতে হবে। দমদম সিটটা বড্ড টাচি। একদিকে তপন সিকদার, একদিকে অরূণাভ ঘোষ। মাঝখানে তোমার দেখা নাই রে, তোমার দেখা নাই। সিপিএম এর ঠাঁই নাই। খেপে গিয়ে খ্যাপানোর চেষ্টা করছে। তাই এই বইটার মাধ্যমে রাজ্যপাল বলেননি তাই তাকে ধন্যবাদ জানাই। যে অসত্য বলানোর প্রয়াস তাকে দিয়ে করানো হয়েছে, সেই প্রয়াসের সম্পূর্ণ নিন্দা করার পর এই অসত্য ভাষণের বিরুদ্ধে আমাদের বিরোধী দল থেকে যে সংশোধনী আনা হয়েছে তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ। নমস্কার।

[4.40 – 4.50 p.m.]

**শ্রী ইউনুস আলি সরকার** : গত ২৬ তারিখে মাননীয় রাজ্যপাল এই সভায় যে ভাষণ উত্থাপন করেছেন এবং তার পরিপ্রেক্ষিতে আমাদের পক্ষ থেকে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব উত্থাপন করা হয়েছে সেই প্রস্তাবের পক্ষে সমর্থন জানিয়ে আমি কয়েক কথা এখানে উল্লেখ করতে চাইছি। আমি এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব সমর্থন করছি শুধুমাত্র এই জন্যই নয় যে যত উন্নতি এই বামফ্রন্ট সরকারের আমলেই হয়েছে বলে। এটা আমি জানি ২৭ বছরে ৩০ পারসেন্ট শিক্ষা প্রতিষ্ঠান বেড়েছে, ৯৯ পারসেন্ট পড়ুয়া বেড়েছে শুধুমাত্র এই জন্যই আমি সমর্থন করছি তা নয়। ১৯৭৩-৭৪ সালে যে অবস্থা ছিল এখন তার অনেক উন্নতি হয়েছে। ১৯৭৩ সালে গরীব মানুষের সংখ্যা মানে দারিদ্রসীমার নীচে যারা বাস করত তার সংখ্যা হচ্ছে ৭৩.১৬ পারসেন্ট, আর ২০০০ সালে এই সংখ্যাটা হল ৩১.৮৫ পারসেন্ট। আমি সমর্থন করছি এই জন্যই যে এত সমস্যার মধ্যে এতগুলি উগ্রপন্থী সংগঠন যারা সব সময় পশ্চিমবাংলার ক্ষতি করতে চাইছে এবং তারা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সহযোগিতা পাচ্ছে, এই রকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে রাজ্য সরকার যে অগ্রগতির চিত্র তুলে ধরতে পারছেন তার প্রতিচ্ছবি রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লিখিত হয়েছে সেই জন্যই আমি সমর্থন করছি। গত ৮ তারিখ থেকে রাজ্যপালের ভাষণের উপর আলোচনা শুরু হয়েছে, এখানে কংগ্রেস দলের মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র যে কথা বললেন, তিনি বললেন বান্দোয়ানের সভায় গিয়ে যে ঔদ্ধত্য মাননীয় মুখ্যমন্ত্রী দেখিয়েছেন তার জন্যই বেলপাহাড়ীতে এই ধরনের ঘটনা ঘটেছে। আমরা জানি বেলপাহাড়ীর ঘটনার পরের দিন জনযুদ্ধ গোষ্ঠীর নেতা একই কথা বলেছিলেন। এর জন্যই আমার মনে হয়েছে বেলপাহাড়ী, বান্দোয়ানের ঘটনার পরে জনযুদ্ধ গোষ্ঠীর নেতা যে স্টেটমেন্ট দিয়েছেন তার সাথে এর পার্থক্য কোথায় ? এদের মধ্যে গোপন আঁতাত না থাকলে এই রকম একই রকম ভাষায় স্টেটমেন্ট কেমন করে আসে ? আমার দ্বিতীয় কথা হচ্ছে আজকে তৃণমূল এখানে আছে এবং কেন্দ্রে শাসন ক্ষমতায় আছে তাদের জোট সঙ্গী, তাদের নীতি কি ? তাদের নীতি সব সময় আমাদের রাজ্যটাকে বিভাগের মধ্যে নিয়ে যাবার চেষ্টা করছেন। তাদের কর্মসূচী হল গত ৩ ফেব্রুয়ারী আমাদের এখানে বন্‌ধ ডাকা হল। কোন দলের নেতৃত্বে বন্‌ধ ডাকা হল ? তৃণমূল কংগ্রেসের নেতৃত্বে। তৃণমূলের নেত্রী তিনি মন্ত্রিসভাকে খুব একটা পছন্দ করেন না, ছেঁড়া জুতোর মতো মনে করেন, যাই হোক শেষ পর্যন্ত তিনি মন্ত্রিত্ব নিয়েছেন আর নিলেন নিলেন এমন একটা দপ্তর যেটা তিনি একেবারেই পছন্দ

করেন না সেই কয়লা দপ্তর নিয়েই তিনি সন্তুষ্ট আছেন। তারা পশ্চিমবঙ্গে বন্‌ধ ডাকলেন কেন ? কারণ এখানে গরু, ছাগলের উপর ট্যাক্স বসেছে সেই জন্য। আমি জিজ্ঞাসা করি বন্‌ধ ডাকার জন্য ৩৬৫ দিনের মধ্যে কি আর কোনো দিন পেলেন না এই ৩রা ফেব্রুয়ারী ছাড়া, যেদিন একটা বড় সম্প্রদায়ের বড় উৎসব ছিল ২রা ফেব্রুয়ারী, আপনারা জানেন উৎসবটা হচ্ছে ইদ-উজ-জোহা, এই উৎসবের পর্ব তিন দিন ধরে চলে। তাহলে আপনারা ইদের পরের দিনই বন্‌ধ ডাকলেন কেন ? কি উদ্দেশ্য নিয়ে আপনারা বন্‌ধটা ডাকলেন ? গুজরাটে গণহত্যা হয়েছে তাই আপনাদেরও মনে মনে সেইরকম বাসনা ছিল কিন্তু পারছেন না, কারণ এখানে বুদ্ধদেববাবুর মতো মুখ্যমন্ত্রী আছেন বলেই। আপনাদের মনের বাসনা বুঝেছি এই বন্‌ধ ডাকার মাধ্যমেই। দুর্গাপুজোর পরের দিন অষ্টমী কি নবমীর দিন আপনারা কখনও বন্‌ধ ডাকতে পারবেন ? পারলে বুঝব আপনারা অসাম্প্রদায়িক দল। আমার দৃঢ় বিশ্বাস আজকে কেন্দ্রে যে বি.জে.পি. সরকার তাদের যা নীতি এখানে আপনাদেরও সেই নীতি। আপনারা ৩রা ফেব্রুয়ারী বন্‌ধ ডেকে একটা সম্প্রদায়ের ধর্মীয় অনুষ্ঠানকে বানচাল করে দেওয়ার চেষ্টা আপনারা করেছেন। সেই আপনাদের নেত্রী আবার মাথায় ফেটি বেঁধে একটা ইফতার পার্টিতে বসে থাকেন। আপনারা দেখান আপনারা মুসলমান ভাইদের কথাও ভাবেন। সেই জন্যই তাদের সঙ্গে আছেন। উনি মুখে যা বলেন আসলে তা মানেন না, এই হচ্ছে ঘটনা। আপনারা কি বলবেন! আজকে নির্মলবাবু বললেন আমাদের পাড়ার ছেলে খুন হয়েছে জনযুদ্ধের নামে। তার পরিবারের কি হবে ? কিন্তু তিনি কখনও বললেন না জনযুদ্ধের সাথে লড়াই করতে গিয়ে যে সব পুলিশ খুন হচ্ছে বা সাধারণ মানুষ খুন হচ্ছে তাদের পরিবারের কি হবে। একথা কিন্তু তিনি বললেন না। বললেন শুধু পাড়ার ছেলে খুন হওয়ার ব্যাপারে। যে মায়ের কোল থেকে তার ছেলে চলে যাচ্ছে, যে স্ত্রীর সিঁথির সিন্দুর মুছে যাচ্ছে তাদের কি হবে—একথা কিন্তু তিনি বললেন না। আমরা বলি খুন হওয়া খারাপ। কিন্তু এখানে তৃণমূল, বিধায়ক তার পাড়ার ছেলের কথা বললেন অন্য কোনো পরিবারের কথা বললেন না। এক্ষেত্রে ওদের দৃষ্টিভঙ্গীই আলাদা এবং সেই জন্য প্রমাণ হয় জনযুদ্ধের সঙ্গে ওদের আঁতাত আছে এবং তাই পাড়ার ছেলে খুন হয়েছে বলে ক্ষতিপূরণ চাওয়া হচ্ছে।

মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন করতে গিয়ে বলব মাননীয় অসিতবাবু বলেছেন টি.এম.সি., কংগ্রেস, আই.এস.আই. সম্বন্ধে আপনাদের বক্তব্য জানান। আপনারা তো দেখতেই পাচ্ছেন, সমস্ত ঘটনার মোকাবিলা করার জন্য আমাদের রাজ্যসরকার প্রস্তুত আছে। বাকি আর যে বিষয়গুলো আছে মাননীয় মুখ্যমন্ত্রী জবাব দেবেন। শুধু কংগ্রেস নেতাদের জিজ্ঞাসা করছি পশ্চিমবঙ্গে একটা আই.এস.আই. চক্র ধরা পড়েছিল—মাননীয় নির্বেদবাবু বলেছেন—সেই চক্রের কয়েকজন এখন জেল হাজতে আছেন তাদের মধ্যে একজন শুধু পলাতক। তার নাম হ্যাপি। কে সে ? ব্লক যুব কংগ্রেসের সভাপতি। কিন্তু তার জন্য আপনারা একবারও দুঃখ প্রকাশ করেননি। ওই হ্যাপি এখন বাংলাদেশে অবস্থান করছে। জেলা কংগ্রেসের নেতারা এটা স্বীকার করতে বাধ্য যে হ্যাপি বাংলাদেশে রয়েছে। এই অবস্থায় দাঁড়িয়ে কংগ্রেস(আই)-র ভূমিকা কি ?

মাননীয় আবু হেনা সাহেব বললেন মিথ্যা কেসে তাদের জড়ানো হচ্ছে, মিথ্যা অভিযোগে অভিযুক্ত করা হচ্ছে। মাননীয় তাপসবাবু বলেছেন সাম্রাজ্যবাদী শক্তির আক্রমণে মহাত্মা গান্ধী এবং অন্য অনেকে খুন হয়েছেন। এবং তিনি এজন্য দুঃখ প্রকাশ করেছেন। আমরাও এ ব্যাপারে দুঃখ প্রকাশ করি। কিন্তু যারা খুনী তাদের সঙ্গে কারা পিরিত জমাতে যাচ্ছে ? আমরা যাচ্ছি তৃণমূলের সঙ্গে পিরিত করতে ? কারা তাদের সঙ্গে ঘর করছেন ? আপনারা নিশ্চয় এ ব্যাপারে বলবেন। আমরা শুধু বলতে চাই এই খুনের ব্যাপারে আমাদের কোনো আপোস নেই। আমরা খুনীকে খুনীই বলি। উনি বলেছেন পুলিশ অযথা হয়রান করছে। গত ২৬-২৭-২৮শে জানুয়ারী মুর্শিদাবাদ জেলা বন্ধ ডাকা হয়েছিল কারণ দু'তিন জন কংগ্রেস(আই) বাস ইউনিয়নের নেতা অ্যারেস্ট হয়েছিলেন। সেই বন্ধে কারা অ্যারেস্ট হয়েছিলেন জানেন ? তাদের একজনের নাম হারান দাস এবং আরেকজনের নাম গণেশ মন্ডল। কিন্তু ওই নামে যদি তাদের খোঁজা হয় তাহলে কিন্তু সারা বহরমপুর খুঁজেও ওদের পাওয়া যাবে না। কিন্তু যদি বলেন গালকাটা গণেশ এবং হাঁটু ভাঙা হারান কোথায় থাকে তাহলে সবাই দেখিয়ে দেবে, পুরসভার আসেপাশে তারা ঘুরে বেড়ায়। এই হচ্ছে ওদের নেতা। তিন দিন বন্ধ করা হয়েছিল কিন্তু ওদের ছাড়া হয়নি। কেন আপনারা বন্ধ প্রত্যাহার করলেন ?

আজকে সবচেয়ে অবাক হওয়ার বিষয় হচ্ছে মুর্শিদাবাদ জেলা কংগ্রেস নেতারা আজকে পশ্চিমবঙ্গে কংগ্রেসের জিয়ন কাঠি হয়ে দাঁড়িয়েছে। আজকে তারা মুর্শিদাবাদ জেলা সভাপতির হাত ধরে উঠতে চাইছেন। ওই কংগ্রেস সভাপতি আজকে তাঁর পায়ে ধরে বলছেন, আমি কখনও ভোটে দাঁড়ায়নি, কখনও ভোটে জিতিনি, আপনাদের মুর্শিদাবাদে একটু জায়গা দিন যাতে জিতে লোকসভায় যেতে পারি। সেই জন্য আজকে তিনি হত্যে দিয়ে পড়ে আছেন। সেই কংগ্রেস সভাপতির বক্তব্য কি জানেন ?

[4.50—5.00 p.m.]

কংগ্রেসের সভাপতি শ্রী অধীর চৌধুরী মহাশয়, তিনি কি বলেছেন সেটা শুনুন—তিনি বলেছেন, "আমি খুন হয়ে যেতে পারি"। কোথায় ? জলঙ্গীতে অথবা টাউন ক্লাবে যাতায়াতের পথে। কেন একথা বলেছেন ? সি.পি.এম.-রা খুনি নাকি ? খুন তো আপনারা করেছেন। ১৯শে জানুয়ারী ডোমকলের সামসুদ্দিনকে তো আপনারা খুন করেছেন। ১৬ই ডিসেম্বর জনপ্রিয় শিক্ষক লালমোহন মন্ডলকে আপনারা খুন করেছেন। এছাড়াও গতবছর ৩৮ জনকে আপনারা খুন করেছেন। আমরা তো খুন করিনি। আপনারা তালিকা প্রকাশ করুন—আপনারা খুন করেছেন। তারপরে বলছেন, 'খুন হয়ে যাব'। কেন ? ভয়টা কোথায় ? ভয়টা অন্য জায়গায়। শুধু একটু কান খুলে শুনুন, ভয়টা অন্য জায়গায়। ওই যে আপনাদের পিছনে বসে আছেন নিয়ামৎ সাহেব—দাদার সঙ্গে মন কষাকষি, আর ভিড়ছে না, ভয় হয়েছে। আপনারা শুনুন ভয়টা কোথায় ? ভয়টা অন্য জায়গায়, ভয়টা হচ্ছে যে, আজকে বড় ভাই—দাদার বড় ভাই আছে একজন, দাদার বড় ভাই, নিশ্চয় আবু তাহের সাহেব জানেন, তাঁর নাম হচ্ছে রশিদ সাহেব—যে বড় ভাই আছে বলেই দাদার এত পরিচিতি ছিল, কিন্তু গত কয়েক মাস ধরে বড় ভাই বলছে, 'তোমার সঙ্গে ভাই আমি নাই'। অন্য জায়গায় কথা বলছে, রাস্তায় কথা বলছে,

কুকীর্তি সব ফাঁস করছে, তাই আতঙ্কিত। আজকে আকবর কবির—একজন ল ইয়ার, এতদিন তিনি সমস্ত ক্রিমিনাল কেসে কংগ্রেসের ওই সভাপতিকে বাঁচাতেন, তিনি একটু বেঁকে বসেছেন। সব থেকে বড় কথা কি জানেন ? জেলাপরিষদের কংগ্রেসের দলের দলনেতা, নাম সানোয়ান শেখ, গত ১লা ফেব্রুয়ারী গ্রেপ্তার হয়েছেন, ২১শে ফেব্রুয়ারী পর্যন্ত জামিন হয়নি। কে অভিযোগ করেছিল ? অভিযোগ করেছিল মৌসুমি বেগম—জেলাপরিষদদের কংগ্রেসের সদস্য এবং আপনার কংগ্রেস দলের অত্যন্ত ঘনিষ্ঠা। তিনি অভিযোগ করেছিলেন এবং তাঁর অভিযোগের ভিত্তিতে ১লা ফেব্রুয়ারী পর্যন্ত জেল হাজতে আছেন সানোয়ান শেখ। এতগুলো ঘটনা—উনি ভাবছেন যে, আমি যেভাবে রাজনীতি করেছি, যেভাবে খুনোখুনি করেছি, আর তো করা যাবে না। সেই কারণে আগাম গাওনা—'আমি খুন হয়ে যেতে পারি'। দলের সমস্ত খুনীরা আজকে যে পথে হাঁটছে—তারা অন্যপথে হাঁটছে—সেই কারণে কংগ্রেসের আতঙ্ক। আমরা খুন করতে যাইনি। আজকে শুধু আমরা এই কথাগুলো বলতে চাই যে, এই ঘটনাগুলো ঘটেছে। এরপরেও কি বলছেন ? এরপরেও বলছেন বাংলার মানুষ আপনাদের দিকে কথা বলবে। কেন ? আমাদের সরকার নাকি ছাগল, মুরগীর উপর ট্যাক্স বসিয়েছেন। গত কয়েকদিন আগে আপনাদের দলের কিছু নেতা আমাদের ওখানে বক্তৃতা করছিলেন। আমার এক চাচা-তাঁর নাম নূর বকস্ শেখ, তিনি একটা হ্যারিকেন হাতে করে বক্তার মুখের কাছে উঠিয়ে কি বলেছিলেন জানেন ? তিনি বলেছিলেন, 'কে বাবা তুমি বক্তৃতা করছো ? গোঁফ-দাড়ি উঠেছে ? যিনি বক্তৃতা করছিলেন তিনি বললেন, চাচা এই ধরনের কথা বলছ কেন ? তখন চাচা বললেন, ''ট্যাক্স বসানোর কথা তোমার মুখে শুনব ? আমার বাড়িতে একটা গরুর গাড়ি ছিল, গরুর গাড়ির একটা যন্ত্র থাকে—কাঠের যন্ত্র—তার নাম ত্যাতারা। ওই ত্যাতারার উপর একটা চাকতি মারা থাকে ট্যাক্স আদায় করার জন্য—সেটা হত কংগ্রেসের আমলে। আজকে তা হয় না। আমার বাড়িতে একটা রেডিও ছিল, সেই রেডিওর লাইসেন্স দিতে হত বছরে ৭ টাকা থেকে ১৬ টাকা পর্যন্ত, আজকে তা লাগে না। আর তোমরা ট্যাক্স-এর গল্প শোনাচ্ছ আমাদের কাছে ?'' যিনি বক্তৃতা করছিলেন তিনি এরপর আর বক্তৃতা করতে পারেননি, ব্লকের সভাপতিও বলেননি, জেলার সভাপতিও ধারেকাছে ভিড়লেন না। এই হচ্ছে ট্যাক্স-এর ইতিহাস। মানুষ জানেন। আপনারা তো বলেছিলেন, মাদ্রাসাগুলো মুখ্যমন্ত্রী ভেঙে দিচ্ছেন। আপনারা গ্রামে গেলেই মানুষ তো প্রশ্ন করছেন—কই একটা মাদ্রাসা তো কোথাও ভাঙেনি, কেউ তো প্রমাণ করতে পারবেন না। তাহলে আপনারা মিথ্যেবাদী, আপনারা মিথ্যে কথা বলেন, অসত্য কথা বলেন। এর জন্য আপনাদের ক্ষমা চাওয়া উচিত, তারপরে গ্রামের মানুষের কাছে যাওয়া উচিত। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে সেই প্রস্তাব অত্যন্ত সুন্দর হয়েছে। সেই কারণে এই প্রস্তাবকে সমর্থন করে এবং বিরোধীদের সমস্ত সংশোধনীগুলোর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী পার্থ চ্যাটার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুসারে রাজ্যপাল যে ভাষণ এখানে রাখবার চেষ্টা করেছেন—যা ৫ মিনিট

পড়ার পরে তিনি পড়তে চাননি, সেই ভাষণের সঙ্গে সহমত হতে না পারার জন্য রাজ্যপালের এই ভাষণের আমি বিরোধিতা করি এবং আমি সমর্থন করি বিরোধী দলের আনা সমস্ত সংশোধনীগুলিকে। আমি আমার মূল বক্তব্যে যাওয়ার আগে—আজকে সৌভাগ্য হয়েছে মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বসে আছেন। প্রায় ৩ বছর বিধায়ক হিসাবে আমাদের বহু কথা বহুবার বলেছি। আজকে আর নতুন করে সে কথা বলতে চাই না। আমি শুধু আজকে একবার সরাসরি যে কথা রাজ্যপাল তার ভাষণে উল্লেখ করতে পারেননি বা আপনারা তাকে দেননি, আমি অর্থনৈতিক দেউলিয়াপনার কথা বলছি না—যে ১ শত কোটি টাকা ঋণের কথা বলছি না। আমাদের এখানে হাসি মুখে বিদ্যুৎমন্ত্রী উপস্থিত আছেন। অভিযোগ যদি সত্য হয় তাহলে মাননীয় মুখ্যমন্ত্রী বলবেন অবিলম্বে ব্যবস্থা নিতে, যদি মিথ্যা হয় তবে সেটাও আমাদের কাছে জানাবেন। জাপানের ইটেচু কর্পোরেশান বক্রেশ্বরের ১,২,৩-এই ৩টি ইউনিটের জন্য মূল কনট্রাক্ট বরাদ্দ পেয়েছিল। কিন্তু এই ইটেচু কর্পোরেশান বক্রেশ্বরের ওই ৩টি ইউনিট কমিশন করতে ১ বছর দেরি করেছে। ডব্লুউ.বি.পি.ডি.সি.এল.-এর কনট্রাক্টের যে ন্যূনতম শর্ত হল—৬মাস বা তার অধিক সময়ের মধ্যে যদি কমিশন করতে দেরি হয়, তাহলে তার উপর জরিমানা ধার্য হবে—পেনাল্টি ব্লজ হবে। পেনাল্টি ব্লজ হল—সেটা কত হল ? যে টেন পারসেন্ট অফ্ দি টোটাল কনট্রাক্ট ভ্যালু। ডব্লিউ.বি.পি.ডি.সি.এল. সেই দাবি পেশ করে বলে, যেহেতু দেরি হয়েছে, সেহেতু ১০ পারসেন্ট অর্থাৎ যা আনুমানিক ১ শত কোটি টাকা দাঁড়ায়—তারা জরিমানা ধার্য করতে চায়, তা আদায় করতে চায়—কাদের কাছ থেকে ? ইটেচু কর্পোরেশান এবং তার যে সহযোগী ভেইল বেশ কয়েক বছর ডব্লিউ.বি.পি.ডি.সি.এল. ইটেচু কর্পোরেশান এবং তাদের সহযোগী ভেইল আলোচনা করে আপনাদের বিভিন্ন স্তরে। একটা অভ্যন্তরীণ রিপোর্ট দেয়—আমি কোট করছি—আই কোট মিনিস্ট্রি অফ্ হেভি ইন্ডাস্ট্রি যেখানে তারা স্বীকার করে কমিশন হতে তাদের দেরি হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও বক্রেশ্বরের ৪ এবং ৫ ইউনিটের পিকিউ টেন্ডার জাপানের ইটেচু কর্পোরেশনকে দেওয়ার জন্য—সেই জন্য জরিমানা তাড়াতাড়ি নিষ্পত্তি করেন। নিষ্পত্তি কিরকমভাবে হল ? যে ১ শত কোটি টাকার কিছু ইক্যুইপমেন্ট দেবে, সেই ইক্যুইপমেন্টের ভ্যালু ধরে আপনারা তার নিষ্পত্তি ঘটালেন। রাজ্যের যদি এতই আর্থিক সংকট, রাজ্যের অর্থের জন্য অনেক উন্নয়নের কাজ বন্ধ, আমি শুধু জানতে চাই কার স্বার্থের জন্য এই টেন পারসেন্ট বা ১শত কোটি টাকা ছেড়ে দেওয়া হল ? যেখানে ভেইল অন্যান্য রাজ্যে—সুরাটে দেরি করবার জন্য তাদেরকে টাকা দিতে হয়েছিল ইটেচু কর্পোরেশানকে। একটা তো আপনার নিয়মের মধ্যে ছিল। আরবিট্রেশানের কোনো দরকার ছিল না, লিটিগেশানের কোনো প্রয়োজন ছিল না। অ্যাজ এ পার্ট অফ্ কনট্রাক্ট। ইটেচু কর্পোরেশান থেকে আপনারা টাকা নিয়ে নিতে পারতেন কিন্তু তাদের ছেড়ে দেওয়া হল। একদিকে ছেড়ে দেওয়া হল, অপর দিকে আর্থিক অবস্থার জন্য উন্নয়ন বন্ধ। আমি জানি না, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এটাই আপনার স্বপ্নের উন্নততর বামফ্রন্ট কিনা। আপনি সঠিকভাবে বলেছেন, আপনি ৩১.৭.২০০৩-এ জবাবী ভাষণ দিয়েছিলেন। আপনি সদা হাস্য বলে

ভাল ভাল কথা বলেন। সকলে বলে আমাদের মুখ্যমন্ত্রীর মতো অন্য মুখ্যমন্ত্রী দেখাতে পারেন। তিনি ভাল ভাল কথা বলেন। তিনি যে কাজ করবেন সেটাই আমরা আশা করেছিলাম। আমি বলছি না রাজ্যের অর্থনীতি তরতর করে এগিয়ে যাচ্ছে—কখনও বলছি না। শিল্প বা কৃষির উন্নতি যা উচিত ছিল—আমরা একবার আদর্শ জায়গায় পৌঁছে গিয়েছি মাননীয় মুখ্যমন্ত্রী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরাও আপনাকে বলতে চাইছি যে আপনি আদর্শ জায়গায় আনতে পারেননি আমরা জানি কিন্তু সন্তোষজনক জায়গায় কি আনতে পেরেছেন ? আজকে আপনার শিল্পমন্ত্রী বিভিন্ন জায়গায় যে ধরনের তথ্য পরিবেশন করছেন—আপনি সরাসরি চলে যান আপনার ৫টার মধ্যে—এই যে পিগ আয়রণ এবং স্টিল অর্থাৎ আবার ওনারা অনেক তথ্য দিয়ে উনি অনেক কথা বলেছেন এমনকি—কিছুদিন আগে সংবাদমাধ্যককেও তিনি জানিয়েছেন—

[5.00—5.10 p.m.]

এই সরকারের কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট প্রকাশিত বই বলছে ১৯৯১ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত ১২৬টা সেট আপ তৈরি করা হয়েছে যার আনুমানিক মূল্য ৬.৫২৭ কোটি টাকা। তাছাড়াও ৭৭টা আরও প্রোজেক্ট আছে যার মধ্যে ২২টা মেগা প্রোজেক্ট আছে, যার মূল্য হচ্ছে ১৯২৪ কোটি টাকা। কিন্তু তারপরে আবার আমরা কি দেখলাম ? এই কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্টের বইতেই উল্লেখ করা হয়েছে ১৯৯১ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত ১৪২টা প্রোজেক্ট, যার মূল্য ৬৭৬৮.২১ লক্ষ টাকা তা সংস্থাপিত হয়েছে। ৬৭৬৮.২১ লক্ষ টাকা বিনিয়োগের কথা বলা হয়েছে। তারপর ২০০৩ সালে বলছে ১৭৬.৭৯ কোটি টাকা মূল্যের ২০টা প্রজেক্ট ইমপ্লিমেন্টেড হয়েছে। আমি এখানে জিজ্ঞেস করতে চাই কোন তথ্যটা সত্য ? কোন তথ্যের ভিত্তিতে আমরা মানুষকে বলব যে, আমাদের সরকার এই এই কাজ করছে ? তারপর রাজ্যপালের ভাষণেই উল্লিখিত হয়েছে, '১৯৯১-২০০৩ সালের মধ্যে ৬৯৪৫ কোটি টাকা মূলধন বিনিয়োগে ১৬২টি ইউনিট সংস্থাপিত হয়েছে।' মাননীয় মুখ্যমন্ত্রী, আপনি খুব সুন্দর সুন্দর বাংলা শব্দ ব্যবহার করতে পারেন ; যেমন—কোথাও বলছেন, রূপায়িত হয়েছে, কোথাও বলছেন সংস্থাপিত হয়েছে। কিন্তু আমাদের বুঝতে অসুবিধা হচ্ছে, কারণ আপনি কোথাও বলছেন চালু হয়েছে, আবার কোথাও বলছেন সংস্থাপিত হয়েছে ! কিন্তু আপনি কোথাও বলছেন না অপারেশনাল হয়েছে ! এতগুলো শিল্পের মধ্যে কটা অপারেশনাল হয়েছে, সেটা বলতে আপনার লজ্জা কিসে ? আমরা বিগত তিন বছর ধরে আপনার কাছে এ কথাটাই বারবার জানবার চেষ্টা করেছি। আপনি সঠিক চিত্রটা কখনোই আমাদের সামনে তুলে ধরছেন না। ফলে কোনোরকম ট্রান্সপারেন্সি থাকছে না। আপনি যখন মোম্বাইতে যান, ইতালিতে যান তখন আপনি ভেবে দেখেন না যে ফিরে এসে রাজ্যের মানুষকে কি বলবেন। আপনি ফিরে এসে সকলকে সব কথা খোলাখুলি বলতে পারছেন না। কেন ? আপনার অসুবিধাটা কোথায় ? আপনি তো বলতে পারতেন যে, আপনার সঙ্গে ইতালির শিল্পপতিদের কি আলোচনা হয়েছে ? আই.টি. নিয়ে যারা আসছে তারা কোথায় কি চাইছে ? এসব ক্ষেত্রে বাধাটা কোথায় ? বাধা কি আপনার নিজের দলের মধ্যে, না বিরোধীরা বাধা, না সরকারি

পরিকাঠামো বাধা ? সে কথা আপনি বলছেন না। আপনি চার বছর অতিক্রান্ত করতে যাচ্ছেন, কিন্তু একবারও বললেন না যে, এই এই কারণে আমি এই এই কাজ করতে পারছি না। আপনি শুধু মাত্র "এগিয়ে যেতে চাই" বলছেন ! এগিয়ে যাবার নমুনাটা আপনি নিজেই একটু দেখুন—২০০১ সালে প্রকল্প রূপায়িত হল ৮৬টা, ইনভেস্টমেন্ট ভ্যালু ২১৯৫ কোটি টাকা। ২০০২ সালে ১১১টা প্রকল্পে অর্থ বিনিয়োগ হল ২২৩৬ কোটি টাকা। তারপর রাজ্যপালের ভাষণেই উল্লেখ করা হয়েছে ২০০৩ সালে ৭১টি প্রকল্পে ১৪৯৮.৩৫ কোটি টাকা বিনিয়োগের কথা। আপনার এই হিসেবই বলছে আপনি পিছিয়ে গিয়েছেন। ইমপ্লিমেনটেশন অব প্রোজেক্টস-এর ক্ষেত্রে আপনি পিছিয়ে গিয়েছেন। ইন টার্মস অব ইনভেস্টমেন্ট আপনি পিছিয়ে যাচ্ছেন। কেবল মাত্র ২০০০ সাল ছাড়া আর কোনো সময় আপনি এগিয়ে যেতে পারেননি। আপনি একটু ভেবে দেখুন, এর কারণ কি তা আপনি একবারও জানতে চাইবেন না ? আপনি তা জানার প্রয়োজন মনে করলেন না ? আপনি মনে করলেন না যে, এর সত্যিকারের একটা অ্যানালাইসিস দরকার। আপনি নিজে এখানে দাঁড়িয়ে ৩১/৭/২০০৩ তারিখে বলেছিলেন, 'আমাদের রাজ্যে ৯টি ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল, এখন ৪৬টা ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে। আমি আপনার লিখিত বিবৃতি থেকেই টুকে এনে এখানে উল্লেখ করছি। এবং পরবর্তীকালে ৫১টা ইঞ্জিনিয়ারিং কলেজের কথা বলা হয়েছে। ৩৭টা ইঞ্জিনিয়ারিং কলেজ এবং টেকনোলজি কলেজ। এটা ২৭ ফেব্রুয়ারী ২০০২ সালে রাজ্যপাল বলেছেন। আবার ৫২টি ইঞ্জিনিয়ারিং কলেজ এবং মেডিকেল কলেজ রাজ্যপালের ভাষণে ৫ই মার্চ, ২০০৩ সালে আছে এবং স্বয়ং মুখ্যমন্ত্রী তাঁর জবাবী ভাষণে ডিসেম্বর মাসে বলেছেন—আই কোট্ ফ্রম মুখ্যমন্ত্রী—৫১টি ইঞ্জিনিয়ারিং কলেজ। সেখানে তিনি আরও কথা বলেছিলেন, তিনি বলেছিলেন, আই.টি. গ্রোথ রেট ১২০ পারসেন্ট হয়েছে। আর এখানে রাজ্যপালের ভাষণে একটু কৌশলে বলেছেন, অ্যানুয়াল গ্রোথ রেট ৮৮ পারসেন্ট। আপনি ২০০৩ সালে বলেছেন অর্জিত এক্সপোর্ট-রপ্তানী মূল্য ৮৪০ কোটি টাকা অতিক্রম করে গেছে। গত বছর ভাষণের মধ্যে ছিল ১২০০ কোটি টাকা এক্সপোর্ট হয়েছে, অথচ আজকের ভাষণের মধ্যে বলা হয়েছে ৮৪০ কোটি টাকা। এটাই কি আপনার অগ্রগতির লক্ষণ ? এতো চারিদিকে দৌড়-ঝাঁপ করছেন, এত চারিদিকে বলছেন, তবুও আপনি বলছেন না যে এক্সপোর্ট আপনার কমে গেছে। ১২০০ কোটি টাকা থেকে ৮৪০ কোটি টাকায় চলে এসেছে। ২০১০ সালে আবার আপনি বলছেন, ৭ পারসেন্ট এক্সপোর্ট করবেন। আজকে যেখানে ৯.৫ বিলিয়ন এক্সপোর্ট হয়েছে অর্থাৎ ৮১ হাজার কোটি টাকার মতোন, সেখানে আপনার শেয়ার হচ্ছে ৮৪০ কোটি টাকা। তাহলে ২০১০ সালে এটাকে কি ধরতে পারবেন ? বিরাট একটা কিছুর কথা বলছি না, কিন্তু একটা সন্তোষজনক চিত্র তো আশা করছি। আপনাকে যারা রিপোর্ট দিচ্ছে, যে সমস্ত বই বের করছে—একটা বই আর একটা বইয়ের বিরোধিতা করছে অর্থাৎ কোনো রিপোর্ট ঠিক নেই। আপনি বলছেন, গ্রামে আই.টি. ছড়িয়ে দেবেন। আপনার যারা রিপোর্ট লেখেন তারা এখনো ম্যানুয়ালে টাইপরাইটার নিয়ে কাজ করে, এখনো পর্যন্ত তাদের কম্পিউটারে শিক্ষিত করা যায়নি। আপনি নিজেই রাইটার্সে বসে থেকে কাজ করাতে পারছেন না, অথচ এখানে বসে বলছেন, গ্রামের মানুষ সেই কাজ করবে অর্থাৎ জমির দলিল কম্পিউটারের মাধ্যমে তৈরি করে দেব। কিন্তু দলিল

কম্পিউটারে তৈরি হয়নি। সুতরাং কাকে ঠকাচ্ছেন ? এই প্রসঙ্গে একটা গল্পের কথা মনে পড়ে গেল, আমি গল্পটা বলছি, হয়তো আপনাদের ভালো লাগবে, হয়তো আপনার মনে পড়বে, ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ থেকে কোট্ করে বলছি, বহু পুরানো গল্প, বর্তমান সরকারের দিশাহীনতার কথা তুলে ধরব। "এক কৃষক তার স্ত্রীকে বলল, কাল থেকে জমি চাষ করতে লাগবে। তাই সকালে উঠেই সে ট্রাক্টরের জন্য তেল কিনতে গেল ট্রাক্টরে তেল না থাকার জন্য। তেল কিনতে গিয়ে দেখল, কিছু শুকরছানা ক্ষুদার্থ হয়ে পড়েছে। তখন সে তেলের বদলে ওইসব ক্ষুধার্ত ছানাগুলিকে খাওয়ানোর জন্য ছোলা কিনতে ছুটল। ছোলা কিনতে যাবার সময় দেখল রাস্তায় কিছু বস্তা পড়ে আছে। বস্তা দেখে তার বাড়িতে ঝুড়ি ভর্তি আলুর কথা মনে পড়ে গেল, তখন সে বস্তার দিকে নজর দিল। এরপর রাস্তা দিয়ে যাবার সময় কাঠের স্তূপ দেখতে পেল। তখন তার স্ত্রীর কথা মনে পড়ে গেল যে সে কাঠ কিনতে বলেছিল। তখন সে কাঠ কিনতে গেল। কাঠ কিনতে গিয়ে দেখলো একটা আহত মুরগি রাস্তায় ঘোরা-ফেরা করছে, তখন সে ওই আহত মুরগিটিকে সেবা করল। এই করতে করতে তার সন্ধ্যা হয়ে গেল। ট্রাক্টরের জন্য তেল কিনতে গিয়ে তার আর চাষ করা হল না।" আপনাদের ক্ষেত্রেও ঠিক সেই একই কথা মনে পড়ছে। আপনারা বার-বার বলবার চেষ্টা করছেন, ধরবার চেষ্টা করছেন, কিন্তু পশ্চিমবাংলার মানুষের কাছে সেই আশার আলো দেখাতে পারছেন না।

[5.10—5.20 p.m.]

শেষ করি এই কথা বলে, জর্জ ইলিয়টের কথা আপনি নিশ্চয়ই শুনেছেন। জর্জ ইলিয়টের কথা আপনার ক্ষেত্রে আমার মনে হচ্ছে সবচেয়ে বেশি প্রযোজ্য। "Blessed is the man who having nothing to say abstains from giving us wordy evidence of the fact." আপনার ক্ষেত্রে সেটা প্রযোজ্য। আসুন আমরা সবাই মিলে কাজ করি। একে অপরের বিরুদ্ধে দোষারোপ না করে ত্রুটিটা কোন জায়গায় সেটা ধরার চেষ্টা করি। এই জনযুদ্ধের জন্য আপনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাহায্য চেয়েছিলেন, ভুটান সরকারকে বলবার জন্য বলেছিলেন। ভুটান সরকার সেটা করেছে। এই ক্ষেত্রে রাজ্য সরকারের গুণগান গাওয়া হল। কিন্তু এই রাজ্যপালের ভাষণে একটা লাইনও কেন্দ্রীয় সরকার যে সাহায্য করেছেন সেই ব্যাপারে ব্যয় করা হয়নি। আপনি হীন্মন্যতায় ভুগছেন। পশ্চিমবাংলার মানুষ হিসাবে লজ্জায় মাথা নত করছি। এই রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে বিরোধিতা করে এবং বিরোধীদের আনা সংশোধনীগুলোকে সমমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে আমি সমর্থন করতে পারছি না। কারণ মহামান্য রাজ্যপাল নিজে এই বক্তব্যকে কেন পড়েননি তিনি সেটা শুরুতেই বলে দিয়েছিলেন। সরকারের লেখা বক্তব্য, সাংবিধানিক কারণে এখানে আমাকে বলতে হয়, আমি তাই বলছি। সরকার এই বক্তব্যের মধ্যে প্রথম থেকে দ্বিতীয় পাতার অধিকাংশ জায়গায় উগ্রপন্থীদের উপর বলেছেন। জনযুদ্ধের উপর বলা হয়েছে। প্রথমে আমি বলতে চাই, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে

আছেন, সবাই এখানে রয়েছে, ২০০১ সালের আগে কোনোদিন আমরা জনযুদ্ধের কথা শুনিনি। এই জনযুদ্ধের জন্ম কার গর্ভে ? পশ্চিমবাংলার মানুষ জানে যে কমিউনিস্ট পার্টি থেকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির জন্ম হয়, আর এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টি থেকে নকশালপন্থীর জন্ম হয়। এই কানু সান্যাল, চারু মজুমদার এরা সব অন্য কোনো দলের লোক নয়, তাদের সি.পি.এম-এর গর্ভ থেকে জন্ম হয়েছিল। আজকে তাদের জনযুদ্ধ বলে আখ্যা দেওয়া হয়েছে। আপনাদের বিরুদ্ধে কথা বলছে বলে আক্রমণ করা হচ্ছে সরকার পক্ষ থেকে। ২০০১ সালে সাধারণ নির্বাচন হয়, পঞ্চায়েত নির্বাচন হয়। এই নিরন্ন মানুষগুলো আপনাদের হয়ে ইলেকশানে কাজ করেছিল। তাদের হাতে অস্ত্র তুলে দিয়ে বিরোধীদের শেষ করে দিয়েছেন। আজকে তারাই জনযুদ্ধের আকার নিয়েছে। আজকে তারা জনযুদ্ধ হয়ে এসে আপনাদের উপর আক্রমণ করছে। মুখ্যমন্ত্রী ঠিকই বলেছেন যে ওরা কেন কংগ্রেস তৃণমূলকে আক্রমণ করছে না। তৃণমূলকে আক্রমণ করবে কেন ? এই তৃণমূলকে আক্রমণ করার জন্যই তো আপনারা তাদের হাতে অস্ত্র তুলে দিয়েছিলেন। ওরা পশ্চিমবাংলার মানুষকে খুন করেছে, পশ্চিমবাংলাকে রক্তাক্ত করেছে, পশ্চিমবাংলার মাটি থেকে বিরোধী শূন্য করেছে, বিভিন্ন জেলায় বিরোধীদের নিশ্চিহ্ন করে দিয়েছে। কিন্তু এই লোকগুলো তার বিনিময়ে আপনাদের কাছ থেকে তারা কিছুই পায়নি। খাদ্য পায়নি, বস্ত্র পায়নি, চাকুরী পায়নি। তারা এখন উগ্রপন্থীদের দলে ঢুকে পড়েছে। সেই কারণে জনযুদ্ধের জন্ম হয়েছে আপনাদের থেকেই। একটু আগে ইউনুস সরকার বললেন যে, যে পুলিশগুলো মারা গেল, তাদের জন্য আমরা নাকি চোখের জল ফেলছি না। আমি যে কথাটা বলতে চাই সুনির্দিষ্টভাবে, আশা করি মাননীয় মুখ্যমন্ত্রী তার জবাব দেবেন। বেলপাহাড়ীতে ব্লাস্ট হল। সেই ব্লাস্টের পরে মেদিনীপুর থেকে অসীম দাসকে ধরে নিয়ে গেলেন। তাকে চিটকা জঙ্গলে নিয়ে গিয়ে আপনার পুলিশ অফিসার মৃণাল ব্যানার্জী গুলি করে খুন করল। পত্রিকায় বলে দেওয়া হল এনকাউন্টারে মারা গেছে। একদিকে চোখের জল ফেলবেন আর অন্য দিকে এই সব কাজ করবেন ? সিদ্ধার্থশংকর রায়ের আমলের কথা বলে বুদ্ধ বাবু প্রায়ই অভিযোগ করে থাকেন। আপনিও তো সেই পদাঙ্ক অনুসরণ করে চলেছেন। জনযুদ্ধ বলে গ্রেপ্তার করে নিয়ে যাচ্ছেন। আমি মেদিনীপুর জেলায় গিয়েছিলাম, দেখলাম জনযুদ্ধ বলে যাদের গ্রেপ্তার করেছেন তাদের অধিকাংশ তৃণমূল করে। তারা নিজেরা স্বীকার করেছে জনযুদ্ধ কি তা তারা জানে না, জনযুদ্ধের নাম তারা শোনেনি, জনযুদ্ধের সঙ্গে তাদের কোনো সম্পর্ক নেই। তারা তৃণমূল করছে বলে তাদের ইচ্ছা করে গ্রেপ্তার করে বিনা বিচারে আটক করে রেখেছেন। পুলিশের সঙ্গে এনকাউন্টারের নাম করে সাধারণ নাগরিককে গুলি করে হত্যা করছেন জঙ্গলে নিয়ে গিয়ে। এখানে দাঁড়িয়ে বড় বড় লম্বা চওড়া ভাষণ দেবেন, আর জনযুদ্ধের কথা বলে মানুষকে খ্যাপাবেন তা হতে পারে না। এটা আপনার পরিষ্কারভাবে জানা দরকার। বুদ্ধবাবু, আপনি নাটক লেখেন। কিন্তু তার থেকে আপনি ভালো নাটক করেন। আমরা ২০০১ সালের কথা ভুলিনি। একজন ইঞ্জিনিয়ার মারা গিয়েছিল। আপনি তার মায়ের সঙ্গে দেখা করে বলেছিলেন, মা আমরা তো আছি। উস্তিতে একজন মারা গিয়েছিল, আপনি ভ্যান রিকশা করে গিয়েছিলেন তার মায়ের সঙ্গে দেখা

করতে। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, যখন আপনার দলের লোকেরা ১৯ জন শ্রমিককে পুড়িয়ে মারল, আপনি তো তাদের মায়েদের সঙ্গে দেখা করে বলতে পারলেন না যে, মা আমরা আপনাদের সঙ্গে আছি ? আপনি তো তাঁদের সান্ত্বনা দিতে পারলেন না ? বুদ্ধবাবু আপনি ভাল নাটক লেখেন জানি। কিন্তু আপনি বোধহয় ভাল নাটক করেন। আপনার দলের লোক ধর্ষণ করল, তার কাছে গিয়ে বলতে পারলেন না, মা, আপনার সঙ্গে আছি। যারা ধর্ষণ করেছে তাদের শাস্তি দেব। আপনার এই নাটকটা পশ্চিমবঙ্গের মানুষ বুঝে গেছে। এই রাজ্যের কথায় বলা হয়েছে, রাজ্যের সামগ্রিক আইন-শৃঙ্খলা জনিত কার্যকলাপ যথেষ্ট নিরাপদ রয়েছে। আমাদের রাজ্যের হাইকোর্টের বিচারপতি তিনি কি বলেছেন ? তিনি বলেছেন, বাংলা মাফিয়া এবং দুষ্কৃতীদের সহযোগিতায় চলছে। একথা বলেছেন কোলকাতা হাইকোর্টের বিচারপতি বারিন ঘোষ। আমরা হয়তো বুদ্ধবাবুর কাছে এর উত্তর পাব না—কৃষিমন্ত্রী কমল গুহ কি বলেছেন ? ১২.৬.২০০৩ তারিখে কমলবাবু বলেছেন, 'রাজ্যে অরাজকতা চলছে। মানুষ একদিন খেপে যাবে। এখুনি যদি এই অত্যাচার, অন্যায় বন্ধ না হয় তাহলে মানুষ রুখে দাঁড়াবে।' কে বলেছেন, কমল গুহ। আপনারই কলিগ বিশ্বনাথ চৌধুরী। তাঁকে মিটিং করতে দেওয়া হল না। তাঁর মিটিং ভেঙে দেওয়া হল। তিনি বললেন, বিরোধীরা এতদিন যে অভিযোগ করছিল তা বোধহয় সত্যি। আর.এস.পি.-র ক্ষিতি গোস্বামী বলেছেন, বামফ্রন্ট সরকারের চোখে ছানি পড়েছে। সেই ছানি কাটাবার কোনো জবাব বুদ্ধদেববাবু, বোধহয় আপনার কাছে নেই। বনগাঁয় গোপাল নগর থানার অন্তর্গত কোনো গ্রামে সাত বছরের একটা মেয়েকে ধর্ষণ করল সিপিএম-এর একজন কর্মী। ১৪.৪.২০০৩ তারিখের আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছিল। সে বলল আমার বাবা সিপিএম করে। আমাকে কেউ কিছু করতে পারবে না। এই হল রাজ্যের আইন-শৃঙ্খলার পরিস্থিতি। বুদ্ধবাবু, আপনার যেমন সোনারচাঁদ ছেলেরা আছে—দুলাল, গুপি, সেলিম, কেলো, পচা এবং চুনু এরা তো আপনার সঙ্গে আছে। এরা আপনাকে বহাল তবিয়তে রেখে দেবে। শুধু আইন-শৃঙ্খলা নয়, শিক্ষার কথা, আমাকে সব কথাই বলতে হবে। বুদ্ধবাবু, এই যে বইটা দেখছেন, এটা হচ্ছে 'স্কুল হিস্ট্রি।' বইটি লিখেছেন গৌরি শঙ্কর বন্দ্যোপাধ্যায়। তিনি কি লিখলেন ? আপনারা গৈরীকীকরণ নিয়ে চিৎকার করছেন, আপনারা পশ্চিমবাংলায় শিক্ষায় যে রক্তিমকরণ করেন—আপনারা বর্গাদার, জোতদার এই কথাগুলো অনেক সু-কৌশলে ক্লাস থ্রি, ক্লাস ফোর-এর ইতিহাস বইতে ঢুকিয়ে দিয়েছেন। ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন যে সিলেবাস তৈরি করেছে, তার মধ্যে কি আছে ? সেই সিলেবাসের মধ্যে বলা আছে যে ভারতবর্ষের ইতিহাসকে বিকৃত করা হয়েছে। সংক্ষিপ্ত করা হয়েছে, জাতীয়তাবাদী আন্দোলনকে সংক্ষিপ্ত করা হয়েছে।

[5.20-5.30 p.m.]

এখানে মারাঠাবীরদের যে সংগ্রামের ইতিহাস তার কথা লেখা হয়েছে ১৬ লাইনে। আর কার্ল মার্কস, ফ্রেডরিক অ্যাঙ্গেলস সম্বন্ধে তাদের কথা লেখা হয়েছে ৪২ লাইনে। পড়বে কারা ? ১৩ থেকে ১৪ বছরের বাচ্চারা। পড়বে ছাত্ররা। মার্কস আর ফ্রেডরিক এর লাইনের জন্য খরচ করেছেন ৪২ লাইন। আর ভারতবর্ষের মারাঠাবীরদের জন্য খরচ করেছেন ১৬ লাইন। আর

কি করেছেন, বলশেভিক রেভলিউশানের জন্য ৪২ লাইন খরচ করেছেন। আর কি করেছেন—স্বামীজি, নেতাজি, লালা লাজপত রায়, বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথ, বালগঙ্গাধর তিলক, মৌলানা আজাদ, দেশবন্ধু চিত্তরঞ্জন, বাঘা যতীন, মাস্টারদা, ক্ষুদিরাম এদের ছবি নেই। স্বামী বিবেকানন্দ, বঙ্কিমচন্দ্র, লালা লাজপত রায়, বাল গঙ্গাধর তিলক এদের জন্য খরচ করেছেন ২৪ লাইন। কাদের ছবি ছেপেছেন—কার্ল মার্কস, লেনিন, স্ট্যালিন, সানইয়াৎসেন, মুজাফর আহমেদ, হিটলার, মাও সেতুং এদের ছবি ছেপেছেন কেন, পশ্চিমবঙ্গের বাচ্চারা যাতে জাতীয় আন্দোলনের ইতিহাস থেকে সরে আসে। যারা দেশকে স্বাধীন করেছিল, যে বন্দেমাতরম মন্ত্রে উজ্জীবিত হয়ে দেশবাসী স্বাধীনতার যুদ্ধ করেছিলেন সেখান থেকে তাদের সরিয়ে আনার ব্যবস্থা করছেন অত্যন্ত সু-কৌশলে, এই হচ্ছে আজকের শিক্ষা ব্যবস্থা। আমি আপনাদেরকে উদাহরণ দিয়ে দেখাব, কিভাবে আপনারা শিক্ষাকে কলুষিত করছেন। ডঃ বেলা ভট্টাচার্য্যকে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় থেকে কোলকাতা বিশ্ববিদ্যালয়ে আনলেন, কিভাবে আনলেন, এই বেলা ভট্টাচার্য্যর বিরুদ্ধে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে তদন্ত চলছে ; এই ব্যাপারে আমি শিক্ষামন্ত্রীকেও বলেছিলাম, তিনি প্রপারলি অ্যাপ্লিকেশান করেননি এবং তাঁর মাহিনাও বন্ধ আছে। ২০০৩ সালের অক্টোবর মাস থেকে তাকে এই কোলকাতা বিশ্ববিদ্যালয়ের অ্যানথ্রোপলজি বিভাগের রিডার করে সম্পূর্ণ বেআইনিভাবে আনা হয়েছে, তাঁর বিরুদ্ধে তদন্ত চালু থাকলেও তাঁকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে আনা হয়েছে। কারণ, তিনি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কর্মী, তিনি হাজার অপরাধ করলেও তাঁকে প্রমোশন দিয়ে আনলেন। একই মানুষ দুই জায়গায় চাকরী করছে। বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে। আজকে আমি দু-একটি কথা বলব, এখানে ফিল গুড নিয়ে কয়েকটি কথা দু-একজন বলেছেন, এবং বলেছেন যে আমাদের রাজ্যে বেসরকারীকরণ নীতিকে আহ্বান করার প্রশ্নে। বুদ্ধদেববাবু আপনার জামাটা মনে হয় পাল্টে ফেলেছেন। ৭০-এর দশকে বিশ্বব্যাঙ্ক-এর প্রতিনিধিরা এসেছিলেন, দমদম এয়ারপোর্টে ম্যাকনামারাকে নামতে দেননি। উই ফিল গুড। মুখ্যমন্ত্রী ফিল গুড। সেই ব্রিটিশ সাম্রাজ্যবাদীদের টাকায় পশ্চিমবঙ্গের যেসমস্ত লোকেরা বেকার হবেন, যারা কারখানার কর্মী তাদের ভি আর এস-এর জন্য টাকা দিচ্ছেন। মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য ফিল গুড। যদি আজকে আমেরিকান সাম্রাজ্যবাদীদের টাকা নেওয়া যায়, জাপানের টাকা নেওয়া যায়, ইংল্যান্ড-এর থেকে টাকা নেওয়া যায় এবং সেই টাকা থেকে যারা কারখানার ছাঁটাই শ্রমিক হবেন তাদের ভি আর এস টাকা দেবেন। আমি জানি না এখনও সেই জামাটা আজকে গায়ে আছে কিনা ? সেই বিপ্লবী চেতনা আছে কিনা ? আপনাদের অধিকার আছে দিল্লীর বিরুদ্ধে কথা বলার ? আপনারা ১৪টি কারখানার ৭৪ শতাংশ শেয়ার বিক্রি করছেন। আপনি আচরি ধর্ম পরেরে শিখাও, এতে আপনার ফিল গুড হতে পারে। আপনার রাজ্যের মানুষ নট ফিলিং গুড উইথ ইয়োর ডিসিসান, উইথ ইয়োর অ্যাপ্রোচ, অন দিস সাবজেক্ট। আমি নিশ্চয় আই ফিল গুড, যেখানে ভারত সরকারের থ্রী বিলিয়ান মার্কিন ডলার, বিদেশী ঋণ শোধ করতে পারে, আমি নিশ্চিত এতে আমার নিজের সুখানুভূতি জাগ্রত হয়। যখন আমি দেখি, আমার দেশের বিদেশী মুদ্রার সঞ্চয় ৩২.৫ মার্কিন জলার থেকে ৯৮.২ মার্কিন ডলারে পৌঁছে যায়, সেইজন্য আমি ফিল গুড। যখন দেখি আমার দেশের এক্সপোর্ট, ৯৮ সালে ১ লক্ষ

৩০ হাজার ১০০ কোটি টাকায় ছিল, সেখানে ২ কোটি ৫০ লক্ষ ১৩০ কোটি টাকায় পৌঁছে যায়। সেই জন্য আই ফিল গুড যে এটা হতে পারে। আজকে পৃথিবীর বিভিন্ন রাষ্ট্রের কাচে যে সমস্ত ঋণ ছিল, সেইগুলি আমরা শোধ করছি। আমরা জানিয়ে দিয়েছি ২২টি দেশকে বিদেশী ঋণ নেব না, যা কিছু নেব কমার্সিয়ালি নেব। কোনো অনুদানই পৃথিবীর কোনো দেশ থেকেই নেব না। আমরা জানি এই ভারতবর্ষের মাটিকে আপনাদের মা বলতে অসুবিধা আছে। আমরা জানি ভারতবর্ষের মাটিকে মা বলে ডাকতে আপনাদের অসুবিধা আছে কারণ যুগ যুগ ধরে বিশ্বাসঘাতকতার ইতিহাস ভারতবর্ষের মাটিতে তৈরি করেছেন। সেই ভারতবর্ষ যখন এগিয়ে যায় তখন তার বিরুদ্ধে এখানে দাঁড়িয়ে সমালোচনা করেন বা উপহাস করেন। পরিশেষে বলি বুদ্ধদেববাবুকে যে, এই রাজ্যের উন্নয়ন থেমে গেছে, এই রাজ্যের মা-বোনদের ইজ্জত লুণ্ঠিত, এই রাজ্যের শ্রমিকরা চোখের জল ফেলছে। এই রাজ্যের কৃষকরা ন্যায্য মর্যাদা পাচ্ছে না, তাই জন্যই আজকে আলু চাষিদের আত্মহত্যা করতে হচ্ছে। আপনারা আলু চাষির আত্মহত্যা নিয়েও এখানে উপহাস করেছেন। মানুষ মারা গেছে, সেই মৃত মানুষকে নিয়ে কেউ উপহাস করেন ! যে কোনো মৃত্যুর পরই সেটা নিয়ে উপহাস করা চলে না। সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী ওই আলু চাষির মৃত্যুকে নিয়ে উপহাস করেছেন। কিন্তু এটা সত্য যে, ঋণের দায়ে দায়গ্রস্ত বর্ধমানের রবীন্দ্র ঘোষকে আত্মহত্যা করতে হয়। অথচ মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর মৃত্যুকে নিয়ে উপহাস করেছেন। এই হচ্ছে বাস্তব চিত্র। এই কথা বলে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করতে পারছি না, বিরোধীদের আনা কাটমোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে সম্মতিসূচক প্রস্তাব গ্রহণ করা হয়েছে তার উপরে বিতর্ক শেষ হচ্ছে। এই বিতর্কে বিরোধী নেতারা যে কয়েকটি গুরুত্বপূর্ণ প্রশ্ন তুলেছেন আমি সেগুলো সম্পর্কে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। এখানে রাজ্য কৃষি এবং শিল্পের প্রসঙ্গ এসেছে—কৃষি এবং শিল্প প্রসঙ্গে আমি প্রথমেই বলতে চাই কৃষিতে আমাদের যে সাফল্য সেই সাফল্য বিতর্কের অতীত। সারা দেশের মানুষ, সারা রাজ্যের মানুষ জানেন। এমন কি কেন্দ্রীয় সরকারও জানেন যে আমাদের রাজ্য এখন ফুড গ্রেনসে, ধান উৎপাদনে দেশের মধ্যে প্রথম। খাদ্য নিরাপত্তা—না ছিল না, খাদ্য নিরাপত্তা আগে ছিল না। ১৫০ লক্ষ মেট্রিক টন ফুড গ্রেন্স করার পরে আমরা রাজ্যে খাদ্য নির্ভরতা ফিরিয়ে আনতে পেরেছি। দ্বিতীয়ত ১৫০ লক্ষ মেট্রিক টন ফুড গ্রেন্স করতে পেরেছি—ধানে বেশি করেছি, গমে এখনও একটু কম, চাষ বাড়ানোর চেষ্টা হচ্ছে। আমরা গত কয়েক বছরে প্রক্রিয়রমেন্ট ভালো করতে পারিনি। এই বছর আমরা এফ সি আইকে, আমি নিজে এসেনসিয়াল্ কমোডিটিজ কর্পোরেশনকে নিয়ে এবং আমাদের বেনফেডের সবাইকে নিয়ে মিলিত হয়েছি। ইতিমধ্যেই ৫ লক্ষ মেট্রিক টন ছাড়িয়ে গেছে। এটা আমনের, এখনও আমাদের বোরো আছে। যদি আমরা ৮ লক্ষ মেট্রিক টনে আসতে পারি তাহলে আমাদের প্রক্রিয়রমেন্ট ভালোই হবে। আমরা ধান কৃষকদের কাছ থেকে কিনেছি, ধান ৫৩০ টাকা কুইন্টাল দরে আর চাল দিয়েছি ৯৩০ টাকা কুইন্টাল দরে। মোটামুটি যারা কিনছেন, প্রক্রিয়র যারা করছেন

তারা ৫৩০ টাকা কুইন্টাল দরে পাচ্ছেন। কিন্তু ধানের দাম আমরা মোটামুটি ৪৫০ টাকা থেকে ৫০০ টাকা কুইন্টালে দিচ্ছি। এই বছরে এটা আমনের সাফল্য। ৫৩০ টাকায় এফ সি আই কিনেছে মিল মালিকদের কাছ থেকে আর আমরা ডাইরেক্টলি কিনেছি কৃষকদের কাছ থেকে, আপনারা খবর নিয়ে যাবেন। রাজ্যে প্রয়োজন হয় ৫০ লক্ষ থেকে ৫৫ লক্ষ মেট্রিক টন— আমরা খাই বা বীজ লাগানোর জন্য। গতবারে ৮২ লক্ষ মেট্রিক টন হয়ে গেছিল, এবার সেটা ৭০ থাকবে। দক্ষিণবঙ্গের আলু ইতিমধ্যে বাজারে এসে গেছে, উত্তরবঙ্গের একটু বাকি আছে।

[5.30—5.40 p.m.]

এখন আলুর দাম মাঠে আছে তিন টাকা কেজি। এটা গত বছরে এক টাকার থেকেও কমে গিয়েছিল, আশি পয়সা, ষাট পয়সা হয়ে গিয়েছিল। কৃষকরা মাঠে আলু ফেলে রেখেছিল, কারণ বহন করে নিয়ে যাবার খরচও পাচ্ছিল না। এবারে আমাদের রাজ্যে সত্তর লক্ষ মেট্রিক টন আলু উৎপাদন হয়েছে। আমাদের একচল্লিশটি কোল্ড স্টোরেজ ভর্তি আছে এবং কৃষকরা মাঠে দাঁড়িয়ে তিন টাকা কেজি দাম পাচ্ছে। এবারে আমরা আমাদের দেশের চারটি রাজ্যে আলু বিক্রি করতে শুরু করেছি, আর বাইরের দেশের মধ্যে আমরা প্রাথমিকভাবে পাঠিয়েছি সিঙ্গাপুর ও মালয়েশিয়ায়। আমি আবার বলছি, বর্ধমানের মেমারির চাষির আত্মহত্যার সঙ্গে আলু ও আলুর দামের কোনো সম্পর্ক নেই। আমি আগের দিনও বলেছি, আবারও বলছি, একজন মানুষের মৃত্যু মানেই খারাপ। কিন্তু ওনার আত্মহত্যার সঙ্গে আলু চাষ বা আলুর দামের কোনো সম্পর্ক নেই।

স্যার, মাননীয় সদস্যা শান্তা ছেত্রী ঠিকই বলেছেন, অমাদের পাঁচটি অ্যাগ্রো এক্সপোর্ট জোন হয়েছে। পাইনাপেল, ম্যাঙ্গো, লিচু, ভেজিটেবিলস্ এবং পটাটো এই পাঁচটা আছে। অরেঞ্জটা আমরা এখনও করে উঠতে পারিনি। কিন্তু আপনি এটাতো বললেন না, ওখানে আমরা একটা নতুন প্রোজেক্ট নিয়েছি, দার্জিলিং-এ কমলালেবুর ফলন কমে যাচ্ছে, সেটা কি করে বাড়ানো যায় তার জন্যেই এই প্রোজেক্টটা আমরা নিয়েছি। এক্ষুনি ওখানে অ্যাগ্রো এক্সপোর্ট জোন করে অরেঞ্জ আমরা বাইরে পাঠাতে পারব না। কারণ আমাদের রাজ্যে অত অরেঞ্জ এখনও হয় না।

এরপরে আসছি ইন্ডাস্ট্রির ব্যাপারে। আমরা যা বলতে চাইছি সেটা বাস্তব কথা। এটা একেবারেই সরলরেখায় চলছে না, যেখানে দিল্লী থেকে সিদ্ধান্ত করে একটার পর একটা শিল্প বন্ধ হচ্ছে। এম.এম.সি. ঠেকানো গেল না, ইস্কো একটা জায়গায় দাঁড়িয়ে আছে, কিছু করা যাচ্ছে না। আমাদের দুটো ফার্টিলাইজার প্ল্যান্ট আছে—একটা হলদিয়ায়, আরেকটা দুর্গাপুরে—জোর করে এগুলো বন্ধ করে দেওয়া হল। আমাদের রাজ্যে ১২টি টেক্সটাইল মিল দিল্লী চালাত, তার মধ্যে তিনটি আছে, নয়টি বন্ধ হয়ে গেছে। অতীশদা জানেন, মুর্শিদাবাদের একটা টেক্সটাইল মিল ছিল, সেটাও বন্ধ হয়ে গেছে। কেন্দ্রীয় সরকারের পাঁচটি জুটমিলের মধ্যে তিনটি বন্ধ করে দিয়েছে। বার্ন-ব্রেথওয়েট-জেসপ খুব খারাপ অবস্থা, মাথায় খাঁড়া ঝুলছে, যে কোনো সময় বন্ধ হয়ে যেতে পারে। যদি এইভাবে ইঞ্জিনিয়ারিং শিল্পের উপরে আঘাত আসে তাহলে পরিস্থিতিটা খুবই খারাপ হবে। এখানে সমস্ত কারখানা কেন্দ্রীয়

সরকার বন্ধ করে দিচ্ছে। আমরা বলেছি এটা হচ্ছে একটা বাস্তবতা। এই কারখানাগুলো বন্ধ হওয়ার সঙ্গে সঙ্গে ছোট, মাঝারি অনেক কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। ইঞ্জিনিয়ারিং শিল্পে আঘাত নেমে আসলে মেশিন টুলস বন্ধ হয়ে যাবে। মেশিন টুলসে সঙ্কট নেমে আসলে ফাউন্ড্রি শিল্প বন্ধ হয়ে যাবে এবং এই সঙ্কট নেমে আসবে কেন্দ্রীয় সরকারের জন্য। এই পরিস্থিতির মধ্যেও আমরা আপ্রাণ চেষ্টা করছি আমাদের রাজ্যে কি করে ইনভেস্টমেন্ট বাড়ানো যায়, কিভাবে ইনভেস্টমেন্ট আনতে পারি, কোথা থেকে আনতে পারি। সেখানে পার্থবাবু বলেছেন, আপনি অঙ্কটা একটু করুন। হিসাবটা হচ্ছে ২০০৩ সালের ডিসেম্বর পর্যন্ত। আমি শুধু দুটো বছরের হিসাব বলব। ২০০২ সালে ১১৩টি প্রকল্পে ২,৩২৫ কোটি ৯৫ লক্ষ টাকা বিনিয়োগ হয়েছে। যেটা আপনি বলেছেন কথার মারপ্যাঁচে যাবেন না, অপারেশনাল—হ্যাঁ অপারেশনাল, এখন উৎপাদন শুরু হয়েছে। ২০০৩ সালের ডিসেম্বর পর্যন্ত আমরা একটু এগিয়েছি, ১৩৭টি প্রকল্প এনেছি। আগে ছিল ২,৩২৫ কোটি ৯৫ লক্ষ টাকা, সেটা বেড়ে হল ২,৩৩৫ কোটি ১৯ লক্ষ টাকা, এই ইনভেস্টমেন্ট আমরা পেয়েছি। আর মূলত পেয়েছি আমরা আয়রন অ্যান্ড স্টীলের জন্য। কাশীবাবু সঠিকই বলেছেন, চাইনিজরা অলিম্পিকের জন্য স্টীল বেশি কিনছেন। অলিম্পিক শেষ হওয়ার পর যেন এই শিল্পে ক্রাইসিস না হয় সেই জন্য এখন থেকেই আমরা ভাবছি। আমাদের আয়রন অ্যান্ড স্টীলে দ্রুত বাড়ার কারণ হচ্ছে চাইনিজরা বেশি কিনছে স্টীল অলিম্পিকের ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার জন্য। কিন্তু এই যে ২,৩৩৫ কোটি ১৯ লক্ষ টাকা আমরা আনতে পারলাম, এটাতো কম কথা নয়, এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে। আয়রন অ্যান্ড স্টীলে এসেছে, পেট্রোকেমিক্যালসে এসেছে, প্ল্যাস্টিকসে এসেছে, অ্যাগ্রো বিজনেসে এসেছে, আই.টি.-তে এসেছে। ফুড প্রসেসিং-এ আমরা ২০০০ থেকে ২০০৩ সাল পর্যন্ত ২৭৭ কোটি টাকা ইনভেস্টমেন্ট অ্যাট্রাক্ট করতে পেরেছি। ডাবর এসেছে, পেপসি কোলা এসেছে, ছোট বড় ইটালিয়ান কোম্পানি এসেছে পাইন্যাপেলে। আর একটা এরিয়া অ্যাগ্রো বিজনেস, এটাতে আমরা খুব জোর দিচ্ছি, এটা এমার্জ করছে। পাঁচটি অ্যাগ্রো জোন, সেখানে কিছু টাকা খরচ করছি। সেখানে অয়্যারহাউস, মাল্টি পারপাস কোল্ড স্টোরেজ, এসব করে যদি অ্যাগ্রো বিজনেসকে বাড়াতে পারি তাহলে আমাদের লাভ হবে। মুর্শিদাবাদে, জঙ্গীপুরে মুস্তাক খুব ভালো কাজ করছে। গত দু-বছর ধরে তিনি ফ্রুট এক্সপোর্ট করছেন বিদেশে। এই বছর আরও বাড়বে এবং ফুড প্রসেসিং শুরু হবে জঙ্গীপুরে। এসব হচ্ছে। দ্বিতীয় হচ্ছে, গত চার বছরে আমরা দুই থেকে চার-এর অবস্থানে আছি, টানা চার বছর, ২০০০ সাল থেকে। আই.টি. সেক্টরে সঠিক বলছেন এবং আমরা মানতে বাধ্য যে আমরা লেট স্টার্টার। ২০০০ সালে আমরা আই.টি. পলিসি ঘোষণা করেছি, ২০০২ সালে আই.টি.ই.এস. পলিসি ঘোষণা করেছি। কিন্তু আমাদের গ্রোথ রেট ১২০ শতাংশ। এই মুহূর্তে ১৩৭টি কোম্পানি এখানে কাজ করছে, ১৬ হাজার প্রফেশনাল কাজ করছে। ভাল খবর, গত তিন মাসের মধ্যে (১) উইপ্রো, তাদের একটা ইউনিট মার্চে শেষ করবে, কাজ শুরু করবে এবং কাজ শেষ করতে করতেই তারা আরও ৬ একর জমি চেয়েছে। প্রেমজী আসছে, আগামী ২ তারিখে আমার সাথে দেখা হবে, আমি জমি প্রস্তুত করেছি। (২) আমি হায়দ্রাবাদে গিয়েছিলাম,

অনেকদিন ধরে সত্যমের সঙ্গে সাক্ষাৎ করার চেষ্টা করছিলাম, দেখা হয়েছে। (৩) আই.বি.এম., তারা ইতিমধ্যেই এই রাজ্যে আছেন, তারা আরও একটা ভালো জায়গা চাইছেন। আমাদের ট্রিপল আই.টি. ভারতবর্ষের মধ্যে একমাত্র ইনস্টিটিউশান যেখানে আই.বি.এম. জয়েন করেছে এবং ফ্যাকালটিতে এসেছে ট্রিপল আই.টি-তে। আই.বি.এম. আরও প্রস্তাব করেছে, তারা আর একটা বাড়ি তৈরি করতে চায়। একটা আছে দু-হাজার লোক এখন কাজ করে, আরও একটা ইউনিট করতে চাইছে আই.বি.এম.। (৪) আই.টি.সি. ইনফোটেকের চেয়ারম্যান দেবেশ্বর এসেছিল, তারা জমি চান স্বতন্ত্রভাবে বাড়ি তৈরি করবেন। চারটে বড় কোম্পানি—উইপ্রো, সত্যম, আই.টি.সি. ইনফোটেক, আই.বি.এম. এসেছে। সৌগত রায় নেই এখন, তিনি হয়ত জানেন না যে রিলায়েন্স তিন মাস আগে জমি চেয়েছিল, তিন মাস আগেই সল্টলেকে ৬ একর জমি দিয়েছি, রিলায়েন্স কাজ শুরু করেছে। এমনিতেই এমনিক্যাল নেটওয়ার্ক আছে, কিন্তু সফটওয়্যারও আসছে। রিলায়েন্স জমি চেয়েছিল আমরা জমি দিয়েছি। সুতরাং কিছু হচ্ছে না, এটা বলবেন না। আই.টি.টি.-তে গ্রোথ রেট বললাম ১২০ শতাংশ। এখানে যেটা বললেন কারেক্টলি, সারা দেশের মধ্যে তিন শতাংশ। ২০১০-এর মধ্যে ১৫ শতাংশে উঠব, এটা আমাদের টার্গেট। এই চেষ্টা আমরা করছি—দেরীতে হলেও। আমাদের গ্রোথ এই কারণেই হবে, যে আমাদের হিউম্যান রিসোর্সেস খুব বেশি। সবচেয়ে এগিয়ে ব্যাঙ্গালোর, তারপর হায়দ্রাবাদ, তারপর পুনে। আমরা সিক্সথ পজিশনে এখন। আমরা চেষ্টা করছি যাতে আরও একটু এগোতে পারি, অন্তত আই.টি.-তে যাতে এগোতে পারি। যেটা শোভনদেববাবু জিজ্ঞেস করেছিলেন, হ্যাঁ, আমি নিচ্ছি। ওয়ার্ল্ড ব্যাঙ্ক আসবে না এই রাজ্যে আমি বলি না। ওয়ার্ল্ড ব্যাঙ্ক কি শর্তে আসবে বা আসবে না, সেটা দিল্লীর সঙ্গে কথা বলব। কন্ডিশনালিটি আমরা মানব না, ভিক্ষে চাইব না, আমাদের টার্মসে আসতে হলে আসবে, এই হচ্ছে আমাদের কথা। (এই সময় মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় কিছু বলতে থাকেন।) আপনার সঙ্গে আমি একমত নই। আপনি বিদেশী পুঁজি আনবেন না, নেবেন না, আপনার এই বক্তব্য আমি মানতে পারছি না। আমার বক্তব্য হচ্ছে ডি.এফ.আই.ডি.-ও আসবে। আমরা যে চাই, টেকনোলজি আমাদের দরকার। কি করে আপনাকে বোঝাব ? আই.বি.এম.-এর টেকনোলজি আমরা নিচ্ছি। যদি আই.টি.-তে আমাদের এগোতে হয় তাহলে আই.বি.এম.-কে আনতেই হবে।

[5.40—5.50 p.m.]

আপনাকে কি করে বোঝাব যে অন দি বেসিস অব মিউচুয়াল ইন্টারেস্ট, আপনার তো আমেরিকান কোম্পানী দূর হটো। না, আমি পারব না। সারা দুনিয়ার দিকে তাকান। দ্বিতীয় হচ্ছে শোভনদেববাবু যেটা আরম্ভ করেছিলেন, এটা আমরা সিদ্ধান্ত করেছি এবং সঠিকভাবেই করেছি, আমাদের রাজ্যে ৫৬টা ম্যানুফ্যাকচারিং ইউনিট আছে। বেশির ভাগই অবস্থা খারাপ। আমরা তিনটে ভাগে ভাগ করেছি। গ্রীন, ইয়েলো, রেড। যে কারখানাগুলো চলার কোনো আশা নেই সেটা আমরা বন্ধ করে দেবো। ইয়েলো... যেগুলো, সেগুলো হচ্ছে, আমরা কাগজে টেন্ডার দিয়েছি। প্রাইভেট কোম্পানি জয়েন করতে চায়, জয়েন্ট সেক্টরে আসতে চায়, অ্যাসিসট্যান্স সেক্টরে আসতে চায় কি একেবারে প্রাইভেট কোম্পানী টেক-ওভার করতে চায়

আমরা দিয়ে দেব। ভায়েব্‌ল নয়, কয়েকশো কোটি টাকা প্রতি বছর জলে চলে যাচ্ছে, যেগুলো চলবে না বন্ধ করে দেবো। যেগুলো পার্টলি প্রাইভেটাইজ করলে চলবে, সেগুলো চালাব। যেটা মনে করছে গভর্ণমেন্ট, আমরা চালাতে পারব সেটা গ্রীণ, সেটা খুব কম হবে। আমরা ডি.এফ.আই.ডি., প্রাইস ওয়াটার হাউসকে কনসালটেন্সীতে নিয়ে এসেছি। ডি.এফ.আই.ডির ফান্ডস আমরা পাচ্ছি। সেই ফান্ড দিয়ে সমস্যার সমাধান আমরা করব। এখানে আমাদের কোনো শর্ত নেই। প্রাইস ওয়াটার হাউস কনসালটেন্সী তাদের যে প্রস্তাব সেই প্রস্তাব অনুযায়ী ওরা করবে। ম্যানুফ্যাকচারিং ইউনিট ছাড়াও আমাদের ৮৭টা আন্ডারটেকিং আছে ইনক্লুডিং এস.ই.বি., ট্রান্সপোর্ট। এখানে আমরা রিস্ট্রাকচারিং করব। উদ্দেশ্য হচ্ছে যে প্রতিটা সরকারী সংস্থাকে ভায়েবল হতে হবে, মুনাফা অর্জন করতে হবে, সরকারি টাকা রাস্তায় ফেলে দেওয়া চলবে না। আমাদের কথা হচ্ছে, এক কথায় বুঝুন। প্রফিট মেকিং পাবলিক আন্ডারটেকিং-এ রুথলেসলি ডিস্‌ইনভেস্টমেন্ট হচ্ছে। আমরা এর বিরুদ্ধে, এর বিরোধিতা করব। এখানে আরেকটা কথা উঠেছে আমি পরিষ্কার করে দিতে চাই। একটা ধর্মঘট হয়ে গেল, একানে বক্তৃতা শুনলাম বিরোধীদের কাছ থেকে পঞ্চায়েতের নির্দেশিকাটা তুলে নিন না। কখনো তুলব না। এটা আমরা সচেতনভাবে, সতর্কভাবে দিয়েছি। নির্দেশিকায় কি আছে ? আপনারা যেটা বোঝানোর চেষ্টা করছেন, সরকারের টাকার অসুবিধা আমরা গ্রাম-গঞ্জ থেকে টাকা আদায় করছি। না, যে নির্দেশিকা গেছে তার একটা টাকাও রাইটার্সে আসবে না। একটা টাকাও আসবে না। এটা নতুন কিছু না। এটা ৭৪ সালের নির্দেশাবলী। প্রতি বছর এইগুলো জানানো হয়। এবারে যে নির্বাচন হল, নতুন কর্মীরা এলেন, অনেক নতুন কর্মী এসেছেন, জেলাপরিষদও বেশিরভাগ নতুন। তাদের কাছে মনে করিয়ে দেওয়া হল। এখন তারা যদি মনে করেন, না, আমরা নেব না, নেবেন না। কে আপনাকে জোর করছে ? ইতিমধ্যে জেনে রাখুন মাথাপিছু আমাদের রাজ্যে পঞ্চায়েত ট্যাক্স নেয় মাত্র দু-টাকা। কেরালা, তামিলনাড়ু ১০ টাকা। আমাদের রাজ্যে পঞ্চায়েত মাথাপিছু দু-টাকা করে নেয়। তারা বেশি নেয় না। যদি মনে করেন অ্যান্টি পিপল, পঞ্চায়েত সমিতি যদি মনে করেন এর একটাতেও হাত দেব না, দেবেন না। আর যদি পঞ্চায়েত মনে করে, হ্যাঁ, আমাদের এখান থেকে কিছু রাজস্ব আদায় করা দরকার পঞ্চায়েতের কাজের জন্য, তারা ট্যাক্স নেবে এবং যেখানে বাস্তবতা আছে, আপনাদের জানা উচিত, ইতিমধ্যে ফেরীঘাট পঞ্চায়েতে ট্যাক্স আদায় করে। আমরা শুধু মনে করিয়ে দিয়েছি আপনি কোথায় কোথায় করতে পারেন। কিন্তু আপনি করবেন কি করবেন না সম্পূর্ণ আপনার উপর নির্ভর করছে। দ্বিতীয়ত আরেকটা প্রশ্ন উঠেছে, কে করলেন মনে নেই, সি.এ.ডি.সি. সম্পর্কে। সি.এ.ডি.সি. সম্পর্কে অনেক ভাবনা-চিন্তা করে সি.এ.ডি.সি.-কে আমরা সম্পূর্ণ পঞ্চায়েত ডিপার্টমেন্টে মার্জ করতে চাইছি, যাতে পঞ্চায়েতের কাজ-কর্ম এই সি.এ.ডি.সি-র কর্মচারী বাহিনী যাতে করতে পারে। এটা বোধহয় অরুণবাবু বলেছিলেন বলে মনে পড়ছে—আরেকটা কথা বলতে হবে মিহ-ডে-মিল সম্পর্কে। মিড-ডে মিল তৈরি করার ব্যাপারে আমাদের রাজ্যে একটু সেট্‌ব্যাক হয়েছিল কোনো সন্দেহ নেই। একটা জটিলতা আছে সুপ্রীম কোর্টের। কিছুতেই তার থেকে বেরিয়ে আসতে পারছি না। রান্না করা ভাত-তরকারী ছাড়া চলবে না। কোনো ড্রাইফুড দেওয়া যাবে না, যদি নিউট্রিশন থাকে তাও দেওয়া যাবে না। তার ফলে যে অবস্থাটা

হয়েছিল অর্ধেক জায়গা, অর্ধেক জায়গায় নয়, আমি বলব আমাদের রাজ্যে প্রায় সম্পূর্ণই বন্ধ হয়েছিল। আমরা আবার কোনোক্রমে এক বছর চেষ্টা করে ৬ হাজারে তুলেছি। ৫২ হাজার প্রাইমারী স্কুলের মধ্যে ৬ হাজার, এটা খুব সুখকর অবস্থায় নেই। কিন্তু আমরা আপ্রাণ চেষ্টা করছি, শিক্ষা দপ্তর এবং আরও কয়েকটি দপ্তর, পঞ্চায়েত দপ্তর সবাই মিলে এই ৬ হাজারটাকে এই এক-দুই বছরের মধ্যে অন্তত একটা ভালো জায়গায় পৌঁছতে হবে। এই সময় ইউনিসেফের কর্তারা এসেছিলেন, তাঁদের কাছে আমি বলেছিলাম কিছু সাহায্য দিন, অন্তত ইউটেনসিলস্ ওয়ানটাইম। একবার টাকা দিন বাসন-কোসন কিনতে হবে। আমরা পঞ্চায়েত থেকে কিছু টাকা জোগাড় করব, ইউনিসেফের সাহায্য, শিক্ষা দপ্তরের সাহায্য নেব। মিড-ডে মিলটা খুব গুরত্বপূর্ণ, এটা না হলে সর্বশিক্ষা অভিযানের যে লক্ষ্য—৭ লক্ষ বাচ্চা এখনও স্কুলের বাইরে আছে। যদি এদের স্কুলের মধ্যে আনতে হয় আর যদি মিড-ডে-মিল না হয় তাহলে ড্রপ-আউট ঠেকানো যাবে না। তাই জন্য দু-তিনটি দপ্তর নিয়ে আমরা আপ্রাণ চেষ্টা করছি। আমি বাস্তব অবস্থাটা বললাম ৫২ হাজারের মধ্যে মাত্র ৬ হাজার স্কুলে দিতে পারছি। আমি বলছি যদি সবাই মিলে উঠে পড়ে লাগি তাহলে অন্তত একটা জায়গায় আমরা ২ বছরের মধ্যে পৌঁছতে পারব। ৫২ হাজার প্রাইমারি স্কুল, বাকি পঞ্চায়েত শিশু শিক্ষাকেন্দ্র। এখানে কয়েকটি কথা বলা হয়েছে, বলা হয়েছে থানায় দুর্নীতি। আমরা মেনে নিতে বাধ্য, তবে এটা বলছি একটা বাহিনী সমস্ত পুলিশ অফিসার—এটা আমি মানতে রাজি নই, এটা কেউ বলেননি। যেটুকু বলেছেন সেটা আমি মানতে বাধ্য। কিছু দুর্নীতিগ্রস্ত অফিসার আছেন। আপ্রাণ চেষ্টা করছি এই অংশটাকে কি করে দমিয়ে রাখা যায়, কি করে দুর্নীতিটাকে কমানো যায়। কিন্তু দুর্নীতিমুক্ত হয়ে গেছি এটা বলতে পারছ না। আরেকটা কথা বলেছেন যে এই রাজ্য থেকে নাকি অল্পবয়সি মেয়েদের খারাপ উদ্দেশ্যে এদিকে-ওদিকে পাঠানো হচ্ছে, রাজ্যে নিয়ে আসা হচ্ছে। এটা খুব বাস্তব সমস্যা। আমি এটা আপনাদের কাছে বলতে বাধ্য, আমি গত বিধানসভাতে বলেছিলাম যে অন্য অপরাধগুলি একটা জায়গায় আছে, কমছে-বাড়ছে। কিন্তু মহিলাদের বিরুদ্ধে আপরাধ এটা ক্রমান্বয়ে উর্ধ্বমুখী। এটা এই রাজ্যেরই ফেনোমেনন নয়, অন্য রাজ্যেও। কিন্তু আমাদের রাজ্যেও এটা একটা কঠিন সমস্যা বিভিন্ন ধরনের অপরাধ, অত্যাচার, খুন করে ফেলা, ডাউরী এই সব।

[5.50—6.00 p.m.]

এটা শুধু পুলিশ প্রশাসন ছাড়াও বিভিন্ন মহিলা সংগঠন, এন.জি.ও.'স আছেন, মহিলা কমিশন আছে, রাজনৈতিক দল—যদি সামগ্রিকভাবে একটা সতর্কতা সচেতনতা না আসে, আমাদের মধ্যে একেবারে নেই তা বলব না—কিন্তু এই বিপদটা সত্যিই বাস্তব বিপদ, এর জন্য আমাদের সবাইকে মিলে একটা উদ্যোগ নেওয়া উচিত।

আইন-শৃঙ্খলার ব্যাপারে মাননীয় অতীশদা কয়েকটা কথা বলেছেন। উনি একটা ফিগার ঠিক বলেছেন। গত বছরের ক্ষেত্রে আপনি ঠিক বলেছেন। কলকাতায় ২০০২ সালে ডাকাতির সংখ্যা ছিল ১৮, ২০০৩ সালে ৩৩। এ বছরের ক্ষেত্রে আপনি বললেন—জানুয়ারি-ফেব্রুয়ারি-মার্চে ১৬ হয়ে গেছে। না। তিনটে হয়েছে। তথ্যটা আপনার কাছে ভুল আছে।

কলকাতায় ডাকাতির ঘটনা ঘটেছে জানুয়ারী, ফেব্রুয়ারী, এবং আজকে এই ১১ই মার্চ অবধি তিনটে। তবে তিনটে ঘটনা ঘটেছে বলে আমরা খুশী নই। কিন্তু ওটা ১৬ নয়, ওটা তিন।

এবারে আমি কে.এল.ও এবং পিপলস ওয়ার গ্রুপের সম্বন্ধে কিছু কথা বলছি। বিরোধী বক্তারা একটা কথা বলেছেন সঠিকভাবেই যেটা আমি কোনো অবস্থাতেই কখনও ভুলি না। সেটা হচ্ছে আর্থ-সামাজিক সমস্যাগুলোকে বাদ দিয়ে এটাকে শুধু ল্ অ্যান্ড অর্ডারের অ্যাঙ্গেলে দেখলে হবে না। রাজবংশী সম্প্রদায়ের মধ্যে একটা মনোভাব আছে যে আমরা বোধহয় উপেক্ষিত। এটাকে অস্বীকার করলে চলবে না। সে চাকরির প্রশ্নে হোক, জমি-জমার প্রশ্নে হোক, সংস্কৃতির প্রশ্নে হোক। তবে ভাষা নিয়ে একটা অবান্তর কথা বলছেন, ইমোশনাল, এর মধ্যে ভাষাতাত্ত্বিক কোনো ভিত্তি নেই। যারা ফিলোলজিস্ট, ভাষাতত্ত্ব জানেন তারা কেউ এটা মানেন না। তাও বলছেন। সেটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে আর্থ-সামাজিক সমস্যাটা রাজবংশী সম্প্রদায়ের যদি আমরা সিরিয়াসলি অ্যাড্রেস করতে না পারি—আমরা চেষ্টা করছি।

একইভাবে পিপলস ওয়ার গ্রুপ যারা আমাদের পশ্চিমাঞ্চল জুড়ে আছেন, বাঁকুড়া, পুরুলিয়া প্রভৃতি জেলায় আছেন, যারা মনে করুন কৃষির মধ্যে আছেন, তারা একরকম অবস্থায় আছেন। তবে তাদের মধ্যেও দারিদ্র আছে। আর যারা কৃষিতেও আসতে পারেননি ফরেস্ট প্রোডাকশন নিয়ে, মানে ওই শালপাতা, কেন্দুপাতা, বাবুই ঘাস নিয়ে জীবন-যাত্রা নির্বাহ করেন তাদের যদি আমরা একটু তুলতে না পারি সেই দারিদ্র থেকে ভুল পথে যাওয়ার সম্ভাবনা বেশি। তবে এটা আপনাদের কাছে বলতে চাই যে, এই বিষয়টাকে আমরা কেউ ছোট করে দেখছি না। আমি আগে নিয়মিত উত্তরবঙ্গ উন্নয়ন পর্যদ করতাম। এখন ওই তিনটে জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের বলছি আপনাদের আর কোনো কাজ নেই, ওইখানে পড়ে থাকুন। আমাদের মাননীয় মন্ত্রী মহেশ্বর মুর্মুকেও বলেছি, 'এই জায়গাটা দেখতে হবে।'

(ভয়েজ : টাকা তো নেই কাজ কি হবে ?)

(গোলমাল)

বসুন, বসুন। অন্তত এটার জন্য টাকার অভাব হবে না। কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা কমিশন কয়েকটা জেলাকে বিশেষ টাকা দেন। ১৫ কোটি টাকা করে তিন বছরে ৪৫ কোটি টাকা। তার মধ্যে জলপাইগুড়ি এসেছে, পশ্চিম-মেদিনীপুর এসেছে, পুরুলিয়া এসেছে। আমরা এই যে ১৫ কোটি টাকা করে ৩ বছরে ৪৫ কোটি টাকা পাচ্ছি এর সমস্ত প্রোজেক্টগুলো আমি বলেছি এই সংলগ্ন এলাকার মানুষের জীবিকা জীবনযাত্রা যাতে একটু তোলা যায় সেই লক্ষ্য নিয়ে এগোতে হবে। অন্তত এই এলাকার কাজের জন্য টাকার অভাব হবে না। আমি যেটা বলতে যাচ্ছিলাম সেটা রাজনৈতিক বিষয়—'এটাকে বাদ দিয়ে আপনি শুধু বন্দুক ছুঁড়ছেন'। না, ছুঁড়ছি না। এই সমস্যা,—আসল সমস্যার মধ্যে যদি যেতে না পারি, আর্থ-সামাজিক, শুধু ওটা দিয়ে হবে না। দ্বিতীয়ত যেটা বলছেন, তর্কের জন্য বলছেন যে, 'এটা আপনাদের পুরানো নকশালবাড়ি আন্দোলনের ফলশ্রুতি।' না। এটা হচ্ছে একটা স্পীলওভার। ওদের দলের এখন প্রথম দু'জন নেতা, আমি নাম বলতে চাচ্ছি না, দু'জনেই তেলেগু স্পীকিং রাজ্যের। এটা একেবারে অন্ধ্র

থেকে ওড়িষ্যা হয়ে ঝাড়খন্ড হয়ে ঢুকছে। তাড়া করলেই ঝাড়খন্ডে পালিয়ে যাচ্ছে। এখন মিটিং হচ্ছে পাঁচটা রাজ্যের, কি করা যায় দেখা যাক। এটা একেবারে নতুন ফেনোমেনন। পুরনো নকশাল আন্দোলনের এটা ধ্বংসাবশেষ না, একেবারে ওইখান থেকে এসেছে।

(ভয়েজ : দরকার হলে রিসার্চ ইন্সটিটিউটের সঙ্গে যোগাযোগ করুন।)

রিসার্চ ইন্সটিটিউটের ব্যাপারে আপনি যেমন যোগাযোগ রাখেন আমিও যোগাযোগ রাখি। এনিয়ে যারা কাজ করেছেন আমিও জানি। আমি আপনাকে বলছি একটা পাবলিকেশন আছে পারলে জোগাড় করে নেবেন। নেপালের মাওইস্ট কমিউনিস্ট পার্টির সেক্রেটারি, তার একটা ইন্টারভিউ, এম.সি.সি-র সেক্রেটারি এবং পিপল'স ওয়ার গ্রুপের সেক্রেটারি—এই তিনজন সেক্রেটারির একটা ইন্টারভিউ। তিনটে নিয়ে একটা পাবলিকেশন আছে।

(গোলমাল)

তারা নকশাল বাড়ির কথা বলে, কিন্তু আপনি যেটা বলছেন সেটা নকশাল বাড়ি আন্দোলনের পরবর্তী যারা আছেন সেই কানুবাবু থেকে আরম্ভ করে অসীম চ্যাটার্জী—সবাইকে চিনি, একসঙ্গে তো ঘর করেছি—তাঁদের সঙ্গে এই আন্দোলনের কোনো সম্পর্ক নেই, তাঁদের সঙ্গে কারোর সঙ্গে এই আন্দোলনের কোনো সম্পর্ক নেই, তাঁরা এটা করছেন না। এটা এসেছে একেবারে অন্ধ্র থেকে, উড়িষ্যা থেকে—এই কথাটা বলতে চাইছি। আর কয়েকটি কথা বলব, তাড়াতাড়ি বলে যাচ্ছি, মাঝপথে আটকাবেন না, টাইম নেই।

(গোলমাল)

এবারে আমাকে ৩টে কথা বলতে দিন। ৩ জন স্পেসিফিক বলেছেন। শ্রী ভট্টাচার্য—অর্চিদেব ভট্টাচার্য—অর্চিদেব ভট্টাচার্য খুনের ব্যাপারে মাননীয় অসিতবাবু বলেছেন। উনি খুন হয়েছিলেন, ২ জন পলাতক, ৮ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল হয়েছে, ১৭ তারিখে মামলা আছে, প্রথম মামলা, মামলা এক্ষুণি শুরু হয়ে যাবে, চার্জশিট হয়ে গেছে। দ্বিতীয়ত সুভাষ মন্ডল, আমি কাশীনাথবাবুকে বলছি—এটা খুব আনফরচুনেট, এখানেও পাওয়া যায়নি, ২ জন গ্রেপ্তার হয়ে আছে, কিন্তু অভিযোগকারিনী আদালতে যাচ্ছেন না, ১৭ তারিখে আছে—দয়া করে ওনাকে ১৭ তারিখ আদালতে যেতে বলুন, আদালতে উনি...ডেট উপস্থিত না হলে অসুবিধা হয়ে যাবে। তৃতীয়ত নির্মল মন্ডল—আমি সকালে বলেছি, দুর্ভাগ্যজনক ঘটনা, আমি সবটা খবর নিয়ে জানলাম এম.এল.এ. নির্মল মন্ডলের উপর আক্রমণ হয়েছিল, সেই আক্রমণের ঘটনায় এ.ফ.আই.আর. হয়েছিল—৫ জন অ্যারেস্ট হয়েছে, আরও বাড়তি ২ জন আছে ইন্টারোগেশনের জন্য, প্রাক্তন এম.এল.এ.-এর ছেলেও অ্যারেস্ট হয়েছে—এটা আপনাকে জানিয়ে দিলাম।

(ভয়েস)

আইন আইনের পথেই চলছে। এখন শুধু মাননীয় পঙ্কজবাবুকে মনে করিয়ে দিই হাসিটা থাকবে কিনা। বিদেশীদের প্রতি প্রতিপক্ষের বিরুদ্ধে অ্যানিহিলেশন-এর প্রোগ্রাম ঐ কথাটা আমরা কোনোদিনই ব্যবহার করি না। ৭২ থেকে ৭৬ বাড়িতে থাকতে পারতেন না, এখন

থাকতে পারছেন—এটা অন্তত মানেন, এটা মেনে নেন, পঙ্কজবাবু, এখন অবস্থাটা যা তাতে বাড়িতে থাকতে পারেন, তখন থাকতে পারতেন না।

(ভয়েস)

বাড়িতে তো আছেন, কোনো আতঙ্ক নেই। বাড়িতে আপনি থাকবেন, আপনার কোনো অসুবিধা হবে না।

চটকল ধর্মঘট সম্পর্কে মাননীয় সৌগতবাবু কিছু কথা বলে চলে গিয়েছিলেন, আজকে তিনি এখানে নেই। আমি মনে করি আমাদের শ্রমমন্ত্রী মাননীয় শ্রী মহম্মদ আমিন মহাশয়—আমাদের রাজ্যের চটশিল্পের সমস্যা বুঝতে তাঁর ধারেকাছে কোনো দলের কেউ নেই। সেজন্য চটকলের ধর্মঘট শুরুর প্রথম থেকে আমি তাঁর উপর নির্ভর করেছি। স্ট্রাইক শুরু হওয়ার পর ৩ দিন উনি আমার সঙ্গে আলোচনা করেছেন, প্রতিদিনই উনি আমাকে বলেছেন, 'আমি মিটিয়ে দেব, তুমি চিন্তা করো না'। এবং উনি প্রথম সপ্তাহের মধ্যে মিটিয়েছেন। এখন কথা হল, আপনি গেলেন না কেন ? আমি মনে করিনি যে, মাননীয় শ্রমমন্ত্রী পারছেন না—সেজন্য আমাকে এক্ষুনি বসতে হবে ওদের সঙ্গে। এই লড়াইয়ের পর চটকল শ্রমিকদের কনফারেন্সে বেলুড়ে গিয়েছিলাম। চটকল ধর্মঘটের পর আমি চটকল শ্রমিকদের কনফারেন্সে গিয়েছিলাম—সেটা উনি বললেন না। উনি বললেন, আমি যাওয়ার পরদিন বালি জুটমিল বন্ধ হয়ে গেল। অদ্ভুত কথা। ওরা বলছে, কাগজ বলছে বলে খুব মজা পাচ্ছেন। কারখানা বন্ধ হয়ে গেছে বলে মজা পাচ্ছেন। ওটা ১৫ তারিখে বিদ্যুৎ বন্ধ করে দিয়েছিল। বিদ্যুৎ স্টোর করিয়েছে।

**মিঃ স্পীকার :** আধ ঘণ্টা সময় বাড়ালাম।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** উনি বললেন, আমি যাই না কেন। আমি শিলিগুড়িতে গিয়ে শিলিগুড়ির চা-বাগানের সমস্ত ট্রেড ইউনিয়নের সঙ্গে—আই.এন.টি.ইউ.সি. থেকে আরম্ভ করে সব ট্রেড ইউনিয়নের সঙ্গে—যখন এই সমস্ত চলছে তখন আমি তাদের সঙ্গে মিটিং করেছি, সাক্ষাৎ করেছি। তাঁরা বলেছেন, প্রত্যেকে আলাদা মেমোরান্ডাম দিয়েছেন, আমি তাঁদের সঙ্গে ২ ঘন্টা মিটিং করেছি, শিলিগুড়িতে চা-বাগানের প্রত্যেকটি শ্রমিক ইউনিয়নরে সঙ্গে মিটিং করেছি এবং আবার করব, আবার যাচ্ছি।

[6.00 – 6.10 p.m.]

কিন্তু উনি বলে চলে গেলেন যে, আমি এখন শ্রমিকদের সঙ্গে নেই, মালিকদের সঙ্গে আছি। মালিকদের কনফারেন্সে আমায় যেতে হয়। সেখানেও গিয়ে মাঝে মাঝে দেখি কনফারেন্সের পর যখন আর দেখতে পাই না, খাওয়া-দালয়া যখন হয় তখন লখানে চলে যান, ওনাকে সেখানেই দেখি, আর কোথাও দেখি না। সব শেষে এই কথা বলব—রাজনৈতিক প্রসঙ্গ এখানে একটি উঠেছে। বেশ কয়েকজন বক্তাও বললেন।

(শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় এই সময় একটি বই দেখিয়ে কিছু বলতে থাকেন)

ওই বইটি আমার মন্ত্রীকে দেবেন। উনি কি করবেন দেখবেন। আমরা এই ধরনের বইকে প্রশ্রয় দিই না।

(নয়েজ)

(নির্বেদ রায় চাপড়া সম্পর্কে জানতে চান)

চাপড়া সম্পর্কে স্পেসিফিক্যালি বলতে পারব না। ওই যে আপনি বলেছিলেন টাকা-পয়সা নিয়ে একটা ছেলের খবর বেরিয়েছিল। এই ব্যাপারে এক্ষুণি বলতে পারব না, আমি পরে আপনাকে বলব। শুধু আমি বলব যে, আই.এস.আই-এর রিলেটেড কেস আমাদের এখন আছে ৪৮ এবং জেলে আছে এই সংক্রান্ত মামলায় ১৫২ জন। একটা মামলার নিষ্পত্তি হয়েছে— ওই চাঁদিপুর রকেট লঞ্চিং প্যাড থেকে খবর নিয়ে যাচ্ছিল। আপাতত মামলা আছে ৪৮টি এবং জেলে আছে ১৫২ জন। এটা আই.এস.আই রিলেটেড কেসেস। আই.এস.আই-এর ব্যাপারে কে বলেছিলেন—অসিতবাবু বোধহয়—'আর কি বিপদ নেই ?' একেবারে না। একদম ভুলে যাবেন না। আই.এস.আই.—তারা মরিয়া। পূর্ব প্রান্তে ডিসটাবেলাইজ করার চেষ্টা করছে। ভুলে যাওয়ার কোনো প্রশ্ন নেই। আমি শেষ করব এই কথা বলে যে, এখানে দেখলাম যে ইটেচু নিয়ে কথা উঠেছে। এই ব্যাপারটা শোনার পর আমি বিদ্যুৎমন্ত্রীর সঙ্গে নিজে কথা বলি, কথা বলে আমরা যা বুঝেছি, এখানে শুধু ইটেচু-কে দায়ী করা যাচ্ছে না। পি.ডি.সি.এল, ভেল— সকলেরই কার্যকলাপের মধ্যে ঘাটতি ছিল বলে একটা গ্যাপ পড়ে গেছে।

(নয়েজ)

(এইসময় বিরোধী পক্ষ থেকে সদস্যরা কিছু বলতে থাকেন)

ভিকটিম হয়নি। আমরা তাকে করতে পারতাম না। আইনে হয়ত দাঁড়াতে পারতাম না। পি.ডি.সি.এল.-ও পার্টলি রেসপনসিবেল, ভেল—ও পার্টলি রেসপনসিবেল, কিন্তু যেটা আপনি বললেন—তাকে এটা বাঁচিয়ে দেওয়া হয়েছে ফারদার এইজন্য, এটা না। এখন যেটা বক্রেশ্বরে কমপিটিশান হচ্ছে, সেখানে মারুবেনী আছে, ইটেচু আছে, পেপারস্-এর উপর ঠিক হবে কারা পাবে। আমার শেষ কথাটা এইটা যে, ভাবলে খুব ভালো লাগছে, কি বলব বুঝতে পারছি না।

(ভয়েজ : মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে কিছু বলুন)

কালকে উনি বলেছেন, আমি যা শুনেছি যে পরীক্ষার প্রশ্নপত্র একটু জটিল হয়েছে। আমি যা বলব সেটা হচ্ছে যে, এই নির্বাচনের আগে থেকে আপনারা দেখেছেন যে, আমাদের দেশকে বোঝাবার জন্য 'ফিল গুড'—ভাল ভাল লাগা আর কি কয়েকশো কোটি টাকার বিজ্ঞাপন। সিত্য ভাল ভাল লাগলে ওই কোটি টাকার বিজ্ঞাপন দিতে হত না। আমি মজা করে কিছুদিন আগে একটা সেমিনারে বলেছিলাম যে, এন.ডি.এ.-তে ৭টি দল এন.ডি.এ. ছেড়ে চলে গেছে। হি ফেল্ট সো গুড। ওরা এন.ডি.এ. ছেড়ে চলে যাচ্ছে। এই ভাল লাগাটা হঠাৎ গায়ে লাগল কার ? সৌগতবাবুর গায়ে লাগল কেন বুঝতে পারছি না। এ কিসের ছোঁয়া। যদি এই ফিল গুড বলতে বলতে খবরটা একবার দিল্লিতে যায় এবং তালেগোলে সেই চরণ সিং-এর

মন্ত্রিসভার মতন একবার ঢুকে যেতে পারি মন্ত্রিসভায় দিল্লিতে—আমি মন্ত্রী হয়। সেইজন্য একটু ফিল্ল গুড, ফিল গুড ভাব হচ্ছে। এছাড়া আপনাদের তো লজ্জা করা উচিত বলা যে এই সরকার ফিল গুড। গুজরাটে কি হয়েছে ? সারা দেশে কৃষকদের কি হচ্ছে, শিল্পক্ষেত্রে কি হচ্ছে ? ব্যাঙ্ক কর্মচারী এবং এল.আই.সি. কর্মচারী, পাবলিক আন্ডারটেকিং, গ্রামের কৃষকদের—কেউ বলছে না ফিল গুড। ওপরতলার একটা সারির অংশ ৮-১০ পারসেন্ট মানুষ যাদের হাতে-পয়সা এসেছে তারা বলছে ফিল গুড, বাকিরা নয়। কিন্তু আপনাদের ফিল গুড লাগার কারণ মনে হল সৌগতবাবুর তালেগোলে যদি আবার চরণ সিং-এর মন্ত্রিসভার মতন একটা মন্ত্রিসভায় যাওয়া যায়, এই হচ্ছে ফিল গুড হবার কাহিনী। শুধু আপনাদের বলে দিচ্ছি, এই যে যাত্রা শুরু করেছেন—এই একটা আধা ফ্যাসিস্ত—ধর্মীয় ফ্যাসিস্ত দল—যে ফ্যাসিস্ত দল দিল্লির ক্ষমতা দখল করতে চাইছে—আপনাদের দলের সবচেয়ে বড় অপরাধ হচ্ছে, ওই ফ্যাসিস্তদের আমাদের রাজ্যে ডেকে নিয়ে আসা। এই রাজ্যে ওদের আমরা ঢুকতে দেব না—এই রাজ্যে ওদের আমরা ঢুকতে দেব না—এই রাজ্যে বি.জেপি.-কে আমরা ঢুকতে দেব না। এই হচ্ছে আমার বক্তব্য। ধন্যবাদ।

**শ্রী পদ্মনিধি ধর** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৬শে ফেব্রুয়ারী ২০০৪ তারিখে আমরা মাননীয় রাজ্যপালের ভাষণের ওপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এই সভায় উত্থাপন করেছিলাম তার ওপর গত ৪ দিন ধরে মাননীয় মুখ্যমন্ত্রী-সহ সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের যে সমস্ত সদস্যরা পক্ষে এবং বিপক্ষে বক্তৃতায় অংশগ্রহণ করেছেন তাঁদের আমি অভিনন্দন জানাচ্ছি। কিন্তু এই প্রসঙ্গে একটা কথা না বলে আমি পারছি না, বিরোধীপক্ষের সদস্যরা শুরু থেকেই বলে এলেন যে, মাননীয় রাজ্যপাল না কি কোনো ভাষণই দেননি। আজকেও এই একই কথা ওঁরা বললেন। তাহলে বিরোধী পক্ষের সদস্যরা এই চার দিনে ১৬ ঘণ্টার আলোচনায় কিসের ভিত্তিতে বিতর্কে অংশগ্রহণ করলেন ? মাননীয় রাজ্যপালের ভাষণের ওপর আমাদের সামনে যে সংশোধনী প্রস্তাবগুলো উত্থাপন করা হয়েছে সেগুলো কি ভিত্তিতে দিলেন ? অতএব আমরা এই স্থির সিদ্ধান্তে উপনীত হতে পারি যে, মাননীয় রাজ্যপাল এই বিধানসভায় যথাযোগ্যভাবেই ভাষণ দিয়েছেন এবং তার ওপর আলোচনায় অংশগ্রহণ করে বিরোধী সদস্যরা কতগুলো ভিত্তিহীন, অনৈতিক, উদ্দেশ্যপ্রণোদিত, বস্তা-পচা বক্তব্য পেশ করলেন এবং কিছু কুৎসামূলক গল্প বললেন। একে আমার নিজের ভাষায় নয়, শেক্সপীয়রের ভাষায় বলতে পারি—" It is a tale told by an idiot, full of sound and fury signifying nothing." সর্বশেষে আমি গত ২৬ তারিখে এই সভায় যে প্রস্তাব উত্থাপন করেছিলাম সেই প্রস্তাবটা আবার আপনার সামনে উপস্থাপিত করছি।

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ২৬শে ফেব্রুয়ারী, ২০০৪ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেই জন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে'। ধন্যবাদ।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরও একটা পয়েন্ট বিরোধীরা তুলেছিলেন এবং আমার সেটার উত্তর দেওয়া উচিত ছিল বলেই আমার ধারণা। কিন্তু

গোলমালের মধ্যে আমার উত্তর দেওয়া হয়নি। সেটা হচ্ছে, আমি সত্যিই কি একটা অমূলক, ভিত্তিহীন অভিযোগ করেছিলাম ; তৃণমূলের সঙ্গে পিপল্স ওয়ার গ্রুপের কি কোনো সম্পর্ক নেই ? আমি ব্যাখ্যা করব না, শুধু কয়েকটা ঘটনা বলে যাব। এই কাজ শুরু হয় ২০০০-২০০১ সাল থেকে। নির্দিষ্টভাবে বলছি—মেদিনীপুরের টি.এম.সি. লীডার চঞ্চল রায়, সুজিত গোস্বামী, বিজয় ঘোষ, এরা আর্মস দিয়েছিল সুদীপ চোংদারকে ; এক; দুই, কেশপুরের টি.এম.সি. নেতা নেপাল ঘোষ, তিনি অস্ত্র দিয়েছিলেন পিপল্স ওয়ার গ্রুপকে। তৃতীয় টি.এম.সি. লীডার অরুণ ঘোষ, তিনি অস্ত্র দিয়েছিলেন রবি কোটাল আর ছবি কোটাল, স্বামী-স্ত্রীকে। আর একটা হচ্ছে টি.এম.সি. নেতা বিজয় ঘোষ, তিনি গড়বেতার দুলাল মন্ডল—পি.ডাব্লু.জি. লীডারের সঙ্গে কনটাক্ট করেন। এবং একই সঙ্গে অসিত সরকার, তিনিও পিপলস্ ওয়ার গ্রুপেরই; তাঁর সঙ্গে কনটাক্ট করেন এই টি.এম.সি. লীডার বিজয় ঘোষ।

[6.10—6.20 p.m.]

আর একটা বাঁকুড়ার উদাহরণ দিয়ে আমি শেষ করব। আমার কাছে একগাদা উদাহরণ আছে। এটা খুব সিরিয়াস। তালডাংরায় টি.এম.সি.-র লোকেরা দুটি পুলিশের রাইফেল ছিনতাই করে ২০০০ সালে এবং এই ২টি রাইফেল তারা পিপলস্ ওয়ার গ্রুপকে দিয়ে দেয়। আমার কাছে অন্তত ৮-৯টি আছে। আমি এছাড়া বাড়াতে পারব না। অর্থাৎ আমি যেটা বলতে চাইছি সেটা হচ্ছে, টি.এম.সি. এবং পিপলস্ ওয়ার গ্রুপ মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়ায় তারা সংগঠিতভাবে অস্ত্র বিনিময় করেছে, তারা টাকা বিনিময় করেছে, থাকার শেল্টার দিয়েছে এবং তারা একসঙ্গেই কাজ করেছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** পয়েন্ট অফ অর্ডার স্যার, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছিলেন আমাদের আলোচনার পরে, মুখ্যমন্ত্রীর ভাষণের পরে তিনি ধন্যবাদসূচক প্রস্তাবের অনুমোদন করে ধন্যবাদ জানিয়েছেন। তারপরেও মুখ্যমন্ত্রী কি করে কি রাইটে বক্তব্য রাখলেন ? একটা প্রস্তাব পেশের পরে যে প্রস্তাব সমর্থন হয়ে গেল তারপরেও মুখ্যমন্ত্রী দাঁড়িয়ে সুয়োমোটো একটা মনগড়া স্বপ্নের কথা বলে গেলেন, একটা অসত্য, অর্ধ-সত্য ও অনৈতিক এবং ইতিহাসকে বিকৃত করার যে ঘৃণ্য প্রচেষ্টা মুখ্যমন্ত্রী করেছেন এবং তিনি একটা রাজনৈতিক দলের বিরুদ্ধে কোনো প্রমাণ না দিয়ে কতগুলি নাম বলে গেলেন। আমিও কতকগুলি নাম বলতে পারি যে মন্ত্রিসভার কয়েকজন সদস্য পশ্চিমবাংলায় অস্ত্র আমদানি করে সমাজ-বিরোধীদের হাতে অস্ত্র তুলে দিয়ে যে ব্যবস্থা কায়েম করেছেন তার জন্য দায়ী পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য। আমি তাঁরও শাস্তি দাবি করছি এবং কি হিসাবে তাঁকে আপনি তাঁর বক্তব্য ধন্যবাদসূচক প্রস্তাব পাশ হবার পরেও বলতে দিলেন ?

**Mr. Speaker :** There are 757 cut motions to the Motion of Thanks. All the amendments are in order. Now, I request the Hon'ble Members to move their motions.

**1-11**.

**Shri Ajoy Dey : Sir,** I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

1.

রাজ্যে উগ্রপন্থী কার্যকলাপ দমনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

2.

রাজ্যের অপরাধমূলক কার্যকলাপ ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় জনসাধারণের নিরাপত্তা আজ বিপন্ন—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

3.

সরকারি প্রশাসনে চলছে অবাধে দুর্নীতি ও স্বজনপোষণ—এর বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

4.

রাজ্যে বিভিন্ন পরীক্ষার প্রশ্নপত্র আগাম ফাঁস হয়ে যাচ্ছে। এ বিষয়ে সরকারের কোনো সদর্থক পদক্ষেপ না থাকায় ছাত্র-ছাত্রীরা অনিশ্চিত আশঙ্কায় দিন কাটাচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

5.

গ্রামাঞ্চলে আর্সেনিকমুক্ত পানীয় জলের ব্যবস্থা করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

6.

দারিদ্রসীমার নীচে বসবাসকারী ব্যক্তিদের নামের সার্বিক তালিকা প্রকাশ করতে সরকার ব্যর্থ হওয়ায় ওইসব মানুষ অনেক প্রকল্পের সুযোগ থেকে বঞ্চিত—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

7.

"সর্বশিক্ষা অভিযান" কর্মসূচী রূপায়ণের নামে শাসকদলের দুর্নীতি ও খবরদারি অবাধে চলছে—এই বিষয়ের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

8.

রাজ্যে তন্তুজীবীদের সমস্যা নিরসনের জন্য কোনো সুনির্দিষ্ট পদক্ষেপের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

9.

রাজ্যে প্রতিনিয়ত ছোট-বড় কলকারখানাগুলি বন্ধ হওয়ায় বেকার শ্রমিকের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এদের সমস্যা নিরসনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

10.

রাজ্যের বেহাল স্বাস্থ্য পরিষেবার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

11.

সরকারিভাবে ধানের দাম বেঁধে দেওয়া সত্ত্বেও কৃষকরা সেই দাম থেকে বঞ্চিত হচ্ছেন—এর উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

**12-42.**

**Shri Kallol Khan : Sir,** I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

12.

নদীয়া জেলার বিক্রমপুর গ্রাম পঞ্চায়েতের অধীন নগাদিতে নতুন Bus Stand নির্মাণ-এর পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

13.

নদীয়া জেলার মুড়াগাছা গ্রাম পঞ্চায়েতের অধীন লোহাগাছায় নতুন Bus Stand নির্মাণ-এর পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

14.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মুড়াগাছা উচ্চ বিদ্যালয় কারিগরী বিভাগটি বহুদিন বন্ধ। ওই বিভাগটি পুনরায় চালু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

15.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেথুয়াডহরী থেকে আরবেতাই ভায়া হরিনারায়ণপুর রাস্তার ভগ্নপ্রায় সেতুটির সংস্কার ও আধুনিকীকরণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

16.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেথুয়াডহরী থেকে অগ্রদ্বীপ ঘাটের রাস্তার উপর আরপাড়া ব্রীজ সংস্কার এবং আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

17.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত "দাদুপুর", "হরনগর", "ধর্মদা", "মাঝের গ্রাম" এবং "কাশীয়াডাঙ্গা" গ্রামের উপস্বাস্থ্য কেন্দ্রগুলির দূরবস্থা দূরীকরণে এবং ওই স্বাস্থ্য কেন্দ্রগুলির সার্বিক উন্নতির জন্য নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

18.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেথুয়াডহরী অভয়ারণ্যের উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

19.

নদীয়া জেলায় স্থায়ীভাবে বন্যা প্রতিরোধের জন্য নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

20.

নদীয়া জেলার নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেথুয়াডহরী স্বাস্থ্যকেন্দ্রের সংস্কার ও আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

21.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত থানাগুলিতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ও মহিলা পুলিশ অফিসার নিয়োগ করতে সরকারের ব্যর্থতার পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

22.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত দাদুপুর ও বীরপুর হিন্দু পাড়ায় প্রাথমিক স্কুলগুলিকে মাধ্যমিক স্কুলে উন্নীত করার জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

23.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রাধানগর মুসলিম পাড়া, শিবপুর এবং বীরপুর হাটখোলা প্রভৃতি এলাকায় প্রবাহিত জলঙ্গী নদীর ভাঙন রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

24.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত "দাদুপুর", "চরকুর্মীপাড়া", "উদয়চন্দ্রপুর" , "কাশিয়াডাঙ্গা", "চন্দনপুর" এবং "করকুরিয়া"—প্রভৃতি এলাকায় গঙ্গার ভাঙন রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

25.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেথুয়াডহরীতে একটি 'ইনডোর স্টেডিয়াম" নির্মাণের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

26.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্র এলাকায় আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহের জন্য যথাযথ পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

27.

রাজ্যে আইন-শৃঙ্খলার অবনতি সহ খুন-ডাকাতির সংখ্যা বেড়ে যাওয়ার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

28.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্র এলাকায় বেথুয়াডহরীতে অবস্থিত দুগ্ধ উৎপাদন ও সরবরাহ কেন্দ্রের আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

29.

নদীয়া জেলায় খাস জমি বন্টনে রাজনৈতিক হস্তক্ষেপ, দলবাজী এবং দুর্নীতি রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

30.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বীরপুর ললিতা শ্রীকৃষ্ণ গার্লস হাইস্কুলকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

31.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্র এলাকায় সেচের জলের জন্য যথেষ্ট সংখ্যক "মিনি টিউবওয়েল" ও "ডিপ টিউবওয়েল" স্থাপনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

32.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত "বেথুয়াডহরী থেকে শিবপুর ঘাট", "বেথুয়াডহরী থেকে শুকসাগর ঘাট" ও "বেথুয়াডহরী থেকে হরিনারায়ণপুর" পর্যন্ত রাস্তাগুলি সংস্কারের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

33.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কাশিয়াডাঙ্গা সহ বিভিন্ন গ্রামের কাঁচা রাস্তাগুলিকে পাকা করার জন্য কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

34.

নদীয়া জেলার নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন ব্লকে ক্ষেতমজুরদের সারা বছর কাজের ব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

35.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত "বেথুয়াডহরী নিয়ন্ত্রিত বাজার-এর সংস্কার ও আধুনিকীরণের কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

36.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন অঞ্চলে বসবাসকারী সংখ্যালঘুদের স্বাভাবিক জীবনযাত্রার মান উন্নয়ন ও মাদ্রাসা স্কুলগুলির সার্বিক উন্নয়ন সহ আরো মাদ্রাসা স্কুল স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

37.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত পাটীকাবাড়ী গার্লস জুনিয়ার হাই স্কুলকে মাধ্যমিক স্তরে উন্নীত করার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

38.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্র এলাকায় বসবাসকারী তপশীলিজাতি ও তপশীলি উপজাতিদের সার্বিক উন্নয়নের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

39.

নাকাশীপাড়া থানার অন্তর্গত "ধর্ম্মদা", "হরনগর", "মাঝের গ্রাম" ও "দাদুপুর"-এর সাবসিডিয়ারি হেলথ্ সেন্টারগুলি দীর্ঘদিন যাবৎ বন্ধ হয়ে পড়ে আছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

40.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের নাকাশীপাড়া ব্লকের অন্তর্গত বেথুয়াডহরী থেকে বীরপুর ঘাট পর্যন্ত রাস্তাটি সংস্কার করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

41.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেথুয়াডহরী গার্লস স্কুলে উচ্চমাধ্যমিক স্তরে বিজ্ঞান ও বাণিজ্য শাখা খোলার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

42.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেথুয়াডহরীতে ইক্ষুচাষ প্রশিক্ষণ ও উন্নয়ন কেন্দ্রের দুরবস্থা দূরীকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্ততার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

**43-68.**

**Shri Jatu Lahiri : Sir,** I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

43.

হাওড়ার অন্যতম বৃহৎ কারখানা গেস্টকীন উইলিয়ামস খোলার জন্য সরকারের উদ্যোগের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

44.

হাওড়ার ইন্ডিয়া মেসিনারী কারখানা খোলার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

45.

রাজ্যে খুন, নারী নির্যাতন, ডাকাতি ভয়ঙ্করভাবে বেড়ে চলেছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

46.

ঢালাও মদের দোকানের লাইসেন্স দিয়ে বামফ্রন্ট সরকার রাজ্যকে শুঁড়িখানায় পরিণত করছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

47.

সরকারি হাসপাতালে বেহাল চিকিৎসা পরিষেবার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

48.

রাজ্যে বেকার সমস্যার সমাধানের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

49.

হাওড়া কর্পোরেশনের বিগত নির্বাচনে গরিষ্ঠ শাসকদল রিগিং করে মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিয়েছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

50.

রাজ্যের আইন শৃঙ্খলার চরম অবনতির কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

51.

রাজ্য সরকার অর্থনৈতিক দিক থেকে দেউলিয়া হয়ে গিয়েছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

52.

রাজ্যের হাসপাতালগুলিতে ব্যাপক চার্জবৃদ্ধির ফলে অসহায় গরীব মানুষ চিকিৎসা পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

53.

হাওড়া জেলায় একটি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল স্থাপনের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

54.

শিবপুর বিধানসভা কেন্দ্রে নতুন সরকারি বিদ্যালয় স্থাপনের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

55.

শিবপুর বিধানসভা কেন্দ্রে হাওড়া কর্পোরেশনের সাথে যুক্ত ওয়ার্ডগুলিতে নলবাহী পরিস্রুত পানীয় জল সরবরাহের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

56.

রাজ্যের স্কুল, কলেজগুলিতে শাসকদল ভয় দেখিয়ে জোর করে ক্ষমতা দখল করছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

57.

রাজ্যে বেহাল পরিবহণের উন্নয়নের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

58.

রাজ্যে গ্রামীণ বৈদ্যুতিকরণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

59.

রাজ্যের অর্থ সঙ্কটকে সামাল দিতে সরকার অন্যায়ভাবে বর্ধিত ট্যাক্স, খাজনা আদায় করছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

60.

রাজ্যে বিদ্যুতের চার্জবৃদ্ধির ফলে ছোট ছোট কলকারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

61.

শিবপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত গড়পায় (উনশানী) নূতন বাসস্ট্যান্ড নির্মাণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

62.

বাকসাড়ায় ভগ্নপ্রায় কেঠোপুল ব্রীজটি নতুন করে নির্মাণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

63.

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে ব্যাপক দুর্নীতির কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

64.

রাজ্যের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অপ্রতুলতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

65.

রাজ্যের রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে, সরকারের এই ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

66.

প্রাথমিক স্তর থেকে পরীক্ষা ব্যবস্থা থাকায় রাজ্যের শিক্ষার মান ক্রমশ নেমে যাচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

67.

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বর্তমান মুখ্যমন্ত্রীর নিরাপত্তার নামে জনগণের টাকা খরচ করা হচ্ছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

68.

গুণ্ডা, ডাকাতদের তাণ্ডবে রাজ্যের মানুষ ভীত, সন্ত্রস্ত—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

**69-102.**

**Shri Kashinath Misra : Sir,** I beg to move উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

69.

রাজ্যে হেক্টর প্রতি কৃষিজাত দ্রব্যের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি-গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ সদ্‌ব্যবহারে সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

70.

রাজ্যের জাতীয় সড়কগুলি সংস্কারের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

71.

রাজ্যে গ্রামাঞ্চলে বৈদ্যুতিক লাইনে বে-আইনি হুকিং, ট্যাপিং বন্ধ করতে সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

72.

রাজ্যে বিদ্যুৎ চুরি বন্ধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

73.

বাঁকুড়া ২নং ব্লকের মানকানালী অঞ্চলের অন্তর্ভুক্ত কাঁটাবনী, ভাঙ্গাবাঁধ, এ্যাটালডাঙ্গা, লাটুনডাঙ্গা, বাঁধভাঙ্গা প্রভৃতি গ্রামগুলিতে বিদ্যুৎ-এর সংযোগ স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

74.

রাজ্যের অনাথ আশ্রমগুলি সংস্কার করে বসবাসের উপযোগী করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

75.

ব্যাঙ্ক ঋণের স্বল্পতাজনিত সমস্যার হাত থেকে গ্রামীণ কুটির শিল্প বা ক্ষুদ্র শিল্পকে রক্ষা করতে সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

76.

রাজ্যে প্রকৃত অক্ষম বৃদ্ধ, বৃদ্ধা ও প্রতিবন্ধীদের সহায়তাদানের ব্যাপারে কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

77.

অনাথ শিশুদের পরিচর্যা ও তাদের সমাজে প্রতিষ্ঠিত করতে রাজ্যের প্রতিটি জেলায় মহকুমাভিত্তিক একটি করে হোম গড়ার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

78.

রাজ্যে দুঃস্থ ও অসহায় মানুষদের প্রয়োজনীয় সামাজিক নিরাপত্তা ও সাহায্য প্রদানে সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

79.

রাজ্যে বায়ু ও জল দূষণ রোধে সরকারের ব্যর্থতার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

80.

রাজ্যে আর্সেনিকমুক্ত জল সরবরাহের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

81.

সুলভে নেতাজী রচনাবলী প্রকাশে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

82.

রাজ্যে অচিরাচরিত শক্তি উৎপাদনের ক্ষেত্রে উপযুক্ত পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

83.

উত্তর কলকাতার মিনার্ভা, বিশ্বরূপা ও রঙমহল এই রঙ্গমঞ্চগুলি সংস্কার ও আধুনিকীকরণ করে থিয়েটার শিল্পকে পুনরুজ্জীবিত করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

84.

রাজ্যে আর্থিক সংকট মেটাতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

85.

রাজ্যে প্রথম বামফ্রন্ট সরকারের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রাথমিক স্তর থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত প্রায় ৯৫ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষক, অধ্যাপক, শিক্ষাকর্মীদের বেতন ও অবসরকালীন ভাতা প্রদানের ব্যয়ভার রাজ্য সরকার বহন করবে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

86.

রাজ্য সরকারের কম্পিউটর শিক্ষার বই ছাপার বরাত পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে না দিয়ে অধিক মূল্যে ওয়েবেল টেকনোলজি লিমিটেডকে দেওয়া হয়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

87.

বাঁকুড়া বিধানসভা এলাকার অধীন বাঁকুড়া ১নং ও ২নং ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে শাসকদল বিরোধীদলের সদস্যদের আমল দিচ্ছে না—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

88.

বাঁকুড়া বিধানসভার অন্তর্গত বাঁকুড়া ১নং ব্লকের আঁচুড়ি অঞ্চলের পঞ্চায়েতে পে-মাস্টার নিয়োগের ক্ষেত্রে শাসক গোষ্ঠীর দলবাজী বন্ধ করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

89.

বাঁকুড়া বিধানসভার অন্তর্গত ১নং ব্লকের অধীন আঁচুড়ি অঞ্চলের জলহরি গ্রাম থেকে পচিরডাঙ্গা গ্রাম পর্যন্ত মোরাম রাস্তা নির্মাণ প্রকল্পটির অনুমোদন সংশ্লিষ্ট অঞ্চল থেকে পাওয়ার পরও তা রূপায়িত হচ্ছে না—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

90.

গত ৩রা ফেব্রুয়ারী, ২০০৪ তারিখে বাঁকুড়া জেলার অন্তর্গত ওন্দা ব্লকের রামসাগর গ্রামে বিরোধী দলের সদস্যদের উপর পুলিশি অত্যাচারের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

91.

রাজ্যে অধিগৃহীত কোম্পানীগুলির ধারাবাহিক লোকসান রোধে সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

92.

রাজ্যের স্বল্প সঞ্চয় প্রকল্পে সাধারণ মানুষকে আকৃষ্ট করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

93.

রাজ্যের আবগারী দপ্তরের দুর্নীতিরোধে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

94.

রাজ্যের প্রশাসনিক কার্যালয়গুলিতে বিশেষতঃ জেলা, মহকুমা, ব্লক, এমনকি মহাকরণেও নির্বাচিত প্রতিনিধিদের দেয় বিভিন্ন বিষয় সম্পর্কিত পত্রের সময়মত উত্তর প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

95.

রাজ্যে ইঞ্জিনীয়ারিং কলেজগুলিতে আর্থিক অনিয়মসহ বিভিন্ন দুর্নীতিরোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

96.

বাঁকুড়া জেলার খাতড়া মহকুমায় অগ্নি নির্বাপণা কেন্দ্র স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

97.

কম্পিউটারের সাহায্যে রাজ্যের জেলা প্রশাসনিক দপ্তরগুলির সাথে মহকুমা ও ব্লক কার্যালয়গুলির সংযোগ স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

98.

বাঁকুড়া জেলার সারদামনি মহিলা মহা বিদ্যাপীঠে বিজ্ঞান ও বাণিজ্য বিভাগ চালু করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

99.

বাঁকুড়া জেলার সারদামনি মহিলা মহা বিদ্যাপীঠে স্থায়ী পদে অধ্যাপক নিয়োগ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

100.

রাজ্যের B.Ed. কলেজগুলিতে আসন সংখ্যা বৃদ্ধি করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

101.

রাজ্যের Rural Health Services-এর সার্বিক উন্নয়ন ঘটাতে সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

102.

রাজ্যে গ্রামীণ আবাসন তৈরীর পরিকল্পনা বাস্তবায়িত করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

**103-143.**

**Shri Kashinath Misra : Sir,** I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক ঃ

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

103.

রাজ্যের বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রীদের খেলাধূলা করার জন্য উপযুক্ত মাঠ ও ট্রেনিং-এর সুব্যবস্থা করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

104.

বাঁকুড়া ২নং ব্লকের অন্তর্গত মানকানালী অঞ্চলের লাটডাঙ্গা গ্রামে পানীয় জলের সঙ্কট নিরসনে সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

105.

বাঁকুড়া জেলায় হাতির উপদ্রবে ক্ষতিগ্রস্ত চাষীদের প্রয়োজনীয় ক্ষতিপূরণ প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

106.

বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে হাতির উপদ্রব বন্ধ করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

107.

জনযুদ্ধ গোষ্ঠীর নামে বাঁকুড়া জেলার রানিবাঁধ ব্লকে বিরোধী রাজনৈতিক দলের সদস্যদের উপর পুলিশ ও বি.এস.এফ. অত্যাচার চালাচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

108.

রাজ্যে এইডস রোগ মহামারীর আকার নিতে চলেছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

109.

রাজ্যে সুসংহত শিশু বিকাশ প্রকল্পটির সুষ্ঠু রূপায়ণে সরকার ব্যর্থ—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

110.

রাজ্যের জলপাইগুড়ি জেলায় একের পর এক চা বাগান বন্ধ হওয়ার ফলে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তা সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনা প্রকল্পের রূপায়ণের মাধ্যমে মোকাবিলা করতে সরকার ব্যর্থ—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

111.

রাজ্যে ৬৫ বছরের বেশি বয়সের নাগরিকদের বিনামূল্যে ১০ কেজি করে চাল ও গম সরবরাহ করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

112.

রাজ্যে অন্ত্যোদয় যোজনার অধীনে ৮৯ হাজার এবং অন্নপূর্ণা অন্ন যোজনার অধীনে ১৫ হাজার পরিবারকে চিহ্নিত করতে সরকার ব্যর্থ—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

113.

রাজস্ব বৃদ্ধির কথা তুলে মদের দোকানের ঢালাও লাইসেন্স দেওয়ার সরকারি সিদ্ধান্ত যেভাবে রাজ্যের সাংস্কৃতিক ও নৈতিক পরিবেশকে কলুষিত করে আইন-শৃঙ্খলা পরিস্থিতির আরও অবনমন ঘটাবে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

399.

রাজ্যে ক্রমবর্ধমান বেকার সমস্যা এবং এই সমস্যা প্রতিবিধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

400.

শিক্ষায় ব্যাপক হারে ফি বৃদ্ধি, মেডিকেলে ক্যাপিটেশন ফি চালু করা এবং শিক্ষার বেসরকারিকরণ ও বাণিজ্যিকীকরণের সরকারি পদক্ষেপের ফলে রাজ্যে সংখ্যাগরিষ্ঠ ছাত্র-ছাত্রীদের শিক্ষার সুযোগ ক্রমাগত সংকুচিত হওয়ার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

401.

রাজ্যের বিদ্যালয়সমূহে শিক্ষকদের শূন্য পদ পূরণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

402.

রাজ্যের অবসরপ্রাপ্ত শিক্ষকদের পেনসন না পাওয়া ও তার প্রতিকারে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

403.

রাজ্যের বেহাল রাস্তাঘাটের উন্নতি ঘটাতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

404.

সুন্দরবনাঞ্চলে নদী-বাঁধ নির্মাণ ও সংস্কারের কোনো কথা মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

405.

রাজ্যের বন্ধ কারখানাগুলি খোলার ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

406.

উত্তরবঙ্গের বন্ধ চা-বাগানগুলির শ্রমিক পরিবারগুলিতে অনাহার ও অপুষ্টিজনিত মৃত্যু এবং তাঁদের দুর্দশা নিরসনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

407.

মালিক শ্রেণী কর্তৃক পি.এফ. গ্র্যাচুইটি এবং ই.এস.আই.-এর টাকা আত্মসাৎ করার ফলে রাজ্যের শ্রমিক-কর্মচারীদের দুর্দশা এবং এ-ব্যাপারে দোষী মালিকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে রাজ্য সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

408.

রাজ্যের কৃষকদের উৎপন্ন ফসলের ন্যায্যমূল্য পাওয়া সুনিশ্চিত করতে সরকারের কোনো উদ্যোগের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

409.

দেশি-বিদেশি পুঁজির অবাধ মুনাফা লুণ্ঠনের স্বার্থে রাজ্যের কৃষিক্ষেত্রকে উন্মুক্ত করে দেওয়ার সরকারি পদক্ষেপ যেভাবে গ্রামের প্রান্তিক ও গরীব চাষীদের অস্তিত্বকে বিপন্ন করে তুলেছে তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

were then put and a Division taken with the following results :

The Ayes being 1 and the Noes being 135, the motion was lost.

The motion of Shri Padmanidhi Dhar that

"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক :

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ২৬শে ফেব্রুয়ারী, ২০০৪ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেই জন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদজ্ঞাপন করিতেছে'।"

was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6.22 p.m. till 11.00 a.m. on Friday, the 12th March, 2004 at the Assembly House, Kolkata.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 12th March, 2004 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 06 Ministers of State and 92 Members.

[11.00 noon—11.10 a.m.]

### Starred Questions

### ( to which oral answers were given )

### সামুদ্রিক মৎস্য বীজ হত্যা

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১) **শ্রী জ্যোতির্ময় কর :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সামুদ্রিক মৎস্য বীজ হত্যা বন্ধ করতে সরকার আইন প্রণয়ন করেছেন এবং

(খ) সত্যি হলে, এই আইন কার্যকর করে বাস্তবে কী ফল পাওয়া যাচ্ছে ?

**শ্রী কিরণময় নন্দ :**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

**শ্রী জ্যোতির্ময় কর :** মাননীয় মন্ত্রী বললেন যে, আইনটি পুরোপুরি বাস্তবায়িত করা যাচ্ছে না, কিন্তু কেন যাচ্ছে না এবং এই ভয়াবহ সংকট কমাতে কি ব্যবস্থা নেবেন সেটা জানাবেন কি ?

**শ্রী কিরণময় নন্দ :** সামুদ্রিক মাছ ধরার ক্ষেত্রে আমরা যে আইন প্রণয়ন করেছি সেটা ১৫ নটিক্যাল মাইল পর্যন্ত। মেকানাইজড্ বোট বা যন্ত্রচালিত বোট নিয়ে গভীর সমুদ্রে মাছ ধরতে গেলে সেটা কেন্দ্রীয় সরকারের অধীনে। আমরা কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করেছি যে, আগস্ট মাস পর্যন্ত ট্রলিং বন্ধ রাখতে, কারণ এইসব ভাল ভাল মাছের এই সময়ে প্রজনন ক্ষমতা থাকে। কেন্দ্রীয় সরকার আইন প্রণয়ন করেছেন, কিন্তু ওটা বাস্তবায়িত করতে অসুবিধা আছে। এবং এক্ষেত্রে আমার মনে হয় কেন্দ্র এবং রাজ্য সরকার উভয়কেই একসাথে আইন প্রণয়ন করা দরকার, কিন্তু কেন্দ্রীয় সরকার আইন প্রণয়নের ক্ষেত্রে অসহযোগিতা করছেন। তারপরে মীন ধরা নিয়ে হাজার হাজার মানুষ এই কাজের সঙ্গে যুক্ত

আছে, এর থেকে একটা কর্মসংস্থান হয়। ওদের চট, জালে অসংখ্য ডিম পোনা ওই জালে, চটে এসে যায়। এতে হাজার হাজার মানুষ যুক্ত আছে। এর যদি পরিবর্তন করতে হয় তাহলে পুরোপুরি বিকল্প ব্যবস্থা করতে হবে। আমরা কিছুটা বিকল্প ব্যবস্থা করে কর্মসংস্থানের ব্যবস্থা করেছি, কিন্তু সবার করতে পারিনি। শুধুমাত্র মৎস্য দপ্তরের পক্ষে একা এই কাজ কার্যকরী করা সম্ভব নয় যদি না বিভিন্ন এজেন্সিগুলো এগিয়ে আসে।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় মন্ত্রিমহাশয় সংকট খুব জটিল এবং এর ফলে বিরল প্রজাতির মীনগুলো নষ্ট হয়ে যাচ্ছে। বিরল প্রজাতির হাজার হাজার মাছ এখন আর দেখতে পাওয়া যাচ্ছে না, যেমন নেদস, মেদিস ইত্যাদি ধরনের মাছ আর দেখতে পাওয়া যাচ্ছে না। এইসব মাছ রক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকারের যে আইন আছে তাতে মীন হত্যার সঙ্গে যুক্ত যে লক্ষ লক্ষ মানুষ রয়েছে তাদের জন্য বিকল্প কোনো ব্যবস্থা করা যায় কিনা, কারণ আপনি তো প্রতিশ্রুতি দিয়েছিলেন এর বিকল্প হিসাবে কাঁকড়া চাষের বন্দোবস্ত করবেন। এই যে মারাত্মক সংকট মীন হত্যা—এই কাজের থেকে বিরত করতে কত পার্সেন্ট আপনারা বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করতে পেরেছেন এবং কত পার্সেন্ট এতে চেক করা গেছে ?

**শ্রী কিরণময় নন্দ** : আমরা ইতিমধ্যেই কর্মসংস্থানের কর্মসূচি গ্রহণ করেছি। বিশেষ করে সুন্দরবনের গরীব মানুষেরা কাঁকড়ার চাষ করে বিদেশে রপ্তানী করছে এবং এরই মধ্যে ৫ কোটি টাকার কাঁকড়া বিদেশে রপ্তানী হয়েছে। আমরা আরো বেশি করে কাঁকড়ার চাষের ব্যবস্থা করছি যাতে আরো বেশি করে কর্মসংস্থান হয়। কিন্তু অতো সংখ্যক মানুষকে তো কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব নয়। তার সঙ্গে আমরা আরেকটা বিকল্প ব্যবস্থা হাতে নিয়েছি, সেটা হচ্ছে রঙিন মাছের চাষ। রঙিন মাছ চাষের ব্যাপারে গরীব মৎস্যজীবী মহিলাদের দিয়ে এই রঙিন মাছ চাষের ব্যবস্থা করা হয়েছে। এরই মধ্যে ৪ কোটির উপরে জাতীয় উন্নয়ন নিগমের মাধ্যমে রঙিন মাছ চাষের ব্যবস্থা করা হয়েছে। এতে হাওড়া জেলা এবং দক্ষিণ ২৪-পরগনায় মহিলা সমবায় সমিতি করে রঙিন মাছের চাষের ব্যবস্থা করা হচ্ছে।

আর বিদেশে ভারতবর্ষ থেকে যে রঙিন মাছ রপ্তানী হয় তার ৯৫ ভাগ রপ্তানী হয় আমাদের পশ্চিমবাংলা থেকে। পশ্চিমবাংলা থেকে আমরা এই রপ্তানীর পরিমাণটা আরো বাড়াতে চাইছি। যদি রপ্তানীর পরিমাণটা আমরা আরো বাড়াতে পারি তাহলে বৈদেশিক মুদ্রা অর্জন হবে এবং কর্মসংস্থান বাড়াতে পারবো। আজকে গরীব মানুষ যারা মীন ধরছেন অন্য মাছের পোনা নষ্ট যাঁরা করছেন, তাদের চেয়ে অনেক বেশি নষ্ট হচ্ছে যাঁরা সমুদ্রে ট্রলিং করে, বিদেশি জাহাজ এবং বড় বড় ট্রলার মালিক যারা কোটি কোটি টাকা রোজগার করছেন, যাদেরকে কেন্দ্রীয় সরকার লাইসেন্স দিয়েছেন। তাদেরকে যদি নিয়ন্ত্রণ না করা যায়, তাহলে পরে, তারা যে কোয়ালিটি মাছগুলি নিয়ে বাকি মাছগুলিকে সমুদ্রে নিক্ষেপ করে দিচ্ছে, এতে সমুদ্রের ইকোলজি বা পরিবেশ নষ্ট হচ্ছে। শুধু গরীব মানুষের জন্য মীন ধরার জন্য যে নষ্ট হচ্ছে তা নয়। সমুদ্রে যারা ট্রলিং করে, যারা রাঘববোয়াল, কেন্দ্রীয় সরকারের লাইসেন্স নিয়ে মাছ ধরছে, সেই ব্যাপারে আমরা বিভিন্ন সময়ে দাবি করেছি, বিভিন্ন মৎস্যজীবী সংস্থার পক্ষ থেকেও দাবি করেছি তা সত্ত্বেও ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কোনো রকম ইতিবাচক পদক্ষেপ নেওয়া হচ্ছে না।

**শ্রী জ্যোতির্ময় কর** : আপনি কোটিপতিদের ট্রলারের কথা বললেন। গোটা বাণিজ্য বিভাগটা প্রোডাকশানটা কৃষকের হাতে, বিপণন থেকে আরম্ভ করে প্রসেসিং সবই কোটিপতিদের হাতে। গোটা দপ্তরটি কোটিপতিদের হাতে। মৎস্য দপ্তরের দ্বারা এককভাবে এটা সম্ভব নয়। পঞ্চায়েত বা অন্য কোনো বিভাগকে সংযুক্ত করতে হবে। কারণ, এটা তো মন্ত্রিসভার একটা যৌথ দায়িত্ব। একটা আইন করে সেটাকে পাস কাটিয়ে গিয়ে তো লাভ নেই। এটা মন্ত্রিসভার যৌথ দায়িত্ব, মানুষের ক্ষুধা নিবৃত্তির যেমন ব্যবস্থা করতে হবে, তেমনি কোটিপতিদেরও নিয়ন্ত্রণ করতে হবে, তা নাহলে এইভাবে মীন নষ্ট হয়ে গেলে এক সময় দুর্ভিক্ষ আকাল দেখা দেবে।

**শ্রী কিরণময় নন্দ** : দুর্ভিক্ষ আকাল গরীব মানুষ এর মৎস্যজীবীদের মীন ধরাতে নষ্ট হবে তা নয়। নষ্ট হচ্ছে, যে বিদেশি ৯৬টি ট্রলার কেন্দ্রীয় সরকার লাইসেন্স দিয়েছে। যেখানে কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতিবদ্ধ ছিল কোনো লাইসেন্স আমরা দেবো না। যাদেরকে দেওয়া হয়েছে তাদের লাইসেন্স বাতিল করা হবে। সেখানে বাতিল করার পরিবর্তে ৯৬টি বিদেশি ট্রলার এখানে পূর্ব উপকূলে তারা মাছ ধরছে এবং আরো বড় বড় ট্রলার অন্ধ্র থেকে, ভাইজাক থেকে এখানে এসে টন টন মাছ তারা ধরছে। আগে ওইগুলিকে বন্ধ করতে হবে আইন করে। কেন্দ্রীয় সরকারকে এইগুলি বন্ধ করতে হবে আইন করে আগস্ট মাস অবধি কোনো বড় বড় ট্রলার চলবে না।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : মাননীয় মন্ত্রী মহাশয়, বললেন, পশ্চিমবঙ্গে যে মেরিন ফিশিং রেগুলেটরি অ্যাক্ট আছে, সেটা বলবৎ করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কোনো সহযোগিতা নেই। ১৫ নটিক্যাল মাইল পর্যন্ত আমাদের এরিয়া, সেক্ষেত্রে আপনার যে পেট্রোল বডি আছে, সেখানে নির্দিষ্ট সীমার মধ্যে যথোপযুক্তভাবে কাজ করতে পারছে কি ? সাথে সাথে বলি, সামুদ্রিক ধীবরদের মৎস্য অঞ্চলের পূর্বাভাস দেওয়ার জন্য যে ব্যবস্থা আছে, এর উন্নয়নের ক্ষেত্রে সাফল্যের দিকটা কতখানি ?

**শ্রী কিরণময় নন্দ** : এই ১৫ নটিক্যাল মাইল পর্যন্ত আমাদের রাজ্য সরকারের এক্তিয়ার। আমরা যে মেরিন ফিশিং রেগুলেটরি অ্যাক্ট করেছি ১৫ নটিক্যাল মাইল পর্যন্ত, সেখানে কোনো যন্ত্রচালিত নৌকা মাছ ধরতে পারবে না, এটা আমরা কঠোরভাবে বলবৎ করেছি, তাই আমাদের এখানে মাছ ধরে না। ১৫ নটিক্যাল-এর বাইরে আমাদের এক্তিয়ার নেই। সেটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারে পড়ে। আমরা কেন্দ্রীয় সরকারকে বারে বারে বলেছি, পূর্ব উপকূল ধরে আইনটা বলবৎ করতে হবে। আমরা পশ্চিমবাংলার জন্য আইন করলাম আর এই যে অন্ধ্র থেকে, ওড়িশা থেকে, তামিলনাড়ু থেকে চলে আসছে, তাদের যন্ত্রচালিত ট্রলারে মাছ ধরতে, তার জন্য এই আইনটা করতে হবে। গোটা পূর্ব উপকূলে যতগুলি রাজ্য আছে, তারা বারবার এই দাবি জানানো সত্ত্বেও কেন্দ্রীয় সরকার কিন্তু এই আইনটা তারা করেননি। তাঁরা শুধু বলেছেন, এপ্রিল-মে এই দুই মাস মাছ ধরা বন্ধ থাকবে। এপ্রিল-মে এই দুই মাস তারা মাছ ধরতে যান না। এই সময় সমুদ্র উত্তাল থাকে। শুধুমাত্র রাজ্য সরকারের পক্ষে এটাকে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। যদি না কেন্দ্রীয় সরকার আমাদের

১৫ নটিক্যাল মাইলের বাইরে যেটা কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীনে আছে সেখানে যদি আইনটা বলবৎ না হয়।

[11.10—11.20 a.m.]

**শ্রী অশোক কুমার দেব** : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি, একটু আগে আপনি বললেন আইনটা কেন্দ্রীয় সরকার করবে। আমার প্রশ্ন হচ্ছে, বিদেশি ট্রলারকে মাছ ধরার লাইসেন্স দেওয়ার দায়-দায়িত্ব কি একা কেন্দ্রীয় সরকারের না এটা যৌথ দায়িত্ব ?

**শ্রী কিরণময় নন্দ** : বিদেশি ট্রলারকে লাইসেন্স দেওয়ার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের, রাজ্য সরকারের নয়। এই ব্যাপারে আমাদের রাজ্য সরকারের অভিমত জানতে চাওয়া হয়েছিল এবং আমরা সুস্পষ্টভাবে সরকারকে জানিয়ে দিয়েছিলাম বিদেশি ট্রলারগুলো যথেচ্ছভাবে যদি মাছ ধরার কাজে নিযুক্ত থাকে, তাহলে আমাদের দেশের গরীব মৎস্যজীবীরা ক্ষতিগ্রস্ত হবে, সমুদ্রে আমাদের মৎস্য ভাণ্ডার নষ্ট হবে। শুধু তাই নয়, বিদেশের বাজারে আমাদের মাছের চাহিদা কমবে এবং বিদেশি মুদ্রা আয় কমবে। সমুদ্রের পনেরো নটিক্যাল মাইল পর্যন্ত হচ্ছে আমাদের রাজ্য সরকারের এক্তিয়ার, তার বাইরের এক্তিয়ার হচ্ছে কেন্দ্রীয় সরকারের। আর এদের লাইসেন্স দেওয়ার ক্ষমতা শুধু কেন্দ্রীয় সরকারের, যৌথ কোনো ক্ষমতা নেই। আমরা সুস্পষ্টভাবে আমাদের মতামত জানিয়ে এই কাজের বিরোধিতা করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ** : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন কেন্দ্রীয় সরকার বেআইনীভাবে বিদেশি ট্রলারকে লাইসেন্স দিচ্ছে মাছ ধরার জন্য, এতে আমাদের দেশের গরীব মৎস্যজীবী যারা তারা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই ব্যাপারে আমাদের বিধানসভা থেকে একটা সর্বদলীয় টিম আপনার নেতৃত্বে দিল্লিতে গিয়ে আলোচনা করার ব্যবস্থা করবেন কি ?

**শ্রী কিরণময় নন্দ** : আমি নিজে এই ব্যাপারে বহুবার আলোচনা করেছি। সেন্ট্রাল বোর্ড অফ ফিশারিজ, কেন্দ্রীয় সরকারের মৎস্য সংক্রান্ত সবচেয়ে বড় সংস্থা, সেখানে আমরা এই ব্যাপারে রেজলিউশন মুভ করেছি। এগ্রিকালচার মিনিস্ট্রির আন্ডারে যখন এটা ছিল তখন থেকে কেন্দ্রে এই দপ্তরের মন্ত্রী হয়ে যিনি এসেছেন তাকেই আমরা এই ব্যাপারে চিঠি দিয়েছি, তাদের সঙ্গে মিটিং করেছি। আমাদের পশ্চিম উপকূলে, কেন্দ্রীয় সরকার জুন থেকে আগস্ট মাস পর্যন্ত ফিশিং ট্রলারগুলোর মাছ ধরা বন্ধ করে দিয়েছে। কিন্তু আমাদের পূর্ব উপকূল, যেটা আমাদের গোল্ড মাইন, সেখানে কিন্তু এটা করেনি। আমরা বার বার করে বলেছি এতে সমুদ্রের ইকোলজি নষ্ট হয়ে যাবে, সমুদ্রের জল দূষিত হয়ে সাঙ্ঘাতিক বিপদ দেখা দেবে। যাঁরা সমুদ্র বিজ্ঞানী তাঁরাও এই উদ্বেগ প্রকাশ করেছেন। এই জন্য কনজারভেশন অ্যাক্ট প্রয়োজন, যাতে ইকোলজি বজায় থাকে। আর আমাদের বিধানসভা থেকে একটা টিম গেলে ভালোই হয়। কারণ ভারতবর্ষের প্রত্যেক মৎস্যজীবী সংগঠন তারা আমাদের সঙ্গে একমত হয়ে একথা জানিয়েছে। কেন্দ্রীয় সরকারকে যদি আমরা বাধ্য করাতে পারি তাহলে আমাদের দেশেরই মঙ্গল হবে।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় মন্ত্রিমহাশয় এখানে যা বললেন তাতে সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপরে বর্তে দিলেন। আমার প্রশ্ন হচ্ছে, কেন্দ্রীয় সরকার কতগুলি বিদেশি সংস্থাকে লাইসেন্স দিয়েছে ট্রলারের জন্য ? আর আপনার রাজ্যের এক্তিয়ারে যেটা রয়েছে, মাছের মীন যে নির্বিচারে ধরা হচ্ছে, সেটা বন্ধ করার জন্য আপনি কি কি ব্যবস্থা নিয়েছেন এবং কেন্দ্রীয় সরকার রাজ্যের মৎস্যজীবীদের নিয়ে যে মিটিং করেছিলেন সেখানে আপনি কি বক্তব্য রেখেছিলেন ?

**শ্রী কিরণময় নন্দ :** কেন্দ্রীয় সরকার প্রথমে ৪৩টি বিদেশি ট্রলারকে লাইসেন্স দিয়েছিল। পরবর্তীকালে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের এবং বিভিন্ন মৎস্যজীবী সংগঠনের যে আলোচনা হয়েছিল তখন কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আর কোনো বিদেশি ট্রলারকে লাইসেন্স দেওয়া হবে না। এবং যে ৪৩টি ট্রলারকে লাইসেন্স দেওয়া হয়েছিল তাদেরও লাইসেন্স আস্তে আস্তে বাতিল করবেন।

কিন্তু হঠাৎ আমরা দেখলাম যে এই বছর জানুয়ারি মাসে বিদেশি ট্রলার বাতিল করার পরিবর্তে আরও ৪৩টি বিদেশি ট্রলারের লাইসেন্স দিয়ে দিলেন। বিদেশি ট্রলারের লাইসেন্স দেবেন না এই রকম একটা প্রতিশ্রুতি কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন। ১৫ নটিক্যাল মাইলের কথা আগেই বলেছি। আমাদের কোনো যন্ত্রচালিত নৌকো পর্যন্ত ১৫ নটিক্যাল মাইলের ভেতরে কাজ করে না। আর মীন ধরার ব্যাপারে বলি যে বহু মৎস্যজীবী মীন ধরার কাজে নিযুক্ত আছেন। এমন কি চীন দেশেও আজকে আইন করে এটাকে বন্ধ করতে পারেনি। আমাদের এখানে প্রত্যন্ত এলাকার গরীব মানুষ রুজি-রোজগারের জন্য এর সঙ্গে যুক্ত রয়েছে। যদিও আমি মনে করি মীন ধরার ফলে আজকে আমাদের পরিবেশ নষ্ট হচ্ছে, মাছের ধ্বংস হচ্ছে কিন্তু সাথে সাথে বিকল্প ব্যবস্থা না করে, কিভাবে এদের জন্য কি করা, কোন প্রকল্পের মাধ্যমে এদের যুক্ত করা যায় এটাও আমাদের দেখতে হবে। মিটিং-এ আমি কি বলেছি ? আমি তীব্রভাবে প্রতিবাদ করে আসছি কয়েক বছর ধরে। লিখিতভাবে, মিটিং-এ যে কনজারভেশন অ্যাক্ট করা হোক, জুন থেকে আগস্ট মাস পর্যন্ত সমুদ্রে ট্রলারকে বন্ধ করে দেওয়া হোক।

**শ্রী অসিত মিত্র :** মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যদিও সামনে নির্বাচন আসছে, সংবাদপত্রে অ্যাডভারটাইজমেন্ট দিয়েছেন দুশো কোটি টাকা ঋণ দেওয়া হবে। অন্যান্য দপ্তরের মতো আপনিও এটা অ্যাডভারটাইজমেন্ট দিয়েছেন বামফ্রন্ট সরকারকে জেতানোর জন্য চেষ্টা করছেন। যাই হোক আমার প্রশ্ন হচ্ছে যতক্ষণ কেন্দ্রীয় সরকার কিছু করছেন আপনি কিছু করতে পারবেন না। মাননীয় মন্ত্রিমহাশয়, আপনার দপ্তরের কর্মতৎপরতা কখনো কখনো কোথাও দেখেছি। কিন্তু আমি এর আগেও বারবার বলেছি, আগেরবার বাজেটের সময়ে বলেছি। জ্যোতির্ময় কর যে প্রশ্নটা করেছেন যে ছোট ছোট মীনগুলো যদি মারা যায় তাহলে পরবর্তীকালে বড় মাছ পাওয়া যাবে না। এতে অন্য অনেক বেশি ক্ষতি হবে যারা মীন ধরছে তাদের চেয়ে। আমি নদীর কথা বলছি, যারা মীন ধরছে তারা নয়, যারা মাছ ধরতে যায়, তাদের সেই জালগুলো এত ছোট যে তার ফলে বহু মাছ, ছোট মাছ ধরা পড়ছে। সেগুলোকে

ডাঙায় তোলার পর মীনগুলোকে তারা মেরে ফেলছে। এখানে কোটি কোটি টাকার মীন মারা যাচ্ছে। এতে তো কোনো রোজগার হচ্ছে না। আপনাদের দপ্তরের অব্যবস্থার ফলে এই ঘটনা ঘটছে। এই ব্যাপারে আপনারা কি প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন ?

**শ্রী কিরণময় নন্দ** : দুটো বিষয় আছে। প্রথম যেটা বললেন মৎস্য ঋণের কথা। ন্যাবার্ডের সহযোগিতায় এটা একটা প্রকল্প। এটা নির্বাচনকে লক্ষ্য করে নয়। বামফ্রন্ট সরকারকে সাহায্য নয়, আমাদের সরকারের কর্মসূচি সাধারণ গরীব মানুষকে সাহায্য করা। নির্বাচনের আগে নয়, মৎস্যজীবীদের জন্য যখন যেখানে সুযোগ আছে, সেই সুযোগকে আমরা সব সময়েই কাজে লাগাতে চেষ্টা করি, মৎস্যজীবীদের সাহায্যের জন্য। দ্বিতীয় যে কথা যে, জালের কথা বললেন। এটা আমরা জানি। আমরা আইন করেছি কিন্তু আইন করলেও তো সব সময়ে কিছু করা যায় না। জুন মাসের অধিবেশনে সত্যিই আমরা কি ব্যবস্থা নিতে চলেছি তখন আমি ঘোষণা করব।

[11.20 – 11.30 a.m.]

**শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করছি, সমুদ্রের মীন নিয়ে এখানে আলোচনা হচ্ছে। এক্ষেত্রে সবচেয়ে বেশি আক্রমণ হয় নদী-নালায় যারা মাছ ধরে তাদের ক্ষেত্রে। আমি সুন্দরবন এলাকায় থাকি বলেই আমি জানি। তবে আগে যে পরিমাণ মাছ নষ্ট হত, এখন যারা মীন ধরেন তারা সেটা ডাঙায় না তুলে আবার জলে ফেলে দেয়। এর জন্য প্রচার এবং আন্দোলন দরকার এবং মানুষকে এ ব্যাপারে সচেতন করা দরকার। এর জন্য আমি জানতে চাইছি আপনি কি ব্যবস্থা নিয়েছেন ? শুধু আইন দিয়ে হবে না।

**শ্রী কিরণময় নন্দ** : এটা আপনি ভালো কথা বলেছেন। এই কাজে যারা নিযুক্ত আছে তারা অত্যন্ত গরীব মানুষ এবং এর মাধ্যমেই তাদের রুটিরুজি চলে। আমরা ইতিমধ্যেই বহু জায়গায় পঞ্চায়েতের সাহায্য নিয়ে ট্রেনিং ক্যাম্প করেছি যাতে করে বাগদা মীনের সঙ্গে সঙ্গে অন্য যে মীনগুলি আছে সেগুলি তারা সংগ্রহ করে এবং সমুদ্রে আবার ঢেলে দেয়। আমরা মিন করছি যাতে মৎস্যচাষীরা সেটা বিক্রি করতে পারে। এ ব্যাপারে আমাদের কেন্দ্রীয় সরকারের যে সংস্থা আছে তারা একটা ক্যাম্পেন করেছিল মনোকালচার করার ব্যাপারে, এতে শুধু চিংড়ি চাষ করো এতে রোজগার বেশি হবে। আমরা বারে বারেই এই মনোকালচারের বিরুদ্ধে ছিলাম, কারণ এটা এন্টি এনভায়রনমেন্ট কালচার। এতে চিংড়ির সাংঘাতিক একটা রোগ দেখা দেয়। সমুদ্র উপকূলবর্তী জায়গাগুলিতে যদি পলিকালচার হয় তাহলে এই রোগ দেখা দেবে না এবং অন্যান্য মাছও তাঁরা চাষ করতে পারবেন। আমরা এই ক্যাম্পেন ব্যাপকভাবে শুরু করেছি এবং এই কাজে যে ঋণ এবং অনুদান দিচ্ছি তাতে বলছি পলিকালচার করতে হবে। এই পলিকালচার যদি আমরা আমাদের রাজ্যে শুরু করতে পারি তাহলে অন্যান্য মীন যেগুলি নষ্ট করে দিচ্ছে সেগুলি নষ্ট হবে না। এর জন্য পাশাপাশি আমরা ব্যাপক ট্রেনিংয়ের উদ্যেগ নিচ্ছি যাতে মীনগুলি সংরক্ষণ করে নদীতে ফেলা যায়। সুন্দরবনে দেখবেন ওরা দুটো ট্রে ব্যবহার করে, একটাতে বাগদা মীন রাখে এবং আরেকটাতে অন্য মীন

রাখে। বাগদা মীনগুলি ট্রে থেকে হাঁড়িতে ফেলে দেয় এবং অন্য মীন ছেড়ে দেয়। এতে সচেতনতা বৃদ্ধি হয়েছে। তবে ব্যাপক ক্যাম্পেন করতে হবে। এটা আমাদের করতে হবে, পঞ্চায়েতকে করতে হবে এবং অন্যান্য সংগঠনগুলিকেও করতে হবে। শুধুমাত্র আমাদের সরকারি মেশিনারি দিয়ে আমরা করতে পারবো না।

**শ্রী নাজমুল হক** : আমাদের রাজ্যে সমুদ্র এলাকা খুবই কম, আমি বলছি সমুদ্র ছাড়া অন্যভাবে বীজ পশ্চিমবাংলো উৎপাদন করে। সারা ভারতবর্ষে যে পরিমাণ বীজ উৎপাদন হয় তার কত অংশ পশ্চিমবঙ্গে হয় ? আমরা কত ভাগ বীজ অন্যান্য রাজ্যগুলিকে দিচ্ছি ?

**শ্রী কিরণময় নন্দ** : এটা ঠিক শুধুমাত্র মৎস্য উৎপাদনেই যে আমরা ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ স্থানে আছি তা নয়, আমরা মীনও উৎপাদন করি এবং এই ব্যাপকভাবে মীন যদি এখানে উৎপাদন না হতো তাহলে সারা ভারতবর্ষে মৎস্য চাষ বন্ধ হয়ে যেত। এতে সবচেয়ে বেশি অবদান পশ্চিমবঙ্গের। ভারতবর্ষে টোটাল মীনের যা রিকয়্যারমেন্ট তার ৭৫ পারসেন্ট আমাদের পশ্চিমবঙ্গে হয়। যার ফলে বিভিন্ন রাজ্যে মৎস্য চাষ সম্ভব হয়। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি কয়েকদিন আগে আমরা তিন-তিনবার অন্তর্দেশীয় মৎস্য চাষে অর্থাৎ ইনল্যান্ড ফিসারিতে বেস্ট প্রোডাকটিভিটি অ্যাওয়ার্ড পেয়েছি। আর পরপর ১৩ বার হাইয়েস্ট সীড প্রোডাকশন করেছি।

**শ্রী তমসের আলি** : সীমান্ত এলাকায় যে সমস্ত মৎস্যজীবী থাকে তাদের উপরে B.S.F. বাহিনী টরচার করে, তাদের হ্যারাস করে। এ ব্যাপারে মন্ত্রী মহাশয় কিভাবে ব্যবস্থা নিচ্ছেন ?

**শ্রী কিরণময় নন্দ** : এই রকম অভিযোগ প্রায়ই শোনা যায়, সংবাদপত্রেও বেরোয়। শুধু মৎস্যজীবী নয়, বর্ডার এলাকায় যে সমস্ত কৃষক, ব্যবসায়ী থাকেন তারাও বি এস এফ-এর হাতে হ্যারাসড্ হন। এই রকম অভিযোগ পেলে আমরা বি এস এফ-এর কাছে লিখি। এই সব কথা মাথায় রেখেই মৎস্যজীবীদের পরিচয়পত্র দেওয়া হয়, যাতে তারা মাছ ধরতে গিয়ে হ্যারাসড্ না হয়। কিন্তু আপনারা জানেন বি এস এফ আমাদের কথামতো চলে না, তারা কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী চলে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : আসতে আসতে মাইকে শুনলাম আমাদের মৎস্যমন্ত্রী বলছেন ১৩ বার হাইয়েস্ট সিড প্রোডাকশনের জন্য দিল্লি থেকে পুরস্কার পেয়েছেন, টিভি-তে ছবি-টবি দেখা গেছে। কিন্তু আমি জানতে চাইছি তা সত্ত্বেও পশ্চিমবঙ্গের মানুষের প্রয়োজনে কত লক্ষ মেট্রিক টন মাছ বিভিন্ন রাজ্য থেকে আনতে হচ্ছে ? আপনি যেটা প্রোডাকশন করেন সেটা ওই চারাপোনা। আর কিছু নয়। কিন্তু পশ্চিমবঙ্গের মানুষ নানা ধরনের মাছ খেতে অভ্যস্ত।

**শ্রী কিরণময় নন্দ** : লক্ষ মেট্রিক টন নয়, ১২ লক্ষ মেট্রিক টন দরকার হয়। আবার, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে আমাদের রাজ্য থেকেও মাছ যায়। আমাদের এখানে ভারতবর্ষের বিভিন্ন রাজ্য থেকে ৩০ থেকে ৪০ হাজার মেট্রিক টন মাছ আনতে হয়। আর, পশ্চিমবঙ্গ

থেকে ২৫/২৬ হাজার মেট্রিক টন মাছ বিভিন্ন দেশে যায়। সামুদ্রিক মাছ ৩০/৪০ হাজার মেট্রিক টন বিভিন্ন রাজ্যে এখান থেকে যায়। কারণ আমাদের এখানকার মানুষ সামুদ্রিক মাছ খেতে পছন্দ করেন না।

*55 Not called

*56 Not called

*57 Not called

*58 Not called

*59 Not called

## Dues of Electricity Charges of Yubabharati Krirangan

*60 (Admitted Question No. *122) **Shri Pankaj Banerjee** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state–

(a) whether it is a fact that the Yubabharati Krirangan at Salt Lake has not paid Rs. 3.64 crores as electricity charges to West Bengal State Electricity Board ; and

(b) if so, steps taken by the West Bengal State Electricity Board to realise the same ?

**Shri Mrinal Banerjee :**

(a) The outstanding dues towards power supply to Yubabharati Krirangan by W.B.S.E.B. is about Rs. 3.78 crores as on 29.02.2004.

(b) Disconnection notice under Section 56 of Electricity Act, 2003 was issued on 27.02.04 by the West Bengal State Electricity Board. The date of payment against this notice is 13.3.04.

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় মন্ত্রিমহাশয় আমার প্রশ্নে উল্লেখিত ফিগারটা বলেছেন ৩.৬৪ কোটি নয়, ৩.৭৮ কোটি টাকা। আমি জানতে চাইছি যুবভারতী ক্রীড়াঙ্গনের বিদ্যুৎ বিল বাবদ ওই পরিমাণ টাকা কতদিনে বাকি পড়েছে। এস.ই.বি কর্তৃপক্ষের প্রতি মাসে বিল রিয়ালাইজ করার কথা। প্রতি মাসে মিটার রিডিং করে, আগের মাসের রিডিং সাবট্রাক্ট করে, কত ইউনিট কনিজউম করেছে দেখে ইউনিটপ্রতি চার্জ মাল্টিপ্লাই করে সামনের মাসে কর্তৃপক্ষের কাছ থেকে চার্জ গ্রহণ করবে। তো আমি জানতে চাইছি কত মাস ধরে এই ৩.৭৮ কোটি টাকা বাকি পড়েছে এবং এই বাকি পড়ার কারণ কি ? যাদের অপদার্থতায় বাকি পড়লো তাদের বিরুদ্ধে এস.ই.বি কি ব্যবস্থা নিচ্ছেন ?

[11.30—11.40 a.m.]

**শ্রী মৃণাল ব্যানার্জী :** দীর্ঘদিন ধরে বাকি পড়েছে, প্রায় ৩ বছর ধরে বাকি আছে। এখন এরকম সমস্যা শুধু যে এই যুবভারতী ক্রীড়াঙ্গনে—তাই নয়, অনেক হসপিটাল বা পি.এইচ.স-এর যেখানে জল দেওয়া হয়, এ ধরনের অনেকগুলো ক্ষেত্রে এরকম বাকি আছে, বাকি ছিল। বরঞ্চ ইদানীং এই টাকা তুলে নেওয়া হচ্ছে এবং যে ধরনের বাকি ছিল সেগুলোর অধিকাংশই তুলে আনা সম্ভব হচ্ছে এবং সেই কারণে কোথাও কোথাও অপ্রিয় কাজও করতে হচ্ছে, ডিসকানেকশন নোটিশ দেওয়া হচ্ছে, ডিসকানেকট করে দেওয়া হচ্ছে এবং তার পরে স্বাভাবিকভাবে পাবলিক ইউটিলিটি অনেকগুলো ক্ষেত্রে—ধরুন, পি.এইচ.ই, হসপিটাল—তাদের আবার কানেকশন দিতে হচ্ছে। কিন্তু এই চাপ, ডিসকানেক্ট করা, তাদের কাছ থেকে আবার পয়সা আদায় করার চেষ্টা করা—এর মধ্যে দিয়ে রিয়েলাইজেশনটা হচ্ছে এবং যে পরিমাণে ছিল সেটা কমে আসছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আধখানা প্রশ্নের উত্তর দিচ্ছেন। তারপরে আমাকে আবার সেই প্রশ্নটা রিপিট করতে হচ্ছে। আমি জিজ্ঞাসা করেছি যে, ৩ বছর ধরে বাকি রইল, আপনার এই বিদ্যুৎ দপ্তরের যাদের এই বিল দেখে টাকা তোলার কথা এবং বিল দেওয়া ও টাকা জোগাড় করার কথা তাঁরা যে করলেন না, তার জন্য তাদের বিরুদ্ধে কি শাস্তির ব্যবস্থা করেছেন ? আপনি আমার প্রথম প্রশ্নের উত্তর দিলেন না। আমি আবার সেটা রিপিট করেছি। দ্বিতীয়ত, পাবলিক ইউটিলিটি সার্ভিস বলছে—যুবভারতী ক্রীড়াঙ্গন—তার বেশিরভাগ যে টাকা সেটা হয়েছে সেটা অন্যকে সাবমিটার হিসেবে দিয়ে তাকে সার্ভিস দিয়েছে ব্যবসায়িক প্রতিষ্ঠানকে—যারা রেস্টুরেন্ট চালাচ্ছেন, ব্যবসায়িক প্রতিষ্ঠান চালাচ্ছেন, তাদেরকে তারা বিদ্যুৎ ব্যবহার করতে দিয়েছেন, বিলটা তাদের উপর রেইজ করা হয়েছে এবং যেহেতু আপনার অপদার্থতা আকাশচুম্বী, তাই কমার্শিয়াল রেটে আরেকজনকে দিয়ে তারা টাকা নিয়েছেন। কিন্তু বিদ্যুৎ পর্ষদকে টাকা দেননি বা বিদ্যুৎ পর্ষদের মিটার থেকে অন্যকে কমার্শিয়াল রেটে কি করে সাবলেট করল বিদ্যুৎ, সেটা আপনার কাছে আমি জানতে চাইছি এবং এর জন্য কি শাস্তির ব্যবস্থা করেছেন ? ডিসকানেক্ট করা শাস্তি নয়। যাদের উপরে দায়িত্ব ছিল বিল কালেক্ট করার, পয়সা কালেক্ট করার—তাদের কি ব্যবস্থা নিয়েছেন এবং এই যে সাবলেট করেছে—অন্যকে ব্যবসায়িক ভিত্তিতে বিদ্যুৎ ব্যবহার করার জন্য তারা ব্যবস্থা করে দিয়েছেন—তার জন্য আইনানুগ কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রী মৃণাল ব্যানার্জী :** এই যে সাবলেট করেছে বা করেছিল যেটা—এটা ঠিক সাবলেট নয়, এটা সাবলেট হিসেবে বলা যাবে না। কারণ যুবভারতী ক্রীড়াঙ্গন—তাদের কাছ থেকে কমার্শিয়াল রেটে টাকা তুলছিল, সেই টাকাটা বিদ্যুৎ দপ্তরকে তারা জমা দিয়েছে। যুবভারতী ক্রীড়াঙ্গন তাদের তরফ থেকে সেই টাকাটা দপ্তরে জমা দেওয়ার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। সেই ব্যবস্থা নেওয়া হয়েছে শুধু এই হোটেল বা রেস্টুরেন্ট চালানোর জন্য এই টাকাটা নয় কিন্তু, যুবভারতীতে অন্যান্য ক্ষেত্রেও তার জন্য তাদের যে বিদ্যুৎ ব্যবহার করে তাও এর মধ্যে যুক্ত। এটা যেটা রেস্টুরেন্টকে দেওয়া হয়েছিল—আপনারা জানেন, সে

ব্যাপারে বিদ্যুৎ পর্ষদ থেকেই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং তাদের ডিসকানেক্ট করা হয়েছে, তাদের পেনাল্টি করা হয়েছে এবং সেই বাবদ তাদের কাছ থেকে রিয়েলাইজ করার জন্য যা যা ব্যবস্থা নেওয়ার তা বিদ্যুৎ দপ্তরের পক্ষ থেকেই নেওয়া হয়েছে।

(এই সময় মাননীয় বিধায়ক শ্রী পঙ্কজ ব্যানার্জী মহাশয় বলেন—দপ্তরের যারা দায়ী থাকেন, তাদের কি করলেন ?)

এই দায়ীর ব্যাপারটা যেটা বলছেন, সেক্ষেত্রে যাদের দায়িত্ব ছিল, আমরা দেখেছি, তারা এই নোটিশ দিয়েছেন এবং নানা কারণে অনেক সময় হয়তো পিছিয়ে আসতে হয়েছে। আবার অ্যাডজাস্ট করতে হয়েছে, অনেক সময় এই ধরনের বিষয়ে, এই ধরনের ইস্যুতে অনেক সময় হয়তো সেই ধরনের কড়া পদক্ষেপ নেওয়া যায় না। কিন্তু রিয়েলাইজ যেহেতু করতে হবে—সেটা করা হচ্ছে এবং করতে হচ্ছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রশ্ন যেটা করতে চাইছিলাম, মাননীয় মন্ত্রী সেটা বাইপাস করে যাচ্ছেন। সাধারণত একজন কনজিউমার যে ৬০ ওয়াটের একটা বাল্ব জ্বালায়, সেও যদি ২ মাস তার যে বিল হয় সেটা যদি না দেয়, তাহলে ডিসকানেক্ট করে দেওয়া হয়। সাধারণত একজন কনজিউমার, প্রান্তিক একজন মানুষ ইলেকট্রিসিটি কনজিউম করলে তার জন্য তাঁকে দাম দিতে হবে। এটাই দেশের নিয়ম। যদি পরপর ২ মাস ডিফল্ট থাকে তবে তার কানেকশন ডিসকানেক্ট করে দেওয়া হয়। ৩ বছর ধরে প্রায় ৪ কোটি টাকা বাকি রইল, আর আপনি বলছেন তার জন্য কারোর কোনো দোষ নেই। তার জন্য নোটিশ দেওয়া হয়েছে। এখন যার থেকে করেছেন তার সমস্ত দায় মাপ করছেন কার জন্য। প্রতিটা কাজে সরকার বলছেন টাকা নেই—করতে পারব না। আপনারা বলছেন গ্রামে বিদ্যুৎ দেওয়া যাবে না, টাকা নেই। আমি বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যানের সঙ্গে দেখা করেছিলাম কতকগুলো গ্রামের ইলেকট্রিফিকশানের ব্যাপারে। তিনি বললেন যে এম.পি ল্যাডের টাকা ছাড়া কোথাও কোনো বিদ্যুৎ দেওয়ার প্রশ্নই নেই। এটাই হচ্ছে আপনার ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের আর্থিক অবস্থা। কে বলছেন বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যান বলছেন। সেক্ষেত্রে আপনি কোটি কোটি টাকা বাকি ফেলে রাখলেন, অথচ একজন সামান্য সাধারণ কনজিউমার তার যদি ২ মাসের ডিউ থাকে তাকে ডিসকানেক্ট করে দিচ্ছেন। তাহলে একটা বিষয়ে বলুন—কাকে কাকে কোন কোন পরিপ্রেক্ষিতে আপনি তার দোষগুলি না দেখার ভান করছেন এবং কিরকমভাবে আপনারা টাকা আদায়ের ব্যবস্থা করছেন, এর পিছনে আসল কারণ কি ? কেন ৩ বছর ধরে উপেক্ষা করছিলেন, কারা উপেক্ষা করলেন ? পর্ষদ কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছিলেন এবং যেটা বলেছেন এই ৩.৭০ কোটি টাকা আপনি যে পেনাল্টি ধরেছেন, সেই পেনাল্টির কত টাকা আদায় করেছেন এবং কতদিনের ভিতরে কত টাকা পেনাল্টি অর্থাৎ ৩.৭০ কোটি টাকা আপনি রিয়ালাইজ করেছেন ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : এই ৩.৭০ কোটি টাকার মধ্যে প্রায় আড়াই কোটি টাকা হচ্ছে এ.এম.জি.আর। অর্থাৎ আপনার বিদ্যুৎ ইউনিটের যে খরচ হয়েছে সেই বাবদ কিন্তু ৩ কোটি

৭০ লক্ষ টাকা নয়। এর মধ্যে ধরুন এ.এম.জি.আর আছে—২০০১, ২০০২, ২০০৩—এটা হচ্ছে ৮৪ লক্ষ ৭৭ হাজার ৬৫৩ টাকা ১ বছর, তার পরের বছর এবং তার পরের বছরও সেই একইরকম অর্থাৎ প্রায় আড়াই কোটি টাকা হচ্ছে এ.এম.জি.আর। এটা বিদ্যুতের মূল্য নয় কিন্তু, ওটাও ইউনিটপিছু বিদ্যুতের যে মূল্য তাও নয়। কাজেই তাদেরকে ছেড়ে দেওয়া হয়েছে বা রেহাই দেওয়া হয়েছে তেমন কিন্তু ঘটনা নয়। হ্যাঁ, টাকাটা হয়তো যেভাবে প্রতি মাসে তোলার ক্ষেত্রে এটা সম্ভব হয়নি। এবং অনেকগুলি গভর্নমেন্টের ক্ষেত্রে এই ধরনের টাকা ১ বছরে হয়ত তুলে দেওয়া হয়। কখনো কখনো হয়ত অ্যাডজাস্টমেন্ট করা হয়—বছর শেষে সেই অ্যাডজাস্টমেন্ট করে দেওয়া হয়। আবার কখনো কখনো হয়ত ১-২ বছর পেরিয়ে যায়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : আমার প্রশ্ন আপনি বুঝতে পারছেন না। ৩ বছর ধরে বাকি রইল, সরকারি প্রতিষ্ঠানই হোক, বেসরকারি প্রতিষ্ঠানই হোক—ডবলিউ.বি.এস.ই.বি-র একটা নিয়ম আছে, যে ট্যারিফ আপনি করেছেন কমার্শিয়াল বা নন-কমার্শিয়াল তার এতদিনের ভিতরে আপনি না পান, তাহলে আপনি কি কি ব্যবস্থা নেবেন ? ৩ বছর ধরে ব্যবস্থা নিলেন না—এটা এক নম্বর ফল্ট হল দ্বিতীয় ফল্ট হল তারা আবার সাবলেট করল অন্য কমার্শিয়াল প্রতিষ্ঠানকে। এরা বিদ্যুৎ ব্যবহার করতে দিল। তাহলে ক্রীড়াঙ্গনের বিদ্যুৎ কমার্শিয়াল আছে। তারাই আবার ব্যবসায়িক প্রতিষ্ঠানকে সাবলেট করল। সেটাকে রিয়ালাইজ করার কি ব্যবস্থা নিয়েছেন ? টোটাল প্রায় ৪ কোটি টাকা বাকি রইল। ৩ কোটি টাকা এবং তার ইন্টারেস্ট ধরেছেন। কত টাকা পেনাল্টি ধরেছেন ? টোটাল ৩.৭০ প্লাস পেনাল্টি। টোটাল অর্থমূল্য কত ? আপনি কত দিনের ভিতরে টোটালটা আদায় করবেন ? এবং আদায় যারা করল না তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : অনেকগুলো প্রশ্ন হল, অনেকগুলো প্রশ্নের জবাব দিয়েছি। আমার কথা হচ্ছে রেস্টুরেন্টকে যে দেওয়া হয়েছিল সেই সম্পর্কে যা যা ব্যবস্থা নেওয়ার পেনাল্টি করার করা হয়েছে, কিন্তু এগ্‌জাক্টলি ফিগারটা এক্ষুনি দিতে পারব না। কিন্তু পেনাল্টি তাদের নেওয়া হয়েছে। অ্যাজ পার ল। যা যা পেনাল্টি নেওয়ার নেওয়া হয়েছে। কারণ কোর্ট কেস হয়েছিল। আপনারা জানেন এবং কোর্টের রায় অনুযায়ী যা যা করার করা হয়েছে এবং সেই ধরনের পেনাল্টি তাদের কাছ থেকে নেওয়া হয়েছে। আমি এগ্‌জাক্টলি এক্ষুনি বলতে পারব না। আপনি নোটিশ দেবেন পরে বলতে পারব।

[11.40—11.50 a.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : যাঁদের জন্য এত দিন টাকা পড়ে রইল, যাঁরা মান্থ টু মান্থ টাকা রিয়েলাইজ করলেন না, এস.ই.বি-র সেইসব দায়িত্বজ্ঞানহীন কর্মচারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : এই ধরনের অর্গানাইজেশনে যে ধরনের ব্যবস্থা নেওয়া হয় তাই নেওয়া হয়েছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : আমি জানতে চাইছি কি কি ব্যবস্থা নিয়েছেন তা স্পেসিফিকভাবে বলুন।

**শ্রী মৃণাল ব্যানার্জী** : যা নেওয়ার তাই নেওয়া হয়েছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : আমি জানতে চাইছিলাম অন রেকর্ড কি ব্যবস্থা নেওয়া হয়েছে ? স্যার, মন্ত্রী বললেন, যা নেওয়ার তাই নেওয়া হয়েছে। এটা কি ধরনের উত্তর হল ? আই সিক ইয়োর প্রোটেকশন। আমি জানতে চাইছি তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা উনি ডিটেলে বলুন। টোটাল অ্যামাউন্ট অব পেনাল্টি জানার জন্য উনি বলছেন আলাদা প্রশ্ন করতে হবে। স্যার, আই সিক ইয়োর প্রোটেকশন।

**মিঃ স্পীকার** : মিঃ ব্যানার্জী, উনি জানতে চাইছেন আপনার ডিপার্টমেন্ট কি কি কনক্রিট স্টেপস্ নিয়েছেন ; আইন অনুযায়ী কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে—সেটা যদি আপনার কাছে থাকে তাহলে আপনি তা বলুন।

**শ্রী মৃণাল ব্যানার্জী** : এই কাজের সঙ্গে যারা যুক্ত তাদের জবাবদিহি করা হয়েছে। কিন্তু এটা কোনো একটা বিচ্ছিন্ন ঘটনা নয় যে তা সবাই জানেন এবং উত্তরে আমি তা বলেছি যে, এই ধরনের কিছু কিছু ঘটনা দীর্ঘদিন ধরে চলছিল, সেটা এখন একটা টাস্কে আনা হয়েছে। তবে এ ক্ষেত্রে ছাঁটাই করার মতো কোনো পানিসমেন্ট দেয়া হয়নি বা সে জাতীয় কোনো অ্যাকশন নেওয়া হয়নি। একটা টাস্কে এনে এস.ই.বি তার পুরোনো বকেয়া পাওনা তুলে আনার কাজ করছে। মাননীয় সদস্যরা জেনে খুশি হবেন যে, ৩ বছর আগে এস.ই.বি-র রেভেনিউ কালেকশন ছিল ১৬০০/১৭০০ কোটি টাকা। এ বছর হয়ত কালেকশন করবে ৪১শো কোটি টাকা। কাজেই যে এমপ্লয়িদের কারণে ঐ অবস্থা হয়েছিল তাদেরই উদ্যোগে ডবলের ওপর রেভিনিউ কালেকশন হচ্ছে, আমাদের লোকসান কমছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : এটা কি জবাব হচ্ছে ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : হ্যাঁ, এটাই জবাব। কোনো অর্গানাইজেশন শুধুমাত্র ডান্ডা দিয়ে চালানো যায় না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : আমি ছাঁটাই করার কথা বা ডান্ডা মারার কথা বলিনি। এই যে ল্যাপ্স অন দি পার্ট অফ দি অর্গানাইজেশন, এর জন্য অর্গানাইজেশনের যারা দায়ী, যাদের জন্য রেভিনিউ আদায় হল না, ট্যারিফ আদায় মার খেল, ৩ কোটি টাকার লোকসান হল যাদের গাফিলতিতে—অ্যাকুমুলেশনস লস হল টু দি এক্সটেন্ট অফ থ্রি কোরস অব রুপিস—তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হল ? ইউ মাস্ট হ্যাভ টেকেন সাম অ্যাকশনস অর সাম মেজার্স অন দিস পার্টিকুলার ইস্যু। এক্ষেত্রে অবশ্যই কতগুলো লং টার্মস মেজার্স নিতে হবে যাতে কোনো নেগলিজেন্স হলে এই এই ব্যবস্থা নেয়া যেতে পারে। সেই পরিপ্রেক্ষিতেই আমার প্রশ্ন কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে, কি অ্যাকশন নেওয়া হয়েছে ? রিট্রেনচ বা ছাঁটাই করার কথা আমি বলিনি। আমি জানতে চেয়েছি কি অ্যাডমিনিস্ট্রেটিভ মেজার্স নিয়েছেন টু স্টপ দিস কাইন্ড অফ পিপল ইন দিস কানেকশন, সেটাই জানতে চাইছি।

**শ্রী মৃণাল ব্যানার্জী** : বিভিন্ন রকম প্রশাসনিক অ্যাকশন নেয়া হয়েছে। ডান্ডা মারা হয়নি বা ছাঁটাই করা হয়নি। অন্যান্য যেসব পদ্ধতি আছে সেসব পদ্ধতি অনুযায়ী অ্যাকশন নেয়া হয়েছে। তাদের জবাবদিহি করা হয়েছে। তাদের সচেতন করে দিয়ে টাক্কে আনার ব্যবস্থা করা হয়েছে। তবে ছাঁটাই করা হয়নি, সাসপেন্ড করা হয়নি বা ইনক্রিমেন্ট কমিয়ে দেয়া হয়নি। আমরা লক্ষ্য করছি আমরা যে পদ্ধতিতে চলছি তাতে ইমপ্রুভমেন্ট আসছে, অর্গানাইজেশনের শ্রীবৃদ্ধি ঘটছে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : যারা দুর্নীতি করলো তাদের বলার কিছু নেই। ক্রীড়াঙ্গনে বিদ্যুৎ সাবলেট যারা করেছে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করেছেন ? একজনের নামে মিটার, কেউ আর একজনকে বিদ্যুৎ দিতে পারে না—ফর দ্যাট হোয়াট অ্যাকশন ইউ হ্যাভ টেকেন ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : কোর্টের রায় অনুযায়ী যা ব্যবস্থা নেওয়ার তাই নেওয়া হয়েছে।

**শ্রী সৌগত রায়** : মাননীয় মন্ত্রিমহাশয় অনেক দীর্ঘ জবাব দিয়েছেন, অনেক ঘোরালো-পেঁচালো। যুবভারতী ক্রীড়াঙ্গন ডোমেস্টিক কনজিউমার নয়, তারা নিজেদের পারপাসে ইউজ করে না, বিয়ে বাড়ির জন্য ভাড়া দেওয়া হয়। যুবভারতী ক্রীড়াঙ্গনে বড় ফাংশন হয় এ.আর রহমানের, বড় খেলা হয়, প্রত্যেকটি অনুষ্ঠানের জন্য যুবভারতী ক্রীড়াঙ্গন কনসার্ন অথরিটির কাছ থেকে টাকা নেয়। সম্প্রতি স্টাডেল বলে একটা রেস্টুরেন্টকে জায়গা দিয়ে দিয়েছে। যুবভারতী ক্রীড়াঙ্গনের একটা পোরশন হায়াৎ রিজেন্সিকে দিয়েছে। রাজ্য সরকারের সংস্থা প্রত্যক্ষভাবে যুবভারতী ক্রীড়াঙ্গন থেকে টাকা নিচ্ছে এবং আর্ন করছে এবং যাদের ভাড়া দিচ্ছে ফ্লাড লাইটের জন্য আলাদা ইলেকট্রিসিটির জন্য টাকা জমা দিতে হচ্ছে। কিন্তু ডব্লু.বি.এস.ই.বি-কে তারা পেমেন্ট করছে না। এটা হচ্ছে একটা সাইক্লিক ব্যাপার। যুবভারতী ক্রীড়াঙ্গন ডব্লু.বি.এস.ই.বি-কে পেমেন্ট করছে না। আবার ডব্লু.বি.এস.ই.বি এন.টি.পি.সি-র কাছ থেকে যে পাওয়ার নিচ্ছে তার জন্য পেমেন্ট করছে না। ডব্লু.বি.এস.ই.বি যে কয়লা নিচ্ছে তার জন্য পেমেন্ট করছে না, বাকি রয়ে গেছে। এইভাবে ভিসাস সার্কেলের ফলে কয়েক হাজার কোটি টাকা অ্যাকুমুলেটেড লস হয়ে গেছে। ডব্লু.বি.এস.ই.বি-র প্রতি বছর ২০০/৩০০ কোটি টাকা লস হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে আর্থিকভাবে ফিনানসিয়াল স্ট্রাকচার যাতে শক্ত হয় সেই জন্য মাননীয় মন্ত্রিমহাশয় কি ব্যবস্থা নিয়েছেন ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : আমি আগেই এর উত্তর দিয়েছি। তবু আমি বলি, হ্যাঁ, ঘটনা, ডব্লু.বি.এস.ই.বি-র লোকসান দীর্ঘদিন ধরে চলছে, তারা কয়লার দাম দিতে পারত না, এন.টি.পি.সি-র পয়সা দিতে পারত না, এন.টি.পি.সি-র পাওনা দিতে পারত না। তবে শুনে খুশি হবেন, এন.টি.পি.সি-র যে পাওনা তা সঠিকভাবে দেওয়ার কারণে আমরা ইতিমধ্যেই প্রথম খেপে ৪৯ কোটি ৯০ লক্ষ টাকা রিবেট পেয়েছি। কিছুদিন আগে ৭০ কোটি টাকা রিবেট পেয়েছি। দীর্ঘদিন ধরে বোধহয় কয়লার সেসের টাকা ফিনান্স ডিপার্টমেন্ট পেত না। আমি বলতে পারি, আগস্ট মাস থেকে প্রতি মাসে ৪০ থেকে ৫০ কোটি টাকা পি.ডি.সি.এল থেকে ফিনান্স ডিপার্টমেন্টকে দেওয়া হচ্ছে। অর্থাৎ কয়লা বাবদ কোনো পাওনা কোল কোম্পানী আর পি.ডি.সি.এল এবং ডব্লু.বি.এস.ই.বি-র কাছ থেকে পয়সা পায় না। ইলেকট্রিসিটি ডিউটি যেটা

আপনারা দেন সেটা খরচ করে ফেলতে হত এস.ই.বি-কে, কারণ লোকসান ছিল বলে। এখন ইলেকট্রিসিটি ডিউটির টাকা ফিনান্সকে দেওয়া হচ্ছে। হ্যাঁ, লোকসান ছিল, সেইজন্য কয়লার পয়সা দেওয়া হত না। এন.টি.পি.সি নোটিশ দিত লাইন কেটে দেব বলে। আজকের পরিস্থিতি অন্য রকম, তারা অগ্রিম টাকা পেয়ে যাবে এবং তারা সব রকমের রিবেট দিচ্ছে। কয়লার সেসের টাকা গভর্নমেন্ট পাচ্ছে। কোল কোম্পানীর কাছে কোনো ধার নেই। তারা আর এস.ই.বি-র কাছে পয়সা পায় না, এন.টি.পি.সি পয়সা পায় না, ডি ভি সি পয়সা পায় না, পি.ডি.সি.এল পয়সা পায় না। এই পয়সা মেটানো সম্ভব হয়েছে শুধুমাত্র ফিনানসিয়াল ইনস্টিটিউশনের যে ধার তার অনেকটা এই.ই.বি শোধ করতে পেরেছে বলে। কাজেই পরিস্থিতির উন্নতি হয়েছে। এই উন্নতি সার্বিকভাবে এমপ্লয়িদের যুক্ত করে করা সম্ভব হয়েছে। কাজেই ডাণ্ডা দিয়ে না করে যতটুকু শাসন করা দরকার ততটুকুই করা হচ্ছে এবং সবাইকে যুক্ত করেই করা হচ্ছে। সেইজন্য পরিস্থিতির ইম্প্রুভমেন্ট হচ্ছে।

**শ্রী অসিত মিত্র** : কয়েকদিন আগে সংবাদপত্রে দেখলাম এবং বিভিন্ন গণমাধ্যমে দেখেছি, একজন প্রখ্যাত সিটু নেতা এবং প্রাক্তন মন্ত্রী শ্রী শ্যামল চক্রবর্তী, তিনি আপনাদের বিরুদ্ধে অভিযোগ এনেছেন যে, ডোমেস্টিক কনজামশন অথবা আমাদের স্টেটের কনজামশনের জন্য যা প্রয়োজন অর্থাৎ যতটা বিদ্যুৎ দরকার তা না দিয়ে আপনারা ইচ্ছাকৃতভাবে অন্য রাজ্যকে বিদ্যুৎ বিক্রি করছেন।

[11.50—12.00 noon]

তিনি বলেছেন যে, এটা আপনার দপ্তরের কিছু উচ্চপদস্থ আমলা চক্রান্ত করছে যাতে সরকার জনপ্রিয়তা হারায়, বিদ্যুৎমন্ত্রী থেকে শুরু করে অন্যরা যাতে জনপ্রিয়তা হারায় জনগণের কাছে। প্রশ্ন হচ্ছে যে কথাটা উনি বলেছেন সেই কথাটা কি সত্যি, আপনার গ্রাহকদের বিদ্যুৎ পৌঁছে না দেওয়ার বন্দোবস্ত ? তারা বিদ্যুৎ পাচ্ছে না, চাষীরা সেচের জল পাচ্ছে না, ছোট ছোট কারখানা বিদ্যুৎ পাচ্ছে না, এই রকম একটা অবস্থা হচ্ছে, লোড শেডিং হচ্ছে, রাজ্যের চাহিদা না মিটিয়ে অন্য রাজ্যকে বিদ্যুৎ বিক্রি করছেন, এটা চক্রান্ত না বিলাসিতা ?

**শ্রী মৃণাল ব্যানার্জী** : এখানে যে প্রশ্ন ছিল তার সঙ্গে এটা সঙ্গতিপূর্ণ নয়, তবুও আমি উত্তর দিচ্ছি। আমাদের কিছু বিদ্যুৎ বাইরে বিক্রি করতে হয়। এই সুযোগ আজ থেকে দু-আড়াই বছর আগে ছিল না। পাওয়ার ট্রেডিং করপোরেশন জন্ম নেওয়ার পরে এই সুযোগটা আসে। আমাদের রাজ্যে বিদ্যুৎ ১৮ ঘণ্টা সারপ্লাস। কিন্তু পিক আওয়ার্সে আমাদের শর্টেজ আছে। তখন আমাদের বাইরে থেকে বিদ্যুৎ আনতে হয়। আমাদের হাইড্রেলে সেই সুযোগটা নেই। পিক আওয়ার্সে আমাদের নিতে হয়, কিন্তু অফ পিকে আমাদের সারপ্লাস থাকে। অফ পিকে যখন সারপ্লাস থাকে তখন আমরা যদি বাইরে বিদ্যুৎ বিক্রি না করি তাহলে জেনারেশনটা আমাদের কমিয়ে আনতে হয়। জেনারেশন কমিয়ে আনা মানে তেল পুড়িয়ে মেশিনটা জ্বালিয়ে রাখতে হয়, কয়লায় চলে না। এই যে পি.এল.এফ খারাপ—পি.এল.এফ খারাপ বলা হয়, এই পি.এল.এফ খারাপ এমপ্লয়িরা কাজ করে না তা নয়, ফোর্সড কনডিশান আইডিল রাখতে

হয়। জেনারেশন পিক আওয়ার্সে ৮০ পারসেন্ট থাকে, অফ পিকে ৪০ থেকে ৪৫ পারসেন্টে নামিয়ে আনতে হয়, অ্যাভারেজ ৫০ পারসেন্টে নামিয়ে আনতে হয়। ফলে বিদ্যুতের দাম চড়ে যায়। তেলের দাম গ্রাহকদের দিতে হয় অফ পিকে আমরা যদি বিদ্যুৎ বাইরে দিতে পারি তাহলে আমাদের পি.এল.এফ বাড়াতে পারি, তাতে বিদ্যুতের দাম সস্তা হবে, গ্রাহকদের সস্তায় দিতে পারা যাবে। কাজেই এই বিক্রিটা করা হচ্ছে। এই ব্যাপারে একটা কমিউনিকেশন গ্যাপ থাকতে পারে। আপনি যে কথাটা বললেন তার সঙ্গে এই বিদ্যুৎ বিক্রির ব্যাপারটা ঠিকই একটা কমিউনিকেশন গ্যাপ থাকতে পারে। আশা করি উত্তরে পরিষ্কার হলেন। আমরা বিদ্যুৎ বিক্রি করেছি এবং এখনও করছি। আমাদের পিক আওয়ার্সে কিছু বিদ্যুৎ দিতে হয় অফ পিকে বিদ্যুৎ বিক্রি করতে গেলে। তা না হলে তারা নেবে না। পিকে কিছু না দিলে অফ পিকে বিদ্যুৎ নেবে না এই হচ্ছে কনডিশান। এই যে দেওয়ার ব্যাপারটা শ্যামলবাবু বলেছেন, এখানে একটা কমিউনিকেশন গ্যাপ থাকতে পারে। আশা করি আমি পরিষ্কার করতে পারলাম।

**শ্রী অসিত মিত্র** : তাহলে এটা চক্রান্ত নয় ? তাহলে এটা তো বিদ্যুৎ দপ্তরের চক্রান্ত নয় তো ? এই উত্তরটা আমি সুনির্দিষ্টভাবে জানতে চাইছি। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে উত্তর চাই এটা বিদ্যুৎ দপ্তরের কোনো কর্তৃপক্ষের চক্রান্ত নয় তো ? দয়া করে এটা বলুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা জাসটিফায়েড কোশ্চেন করছি। মন্ত্রী মহাশয় যেভাবে ক্লিয়ার ব্যাখ্যা দিয়েছেন তাতে এটা চক্রান্ত নয় তো ?

**মিঃ স্পীকার** : কোনটা জাসটিফায়েড, ওয়াটিজ আনজাসটিফায়েড এটা উনি কি করে বলবেন ? এই প্রশ্ন হয় না।

**শ্রী জ্যোতির্ময় কর** : যুবভারতী ক্রীড়াঙ্গনে ডোমেস্টিক এবং কমার্সিয়াল কানেকশন একাধিক আছে কিনা ; এবং যার ডোমেস্টিক কানেকশন আছে, সে দুদিন ঘর বন্ধ করে যদি কোথাও চলে যায়, সেটা কমার্সিয়াল হয়ে গেছে, এই রকম কোনো অভিযোগ আপনি পেয়েছেন কিনা ? কোনো বিধায়কস্তরে আপনি এই রকম পেয়েছেন কিনা, যদি পেয়ে থাকেন তাহলে কি ব্যবস্থা নিয়েছেন ?

**মিঃ স্পীকার** : নট অ্যালাউড।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : আপনি এতক্ষণ আপনার বক্তব্যের মধ্যে বললেন অফ পিকে বিদ্যুতের যে সারপ্লাস থাকে, সেই সময়ে বিদ্যুৎ বিক্রি করছেন। এতে কোনো আপত্তি নেই। আপনি কন্ডিশন আরোপ করেছেন যাদের কাছে বিদ্যুৎ বিক্রি করছেন, তাদের অফ পিকে বিদ্যুৎ নিতে হবে। আমাদের রাজ্যে বিদ্যুৎ যেটা বিক্রি হচ্ছে তার কারণটা কিন্তু অন্য। কারণটা হচ্ছে ২০ পার্সেন্টের বেশি কানেকশন আপনি দিতে পারেননি, রাজ্যে মোট যে পপুলেশন আছে তাদের মধ্যে। অন্যান্য রাজ্য যেখানে ৮০-৯০ পার্সেন্ট হাউসহোল্ড কানেকশন দিতে পেরেছে, সেখানে আপনি দীর্ঘ ২৭ বছর পরেও ২০ পার্সেন্টের বেশি দিতে পারেননি। আমি আপনাদের কাছে ক্যাটাগোরিক্যালি জানতে চাইছি, কোনো হাউসহোল্ড কনজিউমার যদি দু-তিন মাসের বেশি ডিফলটার হয়, সেক্ষেত্রে আপনি কি ব্যবস্থা নেন ?

**শ্রী মৃণাল ব্যানার্জী :** মূল প্রশ্নের সঙ্গে এটি যুক্ত নয়। তবে আপনি যে স্ট্যাটিসটিক্স দিলেন, সেটি সঠিক নয়। যাই হোক, এর সঙ্গে রিলেটেড নয় বলে আমি এর উত্তর দিতে যাব না। আর দু-মাসের মধ্যে কানেকশন দিতে না পারলে কি হবে বলে যে প্রশ্ন করলেন, সেটা রেগুলেটরি কমিশন ঠিক করছেন। তাঁরা আইন করছেন। তাঁরা আমাদের কনজিউমার্স সার্ভিসের ক্ষেত্রে যেটা বলে দেবেন, তাঁরা যেটা তৈরি করছেন, সেইমতো হবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** কত মাস ডিফলটার হলে লাইন কাটছেন ? আমি বলছি, এখন যারা বিদ্যুতের গ্রাহক তারা যদি ডিফলটার হয়, কত মাস ডিফলটার হলে লাইনটা কাটছেন ?

**শ্রী মৃণাল ব্যানার্জী :** এর উত্তর দেওয়ার কিছু নেই—আপনারা ভাল করেই জানেন। এর সঙ্গে প্রশ্নটা রিলেটেড নয়।

## বর্ধমান জেলায় নীলেরচকে সেতু নির্মাণ

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৯) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> বর্ধমান জেলার কুসুমগ্রাম-সমসপুর সড়কে নীলেরচক জলপথের উপর সেতু নির্মাণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

**শ্রী অমর চৌধুরী :**

> নীলের চক জলপথের উপর সেতু নির্মাণের বিষয়টি পূর্ত (সড়ক) বিভাগের বিবেচনাধীন আছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় মন্ত্রী মহোদয়, উক্ত সড়কটি মোট ১২ কিমি. দীর্ঘ। ১৯৮০ সালে এটির ১০ কিমি. নির্মিত হয়েছে। তারপর দীর্ঘ ২২-২৪ বছরে বাকি দু কিমি রাস্তা নির্মিত হচ্ছে না। এই পথের বাধা হচ্ছে নীলের চক খালের ওপরে সেতু নির্মাণ। এটি যাতে নির্মিত হয় তার জন্য জরুরি ভিত্তিতে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন ?

**শ্রী অমর চৌধুরী :** বর্ধমানের কুসুমগ্রাম-সমসপুরে প্রথম পর্যায়ের কাজ অনেক আগেই শেষ হয়ে গেছে। দ্বিতীয় পর্যায়ে নীলের চক, খাড়ি নদীতে দুটি সেতু নির্মাণের কাজ এখনও গ্রহণ করা সম্ভব হয়নি। দ্বিতীয় পর্যায়ের কাজে এখনও জেলা পরিকল্পনা কমিটির বা প্রশাসনের অনুমোদন হয়নি। আমার কাছে যে খবর আছে, নির্বাহী বাস্তুকার নীলের চক খালের ওপর সেতু নির্মাণের ব্যাপারে জানিয়েছেন, বর্ধমানে জেলা পরিষদ সাংসদের দেয় অর্থ থেকে এটি করার পরিকল্পনা গ্রহণ করেছেন।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** আপনার বিভাগীয় রাস্তা জেলা পরিষদ করছে। আপনার কাছে অতিরিক্ত প্রশ্ন, কোনো টাকা তারা বরাদ্দ করেছে কিনা এবং কাজের অগ্রগতি কিরূপ ?

**শ্রী অমর চৌধুরী** : সবাইকে আমরা যেটা বলেছি সেটা হল জেলা পরিষদ সাংসদদের টাকা তোলবার চেষ্টা করেছি। কিন্তু এখন এটা কি পর্যায়ে আছে জেলা পরিষদে আমি সেটা বলতে পারব না।

## Starred Questions
## ( to which answers were laid on the table )

### প্রতিবন্ধী বিদ্যালয়গুলিকে সরকারী সাহায্য

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০০) **শ্রী শুভেন্দু চৌধুরী** : জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত আর্থিক বছরে 'গ্রান্ট ইনএইড' প্রাপ্ত প্রতিবন্ধী বিদ্যালয়গুলি সরকারী সাহায্য থেকে বঞ্চিত হয়েছে ;

(খ) সত্যি হলে, বঞ্চিত হওয়ার কারণ কী এবং

(গ) উক্ত বিদ্যালয়গুলি বর্তমান আর্থিক বছরে আর্থিক সহায়তা পাবে কি না ?

**জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) সুতরাং এই প্রশ্ন ওঠে না।

(গ) উক্ত বিদ্যালয়গুলি বিগত বছরের মতো এ বছরও (২০০৩-০৪) উল্লিখিত সমস্ত প্রকার সরকারী সাহায্য পাচ্ছে। ৩৯টি পোষিত বিদ্যালয়ের মধ্যে ১৮টি প্রতিষ্ঠান ইতিমধ্যেই এ বছরের প্রাপ্য টাকা পুরোপুরি পেয়ে গেছে এবং অবশিষ্ট প্রতিষ্ঠানগুলির আংশিক প্রাপ্য বাকি আছে। চলতি আর্থিক বছরের মধ্যেই তাদের প্রাপ্য মঞ্জুরি দিয়ে দেওয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে।

### এ.পি.এল. ও বি.পি.এল. কার্ডে খাদ্যদ্রব্য সরবরাহের পরিমাণ

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রী কমল মুখার্জী** : খাদ্য ও সরবরাহ বিভাগেরভ ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ.পি.এল. ও বি.পি.এল. কার্ডধারীরা রেশনে কী পরিমাণ খাদ্যদ্রব্য পেয়ে থাকেন এবং

(খ) উক্ত কার্ডধারীরা রেশনে খাদ্যদ্রব্যগুলির সরবরাহ নিয়মিত পান কি ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) রাজ্যের রেশনকার্ডধারীরা ইউনিট প্রতি প্রতি সপ্তাহে নিম্নলিখিত হারে খাদ্যদ্রব্য পেয়ে থাকেন :

**এ.পি.এল.**

প্রাপ্তবয়স্ক : চাল—২৫০ গ্রাম

গম—১৫০০ গ্রাম

অপ্রাপ্ত বয়স্করা এর অর্ধেক পরিমাণ খাদ্যদ্রব্য পেয়ে থাকে।

**বি.পি.এল.**

প্রাপ্তবয়স্ক : চাল—৮৭৫ গ্রাম

গম—৮৭৫ গ্রাম

অপ্রাপ্তবয়স্করা এর অর্ধেক পরিমাণ খাদ্যদ্রব্য পেয়ে থাকে।

(খ) হ্যাঁ।

## রাজ্যে বিদ্যুতায়নের খরচ বৃদ্ধি

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৭) **শ্রী ধনঞ্জয় মোদক :** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের এম.পি. এল.এ.ডি. ও বি.ই.ইউ.পি-র টাকায় বিদ্যুতায়নের ক্ষেত্রে অস্বাভাবিক বিলম্ব হওয়ায় বিদ্যুতায়নের খরচ বৃদ্ধি পাচ্ছে এবং ;

(খ) সত্যি হলে, সরকার এই সমস্যার নিরসনে কী পদক্ষেপ গ্রহণ করেছেন ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) MPLAD ও BEUP-এর টাকায় বিদ্যুতায়নের কাজ অনেক জায়গায় সময়মতো হচ্ছে। তবে কোথাও কোথাও দেরী হচ্ছে এবং তার ফলে বিদ্যুতায়নের খরচ বাড়ছে।

(খ) পদক্ষেপগুলি হল :

(১) সাংসদ বা বিধায়কের উপস্থিতিতে গ্রাহকদের থেকে কোটেশান সংগ্রহের জন্য ক্যাম্প সংগঠিত করা হচ্ছে এবং স্থানীয়ভাবে কোটেশান গ্রহণের ব্যবস্থা নেওয়া হচ্ছে,

(২) ঠিকমতো সময়ে সঠিক মাল সরবরাহের ব্যবস্থা নেওয়া হচ্ছে, এবং

(৩) বি.পি.এল. গ্রাহকদের জন্য প্রদেয় টাকার সংস্থান করে চিহ্নিত গ্রাহকদের তাহা বিতরণ করার ব্যবস্থা হচ্ছে।

## নির্মীয়মাণ সেতুর সংখ্যা

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩) **শ্রী শঙ্কর সিংহ এবং শ্রী আবদুল মান্নান** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে পূর্ত বিভাগ কর্তৃক নির্মীয়মাণ সেতুর সংখ্যা কত ;

(খ) সেতুগুলি নির্মাণের ক্ষেত্রে নির্দিষ্ট কোনো সময়সীমা আছে কি এবং

(গ) পূর্ব মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমার পিছাবনীতে সেতু নির্মাণের কাজ কবে শুরু হয়েছে ও কবে নাগাদ তা শেষ হবে বলে আশা করা যায় ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) (১) মহানন্দা ৩য় সেতু—শিলিগুড়ি

(২) পিছাবনী সেতু—মেদিনীপুর

(৩) জোকা সেতু—দক্ষিণ ২৪-পরগনা

(৪) বেহুলা সেতু—বর্ধমান

(৫) বি.এন.আর. সেতু—আসানসোল

(৬) গদাধর সেতু—কোচবিহার

(৭) করোতোয়া সেতু—জলপাইগুড়ি।

(খ) হ্যাঁ,

(১) মহানন্দা ৩য় সেতু কাজ শুরু হয়েছে : ১৫.৫.৯৭

সময়সীমা ছিল ৩০ মাস।

**শেষ পর্বের কাজ :**

শুরু হয়েছে ১৬.৫.২০০৩, শেষ হবে জুন ২০০৪।

(২) জোকা সেতু—জেলা পরিষদের টাকায় পূর্ত বিভাগের তত্ত্বাবধানে এই সেতুর কাজ শুরু হয়েছে ডিসেম্বর '০১ থেকে। বর্তমানে কাজ চলছে। জেলা পরিষদ নিয়মিত অর্থের সংস্থান করলে শীঘ্রই শেষ হবে আশা করা যায়।

(৩) বেহুলা সেতু শেষ হয়েছে ২০০২-এ।

(৪) বি.এন.আর. সেতু—প্রথম অ্যাপ্রোচ শেষ হবে জুন, '০৪।

(৫) গদাধর সেতু—জুলাই, ২০০০ শুরু, শেষ হবে মে, '০৪।

(৬) করোতোয়া সেতু : শেষ হবে এপ্রিল, '০৪।

(গ) শুরু হয়েছে ডিসেম্বর '৯৪, শেষ হবে মে ২০০৪-এ।

## কর্মবিনিয়োগ কেন্দ্র কম্পিউটার স্থাপন ও তার রক্ষণাবেক্ষণ

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৬) **শ্রী তাপস চট্টোপাধ্যায় :** কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সমস্ত কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার মেশিন বসানো হয়েছে ;

(খ) সত্যি হলে, সমস্ত কম্পিউটারের জন্য কি এ.এম.পি করানো হয়েছে এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর না হলে কারণ কী ও কবে নাগাদ ওই কাজ শেষ হবে বলে আশা করা যায় ?

**কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) পশ্চিমবঙ্গের মোট ৭১টি কর্মবিনিয়োগ কেন্দ্রের মধ্যে ৪১টি কর্মবিনিয়োগ কেন্দ্র কম্পিউটার প্রকল্পের অধীনে আনা হয়েছে।

(খ) ১৯৯৯-২০০০ সাল থেকে ২০০১-২০০২ সাল পর্যন্ত সমস্ত কম্পিউটার কেন্দ্রের জন্য এ.এম.সি. করানো হয়েছিল। এরপর আর কোনো এ.এম.সি. করানো হয়নি।

(গ) ২০০২-২০০৩ সাল থেকে যে সমস্ত কর্মবিনিয়োগ কেন্দ্রে কম্পিউটার থেকে সরাসরি নথিভুক্তকরণ ও নবীকরণ করা হচ্ছিল, সেগুলি চালু রাখার জন্য এ.এম.সি-র প্রস্তাব অর্থ দপ্তরে পাঠানো হয়েছিল।

অর্থ দপ্তর এ.এম.সি. প্রথার পরিবর্তে 'কল-টু-কল' প্রথা চালু করার পরামর্শ দিয়েছে।

## দক্ষিণ ২৪-পরগনা জেলায় বিদ্যুৎবিহীন মৌজা

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮) **শ্রীমতী সোনালী গুহ :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১.১.২০০৪ তারিখে দক্ষিণ ২৪-পরগনা জেলায় বিদ্যুৎবিহীন মৌজার সংখ্যা কত ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

১৪০টি।

## অন্নদাশংকরের মূর্তি স্থাপন

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৯) **শ্রী ব্রহ্মময় নন্দ :** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

প্রয়াত সাহিত্যিক অন্নদাশংকর রায়ের জন্ম শতবার্ষিকীতে তাঁর পূর্ণাবয়ব মূর্তি নির্মাণের কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

এখন পর্যন্ত এরকম কোনো প্রস্তাব গৃহীত হয়নি।

## এল.পি.জি. গ্রাহকদের কেরাসিন না দেবার নির্দেশ

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা শহর ও শহরতলী অঞ্চলের এল.পি.জি গ্রাহকদের কন্ট্রোল দরে কেরোসিন তেল না দেবার কোনো নির্দেশ বা প্রস্তাব কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে রাজ্য সরকারের কাছে পাঠানো হয়েছে কি এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে

(১) সরকার এই ব্যাপারে কী পরিকল্পনা গ্রহণ করেছেন, এবং

(২) কবে নাগাদ তা রূপায়িত হবে বলে আশা করা যায় ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) এই ব্যাপারে বিভিন্ন তেল কোম্পানীর প্রতিনিধিদের সাথে আলোচনা হয়েছে। সংভাগ অধিকর্তা রেশন কার্ড স্ট্যাম্পিং করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছেন।

(গ) এখনই বলা সম্ভব হচ্ছে না।

## রাজ্য সড়ককে জাতীয় সড়কে রূপান্তরকরণ

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৮) **শ্রী তপন হোড়** : পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কিছু গুরুত্বপূর্ণ রাজ্য সড়ককে 'জাতীয় সড়কে' রূপান্তরিত করতে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠিয়েছেন ;

(খ) সত্যি হলে, উক্ত প্রস্তাবের রূপরেখাটি কীরূপ এবং

(গ) রাজ্যে বর্তমানে কত কিলোমিটার রাস্তা জাতীয় সড়ক এবং রাজ্য সড়কের আওতায় আছে ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, ছয়টি (৬) রাজ্য সড়ককে জাতীয় সড়কে রূপান্তরিত করার প্রস্তাব কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হয়েছিল এবং অতি সম্প্রতি ৩টি প্রস্তাবকে কেন্দ্রীয় সরকার অনুমোদন দিয়েছেন।

(খ) **অনুমোদিত তিনটি জাতীয় সড়ক হল :**

১। রানীগঞ্জ (এন.এইচ. ২) পাণ্ডবেশ্বর-দুবরাজপুর-সিউড়ি-মোড়গ্রাম (এন.এইচ-৩৪)—১৪১ কি.মি. জাতীয় সড়ক—৬০

২। বাঁকুড়া (এন.এইচ.-৬০)—পুরুলিয়া (এন.এইচ.-৩২)—১০০ কিমি. জাতীয় সড়ক—৬০-ক

৩। কোনা এক্সপ্রেসওয়ে—বিদ্যাসাগর সেতু-কলকাতা-ডায়মন্ডহারবার-কুলপি-নামখানা-বকখালি। ১৩৩ কি.মি. জাতীয় সড়ক-১১৭

অননুমোদিত তিনটি প্রস্তাব হল :

১। রাধামণি-পাঁশকুড়া-বর্ধমান-কুলি-মোড়গ্রাম।

২। গাজোল-বুনিয়াদপুর-হিলি।

৩। নন্দকুমার-দীঘা-চন্দনেশ্বর।

(গ) জাতীয় সড়কের পরিমাণ : ১৯৯০.৮২৮ কিমি (নতুন তিনটি বাদে)

| | | |
|---|---|---|
| এম.ও.আর.টি.এইচ | : | ১১৫৪.৭৩৯ কিমি. |
| এন.এইচ.এ.আই | : | ৭৮১.৬৪২ কিমি. |
| বি.আর.ও | : | ৫৪.৪৪৭ কিমি. |
| রাজ্য সড়কের পরিমাণ (স্টেট হাইওয়ে) | : | ৩৫৩৩ কিমি. |

## Private Investment in Rural Electrification

*66 (Admitted Question No. *308) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state–

(a) Whether Government has decided to allow Private Investment in Rural Electrification and

(b) if so, an outline of the proposal and success expected to be achieved by the Government in this regard ?

**Minister-in-charge of the Power Department :**

(a) Yes, in some specific areas.

(b) The State Govt. so far has allowed W.B.R.E.D.A. to explore the possibility of private participation in small hydel project and other projects using non-conventional sources. Accordingly W.B.R.E.D.A. has offered a number of sites to be taken up by private investors.

## বিষ্ণুপুর-তারকেশ্বর রেল প্রকল্পে জমি অধিগ্রহণ

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৩) **শ্রী কাশীনাথ মিশ্র** : ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া ও হুগলি জেলায় বিষ্ণুপুর-তারকেশ্বর রেল প্রকল্পটির জন্য কত পরিমাণ জমি অধিগ্রহণ করা হয়েছে এবং

(খ) উক্ত রেল প্রকল্পটির জন্য অধিগ্রহণের জন্য ২০০২-২০০৩ ও ২০০৩-২০০৪ (৩১.১২.০৩ পর্যন্ত) আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে কত টাকা দিয়েছেন।

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বাঁকুড়া জেলার অংশে কোনো জমি অধিগ্রহণ করা হয়নি। হুগলি জেলার অংশে ৪১.৫৩ একর জমি অধিগ্রহণ করা হয়েছে।

(খ) বাঁকুড়া জেলার অংশে কেন্দ্রীয় সরকার কোনো অর্থ প্রদান করেননি।

হুগলী জেলার অংশে রেল দপ্তর ২০০২-০৩ আর্থিক বছরে ১৯ কোটি ৯ লক্ষ ৯৩ হাজার ১১৬ টাকা দিয়েছেন ; ২০০৩-০৪ আর্থিক বছরে কোনো অর্থ দেওয়া হয়নি।

## রাজ্যে উড়ালপুল নির্মাণের পরিকল্পনা

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৩) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী** : পূর্ত ও সড়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৩-২০০৪ আর্থিক বছরে রাজ্যে মোট কতগুলি উড়ালপুল নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে ;

(খ) তন্মধ্যে, কতগুলি কলকাতায় নির্মাণ করা হবে এবং

(গ) এজন্য মোট কত টাকা (আনুমানিক) খরচ হবে ?

**পূর্ত ও সড়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ২০০৩-২০০৪ আর্থিক বছরে রাজ্যে পূর্ত বিভাগের অধীনে একটিমাত্র উড়ালপুল নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) উপরিউক্ত উড়ালপুলটি কলকাতার তারাতলায় নির্মাণ করা হচ্ছে।

(গ) এর জন্য আনুমানিক ৪০ কোটি টাকা খরচ করা হবে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received six notices of Adjournment Motion. The first one is from Shri Asit Mitra on the subject of hail storm in Birbhum on Wednesday last. The Second one is from Shri Kashinath Mishra, Shri Jyoti Priya Mallik, Shri Kollol Khan, Shri Ajit Bhunia, Shri Pundarikakshya Saha and Dr. Ratna Dey (Nag), on the subject of alleged failure of the Government to utilise the fund received from NABARD for sinking of deep-tubewells. The third one is from Shri Manturam Pakhira, on the subject of reported suicide by one Susmita Biswas a candidate of Madhyamik Pariksha on 11.3.2004 at Kakdwip, South 24-Parganas. The fourth one is from Shri Asoke Deb and fifth one is from Shri Gobinda Chandra Naskar both on the subject of reported death of four children at B.C. Roy Children Hospital, Kolkata on 11.3.2004. The sixth one is from Shri Saugata Roy on the subject of spurt in traffic accident in the city of Kolkata and its suburbs.

The subject matters of the motions relate to day to day administration of the Government and are not such that may call for the Adjournment of the business of the House. The members may call attention of the Ministers concerned through questions, calling attention, mention etc.

I therefore, withhold my consent to all the Motions.

One member of the party, may, however, read the text of the Motion as amended.

[12.00 noon–12.10 p.m.]

**শ্রী অসিত মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবি রাখছেন। বিষয়টি হল—বোরো চাষ এবং রবি চাষ জলের অভাবে যখন নষ্ট হতে বসেছে, ঠিক তখনই যে সব জমিতে চাষ হয়েছে বুধবার দুপুরে ঘন্টাখানেকের শিলাবৃষ্টির

পর ঝড় ছিনিয়ে নিল বর্ধমান-বীরভূম সীমানার গ্রাম ভেদিয়ার কয়েকশো গবাদি পশুর প্রাণ। আহত হয়েছে অনেক। অবিলম্বে সরকারী সাহায্যের দাবি করছি।

**শ্রী অশোক কুমার দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বি.সি. রায় হাসপাতালে একদিনে চার শিশুর মৃত্যু হয়। চিকিৎসার গাফিলতির জন্য এই মৃত্যু হয়েছে বলে মৃত শিশুদের আত্মীয়রা অভিযোগ করেন। শিশুদের মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে এলাকায় প্রচণ্ড উত্তেজনা দেখা দেয়। পরিস্থিতি সামলাতে পুলিশ ডাকতে হয়। প্রায়ই এই ধরনের ঘটনা ঘটেছে। হাসপাতালে চিকিৎসা হচ্ছে না প্রায়ই এই রকম অভিযোগ আসছে রোগীদের কাছ থেকে। ডাক্তার, নার্সরা অনেক সময় রোগীদের সাথে ভাল ব্যবহার করেন না বলে অভিযোগ আসছে। সরকারের এই ব্যাপারে আরও দৃঢ় পদক্ষেপ নেওয়া দরকার। দোষীদের শাস্তি দেওয়া হোক।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :

| | Subject | | Name |
|---|---|---|---|
| (i) | Reported ransacking by elephants at Jhalda, Purulia causing serious damages | : | Shri Asit Mitra |
| (ii) | Alleged deterioration of work culture at Health Department after shifting from Writers' Buildings to Salt Lake | : | Shri Kashinath Mishra, Shri Jyoti Priya Mallick, Shri Kallol Khan, Shri Manturam Pakhira, Shri Pundarikakshya Saha, Shri Ajit Bhunia & Dr. Ratna De (Nag) |
| (iii) | Closure of Caladonian Jute Mill and consequential situation arisen therefrom | : | Shri Ashok Kumar Deb |
| (iv) | Reported suicide by one Susmita Biswas a candidate of Madhyamik Pariksha at Kakdwip, South 24-Parganas | : | Shri Gobinda Chandra Naskar |

I have selected the notice of Shri Ashok Kumar Deb on the subject of "closure of Caladonian Jute Mill and consequential situation arisen therefrom".

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, the statement will be made on 16th March, 2004.

## PRESENTATION OF COMMITTEE REPORTS

### Presentation of the Fourth Report of the Committee on Petitions (2003-2004)

**Shri Binoy Datta** : Sir, I beg to present the Fourth Report of the Committee on Petitions (2003-2004) on the right of "Ryotees" on fisheries land.

### Presentation of the Seventh Report of the Standing Committee on Power & Non-conventional Energy Sources, Science & Technology and Information-Technology (2003-2004)

**Shri Abu Ayesh Mondal** : Sir, I beg to present the Seventh Report of the Standing Committee on Power & Non-conventional Energy Sources, Science & Technology and Information-Technology (2003-2004).

## LAYING OF RULES

### The West Bengal Electricity Regulatory Commission (Appointment of Chairperson and Members, Budget and Annual Report) Rules 2003.

**Shri Mrinal Banerjee** : Sir, I beg to lay the West Bengal Electricity Regulatory Commission (Appointment of Chairperson and Members, Budget and Annual Report) Rules, 2003 published in the Kolkata Gazette, Extraordinary dated the 30th December, 2003 under Notification No. 337-Power/III dated the 29th December, 2003.

### The West Bengal Electricity (Manners of Service of Order of Provisional Assessment and Appellate Authority) Rules, 2003

**Shri Mrinal Banerjee** : Sir, I beg to lay the West Bengal Electricity (Manner of Service of Order of Provisional Assessment and Appellate Authority) Rules, 2003 published in the Kolkata Gazette, Extraordinary Dated 30th December, 2003 under Notification No. 344-Power/III dated 29th December, 2003.

### The West Bengal Electricity (Intimation of Accident) Rules, 2003

**Shri Mrinal Banerjee** : Sir, I beg to lay the West Bengal Electricity (Intimation of Accident) Rules, 2003 published in the Kolkata Gazette

Extraordinary dated the 30th December, 2003 under Notification No. 342-Power/III, dated the 29th December, 2003.

## LAYING OF REPORTS

### Annual Reports of West Bengal Rural Energy Development Corporation Limited for the Year 1998-1999 & 1999-2000

**Shri Mrinal Banerjee :** Sir, I beg to lay the Annual Reports of West Bengal Rural Energy Development Corporation Limited for the year 1998-1999 & 1999-2000.

### Seventh Annual Report and Accounts of West Bengal Transport Infrastructure Development Corporation Limited for the year 2002-2003

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the Seventh Annual Report and Accounts of West Bengal Transport Infrastructure Development Corporation Limited for the year 2002-2003.

**Mr. Speaker :** The House will be adjourned at 12.15 p.m. I will take some mention and Zero Hours–as many as I can and not all of them.

## MENTION CASES

**শ্রী পদ্মনিধি ধর :** মিঃ স্পীকার স্যার, আমরা গত ৩রা ফেব্রুয়ারী তৃণমূল কংগ্রেসের ডাকা একটা বাংলা বনধকে ব্যর্থ বন্ধ হিসাবে দেখেছি। তাতে যে ইস্যুটা তোলা হয়েছিল সেটা নাকি ছাগল-গরু-ভেড়া তাদের উপর নাকি ট্যাক্স ধার্য করেছে পঞ্চায়েত। কিন্তু এই ধরনের ডকুমেন্টস এতদিন পাওয়া যায়নি যে রাজ্য সরকারের স্বীকৃতি নিয়ে কোনো পঞ্চায়েত এই ধরনের কোনো ট্যাক্স ধার্য করেছে। আমরা কিন্তু আজকে একটা ডকুমেন্টস পেয়ে গেছি। সেই ডকুমেন্টসটা হল যে, মেদিনীপুর জেলায় ভগবানপুরে গড়বাড়ি এক নম্বর গ্রাম পঞ্চায়েত, যে গ্রাম পঞ্চায়েতটা তৃণমূল কংগ্রেসের দ্বারা পরিচালিত, যেখানে ১৪ সদস্যের মধ্যে ৯ জন তৃণমূলের, ৩ জন কংগ্রেসের আর ২ জন সি পি এম-এর।

[12.10—12.20 p.m.]

ওই পঞ্চায়েত 'বাই-ল' করে কিসের কিসের উপরে ট্যাক্স ধার্য করেছেন দেখুন। তারা শৌখিন জাতের কুকুরের ক্ষেত্রে বছরে ১৫ টাকা ; যে কোনো পাখির ক্ষেত্রে ৫ টাকা এবং অন্যান্য জন্তুর ক্ষেত্রে ১০ টাকা ; মালবাহী ট্রলি ও ভ্যান রিকশার ক্ষেত্রে ৫ টাকা ও যাত্রীবাহী ট্রাক ও মালবাহী ট্রাকের ক্ষেত্রে ১০০ থেকে ১৫০ টাকা পর্যন্ত তারা ট্যাক্স ধার্য করেছেন। ওখানকার পঞ্চায়েত প্রধান তৃণমূলের বিশ্বেশ্বর মান্না বলেছেন, "দল চালানো

আর পঞ্চায়েত চালানো এক বিষয় নয়। পঞ্চায়েত চালাতে গেলে দলের কথা ভাবলে চলে না। পঞ্চায়েত নিয়েই চিন্তা-ভাবনা করতে হয়। সেই ভাবনা-চিন্তার থেকেই আয় বাড়ানোর জন্য কর বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।" স্যার এই হচ্ছে আজকে ওদের অবস্থা।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী মন্টুরাম পাখিরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল মাননীয় শিক্ষামন্ত্রী নিজে স্বীকার করেছেন প্রশ্নপত্র কঠিন হয়েছে এবং ভুল হয়েছে। তার জন্য তিনি দুঃখ প্রকাশ করেই তার দায়িত্ব এড়িয়ে গেছেন। স্যার, গতকাল দক্ষিণ ২৪-পরগনার কাকদ্বীপের নয়াপাড়ার একটি ভয়ঙ্কর ঘটনা ঘটেছে। বীরেন্দ্র হাইস্কুলের মাধ্যমিক পরীক্ষার্থী সুস্মিতা বিশ্বাস, ইংরাজী পরীক্ষার প্রশ্নপত্র কঠিন হওয়ার জন্য ঠিকমতো পরীক্ষা দিতে না পারায় গত কয়েকদিন ধরেই অত্যন্ত হতাশার মধ্যে ছিল। গতকাল সে আত্মহত্যা করে গায়ে আগুন দিয়ে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রীমতী মাফুজা খাতুন :** স্যার, আমাদের রাজ্যের প্রধান বিরোধী দল তৃণমূল কংগ্রেস গত ৩রা ফেব্রুয়ারী বন্‌ধ ডেকেছিল। তাদের বন্‌ধ ডাকার উদ্দেশ্য ছিল পঞ্চায়েত অন্যায়ভাবে গরু, ছাগল, মুরগির ওপর ট্যাক্স চাপানোর বিরুদ্ধে। ২০০৩ সালের ১৪ই অক্টোবর বিভিন্ন পঞ্চায়েতের কাছে একটা সার্কুলার গিয়েছিল যে পঞ্চায়েত ইচ্ছা করলে এই এই বিষয়ের উপর থেকে খাজনা আদায় করতে পারেন। স্যার, আমাদের দুর্ভাগ্য, আমাদের রাজ্যের প্রধান বিরোধী দল, গভর্নমেন্ট সার্কুলার এবং গভর্নমেন্ট অর্ডারের পার্থক্যই বোঝে না। সেই জন্যই মানুষ ওদের কাছ থেকেই দূরে সরে যাচ্ছে। এই ব্যাপারটা নিয়ে ওরা আবার গরু, ছাগল, মুরগি নিয়ে বিভিন্ন জেলায় মিছিল করেছিল। ওরা আমাদের মূর্খ বলে, কিন্তু ওরা এতবড় মূর্খ যে গভর্নমেন্ট সার্কুলার এবং গভর্নমেন্ট অর্ডারের পার্থক্য বোঝে না। স্যার, আজকের খবরের কাগজে বেরিয়েছে মেদিনীপুরে ওদের পরিচালিত এক নম্বর গড়বাড়ি পঞ্চায়েতের প্রধান এই কর আদায় শুরু করেছেন। আর ওরা এখানে বসে সেটা জেনেও না জানার ভান করছেন।

**শ্রী অসিত মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের ক্ষুদ্র ও ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই সরকার এমনই দেউলিয়া হয়ে গেছে যে অর্থের অভাবে সমস্ত বিভাগের কাজ বন্ধ হয়ে গেছে। এমনকি প্লান বাজেটের টাকাও ছাঁটাই করা হচ্ছে। অবস্থা এমন একটা জায়গায় গিয়ে পৌঁছেছে যে, আমার বিধানসভা কেন্দ্র কল্যাণপুরের একমাত্র দ্বীপ এরিয়া ভাটোরা এক নম্বর এবং ঘোড়াবেড়িয়া চিতনানে ২৭ থেকে ২৮টি আর.এল.আই পাম্প বসানো আছে, কিন্তু সেখানকার চাষীরা খুবই উদ্বেগের মধ্যে দিন কাটাচ্ছে। টাকার অভাবে ডিজেল সেখানে যাচ্ছে না। যেখানে চল্লিশ হাজার লিটার ডিজেল দরকার, সেখানে মাত্র ২৫০০ হাজার লিটার ডিজেল পৌঁছেছে। চাষীদের দুরবস্থার কথা চিন্তা করে ওই এলাকায় ডিজেল পৌঁছে দেওয়ার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বাগনান বিধানসভা কেন্দ্রে স্ত্রীশিক্ষার হার অনেক বেড়েছে। প্রত্যেকটা স্কুলে দু হাজার করে ছাত্রী আছে এবং কলেজে ৪ হাজার ছাত্রছাত্রী রয়েছে। অনেক স্কুলে কো-এডুকেশন রয়েছে। শিক্ষার বিস্তারের ফলে আমাদের বাগনান কলেজে একমাত্র কলেজ যেখানে ৪ হাজার ছাত্রছাত্রী পড়ে। এই জায়গায় দাঁড়িয়ে শিক্ষা বিস্তারের জন্য বাগনানে যদি মহিলা কলেজ না করা যায়, আগামীদিনে মেয়েদের ভর্তি করা অসম্ভব হয়ে পড়বে। তাই বারবার দাবি জানাচ্ছি এই বিষয়টা বিবেচনা করা হোক।

**মিঃ ডেপুটি স্পীকার** : এখন বিরতি, আমরা আবার ১টা ৩০ মি.-এ মিলিত হব।

(At this stage the House was adjourned till 1.30 p.m. for recess)

[1.30–1.40 p.m.] (after recess)

## PRESENTATION OF THE REPORT OF B.A. COMMITTEE

**Mr. Speaker** : I beg to present the 50th report of the B.A. Committee. The Committee met in my chamber today and recommended the revised programme of Business for the 15th March, 2004 and programme of Business from the 16th to the 18th March, 2004 (as adopted by the House on the 50th Report of the Business Advisory Committee).

| | | | |
|---|---|---|---|
| 15.3.2004, Monday (3.00 p.m.) | : | (i) Presentation of Annual Financial Statement for the year 2004-2005<br>(ii) Presentation of Supplementary Estimates for the year 2003-2004 | |
| 16.3.2004, Tuesday | : | Motion for Vote on Account for the Year ending on 31.3.2005 | .. 2 hours |
| 17.3.2004, Wednesday | : | Discussion and Voting on Demands for Supplementary Grants for the year 2003-2004 | .. 4 hours |
| 18.3.2004, Thursday | : | (i) The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2004 (Introduction, Consideration & Passing) | .. 1 hour |
| | | (ii) The West Bengal Appropriation Bill, 2004 (Introduction, Consideration & Passing) | .. 1 hour |

Programme of Business from 16th to the 18th March, 2004, will remain unchanged. Now I would request to the Hon'ble Minister in Charge of Parliamentary Affairs Minister to please move the motion for acceptance.

## MOTION

**Shri Prabodh Chandra Sinha :** Mr. Speaker, Sir, I beg to move that the 50th Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

The Motion was then put and agreed to.

(বিরতির পর)

**শ্রী কাশীনাথ মিশ্র :** স্যার, এখানে শিক্ষামন্ত্রী উপস্থিত আছেন, আমি কিছুদিন আগে তাঁকে একটা পত্র দিয়েছিলাম। আমাদের বাঁকুড়া শহরের উপরে একটা বড় মহিলাদের স্কুল আছে, নাম—শিবশংকর উচ্চ বালিকা বিদ্যাপীঠ। এটা ১৯৮০ সাল থেকে হায়ার সেকেন্ডারী হয়েছে এবং সেখানে পাশের হার হল ২০০০ সালে ৯৮ পারসেন্ট, ২০০১ সালে ৯৮ পারসেন্ট, ২০০২ সালে ৯৭ পারসেন্ট এবং ২০০৩ সালে ১০০ পারসেন্টের মতো। সেখানে ১৭.১২.২০০০ তারিখে ম্যানেজিং কমিটির ইলেকশান হয়েছিল, ইলেকশান হওয়ার পরে থেকে বাস্তবায়িত হতে দেয়নি। নমিনেশন দেয়নি। সরকারী তরফ থেকে না দেওয়ার পরিপ্রেক্ষিতে কোর্টে যাওয়া হয়। কমিটিকে পরিচালনা করার জন্য অ্যাডমিনিস্ট্রেটর এবং ডি.ডি.ও আজকে সেখানে নিয়োগ হয়েছে। স্যার, আমি বলবো যেখানে এক হাজার মেয়ে পড়ছে, যেখানে সুষ্ঠভাবে পড়াশোনা হচ্ছে, সেই জায়গাটা রাজনীতি থেকে দূরে থাকা দরকার। সেই জায়গাটা যাতে কোনোভাবেই কলুষিত না হয় সেটা দেখার জন্য অনুরোধ করছি। মন্ত্রীর কাছে পিটিশন দিয়েছি। আপনার মাধ্যমে এখন আবার দিচ্ছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি এ ব্যাপারে জিরো-আওয়ারে দিয়েছিলাম। একটা সিরিয়াস ইনফরমেশন আছে। আমরা ভেবেছিলাম আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী আসবেন, যে কোনো কারণেই হোক আজকে প্রশ্ন আসেনি। ডাঃ বি.সি.রায় হসপিটালে শিশুমৃত্যু হয়েছে। গতকাল ৪ জন মারা গেছে, আজকে সকালে আরেক জন মারা গেছে। সাংবাদিকরা গিয়ে দেখে এসেছেন, পুরো হসপিটালটা পুলিশ ব্যারিকেড করে দিয়েছে, কাউকে ঢুকতে দিচ্ছে না, ডিরেক্টর অফ মেডিকেল এডুকেশন যতক্ষণ না যাবে ততক্ষণ পর্যন্ত কোনো সাংবাদিক বা কাউকে ঢুকতে দেওয়া হচ্ছে না। বি.সি.রায় হাসপাতালে আরও বাচ্চা মারা গেল কিনা সেটার খবর পাচ্ছি না। এর আগে যখন বি.সি.রায় হাসপাতালে আরও শিশুমৃত্যুর ঘটনা ঘটেছিল, তখন মুখ্যমন্ত্রীকে যেতে হয়েছিল। আমি বি.সি.রায় সরকারী হাসপাতালে শিশুমৃত্যুর ব্যাপারে গভীর উদ্বেগ প্রকাশ করছি। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী হাউজে এসে সঠিক তথ্য কি সেটা জানান। কালকে জানতে পারলাম খবরের কাগজে যে ৪ জন মারা গেছে। আমরা পুরো তথ্য পাচ্ছি না, সে জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে হাউজে এসে সঠিক তথ্য দিতে বলছি।

**মিঃ স্পীকার :** আজকে শুক্রবার, স্বাস্থ্যমন্ত্রীর দিন নয়, তাঁর দিন বুধবার।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয় যে কথা জানালেন সে ব্যাপারে আমরাও উদ্বিগ্ন। বিধানচন্দ্র রায় শিশু হাসপাতালে যেভাবে শিশুমৃত্যু হয়ছিল তাতে শুধু আমাদের রাজ্য নয় সারা দেশের দৃষ্টি আকর্ষিত হয়েছিল, অনেক ক্ষতি হয়েছিল, বিনা চিকিৎসায় অনেক শিশু মারা গিয়েছিল। আবার নতুন করে দেখা যাচ্ছে চারজন শিশুর মৃত্যু হয়েছে এবং আরো অনেক শিশুর মৃত্যু হতে পারে। এই অবস্থা এসে দাঁড়িয়েছে। সাংবাদিকরা নিজেরা গিয়েছেন এবং দেখে এসে তারা এই ভয়াবহ অবস্থার কথা জানিয়েছেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তিনি এখানে উপস্থিত নেই। আমি আপনার মাধ্যমে এ ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে এই ঘটনাতে যাতে আরো শিশুর মৃত্যু না হয় সেই ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন করছি এবং সত্যিকারের ঘটনা কি ঘটেছে তা তিনি এসে আমাদের সভাকে আশ্বস্ত করুন।

## LEGISLATION

### The Births, Deaths and Marriages Registration (West Bengal Amendment) Bill, 2004

**Mr. Speaker :** First, I will take up the Births, Deaths and Marriages Registration (West Bengal Amendment) Bill, 2004.

**Shri Nisith Adhikary :** Sir, I beg to introduce the Births, Deaths and Marriages Registration (West Bengal Amendment) Bill, 2004.

...(Secretary then read the title of the Bill)...

**Shri Nisith Adhikary :** Sir, I beg to move that the Births, Deaths and Marriages Registration (West Bengal Amendment) Bill, 2004 be taken into consideration.

**শ্রী অতীশচন্দ্র সিনহা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল আমাদের সামনে উত্থাপন করেছেন সে সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় বিষয়গুলো স্পষ্ট করে বলবেন।

বিলের অবজেক্টস অ্যান্ড রিজনসে যেটা বলেছেন তাতে বুঝতে পারা যাচ্ছে যে কেন্দ্রীয় সরকার একটা আইন করেছেন ১৯৬৯ সালে। তাতে রেজিস্ট্রেশন অফ বার্থ অ্যান্ড ডেথ রাখা হয়েছে, ম্যারেজকে বাদ দেওয়া হয়েছে। ম্যারেজের রেজিস্ট্রেশনের জন্য তাই এখানে অ্যামেন্ডমেন্ট করতে হচ্ছে। সেটা আজকে আমাদের আলোচ্য বিষয়। পুরনো আইনে যেটা 'বার্থ-ডেথ-ম্যারেজ' ছিল সেটা পরিবর্তন হয়ে 'ম্যারেজ' বলে এই আইন নতুন করে উত্থাপিত হচ্ছে। এটাই আমি বুঝলাম। তাহলে দুটো সংস্থা আমাদের এখানে হল— রেজিস্ট্রেশন ফর বার্থ অ্যান্ড ডেথ এবং রেজিস্ট্রেশন ফর ম্যারেজ। আমি ঠিক বুঝলাম কিনা আশা করি আপনি পরিষ্কার করে দেবেন।

আরেকটা বিষয় হচ্ছে, যদিও আমাদের রাজ্যে জন্ম-মৃত্যু-বিবাহ রেজিস্ট্রেশনের ব্যবস্থা আছে এবং তার জন্য আইনও আছে, কিন্তু এগুলো সর্বক্ষেত্রে প্রযোজ্য হয় না, রেজিস্ট্রেশন

হয় না। এর ফলে এই ক্ষেত্রগুলিতে সঠিক তথ্য চট করে পাওয়া যায় না। এক্ষেত্রে আইনগত ব্যবস্থাকে কম্পালসারি করা যায় কিনা ? যে রেজিস্ট্রেশন করতেই হবে। যদিও আমরা দেখছি এ ব্যাপারে টেলিভিশনে, কাগজে নানারকমভাবে বিজ্ঞাপন দেওয়া হচ্ছে যাতে সাধারণ মানুষ এ ব্যাপারে অবহিত হন এবং রেজিস্ট্রেশন করতে চান। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যায় করা হয় না এবং অনেক ক্ষেত্রেই উহ্য থেকে যায় এবং প্রকৃত তথ্য সরকারের কাছে এসে পৌঁছায় না, সাধারণ মানুষের কাছে এসে পৌঁছায় না। হয়তো সেনসাস রিপোর্টে ধরা যায় কিন্তু, সেটা ১০ বছর পরপর হয়, সুতরাং অন্তর্বর্তীকালে কি অবস্থা আছে তা আমাদের কাছে পরিষ্কার হয় না।

[1.40—1.50 p.m.]

তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে, এই যে দুটো সংস্থা হল, বার্থ রেজিস্ট্রেশন এবং ম্যারেজ রেজিস্ট্রেশন, বাস্তবিক ক্ষেত্রে কম্পালসারিলি সাধারণ মানুষের জন্য এগুলো রেজিস্ট্রেশন করাবার ব্যবস্থা আছে কিনা ? যদি তাঁরা কম্পালসারি রেজিস্ট্রেশন না করেন তাহলে কোনো ব্যবস্থা গ্রহণ করবার কোনো প্রভিশন আছে কিনা—এটা মাননীয় মন্ত্রী মহাশয় যখন তাঁর বক্তব্য রাখবেন তখন পরিষ্কারভাবে আমার এই প্রশ্নগুলোর উত্তর দেবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুধাংশু শীল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী নিশীথ অধিকারী মহাশয় জন্ম, মৃত্যু ও বিবাহ রেজিস্ট্রিকরণ (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ২০০৪ এখানে উত্থাপন করেছেন, তার জন্য তাঁকে আমার আন্তরিক কৃতজ্ঞতা এবং অভিনন্দন জানাই। এটা আমরা জানি যে, সমস্ত ক্ষেত্রে মানুষের সচেতনতা যেভাবে বেড়েছে, আজকে বিবাহ রেজিস্ট্রেশনের ক্ষেত্রে আমরা তার ব্যতিক্রম নই। অতীতে আমরা দেখতাম কিছু মানুষ বিভিন্ন প্রয়োজনে বিবাহ রেজিস্ট্রেশন করতো। আজকে রেজিস্ট্রেশনের প্রবণতা বেড়েছে—এর পিছনে অনেকগুলো কারণ আছে। যারা বিদেশে উচ্চ শিক্ষা নিতে যায়, তাদের ক্ষেত্রে বিবাহ রেজিস্ট্রেশন করা অবশ্য কর্তব্য। আজকে আধুনিক সমাজে বিবাহ রেজিস্ট্রেশন অত্যন্ত জরুরি এবং প্রয়োজনীয়। অতীতে জন্ম, মৃত্যু, বিবাহ সমস্ত রেজিস্ট্রেশনের ব্যবস্থাটা একসঙ্গে ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার সংসদে যে সিদ্ধান্ত নিয়েছেন, তার পরিপ্রেক্ষিতে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা যুগোপযোগী। এই কারণে তাঁকে আমি অভিনন্দন জানাই। অতীতে আমরা দেখতাম, আমাদের অঞ্চলে ম্যারেজ রেজিস্ট্রেশন বলতে একটা বিশাল ব্যাপার থাকত। এখন আমরা দেখছি, আমাদের অঞ্চলে শিক্ষিত বেকার যুবক-যুবতী তারা ম্যারেজ রেজিস্ট্রেশন অফিস খুলেছে এবং সমস্ত ব্যাপারটা সরলীকরণ হয়েছে। এখন কোনো অঞ্চলে যখন বিবাহ হচ্ছে তখন তারা বিবাহের পূর্বে যেটা নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী তারা আগে বিবাহ রেজিস্ট্রেশন করাচ্ছে, তারপর তারা পুরোহিত ডেকে বিয়ের ব্যাপার সংঘটিত করছে। একদিকে বৈজ্ঞানিকভাবে কাজটা হচ্ছে, অপরদিকে এতে কিছু এমপ্লয়মেন্টের সুযোগ হয়েছে। অতীতে বছরে ১০ হাজারের মতো বিবাহ রেজিস্ট্রেশনের কেস হত। এখন বছরে ম্যারেজ রেজিস্ট্রেশন ৮০ হাজারে পৌঁছে গেছে এবং আমরা জানতে পারলাম যে, এই ফিনানসিয়াল ইয়ারে ম্যারেজ রেজিস্ট্রেশন প্রায় ১ লক্ষে

পৌঁছে যাবে। এর ফলে একদিকে গভর্নমেন্টের রেভেনিউ আরনিং বাড়বে, অপরদিকে সমস্ত ব্যাপারটা সময়োপযোগী করে মাননীয় মন্ত্রী মহাশয় এই যে বিল এনেছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাই এবং আমি আশা করবো এই অগস্ট হাউসে সমস্ত মাননীয় সদস্যগণ এই বিলকে সমর্থন করবেন এবং দ্রুত কার্যকরী করার জন্য উদ্যোগ নেবেন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় আইনমন্ত্রী শ্রীনিশীথ অধিকারী মহাশয় জন্ম, মৃত্যু ও বিবাহ রেজিস্ট্রিকরণ (পশ্চিমবঙ্গ সংশোধন) বিধেয়ক, ২০০৪ এখানে উত্থাপন করেছেন। এ বিষয়ে আমার বেশি কিছু বলার নেই। উদ্দেশ্য মহৎ। এক্ষেত্রে জন্ম ও মৃত্যুর জন্য একজন রেজিস্ট্রার হচ্ছেন রেজিস্ট্রেশন করার জন্য, আর ম্যারেজ রেজিস্ট্রেশনের জন্য অন্য আরেকজন রেজিস্ট্রার হচ্ছেন। আসলে মূল জিনিসটা হচ্ছে, আইনে বার্থ রেজিস্ট্রেশন, ডেথ রেজিস্ট্রেশন অ্যান্ড ম্যারেজ রেজিস্ট্রেশন অ্যাক্ট, ১৮৮৬ সাল, তাতে ৬ নম্বর, ৭ নম্বর এবং ৯ নম্বরে যেটা দেখা যাচ্ছে সেটা, সেখানে যেটা বলা আছে Establishment of General Registry Offices and Appointment of Registrars-General-(1) Each (State) Government

(a) shall establish a general registry office for keeping such certified copies of registers of births and deaths registered under Act III of 1872 (to privide a form of marriage in certain cases) or the Indian Christian Marriage Act, 1872, or, beyond the local limits of the ordinary original civil jurisdiction of the High Court of Judicature at Bombay, under the Parsi Marriage and Divorce Act, 1865 as may be sent to it under this Act, or under any of the three last mentioned-Acts, as amended by this Act ; and

'B'-তে বলেছেন—

(b) may appoint to the charge of that office an officer to be called the Registrar-General of Births, Deaths and Marriages, for the territories under his administration".

এই যে আছে এটাকে আপনারা সেখানে মূল আইনের পরিবর্তন ঘটিয়ে জন্ম-মৃত্যু-বিবাহ আপনার সেখানে আইন নিয়ে আসছেন এবং যার জন্য এটা সংশোধন করছেন। সেখানে আপনাদের যে আইনের মধ্যে যেটা বলা আছে—পুরাতন আইনের মধ্যে যেটা বলা আছে সেখানে খ্রিস্টান কমিউনিটি থেকে আরম্ভ করে পার্সি কমিউনিটি থেকে আরম্ভ করে তাদের যে সংখ্যালঘু সম্প্রদায় আছে, সেই সংখ্যালঘু সম্প্রদায়ের সেখানে যে সংখ্যাটাকে লিপিবদ্ধ করার যে চিন্তা-ভাবনা—সেটা আপনার সহজে হয়। কিন্তু বর্তমানে সাড়ে ৭ কোটি ৮ কোটি পশ্চিমবঙ্গের মানুষের যে জন্ম-মৃত্যু, বিবাহ এগুলির ব্যাপারে আজকে বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নভাবে আমরা খুবই—এক একটা পরিবার খুবই অসুবিধার মধ্যে পড়েন। আপনারা আজকে জানেন হাসপাতালে যদি শিশু জন্মগ্রহণ করে সেই হাসপাতাল থেকে সার্টিফিকেট আসবে সে যে পৌরসভা বা পৌর এলাকায়—সেটা পৌরসভায় যাবে এবং

পঞ্চায়েতের মধ্যে পড়লে পঞ্চায়েতে যাবে। কিন্তু এই যে হাসপাতাল থেকে পৌরসভা বলুন, পঞ্চায়েতই বলুন এই যে আপনার দীর্ঘসূত্রতা আছে, এই দীর্ঘসূত্রতার পরিপ্রেক্ষিতে মানুষের যে অসুবিধা—মাননীয় অতীশচন্দ্র সিংহ আমাদের এই সম্বন্ধে যে অভিজ্ঞতার কথা বললেন যে জন্ম-মৃত্যু-বিবাহ রেজিস্ট্রেশান করার জন্য যে রেজিস্ট্রার আছে তারা তাদের কাজ কতটা করছেন এবং এটা কতটা বাস্তবায়িত হচ্ছে এটা কিন্তু মূল কথা। এটা আজকে সেখানে সব ক্ষেত্রে সমানভাবে আমরা দেখতে পাই না। এটাকে কম্পালসারি হিসাবে জন্ম, মৃত্যু যদি আপনারা করতেন তাহলে আজকে ভোটার লিস্টে লক্ষ লক্ষ মৃতের নাম রয়েছে—লক্ষ লক্ষ মৃত ব্যক্তিদের নাম থাকছে সেখানে যদি আমরা সচেতন হতাম, এ ব্যাপারে যদি সেইরকম সচেতনতা থাকত এবং সরকার সেই ব্যাপারে সচেতন করতে পারছেন না—তার এই যে ডিপার্টমেন্ট যেগুলি হচ্ছে সেই ডিপার্টমেন্টের সেইরকমভাবে যদি সচেতন হতেন তাহলে এই যে আপনার ভোটার লিস্টের মধ্যে মৃত ব্যক্তিদের নাম থাকত না। সেগুলি আজকে সেখানে এইভাবে আজকে অসুবিধা সৃষ্টি করত না। জন্ম, মৃত্যু, বিবাহ-এর ক্ষেত্রে যেটা হচ্ছে। আজকে এখনও পর্যন্ত আমরা সর্বশিক্ষা অভিযান করছি।

[1.50—2.00 p.m.]

আপনারা সাক্ষরতা অভিযান চালিয়েও এখন পর্যন্ত রাজ্যের নীচের তলার সমস্ত মানুষকে সাক্ষর করে তুলতে পারেননি। এখন পর্যন্ত সর্বস্তরের তফশিলি জাতি এবং আদিবাসী সম্প্রদায়ের মানুষকে, নিম্নবিত্ত মানুষকে সচেতন করে তুলতে পারেননি। উচ্চমধ্যবিত্ত এবং উচ্চবিত্ত যেসব মানুষদের ভিসা পাসপোর্ট দরকার হয়, যাঁরা বিদেশে যাচ্ছেন তাঁদের ক্ষেত্রে ম্যারেজ রেজিস্ট্রেশনের প্রয়োজন হয়। কারণ বিদেশে, অনেক দেশের ম্যারেজ রেজিস্ট্রেশন কম্পালসারি। সেই পরিপ্রেক্ষিতে তারা এটা করে থাকেন। কিন্তু সাধারণ মানুষের মধ্যে ইন জেনারেল এটা দেখা যায় না। তাদের বিষয়ে হয়ত সরকারের কিছু অসুবিধা হচ্ছে এবং সেই পরিপ্রেক্ষিতে সরকারকে এই চিন্তা-ভাবনা করতে হচ্ছে। সেই পরিপ্রেক্ষিতেই জন্ম, মৃত্যুর মতো বিবাহও রেজিস্ট্রিভুক্ত করতে হচ্ছে। কিন্তু পদক্ষেপ কতটা বাস্তবায়িত হবে সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ রয়েছে। কারণ সরকারের যে আর্থিক সংকট রয়েছে তাতে আইন দপ্তর তার বাজেটের পুরো টাকা হাতে পাচ্ছেন না। ২০০২-২০০৩ সালে সর্বস্তরের আদালতগুলো থেকে শুরু করে কোনো ক্ষেত্রেই প্রয়োজনীয় অর্থ এই দপ্তর দিতে পারেননি। সুতরাং এ ক্ষেত্রেও কতটা ব্যয় করতে পারবেন, ঠিকমতো কতটা এস্টাবলিসমেন্ট প্রতিষ্ঠিত করতে পারবেন, সে বিষয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে। অতএব মাননীয় মন্ত্রীকে আমি এই বিষয়টা একটু ভাবতে অনুরোধ করছি। মাননীয় মন্ত্রী, আপনি এই আইনের মধ্যে বলছেন, "রেজিস্ট্রিকৃত জন্ম ও মৃত্যুর রেজিস্টারসমূহের শংসিত প্রতিলিপিসমূহ, অথবা বিবাহ" এই শব্দসমূহের স্থলে, "বিবাহের রেজিস্টারসমূহের শংসিত প্রতিলিপিসমূহ" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে ; এবং "জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিস্ট্রার জেনারেল" এই শব্দসমূহের স্থলে, "বিবাহের রেজিস্ট্রার জেনারেল" এই শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে। এখানে রেজিস্ট্রার জেনারেলের সাথে সাথে আরো যেসব স্টাফের প্রয়োজন তাদের কথা নিশ্চয়ই আপনাকে চিন্তা করতে হবে। এছাড়া আমরা জানি বিভিন্ন এন.জি.ও-দের মাধ্যমে, সাধারণ উকিল-বাবুদের মাধ্যমেও বিবাহ রেজিস্ট্রি করানো হয়। এই

ব্যবস্থা থাকা সত্ত্বেও বাস্তবে সব ঠিকমতো নথিভুক্ত করার কাজ কার্যকরী হয় না। আপনি দেখুন পুরোনো আইনের ৭নং ধারায় বলা আছে, "Each Registrar-General of Births, Deaths and Marriages shall cause indexes of all the certified copies of registers sent to his office under this Act or under Act III of 1872 or the Indian Christian Marriage Act, 1872 or the Parsi Marriage and Divorce Act, 1865 as amended by this Act, to be made and kept in his office in the prescribed form."

আপনি এখন ফর্ম এবং বিভিন্ন রকম নথিপত্র ঠিকমতো রাখার ব্যবস্থা হবে বললেন। সমস্ত কাগজপত্র ঠিকমতো অভিডেন্স হিসাবে সংরক্ষিত করে রাখতে হলে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের প্রয়োজন আছে। ৯নং ধারার সংশোধনীতে আপনি "জন্ম, মৃত্যু ও বিবাহের রেজিস্ট্রার জেনারেল" এই শব্দসমূহের স্থলে বিবাহের রেজিস্ট্রার জেনারেল বলেছেন। কিন্তু মূল আইনে যেটা আছে সেটা হচ্ছে, A copy of an entry given under the last foregoing section shall be certified by the Registrar-General of Births, Deaths and Marriages, or by an officer authorised in this behalf by the State Government and shall be admissible in evidence for the purpose of proving the birth, death or marriage to which the entry relates....

এই যে কথাগুলি পুরোনো আইনে বলা হয়েছে এবং নতুন আইনে যে কথাগুলি বলেছেন সেই সময়ের নথিগুলি রাখার ব্যবস্থা করা প্রয়োজন। অনেক সময়ে কোর্টে জন্ম, মৃত্যু এবং বিবাহের নথি প্রয়োজন হয় বিভিন্ন লিটিগেশনের ক্ষেত্রে বা কোনো কেসের ক্ষেত্রে ফ্যামিলিগত এবং ব্যক্তিগত কারণে প্রয়োজন হয়ে থাকে। সেই পরিপ্রেক্ষিতে এটা আজকে সংরক্ষিত করার ব্যবস্থা করা দরকার। সরকার সেই ব্যবস্থা করেছেন। এটা যদি বাধ্যতামূলকভাবে করতে পারেন, এটার প্রয়োগ যদি ঠিকমতো করতে পারেন, তাহলে জন্ম। মৃত্যু এবং বিবাহের ক্ষেত্রে মানুষ সচেতনতার সাথে নামগুলি তারা সেখানে বিয়োজন বা সংযোজন করতে পারেন। এটাকে ঠিকমতো অ্যাডপ্ট করতে হবে এবং সেই অ্যাডপ্ট করার ক্ষেত্রে কো-অর্ডিনেশন চাই। আজকে পঞ্চায়েত বলুন বা পৌরসভা বলুন কো-অর্ডিনেশন যদি না থাকে তাহলে জনসাধারণ বিব্রত হয়, জনসাধারণ ঠিক সময়ে বার্থ সার্টিফিকেট পায় না। একটা ছেলে বা একটা মেয়ে যখন শিশু ক্লাসে ভর্তি হয় তাকে তখন সেখানে ৬ প্লাস যে সার্টিফিকেট দিতে হচ্ছে সেখানে কিন্তু ঠিকুজি বা কুষ্ঠী কিংবা অন্য কোনো প্রাইমারী স্কুলের সার্টিফিকেট নিয়ে এলে চলবে না, তাকে বার্থ সার্টিফিকেট তখন নিয়ে আসতে হয়। এখানেই প্রবলেম হয়ে দাঁড়ায়। এখানে রেজিস্টার জেনারেল যিনি হবেন তিনি সেই কাজগুলি দেখাশুনা করবেন। এখন সেই কাজগুলি তিনি ঠিকমতো করতে পারবেন কিনা সেটাই দেখার বিষয়। বিদেশ থেকে আসার পর কেউ যদি বিবাহসূত্রে আবদ্ধ হয়, তখন তার সার্টিফিকেটের দরকার হয় সেটা যদি সে সময়মতো না পায় তাহলে একটা অসুবিধার সৃষ্টি হয়। এমনিতে এই বিলে এমন কিছু নেই। আপনি এগুলি করার জন্য যে আইন নিয়ে এসেছেন সেই আইনের ফলে যে অফিসার নিযুক্ত করছেন যার উপর গুরুদায়িত্ব চাপাচ্ছেন

তিনি ঠিকমতো কাজগুলি করতে পারবেন কিনা সেটাই দেখতে হবে। তাকে কে কে সহযোগিতার হাত বাড়াবে, কো-অর্ডিনেশন ঠিকমতো থাকবে কিনা, সেগুলি দেখার প্রয়োজন আছে। সেই পরিপ্রেক্ষিতে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো, পুরাতন আইনের পরিবর্তন করে আরো সুন্দর এবং সাবলীল করার জন্য যে উদ্যোগ নিচ্ছেন সেই উদ্যোগকে আরো সুন্দর করে তুলুন বিভিন্ন চিন্তা-ভাবনার মাধ্যমে, বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে, সেই আশা রেখে যেহেতু অন্যদিকে কিছু নেই বলে এর বিরোধিতা আমি করতে পারছি না।

[2.00—2.10 p.m.]

এই যেটা করছেন সেটা ঠিকমতোভাবে করুন, ঠিকমতোভাবে চালান, সবার নাম রেজিস্ট্রিভুক্ত করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিশীথ অধিকারী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় বিধায়ক বন্ধুদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি, এই বিলটা কেউ আপত্তি করেননি, স্বাগত জানিয়েছেন। কিছু কিছু বিষয় ক্লারিফাই করার দরকার ছিল সেটা পরিষ্কার করে দিচ্ছি। একটা কথা মাননীয় অতীশবাবু একটু আগে বললেন। সত্যি কথা বলতে কি এই বিলের ফলে কোনো নতুন পদ সৃষ্টি হচ্ছে না কিন্তু। নতুন অফিস সৃষ্টি হচ্ছে না। ১৮৮৬ সালে, আজ থেকে প্রায় ১১৮ বছর আগে একটা কেন্দ্রীয় আইন বার্থ, ডেথ অ্যান্ড ম্যারেজ এই তিনটি ভলেন্টারিলী ইউরোপিয়ান সাহেবদের রেজিস্ট্রি করার বন্দোবস্ত ছিল। এটা ১৮৮৬ সালে তৈরি হয়েছিল। সেই সময় পারসোনাল ল হিন্দু এবং মুসলিমদের যে বিবাহ এর মধ্যে ছিল না। ছিল শুধু পার্শি খৃস্টান অ্যান্ড স্পেশাল ম্যারেজ। এই রেজিস্টার্ড জেনারেল অফ বার্থ, ডেথ অ্যান্ড ম্যারেজের কাছে তারা এই বার্থ ডেথ অ্যান্ড ম্যারেজ ভলেনটারি যারা করতে আসতো তারা রেজিস্ট্রি করে যেত। এর পর ১৯৬৯ সালে কেন্দ্রীয় সরকার এই বার্থ অ্যান্ড ডেথের জন্য আলাদা করে রেজিস্ট্রি করার বন্দোবস্ত করে এবং সেটা অন্য একটা সংস্থা সেটা করে। কিন্তু এই বার্থ ডেথ রেজিস্ট্রেশনের যে নাম তাতে বার্থ ডেথ অ্যান্ড ম্যারেজ এই নামটা থেকে যায়। সেই অফিস থেকে যায়। সেই অফিস থেকে অর্থাৎ বার্থ ডেথ এবং ম্যারেজ অফিস থেকে শুধুমাত্র ম্যারেজ রেজিস্ট্রেশন করা হত। একসঙ্গে তিনটি নাম থেকে যায়। ইতিমধ্যে আমরা স্পেশাল ম্যারেজ অ্যাক্ট, তারপর পার্সি ম্যারেজ অ্যাক্ট, খ্রিস্টান ম্যারেজ অ্যাক্ট; এই তিনটি অ্যাক্ট করেছি। সেখানে পুরনো শব্দটা ব্যবহার করিনি যেখানে রেজিস্ট্রার অফ ম্যারেজ করা হয়েছে। আবার এইগুলোর সংহতি আনার জন্য আমরা এখন এই রেজিস্টার্ড জেনারেল অব বার্থ, ডেথ অ্যান্ড ম্যারেজ থেকে বার্থ অ্যান্ড ডেথ আলাদা জায়গায় চলে গিয়েছে, এই নামটা চেঞ্জ করার আগে হয়েছে। ১১৮ বছর আগে যেটা ছিল আইন চেঞ্জ করার পর এটা চেঞ্জ করা গিয়েছে। আপনার শুনলে ভাল লাগবে, গত ৫ বছরে ১৯৯৯ সাল থেকে আজ পর্যন্ত ৫২ হাজার হয়েছে। এই বছর ১ লক্ষ ম্যারেজ রেজিস্ট্রি হয়েছে। আগে হয়েছে ৫২ হাজার, আবার তারও আগে ১৯৮০ সালে হয়েছে ১০ হাজার। সেই ১০ হাজার থেকে আজকে ১ লক্ষতে চলে গিয়েছে। মানুষ সচেতন হচ্ছে। আপনারাও সচেতন করছেন, আমরাও সচেতন করছি। মহিলারা বিভিন্ন জায়গায় সচেতন হচ্ছে। সেই জন্য ১০ হাজার থেকে ১ লক্ষতে পৌঁছেছে। কি করে হল ? আইন হল ঘোড়ার গাড়ি। সচেতনতা হল ঘোড়া রাস্তা হল গাড়ি। মানুষ সচেতন হচ্ছে। আজকে

পরিকাঠামো তৈরি হয়েছে। ১৯৯৯ সালে ম্যারেজ রেজিস্টারের সংখ্যা ছিল ২০০, এখন হয়েছে ১৪০০। ব্লকভিত্তিক করার ব্যবস্থা করা হয়েছে। সেটা এখান থেকে তৈরি করা হয় না। ডি এম-কে সভাপতি করে একটা বডি সেটা করে। অ্যাডভ্যার্টাইজ করা হয়, অ্যাডভ্যার্টাইজ করার পরে যারা আসে তাদের থেকে ঠিক হয়। এটা নিয়ে দেখবেন মামলা-মকদ্দমা হয়। আপনি জেলায় যান, এটা দেখতে পাবেন।

যাই হোক, আমরা কিন্তু পরিকাঠামো তৈরি করেছি। মানুষের মধ্যে সচেতনতা এসেছে এবং আইনকে ঠিক মোতাবেক করা হয়েছে। অতীশদা যেটা বললেন, পরিসংখ্যান ঠিকমতো আছে কিনা, যতখানি রেজিস্ট্রেশন হয়ে আছে, আগামীদিনে আমরা বোতাম টিপলেই দেখতে পাব। কম্পিউটার ব্যবস্থা যেটা করা হয়েছে, তাতে আগামীদিনে চট করে বোতাম টিপে বলে দেওয়া যাবে কে কার স্ত্রী। তবে আমাদের অসুবিধা আছে, ব্যক্তি আইন আছে। ব্যক্তি আইনকে আমরা চেঞ্জ করতে পারি না—এই অসুবিধাটা আমাদের আছে। কিন্তু মানুষ সচেতন হলে ঘোড়া যেমন গাড়ি টেনে নিয়ে যায়, তেমনিভাবে এটিও চলবে। এই বিলকে আপনারা যেভাবে সমর্থন করেছেন, আমি প্রত্যেক সদস্যকে এর প্রতি সমর্থনের আহ্বান জানাচ্ছি।

The motion of Shri Nisith Adhikary that the Births, Deaths and Marriage Registration (West Bengal Amendment) Bill, 2004 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1 to 5**

The question that Clauses 1 to 5 and stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Nisith Adhikary** : Sir, I beg to move that the Births, Deaths and Marriages Registration (West Bengal Amendment) Bill, 2004 as settled in the Assembly, be passed.

The motion of Shri Nisith Adhikary that the Births, Deaths and Marriage Registration (West Bengal Amendment) Bill, 2004 as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2004**

**Shri Kanti Biswas** : Sir, I beg to introduce the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2004.

(Secretary then read the title of the Bill)

[ 12th March, 2004 ]

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2004 be taken into consideration.

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যালয় শিক্ষামন্ত্রী বিল নং ২, ২০০৪—দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০০৪ যেটা এনেছেন, সেটাতে এমন বিশেষ কিছু গুরুত্ব কিছু নেই। উনি বলতে চাইছেন, "There is no provision for inclusion of the President of the West Bengal Board of Primary Eduction in the Board. Similarly in section 19A of the said Act, there is no provision for inclusion of the President of the West Bengal Board of Primary Education in the Executive Committee of the Board."

আর একটা বলেছেন, "In the Explanation to sub-clause 'b' of clause (14) of section 4, it is proposed to substitute the words "Darjeeling Gorkha & Autonomous Hill Council" for the Words "Darjeeling Gorkha Hill Council."

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিলটি এনেছেন সংশোধনের জন্য এর বিপক্ষে আমি খুব একটা বলছি না। তবে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ যেভাবে গঠিত হয়েছে এবং যেভাবে কাজকর্ম করছে, তার জন্য কিছু বলা দরকার। এই বিলটি আনার এমন কিছু গুরুত্ব ছিল না। মধ্যশিক্ষা পর্ষদের যেখানে কোটি কোটি টাকার আত্মসাৎ হচ্ছে, দুর্নীতি হচ্ছে, সেখানে এই বিল আনার কোনো দরকার ছিল না। তার কোনো অডিটই হয়নি। সেখানে পরীক্ষা পদ্ধতির পরিচালন ব্যবস্থা এবং পরীক্ষা নেবার যে সিস্টেম সেটা ত্রুটিপূর্ণ। প্রতি বছরই প্রশ্নপত্র ফাঁস হচ্ছে এবং প্রতি বছরই কোশ্চেনের মধ্যে ভুল থাকছে। প্রতি বছরই সিলেবাস-বহির্ভূত কোশ্চেন আসছে। তাহলে তো মধ্যশিক্ষা পর্ষদেরই পরিবর্তন করা দরকার। তারপরে অ্যাডিশনাল বায়োলজির কোশ্চেন পেপার পরীক্ষার আগেই আউট হয়ে গেল। ইংরেজি পরীক্ষায় চারটি বানান ভুল। সাধারণ ছাত্রছাত্রীদের কাছে কোশ্চেন খুব শক্ত হয়েছে। আজকে বোর্ড অপদার্থ। মাননীয় মন্ত্রীকে বিধানসভাতে এসে দুঃখপ্রকাশ করতে হয়েছে এবং ক্ষমাও চাইতে হয়েছে। যার ফলে ছাত্ররা আত্মহত্যা করছে আর মধ্যশিক্ষা পর্ষদ ঠুঁটো জগন্নাথের মতো বসে আছে। সেখানে প্রাইমারী স্কুলের প্রেসিডেন্টকে হায়ার সেকেন্ডারি কাউন্সিলের মেম্বার করার জন্য এই বিল নিয়ে এসেছেন। যেদিকে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সব দিক থেকে জর্জরিত। প্রাইমারি স্কুলে কাজ ঠিকমতো হয় না। ৬ হাজার প্রাইমারী স্কুলে ওয়ান টিচার স্কুল হয়েছে। বেশ কিছু স্কুলে টিচারই নেই। তারপরে সর্বশিক্ষা অভিযানে উপযুক্ত শিক্ষক নেই। ডি পি পি'র প্রকল্পে কোটি কোটি টাকা ব্রিটিশ গভর্নমেন্ট দিয়েছিল, কিন্তু প্রাথমিক শিক্ষা প্রকল্পে ওটি রূপায়িত করার কোনো ব্যবস্থা নেই। সেখানে পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষার প্রেসিডেন্টকে হায়ার সেকেন্ডারি কাউন্সিলে এনে কোনো লাভ হবে বলে মনে হয় না। গতবারে মধ্যশিক্ষা পর্ষদের রেজাল্ট হুটোপুটি করে আউট করলেন,

রেজাল্ট বেরোনোর পরে দেখা গেল, সাড়ে ৭ হাজার রেজাল্টই ভুলে ভরা। মধ্যশিক্ষা পর্ষদের উপরে নির্ভর না করে পরীক্ষার্থীরা হাইকোর্টে কেস করে এবং হাইকোর্টের মাধ্যমে পরীক্ষার ফলাফল জানতে পেরেছে। তারপরে বাংলা পরীক্ষায় শূন্য পাওয়া নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী পর্যন্ত বলেছিলেন বাংলায় আবার কেউ শূন্য পায় নাকি। সেখানে হাইকোর্টে কেস করে ওই শূন্য নম্বরের জায়গায় ৬৫ পেল। যার ফলে মধ্যশিক্ষা পর্ষদের প্রেসিডেন্ট হরপ্রসাদ সমাদ্দারকে পদত্যাগ করতে হয়েছিল। সেখানে দিব্যেন্দু হোতাকে মধ্যশিক্ষা পর্ষদের প্রেসিডেন্ট করা হল। উনি হচ্ছেন আরো অপদার্থ এবং উচ্চশিক্ষা ব্যবস্থাটাকে শেষ করে দিলেন। সেখানে এই বিল আনার কোনো দরকার ছিল না, সেখানে শিক্ষা বিভাগের মধ্যে ব্যর্থতা রয়েছে এবং সেখানে শিক্ষা বিভাগের সংস্কার দরকার। প্রাথমিক শিক্ষকরা বেতন ভাতা পাচ্ছে না, দু-মাস ধরে তারা বেতন পাচ্ছে না। টিচারদের অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে না। কনট্রাক্ট বেসিসে শিক্ষক নিয়োগ করে, তাদেরকে মাত্র ২ হাজার টাকা করে দেওয়া হচ্ছে অথচ একজন পার্মানেন্ট টিচার ১৫ হাজার, ১৬ হাজার টাকা মাইনে পায়, সেখানে পার্ট-টাইমরা মাত্র ২ হাজার টাকা করে মাইনে পাচ্ছে। এই জিনিস তো চলতে পারে না, এর তীব্র প্রতিবাদ করছি। তারপের মুচলেকা দিয়ে আন্ডারটেকিং দিয়ে এ বি টি এ-র শিক্ষক সংগঠনরা কিছুই মানছে না। ইচ্ছামতো স্কুলে যাচ্ছে, প্রাইভেট টিউশন করছে ইত্যাদি। যারা মাধ্যমিকে ভাল ফল করেছে তারা বলেছে যে, তারা ৪, ৫ জন টিচার টিউটর রেখে এবং পরীক্ষায় ভাল ফল করেছেন। মধ্যশিক্ষা পর্ষদ যেখানে পরীক্ষা ঠিকমতো নিতে পারে না, সিলেবাস কমিটি সিলেবাস ঠিকমতো করতে পারে না এবং ম্যানেজিং কমিটি ঠিকমতো পরিচালিত হয় না, সেখানে এই বিল এনে কি লাভ হবে জানি না।

তাই মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করছি যে, আজকে যে বিলটা এনেছেন এবং যে বিলে প্রাথমিক শিক্ষা পর্ষদের চেয়ারম্যানকে ঢোকাতে চাইছেন, এখানে ঢুকিয়ে লাভটা কি ? কালকে আপনি বলবেন, মাদ্রাসা এডুকেশন বোর্ডের তার যে প্রেসিডেন্ট, তার যে চেয়ারম্যান তাকে ইনক্লুড করতে হবে। কাকে কাকে ইনক্লুড করবেন, আপনি আগে ঠিক করে নিন। কারণ, মধ্যশিক্ষা পর্ষদ হায়ার সেকেন্ডারি কাউন্সিল, বিশ্ববিদ্যালয়ের ভাইস চেয়ারম্যান এরা সব বামফ্রন্ট সরকারের পলিটিক্যাল অ্যাপয়েন্টমেন্ট। পলিটিক্যাল লোক না হলে অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে না। আমি যখন শিক্ষা দপ্তরের দায়িত্বে ছিলাম, তখন মধ্যশিক্ষা পর্ষদের প্রেসিডেন্ট কে ছিলেন, অধ্যাপক সত্যেন্দ্র মোহন চট্টোপাধ্যায়। তাঁকে আমি অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলাম। আজকে আপনি কাকে দিচ্ছেন, যাঁরা পার্টির কমরেড মধ্যশিক্ষা পর্ষদের প্রেসিডেন্ট, হায়ার সেকেন্ডারি কাউন্সিলের প্রেসিডেন্ট, ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলার হচ্ছেন। সব পলিটিক্যাল অ্যাপয়েন্টমেন্ট। এইগুলি বন্ধ করতে হবে। আজকে এরা সব যোগ্যতা, দক্ষতা নিয়ে চালাতে পারছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই যে স্কুল সার্ভিস কমিশন চালু হয়েছে সেখানে একটা দুর্নীতির আখড়া হয়েছে, আগে এক লক্ষ, দুই লক্ষ টাকায় অ্যাপয়েন্টমেন্ট হত, আমরা ভেবেছিলাম একটা সুন্দর পদক্ষেপ হল পশ্চিমবাংলায়। সেখানে দেখা যাচ্ছে, দুর্নীতি হচ্ছে। এখনও বহু টিচার অ্যাপয়েন্টমেন্ট পাচ্ছে না। বহু পদ খালি আছে। বহু জায়গায় হেড মাস্টার নেই। ২৫ শতাংশ স্কুলে টিচার ইনচার্জ

দিয়ে চালাতে হচ্ছে। ফলে আজকে স্কুল সিলেবাস, স্কুলের কারিকুলাম কার্যত বাস্তবায়িত হচ্ছে না। আজ মধ্যশিক্ষা পর্ষদে আমরা কি দেখতে পাচ্ছি, আজকে ক্লাস ওয়ানে দেখছি ভর্তি হচ্ছে ১ কোটি ছাত্র-ছাত্রী, যখন মাধ্যমিক দিতে যাচ্ছে, তখন দেখা যাচ্ছে পরীক্ষা দিচ্ছে সাড়ে পাঁচ লক্ষ ছাত্র-ছাত্রী। এই যে ১০ বছরে ৮০ শতাংশের মতন ছেলেমেয়ে ড্রপ আউট হয়ে যাচ্ছে, এটা ক্লাস সেভেনের থেকে এইটের থেকে হাজার হাজার ছেলেমেয়ে ড্রপ আউট হচ্ছে। তার জন্য আপনি কোনো ব্যবস্থা করতে পারছেন না। আপনি বিল আনছেন, প্রাইমারী কাউন্সিলের চেয়ারম্যানকে এক্জিকিউটিভ কমিটির সদস্য করে নিয়ে আসছেন। আনুন, এতে আমাদের আপত্তি নেই। কিন্তু আপনি পরীক্ষা পদ্ধতির সংস্কার করুন। শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করুন। সর্বত্র দুর্নীতি, কোরাপশান শিক্ষার নামে যে রাজনীতি চলছে, যে চরম অরাজকতা চলছে মধ্যশিক্ষা পর্ষদে, সেইগুলি আপনি দূর করার চেষ্টা করুন। আজকে তাই আপনার কাছে অনুরোধ করব যে বিল আপনি এনেছেন, এটা গতানুগতিক বিল, এটা এনে কোনো লাভ হবে না। কালকে কাগজে দেখলাম, আপনি দুঃখপ্রকাশ করেছেন, সুস্মিতা বিশ্বাস তার পরীক্ষা খারাপ হয়েছে বলে সে আত্মহত্যা করেছে, সমীর মণ্ডল সেও পরীক্ষা খারাপ হওয়ায় আত্মহত্যা করেছে। আপনি কি খালি দুঃখ প্রকাশ করবেন ? মধ্যশিক্ষা পর্ষদ অটোনমাস বডি হতে পারে, আপনি সেই বডি ভেঙে দিন, নূতন কমিটি করুন। কমিটিতে একজনকে প্রাইমারী কাউন্সিলের থেকে নিয়ে আসুন। আপনি কি এই পরিবর্তনটা করতে পারবেন ? গোটা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার শিক্ষার ক্ষেত্রে যে সুনাম ছিল, শিক্ষার ক্ষেত্রে আমাদের সময়ে দ্বিতীয় স্থান ছিল, আজকে সেখানে সপ্তম স্থানে চলে এসেছে। আজকে প্রাথমিক শিক্ষা, মধ্যশিক্ষা, উচ্চশিক্ষা ব্যবস্থার ক্ষেত্রে যে চরম নৈরাজ্য চলছে, যে অরাজকতা চলছে, সেখানে মধ্যশিক্ষা পর্ষদ একটা বাস্তুঘুঘুর বাসায় পরিণত হয়ে গেছে। এটাকে আগে ভেঙে, সংস্কার করুন। তারপরে বোর্ডে কারা কারা সেখানে থাকবে, কে চেয়ারম্যান হবে, কে প্রেসিডেন্ট থাকবে, কে সেক্রেটারী হবে, সেটা ঠিক করবেন। প্রথমে দরকার বাস্তুঘুঘুর বাসাকে ভাঙা। সেটা না ভেঙে কিছু করতে পারবেন না। মধ্যশিক্ষা পর্ষদে যে দুর্নীতি চলছে, সেটা বন্ধ করতে হবে। উপযুক্ত লোকের হাতে পরিচালনা ব্যবস্থা তুলে দিতে হবে। পরীক্ষার সেন্টারগুলির কি অবস্থা ! গতকালকে পেপারে দেখেছেন দক্ষিণ দিনাজপুরে সি পি এম-এর পঞ্চায়েত প্রধান, তাঁর পাশে একজন মহিলা রোল নম্বর পাল্টাপাল্টি করে নিচ্ছেন, এর রোল নম্বর ও লিখছে, পরীক্ষার সেন্টারগুলির অবস্থাটা কি ? গণ-টোকাটুকি চলছে। শিক্ষা আজকে কোথায় চলে গেল। আজকে আপনি কেবলমাত্র একজনকে ঢোকাবার জন্য এই যে বিলটা আনছেন, এই বিলটাকে সমর্থন করতে পারছি না।

[2.20—2.30 p.m.]

তাই আমি এই বিলকে পূর্ণ সমর্থন করতে পারছি না। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ আমি অনুরোধ জানাতে চাই, ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে আপনারা ছিনিমিনি খেলবেন না। তাদের ভবিষ্যৎ আজকে অন্ধকার, এখানকার ছেলেমেয়েরা আজকে পিছিয়ে পড়ছে। আপনারা ক্ষমতায় এসে প্রাথমিক স্তর থেকে ইংরেজি তুলে দিলেন। আমাদের দলের

আন্দোলনের ফলে চাপে পড়ে, তেইশ বছর পরে কেঁচো গণ্ডুষ করে, আগামী বছর থেকে আবার প্রথম শ্রেণি থেকে ইংরেজি পড়ানো আরম্ভ করবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন। আপনাদের ভুলের জন্য আমাদের রাজ্যের ছেলেমেয়েরা সব জায়গায় পিছিয়ে পড়ছে। আমাদের রাজ্যের ছেলেমেয়েরা আই.এ.এস পরীক্ষায়, আই.পি.এস পরীক্ষায় পিছিয়ে পড়ছে। আজকে আমাদের রাজ্যের শিক্ষকরা তাদের প্রাপ্য টাকা পাচ্ছে না। আজকে ত্রিশ হাজার মাধ্যমিক শিক্ষক তাদের পেনশান, গ্র্যাচুয়িটি, প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছে না। আজকে পঞ্চাশ হাজার প্রাথমিক শিক্ষক তারা তাদের পেনশান, গ্র্যাচুয়িটি, প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছে না। আজকে রাজ্যের শিক্ষাব্যবস্থা টোটালি ফেলিওর। এ.বি.টি.এ করা কিছু শিক্ষক, যারা কান্তিবাবু জিন্দাবাদ করছেন, তাদের সেই জিন্দাবাদ শুনে আপনি ভাবছেন সব ঠিক আছে। প্রত্যেকদিন খবরের কাগজ খুললে দেখতে পাবেন, পশ্চিমবাংলার ছাত্র-ছাত্রী, অভিভাবকরা উদ্বিগ্ন, তাদের ভবিষ্যৎ অন্ধকারের দিকে চলে যাচ্ছে। আজকে শিক্ষাব্যবস্থায় আপনাদের রাজনীতি বন্ধ করতে হবে। একজন যোগ্য ব্যক্তিকে মধ্যশিক্ষা পর্ষদের চেয়ারম্যান করতে হবে। প্রাইমারী কাউন্সিলের চেয়রম্যানকে আপনি বোর্ডের মেম্বার করবেন বলেছেন, মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যানকেও বোর্ডের মেম্বার হিসাবে নেবার ব্যবস্থা করবেন বলে আমি আশা রাখি। আজকে মধ্যশিক্ষা পর্ষদের অপদার্থতার জন্য আপনি হাউসে দুঃখ প্রকাশ করেছেন। আজকে পাঁচ লক্ষ ষাট হাজার ছেলেমেয়ে মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে, কিন্তু তাদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। আজকে পরীক্ষা সেন্টারগুলিতে যে ভেনু ইনচার্জ এবং ইন্সপেকশন টিম করা হচ্ছে সেখানেও রাজনীতি করা হচ্ছে। আজকে পরীক্ষা ব্যবস্থা নিয়ে একটা নৈরাজ্য চলছে। কোচবিহার ট্রেজারি থেকে বায়োলজি এডিশনাল পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ পাওয়া গেছে। এর জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন জানাবেন ? মধ্যশিক্ষা পর্ষদ একটা অটোনমাস বডি, আপনি সেই অপদার্থ বোর্ডে প্রেসিডেন্টকে সরিয়ে দিয়ে, একজন অভিজ্ঞ শিক্ষাবিদকে আপনি বোর্ডের প্রেসিডেন্ট করুন। আজকে আপনাদের দলের লোক বলে প্রাইমারী কাউন্সিলের প্রেসিডেন্টকে মধ্যশিক্ষা পর্ষদের বোর্ডের মেম্বার করবেন। এই ব্যাপারে আমরা আপত্তি করলেও করবেন, আর না করলেও করবেন। আজকে নতুন করে কোনো স্কুলকে আপনি অ্যাফিলিয়েশান দিচ্ছেন না। আপনি বলছেন আমরা কোনো অর্থনৈতিক দায়িত্ব নেব না। আপনি বলেছিলেন দু হাজার টাকা রিজার্ভ ব্যাঙ্কে জমা দিয়ে দরখাস্ত করতে হবে অ্যাফিলিয়েশনের জন্য, কিন্তু তারা এখনও পর্যন্ত অনুমোদন পাচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন, কতগুলো হাইস্কুলকে আপনি রেকগনিশান দিয়েছেন ? আজকে প্রত্যেকটি জায়গায় আপনারা দলবাজি করছেন। আজকে আপনারা কন্ট্রাক্ট বেসিসে শিক্ষক নিয়োগ করছেন। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি জানতে চাইছি, শিক্ষক হিসাবে যাদের নিয়োগ করেছেন তার মধ্যে কতজন সিডিউল্ড কাস্ট, সিডিউল ট্রাইবস এবং ও.বি.সি শিক্ষক আছে ? শুধুমাত্র দলের লোকেদেরকে আপনারা শিক্ষক পদে নিয়োগ করছেন। গত বছর কলেজ সার্ভিস কমিশনের চেয়ারম্যান নিজে বলছেন, রিজারভেশন আমাদের উচ্চশিক্ষা ব্যবস্থাকে পঙ্গু করে দিচ্ছে।

আপনি কি ব্যবস্থা নিয়েছেন উচ্চশিক্ষামন্ত্রী ? আজ পর্যন্ত তাঁকে তাড়াতে পেরেছেন ? আজকে প্রাইমারী কাউন্সিলের প্রেসিডেন্টকে মেম্বার করে লাভ কি ? তাতে কি মধ্যশিক্ষা

পর্ষদের উন্নতি হবে ? মধ্যশিক্ষার অবস্থার উন্নতি হবে ? মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করব, এই বাস্তুঘুঘুর বাসা মধ্যশিক্ষা পর্ষদ বোর্ডকে ভেঙে দিন এবং দক্ষ, অভিজ্ঞ লোককে সেখানে বসিয়ে সুষ্ঠুভাবে যাতে পরিচালিত হতে পারে তার ব্যবস্থা করুন। ম্যানেজিং কমিটিতে পঞ্চায়েত নমিনি দেওয়ার ব্যবস্থা করেছেন কেন ? কেন সেখানে পঞ্চায়েত নমিনি থাকবে ? সেখানে শিক্ষিত লোককে দেওয়ার ব্যবস্থা করুন। মধ্যশিক্ষা পর্ষদের দুর্নীতি বন্ধ করে সুষ্ঠু শিক্ষার পরিবেশ, সুস্থ শিক্ষাব্যবস্থা বজায় রাখুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বাচ্চামোহন রায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের যে সংশোধনী প্রস্তাব এনেছেন তাকে আমি সমর্থন করছি। এই সংশোধনীতে বলা হয়েছে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা সংসদের সভাপতিকে মধ্যশিক্ষা পর্ষদের সঙ্গে যুক্ত করা হবে। আর একটা প্রস্তাবও এনেছেন যে, দার্জিলিং পার্বত্য পরিষদের স্থলে দার্জিলিং স্বশাসিত পার্বত্য পরিষদ হিসাবে গ্রহণ করা হবে। এই সংশোধন দুটি আমি সমর্থন করছি।

যেহেতু এটা শিক্ষা সংক্রান্ত বিষয়, সেই সূত্রে এই রাজ্যের শিক্ষার কয়েকটি বিষয় আমি তুলে ধরছি। পশ্চিমবঙ্গে শিক্ষাব্যবস্থার অগ্রগতি অত্যন্ত সন্তোষজনকভাবে হয়েছে। আমরা জানি এর আগে পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থা অত্যন্ত জটিল ছিল। তখনকার দিনে পরীক্ষা সম্বন্ধে কোনো নিশ্চিত ধারণা আমাদের থাকত না, ফলাফল কবে প্রকাশিত হবে তারও নির্দিষ্ট সময়সীমা থাকত না। আজকে রাজ্যের ছাত্রছাত্রীরা সঠিক সময়ে পরীক্ষা দিতে পারে এবং ফলাফল প্রকাশের ব্যাপারে নিশ্চিত থাকতে পারে, কেননা মধ্যশিক্ষা পর্ষদ থেকে সুষ্ঠুভাবে এটা করা হচ্ছে। অপরদিকে দেখছি রাজ্য সরকার শুধু শহরেই নয়, গ্রামগঞ্জের শিক্ষাক্ষেত্রগুলোতেও উদ্যোগ, উদ্দীপনা এনেছে, বিস্তৃতি এনেছে, তাই আমরা দেখতে পাচ্ছি এখন মাধ্যমিক পরীক্ষার মেধা তালিকায় শহরের ছেলেদের সঙ্গে জেলার স্কুলগুলোর ছাত্রছাত্রীরাও থাকছে। এতেই প্রমাণ হয় যে, আমাদের পশ্চিমবাংলার শিক্ষা ক্ষেত্রে কি ধরনের উন্নতি হয়েছে। এক্ষেত্রে যে ধরনের ব্যবস্থা, উদ্যোগ নেওয়া দরকার, সেটাই নেওয়ার ফলে পশ্চিমবঙ্গব্যাপী শিক্ষার উদ্দীপনা সৃষ্টি হয়েছে। এইভাবেও বলতে পারি, আজকে মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক পরীক্ষায় ১৯৯৭ সালে যেখানে পাশের হার ছিল ৬৮.১৪ শতাংশ, ২০০৩ সালে সেখানে ৭০.৪৩ শতাংশ হয়ে গেছে। এতেই বোঝা যাচ্ছে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। আগে আমরা দেখতাম প্রথম বিভাগে খুব কম ছেলেমেয়ে পাশ করত, তৃতীয় বিভাগেই খুব বেশি ছেলেমেয়ে পাশ করত।

[2.30—2.40 p.m.]

আজকে আমরা দেখছি, তার বিপরীতে দেখা যাচ্ছে যে প্রথম বিভাগে পাশের শতকরা হিসাব বৃদ্ধি পাচ্ছে আর তৃতীয় বিভাগে পাশের শতকরা হার হ্রাস পাচ্ছে। এতে বুঝা যাচ্ছে যে লোকের মধ্যে লেখাপড়ার প্রতি ঝোঁক বেড়েছে, শিক্ষার অগ্রগতি হচ্ছে। পশ্চিমবাংলায় বিদ্যালয়ের সংখ্যাও বেড়ে গেছে। আজকে পশ্চিমবাংলায় মাধ্যমিক

বিদ্যালয়ের সংখ্যা ১২ হাজার ৮৬-র মতো। মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র সংখ্যা বেড়েছে। আজকে আমাদের স্বীকার করতেই হবে পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা উন্নত হচ্ছে। আজকে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রও প্রসঙ্গক্রমে এসে পড়ে। গ্রামে অনেক জায়গায় প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে। দরিদ্র শিশুরা যাতে সুযোগ থেকে বঞ্চিত না হয় তার জন্য বিভিন্ন জায়গায় শিশু শিক্ষা কেন্দ্র স্থাপিত হচ্ছে। পশ্চিমবাংলায় শিক্ষার বিস্তার ক্রমান্বয়ে বাড়ছে, উন্নত হচ্ছে, অগ্রসর হচ্ছে। আমাদের শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাই। একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঠিকই আমাদের শিক্ষার বিস্তার হচ্ছে কিন্তু একটা বিষয়ে আমরা লক্ষ্য করছি যে ছাত্র এবং শিক্ষকদের অনুপাত সেটা প্রাথমিক স্কুলে ঠিক নেই। সময়মতো শিক্ষক নিয়োগ না করার ফলে আমাদের স্কুলে লক্ষ্য করা যাচ্ছে যে ছাত্র এবং শিক্ষকের অনুপাত অস্বাভাবিক। তার ফলে স্কুলের পড়াশোনার ক্ষেত্রে কিছু বিঘ্ন ঘটছে। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ক্ষেত্রেও সেটা লক্ষ্য করা যাচ্ছে। ছাত্র-শিক্ষকের অনুপাত যাতে ঠিক থাকে, সেদিকে আপনাকে দৃষ্টি দিতে হবে। পরিকাঠামোগত দিকটাও আপনাকে দেখতে হবে। রাজ্য সরকারের তরফে বিভিন্ন জায়গায় স্কুল নির্মাণ করা হয়েছে, সরঞ্জাম দেওয়া হয়েছে, স্যানিটেশনের ব্যবস্থাও করা হয়েছে, কিন্তু আমরা লক্ষ্য করছি রাজ্যের বিভিন্ন স্কুলে বিশেষ করে প্রাথমিক স্কুলে স্যানিটেশনের ব্যবস্থা সেভাবে করা যায়নি। স্যানিটেশনের ব্যবস্থা করা বিশেষ প্রয়োজন। মাধ্যমিক স্কুলগুলোর গৃহনির্মাণ বাকি আছে, সেগুলো করা দরকার। বি.ইউ.পি এবং এম.পি ল্যাডের টাকায় কিছু বিদ্যালয়গৃহ নির্মাণ করা হয়েছে। এই কথা বলে মাননীয় মন্ত্রী যে সংশোধনী এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ সংশোধনী বিধায়ক ২০০৪ এই বিল এনেছেন। ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ আইন উনি সংশোধন করতে চাইছেন। আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। আমার প্রশ্ন হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয় কেন আপনার এটা মনে হলো যে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদে প্রাইমারী স্টেট কাউন্সিলে চেয়ারম্যান বা সভাপতিকে অন্তর্ভুক্তি করতে হবে ? করলে সুবিধা কি ? নিশ্চয়ই কোনো না কোনো কারণ আছে, যে কারণে আপনি তাঁকে অন্তর্ভুক্ত করতে চাইছেন। এর আগে ১৯৬৩ সালে যে অ্যাক্ট হয়েছিল তার ১৯এ-তে কি ছিল এবং সেখানে বলা আছে কমিটিতে কারা কারা আছেন ? The Executive Committee shall consist of the following members–According to the previous rule the committee shall consist of the President means, President of the Secondary Board, the President West Bengal Council of Higher Secondary Education, Ex-Officio.

এই এগজিকিউটিভ কমিটিতে কারা আছেন ? আর কে কে আছেন, কতজন এক্স-অফিসিও আছেন ? (b) the Director of School Education, Government of West Bengal, ex-officio, (d) the Deputy Director of Secondary

Education (I), Government of West Bengal, ex-Officio. (e) The Deputy Director of Secondary Education (for Women), Government of West Bengal, ex-Officio. (f) five persons elected by the Board in the manner provided by regulations from amongst the members referred to in clauses (8), (9), (10), (11), and (12) of section 4. (g) five person elected by the Board in the manner provided by regulations from amongst the members referred to in clause (14) of section 4. (h) one person elected by the Board in the manner provided by regulations from amongst the members referred to in clause (15) of section 4. (i) two persons elected by the Board in the manner provided by regulations from amongst the members referred to in clause (16) and clause (18) of section 4; (j) members referred to in clause (17) of section 4. The President shall be the Chairman of the Executive Committee and the Secretary to the Board shall be the Secretary of the said committee.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ যে অ্যাক্ট সম্বন্ধে বলছিলাম সেটা প্রিভিয়াস অ্যাক্ট ছিল যেটা উনি অ্যামেন্ডমেন্ট করতে চাইছেন। আমার বক্তব্য হচ্ছে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদের প্রশ্নপত্র আপনি কেন কন্ট্রোল করতে পারেন না ? কেন ছাত্র-ছাত্রীদের আত্মহত্যা করতে হয় ? আজকে কাকদ্বীপের একজন বিধায়ক বলছিলেন সুস্মিতা নামে একটি ছাত্রী আত্মহত্যা করেছে ? এই পাপের বোঝা উঠবে আপনার ঘাড়ে। আপনি এখানে আইন সংশোধন করতে চাইছেন। আমার প্রশ্ন প্রাইমারী স্কুল কাউন্সিলে চেয়ারম্যানকে নিয়ে এসে কি এমন মহাভারত শুদ্ধ হবে ? কাজটা এতে কি এমন গতিশীল হবে ? এখন প্রাইমারী স্কুলের কাউন্সিলের যিনি সভাপতি তাঁর কাজ অনেক। কি তাঁর দায়িত্ব ? তাঁর দায়িত্ব সমস্ত প্রাইমারী স্কুলের সব রকম বন্দোবস্ত ঠিকমতো লক্ষ করা এবং বর্তমানে যে সর্বশিক্ষা অভিযানের কথা বলছেন, যে প্রাথমিক শিক্ষা বিস্তারের কথা বলছেন—গতকাল আপনি হাউজে ছিলেন কিনা না জানি না, আমি রাজ্যপালের ধন্যবাদসূচক প্রস্তাবের উপরে আলোচনার সময় বলছিলাম যে আপনি এক সময় বলেছেন আমাদের প্রাথমিক শিক্ষায় অনেক সমস্যা আছে। সেই সমস্যা হচ্ছে মিড-ডে মিলের সমস্যা, স্কুলের স্যানিটেশনের ব্যবস্থা নেই এবং যার জন্যই প্রাথমিক স্কুলে ছাত্রছাত্রীরা আসছে না। আপনি কুচবিহারে গিয়ে বক্তব্য রেখেছেন প্রাইমারী এডুকেশান সম্পর্কে। সেখানে বলা হয়েছিল ছেলেরা বই পাচ্ছে না, আপনি বলেছিলেন টাকা নেই, বই কিনবো কোথা থেকে ? সর্বশিক্ষা অভিযানের টাকা নেই, বই দেবো কোথা থেকে ? যেখানে এত সমস্যা সেখানে এতগুলো মানুষ যে কমিটিতে আছেন সেখানে এই মানুষটাকে আরেকটা নতুন পদে ব্রীত করার কি দরকার ছিল মাননীয় শিক্ষামন্ত্রী দয়া করে তাঁর জবাব দেবেন ?

[2.40—2.50 p.m.]

আপনি হয়তো অনেক বোঝেন, কিন্তু আমরা আমাদের অভিজ্ঞতার মধ্যে থেকে বুঝতে পারছি যে এই কমিটিতে তাঁকে নিয়ে এলে নতুন করে গতি সঞ্চিত হবে না, তাঁর

কি অভিজ্ঞতা আছে যে সাহায্য করতে পারেন যার জন্য ওখানে নেবেন ? এর আগে এই ধরনের প্রস্তাব বা বন্দোবস্ত মধ্যশিক্ষা পর্ষদের করার প্রয়োজন হয়নি, হঠাৎ দীর্ঘদিন পরে মনে হয়েছে করা দরকার। মধ্যশিক্ষা পর্ষদের কথা বলতে গিয়ে আপনি কি বলেছেন ? গতকাল আমি আপনার কথা বিভিন্ন ইলেকট্রনিক্স মিডিয়াতে শুনছিলাম এবং সংবাদপত্রেও দেখলাম—মাননীয় মন্ত্রী মহাশয় আপনার জন্য দুঃখ হয়, আপনি নিজেও এমন একটা অবস্থার মধ্যে আছেন যেখানে আপনার দলকে রক্ষা করতে গিয়ে দিনের পর দিন নিজে শিক্ষক হওয়া সত্ত্বেও শিক্ষক বা শিক্ষাবিরোধী কার্যকলাপে লিপ্ত হতে হচ্ছে। গত পরশুদিন আমরা এই বিধানসভায় প্রশ্ন তুলেছিলাম, আলোচনা হয়েছিল, আমি অ্যাডজোর্নমেন্ট মোশান দিয়ে বলেছিলাম ইংরেজি প্রশ্নপত্র অত্যন্ত কঠিন হয়েছে। কেমন কঠিন হয়েছে সেটা আর বিস্তারিত বলছি না আপনি হয়তো জানেন। আপনি কি একবারও মধ্যশিক্ষা পর্ষদের বর্তমান সভাপতি দিব্যেন্দু হোতা মহাশয়কে 'মঙ্গলগ্রহ' সম্বন্ধে যে প্যারাগ্রাফ ছাত্র-ছাত্রীদের লিখতে দেওয়া হয়েছে সে সম্বন্ধে জিজ্ঞাসা করেছেন ? একজন মাধ্যমিক পরীক্ষার্থী এ ব্যাপারে কতটুকু জানেন ? তিনি কি এটা ফিল করেছেন ? তিনি কি ফিল করেছেন ইকোগ্রাম বলতে কি বোঝায় ? আমি বানান ভুল নিয়ে কিছু বলছি না, কারণ হয়তো বলবেন এটা প্রিন্টিং মিসটেক। আমি এই হাউজের সদস্য এবং আপনাদের দলের সদস্য মিনা সনাতনির সঙ্গে এ ব্যাপারে আলোচনা করছিলাম। সত্যিই তো একজন শিক্ষক-শিক্ষিকা এটা নিয়ে ভাবুন আজকে কোথায় গিয়ে পৌঁছেছে অবস্থাটা। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের ব্যর্থতার কথা বলতে গিয়ে শুধুমাত্র স্কুল পরিচালনা নয়—এ ব্যাপারে গোবিন্দবাবু বিস্তারিত বলেছেন। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের প্রশ্নপত্রের জন্য আত্মহত্যার বিষয় বলতে গেলে আপনি বললেন 'কি করব ওটা তো স্বয়ংশাসিত সংস্থা'। আপনি হস্তক্ষেপ করতে পারবেন না। হায়ার সেকেন্ডারিতে হস্তক্ষেপ করতে পারবেন না, কারণ ওটা স্বয়ংশাসিত সংস্থা, বেসরকারী স্কুল-কলেজ—কলেজ আবার আপনার হাতে নেই। বেসরকারী স্কুলের ক্ষেত্রেও বলবেন ওদের পরিচালন সমিতি রয়েছে হস্তক্ষেপ করতে পারব না। তাহলে আপনার নিজের হাতে কি থাকল ? কয়েকটা সরকারী স্কুল আছে। তাহলে যারা আজকে এই অপদার্থতা, দুর্নীতি, অন্যায় করল, যারা দায়ী, তাদের বিরুদ্ধে কোনো কথা বলবেন না ? মাননীয় মন্ত্রিমহাশয় আজকে আপনি এখানে যে বিল এনেছেন মধ্যশিক্ষা পর্ষদের ব্যাপারে আমরা যখন জিজ্ঞাসা করব তখন বলবেন আমিও স্বয়ংশাসিত নই আমার উপরে বুদ্ধদেববাবু আছেন। বুদ্ধদেববাবুকে জিজ্ঞাসা করা হলে তিনি হয়তো বলবেন আমিও স্বয়ংশাসিত নই, আমাদের পার্টিকে বলুন, আসলে শাসন তো ওখান থেকেই হচ্ছে। এইভাবে হয় না। তাই বলছি আপনি নিশ্চয়ই জবাব দেওয়ার সময় এ ব্যাপারে বলবেন।

আপনারা ইংরেজি তুলে দিয়েছিলেন এবং আবার দেখা যাচ্ছে নতুন করে চালু করছেন। দু' বছর আগেও যারা নবম, দশম ক্লাসে পড়তো তারা আজকে পিছনের দিকে তাকিয়ে দেখছে ক্লাস ওয়ানের ছাত্ররা ইংরেজি পড়ার সুযোগ পাচ্ছে, কিন্তু তারা ক্লাস ফাইভের আগে তা পেল না এবং তার মধ্যে আবার আজকে এই প্রশ্নপত্র এসে উপস্থিত হল। এই বিলের আলোচনার প্রসঙ্গে আমি আবার আপনাকে অনুরোধ করব ওই ইংরেজি পরীক্ষার্থীদের ব্যাপারে ভাবুন। দ্বিতীয়বার ওদের পরীক্ষা নিতে পারেন কিনা দেখুন।

আমি আবার এই সভায় দাবি করছি যে, গ্রেস নম্বর দেওয়ার যদি ব্যবস্থা করেন—মাননীয় দিব্যেন্দু হোতা মহাশয় বলেছেন যে, 'যাঁরা খাতা পরীক্ষা করবেন, আমি তাঁদের সহানুভূতির সঙ্গে খাতা পরীক্ষা করতে বলেছি', আমি এই সহানুভূতির সঙ্গে খাতা পরীক্ষা করার মানে বুঝলাম না—এই সহানুভূতির সঙ্গে খাতা পরীক্ষা করার মানে কি এটা যে, কেউ নাম লিখলেই বা কোশ্চেন অ্যাটেম্পট্ করলেই কি তাকে নম্বর দেবেন ? আমার মনে হয়, মাননীয় শিক্ষামন্ত্রী ওনার সঙ্গে আলোচনা করে ঘোষণা করুন যে, ছাত্র-ছাত্রীদের এই গ্রেস নম্বর দেওয়া হবে—সেটা ৭ নম্বর হতে পারে, ৮ নম্বর হতে পারে, ৯ নম্বর হতে পারে, ১০ নম্বর হতে পারে। কিন্তু যত নম্বর আপনি দেবেন বলে মনে করছেন তাহলে ইট উইল বি ফেয়ার, অ্যান্ড ইট উইল বি ডিগনিফায়েড। আমি অনুরোধ করছি যোগ্যতার সঙ্গে সংশ্লিষ্ট কাজটা করা দরকার। আমি আবার বলছি, প্রাইমারী স্কুল কাউন্সিলের সভাপতিকে বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের সঙ্গে সংযুক্ত করে একজন সদস্য মনোনীত করলে একজিকিউটিভ কমিটিতে সদস্য সংখ্যা বাড়বে, কিন্তু তাঁদের দিয়ে বোর্ড পরিচালন পদ্ধতির কোথাও কোনো উন্নতি হবে না। তাই আমি এই বিলের বিরোধিতা করছি।

**শ্রী অশোক কুমার দেব** : স্যার, গতকাল মাননীয় মন্ত্রী মহাশয়, এখানে নিজে দুঃখ প্রকাশ করেছেন—ছাত্র-ছাত্রী মারা যাওয়ার পর দুঃখ প্রকাশ করেছেন। প্রশ্ন লিক আউট হয়েছে, প্রশ্ন কঠিন হয়েছে এবং তারপরও দিব্যেন্দু হোতাকে রেখে দিচ্ছেন। যাঁরা সভাপতি হবেন তাঁরা কোনো দলের হবেন না—এরকম হলেই ভালো হয়। কংগ্রেস শাসন ক্ষমতায় থাকার সময় কখনও কোনো দলের লোককে সভাপতি করা হয়নি। আমার মনে হয় এর সঙ্গে মাদ্রাসা বোর্ডকে অ্যাড করা দরকার। তাহলে মনে হয় একটা সুন্দর পরিবেশ গড়ে উঠতে পারে।

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ (সংশোধন) বিধেয়ক, ২০০৪ এখানে উত্থাপন করা হয়েছে। সেই সম্পর্কে মাননীয় সদস্যদের কথা শুনেছি। আমি মাননীয় সদস্য শ্রী বাচ্চামোহন রায় যে বক্তব্য রেখেছেন, তাঁর সেই বক্তব্যের উত্তরে আমি বলছি যে, উনি যথার্থভাবে বলেছেন যে, আমাদের রাজ্যে শিক্ষকপিছু ছাত্র-ছাত্রীর সংখ্যা, সারা ভারতে শিক্ষক পিছু যে ছাত্রছাত্রীর সংখ্যা আছে, তার তুলনায় বেশি—এটা অত্যন্ত সত্য। কিন্তু এটা মাননীয় সদস্যরা জানেন যে, গত ২৫ বছরে পশ্চিমবঙ্গে যত সংখ্যক অতিরিক্ত বিদ্যালয় স্থাপন করা হয়েছে ভারতবর্ষের আর কোনো রাজ্যে এত সংখ্যক অতিরিক্ত বিদ্যালয় স্থাপন করা হয়নি। পশ্চিমবঙ্গে যত সংখ্যক অতিরিক্ত শিক্ষক পদ তৈরি করা হয়েছে, ভারতবর্ষের আর কোনো রাজ্যে এত সংখ্যক অতিরিক্ত শিক্ষক পদ তৈরি করা হয়নি। পশ্চিমবঙ্গে শিক্ষক পিছু ছাত্র-ছাত্রীর সংখ্যা বেশি। গত ২৫ বছরে এই রজ্যে যে পরিমাণ ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে, এত পরিমাণ বৃদ্ধি ভারতবর্ষের অন্য কোনো রাজ্যে বাড়েনি। এটা সমস্যা। এটা হচ্ছে প্রবলেম অফ গ্রোথ। এর থেকে আমাদের বেরিয়ে আসার চেষ্টা করতে হবে। সব দিকে বেশি শিক্ষক পদ সৃষ্টি করা দরকার। এখানে শিক্ষকপিছু ছাত্র-ছাত্রীর সংখ্যা এত বেশি যে, একজন শিক্ষকের পক্ষে

ব্যক্তিগতভাবে সব ছাত্র-ছাত্রীর প্রতি মনোনিবেশ করা অসুবিধাজনক। এর থেকে বেরিয়ে আসার জন্য চেষ্টা করতে হবে। বিভিন্ন বিদ্যালয়ের পরিকাঠামোর সমস্যার কথা উল্লেখ করেছেন—যথার্থভাবেই এটা উল্লেখ করেছেন। এখানে গত ২৫ বছরে সরকারি ব্যয়বরাদ্দ যদি দেখেন তাহলে দেখবেন যে, এখানে বিদ্যালয়ের পরিকাঠামো, গৃহ নির্মাণ, পানীয় জল, গ্রন্থাগার, বিজ্ঞানাগার ইত্যাদিতে রাজ্য সরকার যে ব্যয় করেছেন, ভারতবর্ষের অন্য কোনো রাজ্য যেমন—বিহার, উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র—সেখানকার সরকার এ বাবদ এত অর্থ ব্যয় করেননি। এখানে যেভাবে ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধি ঘটেছে, যেভাবে উন্নয়ন ঘটেছে—এর জন্য যে পরিমাণ অর্থ ব্যয় করার দরকার সেই পরিমাণ অর্থ আমাদের পক্ষে ব্যয় করা সম্ভব হয়নি। সমস্যা আছে। এর থেকে বেরিয়ে আসতে হবে। এ সম্পর্কে বিন্দুমাত্র সন্দেহ নেই। মাননীয় সদস্য শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর মহাশয়ের প্রশ্নের উত্তরে আমি পরে আসছি। এখন আমি মাননীয় অসিতবাবুর ২-১টি প্রশ্নের উত্তর দিচ্ছি।

[2.50—3.00 p.m.]

আপনি পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের সমস্যার কথা বলেছেন, তার ভূমিকার কথা বলেছেন—গোবিন্দবাবু সে কথা বলেছেন। অবিভক্ত কংগ্রেস—যখন আপনারা ছিলেন তখন ১৯৭৩-৭৬ সালে এই বিধানসভায় তুহিন সামন্ত থেকে আরম্ভ করে যে সমস্ত কংগ্রেস বিধায়ক বক্তৃতা করেছেন—দয়া করে সেই পাতাগুলি একটু ওল্টাবেন। তুহিন সামন্ত থেকে শুরু করে কংগ্রেসের বিধায়করা তদানীন্তন কংগ্রেস সরকারের আমলে শিক্ষা সম্পর্কে যে প্রচণ্ড আক্রমণ করেছেন, আইন নেই, শৃঙ্খলা নেই, একই ছাত্র ২ বার এম-এ পাস করেছে একই বছরে—সেই সময় কংগ্রেস সরকারের শিক্ষা সম্পর্কিত যে কদর্য চিত্র—সেই তুহিন সামন্ত থেকে শুরু করে কংগ্রেসের একাধিক বিধায়ক এখানে উল্লেখ করেছেন। আমাদের পশ্চিমবঙ্গের বিধানসভার গ্রন্থাগারে সেই সমস্ত প্রসিডিংস আছে, বই আছে, একটু খুলে দেখবেন। এরপরও যদি আপনাদের শালীনতা বোধ থাকে তাহলে সমালোচনা করতেন না। এই সমস্ত কথা সেখানে বলা আছে। আপনারা এক্‌জামিনেশনের কথা বলেছেন। একটা কথা আমি অসিত মিত্রকে বলতে চাইছি যে, শিক্ষা তত্ত্বে শিক্ষা সংস্থার স্বাধিকার সারা বিশ্বব্যাপী এটাকে গুরুত্ব দেওয়া হয়। পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার এই স্বাধিকারের প্রতি আমরা যত্নবান। সেই জন্য বারে বারে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমরা অভিনন্দন পেয়েছি এবং শিক্ষামন্ত্রীদের সম্মেলনে, শিক্ষাবিদদের সম্মেলনে একথা উল্লেখিত হয়েছে, শিক্ষা কমিশনে একথা উল্লেখিত হয়েছে যে, পশ্চিমবাংলায় শিক্ষা সংস্থার স্বাধিকার সবচেয়ে বেশি সুরক্ষিত—তাই থাকা উচিত। একবিংশ শতাব্দীর শিক্ষা কমিশন—সেই শিক্ষা কমিশনও স্বীকার করেছে যে শিক্ষা সংস্থার স্বাধিকার থাকা উচিত। কেন্দ্রীয় সরকার যে মডেল ইউনিভার্সিটি অ্যাক্ট প্রবর্তন করতে চাইছে, তার বিরুদ্ধে, আপনার দলও বিরুদ্ধাচরণ করেছে, আপনার কথার সাথে তার কোনো মিল নেই কেন্দ্রীয় সরকারের মডেল ইউনির্ভাসিটি অ্যাক্ট-এর যে ড্রাফট প্রকাশ করেছে তার বিরুদ্ধে কংগ্রেস দল আপত্তি করেছে। আপনি পরীক্ষার কথা বলেছেন। গতকাল আমার

বিবৃতিতে বলেছি—অন্যান্য রাজ্যের সাথে আমাদের রাজ্যের তুলনা করা যায় না। কিন্তু অন্য রাজ্যের পরীক্ষার কথা বললেন—সেখানে দেখবেন পরীক্ষায় কি হয়—লোকসভায় স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতি দেখবেন, সেখানে কি দুঃখজনক ঘটনা—ছাত্রের আত্মহত্যার ঘটনা—এটা অত্যন্ত বেদনাদায়ক। এটা নিয়ে রাজনীতি করতে চাই না। ছাত্রের আত্মহত্যা করা, সেটা আমাদের সকলের পক্ষে বেদনার, সকলের পক্ষে—বিশেষ করে শিক্ষকসমাজের পক্ষে। অন্য রাজ্যের তুলনায় ভাল থাকা সত্ত্বেও আমরা বলি যে আমাদের রাজ্যের আলাদা স্বাতন্ত্র্য আছে। ১৮২৩ সালে এই বাংলার মাটি থেকে প্রথম রামমোহন শিক্ষার কথা বলেছেন—গোটা ভারতবর্ষের মানুষ কৃতজ্ঞতার সহিত তা স্মরণ করে। এই রাজ্যে প্রথম ১৯০৬ সালে শিক্ষা পরিষদ গঠন হয়েছিল, গোটা ভারতবর্ষ তাকে অনুসরণ করেছিল। বাংলার মানুষ আমরা যারা আছি আমরা তাদের কাছে কৃতজ্ঞ। এইজন্য দায়িত্ব আমাদের বেশি, সেকথা আমরা স্বীকার করি। সেইজন্য আমাদের যে দোষত্রুটি আছে অন্য রাজ্যের সাথে তুলনা করবার প্রশ্ন নয়, আমাদের খতিয়ে দেখতে হবে এই সমস্ত ত্রুটিগুলি দূর করবার জন্য। প্রাথমিক শিক্ষা সম্পর্কে গোবিন্দবাবু বলেছেন—আপনিও বললেন। একটা জিনিস বুঝবেন যে, মাধ্যমিক—মধ্যস্তরে শিক্ষা—মাধ্যমিক শিক্ষা—প্রাথমিক থেকে উত্তীর্ণ হয়ে মাধ্যমিক স্তরে আসে, মাধ্যমিক থেকে উত্তীর্ণ হয়ে উচ্চমাধ্যমিকে যাবে। এখানে যদি ধারাবাহিকতা বজায় রাখতে হয়—শিক্ষার বিভিন্ন স্তরের মধ্যে যদি সাযুজ্য বজায় রাখতে হয়, তাহলে অনিবার্যভাবে প্রাথমিক শিক্ষার যিনি মূল দায়িত্বে আছেন তাকে আনা দরকার। তারা যে দৃষ্টিভঙ্গি থেকে, যে শিক্ষা দর্শনকে ভিত্তি করে প্রাথমিক স্তরের শিক্ষার ক্রম-পাঠক্রম করেছেন, সেই দর্শনের কথা যদি মাধ্যমিক স্তরে না আসে তাহলে মাধ্যমিকের পাঠক্রম তৈরির ক্ষেত্রে চিন্তা-ভাবনা অসম্পূর্ণ থেকে যায়। একইভাবে উচ্চমাধ্যমিক স্তরে যে শিক্ষা ভাবনা করবে সেখানে মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি থাকেন। একইভাবে বিশ্ববিদ্যালয়ে সেখানে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি তিনি পদাধিকারবলে ওখানে সদস্য হন। এটাই পদ্ধতি। সেক্ষেত্রে কিছু ঘাটতি ছিল। আমাদের অভিজ্ঞতায় দেখা গেছে—প্রাথমিক শিক্ষায় যিনি মূল দায়িত্বপ্রাপ্ত অর্থাৎ পশ্চিমবঙ্গের প্রাথমিক শিক্ষা পর্ষদের যিনি সভাপতি, তাকে পদাধিকারবলে মধ্যশিক্ষা পর্ষদের সদস্য থাকা উচিত, কার্যকরী সমিতির সদস্য থাকা উচিত। যাতে ধারাবাহিকতা বজায় থাকে। তার অভিজ্ঞতার কথা যথেষ্টভাবে এখানে প্রতিফলিত হতে পারে। এখানে গোবিন্দবাবু আপনি বলেছেন—আমরা যখন ছিলাম তখন শিক্ষায় দ্বিতীয় স্থানে ছিলাম। এই তথ্য কিসের ওপর ভিত্তি করে বলছেন যে, বাংলা ভারতবর্ষে দ্বিতীয় স্থানে ছিল ? এ বিষয়ে একটা ডকুমেন্টও দেখাতে পারবেন ? ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত সমস্ত তথ্য আমার কাছে আছে, কোথাও এ রকম কোনো উল্লেখ নেই যে, পশ্চিমবঙ্গশিক্ষা ক্ষেত্রে ভারতবর্ষে দ্বিতীয় স্থানে ছিল, এখন নেমে গিয়েছে। এটা আপনার কল্পনা। এটা বাস্তব নয়।

গোবিন্দবাবু শিক্ষকদের পেনসন সম্বন্ধে বলেছেন। উনি নিজেও একজন শিক্ষক, শিক্ষকদের পেনসনের ব্যাপারে ওঁর উদ্বেগ থাকাই উচিত। আমি ওনার অবগতির জন্য

জানাচ্ছি গত ২৯ তারিখ থেকে গোটা পশ্চিমবাংলায় ১ লক্ষ ৫২ হাজার ৬৫৯ জন বিদ্যালয় শিক্ষক পেনসন পাচ্ছেন। এর মধ্যে মাধ্যমিক শিক্ষক ৬৩,২৮৪ জন। গোটা দেশে একটা জায়গা দেখান তো, গোটা ভারতবর্ষে একটা রাজ্য দেখান, যেখানে এর অর্ধেক শিক্ষক সরকারী কোষাগার থেকে পেনসন পান ? একটা রাজ্যও দেখাতে পারবেন না। বাংলার শিক্ষক সমাজের প্রতি আমাদের দায়বদ্ধতা আছে এবং আমরা তাঁদের প্রতি শ্রদ্ধাশীল। তাই তাঁদের সুযোগ-সুবিধার কথা আমাদের ভাবতেই হবে। গোবিন্দবাবু বলেছেন অনেক কেস জমে রয়েছে। তিনি যদি পেনসন প্রদানকরণে, সল্ট লেকের কার্যালয়ে গিয়ে একটু খোঁজ নেন, তাহলে দেখবেন পশ্চিমবাংলার যে সমস্ত প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষক অফশনে পেনসনের আবেদন করেছেন, গত ২৯শে ফেব্রুয়ারী পর্যন্ত তাঁদের সংখ্যা ৪২২৩, যাঁদের কেস বিবেচনাধীন আছে। এ মাসের মধ্যেই তাঁদের পেনসন প্রদান করা সম্ভব হবে। গোটা ভারতবর্ষের মধ্যে একটা তুলনাহীন ভূমিকা আমাদের রাজ্যে আমরা পালন করছি। ভারতবর্ষে আর এমন একটা রাজ্য সরকার দেখাতে পারবেন না যারা এই ভূমিকা পালন করছে।

তারপর গোবিন্দবাবু বিদ্যালয় কৃত্যক আয়োগ সম্বন্ধে কিছু কথা বলেছেন। তাদের শিক্ষক নিয়োগ পদ্ধতির সমালোচনা করেছেন। যদি তিনি রাজনীতি করার জন্য ওইসব কথা বলে থাকেন তাহলে আমার কিছু বলার নেই। আমাদের রাজ্যে বিদ্যালয় কৃত্যক আয়োগের মাধ্যমে আমাদের রাজ্যে যোগ্যতাসম্পন্ন শিক্ষক নিয়োগ করা হচ্ছে। সর্বাধিক যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা নিজ যোগ্যতা, নিজ মেধায় শিক্ষক হিসাবে নিয়োগপত্র পাবার সুযোগ পাচ্ছেন। এই অভিনব ব্যবস্থা আমরা পশ্চিমবাংলায় প্রবর্তন করেছি। ভারতবর্ষের আর কোথাও এ জিনিস নেই।

গোবিন্দবাবু শিক্ষার মানের সম্বন্ধে প্রশ্ন তুলেছেন। জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ শিক্ষার মান নিরূপণের জন্য ৯ম শ্রেণী ও একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের পরীক্ষার মধ্যে দিয়ে একটা সমীক্ষার ব্যবস্থা করেছিলেন। তাঁরা বিভিন্ন রাজ্যে একই দিনে নবম শ্রেণী এবং একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের তিনটি বিষয়ে পরীক্ষা নিতে বলেছিলেন। সেই ভিত্তিতে পরীক্ষা গৃহীত হয়েছিল এবং জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ ফলাফল প্রকাশ করেছে। গোয়া, মিজোরাম, নাগাল্যান্ড, এই রকম ৩/৪টে ছোট রাজ্য বাদ দিয়ে নবম এবং একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের শিক্ষার মানের ক্ষেত্রে পশ্চিমবাংলা প্রথম স্থানে। এটা আমাদের গর্বের কথা। জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের বই এটা স্বীকার করেছে। মাননীয় সদস্যকে আমি জিজ্ঞাসা করি আপনি কি বাংলার মানুষ হিসাবে এ বিষয়ে গৌরব অনুভব করেন না ? এ বিষয়ে গর্ব অনুভব না করলে আমার বলার কিছু নেই। ওদের বইতে এটা বলা আছে।

তারপর গোবিন্দবাবু উত্তেজনায় বা অতি উৎসাহে মমতা ব্যানার্জীর কথা বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ যদি আমাকে সমালোচনার সুযোগ দেন তাহলে আমি ওই বিষয়ে কিছু বলতে পারি। আমার মনে হয় যখন প্রশংসা করার সুযোগ দেয়া হয়েছে, তখন সমালোচনার

সুযোগও দেয়া উচিত। যেহেতু তিনি এই সভার সদস্যা নন, সেহেতু আমি তাঁর সম্বন্ধে এখানে কিছু বলতে পারছি না। সুতরাং গোবিন্দবাবুর ওই বক্তব্যে আমি আপত্তি জানাচ্ছি। তবে ওঁকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, নাম নিয়ে প্রশংসা করলে সমালোচনারও ঝুঁকি থেকে যায়। একথা আমি বিনীতভাবে স্মরণ করিয়ে দিচ্ছি।

আমার বক্তব্য আর দীর্ঘ না করে বলব যে, আমাদের এবারের মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে গতকালই আমি বলেছি যে, এ বিষয়ে কোনো দ্বিমত নেই—পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে আশুতোষ মুখার্জীর বক্তৃতা আমি এখানে একাধিকবার উল্লেখ করেছি। বাংলার বাঘ আশুতোষ মুখার্জী বলেছিলেন, "প্রশ্ন-কর্তা তাঁর পাণ্ডিত্যের অবতারণা যেন প্রশ্নপত্রে না করেন। পরীক্ষার্থীদের মন এবং মানসিকতা বিবেচনা করে প্রশ্নকর্তা প্রশ্ন করুন।" আশুতোষ মুখার্জী সেই আমলে এটা অনুভব করেছিলেন যে, এই ভুল অনেকেই করেন। তাঁদের একটু শিক্ষা নেয়া উচিত। যে পরীক্ষার্থীরা মাধ্যমিক পরীক্ষা তথা জীবনের প্রথম পরীক্ষা দিচ্ছে তারা যদি মনে করে যে তারা জীবনের প্রথম পরীক্ষায় উত্তীর্ণ হতে পারবে না, তাহলে মানসিক আঘাত থেকে জীবন বিঘ্নিত হতে পারে। জীবনের ক্ষতি হয়ে যেতে পারে। সুতরাং প্রশ্নপত্র-কর্তার এই দায়িত্ববোধ থাকা উচিত, এটা বোঝা উচিত, দায়িত্বশীলতার পরিচয় দেয়া উচিত। যিনি খাতা দেখবেন তাঁর দায়িত্বশীলতার পরিচয় দেয়া উচিত।

[3.00—3.10 p.m.]

শিক্ষা এমনই বিষয়—যাঁরা প্রশ্ন করবেন, যাঁরা প্রশ্ন পর্যালোচনা করবেন, যাঁরা পরীক্ষা পরিচালিত করবেন, যাঁরা খাতা দেখবেন এবং যাঁরা ফল প্রকাশ করবেন তাঁরা লক্ষ লক্ষ ছেলে-মেয়েদের জীবন নিয়ে কাজ করছেন, তাঁদের দায়িত্বশীল হওয়া উচিত। আমাদের রাজ্যের যথেষ্ট সুনাম আছে। সুনাম থাকা সত্ত্বেও যদি কোথাও দোষত্রুটি থাকে—এখানে রাজনীতির প্রশ্ন নয়—সূক্ষ্মভাবে বিচার করতে হবে, বিশ্লেষণ করতে হবে, সেই শিক্ষাব্যবস্থাকে ত্রুটিমুক্ত করতে হবে। শিক্ষা জগতের যে কোনো মানুষকে এই বিষয়ে এগিয়ে আসতে হবে, পরামর্শ দিতে হবে। আমাদের এই ধরনের কোনো উন্নাসিকতা নেই যে দোষত্রুটি যদি কোথাও থেকে থাকে সেগুলি আমরা স্বীকার করবো না, সেইগুলি দূরীভূত করার চেষ্টা করবো না—এই ধরনের উন্নাসিকতা কোনো দায়িত্বশীল ব্যক্তির থাকা উচিত নয়। আমাদের সরকারেরও তা নেই। দোষত্রুটি যেখানেই থাক, দুর্বলতা যেখানেই থাক তা দূর করতে হবে। আপনারা জানেন, বিশাল সংখ্যক পরীক্ষার্থীর পরীক্ষার খাতা যাঁরা দেখেন তাঁদের ব্যক্তিগত মানসিকতার অবস্থাটা কি আছে, পরিবেশ কি আছে, তার উপর অনেক সময়ে নির্ভর করে। আমি বারে বারে বলেছি, পরীক্ষকদের আরো দায়িত্বশীল হওয়া উচিত। একটা ছেলের পরীক্ষার খাতা সে দেখছে যে ছেলেটি বছরের পর বছর রাত জেগে সারাদিন ধরে পরিশ্রম করে পরীক্ষা দিয়েছে, সেই পরিশ্রমের ফল পরীক্ষার খাতায় প্রতিফলিত হয়, সুতরাং তার প্রতি বিন্দুমাত্র অবিচার না করে বারেবারে পরীক্ষকদের বলেছি অত্যন্ত সচেতনভাবেল আমাদের আদরের পরীক্ষার্থীদের পরীক্ষার খাতা দেখবেন যাতে বিন্দুমাত্র অবিচার না করা হয়। এক্ষেত্রে কখনও কখনও ভুল-ভ্রান্তি হয়, কিন্তু সেই ত্রুটি-বিচ্যুতি দূর

করতে হবে—শিক্ষার্থীদের কাছে এবং শিক্ষাপ্রিয় মানুষের কাছে সেটাই আমাদের অঙ্গীকার এবং সেই অঙ্গীকার আমরা দায়িত্বশীলতার সাথে পালন করতে চাই।

**মিঃ ডেপুটি স্পীকার :** মিঃ বিশ্বাস, আপনি একটু বসুন। এই সময়টা ৩টে ৫ মিনিটে শেষ হওয়ার কথা। কিন্তু দেখছি আরো সময় লাগবে। তাই সভার অনুমতি নিয়ে আরো ১৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম। আশা করি, সভার সদস্যদের অনুমতি আছে। এবার আপনি বলুন ?

**শ্রী কান্তি বিশ্বাস :** আজকে যে বিধেয়কটি এনেছি সেটা আর কিছুই নয়, 'দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ' এই শব্দসমূহের স্থলে, 'দার্জিলিং গোর্খা স্বশাসিত পার্বত্য পরিষদ' এই শব্দসমূহ প্রতিস্থাপিত করতে হবে। প্রাথমিক শিক্ষার সাথে সম্পর্ক বজায় রাখার জন্য, তার পাঠক্রমের সাথে ধারাবাহিকতা বজায় রাখার জন্য পদাধিকারবলে প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতিকে মধ্যশিক্ষা পর্ষদের কার্যকরী কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। আশা করি সকলেই সমর্থন করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

## Clauses 1-3

The question that Clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

## Preamble

The question that Preamble do stand part of Bill was then put and agreed to.

**Shri Kanti Biswas :** Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2004 as settled in the Assembly, be passed.

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ (সংশোধন) বিধেয়ক, ২০০৪ এখানে পেশ করবার পর যা আলোচনা হল।

উনি কথায় কথায় তুহিন সামন্ত থেকে আরম্ভ করে অনেকের কথা বলছেন। তুহিন সামন্ত মারা গেছেন। বিধানসভায় সেই সময় আমি ছিলাম, ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত আমি ছিলাম। সেই সময় বিরোধী দলের আপনারা কেউ আসেননি। তিনজন মাত্র সদস্য ছিলেন আর.এস.পি.-র, বেস্টারউইচ, তিমির ভাদুড়ি এবং আর একজন। এই তিনজন আসতেন। আমরা সেই সময় সরকারকে সচেতন করার জন্য, সরকারকে সঠিকভাবে পরিচালিত করবার জন্য সরকারের ভুল এবং ত্রুটি-বিচ্যুতিগুলো দেখিয়েছি, অনেক সময় বিরোধিতা করেছি। আজকে দুঃখ লাগে, এই সংখ্যাগরিষ্ঠ লাভ করেও বলতে পারেননি। আপনাদের বলার মুরোদ নেই, ন্যায়-অন্যায় বলার মুরোদ নেই, প্রকৃতপক্ষে আপনাদের বলা উচিত ছিল। মধ্যশিক্ষা পর্ষদে যে শিক্ষাব্যবস্থা তাতে যে ত্রুটি-বিচ্যুতিগুলো আছে সেটা

জনসমক্ষে আসছে। মাননীয় মন্ত্রী মহাশয় ক্ষমা চাইলে কি হবে ? তিনি তো অন্যায় করেননি। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় দোষ স্বীকার করলেন। সেখানে প্রকৃতপক্ষে যারা দোষ করছে তাদের শাস্তি দিন। এর আগে তো দেখলাম সভাপতিকে সরিয়ে দিলেন। একটার পর একটা ঘটনা ঘটেছে। কেন ঘটছে এটা ? আসলে বিসমিল্লায় গলদ, গোড়ায় গলদ। সেইগুলো বিশ্লেষণ করে বার করুন। নিরপেক্ষভাবে চেষ্টা করুন। দলগত চিন্তা-ভাবনা না করে নিরপেক্ষতা বজায় রাখার চেষ্টা করুন। শিক্ষাক্ষেত্রে সাধারণ বুদ্ধিজীবী থেকে আরম্ভ করে শিক্ষাবিদ নিয়ে আসুন। শুধু বাছাই করে আপনাদের প্রধানদের নিয়ে আসবেন না।

**শ্রী অশোক দেব** : স্যার, কান্তিবাবু যে কথা বললেন, আমি অবাক হয়ে গেলাম, সরকার পক্ষের একজনও সদস্য তার বিরোধিতা করলেন না। অন্যায় করলেন দিব্যেন্দু হোতা আর ক্ষমা চাইলেন কান্তিবাবু। এতে তো তিনি অন্যায়কে প্রশ্রয় দিলেন। আমরা কি চাই ? আমরা চাই যারা অন্যায় করবে তাদের শাস্তি দিন। শাস্তি দিয়েছেন ? দেননি। কারণ হচ্ছে দিব্যেন্দু হোতা তাঁদের দলের লোক বলে। নিরপেক্ষ হলে তিনি এই কাজ করতেন না। আমরা বারে বারে বলেছি প্রেসিডেন্ট নিরপেক্ষ লোক হবে, দলের লোক হবে না। এই শিক্ষা জগতে যারা বাধার সৃষ্টি করছে, অন্যায় করছে তাদের শাস্তি দিন, যে শিক্ষক অন্যায় করছে তাদের শাস্তি দিন। পদ্মনিধিবাবু আপনি একজন শিক্ষক, শিক্ষকোচিত কথা বলুন। আপনার স্কুলে যদি কেউ অন্যায় করে, আপনি তাকে শাস্তি দেবেন না ? কান্তিবাবু ক্ষমা চান সেটা আমরা চাই না, ক্ষমা যদি চান তাহলে বুঝবো তিনি তার সঙ্গে জড়িত আছেন।

The Motion of Shri Kanti Biswas that The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 2004 as settled in the Assembly be passed was then put and agreed to.

## Adjournment

The House was adjourned at 3.10 p.m. on 12.03.04 till Monday, 3.00 p.m. on 15.03.2004 at the Assembly, Kolkata.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 15th March, 2004 at 3.00 p.m.

### PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 27 Ministers, 13 Ministers of State and 164 Members.

[3.00 p.m.–3.10 p.m.]

### ANNUAL FINANCIAL STATEMENT

### Presentation of Annual Financial Statement of the Government of West Bengal for the Year 2004-2005

**Dr. Asim Kumar Dasgupta :** Mr. Speaker, Sir, with your permission, I rise to present the Annual Financial Statement for the financial year 2004-2005.

Since the elections to the Parliament have been announced, it is deemed necessary in accordance with the code of conduct for elections to seek a Vote-on-Account for the first four months beginning April 1, 2004.

While presenting the Annual Financial Statement, I shall briefly mention in the first part of the presentation the principle of economic reforms that the State Government has been following on the basis of an alternative economic policy. The difference between this alternative policy and the policy of the Central Government will be discussed in the second part of the presentation. Results of the policy followed by the State Government will be analysed in the third part and the financial crisis through which the State Government is now passing will be discussed along with its causes and remedial measures in the concluding part of the presentation.

1

Within the existing socio-economic framework, the alternative programme of economic reforms that the State Government is repeatedly proposing has a definite perspective. The State Government considers that with a social objective in view, the essence of economic reforms lies in moving towards more competition by reducing, as far as possible, monopolistic interests in

every sphere. Since the most burning problem before the country and also the State is that of unemployment, the main social objective of economic reforms should be to increase employment generation by efficiently enhancing production and by expansion of services. Keeping this social objective in view, one important action of economic reforms would be to reduce, within the market framework, the monopolistic interests of a few large industrialists, land-lords, big farmers and big trading concerns and take steps towards more competition and efficiency through numerous middle and small industrialists, small farmers and common traders. As a result of these steps, not only will there be an increase in production and employment generation, there will also be an improvement in accountability of the producers and traders to the common people. In the same manner, in the spheres where the welfare role of the Government is essential (in infrastructure, education, public health etc.), it will be important, as the other point of action, to keep the social direction and overcome the monopolistic interests within the Government itself by moving towards more competition, i.e., towards more decentralisation so that there is an improvement in management efficiency of the Government as well as its accountability to the common people. Towards this end, it will be necessary to take steps for appropriate decentralisation in financial powers and also in administration. This will mean decentralisation from the Centre to the States, and within the State, from the State level to the district level, and in the rural areas from the district level through the Panchayat system to the blocks and then to the level of villages, and in the urban areas through the municipalities to the level of wards. In this process of decentralisation, the last word, however, is not the Panchayats and the municipalities. The last word for ensuring accountability is the involvement of people through these Panchayats and municipalities. Keeping in view the main objective of employment generation, the cooperatives and self-help groups will join in these decentralisation efforts in coordination with the activities of the Government, the Panchayats and municipalities and also upholding the requirement of accountability. The non-Government organisations may also participate in the same manner.

2

2.1 Honourable Members are aware that on the basis of conditionalities of IMF loan and WTO agreement, the Central

Government has also been following over the last 13 years a path of so-called liberalisation and a different programme of economic reforms. Our alternative policy and economic reforms is significantly distinct from the reforms programme of the Centre. Employment generation, it may be noted, has not been made th main social objective of the policy of economic reforms of the Central Government. The main emphasis of this policy has been on liberalisation of imports in India's domestic market at an extremely rapid pace. Through the rapid reduction in tariff and removal of quantity restrictions, the domestic industry and agriculture were not given adequate time for preparation, and imports really got a "liberalised" entry. Exports from India, however, did not get an equally "liberalised" entry into the foreign markets. Recently, restrictions are being imporsed by the First World countries, particularly the United States, on "Outsourcing" from India. As a result of this one-sided policy of liberalisation and economic reforms of the Central Government, the gap between the Indian imports and exports increased from Rs. 3,809 crore in 1991-92 (the year of introduction of this policy) by about 11 times to reach a figure of Rs. 42,069 crore in 2002-03 (Reserve Bank of India, 2003-04). In consequence of this loss of market in the net sense, the domestic industry and agriculture have been badly affected, the reflection of which is seen in terms of increase in the incidence of unemployment. According to the latest data of the Government of India, the number of registered unemployment alone has now crossed 4 crore. In other words, the economic reforms programme of the Central Government has moved in the opposite direction from the main objective of employment generation upheld in our approach to economic reforms.

2.2 In addition, due to the inadequate opportunity for internal preparation and indiscriminate entry of imports, a large number of domestic small and medium industrialists and common farmers have been specially affected. On the other hand, it is primarily the products of large external manufacturers and multinational companies which have in the process entered into the domestic market. As a result of the Central policies, therefore, the monopolistic content of the overall production matrix has increased. This is a step against the required move towards more competition as emphasised in our alternative policy of economic reforms. We have held the view that necessary time and suppport would have to be given for preparation of the domestic industry and agriculture

for creating a situation of equal competition with the First World countries. On the basis of the preparation and after ensuring a core of efficient self-reliance, we can accept the challenge of globalisation on the basis of relative advantage. In this context, it will be urgent on our part to raise this issue in alliance with other Third World Countries at the WTO, and make all the efforts at revising the earlier conditions of agreement.

[3.10–3.20 p.m.]

2.3 After the announcement of the Central policy on economic reforms in 1991, the process of curtailment of the public distribution system has satrted. The availability of foodgrains through the public distribution system declined sharply from 208 lakh tonnes in 1991 to 177 lakh tonnes in 1999, and then further to 132 lakh tonnes in 2001. This curtailment of public distribution system has taken place in a period when the Central foodgrains stock has nearly doubled from 285 lakh tonnes in 1996 to 580 lakh tonnes in 2002. In the background of such large food stock, this curtailment in public distribution system has not only resulted in reducing the per capita daily availability of foodgrains in the country from 510 grams in 1991 to 414 grams in 2001 (Economic Survey, Government of India, 2002-2003), it has, by weakening the competitive countervailing power of public distribution system, also encouraged the monopolistic interests in the trading sphere of essential commodities. In the interest of introducing this competitive force, we have in our alternative economic reforms programme repeatedly emphasised the need for introduction of an efficient public distribution system from the national level in coordination with the States.

2.4 For the same reason, in the sphere of socially significant industries, the presence of efficient Central Public Sector Units can introduce countervailing forces of competition and help maintain a balance against the monopolistic interests. However, in the policy of the Centre, assaults have been made in recent years on all Central Public Sector Units, including the profit-making ones. The latest exercise on disinvestment of shares of profit-making O.N.G.C. is yet another example of weakening the countervailing power of an important Central Public Sector Unit in a socially significant sector.

This assault on Central Public Sector Units has seriously affected 27 such units located in West Bengal. It is found that the

process of disinvestment has already started here for the profit-making ones, and closure or winding up of the remaining ones has been attempted by curtailing the budgetary allotment. As a result, interests of nearly 2.28 lakh workers and employees have been severely affected. In this context, we have held the view that profit-making Central Public Sector Units should not be closed, and revival schemes should be worked out, after consultation with workers, for the sick units. Even for the closed units, attempts with a social perspective should be made for alternative industrial use on the land of the same units.

2.5 In a similar manner, decision on disinvestment has been taken for nationalised insurance institutions and banks, despite the fact that several of these institutions have started earning profits. As a result, the entire banking system has started losing its sense of social direction. In specific terms, in West Bengal, in spite of the banks having deposits of more than 92 thousand crore, the overall credit-deposit ratio in the State has fallen to 44 per cent, with this ratio dipping even below 25 per cent in the districs. At the same time, cooperation on the part of the banks has been found lacking in extending credit to the small farmers, small industrialists, self-employment schemes and self-help groups–a cooperation which could have helped the development of domestic competitive forces. In the formulation of alternative economic reforms, we have strongly held the view that the social position of the banks should be restored and adequate credit provided to these priority sectors in the interest of competition and employment generation.

2.6 In the Centre's programme of economic reforms, it may be noted, there is no reference to land reforms. But, in the alternative economic reforms, land reforms constitute for agriculture and allied sectors the basis for a move towards competition, enhancement of production and employment generation as also the basis for development of internal market for industrial products.

2.7 The Government of India had in the intitial years restricted the application of liberalisation-based central economic reforms within its own sphere. Recently, however, the conditionalities of this reforms programme are also being imposed on the State Governments by linking certain Central allotments to these conditionalities. Moreover, no effective steps have yet been taken to implement the decision of Chief Ministers' conference on transfer of centrally sponsored schemes in the State subjects along

with funds to the States. On the contrary, in recent years guidelines of these schemes have been made increasingly centralised. A new kind of Central intervention has, of late, been made even in the sphere of cooperatives, so long recognised as an important State subject. At the same time, a significant shortfall to the tune of Rs. 3,789 crore has taken place in the years from 2001-02 to 2003-04 in the share of Central taxes to West Bengal from the sums estimated by the Eleventh Finance Commission. In other words, in the Centre-State relationship, there has not only been an infliction of a loss of financial resources for the State, but also an infringement on its decision-making powers. Confronted with this situation, we have repeatedly raised in the alternative economic reforms the need for lessening the monopoly powers of the Centre and the consequent need for decentralisation of both economic and decision-making powers from the Central Government to the States and then from the State level to the districts and below, as already mentioned earlier.

2.8 As a result of the Central economic reforms, not only has the incidence of unemployment increased as noted earlier, but the inequality between the rich and the poor has also widened. According to the analysis of latest and comparable National Sample Servey data (2000-01), it has been found that although the real per capita consumption expenditure of the top 20 per cent of urban population and the top 10 per cent of rural population of the country has increased over the 1990s, that of the bottom 70 per cent of the total population, and specially bottom 80 per cent of rural population has not shown any perceptible change over these years, and in fact has shown a fall towards the end.

2.9 Increase in the incidence of unemployment and related limitation of the purchasing power of a vast majority of common people has brought into surface an inherent contradiction in the IMF-WTO-led economic reforms policy. There is, on the one hand, an attempt to liberalise imports with the intention of capturing the Indian domestic market by the multinational companies. On the other hand, as a result of this liberalisation of imports, the domestic industry and agriculture have been adversely affected, unemployment has increased and the purchasing power of common people has became limited, causing a damage to India's domestic market itself–the market which the multinational compaines had intended to capture. It is thus extremely difficult to get out of the self-contradictory cycle of this policy.

2.10 In recent years, a strong voice of protest against this anti-people and self-contradictory policy of IMF and WTO has therefore been raised not only by multitude of common working people across the countries, even Professor Joseph Stiglitz, the Nobel Laureate economist has resigned from the post of Vice-Prsident of World Bank and started writing against this policy (Globalisation and its Discontents, 2002).

2.11 Keeping this perspective and interests of the vast majority of common people of the country in view, we have briefly presented contours of the alternative economic policy and reforms, indicating the difference with the policy adopted by the Central Government.

3

3.1 Honourable Members, this alternative policy of economic reforms, as already noted earlier, is applicable for the country as a whole. Only those aspects of this policy which is feasible within the limited powers of the State has formed the basiks of a modest programme of action in West Bengal over the past years.

However, it needs to be kept in mind that when a different policy of liberalisation is being followed from the national level, with its massive adverse impact on the States, it is specially difficult to implement an alternative policy within a State.

3.2 In the midst of this difficult situation, the main objective behind the implementation of alternative policy of economic reforms in this State has been, for reasons mentioned earlier, increase in employment generation as far as possible through enhancement of production in agriculture, allied sectors and in industry and expansion of services, with the necessary support of facilities in infrastructure (power, irrigation, roads etc.) and in Social Sectors (Public health, education etc.). The main pillars for implementing this alternative programme of reforms in the State have been, again for reasons already mentioned, a move towards competition and decentralisation. From implementation of this programme, there have been successes, and there have also been areas of weaknesses—weakness which we have to overcome.

3.3 Since the main basis of lessening monopolistic interests and movement towards competition in agriculture and allied sectors, with implications for production and employment

generation, is rooted in land reforms, a special priority has been placed on land reforms in the State's programme for alternative economic reforms. Based on the strength of peasants' movement, administrative measures and assistance of the decentralised Panchayats, West Bengal has become the foremost among all the States in the implementation of land reforms. It is found from the latest State-wise data (May, 15, 2003) that of the total agricultural land distributed in the country, 20.4 per cent has been achieved in West Bengal alone, although only 3 per cent of the total agricultural land of the country is located in this State. The latest available data within West Bengal (January 31, 2004) show that the cumulative figure of distribution of vested agricultural land in the State has now reached 10.88 lakh acres, with the number of beneficiaries becoming 27.78 lakh, of whom nearly 56 per cent belong to the Scheduled Castes and the Scheduled Tribes. The number of beneficiaries from the distribution of joint patta has also increased to 4.99 lakh and that of women patta holders to 1.91 lakh.

The number of recorded share croppers has now touched the figure of 15.04 lakh, with nearly 42 per cent of beneficiaries again belonging to the Scheduled Castes and the Scheduled Tribes.

[3.20-3.30 p.m.]

3.4 It is upon keeping this priority on land reforms in fact that the agricultural policy of the State has been formulated. It has been clearly stated in this policy that, on the strength of land reforms, attempts will first be made to reach, as far as possible., self-sufficiency in foodgrains production in the State and then maintain this food security. Thereafter, attempts will be made to reduce deficit in all important crops in the State, so that not only the deficit is reduced but the production also remains gainful for sustaining employment generation. In addition, importance would also be attached to improve productivity (by using bio-technology and taking other measures) so that on the basis of adequate time and preparation, some position of equal competition is created on the foundation of which it may be possible to accept the challenge of globalisation in the manner mentioned earlier in section 2 of this presentation. This same approach has been maintained for the spheres on allied activities relating to fishery, animal resources and forests. In each of these spheres, thrust is on employment generation and also on setting up of industries related to these

spheres, so that further employment can be generated. Moreover, a priority has also been accorded to improving marketing framework (in coordination with the public distribution system and cooperatives, where necessary) for ensuring fair price for the common farmers, fishermen and other producers as well as for the ordinary consumers.

3.5 In order to make the basic measures of land reforms more effective in terms of production and employment generation, a special emphasis has been laid on extension of irrigation facilities and use of improved seeds and fertilisers. As a result, the total net irrigated area as a proportion of the total net agricultural area in the State has increased from 32 per cent in 1977-78 to nearly 65 per cent in 2002-03, and further to the estimated figure of 67 per cent in the current year (2003-04). In the use of improved seeds, particularly in paddy cultivation, while the coverage of improved variety of seeds in the total area of cultivation was 28 per cent in 1977-78, the coverage has steadily increased over the years and reached 90 per cent in 2002-03 and is estimated to reach nearly 92 per cent in the current year (2003-04). In the use of fertilisers, again, the consumption of chemical fertilisers per hectare in this State has not only remained higher than the all-States' average consumption in recent years, but the proportion of use of N, P and K in the State has also improved significantly to reach the ratio of 2.13 : 1.29 : 1 in the current year which is the closest among all States to the ideal proportion of 2 : 1 : 1. Simultaneously, an emphasis has also been has also been placed, for improving productivity and protecting soil quality, on the use of bio-fertilisers. It may be noted that a beginning has been made with the use of bio-fertilisers in the State increasing from 214.5 metric tonnes in 2002-03 to nearly 600.0 metric tonnes in the current year (2003-04).

3.6 In the implementation of all these programmes relating to land reforms, irrigation, improved seeds and fertilisers, the Panchayats have been involved in a decentralised and coordinated manner with the efforts of concerned departments. Because of these decentralised and coordinated efforts, there has been a noticeable upward trend in agricultural production in recent years in the State. From the latest data of the Central Statistical Organisation of the Government of India, it is found that over the period from 1990-91 to 1999-2000, while the all-States' average rate of growth of the Net State Domestic Product from agriculture has been 3.37 per cent, the

average rate of growth of Net State Domestic Product from agriculture in West Bengal has been 5.18 per cent which is the highest among all the States in this period.

3.7 Within this increase in the total agricultural production, priority in the alternative approach has been placed, in the first phase, on achieving self-reliance in foodgrains production. It is towards this end that all the steps mentioned above were directed. As a result, the foodgrains production has increased significantly from 74 lakh tonnes in 1976-77 to 155 lakh tonnes in the last year (2002-03), and is estimated to increase further to the level of 162 lakh tonnes in the current year (2003-04) which is very close to the total foodgrains requirement of 166.2 lakh tonnes of the State, thus achieving nearly 98 per cent of self-sufficiency. Within the foodgrains basket, the State's production of rice will increase further and is estimated to reach 147.5 lakh tonnes which will be much higher than the total requirement of rice of 131.6 lakh tonnes. With this level of production, the State will continue to occupy in rice production the first position among all the States. The production of potato is this year will be nearly 75 lakh tonnes, and here the position of West Bengal is Second among all the States. In the sphere of vegetables, the total production in the State will increase further to an estimated level of 114 lakh tonnes, occupying once more the foremost position in the country.

3.8 After attaining significant increases in the production of rice, potato and vegetables, it needs to be noted that there are areas of weakness and deficit. Although the total foodgrains production has now reached a level very close to total foodgrains self-sufficiency, within the foodgrains basket, in the case of wheat, the production in the last year was 8.87 lakh tonnes which is 44 per cent of the State's requirement of 20 lakh tonnes, and in pulses, the production in the last year was 1.68 lakh tonnes which is 14 per cent of the State's requirement of 11.67 lakh tonnes. Among other crops, the production of oilseeds in the last year was 4.76 lakh tonnes which is again 32 per cent of the total requirement of the State (15 lakh tonnes). After reaching the present phase of increase in the total foodgrains production in the State, it has now been pointed out in the agricultural policy that after attaining and maintaining self-sufficiency in the total foodgrains production, effective steps need to be taken to increase production in these

specific spheres of deficit, so that along with the reduction in deficit, the farmers will also get more gainful price which will help increase employment generation.

3.9 Keeping this specific objective of crop diversification in view, the Department of Agriculture in co-ordination with the Panchayats adopted in the current year (2003-04) a comprehensive programme in a decentralised manner. In this programme, demonstration centres were organised in nearly 22,500 villages spread over all the districts, where depending on the agro-climatic characteristics and soil conditions of the region, the farmers were directly involved in the application, free of cost, of improved seeds, fertilisers (including bio-fertilisers) and bio-technology, relating specially to the diversified crops. In addition, free seed kits and micro-nutrients were also distributed to 2.20 lakh and 60 thousand farmers respectively. Regarding the supply of improved seeds, the State has already reached the level of self-sufficiency in paddy and mustard oilseeds. For other crops, steps have been taken to enhance the internal production of improved seeds and other bio-inputs so that the State's need can be increasingly met from the State's production with further possibility of employment generation. Toward this end, efforts have already been initiated to revitalise the State agricultural farms in the districts, and also encourage private initiatives in this sphere.

3.10 As a result of these total efforts, the production of wheat in the State will increase from 8.87 lakh tonnes in the last year by 24 per cent to reach an estimated level of 11 lakh tonnes in the current year, the production of pulses will increase from 1.68 lakh tonnes by 25 per cent to reach 2.10 lakh tonnes and the production of oulseeds will increase from 4.76 lakh tonnes by 16 per cent and touch the level of 5.53 lakh tonnes in the current year. It is through this programme of crop-diversification that the process of reduction of deficit between the State's requirement and internal production has started for these specific crops.

3.11 With the implementation of this agricultural policy at the State level, the sum total of mandays generated from enhanced production of each crop has increased after this specific programme of crop-diversification, with total generation of mandays from agricultural production in the State increasing from 138.20 crore mandays in the last year by 5.02 crore to reach 143.22 crore mandays in the current year. With these additional 5.02 crore

mandays thus created, and on the norm of generation, on average, of one employment for 300 mandays in a year, a possibility of additional employment generation of 1.67 lakh has been created in agriculture in the current year.

3.12 As part of the balanced diversification in terms of the State's agriculture policy, culivation of vegetables, horticulture and floriculture have been encouraged, primarily for creating income-generating employment. Five special zones have been set up for the purpose of export of mango, pineapple, lichee, potato and vegetables, with a proper balance being maintained vis-a-vis internal demand. For encouraging floriculture, the process of gainful export to Europe through Netherlands has also started. In addition, efforts have been made to take the research in industrial use of different flower-based dyes to the level of commercial application.

3.13 In order to generate further employment by making the production of crops profitable, special emphasis has been given, as part of the agriculture policy, on setting up of agro-industries. With this objective, priority has been accorded to setting up of food parks at Haldia, Durgapur, Raghunathgunj, Englishbazar and Siliguri as well as creation of other infrastructures. As a result of these comprehensive steps, 134 new large and medium scale agro-industries have recently been set up in the State with an investment of about Rs. 757 crore.

3.14 In the agricultural policy of the State, in case of pisciculture, the main objective has been to attain self-reliance by reducing the gap between requirement of fish in the State and its production, and enhancing employment generation. For this purpose, the Department of Fisheries has, in coordination with the decentralised Panchayat system, taken initiative for increasing different types of water areas, and for effective training of fishermen in improved pisciculture. As a result, the total fish production in this State has, in recent years, increased steadily. Specifically, the fish production in the State will increase from 11.20 lakh tonne in the last year to 12.08 lakh tonne in the current year, thus meeting the internal requirement estimated at 11.67 lakh tonne, and this State will again occupy in fish production the first position among all States. As a result of increase in fish production, the potential that will be created in each area of fish production will

result in an additional employment generation of 70,392 in the current year.

[3.30-3.40 p.m.]

**শ্রী অশোক দেব** : মাননীয় মন্ত্রী মহাশয় এই মাত্র বললেন যে এই সব সামগ্রী বন্টন করা হয়। আমরা দীর্ঘদিন ধরে বলে আসছি যারা সত্যিকারের ক্ষতিগ্রস্ত হয়েছে তারা এটা পায় না, সত্যিকারের যারা ক্ষতিগ্রস্ত তাদের দেওয়া হোক। যেখানে যে দলের পঞ্চায়েত সেখানে তারাই এটা দিয়ে থাকে। কিন্তু যেখানে কংগ্রেস দলের পঞ্চায়েত আছে, সেখানে তাদের মাধ্যমে করেন না, যদি বা করেন তখন তাদের মাথায় আপনাদের নিজস্ব লোক বসে থাকেন। এটা যদি সত্যি প্রমাণিত হয় তাহলে আপনি কি ব্যবস্থা গ্রহণ করবেন ? মানুষ যখন অসহায় হয়ে আপনাদের কাছে যায় তখন আপনারা সরকারী পক্ষ না নিয়ে আপনাদের দলের লোককে কাজে লাগান।

**শ্রী হাফিজ আলম সৈরানী** : আপনি যা বললেন সে রকম নির্দিষ্ট কোনো অভিযোগ আমার কাছে নেই। থাকলে লিখিতভাবে জানাবেন। আইনকে এড়িয়ে গিয়ে এই রকম কাজ হলে ব্যবস্থা নেব।

**শ্রী বংশীবদন মৈত্র** : স্যার, বন্যা বা খরার মতো আপৎকালীন সময়ে খাদ্য, ত্রিপল প্রভৃতি দেওয়া হয়। উনি বললেন ৭৫ শতাংশ কেন্দ্রীয় সরকার এবং ২৫ শতাংশ রাজ্য সরকার দিয়ে একটা তহবিল আছে। আমার জিজ্ঞাস্য ২০০০ সালে যে বন্যা হল তাতে আমাদের ১৪০০ কোটি টাকার ক্ষতি হয়েছিল। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে বলা হয়েছিল। কেন্দ্রীয় সরকার ওই বাবদ কত টাকা রাজ্য সরকারকে দিয়েছিল ? আর, বারে বারে যে ক্ষতি হয় সেই টাকা কি কেন্দ্রীয় তহবিল থেকে ৭৫ শতাংশ হিসাবে রাজ্য সরকারকে দেওয়া হয় ?

**শ্রী হাফিজ আলম সৈরানী** : ১৪০০ কোটি টাকা ২০০০ সালের বন্যায় আমাদের এখানে ক্ষয়ক্ষতি হয়, আমরা ওই টাকা খরচ করি। কিন্তু এর মধ্যে মাত্র ১০৪ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে থেকে পেয়েছি। সেটা অতিরিক্ত টাকা নয়। ওই যে আমি বললাম 'ক্যালামিটি রিলিফ ফান্ড' বলে একটা ফান্ড আছে, সেই ফান্ডের টাকা পেয়েছি, অতিরিক্ত কোনো টাকা পাইনি। এই টাকার বাইরে কোনো টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাইনি। এর জন্য প্রাক্তন মাননীয় মুখ্যমন্ত্রীকে দিল্লীতে গিয়ে ধর্নায় বসতে হয়েছিল। এটা আমাদের লজ্জা। এছাড়া আর কোনো টাকা আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাইনি।

**শ্রী নেপাল মাহাত** : মাননীয় মন্ত্রী মহাশয়, ত্রাণের ব্যাপারে বললেন। আমরা দেখছি আগুনে ক্ষতিগ্রস্ত মানুষের ক্ষতিপূরণের জন্য যে সাহায্য দেওয়া হয় তা ক্ষতিগ্রস্ত ব্যক্তির কাছে পৌঁছতে অনেক দেরি হয়ে যাচ্ছে। এক্ষেত্রে সময়সীমাটা বেঁধে দেওয়া যায় কিনা ? যে,

এই সময়সীমার মধ্যে পাবে। এমনও দেখা গেছে ক্ষতিপূরণের টাকা পেতে পেতে ২ বছর লেগে গেছে! নিয়ম-নীতি সম্পূর্ণ করার পরও অনেক সময় বেশি সময় লেগে যাচ্ছে।

**শ্রী হাফিজ আলম সৈরানী** : এই প্রসঙ্গে বলে রাখা ভালো ২০০০ সাল পর্যন্ত 'কুটির বিমা প্রকল্প'র মাধ্যমে ফায়ার অ্যাকসিডেন্টের টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেতাম। কিন্তু ২০০০ সালের পরে এই টাকা দেওয়া বন্ধ করে দেয়। তার পর 'এইচ.বি.গ্রান্ট'-এ আগুনে ক্ষতিগ্রস্ত ঘর-বাড়ির ক্ষেত্রে আমরা দিই। আপনি সঠিকভাবেই বলেছেন অনেক সময় ফর্মালিটিসগুলো মেনে ডিমান্ড আমাদের কাছে আসতে দেরি হয়। এটা যাতে ত্বরান্বিত করা যায় তার জন্য নিশ্চয় চেষ্টা করব। আপনার এই দাবি পূরণের চেষ্টা করব।

**শ্রী আনন্দগোপাল দাস** : মাননীয় মন্ত্রী মহাশয় প্রাকৃতিক দুর্যোগের পর যে সমস্ত মেটিরিয়াল দেন সেগুলো পঞ্চায়েতে সমিতি পর্যন্ত যায়। কিন্তু এলাকার বিধায়কদের কাছে মানুষের অনেক চাহিদা থাকে, আমরা কিছু দিতে পারি না। সেই জন্য আমি বলতে চাই যখন কোনো এলাকায় প্রাকৃতিক দুর্যোগ হবে, তখন সেই এলাকার বিধায়কদের ত্রিপলজাতীয় কিছু স্পেসিফিক জিনিস দেওয়া যায় কিনা যদি একটু ভেবে দেখেন। এই ব্যবস্থা আছে কিনা বা না থাকলে করবেন কিনা ?

[11.20—11.30 a.m.]

**শ্রী হাফিজ আলম সৈরানী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে বিষয়টা এখানে উত্থাপন করেছেন, এখনো পর্যন্ত এরকম কোনো আইন নেই যাতে বিধায়কদের হাতে ত্রাণ বণ্টনের জন্য কিছু অতিরিক্ত সামগ্রী আমরা দিতে পারি। আমরা যেটা দিই সেটা হল যে, ঈদ উপলক্ষে এবং দুর্গাপূজা উপলক্ষে কিছু কাপড়-চোপড় এম.এল.এদের দিই যেটা তাঁরা তাঁদের এলাকায় যে সমস্ত গরীব মানুষ আছেন, তাঁদের মধ্যে বিতরণ করেন। আপনাকে নির্দিষ্টভাবে জানাচ্ছি যে, ইতিমধ্যে ত্রাণ দপ্তর থেকে প্রত্যেক বি.ডি.ও, এস.ডি.ও, ডি.এম.কে বলা হয়েছে যে, ত্রাণ সংক্রান্ত কোনো সুপারিশ যদি কোনো বিধায়ক করেন তাহলে সেই সুপারিশকে ডিউ রেসপেক্ট দিয়ে দেখার জন্য আমি অনুরোধ করেছি।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বললেন যে, ১৪০০ কোটি টাকার রিকোয়ারমেন্ট ছিল। কেন্দ্র ১০১ কোটি টাকা দিয়েছে। আমার প্রশ্ন, আপনি কত দিলেন ? টোটাল কত হল ? গ্যাপ কি হল ? যেটা বাকি থাকলো তাদের ফেট কি হল ?

**শ্রী হাফিজ আলম সৈরানী** : এভাবে যদি সঠিক পরিসংখ্যান আপনি চান যে, কোন কোন খাতে কত টাকা আমরা কিভাবে খরচা করেছি—সেটা এখনই আমার পক্ষে দেওয়া সম্ভব নয়। আপনি নির্দিষ্টভাবে প্রশ্ন করবেন, আমি নির্দিষ্টভাবে উত্তর দেওয়ার চেষ্টা করবো।

**শ্রী জ্যোতির্ময় কর** : কেন্দ্রীয় সরকারেরটা মনে থাকলো, আর আপনি কত দিলেন সেটা মনে থাকলো না। কেন্দ্রেরটা ছেড়ে দিন, আপনি কত দিয়েছেন সেটা বলুন। আপনি কত দিয়েছেন সেটা যদি আপনার মনে না থাকে তা হলে সেটা কে বলবে ?

**শ্রী কমলেন্দু স্যান্যাল** : মানীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—প্রলয়ংকর বন্যায় আমি যতদূর জানি রাজ্য সরকার ৬ হাজার কোটি টাকার উপরে খরচা করেছেন। এটা প্রধানত কোন কোন বিষয়ের উপরে সেটা আপনি বলবেন ?

**শ্রী হাফিজ আলম সৈরানী** : যেহেতু এই ঘটনা আজ থেকে প্রায় ৩ বছরে আগে ঘটেছে, সেজন্য নির্দিষ্টভাবে এখনই এই ফ্লোরে দাঁড়িয়ে আমার পক্ষে নির্দিষ্টভাবে তথ্য সহযোগে আপনার প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়। আপনি যদি নির্দিষ্টভাবে প্রশ্ন করেন তাহলে আমি নিশ্চয়ই তথ্য দিয়ে আপনার প্রশ্নের উত্তর দেওয়ার চেষ্টা করবো।

**শ্রী সমর হাজরা** : আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, আংশিক ক্ষতি হলে ১ হাজার টাকা এবং সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হলে ২ হাজার টাকা দিচ্ছেন। কিন্তু প্রাকৃতিক দুর্যোগ, অতিরিক্ত বৃষ্টি হলে বাড়ি-ঘর ক্ষতিগ্রস্ত হয় তাতে ১ হাজার টাকা বা ২ হাজার টাকায় সেগুলো মেরামত করা সম্ভব নয়। এই টাকার পরিমাণকে বাড়ানোর জন্য আপনার কোনো পরিকল্পনা আছে কিনা ?

**শ্রী হাফিজ আলম সৈরানী** : মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন, সেটা ঠিকই যে, বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদিতে যেভাবে বাড়ি-ঘর ক্ষতিগ্রস্ত হয় তাতে ১ হাজার টাকা বা ২ হাজার টাকায় ঘর-বাড়ি তৈরি করা সম্ভব নয়। কিন্তু আপনারা যেভাবে টাকা আমাকে দেন, সেইভাবে আমাকে খরচা করতে হয়। এব্যাপারে আপনারা যেরকম চিন্তিত, আমিও সেইরকম চিন্তিত। আপনারা যদি টাকা বেশি বেশি করে দিতে পারেন তাহলে আমি নিশ্চয় এই ক্ষেত্রে টাকা বাড়ানোর চেষ্টা করবো।

**শ্রী জানে আলম মিঞা** : মাননীয় অধ্যক্ষ সাহেব আপনার মাধ্যমে ত্রাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে জিজ্ঞাসা যে, চাবাগানগুলিতে লক-আউট, ক্লোজার ইত্যাদি হওয়ার ফলে কর্মবিহীন শ্রমিকরা যারা না খেয়ে মারা গিয়েছে, তার সংখ্যা কত ? এবং তাদেরকে কিভাবে রিলিফ আপনি দিয়েছেন এবং কত পরিমাণ দিয়েছেন সেটা জানালে উপকৃত হব।

**শ্রী হাফিজ আলম সৈরানী** : যে প্রশ্নটা আপনি তুলেছেন এইরকম কোনো খবর, কোনো রিপোর্ট আমার কাছে নেই যে চাবাগান বন্ধ হয়ে যাওয়ার জন্য না খেয়ে লোকে মারা গিয়েছে এইরকম খবর আমার দপ্তরে নেই। কিন্তু আমার দপ্তর থেকে যেহেতু, চাবাগান বন্ধ হয়ে যাওয়ার জন্য শ্রমিকরা কষ্টের মধ্যে আছেন, সেইজন্য আমরা কিছুটা জি.আর দেওয়ার চেষ্টা করেছি। ইতিমধ্যেই প্রায় ১০ লক্ষ টাকার মতো বিভিন্ন চাবাগানে খাদ্যশস্য বিতরণ করেছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে একটি অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞাসা করছি যে, আপনি যে হিসাব এখানে দিয়েছেন কেন্দ্রীয় সরকারের ১৪ শত কোটি টাকা গতবারে এবং এই ফাইনানসিয়াল ইয়ারে ২০০৩-০৪ সালে আপনার বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ছিল এবং সেই টাকা আপনি পুরো পেয়েছেন কিনা, কত টাকা সেখানে পেয়েছেন এবং সেই টাকার মাধ্যমে আপনি বন্যাপীড়িত এলাকা, খরাপীড়িত এলাকা বা

প্রাকৃতিক দুর্যোগপূর্ণ এলাকা, প্রাকৃতিক দুর্যোগে বিধ্বস্ত এলাকাতে সেই অনুযায়ী কত করে টাকা আপনি দিতে পেয়েছেন মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

**শ্রী হাফিজ আলম সৈরানী** : আপনি যে প্রশ্নটা এখানে রেখেছেন, আমি বলছি ক্লাইমেটিক রিলিফ ফান্ড বলে একটা ফান্ড আছে। ৩২ লক্ষ টাকা কেবলমাত্র প্ল্যান বাজেটে ছিল, এই ৩২ লক্ষ টাকার মধ্যে ৩২ লক্ষ টাকাই আমি পেয়েছি। বাকি যে নন্‌প্ল্যান বাজেট যেটা ১ শত ১১ কোটি টাকা, সেই টাকা কিভাবে খরচ হয়, সেই টাকার মোড অফ্ এক্সপেনডিচার কি সেটা আমরা ঠিক করি না, সেটা কেন্দ্রীয় সরকার ঠিক করে দেয় যখন পর্যন্ত কোনো দুর্যোগ ঘটছে না আর দুর্যোগ ঘটার পর তবে ওই টাকাটায় আমরা হাত দিতে পারি। টাকার কোনো অভাব নেই। আপনি যদি দুর্যোগ ঘটাতে পারেন আমি টাকা দিতে তৈরি আছি।

**শ্রীমতী মাফুজা বেগম** : অতিরিক্ত প্রশ্ন, ২০০০ সালে যখন আমাদের রাজ্যে বন্যা হয়েছিল ৯টি জেলায়—বন্যায় মানুষ যখন বিধ্বস্ত, বিপন্ন, তখন ওই বিরোধীদলের দিদি বলেছিল এটা ম্যান মেড। বন্যায় মানুষের পাশে না দাঁড়িয়ে বলেছিল ম্যান মেড। আমি ত্রাণমন্ত্রীর কাছে জানতে চাই যে ওদের ভাষা অনুযায়ী আগাম বন্যা করার কোনো পরিকল্পনা আপনার দপ্তরের আছে কিনা এবং থাকলে বন্যা হলেই তো ত্রাণের দরকার, সেই অনুযায়ী আপনার ত্রাণ দেওয়ার ব্যবস্থা আছে কিনা ?

**শ্রী হাফিজ আলম সৈরানী** : এই প্রশ্নটা আমাকে না করে যারা বলেছিল ম্যান মেড—আমরা বন্যা সৃষ্টি করি, আমার অনুরোধ আপনি তাদেরকে প্রশ্নটা করলে যথাযথ উত্তর দিতে পারত। আমার পক্ষে এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়।

[11.30—11.40 a.m.]

## Starred Questions

## ( to which oral answers were given )

### অনাথ আশ্রমের সংখ্যা

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২২০) **শ্রীমতী সোনালী গুহ** : নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে নারী ও শিশুদের জন্য সরকারী অনাথ আশ্রমের সংখ্যা কত ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : মোট ২৩টি

| | | |
|---|---|---|
| জে. জে. অ্যাক্টের অধীনে | - | ১৫ (শিশু) |
| ভবঘুরে হোম | - | ২ (নারী) |
| অবিধিবদ্ধ হোম | - | ৬ (নারী) |
| মোট | - | ২৩ |

**শ্রীমতী সোনালী গুহ** : স্যার, আপনার অনুমতি নিয়ে অতিরিক্ত প্রশ্ন করছি। এখন পর্যন্ত কত-জন অনাথ শিশু রাজ্যের অনাথ আশ্রমগুলিতে সেল্টার পেয়েছে ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : বর্তমানে সি.ভি. হোমে ৯০৩ জন এবং ডাইরেক্টর সোস্যাল ওয়েলফেয়ারের অধীন ১৬৫০ জন আছে, যার মধ্যে উত্তরপাড়ায় মহিলা ভবঘুরে ২০০ জন এবং মহানন্দা, মুর্শিদাবাদে ৩৯ জন।

**শ্রীমতী সোনালী গুহ** : অনাথ আশ্রমে যাঁরা আছেন তাঁদের জন্য পার মান্থ সরকারী বরাদ্দ কত টাকা এবং প্রকৃত অর্থে সে টাকা তাঁদের কাছে পৌঁছয় কি ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : তাদের খাওয়া-পরা এবং ওষুধ-পত্র বাবদ মাথাপিছু সরকারের পক্ষ থেকে মাসে ৫০০ টাকা করে ব্যয় করা হয়।

**শ্রীমতী সোনালী গুহ** : ভবঘুরেদের কিভাবে শনাক্ত করা হয় এবং তা কারা করে ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : ভবঘুরেদের পুলিশ শনাক্ত করে বিভিন্ন জায়গা থেকে ধরে কোর্টে পাঠায় এবং কোর্ট তাদের ভবঘুরে বলে চিহ্নিত করে হোমে পাঠায়।

**শ্রীমতী সোনালী গুহ** : আমরা দেখছি অনাথ আশ্রম থেকে মাঝে মাঝেই শিশুরা পালিয়ে যায়। পালিয়ে যাবার প্রবণতা ক্রমশ বাড়ছে। অনাথ আশ্রমে যারা শিশুদের দেখভাল করার জন্য আছে তাদের ঔদাসীন্যের জন্যই কি এটা হচ্ছে ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : পালিয়ে যাবার প্রবণতা বাড়ছে, এটা ঠিক নয়। তবে দু-তিনটে জায়গায় এ ধরনের ঘটনা ঘটে। মাননীয়া সদস্যা নিশ্চয়ই জানেন যে হোমে পুলিশ রাখার কোনো ব্যবস্থা নেই। সেখানে বিভিন্ন সময়ে বিভিন্ন রকমের ছেলেরা আসে—এমন কিছু ছেলে এমন কিছু জায়গায় থেকে আসে যে তাদের বাইরে থেকে প্ররোচনা দেওয়া হয়, যার ফলে তারা পালিয়ে যাবার চেষ্টা করে। আমাদের এমন কোনো ব্যবস্থা নেই যে পুলিশ দিয়ে বা অন্য কোনো কিছু দিয়ে তাদের আটকে রাখব। তবে সাধারণভাবে আমাদের হোমগুলো খুব একটা খারাপ অবস্থায় নেই।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : যে সরকারী অনাথ আশ্রমগুলো রয়েছে বা ভবঘুরে আবাসনগুলো রয়েছে, যেগুলোয় অসহায় নারী ও শিশুদের রাখা হয় সেগুলোয় অনাথ নারী বা শিশুদের পাঠাবার পদ্ধতিটা কি ? আমাদের কাছে অনেকে আসেন। সেজন্য আমাদের এটা জানা দরকার। কত বছর বয়স পর্যন্ত অনাথ শিশুদের সরকারী হোমে রাখা হয় ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : সোস্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের জেলাস্তরের অফিসগুলোয় দরখাস্ত করা যেতে পারে এবং সেখানে ফর্মও পাওয়া যায়। আর ডাইরেক্টরের কাছেও দরখাস্ত করা যেতে পারে।

**শ্রী জটু লাহিড়ী** : মাননীয় মন্ত্রী মহাশয়, হাওড়ার আন্দুল রোডে যে ভবঘুরে আশ্রমটি আছে সেই আশ্রমের বিশাল যে জমি রয়েছে তা কি কোনো বেসরকারী সংস্থার কাছে বিক্রি করার পরিকল্পনা হচ্ছে, এবং সেই জায়গা বিক্রি করে তারা সেখানে বহুতল

নির্মাণ করবেন বা অন্য কোনো বাণিজ্যিক সংস্থা তৈরি করবেন—এইরকম ঘটনা সত্য কিনা মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাইবেন কি ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : মাননীয় সদস্য জানেন, ওখানে প্রচুর পরিমাণ জায়গা আছে। সেই জায়গা কেনার জন্য ওয়েস্টব্যাঙ্ক একটা প্রোপোজাল দিয়েছিলেন। তাদের কিছু জায়গা দেবার কথা বলা হয়েছে এবং সরকারী যে নির্ধারিত রেট সেই রেটে তাদের নিতে হবে। সোসাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট কেন দিচ্ছে ? এই কারণে দিচ্ছে, আমাদের লিলুয়া যে হোমটি আছে, সেটি কারখানা অধ্যুষিত জায়গায় আছে। সেই হোমটি শিফ্‌ট করতে হলে ওই সংগৃহীত অর্থ দিয়ে বাড়ি-ঘর তৈরি করবো এবং এখানে যারা ইনমেট্‌স থাকবে—এই সংস্থার সাথে যেটা চুক্তি হয়েছে সেটা হচ্ছে, যে হাসপাতালটি ওদের তৈরি হবে—সোসাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের ১৫/২০ জন ছেলেমেয়েকে বিনা-পয়সায় চিকিৎসার ব্যবস্থা করবে। এ ছাড়া সোসাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের যারা ইনমেট্‌স থাকবে তাদেরকে এখানে বিভিন্ন ধরনের ট্রেনিং—নার্সিং ট্রেনিং থেকে আরম্ভ করে বিভিন্ন ধরনের ট্রেনিং দেবার ব্যবস্থা এগ্রিমেন্টে হয়েছে।

**শ্রী অরুণাভ ঘোষ** : আমরা মাঝে মাঝে সংবাদপত্রে দেখেছি, লিলুয়া আশ্রমে যারা এসেছে নারী উন্নয়নের নাম করে তাদের প্রেগনেন্ট করে দেওয়া হয়েছে। এ সম্বন্ধে আপনার বক্তব্য কি ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : এইরকম কোনো অভিযোগ আমাদের কাছে আসেনি। একটিমাত্র অভিযোগ বহুদিন আগে এসেছিল। সেই ব্যাপারে এনকোয়ারী করে বিধানসভায় তা জানিয়ে দেওয়া হয়েছে।

**শ্রী সমর হাজরা** : অনেকের পুত্র-সন্তান না থাকার ফলে তারা এই সমস্ত অনাথ শিশুদের নিতে চায়। কি পদ্ধতিতে এইসব অনাথ শিশুদের দেওয়া হয় তা জানাইবেন কি ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : কয়েকটি বোর্ড আছে, সেই বোর্ডের কাছে অ্যাপলাই করতে হয়। বোর্ডের যারা চেয়ারম্যান থাকেন তাদের ফার্স্ট ক্লাস ম্যাজিস্ট্রেট পাওয়ার দেওয়া আছে। সেখানে অ্যাপলাই করার পর তারপর এনকোয়ারী করা হয়। পুলিশ এনকোয়ারী করে, কোর্টের মাধ্যমে পাঠানো হয় এবং বোর্ড থেকে তাদের হাতে তুলে দেওয়া হয়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নের উত্তরে জানালেন, শিশুরা পালিয়ে যাচ্ছে, বাইরের সাথে যোগাযোগ আছে। সেটা সঠিক নয়। ন্যূনতম খাদ্য এবং ব্যবহার তারা পায় না। বহু অত্যাচারে অত্যাচারিত হয়ে তারা পালিয়ে যাবার পথ খোঁজে। সুতরাং পুলিশ রাখলেও তারা পালাতো, না রাখলেও পালাতো। তাদের প্রতি মানবিক ব্যবহার কর্তৃপক্ষকে করার নির্দেশ দিন এবং শিশুদের প্রতি নজর দিন, তাহলেই শিশুরা সেখান থেকে বড় হবার চেষ্টা করবে। আমার প্রশ্ন হচ্ছে, বৃদ্ধ-বৃদ্ধাদের ভাতা দেবার যে ব্যবস্থা আছে, ২/৩ বছর হল তারা প্যানেল্ড হয়ে আছে। আপনার কাছে গেলে বলছেন, এক দুইজন মারা না গেলে ফাঁকা হচ্ছে না। এইরকম কত বৃদ্ধ-বৃদ্ধা এ্যামপ্যানেল্ড হয়ে আছে ? যারা দরখাস্ত করেছেন

তারা কি পদ্ধতিতে কতদিনের মধ্যে মোটামুটিভাবে মাসিক যে একটা অর্থনৈতিক সাহায্য দেন সেটা দিতে পারবেন ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : প্রথম কথা যেটা বলেছেন সেই প্রসঙ্গে আমি একটা উদাহরণ আপনাকে দিই। ধ্রুবাশ্রম থেকে ৪টে ছেলে পালিয়ে গিয়েছিল।

[11.40—11.50 a.m.]

এই ব্যাপারে এনকোয়ারী করবার জন্য একটা টিম পাঠিয়েছিলাম এবং আমি ব্যক্তিগতভাবে সেখানে গিয়েছিলাম। সেখানে গিয়ে দেখলাম তিনটি ছেলে ৬ মাস ধরে প্রায়ই আমাদের যে শিক খারাপ ছিল সেই শিক লবণ দিয়ে ঘষত। লবণ দিয়ে ঘষতে ঘষতে সেই শিক নষ্ট করে দিয়েছিল। সেখান দিয়ে তারা যায়। হাওড়া থেকে কিছু লোক আসে, এই যে ধরনের লোক থাকে তারা আসে এবং তারা সেখানে নিয়ে যায়। সাথে সাথে তৎপরতার সঙ্গে পুলিশ দিয়ে এই বোর্ডের সদস্য যাঁরা আছেন তাঁরা এই ব্যাপারে প্রচণ্ডভাবে চেষ্টা করেন ধরবার। এই চেষ্টার ফলে তারা হাওড়ার এই গ্যাং থেকে তাদের উদ্ধার করে নিয়ে আসে। স্বাভাবিকভাবে বিভিন্ন ধরনের ঘটনা এর সঙ্গে যুক্ত।

(এ ভয়েস :- শিকে লবণ দিয়ে ঘষার ব্যাপারটা কি বললেন ?)

আমাদের যে জানালা আছে তার যে শিক আছে সেইগুলো খাবার পর লবণ দিয়ে ঘষতো, ফলে সেইগুলো নষ্ট হয়ে যেত। মাননীয় সদস্যদের জেনে রাখা দরকার আমাদের অনেক অসুবিধার মধ্যে কাজ করতে হয়। অন্যদিকে মাননীয় সদস্য যে কথা বলেছেন, আপনারা জানেন এই বিধানসভায় আমি বারে বারে কয়েকবার এই কথা বলেছি বৃদ্ধ-বৃদ্ধাদের প্রচুর পরিমাণে দরখাস্ত জেলার অফিসে এবং ডাইরেক্টর অফিসে আসে। আমাদের দপ্তরে অর্থ না থাকায় নতুন করে করা সম্ভব হয়ে উঠছে না। আগামী দিনে মাননীয় সদস্যরা যদি অর্থ বরাদ্দ করেন তাহলে নিশ্চয়ই আমি দেবার চেষ্টা করবো।

**শ্রীমতী উমারানী বাউরি** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে হোমগুলোতে ভবঘুরে এবং নারীদের জন্য ভোকেশনাল ট্রেনিং-এর ব্যবস্থা করেছেন। এই ভোকেশনাল ট্রেনিং পাওয়ার পর নারী থেকে শুরু করে সকলের জন্য কর্মসংস্থানের কোনো বিশেষ সুযোগ দেওয়ার উদ্যোগ সরকারের আছে কিনা জানালে ভাল হয়।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : মাননীয় সদস্যা জানেন যে সারা ভারতবর্ষব্যাপী বেকার সমস্যা অত্যন্ত তীব্রতর। এই হোমে যারা ট্রেনিং নেয় তারাই যে শুধু বসে থাকে তা নয় সর্বস্তরে বসে থাকে। তার মধ্যেও আমরা চেষ্টা করি বিভিন্ন সরকারী পর্যায়ে কিছু করবার। তা ছাড়া বিভিন্ন যে সমস্ত বেসরকারী সংস্থা আছে তাদের কাছে অনুরোধ জানিয়ে তাদের কিছু করে দেবার চেষ্টা করছি। সম্পূর্ণ সমস্যা মেটাবার ক্ষমতা সমাজ কল্যাণ দপ্তরের নেই।

**ডঃ আশীষ ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন জিজ্ঞাসা করছি। রামপুরহাটের ১ নম্বর ব্লকে তুম্বানী গ্রামে একটা

সরকারী অনাথ আশ্রম ছিল। কোনো কারণে এই অনাথ আশ্রম উঠে যায়। সেখানে নূতন করে এই অনাথ আশ্রম তৈরি করার কোনো পরিকল্পনা আছে কি ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : এটা আমি ঠিক বলতে পারবো না। আমাকে নোটিশ দিলে আমি জানিয়ে দিতে পারবো। তা না হলে আপনি ব্যক্তিগতভাবে যোগাযোগ করবেন বলে দিতে পারবো।

**শ্রী ব্রহ্মময় নন্দ** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি বললেন আমাদের রাজ্যে নারী শিশুদের জন্য ২৩টির মতো অনাথ আশ্রম আছে। এই ২৩টি অনাথ আশ্রম কোন জেলায় আছে জানাবেন কি ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : হাওড়ায়-১টি, উত্তর-২৪পরগনায় ২টি, মুর্শিদাবাদে-২টি, দক্ষিণ দিনাজপুরে-১টি, নদীয়ায় ১টি, কুচবিহারে-২টি, পুরুলিয়ায়-১টি, মেদিনীপুরে-১টি, কোলকাতায় ১টি, জলপাইগুড়িতে -১টি, হুগলী-১টি।

**শ্রী সৌগত রায়** : স্যার, আজকে এই বিধানসভার সদস্যদের একটা আনন্দের দিন। দু-দুজন মন্ত্রী আমাদের ক্ষমতার কথা স্মরণ করিয়ে দিলেন। হাফিজ আলম সৈরানী বললেন, আমায় রিলিফের জন্য আর একটু টাকা দিন, তাহলে আমি কাজ করবো। মাননীয় সমাজ কল্যাণ মন্ত্রী বললেন যে, আপনারা আরও বেশি টাকা দিন, তাহলে আমি বৃদ্ধ-বৃদ্ধাদের পেনশন দেব। তার মানে, ফিনান্স ডিপার্টমেন্ট টাকা দিচ্ছে না, তাই ওঁরা এই কথা বলছেন। স্যার, শুনতে ভাল লাগে, আমাদের হাতে অনেক ক্ষমতা আছে। এর আগে পঙ্কজ ব্যানার্জী জানতে চেয়েছিলেন, বৃদ্ধদের পেনশনের জন্য, বার্ধক্য ভাতা দেবার জন্য একটা সিস্টেম আছে, যেটা ন্যাশানাল সোশ্যাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম, যাতে কেন্দ্রীয় সরকার প্রত্যক্ষভাবে টাকা দেন— পৌরসভা এবং পঞ্চায়েতের মাধ্যমে দেওয়া হয়—যদিও তার পরিমাণটা খুব কম, মাসে একশো টাকা। আমি জানতে চাইছি, কেন্দ্রীয় সরকার থেকে বিকল্প কোনো প্রকল্প নিচ্ছে কিনা ? আমাদের কাছে অনাথ আশ্রমে ভর্তি হবার জন্য দরখাস্ত নিয়ে আসে, এই রকম বহু পেন্ডিং আছে। আপনার কাছে কোনো হিসাব আছে কিনা, অনাথ আশ্রমে ভর্তি হবার জন্য কত দরখাস্ত পেন্ডিং আছে ? কত দিনের মধ্যে আপনি সেগুলিকে ক্লিয়ার করতে পারবেন ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : এখুনি চট করে এটা বলা সম্ভব নয়। বিভিন্ন জেলা থেকে পরিসংখ্যান নিতে পারলে এটা বলা যাবে। তবে বিধায়করা যদি আমার কাছে কোনো সময়ে ভর্তির জন্য বলেন, আমরা সেটা করবার জন্য নিশ্চয়ই চেষ্টা করি। যদিও আমার সীমাবদ্ধতা আছে, আমার দপ্তরের সীমাবদ্ধতা আছে, তবুও সাধ্যমত যতটুকু জায়গা আছে, সেখানে নেবার চেষ্টা করবো।

**শ্রী নির্মল দাস** : মাননীয় মন্ত্রী মহোদয়, আমাদের দেশে যেসব অনাথ শিশু এবং নারী আছে, তাদের ফিল গুড'-এর জায়গা নেই, তাদের ভরসা একমাত্র সমাজকল্যাণ দপ্তর। ইতিমধ্যেই বেশ কিছু জেলাতে আপনি অনাথ আশ্রমের মাধ্যমে মিনিমাম যেটুকু পরিষেবা দেওয়া যায় তা দেবার চেষ্টা করেছেন। কিন্তু অসংখ্য অনাথ শিশু এবং নারী তারা চেষ্টা

করছে অনাথ আশ্রমে যাবার জন্য। দু-একটি এন.জি.ও তারাও চেষ্টা করছে। আমার প্রশ্ন, বিভিন্ন জেলায় যেখানে অনাথ আশ্রম নেই, যেখানে অনাথ আশ্রম থাকাটা খুবই জরুরী, সেখানে রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের সহায়তায় অনাথ আশ্রম করবার পরিকল্পনা আপনার আছে কিনা ? আর যে সমস্ত শিশুদের অনাথ আশ্রমে থাকার সময়সীমা উত্তীর্ণ হয়েছে, যারা এখন যুবক, যারা স্বনিযুক্তি প্রকল্পের মাধ্যমে নিজেদের প্রতিষ্ঠিত করবার জন্য চেষ্টা করছে, তাদের সংখ্যা কত ?

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : সেটা চট করে বলা সম্ভব নয়। এর জন্য আপনাকে নোটিশ দিতে হবে। আর একটা জিনিস, আমি যেটা বললাম সেটা সরকারী হোম সম্পর্ক। মাননীয় সদস্য জানেন যে, সরকারী হোম ছাড়াও অনেক বেসরকারী হোম বিভিন্ন জেলায় আছে। ছেলে-মেয়েরা সেখানেও থাকতে পারে।

**শ্রী পুন্ডরীকাক্ষ সাহা** : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যদিও এটি অনাথ আশ্রম সংশ্লিষ্ট নয়, শিশু বিভাগ সংক্রান্ত। গত বছর জুলাই মাসে প্রশ্নোত্তর পর্বে যখন আমি জানতে চেয়েছিলাম, নবদ্বীপ পৌর এলাকায় আই.সি.ডি.এস সেন্টার হয়নি, তখন আপনি বলেছিলেন লিখিতভাবে দিতে। লিখিতভাবে দেবার পর, গত ডিসেম্বর মাসে আপনি বলেছিলেন, নবদ্বীপে যাতে হয় তার জন্য চেষ্টা করছেন। আমি জানতে চাইছি, সেটি কতদূর এগিয়েছে তা যদি দয়া করে একটু বলেন তাহলে খুশী হব।

**শ্রী বিশ্বনাথ চৌধুরী** : প্রথমত, প্রশ্নটি হচ্ছে হোম-এর ওপরে। কিন্তু আপনি প্রশ্ন করছেন আই.সি.ডি.এস-এর ওপরে। তবুও আমি বলছি যে, বিভিন্ন জেলাতে, গত বাজেট বক্তৃতাতেও বলেছি যে, আমি মনে করি, বিভিন্ন জায়গায়, যে সমস্ত জায়গায় আই.সি.ডি.এস প্রকল্প এখনো হয়নি, সেখানে করবার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বার বার প্রস্তাব দিয়েছি। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব দিয়েছি যে আই.সি.ডি.এস সেন্টার সাড়ে তিনশো করার জন্য। এটা যদি করা হয় তাহলে মা এবং শিশুদের তাতে সুবিধা হবে— এই প্রস্তাব আমরা কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছি। বিভিন্ন জায়গাতে সেন্টার বৃদ্ধি করা দরকার। কারণ লোকগণনা যেভাবে হচ্ছে তার পরিপ্রেক্ষিতে বৃদ্ধি করা দরকার। কিন্তু কেন্দ্রীয় সরকার থেকে এখনো পর্যন্ত সেই ধরনের সুযোগ আমাদের দেওয়া হয়নি।

## অসংগঠিত শিল্পে পেনশন, বীমা ও চিকিৎসা সংক্রান্ত সুযোগ-সুবিধা

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৯) **শ্রী তপন হোড়** : শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি রাজ্যে অসংগঠিত শিল্পক্ষেত্রের শ্রমিক-কর্মচারীদের পেনশন, বীমা ও চিকিৎসা সংক্রান্ত সুযোগ-সুবিধার বিষয়ে রাজ্য সরকারের সাথে কেন্দ্রীয় সরকারের আলোচনা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, তার অগ্রগতি কীরূপ ?

[11.50 a.m.—12.00 noon.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরী :**

(ক) না

(খ) প্রশ্নই ওঠে না।

**শ্রী তপন হোড় :** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই ভারত উদয়ের আগে ধারাবাহিকভাবে যে স্লোগান রেখেছিলেন কাগজগুলোতে, তার মধ্যে বলা ছিল অসংগঠিত শিল্পের ক্ষেত্রে শ্রমিককর্মচারীদের পেনশন, বীমার বিভিন্ন স্কীম কেন্দ্রীয় সরকার করছেন। এটা ধারাবাহিকভাবে প্রিন্টিং মিডিয়া এবং ইলেকট্রনিক্স মিডিয়াতে বেরিয়েছে। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে, এই ধরনের কোনো স্কীম আপনার জানা আছে কিনা এবং জানলে রাজ্য সরকারের এই বিষয়ে মতামত কি ?

**শ্রী মহঃ আমিন :** কেন্দ্রীয় সরকার স্কীমের কথা ঘোষণা করেছেন যখন সেপ্টেম্বরে ইন্ডিয়ান লেবার কনফারেন্স হয় তখন। ওঁরা বলেছিলেন আমরা ৩৭কোটি অসংগঠিত শিল্পের শ্রমিকদের সোস্যাল সিকিউরিটির ব্যাপারে একটা আমব্রেলার আন্ডারে আইন নিয়ে আসবেন পার্লামেন্টে। ওটা হলে ভাল হত এবং আইন নিয়ে আসলে সবার সুযোগ হত মতামত দেবার। সেপ্টেম্বরে যখন ঠিক করেছিলেন তখন লোকসভার নির্বাচনের দিন ঘোষণা হয়নি। এর মধ্যে লোকসভার নির্বাচনের দিন ঘোষিত হয়ে গেছে। তখন কেন্দ্রীয় সরকার এটা অন্তত বলতে পারতেন যে, এখন লোকসভার ইলেকশান, ইলেকশান ঘোষিত হয়েছে তাই আইন আনতে পারছি না, লোকসভার নির্বাচনের পরে যে সরকার আসবে তারাই এই আইনটি নিয়ে আসবে। কিন্তু তারা সেটা না করে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলোর সঙ্গে, সেন্ট্রাল ট্রেড ইউনিয়নের সঙ্গে কোনো আলোচনা না করে তারই মধ্যে স্কীমটি ল্যাণ্ড করলেন। গতবারের কলকাতাতে প্রধানমন্ত্রী ল্যান্ড করার পরেই যেটা ঘোষণা করলেন তাতে একটা ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়। ৩৭ কোটি মানুষের জন্য কিছু করা হবে এবং এই স্কীমের কথা হচ্ছে এতে শ্রমিকরা ৫০ টাকা, ১০০ টাকা, ২০০ টাকা করে বিভিন্ন করে বিভিন্ন ক্যাটাগরী হিসাবে জমা দেবেন। এবং কেন্দ্রীয় সরকারও দেবে, সেটা শ্রমিকদের অনুদান। শ্রমিকদের মাসিক বেতন সেটা ধরে নিতে হবে এবং সেখানে নির্দিষ্টভাবে বলা নেই যে নোশনালভাবে ১.১৬ অর্থাৎ ১০০ টাকায় ১.১৬ পয়সা কেন্দ্রীয় সরকার দেবে। তারপরে ৬০ বছর হয়ে গেলে তারা মাসে মাসে ৫০০ টাকা করে মাসিক বেতন হিসাবে পাবে।

(এই সময়ে পঙ্কজবাবু বলে ওঠেন অ্যাকসিডেন্ট হলে কি হবে ?)

অ্যাকসিডেন্টের জন্য আলাদা আলাদা ইনস্যুরেন্স করা থাকে। এই স্কীমটা বড় স্কীম, সবটা মনে রাখা সম্ভব নয়। এখন কথা হচ্ছে শ্রমিকরা সারা জীবন টাকা দিয়ে যাবেন, কিছু কিছু বেনিফিট তো পাবেই। অন্যদিকে প্রতি বছর ৫০ লক্ষ শ্রমিককে টারগেট হিসাবে ধরা হয়েছে। পশ্চিমবঙ্গের মধ্যে কলকাতা এবং দুর্গাপুরকে অন্তর্ভুক্ত করা হয়েছে কিন্তু ওদের

কোনো লিগাল স্ট্যাটাস নেই, শ্রমিক মালিক মিলে দেবেন, কিন্তু মালিক যদি না দেয় তাহলে ওই টাকা শ্রমিক দেবে। তার মানে সবটাই শ্রমিক দেবে। তাহলে তা এল. আই. সি.-তে অনেক ভাল স্কীম ছিল এল.আই.সি-র অনেক ভাল স্কিম আছে, সেখানে করলে তারা পেনশান পাবে, মেডিক্যাল বেনিফিট পাবে, অ্যাকসিডেন্ট বেনিফিট পাবে। সবই আছে এল.আই.সিতে। মূল কথা হচ্ছে, এটা মাছের তেলে মাছ ভাজা, শ্রমিকের টাকাই শ্রমিককে দেওয়া হবে। যে প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে, এখানে সমস্ত মাননীয় সদস্য জানেন, পি.এফ.বিড়ি শ্রমিকদের জন্য আইন করে করা হয়েছে, তার কি হাল হয়েছে। আজকে চারিদিকে চেঁচামেচি হচ্ছে, মালিকরা টাকা মেরে দিচ্ছে, কোনো টাকাই হাতে পাওয়া যাচ্ছে না। এই অভিজ্ঞতা থেকে বুঝতে হবে, এই রকম একটা কমপ্রিহেনসিভ স্কিম করতে গেলে তার যদি প্রপার ইনফ্রাস্ট্রাকচার না থাকে এবং সকলের সহযোগিতা না পাওয়া যায় তাহলে কখনওই এই রকম স্কিম কার্যকরী হতে পারে না। সেইজন্য আমরা মনে করি, তড়িঘড়ি ওই শ্রমিকদের মধ্যে কিছুটা আশার যে সঞ্চার সৃষ্টির চেষ্টা করা হচ্ছে এর দ্বারা শ্রমিকদের কোনো মঙ্গল হবে না।

**শ্রী তপন হোড় :** স্যার, এরা যে সরকারী দলে আছেন সেই এন.ডি.এ সরকারের সঙ্গে এরা আছেন তো। স্যার, এদের দলের প্রথমে নাম ছিল এ আই.টি.সি.তার পরে টি.এম.সি এবং তার পরে নাম দিলেন এন.টি.সি। এন.টি.সি মানে কি, এন.টি.সি মানে হচ্ছে ন্যাশানাল টেক্সটাইলস কর্পোরেশান। এন.টি.সি-কে সেন্ট্রাল গভর্নমেন্টে তারা যে হাল করেছে, এদের এন.টি.সি-র সেই হাল হয়ে যাবে। স্যার, এই যে ৩৭ কোটি মানুষের প্রতি যে ভাঁওতা হচ্ছে, আজকে শোভনদেববাবুরা যে ট্রেড ইউনিয়ন করেন, কালকে আপনারা ওই আগুন দিয়ে টেবিলটা পুড়িয়ে দিয়েছেন, আপনাদের লজ্জা নেই। আপনাদের স্মরণ নেই। কাজেই এখানে দাঁড়িয়ে আমি আপনাকে বলতে চাই, আজকে এই যে ভাঁওতা ওরা মারছেন এবং সেক্ষেত্রে আমাদের যে ট্রেড ইউনিয়নগুলি চিৎকার-চেঁচামেচি করছেন, সেক্ষেত্রে রাজ্য সরকারের পরিষ্কার বক্তব্য কি ?

**শ্রী মহঃ আমিন :** ওরা যা করছেন তাতে কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নরা প্রতিবাদ করেছে। রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা একা চিঠি দিয়েছিলাম ফেব্রুয়ারী মাসে কেন্দ্রীয় মন্ত্রীকে। সেই চিঠিতে আমি ওনাকে বলেছিলাম যে এই রকম একটা স্কিম সমস্ত রাজ্য সরকারকে ডেকে আলোচনা করা উচিত। এটা না করে আপনারা তড়িঘড়ি করছেন কেন ? ওরা একটা মিটিং ডাকলেন, মিটিংটা ২ দিনের নোটিশে ডাকলেন। আমি যেতে পারিনি। আমি দপ্তরের সচিবকে পাঠিয়েছিলাম। আমি বলেছিলাম, আপনি বলবেন, স্কিমের ডিটেল্স আমাদেরকে দিন। সমস্ত রাজ্য সরকারের প্রতিনিধিরা কেন্দ্রীয় প্রতিনিধিরা এদের সবাইকে নিয়ে একটা মিটিং ডাকুন। একটু সময় লাগলেও যাতে ঠিক মতোন আলোচনা করা যায়। আমাদের লেবার সেক্রেটারী ওইখানে গিয়ে বক্তব্য রাখলেন, তারপরে একটা মিনিটস তৈরি করা হল, তাতে আমাদের রাজ্য সরকারের ওই বক্তব্য একদম বাদ দিয়ে দিল। এটা মিনিটসে রাখেনি। এটা অন রেকর্ড। এই রকম কখনও হয়নি। একটা রাজ্য সরকারের

বক্তব্য বললো, সেটা মিনিটস থেকে বাদ চলে গেল। কারণ আমরা বলেছিলাম, আমরা আশা করি না মালিকরা, তারা ভলান্টারিলি এগিয়ে আসবে, তারা পি.এফ-এর টাকা দেবে। লিগ্যাল স্যাংশান এটা আদায় করা অসম্ভব। এর মধ্যে যাবেন না। আজকে কাগজে দেখলাম বোম্বেতে বি.জে.পি. ওই টাকা নিচ্ছে, ছাপ মেরে, বি.জে.পি পদ্মফুল দিয়ে ওই টাকা তোলার চেষ্টা করছে। যারা শ্রমিকরা ওই টাকা দেবেন তারা বিপদগ্রস্ত হবেন। ইলেকশান সামনে, এই রকম অন্যায় করা ঠিক নয়, এর শেষ বিচার জনগণ করবে।

**শ্রী তপন হোড়** : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আলোচনার সময় বলেছেন, পি.এফ-এর ক্ষেত্রে যে আইনটা হল, মালিকপক্ষ সেইগুলি মানছেন না। কাজেই ভারতবর্ষ জুড়ে এই যে পরিস্থিতি, আমাদের রাজ্যের মধ্যে এই রকম বহু অভিযোগ আছে এবং চা-বাগানের ক্ষেত্রে আমরা দেখেছি, শ্রমিকদের পি.এফ-এর টাকা, মালিকপক্ষ প্রায় কোটি কোটি টাকা মেরে দিচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকার ক্যাটিগোরিক্যালি তারা কোনো চিন্তা-ভাবনা করেছেন কিনা, করে থাকলে তারা কি ভাবছেন ?

[12.00 noon—12.10 p.m.]

**শ্রী মহম্মদ আমিন** : আমাদের রাজ্যে তো অসংগঠিত শিল্পের শ্রমিকদের জন্য একটা ছোট সোস্যাল সিকিউরিটি স্কীম আমরা আগেই চালু করেছি। গতকাল মাননীয় অর্থমন্ত্রীর ভাষণে সেটা আপনারা শুনেছেন। আমাদের রাজ্যে এই স্কীমটা গত তিন বছর ধরে চলছে এবং পাঁচ লক্ষ ২০ হাজার শ্রমিক এর অর্ন্তভুক্ত আছে। এখানে আমরা কুড়ি টাকা করে দিচ্ছি, ওরা কুড়ি টাকা করে দিচ্ছে মোট ৪০ টাকা জমা পড়ছে। তার ইন্টারেস্ট সেটা রাজ্য সরকার দেয়। এই টাকাটা পাঁচ বছর পরে যে কোনো শ্রমিকই তুলে নিতে পারবেন। টাকাটা যে কোনোমতেই ডুববে না তার সিকিউরিটি আছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের স্কীমের অনেক ত্রুটি আছে এবং তার কোনো জবাবও পাওয়া যায়নি। এই সমস্ত জিনিস পরিষ্কার না করে এই স্কীমটা চালু করা উচিত হয়নি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের রাজ্যে প্রায় পঁচিশ থেকে ছাব্বিশ হাজার হোমগার্ড এবং এন.ভি.এফ আছেন। ইলেকশানের সময় থেকে আরম্ভ করে ন্যাচারাল ক্যালামিটি সারা বছর তারা কাজ করে থাকেন। কিন্তু ওদের ৬০ বছর সম্পূর্ণ হয়ে যাবার পরে খালি হাতে তাদের বাড়ি যেতে হয়। তাদের কোনো পেনশান নেই, তাদের কোনো বীমা নেই, তাদের কোনো রকম সোস্যাল প্রোটেকশান নেই। অসংগঠিত শ্রমিকদের জন্য আপনারা স্কীম করছেন। কিন্তু এই এন.ভি.এফ এবং হোমগার্ডদের সোস্যাল সিকিউরিটির প্রশ্নে আপনি কি ব্যবস্থা নিয়েছেন।

**শ্রী মহম্মদ আমিন** : এন.ভি.এফ ও হোমগার্ডদের সোস্যাল সিকিউরিটির স্কীমের ব্যাপারে আমরা এখনো কোনো সিদ্ধান্ত নিইনি। কিন্তু সোস্যাল সিকিউরিটি স্কীম সকলেরই হওয়া উচিত। আমাদের এই রেকমেন্ডেশান আমরা সরকারের কাছে পাঠাব সহানুভূতির সঙ্গে বিবেচনা করার জন্য।

**শ্রী নির্মল দাস** : আজকে কেন্দ্রীয় সরকার ভারত উদয় এবং ভারত যাত্রার নাম করে গিমিক তৈরি করার চেষ্টা করছেন। এখানে রাজ্য সরকার অসংগঠিত শ্রমিকদের জন্য তিন বছর আগে থেকেই একটা প্রকল্প চালু করেছেন। এখনো পর্যন্ত কতজন শ্রমিক এই প্রকল্পের অন্তর্ভুক্ত হয়েছে এবং এই সংখ্যাটা বাড়ানোর কোনো পরিকল্পনা আপনার আছে কিনা জানবেন ?

**শ্রী মহম্মদ আমিন** : এখনো পর্যন্ত ৫ লক্ষ ২০ হাজার শ্রমিককে এই স্কীমের অন্তর্ভুক্ত করা হয়েছে এবং স্কীমটাতে খুবই সাড়া পাওয়া গেছে। টাকা-পয়সার সঙ্গতি হলে এই সংখ্যাটা বাড়ানোর চেষ্টা করব।

**শ্রী অপূর্ব মুখার্জী** : স্যার, অতিরিক্ত প্রশ্ন, কেন্দ্রীয় সরকারের আইনে এবং আপনাদের আইনেও পরিষ্কারভাবে বলা আছে, যে কোনো অ্যাক্টিং লেবারের পি.এফ চালু করতে হবে। কিন্তু শ্রমিকদের পি.এফ না দিয়ে অনেক জায়গায় বঞ্চিত করা হচ্ছে। এক্ষেত্রে রাজ্য সরকার কোনো আইন করে তাদের পি.এফ দেওয়ার কোনো ব্যবস্থা করবেন কি ?

**শ্রী মহম্মদ আমিন** : প্রভিডেন্ট ফান্ডের কোনো আইন করবার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের নেই। সেন্ট্রাল প্রভিডেন্ট ফান্ড আছে, সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের এবং সেটা মনিটরিং করেন রিজিওনাল প্রভিডেন্ট ফান্ড কমিশনার। কাজেই যারা ডিফল্ট করেন তাদের বিরুদ্ধে তারাই ব্যবস্থা নেন। আমাদের কাছে পুলিশ চাইলে আমরা পুলিশ দিয়ে দিই। সেইজন্য রাজ্য সরকার এটা আলাদাভাবে, প্যারালালভাবে করার মতো পরিস্থিতিতে নেই।

**শ্রী নির্মল ঘোষ** : স্যার, ইন্ডিয়ান লেবার কনফারেন্সে আমার সৌভাগ্য হয়েছিল সেখানে আমাদের মাননীয় মন্ত্রীর সঙ্গে থাকার—সেখান থেকে ভারতবর্ষের প্রধানমন্ত্রী যে নির্দেশ দিয়েছিলেন, যে বার্তা শ্রমিকশ্রেণীর কাছে পৌছে দিয়েছিলেন, সেই বার্তাকে গ্রহণ করে আপনি যে ২০ টাকা ২০ টাকা করেছেন তার ভিত্তি কি ? কাকে দেবে, কোথায় দেবে, তার কোন এনঅ্যাক্টমেন্ট হয়নি। ভারতবর্ষের ৩৭ কোটি ফর্মাল, ইনফর্মাল লেবারকে নিয়ে আসার পর যখন ৬০ বছর বয়স পার হবে, তাদের দেখার জন্য কেউ এগিয়ে আসছে না, তখন সরকার তাদের জন্য একটা আইন তৈরি করেছেন— কেন বললেন না, ভারতে প্রভিডেন্ট ফান্ডে ৫ কোটি টাকা সেন্ট্রাল বোর্ড অফ ট্রাস্ট সেফটি দেবে ? ইউ হ্যাভ বিন রঙলি রিপোর্টেড। আনঅর্গানাইজড সেক্টরের ৩৭ কোটি মানুষকে যে প্রক্রিয়াকরণের মধ্যে দিয়ে সেই বিল পাশ করা হয়েছে, সেটা ইমপ্লিমেন্ট করবেন কি করবেন না হাউসকে বলুন। যদি করেন তাহলে বলুন হ্যাঁ। ১৯৫২তে যখন প্রভিডেন্ট ফান্ড শুরু করেছিলেন ৩ কোটি ৩৭ লক্ষ সাবসক্রাইবার ছিল, এখন সেটা কি অবস্থায় আছে ?

**শ্রী মহম্মদ আমিন** : আমি আগেই বলেছি, স্কিমটা যেহেতু ত্রুটিপূর্ণ, এটা পরিষ্কার না করে এই স্কিমে হাত দেওয়াটা অন্যায় হবে এবং জেনেশুনে শ্রমিকদের বিপদের মধ্যে ঠেলে দিতে চাইছি না। আর যেসব কথা বলা হচ্ছে ৬০ বছর হলে এটা পাবে, ওটা পাবে,

সেটা পাবে—তখন বাজপেয়ী কেন, তার পরেও কিছু থাকবে না, তখন লোক কোথায় বা কাকে জিজ্ঞেস করতে যাবে ? যেটা বললেন সেটা কি হল ? এরকমভাবে তো দেশে কোনো স্কিম করা যায় না, করা উচিতও নয়। এটা ভাঁওতাবাজি হচ্ছে।

## Starred Questions
### ( To which answers were laid on the table.)

### Number of Prisoners Died

*71. (Admitted Question No.*357) **Shri Chittaranjan Roy** : Will the Minister-in-charge of the Jails Department be pleased to state–

(a) number of prisoners died at Alipore Central Correctional Home in 2003 and

(b) steps taken by the Government in the matter ?

**Minister-in-charge of the Jails Department :-**

(a) 13

(b) Adequate medical treatment was provided to all those prisoners either in Jail hospital or in Govt. hospital outside the Jail, and all the cases of death have been intimated to West Bengal Human Rights Commission and other concerned as per the norms. Magisterial enquiries were held in all the cases.

### ভবিষ্যনিধি প্রকল্প

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৬) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০৩-২০০৪ আর্থিক বছরে ৩১.১.২০০৪ পর্যন্ত কতজন অসংগঠিত শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকদের ভবিষ্যনিধি প্রকল্পের আওতাভুক্ত করা হয়েছে (জেলাওয়ারি তথ্য) ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ২০০৩-২০০৪ আর্থিক বছরে ৩১.০১.২০০৪ পর্যন্ত অসংগঠিত শিল্পের সঙ্গে যুক্ত ৮৮,৪৫৭ জন শ্রমিককে ভবিষ্যনিধি প্রকল্পের আওতাভুক্ত করা হয়েছে।

জেলাওয়ারি তথ্য নীচে দেওয়া হল :—

| | জেলার নাম | শ্রমিক সংখ্যা |
|---|---|---|
| ০১) | বাঁকুড়া | ৩১৩৪ জন |
| ০২) | বীরভূম | ৩৩০০ জন |
| ০৩) | বর্ধমান | ৫৮৬৩ জন |
| ০৪) | কোচবিহার | ২৪৪৪ জন |
| ০৫) | জলপাইগুড়ি | ৩৩০৫ জন |
| ০৬) | দার্জিলিং | ১৭৫০ জন |
| ০৭) | দক্ষিণ দিনাজপুর | ১২৪১ জন |
| ০৮) | উত্তর দিনাজপুর | ২২৫৯ জন |
| ০৯) | মালদা | ৭৫০২ জন |
| ১০) | মুর্শিদাবাদ | ৫২৪৯ জন |
| ১১) | নদীয়া | ৬০৩৫ জন |
| ১২) | হাওড়া | ৩৬৪৫ জন |
| ১৩) | হুগলী | ৭৩০৯ জন |
| ১৪) | উত্তর চব্বিশ পরগনা | ৯১৩৩ জন |
| ১৫) | দক্ষিণ চব্বিশ পরগনা | ১০৯২৯ জন |
| ১৬) | কলকাতা | ৩৫৯৬ জন |
| ১৭) | পূর্ব মেদিনীপুর | ৬৪৮৪ জন |
| ১৮) | পশ্চিম মেদিনীপুর | ৪৪১৬ জন |
| ১৯) | পুরুলিয়া | ৮৬৩ জন |
| | | ৮৮,৪৫৭ জন |

## মাদকাসিক্ত নিবারণে স্বেচ্ছাসেবী সংস্থা

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৩) **শ্রীজ্যোতিপ্রিয় মল্লিক** : নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে মাদকাসক্তি নিবারণে কতগুলো স্বেচ্ছাসেবী সংস্থা আছে ; এবং

(খ) (১) তন্মধ্যে, কতগুলো আসক্তি-বিমোচন কেন্দ্র এবং পরামর্শদান কেন্দ্র আছে, (২) এগুলো কোথায় অবস্থিত ?

**নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ১৮ (আঠারো) টি

(খ) (১) আসক্তি বিমোচন কেন্দ্রের সংখ্যা—১৫ (পনেরো)
পরামর্শদান কেন্দ্রের সংখ্যা— ০৫(পাঁচ)

২. কেন্দ্রগুলির অবস্থান নিম্নরূপ :

| সংস্থার নাম ও ঠিকানা | শ্রেণীবিভাগ |
|---|---|
| ১) বিবেকানন্দ এডুকেশন সোসাইটি<br>২৫/১এ, ডায়মন্ড হারবার রোড<br>কলকাতা-৭০০০৩৪। | ১৫ শয্যার হাসপাতাল |
| ২) স্যার সৈয়দ গ্রুপ অফ স্কুল,<br>৭১/১সি, ডায়মন্ড হারবার রোড,<br>কলকাতা-২৩। | —ঐ— |
| ৩) হিউম্যান ডেভেলপমেন্ট অ্যান্ড রিসার্চ<br>ইন্সটিটিউট, ৪৩সি, নিমতলা ঘাট স্ট্রীট,<br>কলকাতা-৬ | —ঐ— |
| ৪) ইন্ডিয়ান ইন্সটিটিউট ফর ইন্টিগ্রেটেড<br>মেডিসিন, ৫০এ, স্কট লেন, কলকাতা-৯ | শিলিগুড়িতে ১৫ শয্যার<br>হাসপাতাল |
| ৫) ওয়েস্ট বেঙ্গল ভলান্টারি হেলথ<br>অ্যাসোসিয়েশন, ৪৮, গোরাচাঁদ রোড,<br>৩য় তল, ফ্ল্যাট নং ১/এ কলকাতা-১৪, | —ঐ— |
| ৬) ওয়েস্ট বেঙ্গল এস.সি/এস.টি অ্যান্ড<br>মাইনরিটি ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন,<br>৯০এ/১বি, সুরেন সরকার রোড,<br>কলকাতা-১০ | ১) পরামর্শদান কেন্দ্র<br>২) রাজারহাট, কলকাতায়<br>১৫শয্যার হাসপাতাল |
| ৭) বিকাশভারতী ওয়েলফেয়ার সোসাইটি,<br>২০/১বি, লালবাজার স্ট্রীট, কলকাতা-১ | ১) পরামর্শদান কেন্দ্র। |
| ৮) উইমেন্স কো-অর্ডিনেটিং কাউন্সিল,<br>৫/১, রেড ক্রশ প্লেস, কলকাতা-১, | ১) পরামর্শদান কেন্দ্র<br>২) বাঘাযতীন,কলকাতায়-<br>১৫ শয্যার হাসপাতাল। |
| ৯) প্রবুদ্ধভারতী শিশু তীর্থ, পোঃ কৃষ্ণপ্রিয়া,<br>জেলা-পঃ মেদিনীপুর | খড়্গপুরে<br>১৫ শয্যার হাসপাতাল |
| ১০) এলমহার্স্ট ইন্সটিটিউট অফ কম্যুনিটি<br>স্টাডিজ, এন্ডুজ পল্লী, পোঃ-শান্তিনিকেতন,<br>জেলা—বীরভূম। | শান্তিনিকেতনে<br>১৫ শয্যার হাসপাতাল |
| ১১) ইন্সটিটিউট ফর সাইকোলজিক্যাল অ্যান্ড<br>এডুকেশনাল রিসার্চ, ২৭ সার্কাস এভেনিউ,<br>কলকাতা-১৭, | পরামর্শদান কেন্দ্র। |

| | সংস্থার নাম ও ঠিকানা | শ্রেণীবিভাগ |
|---|---|---|
| ১২) | দি. ক্যালকাটা সামারিটানস, ৫৩বি, ইলিয়ট রোড, কলকাতা-১৭ | ১) পরামর্শদান কেন্দ্র ২) কামালগাজি দঃ২৪-পরগনায় ১৫ শয্যার হাসপাতাল। |
| ১৩) | ভারত শৈলী, বারুইপুর, | নতুন প্রকল্প। |
| ১৪) | ওয়েস্ট বেঙ্গল এস.সি/এস.টি অ্যান্ড মাইনরিটি ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশান, মেদিনীপুর, | ১৫ শয্যার হাসপাতাল। |
| ১৫) | পল্লীকথা, বাসুদেবপুর, পূর্ব মেদিনীপুর | বালুরঘাটে ১৫ শয্যার হাসপাতাল |
| ১৬) | ক্যালকাটা তালতলা সোসাইটি ফর কমিউনিটি ইন্টারভেনশন্ অ্যান্ড রিসার্চ | কলকাতায় ১৫ শয্যার হাসপাতাল |
| ১৭) | উদয় তীর্থ, হাওড়া, | হাওড়ায় ১৫ শয্যার হাসপাতাল |

### সংশোধনাগারগুলির আয়তন বৃদ্ধি

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৮) **শ্রী ব্রহ্মময় নন্দ** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে সংশোধনাগারগুলির আয়তন বৃদ্ধি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

হ্যাঁ।

### 'চা' প্রক্রিয়াকরণ শিল্পে নিযুক্ত শ্রমিক

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪২) **শ্রী নির্মল ঘোষ** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১.১২.২০০২ পর্যন্ত 'চা' প্রক্রিয়াকরণ শিল্পে রাজ্যে কতজন শ্রমিক নিযুক্ত ছিল ;

(খ) ৩১.১.২০০৪ পর্যন্ত এই শিল্পে কতজন শ্রমিক নিযুক্ত আছে এবং

(গ) বর্তমানে 'চা' শিল্পের অচলাবস্থার জন্য শ্রমিকদের পরিবারবর্গকে বাঁচাতে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) চাশিল্পে আনুমানিক ২.৫০ লক্ষ শ্রমিক কাজ করেন। এঁদের মধ্যে চা-বাগানের কাজ করেন এবং চা উৎপাদনের কারখানায় কাজ করেন দুই ধরনের শ্রমিকই আছেন। এ ছাড়া ৩১.১২.০২ তারিখে কমবেশি ১৮৬০ জন শ্রমিক বটলীফ্ ফ্যাক্টরীতে কাজ করেতেন।

(খ) ৩১.১২.২০০৪ পর্যন্ত চা-প্রক্রিয়াকরণ কারখানা বা বটলীফ্ ফ্যাক্টরীতে নিয়োজিত শ্রমিকের সংখ্যা প্রায় একই রকম আছে।

(গ) বন্ধ চা-বাগানগুলি খোলার জন্য সরকার সালিশী ব্যবস্থার মাধ্যমে বিরোধ মীমাংসার চেষ্টা করছেন। তাছাড়া, বন্ধ চা-বাগানের শ্রমিকদের জন্য সংশ্লিষ্ট এলাকায় গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। ৯টি চা-বাগান যেগুলি ১ বছরের বেশি বন্ধ সেই বাগানগুলির শ্রমিকদের 'ফাউলাই' প্রকল্পের মধ্যে আনা হয়েছে।

## উপসংশোধনাগারগুলিতে বিনোদনের পরিকল্পনা

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮০) **শ্রী জানে আলম মিঞা** এবং **শ্রী আবুল হাসনাৎ** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার উপসংশোধনাগারগুলিতে বিনোদনের জন্য পত্র, পত্রিকা, টি.ভি সেট ও বসে খেলার সামগ্রী দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছেন এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) এই পরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার কাজ চলছে।

## চটকল বন্ধ

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬৬) **শ্রী তমোনাশ ঘোষ** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমান আর্থিক বছরে কতগুলি চটকল বন্ধ হয়েছে এবং

(খ) উক্ত বন্ধ হওয়া চটকলগুলিতে কতজন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) রাজ্যে বর্তমান আর্থিক বছরে (১.৪.০৩—৯.৩.২০০৪) সাস্পেনশন অফ ওয়ার্কের ফলে মোট ১৮টি চটকল বন্ধ হয়েছে।

(খ) উক্ত ১৮টি চটকলে সাস্‌পেনশন অফ ওয়ার্কের ফলে কমবেশি ৬৪,৪৫০ জন শ্রমিক কর্মচ্যুত হয়েছেন।

## সংশোধনাগারে বন্দীর সংখ্যা

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৬) শ্রী **সামসুল ইসলাম মোল্লা** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে বিভিন্ন সংশোধনাগারে বন্দীর সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত বন্দীর সংখ্যা কত এবং

(গ) কতজন মহিলা বন্দী আছে ?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ১৬,৪৯৭ জন (৩১.০১.২০০৪ পর্যন্ত)।

(খ) ১৫৯৫ জন।

(গ) ৮১৯ জন।

## বন্দী পলায়ন

*৮০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৮) শ্রী **অশোক কুমার দেব** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১লা জানুয়ারী, ২০০২ থেকে ৩১শে ডিসেম্বর, ২০০৩ পর্যন্ত রাজ্যের সংশোধনাগারগুলি থেকে কত জন বন্দী পলায়ন করেছে এবং

(খ) কোন কোন সংশোধনাগারে এইরূপ ঘটনা ঘটেছে ?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৪০ জন।

(খ) যে সব সংশোধনাগারে এইরূপ ঘটনা ঘটেছে সেগুলির তালিকা নিম্নে দেওয়া হল।

| ২০০২ সাল | ২০০৩ সাল |
|---|---|
| মেদিনীপুর—১ জন | প্রেসিডেন্সি—৩ জন |
| বহরমপুর—১ জন | বহরমপুর—৪ জন |
| কুচবিহার—১ জন | দমদম—৫ জন |
| বালুরঘাট—১ জন | মালদা—১ জন |
| মালদা—১জন | জঙ্গীপুর—১ জন |

| ২০০২ সাল | | ২০০৩ সাল | |
|---|---|---|---|
| শিলিগুড়ি | ১জন | আরামবাগ | ৬জন |
| লালগোলা | ১জন | মেখলী গঞ্জ | ১জন |
| ইসলামপুর | ২জন | বিষ্ণুপুর | ১জন |
| আলিপুরদুয়ার | ২জন | পুরুলিয়া জেলা | ১জন |
| জলপাইগুড়ি | ৩জন | বনগাঁ | ৩জন |
| | ১৪জন | | ২৬জন |

মোট (১৪+২৬ ) = ৪০জন

## বন্দী মৃত্যু

*৮১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬২) **শ্রী মন্টুরাম পাখিরা** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত ইং ২০০৪ সালের জানুয়ারীতে আলিপুর কেন্দ্রীয় সংশোধনাগারে এক বিচারাধীন বন্দীর অস্বাভাবিক মৃত্যু হয়েছে এবং

(খ) সত্যি হলে, সরকার এ বিষয়ে কোনো তদন্তের নির্দেশ দিয়েছেন কি ?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

## সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২) **শ্রীমতী সোনালী গুহ** : নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গত ২০০২-২০০৩ আর্থিক বছরে রাজ্যের কোন্ কোন্ ব্লকে সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প চালু করা সম্ভব হয়েছে ?

**নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

গত ২০০২-০৩ আর্থিক বছরে রাজ্যের নিম্নলিখিত ১৪টি ব্লকে সুসংহত শিশুবিকাশ প্রকল্প চালু করা সম্ভব হয়েছে।

(১) এগরা—১ (পূর্ব মেদিনীপুর)

(২) নন্দকুমার (মহিষাদল-১) (পূর্ব মেদিনীপুর)

(৩) হাবড়া—১ (উত্তর চব্বিশ পরগনা)

(৪) দাঁতন—২ (পশ্চিম মেদিনীপুর)
(৫) নন্দীগ্রাম—৩ (পূর্ব মেদিনীপুর)
(৬) ভগবানপুর—২ (পূর্ব মেদিনীপুর)
(৭) কালিয়াচক—২ (মালদা)
(৮) রামনগর—২ (পূর্ব মেদিনীপুর)
(৯) রামনগর—১ (পূর্ব মেদিনীপুর)
(১০) সবং (পশ্চিম মেদিনীপুর)
(১১) মোহনপুর (পশ্চিম মেদিনীপুর)
(১২) ডায়মন্ডহারবার—১ (দক্ষিণ ২৪-পরগনা)
(১৩) সাগর—৩ (দক্ষিণ ২৪-পরগনা)
(১৪) কৃষ্ণনগর—১ (নদীয়া)

## কোন্নগরের ফোর্ট উইলিয়াম কারখানা

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৫) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কোন্নগরের ফোর্ট উইলিয়াম কারখানাটি বন্ধ আছে ;

(খ) সত্যি হলে, বন্ধের কারণ কি এবং

(গ) এ ব্যাপারে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) ব্যাপক আর্থিক ক্ষতি, উৎপাদিত সামগ্রীর চাহিদার অভাব ইত্যাদি কারণে গত ২৭.৭.২০০২ তারিখে বিজ্ঞপ্তি দিয়ে কর্তৃপক্ষ কারখানা বন্ধ করে দিয়েছেন।

(গ) কারখানা বন্ধের বিষয়ে শ্রম বিরোধটি আপস মীমাংসার জন্য সংশ্লিষ্ট পক্ষগুলির সাথে আলোচনা করে কোনো মীমাংসা সূত্র না পাওয়ায় শ্রম বিরোধটি বিচারের জন্য শিল্প ন্যায়পীঠে পাঠানো হয়েছে।

## রাজ্য মানবাধিকার কমিশনে নথিভুক্তি

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭০) **শ্রী অশোক কুমার দেব** : কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ২০০৩ সালে রাজ্যের সংশোধনাগার গুলিতে কতজন বন্দীর মৃত্যু হয়েছে, এবং

(খ) তন্মধ্যে, কতগুলির ঘটনা রাজ্য মানবাধিকার কমিশনে নথিভুক্ত করা হয়েছে ?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৫২ জন বন্দীর মৃত্যু হয়েছে।

(খ) সবগুলি মৃত্যুর ঘটনাই রাজ্য মানবাধিকার কমিশনে নথিভুক্ত করা হয়েছে।

**কেন্দ্রীয়, জেলা ও মহকুমা সংশোধনাগারের সংখ্যা**

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৫) **শ্রী ব্রহ্মময় নন্দ :** কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কেন্দ্রীয়, জেলা ও মহকুমা সংশোধনাগারের সংখ্যা কত ?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৫৩টি।

| | |
|---|---|
| কেন্দ্রীয় সংশোধনাগার— | ৬টি |
| জেলা— | ১২টি |
| মহকুমা— | ৩০টি |
| বিশেষ— | ৩টি |
| মুক্ত— | ১টি |
| মহিলা— | ১টি |

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received eight notices of Adjournment Motion. The first one is from Smt. Sonali Guha and the fifth one is from Shri Ashoke Deb on the subject of reported leakage of Mathematics Paper of Madhyamik Pariksha. The second one is from Shri Ashis Banerjee and the fourth one is from Shri Asit Mitra and Shri Nepal Mahato, the sixth one is from Shri Gobinda Chandra Naskar and the eighth one is from Shri AjoyDey on the subject of reported dispute over the standard of Mathematics Question Paper of Madhyamik Pariksha. The third one is from Kashinath Mishra, Shri Manturam Pakhira Dr. Ratna De(Nag), Shri Pundarikakshya Saha and Shri Ajit Bhunia on the subject of alleged damage of machines and furnitures in the Store Room of Health Department and the seventh one is from Shri Jyotirmoy Kar on the subject of reported attrocities of police at Nanur in the Birbhum District.

The subject matter of all the motions relate to the day to day administration and are not such that they call for adjournment of

the business of the House. The members may, however, invite attention of the Ministers concerned through Question, Mention, Calling Attention etc.

I, therefore, withhold my consent to all the motions.

One member of the party, may, however, read the text of the motion as amended.

[12.10—12.20 p.m.]

**শ্রীমতী সোনালী গুহ :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল :-

২৬ বছরের বাম রাজত্বে আবার মাধ্যমিকে কেলেঙ্কারী। একদিকে অঙ্ক প্রশ্নপত্র কঠিন অপরদিকে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগকে কেন্দ্র করে গোটা রাজ্য উত্তাল হয়ে ওঠে। সোমবার এক গণমাধ্যমে দেখানো সাদা কাগজের অঙ্কগুলির সঙ্গে অঙ্ক প্রশ্নপত্রের বেশ মিল পাওয়া যায়। প্রায় ৬ লাখ পরীক্ষার্থীর ভবিষ্যৎ পর্ষদের এই আচরণের জন্য অনিশ্চিত হয়ে পড়ে। পর্ষদ এই অভিযোগ অস্বীকার করলেও মানতে বাধ্য হয়েছেন যে প্রশ্নটি নিয়মবহির্ভূতভাবে অত্যন্ত কঠিন হয়েছে। এর আগে ইংরাজী প্রশ্নপত্র কঠিন হওয়ার দরুণ এক ছাত্র আত্মঘাতী হন। আবারও পাঠ্যবহির্ভূত বহু অধরা প্রশ্ন এবং প্রশ্ন ফাঁসের ঘটনায় ছাত্রসমাজ ও অভিভাবকগণ চরম হতাশার মুখোমুখি। অপদার্থতার তদন্ত চাই। প্রকৃত দোষীদের শাস্তি দেওয়া উচিত এবং ইংরেজী ও অঙ্কে কাউকেই অনুত্তীর্ণ ঘোষণা করা যাবে না।

**শ্রী অজয় দে :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল :-

এবারের মাধ্যমিক পরীক্ষায় ইংরাজী, ভৌতবিজ্ঞান এবং সবশেষে অঙ্ক পরীক্ষার প্রশ্ন কঠিন হওয়ায় লক্ষ লক্ষ ছাত্রছাত্রী অনিশ্চিত অন্ধকারে পড়েছে। যে ধারায় ছাত্র-ছাত্রীরা অভ্যস্ত অর্থাৎ স্কুলে যেভাবে পড়ানো হয় ও টেস্ট পেপারে যা রয়েছে তার থেকে অন্য ধারায় প্রশ্ন করা হয়েছে। জীবনের বড় পরীক্ষায় পর্ষদ এভাবে ছাত্র-ছাত্রীদের ঠকিয়েছে। এছাড়া প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা ঘটেছে। এই অবস্থায় ছাত্র-ছাত্রী এবং অভিভাবকদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয়েছে। আত্মহত্যার ঘটনাও ঘটেছে। ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের কথা ভেবে বিষয়টি সহানুভূতির সাথে দেখার দাবি জানাচ্ছি।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received five notices of Calling Attention on the following subjects, namely :-

| | Subject | | Name |
|---|---|---|---|
| i) | Reported death of Children at B.C. Roy Hospital | : | Smt. Sonali Guha and Shri Jyoti Priya Mallick |
| ii) | Reported suicide by Sadhisthir Debnath, a potato business man at Kalna on 12.3.2004. | : | Dr. Asish Banerjee and Shri Gobinda Chandra Naskar |
| iii) | Reported leakage of Mathematics Question Paper of Madhyamik Pariksha. | : | Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira, Dr. Ratna De (Nag), Shri Pundarikakshya Saha, Shri Kallol Khan, Shri Ajit Bhunia, Shri Asit Mitra, Shri Nepal Mahato and Shri Nirmal Das |
| iv) | Paka Ration Cards in the State | : | Shri Ashok Kumar Deb |
| v) | Reported attack by KLO at Maynaguri, Jalpaiguri on 13.3.2004. | : | Shri Jyoti Krishna Chattopadhyay. |

I have selected the notice of Smt. Sonali Guha & Shri Jyoti Priya Mallick on the subject of 1) Reported death of Children at B.C. Roy Hospital. The Minister-in-Charge may please make a statement, today, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha** :-The statement will be sent later on.

( At this stage the members of Trinamul Congress and Congress walked out of the House.)

**Mr. Speaker** : Now, I call upon the Minister-in Charge of Labour Department to make a statement on the subject of Closure of Caladonian Jute Mill and consequential situation arisen therefrom.

(Attention called by Shri Ashok Kumar Deb on the 12th March, 2004.)

**Shri Md. Amin** :

Mr. Speaker, Sir,

I beg your permission to place before the House the following statement in reply to the Calling Attention raised by Shri Ashok Kr.Deb, MLA on 'closure of Caledonian Jute Mill and consequential situation arisen therefrom.'

The management of M/s. Caledonian Jute & Industries Limited declared suspension of work in their jute mill at Budge Budge, South 24-Parganas with effect from 8.3.2004 on the ground of alleged indiscipline, inter-union rivalry,low productivity etc.

On receipt of a dispute, a tripartite conference with the management and the three unions was fixed by the conciliation machinery of the State Govt. on 10.3.2004. The representatives of the three unions turned up for the meeting but management did not attend the same. The management representatives, however, separately met the Conciliation Officer on 11.03.04. It was learnt from the management that the case of the mill was pending before BIFR and there was a dispute over the norms of productions in different operations in the mill. The management and three unions had been discussing about the improvement on production productivity and it was more or less decided that parties would sign a new agreement on production and productivity after getting consent of the workers. Accordingly a bipartite meeting was held that 4.3.2004. It has been alleged by the management that in the said meeting a section of workmen raised some demands and forced the workers to leave their work place. The above incident as well as low production/productivity and indiscipline of the workmen as alleged by the management led to the declaration of suspension of work. It is, however, learnt that the management and three unions are having bipartite dialogue amongst themselves and it is expected that the mill would reopen soon. The mill employs about 3100 workmen.

**শ্রী অশোক কুমার দেব** : স্যার, মাননীয় মন্ত্রী লিখেছেন মিল উইল বি রি-অপেন শর্টলী, এগজ্যাকটলী টাইমটা উনি বলতে পারছেন না যে কবে খুলবে। আজকে এটা খোলার কথা ছিল। ত্রিপাক্ষিক বৈঠকে শ্রমিকদের সাথে মালিকদের যে কথা হয়েছিল তার টার্মস্ অ্যান্ড কন্ডিশন ঠিক আছে কিনা, তারা গ্র্যাচুইটি পাবে কি না এবং কেন বারবার মিল বন্ধ হচ্ছে এগুলি জানাবেন কি ? অনেক সময় দেখা যায় সরকার পক্ষ মিটিং ডাকলে শ্রমিক ইউনিয়ন হাজির হয় কিন্তু মালিকরা একটা চিঠি দিয়ে জানিয়ে দেন যে আসতে পারছি না, ডেটটা পেছোন। মালিকরা যদি সরকারকে না মানেন, তাহলে সঠিকভাবে চলতে পারে না। মিলটি কবে খুলবে জানাবেন কি ?

**শ্রী মহঃ আমিন** : মিটিং ডাকলে ইউনিয়ন বা মালিকপক্ষের যে কোনো এক পক্ষ যদি না আসে তখন ফার্দার পার্সু করা হয়। এ ক্ষেত্রে কালকে যে আলোচনা হয়েছে তাতে

মনে হলো আজকে এটা খুলে যেতে পারে। আজকে খুলেছে কি না সে ইনফরমেশান আমার কাছে নেই, আমার কাছে যেটুকু ইনফরমেশান ছিল আমি জানিয়ে দিয়েছি। তবে এটা আজকে না খুললেও বেশি দিন বন্ধ থাকবে না। আশা করছি দু-এক দিনের মধ্যেই খুলে যাবে।

## PRESENTATION OF COMMITTEE REPORT

### Presentation of the Second Report of the Standing Committee on Finance, Excise and Development & Planning (including Uttaranchal and Paschimanchal Unnayan Affairs) (2003-2004)

The Chairman (**SHRI MOSTAFA BIN QUASEM**) Sir, I beg to present the Second Report of the Standing Committee on Finance, Excise and Development & Planning (Uttarranchal and Paschimanchal Unnayan Affairs) (2003-2004) on administrative set ups and functions of the Departments.

## LAYING OF REPORTS

### Twenty-eighth Annual Report of the West Bengal Forest Development Corporation Limited for the year 2001-2002.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, with your permission, I beg to lay the Twenty-eighth Annual Report of the West Bengal Forest Development Corporation for the year 2001-2002.

### Annual Report and Accounts of the Greater Calcutta Gas Supply Corporation Limited for the year 2002-2003.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, with your permission, I beg to lay the Annual Report and Accounts of the Greater Calcutta Gas Supply Corporation Limited for the year 2002-2003.

[12.20—12.30 p.m.]

## MENTION CASES

**শ্রী পদ্মনিধি ধর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজনৈতিক দুর্বৃত্তায়ন আমাদের এই বিধানসভায় একটা মারাত্মক ও ভয়াবহ অবস্থায় এসে পৌঁছেছে। পরিষদীয় কাজ কর্ম বিতর্কের মধ্যে সীমাবদ্ধ থাকবে এটাই সংসদীয় নীতি। কিন্তু গতকাল মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের অ্যানুয়াল ফিন্যান্সিয়াল স্টেটমেন্ট রাখার সময় সভার ভেতরে কিছু সদস্য অশালীন আচরন করে না। বাজেটের বস ছিঁড়ে ফেলেন এবং সংসদীয় কক্ষ্য থেকে—যেটা আমাদের বিধানসভার অংশ—সেই লবিতে গিয়ে তৃণমূল কংগ্রেসের দুর্বৃত্তরা টেবিলে বাজেট বইতে আগুন লাগায়। এমন কি আমাদের মাননীয় সদস্য যদু হেমব্রম, উনি এখানে বসে

আছেন, ওনার প্যাডগুলো পর্যন্ত পুড়িয়ে দিয়েছেন। (এই সময় মাননীয় সদস্য শ্রীপদ্মনিধি ধরের হাতে অর্ধ-দগ্ধ কিছু কাগজ দেখা যায় উঁচু করে ধরে রয়েছেন।) সেদিন ওরা অশালীন অঙ্গভঙ্গী করেছিলেন, আক্রমণাত্মক বক্তব্য রেখেছিলেন এবং এর ফলে আমরা সরকার পক্ষের যারা সদস্য তারা নিরাপত্তার অভাব বোধ করছি এবং এই পরিপ্রেক্ষিতে আপনার নির্দেশ ও প্রতিকারের জন্য আবেদন জানাচ্ছি। এই অপরাধীদের আপনি শাস্তি বিধান করুন। লোকসভা নির্বাচন আসছে। আপনি যদি অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা না নেন তাহলে তৃণমূল ফ্যাসিস্ট বি. জে.পি-র সাথে হাত মিলিয়ে বাইরে যেমন গণতান্ত্রিক ব্যবস্থা ধ্বংস করার চেষ্টা করছে তেমনি ভেতরেও পরিষদীয় গণতন্ত্রকে ধ্বংস করার চেষ্টা হবে। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং এদের শাস্তির দাবি করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় স্পীকার মহাশয়, শ্রীযুক্ত পদ্মনিধি ধর মহাশয় যে প্রশ্নের অবতারণা করেছেন তার পরিপ্রেক্ষিতে বলতে হয় 'ব্যর্থ প্রাণের আবর্জনা পুড়িয়ে ফেলে আগুন জ্বালা।' আমাদের রাজ্য জুড়ে ব্যর্থ প্রাণ জ্বলছে। সারা রাজ্য জুড়ে বেকারী,বন্ধ কল-কারখানা, স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে, মাননীয় শিক্ষামন্ত্রী বসে আছেন, কিন্তু দেখা যাচ্ছে ছাত্র আত্মহত্যা করছে। সুতরাং এই সরকার যে বাজেট পেশ করেছে, আজ সারা রাজ্যে যখন আগুন জ্বলে তখন আলাদা করে উল্লেখ করার প্রয়োজন আছে বলে মনে করি না। বন্ধ কারখানা শ্রমিকের স্ত্রী আজকে স্টেশনে দাঁড়িয়ে দেহ ব্যবসা করছে, ছাত্র আত্মহত্যা করছে, বেকার, শিক্ষক আত্মহত্যা করছে। সারা রাজ্য জুড়ে যখন আগুন জ্বলে তখন বিধানসভার ভেতরে-বাইরে আলাদা করে আগুন জ্বালানোর প্রশ্ন উঠতে পারে না। উনি যে আগুনের কথা বললেন সেটা অসত্য কথা। আমরা নিশ্চয় বাজেট জ্বালিয়েছি। কারণ আমরা মনে করি এই বাজেট পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের জন্য নয়, জনগণের জন্য নয়। তবে ওই যে কোন্ একজন মাননীয় সদস্যের প্যাড জ্বালিয়ে এনে এখানে যে ইস্যু তৈরি করার চেষ্টা করছেন আমরা ওই ধরনের ঘৃণ্য আচরণের নিন্দা করছি এবং সি.পি.এমের এই আচরণের তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী তপন হোড় :** স্যার, আপনি ঔদার্য নিয়ে এই অধিবেশন পরিচালনা করেছেন। অতীতেও অনেক ঘটনা ঘটেছে, ওয়েলে যারা আছেন তাদেরও সরে যেতে হয়েছিল। তার পর আপনি পরিস্থিতিটা একটা গণতান্ত্রিক অবস্থায় এনেছিলেন এবং বিরোধীরা সে ব্যাপারে সহযোগিতাও করেছিলেন। গত সেশনে সেটা উল্লেখ করেছি। অ্যানুয়াল রিপোর্ট পেশ হচ্ছিল। সেখানে দাঁড়িয়ে ওরা ভিন্নমত পোষণ করতেই পারেন, মতবিরোধ থাকতে পারে, আপত্তি করা যেতে পারে, এটা গণতান্ত্রিক অধিকার। কিন্তু এটা কোন গণতান্ত্রিক অধিকার আজকে এখানে পদ্মনিধি ধর আমাদের মাননীয় সদস্য বললেন এখানে মাননীয় পদ্মনিধি ধর বললেন, তার উত্তরে মাননীয় শোভনদেববাবু যে সমস্ত যুক্তি চালনা করলেন, তার মধ্যে কোনো যুক্তি আছে স্যার? ওইখানে টেবিলটা মধ্যে আগুন জ্বালিয়ে সেই টেবিলটা আজকে ক্ষতিগ্রস্থ হয়েছে। কার সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয়েছে? সেই পুরোনো জিনিষটা আবার এরা ঘটাতে চাইছে। শুধু তাই নয়, আজকে আমাদের মাননীয়

সদস্য যদু হেমব্রমের যে প্যাড পোড়ানো হয়েছে সেই ব্যাপারটা তারা আমাদের উপর চাপিয়ে দিতে চাইছেন স্যার। আমি এই শোভনদেববাবু এবং তৃণমূল কংগ্রেসের সমস্ত সদস্যের বিরুদ্ধে প্রিভিলেজ মোশান আনতে চাই। এরা দুর্বৃত্ত, এদের শাস্তি চাই। আপনার ঔদার্য দিয়ে এদেরকে পারবেন না স্যার। আমরা আপনার কাছে এদেরকে উপযুক্ত শাস্তির দাবি করছি।

**শ্রী রবীন দেব** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর মহাশয় যে বিষয়টি উল্লেখ করেছেন, আমি অবাক হয়ে গেলাম, বিরোধী দলের মুখ্যসচেতক, তিনি কিভাবে সাফাই গাইলেন, তিনি রবীন্দ্রনাথের গানের কলি তুলে ধরলেন—

'ব্যর্থ প্রাণের আবর্জনা পুড়িয়ে ফেল'।

গতকাল এখানে বাজেটের কপি পুড়িয়েছে, আমাদের মাননীয় সদস্য যদু হেমব্রমের লেটার-হেড পুড়িয়েছে—তার কপি এখানে দিয়েছে। এখানে রেকর্ড দেখুন, উনি প্রথমে বলেছেন, 'আমাদের ছেলেরা পোড়ায়নি, তারপর আবার বললেন, আমাদের সদস্যরা বাজেটের কপি পুড়িয়েছে।' স্যার, হাউসের সামনে তিনি এই দ্বিচারিতা করলেন, বললেন, এটা নাকি রাইট। সারা রাজ্য পুড়ছে—কেরোসিনের লিটার ২ টাকা ৭০ পয়সা থেকে ৯ টাকা ৭০ পয়সা করেছেন। দোষটা কার ? ডিজেল ২৪ টাকায় তুলেছেন। ১৫৪ টাকার রান্নার গ্যাসের সিলিন্ডার ২৭২ টাকা করলেন। যারা ২২ টাকা ৯৫ পয়সার পেট্রোল তুলে দিলেন ৩৬ টাকা ৬৩ পয়সাতে, আর পোস্ট অফিসের সুদের হার কমিয়ে, ব্যাঙ্কের সুদের হার কমিয়ে যারা ওইসব চিটফান্ডে টাকা রেখে তাদের সংসার ছার-খারকরে দিচ্ছেন, পুড়ে ছাই করেছেন, আপনারা তারা বই পোড়াচ্ছেন, আপনারা এখানে মানুষের ইজ্জত পোড়াচ্ছেন, সম্মান পোড়াচ্ছেন, আর এখানে বিধানসভায় এসে বিধানসভার যে মর্যাদা, এই হাউসের যে মর্যাদা তাকে জ্বালিয়ে, পুড়িয়ে ছাই করতে চাইছেন। আমরা এব্যাপারে বলেছিলাম, বই পোড়ায় না!, বই পড়ে। এই বই পড়ার জন্য, বই পোড়ার জন্য নয়। আপনারা এখানে আলোচনা করুন না, আপনাদের আলোচনা করার সুযোগ আছে। বাজেট যদি আপনাদের মনমতো না হয়, তাহলে আলোচনা করুন, দেখি যে, আপনারা কি যুক্তিতে খণ্ডন করবেন ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্যার আপনার মাধ্যমে এই দাবি জানাচ্ছি যে, হাউসের সামনে গতকাল যা করেছে, সেটা ফ্যাসিস্ত শক্তির কাজ। বি.জে.পি-র সঙ্গী হয়ে ইতিমধ্যেই ধরা পড়েছে, কালকে সাহেব সিং বর্মা। আর এই যে তার গুন্ডার দলের সর্দাররা এখানে রয়েছে, তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হোক। এই দাবি আমি আপনার সামনে উপস্থিত করছি।

**শ্রীমতী সোনালী গুহ** : স্যার, গতকাল এখানে মাননীয় অর্থমন্ত্রী ভোট অন অ্যাকাউন্ট পেশ করেছেন। আমরা প্রতিবাদ করেছি এবং ভবিষ্যতে এরকম বাজেট হলে প্রতিবাদ করবো। স্যার, গতকাল এর থেকেও মারাত্মক ঘটনা ঘটেছে—মাধ্যমিকের প্রশ্ন ফাঁস হয়ে গেছে। সেটা নিয়ে যখন গোটা বাংলা উত্তাল, তখন এই সরকার পক্ষের সদস্যরা এই দৃষ্টিকে মানুষের দিকে ঘুরিয়ে দেওয়ার জন্য একটা অমূলক কথা বলেছেন যে, আমরা নাকি মাননীয়

সদস্যর প্যাড পুড়িয়েছি। কাদের দিয়ে দুর্বৃত্তদের কথা বলাচ্ছেন ? এই পদ্মনিধি ধরকে দিয়ে দুর্বৃত্তদের কথা বলাচ্ছেন। বোলপুরে যারা লাহাবাঁধের জমি দখল করে নিয়েছে—এই তপন হোড়কে দিয়ে দুর্বৃত্তদের কথা বলাচ্ছেন। রবীন দেব—যিনি সংসদীয় রাজনীতিতে এসেছিলেন একটা মানুষকে খুন করে—তাঁকে দিয়ে দুর্বৃত্তায়নের কথা বলাচ্ছেন। আগে এদের শাস্তি দিন, এদের বিধানসভা থেকে বার করুন। আপনি সব সময় বলেন স্যার, হাউস বিলংস্ টুদি অপোজিশন। অপোজিশন বিরোধিতা না করলে সরকার কখনো বলতে পারে না। আমরা তাই স্যার, প্রতিবাদ করেছি, কিন্তু কোনো প্যাড আমরা জ্বালাইনি। এই রবীন দেব সংসদীয় রাজনীতিতে একজন মানুষের রক্তের মধ্যে দিয়ে ঢুকেছেন—তিনি আজকে বি.জি.পি সরকার ও বাজপেয়ী সরকারের কথা বলতে চাইছেন। আসলে স্যার, মাধ্যমিকের প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে, তাই এই দিক থেকে দৃষ্টিকে ঘুরিয়ে দেওয়ার জন্য সরকার পক্ষ নতুন চাল চেলেছেন। এর বিরুদ্ধে আপনি সরব হবেন এবং আপনার অনারেবেল চেয়ার থেকে এর বিরুদ্ধে আপনি রুলিং দেবেন এটা আমরা আশা করি।

[12.30—12.40 p.m.]

**শ্রী গোবিন্দ রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকালের ঘটনার উপর মাননীয় সদস্য শ্রী পদ্মনিধি ধর যে বিষয়টি এখানে উত্থাপন করেছেন এই বিষয়টির উপর বিরোধী দলের মুখ্যসচেতক তিনি ঘটনাটির নিন্দা না করে বা নিজেদের দোষ স্বীকার না করে আত্মসংশোধনীর পথ না ধরে এটা আমাদের সদস্যদের উপর দোষারোপ করে দায়িত্ব ছেড়ে দেওয়ার চেষ্টা করলেন। এই ধরনের একটি ঘটনা যেখানে আমাদের মাননীয় সদস্যের লেখার প্যাড পুড়িয়ে দেওয়া হয়েছে, বিধানসভার পবিত্রতা নষ্ট করা হয়েছে। এরা আজকে ভারতবর্ষ জুড়ে আগুন জ্বালাবার খেলায় মেতেছে, যাদের লেজ ধরে কেন্দ্রের মন্ত্রিত্বে যাওয়ার লোভে তারা দিশেহারা— ভারত উদয় যাত্রার পথে রথযাত্রা করে দেশে আগুন লাগাতে চায়—এরা পশ্চিমবাংলায় আগুন লাগাতে চেষ্টা করছে। আমরা দ্ব্যর্থহীন ভাষায় বলে দিতে চাই পশ্চিমবাংলার মাটিতে আগুন লাগানোর অপচেষ্টা মানুষ মেনে নেবে না, এখানে আগুন লাগিয়ে নিজেদের মুখই পুড়বে। পশ্চিমবাংলার মানুষ আপনাদের দায়িত্ব দেবে না। বিধানসভায় আপনি মহানুভব ব্যক্তি, এর মর্যাদা রক্ষা করবার জন্য এই দুর্বৃত্তদের সঠিক শাস্তির ব্যবস্থা করবেন এই আবেদন জানাতে চাই।

**শ্রী সৌগত রায় :** স্যার, আপনার একটা পুরনো সিস্টেম আছে। স্যার, আপনি যখন কোনো জিনিস নিয়ে উত্তেজনা সৃষ্টি হয়, আপনি হাউসে সবাইকে আলোচনা করতে দেন। সেখানে সকলের উষ্মা বার হয়ে যায়। এবং তার ফলে হাউজে একটা আশ্চর্য শান্তি চলে আসে। আপনি আজকে সেই রাস্তা গ্রহণ করেছেন, এইজন্য আমি আনন্দিত। এখন এই আলোচনার মধ্যে স্বভাবতই কেউ কেউ কিছু অসত্য কথা বলেছেন সেটা উল্লেখ করা দরকার। আমি আগে বলি, গতকাল যদি কিছু ঘটে থাকে তা এই হাউজের চেম্বারের মধ্যে আপনি যেখানে বসে আছেন তার মেন চেম্বারের মধ্যে ঘটেনি। আমি আপনাকে বলছি স্যার, এটা ঠিক যে পদ্মানিধি ধর খুব স্বভাবতই উত্তেজিত হচ্ছেন। উনি ভেবেছিলেন, উনি মেনশান করে একটা বিরাট হাওয়া তৈরি করবেন। এইরকম কিছু হবার নেই, উত্তেজিত হবার কোনো কারণ নেই।

আমি স্যার, যেটা বলছি যে, সাধারণত আমরা এটাই দেখেছি যে অ্যাসেম্বলীর যেটা প্রেমিসেস সবটাই আপনার আন্ডারে। এখানে কোনো ঘটনা ঘটলে আপনার অ্যাটেনশানে আসতে পারে। কিন্তু সাধারণত এই চেম্বারের বাইরে আমরা হাউজের অন্য জায়গায় কোনো ঘটনা ঘটলে এখানে হাউসের মধ্যে মেনশান করি না। আমরা আলাদাভাবে আপনাকে বলি এবং আপনি তার ব্যবস্থা নেন। যখন হাউস চলছে তখন কোনো অশোভন ব্যবহার হলে নিশ্চয়ই এখানে হাউজে বারে বারে তোলা হয়েছে, রাজ্যপালের যখন অ্যাড্রেস হয়, বাজেট হয়, তা নিশ্চয়ই হয়েছে তাতে আমাদের কিছু বলার থাকে না। আপনি নিশ্চয়ই জানেন স্যার, এরা না জানতে পারেন অতীতে জ্যোতি বসু যখন পুলিশ থেকে পালাতেন তখন এই হাউজে এসে আশ্রয় নিতেন এবং এখানে বিছানা, বালিশ নিয়ে তিনি থাকতেন কিন্তু তাই নিয়ে ডক্টর রায় তাকে এখান থেকে গ্রেফতার করেননি এবং তার বিরুদ্ধে কখনো কেন জ্যোতি বসু অ্যাসেম্বলীতে এসে আশ্রয় নিয়েছে এই প্রশ্ন কখনো তোলা হয়নি। গতকাল যে ঘটনা ঘটেছে সেই ঘটনা এই হাউজের বাইরে লবিতে—যে লবিতে আমরা মাঝে মাঝে বিরোধী দল হিসাবে আমরা এর আগেও ধরনা দিয়েছি, আন্দোলন করেছি। গতকাল সদস্যদের উষ্মা হয়ত বেশি ছিল, তারা নিজেদের বাজেট পেপারের কপি হয়ত তারা পুড়িয়েছিলেন, প্রতিবাদ জানিয়েছেন, কিন্তু এই যে যা কিছু শাসকদলের সদস্যের প্যাড দেখিয়ে বলা হচ্ছে প্যাড আমরা পুড়িয়ে দিয়েছি। এটা অসত্য। এটা অন্য জায়গা থেকে পুড়িয়ে এনে এটা বলার চেষ্টা করা হচ্ছে। শেষে আমি বলতে চাই, আমি আমাদের ঘরে ছিলাম তখন আমি মাননীয় রবীন দেবের বক্তৃতা শুনছিলাম, রবীন দেব অনেক ইতিহাসের সঙ্গী হয়েছে। রবীন দেব যে কেন্দ্র থেকে '৯২ সালে নির্বাচিত হয়েছেন, সেই বালিগঞ্জে '৯২ সালে ১৭ জন আনন্দমার্গীকে পুড়িয়ে মারা হয়েছিল।

রবীন দেব যেখান থেকে ৯২' সালে প্রথম বাই ইলেকশান-এ নির্বাচিত হন, সেই বাই ইলেকশানে জিতে গিয়ে যে নির্দল যুবক স্বপন চক্রবর্তীকে পুলিশের গুলিতে মরতে হয়েছিল। তাই আগুন জ্বালানোর সঙ্গে রবীন দেব যতটা পরিচিত, আমরা ততটা পরিচিত নই। আমাদের সদস্যারা তাঁদের উষ্মা জানাতে বাজেটের কাগজ আপনার এই হাউজের বাইরে জ্বালিয়েছে। আপনি সব সময় আলোচনা শুনে মত দেন, আমার মনে হয় আপনি এটা স্বীকার করবেন যে, লবিতে যে ঘটনা ঘটে তা হাউসে মেনশন করা উচিত নয়। সুতরাংএ ক্ষেত্রে আলাদাভাবে আপনার কাছে চিঠি লিখে প্রতিবাদ জানালে আমাদের আপত্তি ছিল না। হাউস শেষ হয়ে আসছে, সুতরাং এইভাবে হাউসের মূল্যবান সময় আপনি আর ব্যয় করবেন না। পদ্মনিধিবাবু উত্থাপিত প্রসঙ্গটির আলোচনা আপনি প্লিস লক স্টক অ্যান্ড ব্যারেল ব্ল্যাক স্টেন্ড ইন টু দি ওয়েস্ট পেপার বক্স। ধন্যবাদ স্যার।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মুহূর্তে যে বিষয়টা নিয়ে আলোচনা হচ্ছে সে বিষয়ে কিছু প্রসঙ্গ আমি আপনার দৃষ্টি গোচর করছি। স্যার, তৃণমূল কংগ্রেস নিজেদের পায়ের তলার জমি হারানোর ঘটনাকে ঢাকতে দুর্বৃত্তায়নের পথ বেছে নিয়েছে এবং তা এমন পর্যায়ে নিয়ে গেছে যে এখানে পর্যন্ত আগুন লাগাবার চেষ্টা করছে। ওঁরা আগুন লাগিয়ে নিজেদের মুখ পোড়ান, তাতে আমাদের কোনো আপত্তি নেই। ইতিহাস বলছে হিটলার বই পুড়িয়েছিল। ওঁরাও এখানে বই পুড়িয়ে নিজেদের ফ্যাসিস্ট চরিত্রের

পরিচয় দিচ্ছেন। ইতিপূর্বে আমরা দেখেছি ওঁরা বলপাইতে লাইব্রেরী, লেনিন পাঠাগার পুড়িয়েছেন এবং বিভিন্ন সময় বিভিন্ন দুর্বৃত্তায়নের সঙ্গে নিজেদের জড়িত করেছেন। এই সব অদ্ভুত রাজনৈতিক নেতা সৌগতবাবু নিজেকে অধ্যাপক হিসাবে পরিচয় দেন। ওঁর কাছ থেকে ছাত্র-ছাত্রীরা কি শিখবে, কি শেখাবেন একজন অধ্যাপক, এটা ভাবতেও আমাদের লজ্জা করছে। বই পোড়ানো হচ্ছে, উনি বলছেন, 'বইতে অসত্য কথা লেখা আছে।' যদু হেমব্রমের প্যাড পুড়িয়ে বলছেন, আমরা পোড়াইনি। উনি আনন্দমার্গীদের কথা বললেন। যারা পশ্চিমবাংলার বুকে সন্ত্রাস সৃষ্টি করতে চাইছিল, যারা পুরুলিয়ায় অস্ত্র বর্ষণের সঙ্গে যুক্ত ছিল তাদের হয়ে উনি এই সভায় বক্তব্য পেশ করলেন। আর গুজরাটের মা-বোনেদের পুড়িয়ে একটা সম্প্রদায়কে শেষ করার যখন পরিকল্পনা করা হয়েছিল তখন ওরা সাম্প্রদায়িকতা বিরোধী একটা কথাও বলেননি, মন্ত্রীত্বের খুড়োর-কল সামনে ঝুলছিল বলে নিলজ্জের মত চুপ করে ছিলেন। শুধু ওঁরা লবিতে আগুন লাগাচ্ছেন,তাই নয়, মাধ্যমিক পরীক্ষার প্রশ্ন-পত্র নিয়ে গুজব ছড়িয়ে এই সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। অঙ্ক পরীক্ষার প্রশ্ন-পত্র ভাঁস হয়েছে বলে মিথ্যা বক্তব্য এখানে পেশ করছেন। এই সবের মধ্যে দিয়ে রাজনৈতিক দূর্বৃত্তায়নের পরিচয় দিচ্ছেন। আমি এই রাজনৈতিক দূর্বৃত্তায়নের পরিচয় দিচ্ছেন। আমি এই রাজনৈতিক দুর্বৃত্তদের শাস্তি দাবি করছি। অবিলম্বে শাস্তি দেওয়া হোক। ধন্যবাদ।

**শ্রী অশোক কুমার দেব** : স্যার, আমি আশ্চর্য হয়ে যাচ্ছি সি.পি.এম-এর টেকনিক দেখে ! যখন ওরা নিজেরা কোনো অন্যায় করেন তখন সে প্রসঙ্গকে এড়িয়ে যাবার জন্য অন্য প্রসঙ্গ টেনে আনেন। প্রশ্নপত্র ফাঁসের মতো ঘটনা কাগজে আগুন দেয়ার ঘটনাকে কি দিয়ে চাপা দিতে চাইছেন। মন্ত্রী কান্তিবাবু এখানে উপস্থিত আছেন, তিনি গোটা রাজ্যের ছাত্রদের, অভিভাবকদের কথা একবার ভাবছেন না। ওঁরা আগুন জ্বালার কথা বলছেন—যখন এক পয়সা ট্রামের ভাড়া বেড়েছিল তখন ওঁরা সারা রাজ্যে আগুন জ্বালিয়েছিলেন। ইদানীং ওরা চা-বাগানে একের পর এক মানুষ খুন করেছেন। দমদমে মানুষ খুন করেছেন। মাননীয় সদস্য নিজেকে শিক্ষক বলে পরিচয় দিয়ে শিক্ষকদেরই অপমান করছেন। আপনারা নিজেদের সংশোধনের চেষ্টা করবেন। সারা রাজ্যের কাছে আপনারা নিজেদের হাস্যকর করে তুলেছেন। আপনারা এলাকায় যান, দেখবেন, মানুষ আপনাদের সম্মান করবেন না। প্রশ্ন ফাঁসের সঙ্গে যারা জড়িত, যারা অন্যায় করেছেন আমরা তাঁদের শাস্তির দাবী করেছিলাম। দিব্যেন্দু হোতা অন্যায় করলেন আর ক্ষমা চাইলেন কান্তি বিশ্বাস। তিনি যে অন্যায় করেছেন তার জন্য তাঁর শাস্তি হওয়া দরকার। গতকাল যে ঘটনা ঘটেছে সেই ঘটনার বিচার মানুষ করবে, আপনাদের করার ক্ষমতা নেই। যারা প্রশ্ন ফাঁসের সঙ্গে জড়িত তাদের শাস্তি দেওয়া হোক।

[12.40—12.50 p.m.]

**Mr. Speaker** : The question over here is what happened yesterday in the lobby. Mr. Saugata Roy is right. What happened inside the well and what happened outside the well are two different

issues. But the question is the conduct and behaviour of the members within the presincts of this premises. Premises is the boundry wall and barricade and members have a duty to preserve the respect, prestige, dignity and honour of this House. Each and every member has a binding duty. They are committed by oath to the Constitution when they filed their nomination papers that they uphold, the constitution. Now, we come here to perform a constitutional duty. Budget is a part of the duty of the Government to present before the House. Without the House passing the budget the State cannot function. All part of a constitutional process. We may agree or we may not agree. In a democracy you don't have to agree. But you can agree to disagree. This is what the adage is all about, to debate, to discuss, to express your point of view, to let the people know what your views are and what the people are thinking and what should be what. Ruling parties have their views. They through the debate let the people know that what they represent is their view, is majority-view and the people will decide when they go to the hustings again. But creating pandemaonium, creating disorder, tearing budget papers, creating disturbances, going to the lobby, burning budget papers and putting it on the table of the lobby where documents and papers of other members are kept are not healthy practices, are not good conventions and are not things that should be done. We represent society and we are supposed to be the most respectable people of the society because people elect us as their representatives. If we represent them in the manner that we do it gives a very poor reflection of the society. That has to be understood on our shoulder depends the State of the society, character of the society. People will form opinion when they read abroad that the state of society in West Bengal is this. What we represent-we don't have the responsibility to give the charactor of the State bad, wise people giving bad representation-that is not our duty. We fail our duty. It is our duty to give a good representation, a responsible representation. We may disagree. We will definitely disagree. There may be heated arguments also. But there should not be any physical violence, there should be no criminal activities, there should be no antisocial

activity. Burning of documents is an anti-social activity. It should never happen. It should never be done. Whatever has happened it should be condemned. But members should be constraint, members should behave themselves and let it be at that. Now let us get on to the business.

**শ্রী কিরীটি বাগদী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ইন্দপুরের হীরবাঁধ ব্লকের আই.সি.ডি.এস. প্রকল্প চালু করার জন্য যে এন.জি.ও.কে দেওয়া হয়েছিল, আজও পর্যন্ত সেই এন.জি.ও ওই আই.সি.ডি.এস. প্রকল্প চালু করেনি। অবিলম্বে সেই আই.সি.ডি.এস প্রকল্পটি চালু করার জন্য আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি শুনেছি, ওই এন.জি.ও অনেক টাকা-পয়সার লেনদেনের সঙ্গে জড়িত হয়ে গেছে। সেইজন্য আমার অনুরোধ, ওই এন.জি.ও.কে বাদ দিয়ে নতুন করে ওই প্রকল্প চালু করা হোক।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল বাজেট উত্থাপনের দিন ছিল বলে এই বিষয়টা এই সভার দৃষ্টিগোচর করা যায়নি। ১৯০৪ সালের ১৫ই মার্চ বাংলাদেশের গর্বিত সন্তান অন্নদা শঙ্কর রায় জন্মগ্রহণ করেছিলেন। তাঁর দীর্ঘ কবিতা এবং সাহিত্য রচনার মধ্যে দিয়ে সারা ভারতবর্ষের বুকে একটা দার্শনিক স্তম্ভ হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করেছিলেন। তাঁর গুরুত্ব তাঁর জন্মশর্তবর্ষে আমরা উপলব্ধি করছি। তিনি লিখেছিলেন "তেলের শিশি ভাঙলে পরে খুকুর উপর রাগ করো। আর তোমরা যে সব বুড়ো খোকা ভারত ভেঙে ভাগ করো, তার বেলা ?" এই তেলের শিশি ভাঙা কবিতার জনক হচ্ছেন এই অন্নদা শঙ্কর রায়। তাঁকে স্মরণ করার মধ্যে দিয়ে, তাঁর জন্মশতবর্ষ পালন করার মধ্যে দিয়ে আমরা সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে চাই। আমাদের লজ্জা করে ভারতবর্ষকে টুকরো টুকরো করে আমাদের স্বাধীনতা কেনা হয়েছিল। এই ভারতবর্ষে বুকে বর্তমান এক শাসক দল সাম্প্রদায়িক শক্তিকে মদত দিচ্ছে। সাম্প্রদায়িক শক্তি যাতে মাথা চাড়া দেয় তার জন্য উদয় রথযাত্রা শুরু করেছে। অন্নদা শঙ্কর রায়ের জন্মশতবর্ষে এই ঘটনা ঘটিয়ে তাঁকে আক্রমণ করা হয়েছে। তিনি হচ্ছেন যুগসন্ধি কালের কবি, তাঁর জন্ম শতবর্ষে তাকে শ্রদ্ধা জানাচ্ছি। সেই শ্রদ্ধা সার্বিকভাবে সত্যতা প্রমান করতে এই ঘৃণ্য রাজনৈতিক দল যাঁরা নিজেদের স্বার্থে সাম্প্রদায়িক শক্তি এবং বিচ্ছিন্নতাবাদের বীজ ছড়াচ্ছে এবং তার সঙ্গে ক্ষমতার লোভে যারা যুক্ত রয়েছেন তাঁদের বিরুদ্ধে আমি জেহাদ ঘোষণা করছি। শ্রদ্ধেয় অন্নদা শঙ্কর রায়ের জন্মশতবর্ষে তাঁকে শ্রদ্ধা জানাতে চাই।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় শিক্ষামন্ত্রী উপস্থিত আছেন, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হলো, মাধ্যমিকের যে অঙ্ক পরীক্ষা গতকাল হয়েছে সেই অঙ্ক পরীক্ষা কঠিন হয়েছে বলে অভিযোগ উঠেছে। তার সঙ্গে অভিযোগ উঠেছে যে অঙ্ক প্রশ্নপত্র ফাঁস হয়েছে। মাননীয় শিক্ষামন্ত্রীকে বলি ২২ নম্বর প্রশ্ন কঠিন হয়েছে, সাধারণ ছাত্র-ছাত্রীদের পক্ষে উত্তর দেওয়া সম্ভব নয়।

এই প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা ১২.৬ মিনিটে ফ্যাক্সের মাধ্যমে পর্ষদের গিয়েছিল তার ৮০ পারসেন্ট প্রশ্নের সঙ্গে মিল আছে। এই প্রশ্নপত্র ফাঁস হয়েছে কিনা এটা তদন্ত হওয়া দরকার। এইভাবে যে প্রশ্নপত্র কঠিন হচ্ছে, তার ফলে একটা অঙ্কের ছাত্রের সুযোগ কমিয়ে দেওয়া হচ্ছে, তার জব মার্কেটে চান্স কমে যাচ্ছে। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে আছেন, এই ব্যাপারে সারা পশ্চিমবাংলায় শিক্ষা সম্পর্কে প্রশ্ন উঠে গিয়েছে। আপনি এই ব্যাপারে হাউসকে অবহিত করুন।

**শ্রীমতী সোনালী গুহ :** স্যার, আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল এখানে সরকার পক্ষের সদস্যরা উদ্বিগ্ন হয়ে পড়েছিলেন আমরা বাজেট বই পুড়িয়েছি বলে। কেন বাজেট বই পুড়িয়েছিলাম স্যার ? কারণ অর্থমন্ত্রী এখানে অসত্যের ঝুড়ি নিয়ে হাজির হয়েছিলেন বলে। আমরা দেখেছি, খবরের কাগজে বার হয়েছে, সব ইলেকট্রনিক্স মিডিয়ায় আমরা দেখেছি আর একটি আলুচাষীর আত্মহত্যার ঘটনা ঘটেছে। বর্ধমানে এক আলুচাষী আত্মহত্যা করেছে। আগের এক আলুচাষীর আত্মহত্যাকে কেন্দ্র করে মুখ্যমন্ত্রী বলেছিলেন অবৈধ প্রেম। এবারে আর একজন আলুচাষী, নাম যুধিষ্ঠির দেবনাথ, তার ১৯৯৯ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত এই ৫ বছরে আলুর দাম পড়তে থাকায় সে সর্বস্বান্ত হয়েছে, তার দেনা ২৫ লক্ষ টাকায় পৌঁছে গিয়েছে। এই দেনা সে মেটাতে না পেরে স্টেশানে গিয়ে রেলে মাথা দিয়েছে সমুদ্রগড়ের মাঝামাঝি জায়গায়। সেখানে তার দেহ খণ্ড খণ্ড হয়ে গিয়েছে। এখানে অর্থমন্ত্রী অসত্য ভাষণ দিচ্ছেন আর মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন অবৈধ প্রেম। আলুচাষীরা যখন প্রকৃত আলুর দাম পাচ্ছে না তার জন্য প্রত্যেক পরিবারকে এককালীন অনুদান যাতে দেওয়া হয় তার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

[12.50 – 1.00 p.m.]

**শ্রী মকর টুডু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষামন্ত্রী এবং উচ্চশিক্ষামন্ত্রী এবং অনগ্রসর সম্প্রদায়ের কল্যাণমন্ত্রী মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই বিধানসভা থেকে দু'হাজার সালে সাঁওতালী ভাষার স্বীকৃতির জন্য যে বিল আনা হয়েছিল, সেটি সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করে পাঠানো হয়েছিল। ২০০৩ সালের ২২শে ডিসেম্বরে সাঁওতালী ভাষাকে জাতীয় ভাষা হিসাবে কেন্দ্রীয় সরকার স্বীকৃতি দিয়েছে। বহু লড়াই আন্দোলনের মাধ্যমে এটা আজকে স্বীকৃতি লাভ করেছে। প্রায় এক কোটি মানুষের ভাষা সাঁওতালী ভাষা, এরা সবাই সাঁওতালী ভাষায় কথা বলে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে আগামী শিক্ষাবর্ষ থেকে সাঁওতালী ভাষায় শিক্ষাদান এবং তার পঠন-পাঠন শুরু হয় তার ব্যবস্থা করুন।

**ডঃ আশীষ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নানুর থানার অন্তর্গত সুচপুরের কাছে দান্যপাড়া, তাকোড়া গ্রামে ও.সি-র নেতৃত্বে ও.সি দেবজ্যোতি সাহার নেতৃত্বে পুলিশের সীমাহীন অত্যাচারের কথা তুলে ধরতে চাইছি। আপনি জানেন, সুচপুরে এর আগে বহু হত্যা, গণহত্যা হয়েছে। সিপিএম চাইছে সেখানে সাধারণ মানুষ যাতে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে

না পারে। সেজন্য ও.সি. দেবজ্যোতি সাহা ঘরে ঘরে গিয়ে অত্যাচার করছে। শুধু বয়স্ক লোক নয়, শিশুদের ওপরেও অত্যাচার করছে। একজন অপারেশন হওয়া ছেলেকে পিটোতে পিটোতে ঘরের বাইরে নিয়ে এসেছে, দশ বছরের একটা মেয়েকেও পর্যন্ত রেহাই দেয়নি, তার পেটে লাথি মেরেছে। দান্যপাড়া, তাকোড়া গ্রামে পুলিশ এই যে অত্যাচার চালাচ্ছে, আমি তার বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি এবং রাজ্য সরকারের কাছে প্রতিকার চাইছি।

**শ্রী তারাপদ চক্রবর্তী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি বিপণন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার ওন্দা বিধানসভা কেন্দ্রের অধীন ভাদুনমোড়া, বালিয়াড়া, ফটকপুর পর্যন্ত একটা পীচের রাস্তা ১৯৮৫ সালে তৈরি হয়েছিল। কিন্তু অদ্যাবধি রাস্তাটির কোনো সংস্কার হয়নি। চারটি গ্রাম পঞ্চায়েতের কৃষকরা ওই রাস্তা দিয়ে তাদের পণ্যসামগ্রী বাঁকুড়া শহরে নিয়ে আসে। কিন্তু সংস্কারের অভাবে রাস্তাটি চলাচলের অযোগ্য হওয়ায় কৃষকরা তাদের মালপত্র নিয়ে যেতে পারছে না। অতি সত্বর যাতে রাস্তাটি সংস্কার হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সাথে সাথে, সাবডিভিসনে দুটি যে মার্কেট কমিটি করেছেন, সত্বর তারা যাতে তাদের দায়িত্বভার গ্রহণ করে, কৃষি বিভাগের কাজগুলি যাতে ত্বরান্বিত হয় তার জন্য তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যালয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রী মাননীয় সদস্যাদের সঙ্গে যখন আলোচনায় ব্যস্ত, ঠিক তখনই ছাত্রদের ভবিষ্যৎ অন্ধকারে যাচ্ছে।

স্যার, আপনি জানেন অঙ্ক পরীক্ষার ক্ষেত্রে গতকাল একটা অভাবনীয় দৃষ্টান্ত সৃষ্টি হয়েছে। অঙ্ক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়। এবং দ্বিতীয় কথা হচ্ছে অঙ্ক পরীক্ষার সিলেবাসের বাইরে প্রায় ৩০নং প্রশ্ন এসেছে। এই নিয়ে বিভিন্ন শিক্ষক সংগঠন প্রতিবাদ জানিয়েছে। মাননীয় সদস্য শ্রী অজয় দে ইতিমধ্যেই মুলতুবি প্রস্তাবে বিস্তারিতভাবে বলেছেন। মাননীয় মন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি এই বিষয়ে পূর্ণাঙ্গ তদন্ত করুন। এবং প্রশ্নপত্র ফাঁস হয়েছে কিনা এবং যেভাবে হার্ড কোশ্চেন করে পাণ্ডিত্য ফলানো হয়েছে তারজন্য সাধারণ ছাত্র-ছাত্রীদের মেধার উপরে আঘাত করেছেন। মাননীয় মন্ত্রীর কাছে দাবী জানাচ্ছি যে, আবার দ্বিতীয়বার পরীক্ষা নেওয়া হবে কিনা অথবা গ্রেস দেওয়া হবে কিনা এই বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী বিবৃতি দিন এবং পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ ছাত্র-ছাত্রীদের এই অনিশ্চয়তা থেকে রক্ষা করুন।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। আপনারা জানেন পশ্চিম মেদিনীপুর জেলায় ডাং দীঘি এবং বনাঞ্চল অনেক রয়েছে। কিন্তু কোন শিল্প বা কারখানা নেই। একমাত্র খড়গপুরের কাছে শিল্পের রেল নগরী রয়েছে। এই জাতীয় সড়কের মাধ্যমে মাত্র দু-ঘন্টায় কলকাতা থেকে মেদিনীপুরে পৌঁছে যাওয়া যায়। সেই কারণে আমার আবেদন যাতে করে শিল্পপতিদের উৎসাহিত করে ওই অঞ্চলে শিল্প গড়া যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী নেপাল মাহাত** : স্যার, আমি আপনার মাধ্যমে পি.এইচ.ই মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঝালাদায় পানীয় জলের ভীষণ অসুবিধা। সুবর্ণরেখা তুলিন ঝালদা পানীয় জল প্রকল্প তৈরি করার ব্যাপারে ফিনান্স ডিপার্টমেন্ট থেকে অনুমোদন পাওয়া সত্ত্বেও দীর্ঘদিন ধরে সরকারী দপ্তরে টাল-বাহনার ফলে ওই প্রকল্পটি চালু করা যাচ্ছে না। আগামী গরমের মরশুমে ঝালদা এবং ঝালদার চারদিকের আশেপাশে সাধারণ মানুষের প্রচণ্ড অসুবিধা হবে। ফিনান্সের অ্যাপ্রুভ্যাল হয়ে গেছে, ওই তুলিন ঝালদা সুবর্ণরেখা ড্রিংকিং ওয়াটার প্রজেক্ট অবিলম্বে চালু করার ব্যবস্থা করুন। এই বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে সত্বর কাজ করতে অনুরোধ করছি।

**শ্রী আবুল হাসনাৎ** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জঙ্গীপুর বিধানসভার অন্তর্গত রঘুনাথপুর, দু-নম্বর পঞ্চায়েত সমিতির অধীন পিরোজপুর, কাদিকোলা, রামদেবপুর, আকবরপুর, নবাব জাইগীর, মারকোল, রামদাসটুসি, সাইদপুর, বিনোদীঘি, বাজিৎপুর, গোঁসাইপুর, জালালপুর, হুদরাপুর, জলসুখা, সিদায়গাছি, জোতসুন্দর, আলিমানটোলা, হবিপুর, কুতুবপুর, নশিপুর, পিয়ারাপুর মৌজাগুলি গঙ্গা ও পদ্মা নদীর ভাঙনের ফলে বিলীন হয়ে গিয়েছিল। সেই সমস্ত মৌজাগুলির কয়েক হাজার বিঘা জমি গঙ্গা ও পদ্মা নদীর বুকে চাষযোগ্য জমিরূপে জেগে উঠেছে। ভাঙনের ফলে যে সমস্ত জমির মালিক জমি হারিয়েছিল, তাদের অনেকেই জেগে ওঠা জমির অধিকার হতে বঞ্চিত হয়ে আছে। সরকারী উদ্যোগে জমিগুলোর সীমানা নির্ধারণ করে যারা প্রকৃত জমির মালিক তাদেরকে জমির অধিকার বুঝিয়ে দেওয়ার জন্য মাননীয় মন্ত্রীর হস্তক্ষেপ দাবী করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ অর্ডার, হাউসে মাননীয় সদস্যরা কোন বিষয়ে যদি জানতে চান এবং সংশ্লিষ্ট মন্ত্রী যদি বলতে রাজি থাকেন তাহলে আপনাদের তো বলতে দিতে অসুবিধা কোথায় ? এই হাউস থেকে সবাই মিলে এই মাধ্যমিক পরীক্ষায় অঙ্কের প্রশ্নপত্র নিয়ে প্রশ্ন তুলেছে।

স্যার, এটার উদ্বেগ প্রকাশ করে, মাননীয় শিক্ষামন্ত্রীর বিবৃতি চাই। মাননীয় শিক্ষামন্ত্রী উপস্থিত আছেন, আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি, মাননীয় শিক্ষামন্ত্রী বিবৃতি দিন।

[ 1.00—1.10 p.m. ]

**মিঃ ডেপুটি স্পীকার** : বসুন, বসুন। মন্ত্রী বলবেন কিনা সেটা আমার ব্যাপার নয়। মন্ত্রী যদি আমাকে বলেন, আমি কিছু বলতে চাই, তাহলে আমি তাঁকে বলতে দিতে পারি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের মন্ত্রীসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আর্কষণ করবো। আজকে সরকারের যেখানে নিজস্ব দায়-দায়িত্ব আছে, সেখানে আমরা দেখতে পাচ্ছি যে, হাসপাতালে ভর্তি থাকা পেশেন্ট মোদক মাল যার স্টোন অপারেশান হয়েছিল, এম.এস.ডাউন ১৭৪, সেখানে ভর্তি ছিল, সেখানে ভর্তি থাকাকালীন তাঁর অপারেশান হয়েছে, ইনজেকশান কেনার

জন্য তাঁর বাড়ীর লোক সেখানে থাকেনি, তাই ইনজেকশান কেনার জন্য সে ওই ওষুধ কিনতে গিয়েছিল। বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজে সেখানে তার যে পয়সা-টয়সা ছিল, তা দুর্বৃত্তরা নিয়ে নিয়েছে। এখানে ঘটনাটা কেউ বলছেন না, সেখানে কিভাবে একজন পেশেন্টকে নিয়ে গিয়ে হত্যা করা হল, সেখানে ডি আর ভিউতে রিলিজ দিয়ে দিয়েছে। সেখানে ডাক্তাররা রোগীকে খুঁজে পাচ্ছে না, নার্সরা খুঁজে পাচ্ছে না। সেখানে দেখা যাচ্ছে, ১১ তারিখে একটা ভয়ঙ্কর ঘটনা ঘটল, হাসপাতালে এখন দ্বিচারিতা মনোভাব দেখা দিচ্ছে। সেখানে মানসিক চিকিৎসা বন্ধ হয়ে গেছে। সেখানে কোটি টাকার সরকারী সাহায্য থেকে বঞ্চিত হচ্ছে। বাঁকুড়ার সম্মিলনী মেডিকেল কলেজে এখন ৩০টা মানসিক রোগীর বেড আছে, সেখানে ১০টি অ্যাডিকটেড পেশেন্ট এর জন্য রাখা আছে। এই বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজের যে অবস্থা সেখানে রোগী মরলো কিভাবে। কি করে হত্যা করা হল। কি করে একজন অ্যাডমিটেড পেশেন্টকে হত্যা করা হয় ? আজকে আপনারা অনেকেই বলছেন দুর্বৃত্তায়ন আজকে ভর্তি হওয়া পেশেন্টের যদি এই অবস্থা হয় তাহলে আমরা যাব কোথায়।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সকাল থেকে এই বিধানসভার ঘরে, এই সদনে চিৎকার চেঁচামেচি চলছে। বিরোধী দলের পক্ষ থেকে আমাদের সোনালী গুহ এবং কংগ্রেস দলের পক্ষ থেকে অজয় দে অ্যাডজার্ণমেন্ট মোশান এনেছিলেন, বিষয়টা হচ্ছে, অঙ্কের প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়া। দ্বিতীয়তঃ হচ্ছে, অঙ্কের প্রশ্নপত্র কঠিন হওয়া। এর আগে ইংরাজীর প্রশ্নপত্র কঠিন হওয়ায় ২জন ছাত্রছাত্রী আত্মহত্যা করেছে। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে দুঃখ প্রকাশও করেছেন। আজকে অঙ্কের প্রশ্নপত্র নিয়ে যে অবস্থা চলছে, এই ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রীর ওনার বিবৃতি আমি দাবী করছি।

**শ্রী কান্তি বিশ্বাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সকালে কয়েকজন বিধায়ক সম্মিলিতভাবে গতকালকের মাধ্যমিকের গণিতের প্রশ্ন সম্পর্কে প্রশ্ন করেছেন। আমাদের সকলের স্নেহাস্পদ ছাত্র-ছাত্রীদের ব্যাপারে আমরা সম্পূর্ণভাবে সচেতন। আমাদের প্রিয় ছাত্র-ছাত্রীরা যাতে বিন্দুমাত্র অসুবিধায় না পড়ে, এই বিষয়ে আমরা সকলে সচেতন। এখানে অনেকেই শিক্ষক আছেন এবং সকলেই এক সময় ছাত্র ছিলাম। সেইজন্য ছাত্রদের বিষয়টা বিবেচনা করার বিষয়। গতকাল গণিতের ২টি বিষয় নিয়ে এখানে প্রশ্ন উত্থাপিত করা হয়েছে, প্রথম প্রশকন উত্থাপিত হয়েছে গণিতের প্রশ্ন কঠিন হয়েছে কিনা, যারা গণিতের বিশেষজ্ঞ তাদের সঙ্গে আলোচনা করেছি, নিজেও গণিতের প্রশ্ন দেখেছি, আমরা সবাই একমাত্র, যে কোন প্রশ্ন, সব ছাত্রছাত্রীরা যে সব প্রশ্নের উত্তর দিতে পারবে, সেটা করার নিয়ম নয়। একটা বড় অংশের ছাত্র-ছাত্রী সব প্রশ্নের উত্তর দিতে পারবে, এইভাবে কখনো প্রশ্ন তৈরি করা হয় না। তাহলে মেধার পরিচয় পাওয়া যাবে কি করে। তাদের থেকে যারা আরেকটু মেধাবী তারা বাকি প্রশ্নের উত্তর দিতে পারবে, আর যারা সব থেকে মেধাবী তারা সব প্রশ্নের উত্তর দিতে পারবে। এমনভাবে কখনো প্রশ্ন তৈরি করা হয় না যে সব ছাত্র-ছাত্রী সব প্রশ্নের উত্তর দিতে পারবে, আর প্রশ্ন তৈরি করবার দর্শনও এইকথা বলে না। যারা শিক্ষক, মাধ্যমিক স্তরের যারা গণিতের শিক্ষক তারা বলেছেন পঞ্চাশ থেকে আশি নম্বর প্রশ্নের উত্তর দিতে কোন অসুবিধা নেই। আর কুড়ি নম্বর আছে, যারা একটু বেশি মেধাবী ছাত্র-ছাত্রী তারা ছাড়া আর কেউ উত্তর

দিতে পারবে না। সুতরাং অসুবিধা কিছু হয়নি। মাননীয় সদস্যদের কাছে আমি বিনীতভাবে নিবেদন করতে চাই, ইংরাজী প্রশ্নর ব্যাপারে আমি অকপটে বলেছি, প্রশ্নকর্তার মেধাকে জাহির করার কোন যুক্তি থাকতে পারে না। আমি বলতে চাই, গণিত প্রশ্নের ক্ষেত্রেও কিন্তু মানের কোন ব্যতিক্রম হয়নি এবং পাঠ্যসূচী বর্হির্ভূত কোন প্রশ্নও আসেনি। এই হচ্ছে এক নম্বর।

আর দ্বিতীয় ব্যাপার বলতে চাই, পরীক্ষার আগে যদি প্রশ্নপত্র বাইরে ফাঁস হয়ে যায় সেটা গুরুতর অপরাধ এবং তা ছাত্র-ছাত্রী এবং শিক্ষার্থীদের মধ্যে একটা আতঙ্কের সৃষ্টি করতে পারে। এই ব্যাপারে মাননীয় সদস্যরাও এখানে উদ্বেগ প্রকাশ করেছেন। এই ব্যাপারটা পরিষ্কার করার জন্য আমি আসল ঘটনাটা এখানে জানাতে চাই। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদের সভাপতির সঙ্গে গতকাল এবং আজকেও আমি অনেকক্ষণ দূরভাষে কথা বলেছি। আপনারা সকলেই জানেন, ১২টার সময়ে পরীক্ষার প্রশ্নপত্র বিতরণ করা হয়। ১২.০৭ মিনিটে একটা টেলিফোন পর্যদের সভাপতির কাছে আসে এন.ডি.টি.ভি.র পক্ষ থেকে। টেলিফোনে বলা হয় অঙ্কের প্রশ্নপত্র ফাঁস হয়েছে এবং তাদের কাছে প্রমাণ আছে। তখন তিনি বললেন আপনারা প্রমাণ পাঠান। ১২.০৮ মিনিটে পর্যদের অফিসে একটা ফ্যাকস আসে কাগজটার এক পিঠ সাদা এবং এক পিঠে হাতে লেখা কিছু অঙ্ক আছে। যার মধ্যে বেশিরভাগ অঙ্কই পরীক্ষায় আসেনি, কিন্তু কয়েকটি অঙ্ক পরীক্ষায় এসেছিল এই রকম অঙ্ক ছিল। আমরা কখন ধরে নেব পরীক্ষার প্রশ্ন ফাঁস হয়েছে ? প্রশ্নপত্র বিতরণ করার আগে যদি প্রশ্নপত্র বাইরে বেরিয়ে যায় তাহলে আমরা ধরে নেব প্রশ্নপত্র ফাঁস হয়েছে। আসল ব্যাপার কি আমি বলতে পারব না। ধরুন, এমন যদি হয় কেউ প্রশ্নপত্র পাবার পর জানালা দিয়ে প্রশ্নের একটা পৃষ্ঠা যদি বাইরে ফেলে দেয় এবং তার থেকে কপি করে যদি কেউ পর্যদের অফিসে পাঠিয়ে দেয়, তাহলে তাকে প্রশ্নপত্র ফাঁস বলা হয় না। এখানে সম্মানীয়া বিধায়ক যারা আছেন তারা জানেন, ব্রিটিশ পার্লামেন্টে সংবাদপত্রের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা সেখানে স্বীকৃত হয়। যেটাকে ফোর্থ এস্টেট বলা হয়। আমরাও সবাই তাকে সম্মান করি। সংবাদ মাধ্যম, বৈদ্যুতিন মাধ্যম, মুদ্রণ গণমাধ্যম, তাদের একটা বিশাল ভূমিকা থাকে। যদি সরকার বা পর্যদ কোন দোষ ত্রুটি করে থাকে তা পুঙ্খানুপুঙ্খভাবে তুলে ধরা তাদের দায়িত্ব। কিন্তু গতকাল এন.ডি.টি.ভি. যে কাজ করেছে, সেটা তাদের নিকৃষ্টতম দায়িত্বজ্ঞানহীন তার পরিচয়। পরীক্ষা আরম্ভ হওয়ার ছয় মিনিট পরে তারা বলছে প্রশ্ন ফাঁস হয়েছে। ১২টার সময় যখন প্রশ্নপত্র বিতরণ করা হল, তার ছয়-সাত মিনিট পর তারা বলছে প্রশ্ন ফাঁস হয়েছে। এন.ডি.টি.ভি. যে দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় দিয়েছে আমি তার তীব্র নিন্দা করছি। আমি আশা করি আপনারা সবাই এই বিষয়ে সচেতন হবেন। গতকাল ভালোভাবেই অঙ্ক পরীক্ষা হয়েছে, কোথাও কোন অসুবিধা হয়নি। আমি আশা করি আমাদের পশ্চিমবাংলার যে সুনাম আছে সেটা সুরক্ষিত থাকবে।

[ 1.10—1.20 p.m. ]

**শ্রী জানে আলম মিঞা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি জরুরী বিষয়ের প্রতি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফরাক্কা ফিডার ক্যানেলের

জলপ্রবাহ কমে যাওয়ার ফলে সুতী বিধানসভা এলাকা-সহ ভরতপুর গ্রামের সাগরদীঘির কয়েক হাজার চাষীর বোরো ধান শুকিয়ে যাচ্ছে জলের অভাবে। ভাগীরথীর জলপ্রবাহ কমে যাওয়ার সঙ্গে সঙ্গে বাঁশলই, পাগলা, বাবলা নদী এবং বহু খাল-বিলের জল নেমে গেছে। ফারাক্কা ফিডার ক্যানেলে ভাগীরথীর জলপ্রবাহ বাড়িয়ে বাঁশলই, পাগলা, বাবলা, এই নদীগুলোর জল বাড়িয়ে চাষীদের স্বার্থে সেচের ব্যবস্থা করে দেওয়ার অনুরোধ রাখছি।

**শ্রী কমল মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, চন্দননগর বিধানসভার মধ্যে তিনটি জুটমিল আছে—গোন্দলপাড়া জুট মিল, শ্যামনগর নর্থ জুটমিল এবং ভিক্টোরিয়া জুট মিল। গোন্দলপাড়া জুটমিল কোনোদিন বন্ধ হয়নি এবং শ্রমিকরা খুব ভালো ভাবেই থাকত। এটা আগে ছিল কোঠারির, বর্তমানে অরুণ বাজোরিয়ার, যারা পশ্চিমবঙ্গের ১৪/১৫টি জুটমিলের মালিক। গোন্দলপাড়া জুটমিলের শ্রমিকরা ১৯৯৯ সাল থেকে পি.এফ.-এর টাকা পেলেও গ্রাচ্যুইটির টাকা পাচ্ছে না। এই নিয়ে বিধানসভায় অনেকবার ডেপুটেশন দেওয়া হয়েছে কিন্তু কিছুই হয়নি। শ্যামনগর নর্থ এবং ভিক্টোরিয়া জুটমিলে গ্রাচ্যুইটির টাকা পেতে তাদেরও এক বছর সময় লাগছে। কিন্তু গোন্দলপাড়া জুটমিল পুরোপুরি বন্ধ। গোন্দলপাড়া জুটমিলের মালিক অরুণ বাজোরিয়ার সঙ্গে কথা বলে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য এবং সেখানকার শ্রমিকরা যাতে গ্রাচ্যুইটির টাকা পান তার ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন।

**শ্রী রতন দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল কাগজে বেরিয়েছে, আজকেও সোনালী গুহ বিষয়টি তুললেন, আলুচাষী যুধিষ্ঠী দেবনাথ আত্মহত্যা করেছে কালনাতে। সেখানেই আমার বাড়ি। আমি জানি তিনি কোনো অর্থেই আলুচাষী নন, প্রতিথযশা একজন আলুর কারবারি, বন্ড নিয়ে কারবার করেন এবং রিস্ক নিয়ে কারবার করেন। যেভাবে তিনি টাকা উপায় করেছেন, সেই ভাবেই তা হারিয়েছেন। কেন্দ্রীয় সরকারের উদার নীতির জন্যই এটা হয়েছে এবং তিনি আত্মহত্যা করতে বাধ্য...হয়েছে। তিনি কোন অর্থেই আলু চাষী নন, ফাটকাবাজী করতে গিয়ে লস করে আত্মহত্যা করেছে।

**শ্রী অশোক কুমার দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সরকার একটার পর একটা অন্যায় কাজ করে যাচ্ছেন আর বহাল তবিয়তে বসে আছেন ওই সামনে বসে আছেন। প্রশ্ন ফাঁস, আউট অফ সিলেবাস, কঠিন প্রশ্ন এসব নিয়ে দীর্ঘদিন ধরে সভায় আলোচনা চলছে। হুগলীর অনেক এম.এল.এ আছেন সভায়। হুগলীতে দেখা যাচ্ছে ভোটার লিস্টে প্রচুর গন্ডগোল। কারো নাম দু-তিন জায়গায় উঠেছে, কেউ বা মারা গেছে তার নামও আছে। বিশেষ করে আরামবাগ সাবডিভিসনে এরকম প্রচুর হচ্ছে। আমি একটা জেলার কথা বললাম, বাদবাকি সব জেলাতেই এরকম হচ্ছে সি.পি.এম.-এর নেতৃত্বে। স্যার, আমি জানতে চাইছি, নির্বাচনে যারা ভোট দিতে চায়, আমি একটা ঘটনা আপনাকে বলছি, কেউ নির্বাচনে ভোট দিতে গেল তাকে বলা হল তোর বাবাকে, বা স্বামীকে দেখতে পাবি। সে গিয়ে দেখে যে দীর্ঘ ১০ বছর মারা গেছেন অথচ দেখা যাচ্ছে সেখানে তাদের নাম আছে। এই ঘটনা ঘটছে। সঠিক যে নাম থাকা দরকার সেগুলো থাকছে না। আমরা যে নাম দিয়েছি সেই নামগুলো কেটে দেওয়া

হয়েছে। আমরা কমিশনকে এই কথা জানিয়েছি, বিভিন্ন দপ্তরে জানিয়েছি কিন্তু কোন কাজ হয়নি। এই অন্যায় বন্ধ করা দরকার সেদিন বুদ্ধদেব বাবু বলেছেন একটা সীটও আমরা বিরোধী দলকে পেতে দেবো না। হাততালি দিয়ে বলেছেন। এতেই প্রমাণিত হয় যে আগামীদিনে তারা সেই পথেই যাচ্ছেন। যতই কারচুপি করুন মানুষের ভালোবাসা আমাদের সঙ্গে আছে।

**শ্রীমতী মানসী ঘোষ** : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কোতুলপুর বিধানসভা এলাকার দ্বারকেশ্বর নদীর উপরে ব্রীজ নির্মাণের কাজ চলছে। সেখানে জয়রামবাটি রাস্তার কাজও চলছে। সেই কাজটা একটু ঝিমিয়ে গেছে । আমি অনুরোধ করছি এই কাজের অগ্রগতির যদি ত্বরান্বিত না করা যায় তাহলে এস্টিমেটের খরচ বেড়ে যাবে। এই কাজ যাতে ত্বরান্বিত হয় তার জন্য পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যেটা মেনশন দিয়েছিলাম তার উত্তর মন্ত্রীমহাশয় দিয়েছেন, আমি আমার বিষয়টা একটু পরিবর্তন করছি। মাননীয় শিক্ষামন্ত্রী যে স্টেটমেন্ট দিলেন তিনি মধ্যশিক্ষা পর্ষদের সাফাই হয়ে গেলেন। মধ্যশিক্ষা পর্ষদের প্রেসিডেন্ট দিব্যেন্দু হোতা আগে উচ্চ মাধ্যমিক কাউন্সিলের সেক্রেটারী ছিলেন। আজকে যে ৬ লক্ষ ছাত্র-ছাত্রী পরীক্ষা দিয়েছে তাদের অধিকাংশ কাঁদতে কাঁদতে পরীক্ষা হল থেকে বেরিয়েছে। আর মন্ত্রী মহাশয় বলছেন যে সিলেবাস বহির্ভূত প্রশ্ন ছিল না। পাঠ্য সম্পর্কে প্রশ্ন ছিল ৫০ নম্বরের আর ১৪ নম্বরের প্রশ্ন ছিল আউট অব সিলেবাস। অবজেকটিভ প্রশ্ন কোনটাই সিলেবাসের মধ্যে ছিল না। মন্ত্রী মহাশয় বিবৃতি দিলেন সম্পূর্ণভাবে পর্ষদের সাফাই গেয়ে। আমি প্রেসিডেন্টের পদত্যাগ দাবি করছি। এই বোর্ড ভেঙে দিয়ে নতুন বোর্ড করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী নির্মল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বহু সংগ্রাম এবং আন্দোলনের পর ভারত ভুটান সীমান্ত জয়গাঁওতে কলেজ প্রতিষ্ঠা হয়—ননী ভট্টাচার্য্য স্মৃতি মহাবিদ্যালয়। বর্তমান আর্থিক সংকটের কারণে সেখানে যারা নন টিচিং স্টাফ তাদের নিয়োগের ব্যবস্থা পাঠানো হয় কিন্তু তারা নিয়োগ পায় না। তারা সেখানে কনট্রাক্ট সার্ভিসে নিয়োগ পাওয়ার জন্য বিরোধিতা করে। সেটা হাইকোর্টে যায়। হাইকোর্টে কেস চলছে। এই অবস্থায় শিক্ষাকর্মীদের যে টাকা পাঠানো হয় সেই টাকা রিফিউজ্‌ড হয় কারণ ব্যাপারটা সাবজুডিস। প্রফেসর-ইন-চার্জ সেটা পাঠিয়ে দেন। সেই অপরাধে সেখানে যারা অধ্যাপক আছেন তাদের পে প্যাকেটের রিকুইজিশন দিতে হয় তিন মাস পরপর কিন্তু এই রিকুইজিশন ডি.আর.ই.ও. জলপাইগুড়ি গ্রহণ করেননি। ফলে এঁদের বেতন একটা অনিশ্চিত অবস্থার মধ্যে পড়ে। আমি মন্ত্রীমহাশয়কে জানিয়েছি, প্রিন্সিপ্যাল সেক্রেটারীকে জানিয়েছি, কাজের কাজ কিছুই হয়নি। নন টিচীং স্টাফ যারা কোর্ট কেস করেছেন সাবজুডিস হওয়ার জন্য তারা কনট্রাক্ট সার্ভিসের টাকা নেন না কিন্তু সেই অপরাধে কেন টিচারদের বেতন বন্ধ হবে ? মাননীয় শিক্ষামন্ত্রী এখানে আছেন আমি তাঁর উদ্দেশ্য আবেদন জানাবো বিশেষ করে এই স্পর্শকাতর ভুটান সীমান্ত এলাকায় একটা কলেজ

হয়েছে সেখানে টিচাররা যাতে তাদের বেতন পায় সে ব্যাপারে উচ্চশিক্ষা দপ্তর যেন কথা বলে যাতে ডি.আর.ই.ও ডি.পি.আই অবিলম্বে এর জন্য নির্দেশ প্রদান করেন।

[ 1.20—2.00 p.m. ] (Including adjournment)

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউজে একটি অত্যন্ত চাঞ্চল্যকর তথ্য তুলে ধরতে চাইছি সেটা হলো দক্ষিণ ২৪-পরগনার রায়দীঘি কলেজের জন্য স্থানীয় যিনি সাংসদ তিনি ১৫ লক্ষ টাকা দিয়েছিলেন নতুন বিল্ডিং এবং রেনোভেশানের জন্য। এই টাকা খরচ করে যে বাড়ীটি তৈরি হয়েছিল সেই বাড়ীটি তৈরি হওয়ার সঙ্গে সঙ্গেই দেখা যায় তাতে ফাটল ধরেছে। এ ব্যাপারে ডেভালপমেন্ট কনসালট্যান্ট লিমিটেড নামে একটি সংস্থাকে এই বাড়িটি সঠিকভাবে তৈরি করা হয়েছিল কিনা দেখার জন্য বলা হয়। তারা এ ব্যাপারে মন্তব্য করেছে এটা সঠিকভাবে তৈরি করা হয়নি এবং যে যে জিনিস দিয়ে এটা তৈরি করার কথা সেখানে অনেক ভুলভ্রান্তি হয়েছে। তারা এই বাড়িটি ভেঙে ফেলার জন্য নির্দেশ দিয়েছেন। কিন্তু আমরা দেখছি ওই বাড়িটি ভেঙে ফেলা হলো না। সেখানে যে সাংসদ ১৫ লক্ষ টাকা দিয়েছিলেন তার মধ্যে ৪ লক্ষ টাকা আত্মসাৎ করা হলো। সেই কলেজের গভর্নিং বডির সদস্য এবং তিনি এই হাউজেরও একজন সদস্য তিনি কালকে টি.ভি.তে একটা ইন্টারভিউ দিচ্ছিলেন কিন্তু তিনি এই কথাটা বললেন না এই যে একটা কলেজের জন্য ১৫ লক্ষ টাকা দেওয়া হলো কিন্তু সেটা সঠিকভাবে খরচ হলো না তার থেকে ৪ লক্ষ টাকা আত্মসাৎ করা হলো। সেই কলেজের গভর্ণিং বডির সদস্যর নাম কান্তি গাঙ্গুলী। আমি মনে করি এ ব্যাপারে প্রচণ্ড দুর্নীতি হয়েছে। এই দুর্নীতির ব্যাপারে অবিলম্বে সরকারের হস্তক্ষেপ করা উচিত। এর আগেও অনেকে অনেক অভিযোগ করেছেন যে শাসক দলের এম.পি.ল্যাডের টাকা এই সব কাজে খরচ না করে ব্যক্তিগতভাবে এবং পার্টি ফান্ডে রাখছেন। আমি মনে করি এই ব্যাপারে সরকার তদন্ত কমিটি বসিয়ে এই এম.পি.ল্যাডের টাকা সঠিকভাবে খরচ করা হয়েছে কিনা, বা সেই টাকা নিয়ে দুর্নীতি হয়েছে কিনা, কোথায় কোথায় অন্যায় হয়েছে এবং কি কি কাজ হয়েছে সেটা দেখা দরকার।

**শ্রী আনন্দগোপাল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভার নানুর এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য দাবী জানাচ্ছি। বিষয়টি হলো গত ২০০১ সালে এই সোনালীদেবীরা দিদিকে নিয়ে গিয়েছিলেন আমার নির্বাচনী এলাকার বাঁশাপন অঞ্চলে সামজবিরোধীদের বাঁশগাছ রোপণ করেছিলেন। সেই বাঁশগাছ বৃদ্ধি পাওয়ার ফলে সেই বাঁশ এখন দিদির কাছে ফিরিয়ে দিতে চাইছে। ওখানে সমাজবিরোধীদের মধ্যে গণ্ডগোল লেগেছে। ওরা বোম চার্জ করেছে, পুলিশ সার্চ করতে গিয়ে বোমার মশলা পেয়েছে এবং সমাজবিরোধীদের অ্যারেস্ট করেছে। আর এই বিধানসভায় তৃণমূলের নেতা চিৎকার করছেন। এই লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে দিদি চাকরির ফর্ম বিলি করেছেন এবং সেই ফর্মে সই করা নিয়ে এদের দুই গোষ্ঠীর মধ্যে গণ্ডগোল লেগেছে।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘ ১৪ বছর বাদে ভারতীয় ক্রিকেট দল পাকিস্তান সফরে গেছে এবং আন্তর্জাতিক ম্যাচে অংশ নিয়েছে। গত ১৩ই মার্চ প্রথম খেলায়

ভারতের ঐতিহাসিক জয় হয়েছে। আমি মনে করি সৌরভ বাহিনী তারা শুধু ব্যাটে-বলেই জয়ী হয়নি, তাঁরা পাকিস্তানের লক্ষ লক্ষ মানুষের শুভেচ্ছা এবং অভিনন্দন পেয়েছে এবং এর মধ্যে দিয়ে একটা বন্ধুত্বের পরিবেশ তৈরি হয়েছে। আজকে অনেক নামীদামী ব্যক্তিত্ব ওখানে গেছেন খেলা দেখবেন বলে, যাঁদের অন্যতম হলেন আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর কন্যা প্রিয়াংকা এবং পুত্র রাহুল, বিশেষ করে তাঁদের উপস্থিতিতে খেলোয়াড়রা উৎসাহিত হয়েছেন।

আমি আশা করব এখান থেকে একটা অভিনন্দন শুভেচ্ছা সৌরভ বাহিনীর কাছে পাঠানো হবে। একটা ম্যাচ তারা জিতেছে এবং আরো চারটে ওয়ান ডে ম্যাচ বাকি আছে। আমরা আশা করব তারা সিরিজ জিতে ভারতের মাটিতে ফিরে আসবে এবং এর মধ্যে দিয়ে দুটো দেশের মধ্যে বন্ধুত্বের বাতাবরণ আরো সুদৃঢ় হবে এবং এতদিনের যে পরিস্থিতি চলছিল তার অবসান হবে। স্যার, আপনার মাধ্যমে এই শুভেচ্ছা বার্তা পাঠানোর আবেদন করছি।

**শ্রীমতী শাম্যপিয়ারী মাহাতো** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পুরুলিয়া জেলা খরা প্রবণ এলাকা। গ্রীষ্মকালে এখানে প্রতি বছরই পানীয় জলের অভাব দেখা দেয়। শুধু তাই নয় গবাদি পশুও জলের অভাবে কষ্ট পায়। খরার মোকাবিলার জন্য যে কাজ করা দরকার আধিকারিকরা তা বন্ধ করে দিয়েছেন এবং যে সমস্ত চালু প্রকল্প আছে তাও বন্ধ করে দিয়েছেন। ওখানকার ডি.এম. সমস্ত অফিসারদের ফ্যাক্স পাঠিয়ে গরিব মানুষের জন্য যে কাজ করা হয় তা বন্ধ করার নির্দেশ দিয়েছেন। তাই অবিলম্বে যাতে পুরুলিয়ার খরার মোকাবিলা করা যায় এবং গরীব মানুষ কাজ পেতে পারে, প্রকল্পগুলো চালু রাখা যায় তার জন্য আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি যে ব্যাপারে বলব বলে আপনার কাছে দিয়েছিলাম তার উত্তর দিয়ে দিয়েছেন আমি আপনার অনুমতি নিয়ে অন্য একটা বিষয়ে বলছি। সুঁচপুরে ১১জন খুন হয়েছিল। কিন্তু দেখা যাচ্ছে যারা খুন হয়েছিল তাদেরই লোকেদের পুলিশ ধরছে। আর, যারা খুন করেছিল তারা বিধানসভায় বড় বড় কথা বলছেন নির্বাচনের আগে টোটাল সন্ত্রাস সৃষ্টি করে সাধারণ মানুষকে হ্যারাস করার জন্য। এর থেকে নিষ্কৃতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছি।

**শ্রী বংশীবদন মৈত্র** : স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমরা দেখলাম ওরা বিধানসভার লবিতে কাগজ পোড়ালো এবং আমাদের একজনের প্যাড পুড়িয়ে দিয়ে বলছে 'না করিনি'। ওরা গত পঞ্চায়েত নির্বাচনে আমাদের এলাকার মথুর শীকে খুন করেছে এবং ১৩.০৩.২০০৪ তারিখে একজন বামফ্রন্টের সমর্থক যখন রাত ১১-টার সময় কালীপূজো দেখে বাড়ী ফিরছিলো তখন টি.এম.সি-র লোকেরা জোর করে তার গলায় ছুরি মারে। নিজেরাই এই সব করছে আর সন্ত্রাস সন্ত্রাস করে চিৎকার করছেন। তবে এই খবর কাগজে বেরোয়নি। ওরা আবার বলবেন 'নিজেদের অন্তর্দ্বন্দ্বে এই খুন হয়েছে। যাই হোক, অভিযুক্ত একজন ধরা পড়েছে। আরেকজনও এলাকাতে রয়েছে। তাকে ধরার জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়ার আবেদন জানাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পীকার** : এখন বিরতি। দুটোর সময় মিলিত হব।

[ 2.00—2.10 p.m. ] (after adjournment)

**Mr. Speaker** : Honourable Members I would invite your attention to the announcement which I made yesterday after the 'Presentation of Budget Estimates' for the year 2004-05 with respect to the date and the time for submission of Cut Motion to the main demands for grants. As you are aware that the House will take up only the 'Vote on Account' for meeting the expenditure of the Government for a part of the year during the current Session. The main demands for grants for the year 2004-05 will be taken up in the next Session of the House after the General Election of the Lok Sabha. As such Members will not require to submit Cut Motions in respect of the main demands for grants during the Current Session. Necessary announcements in respect of the Cut Motions to the main demands for grants for the year 2004-05 will be made in due course.

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডিসকাশন্ অন মোশান ফর ভোট অন অ্যাকাউন্ট-এর জন্য আপনি মাত্র ২ ঘন্টা সময় দিয়েছেন। মাননীয় অর্থমন্ত্রীর ৩৩ পাতা বাজেট বক্তৃতা পড়তে তাঁর ১ ঘন্টা সময় লেগেছিল। উনি ৪ মাসের ব্যয়বরাদ্দের অনুমোদন চেয়েছেন। উনি রাজ্যের পরিস্থিতি এমনভাবে বলে গেলেন, যেন এখানে স্বর্গ রয়েছে। যেখানে মাননীয় মন্ত্রী মহাশয় বাজেট বক্তৃতা পড়তে ১ ঘন্টা সময় নেন, সেখানে এই নিয়ে আলোচনার জন্য ২ ঘন্টা সময় খুবই কম সময়। এটা ফার্স হয়েছে। জেনারেল বাজেট বক্তৃতার সময় ডিসকাশনের জন্য ৪ ঘন্টা সময় পেতাম। এবারে বি.এ. কমিটির মিটিং-এ কিভাবে আপনারা মেনে নিয়েছেন যে, ডিসকাশনের জন্য ৪ ঘন্টার জায়গায় ২ ঘন্টা দেওয়া হবে। এটা স্যার, আপনি কনসিডার করুন। উনি যে অসত্য ভাষণ দিয়েছেন, তাতে এত অল্প সময়ের মধ্যে তার জবাব কি করে দেব ? আমাদের অধিকারকে খর্ব করা হচ্ছে। আমরা স্যার, আপনার প্রোটেকশন চাইছি। ২ ঘন্টা সময়ের মধ্যে অপোজিশন ১ ঘন্টা এবং রুলিং পার্টি ১ ঘন্টা বক্তব্য রাখবে। এটা কি করে হয় ?

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আলোচনার জন্য বি.এ. কমিটিতে বসে ২ ঘন্টা টাইম অ্যালোট করা হয়েছিল। কিন্তু বি.এ.কমিটিতে যখন আমরা বসেছিলাম তখন আমরা জানতাম না যে, মাননীয় অর্থমন্ত্রী ৩৩ পাতার ভাষণ দেবেন। ৩৩ পাতার ভাষণে তিনি এই সরকারের তথাকথিত যে সাফল্যের চিত্র তুলে ধরেছেন তার সঙ্গে বাস্তবের চিত্রটা বিপরীত চিত্র। সুতরাং সেক্ষেত্রে ১ ঘন্টার মধ্যে আমাদের বিরোধী পক্ষ থেকে তাঁর বক্তব্যের উপযুক্ত জবাব দেওয়া সম্ভব নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বলতে পারেন, বি.এ. কমিটিতে ২ ঘন্টা বলা হয়েছিল। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী ৩৩ পাতার ভাষণ

দেবেন—এটা তখন আমাদের জানা ছিল না। স্যার, আপনি এটা বিবেচনা করে দেখবেন। বিষয়টা আপনার বিবেচনার জন্য রাখলাম।

**মিঃ স্পীকার** : মিঃ সরকার, ৪ ঘন্টার ডিসকাশনের সময় আপনাকে সময় দেওয়া হয় ৯ মিনিট। আজকে ২ ঘন্টার ডিসকাশনে আপনাকে সময় দেওয়া হয়েছে ৬ মিনিট। দেবপ্রসাদবাবু, আজকে যদি ৪ ঘন্টার ফুল ডিবেট হত তাহলে আপনার টাইম বাড়তো ৩ মিনিট। আমি আজকে ডিসকাশনের জন্য ৪ ঘন্টা সময় দিচ্ছি না, কিন্তু আজকে আপনার সময় আমি ৩ মিনিট বাড়িয়ে দেব। মিঃ সরকার আমি ওটা না বাড়িয়ে ৩ মিনিট দিয়ে দেব আপনাকে।

**শ্রীআব্দুল মান্নান** : স্যার, আমি টোটাল অপজিশানের কথা বলেছি। অপজিশানের থেকে ১ ঘন্টার মধ্যে ৩৩ পাতার বাজেট বক্তৃতার উত্তর দেওয়া যাবে না। কনসিডার করুন।

**Mr. Speaker** : I will accommodate you. You will be accommodated.

## MOTION FOR VOTE ON ACCOUNT

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum not exceeding Rs.7239,92,77,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purpose during the year ending on the 31st day of March, 2005.

**Mr. Speaker** : There are no amendments. Now, Shri Pankaj Banerjee.

**শ্রীপঙ্কজ ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের সার্বিক অর্থনৈতিক সর্বনাশের মূল কাণ্ডারী ডক্টর অসীম দাশগুপ্ত গতকাল যে ভাষণ তিনি দিয়েছেন, তা যদি আমরা আলোচনা করি তবে ২ ঘন্টা কেন ২ দিনব্যাপী আলোচনা করলেও এই অসত্য ভাষণের মূল্যায়ন এবং মোকাবিলা করা সম্ভবপর নয়। তার আগে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বলতে চাই আজকে মাননীয় মন্ত্রী মহম্মদ আমীন একটি প্রশ্নের উত্তরে ভারতবর্ষের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি যে কুরুচিকর মন্তব্য করেছেন, তাতে বাইরের দুলাল ব্যানার্জীর কণ্ঠস্বর আমীনের মুখ থেকে আজকে বেরিয়েছে। আমি জানি উনি গুন্ডাদের নিয়ে রিগিং করে সাধারণ মানুষকে ভোট দানে বিরত থাকতে বাধ্য করে। দুলাল ব্যানার্জীর কণ্ঠস্বর বিধানসভার ভিতরে আমীন সাহেবের কণ্ঠ থেকে আমরা শুনলাম। আমি তার এই মন্তব্যের তীব্র বিরোধিতা করি। এই সমস্ত বক্তব্য সমাজবিরোধীদের মুখে সাজে তাও তিনি এখানে বলেছেন, আমি তাকে সমাজবিরোধী বলে অন্য কোনো আখ্যায় আখ্যাত করতে পারছি না। আমি আপনাকে বলছি, আপনি ভাষণ দেখুন এবং আমার মনে হয় তার ভাষণ থেকে ওই অসত্য ভাষণকে ডিলিট করা উচিত, মুছে দেওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বি.এ—কমিটির মিটিং-এর আগে আপনি সর্বদলীয় মিটিং-এ বলেছেন যেহেতু ভোট অন অ্যাকাউন্ট-এ অর্থমন্ত্রী কিছু বলবেন না,

তাই আলোচনা ২ ঘণ্টার ভিতর সীমাবদ্ধ রাখা হল কিন্তু পরবর্তীকালে যে পাতার পর পাতা অসত্য ভাষণ তিনি দিয়েছেন তাঁর মোকাবিলাকা করবার জন্য যথেষ্ট সময় আমাদের দেওয়া উচিত ছিল কিন্তু প্রতিটি ক্ষেত্রে এখানে গণতান্ত্রিক অধিকার খর্ব হচ্ছে। বিরোধীদের অধিকার মানে সাধারণ মানুষের অধিকার, বিরোধীদের বক্তব্য মানে সাধারণ মানুষের বক্তব্য রাখা, আমরা বলা মানে এটা স্যার, আর একবার নতুন করে সেই সাধারণ মানুষের বক্তব্য এখানে পেশ করা। আপনি এটা বেঁধে দিলেন। আমরা এটা দুঃখের সাথে লক্ষ্য করলাম মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যামাউন্ট আস্‌কড ফর অন অ্যাকাউন্ট বলেছেন তার বিস্তারিত বিবরণ আপনি দেখবেন মাননীয় অধ্যক্ষ মহাশয় যেখানে ১০ হাজার ১৪৩ কোটি টাকা বলা হয়েছে সেখানে ঋণ শোধের জন্য তিনি ৪ হাজার ৫ শত কোটি টাকার ব্যবস্থা করেছেন অর্থাৎ প্রায় ৫০ পারসেন্ট। একথা ঠিক যে মাননীয় অর্থমন্ত্রী সব ক্ষেত্রে বলেন আমরা নাকি ভারতবর্ষে সব ক্ষেত্রে প্রথম। একটি ক্ষেত্রে আমরা যে প্রথম আছি 'স্টেটসম্যান' পত্রিকায় নতুন করে ১১ই মার্চ বলে দিয়েছে—আমি পড়ে দিচ্ছি।

This time West Bengal is number one, the only major state which has revenue receipt, interest payment and pension expenditure leaving less for development and investment unlike the other major states. West Bengal's expenditure is higher than its total revenue receipt, giving the state of affairs for the last six years. For the 2003--04 financial year expenditure on wages, pension and interest payment will be 100% of the revenue.

[2.10 – 2.20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী কালকে বলেছেন যে, তিনি নানাভাবে সরকারী খরচ কমাবার ব্যবস্থা করেছেন এবং আয়ের উৎস বাড়াবার চেষ্টা করেছেন। তার ফলে ডেফিজিট কমে এসেছে। মিথ্যার একটা সীমা থাকে। নির্লজ্জতারও একটা সীমা থাকে! মাননীয় অধ্যক্ষ মহোদয়, তিনি কিভাবে আয় বাড়িয়েছেন তা আমি আর একবার আপনাকে বলে দিচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২০০৩-০৪ সালের রিভাইজড এস্টিমেটে দেখছি মাননীয় অর্থমন্ত্রী ল্যান্ড রেভিনিউ যা প্রোজেক্ট করেছিলেন, যা আশা করেছিলেন তার চেয়ে কম ল্যান্ড রেভিনিউ আদায় হয়েছে টু দি এক্সটেন্ট অব ফিফ্‌টিন কোরস রুপিস। একসাইস রেভিনিউ যা আশা করেছিলেন বা প্রোজেক্ট করেছিলেন তার চেয়ে টু দি এক্সটেন্ট রুপিস নাইন ক্রোড়স কম আদায় হয়েছে। সেলস ট্যাক্স রেভিনিউ যা এক্সপেক্ট করেছিলেন, প্রোজেক্ট করেছিলেন তার চেয়ে কম আদায় করেছেন টু দি এক্সটেন্ট অব রুপিস থার্টি সিক্স ক্রোড়স। Revenue from taxi, goods and passengers to the tune of Rs.5 Crores, other Losses are to the tune of Rs.28 Crores.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বইটার মধ্যে তিনি যা বলছেন এবং বাস্তবে যা করছেন তার মধ্যে কোনো মিল নেই। এটা একটা ভয়ঙ্কর ব্যাপার। তিনি বলছেন যে, খাদ্যশস্যের

উৎপাদন এমন বাড়িয়েছেন যা প্রয়োজন প্রায় মিটিয়ে ফেলেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁর কোন্ বিবৃতিটা মানব ? বর্তমান বাজেটে, ২০০৪-০৫ সালে তিনি বলছেন—মাননীয় অর্থমন্ত্রী, আপনার এবারের বাজেট বিবৃতির ১১ পাতাটা একটু দেখুন, আপনি বলছেন, গত বছর ১৫৫ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপাদনে পৌঁছেছিলেন এবং এ বছর তা আরো বৃদ্ধি পেয়ে অনুমিত হচ্ছে ১৬২ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্যের উৎপাদন হবে। আরো বলেছেন, আমাদের ১৬৬.২ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্যের প্রয়োজন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে বলছি, মাননীয় অর্থমন্ত্রী, গত বছর আপনার বাজেট বিবৃতির ২১ পাতায় আপনি বলেছিলেন, It is noted that while in 2001-02 the total foodgrain production i.e.165 lakh tonnes, exceeded the total requirement of 157 lakh tonnes.

গতবার বলেছিলেন আমাদের খাদ্য শস্যের প্রয়োজন ১৫৭ লক্ষ মেট্রিক টন এবং অ্যাজ এগেনস্ট ১৫৭ লক্ষ মেট্রিক টন উৎপাদন করেছিলেন ১৬৫ লক্ষ মেট্রিক টন। আর এবারে বলছেন, আমাদের প্রয়োজন ১৬৬ লক্ষ মেট্রিক টন, আমরা করেছি ১৬২ লক্ষ মেট্রিক টন ! মাননীয় অধ্যক্ষ মহাশয়, Either one has to be false–which one is false and which is true I want to know. আপনি দেখুন—Budget for 2003-04 there he claimed again-"We have produced more than 165 lakh tonnes where the total requirement is 157 lakh tonnes. আর এ বারে বলছেন, 'আমরা ১৬২ লক্ষ মেট্রিক টনে পৌঁছেছি, আমাদের প্রয়োজন ১৬৬ লক্ষ মেট্রিক টন।' মিথ্যা কথা বলারও একটা কনসিসটেন্সি রাখা দরকার। কনসিসটেন্সি রেখে মিথ্যা কথা বলা দরকার। গত বছর উনি কি বলেছেন তা এখন আর ওঁর খেয়াল নেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁর মিথ্যা স্ট্যাটিসটিক্স, মিথ্যা সংখ্যা তথ্য, মিথ্যাচার, অনাচার কোথায় গিয়ে পৌঁছেছে আমি তা একটা হিসাব দিয়ে বোঝাবার চেষ্টা করলাম।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বছরের বাজেটে রাজস্ব খাতে ২৭,৭৯৮ কোটি টাকা এবং মূলধনী খাতে ১০৩৬ কোটি টাকা ধার্য করেছেন। ডেভেলপমেন্ট খাতে খরচ হবে ১০০০ কোটি টাকা ! ঋণ খাতের অবস্থাটা কি রকম ? সরকারী ঋণ ১১৪৬৬ কোটি টাকা। আর অন্য ঋণ, যা বাজার থেকে নিয়েছেন তা হচ্ছে ২০৩৮ কোটি টাকা। মোট ঋণের পরিমাণ ১৩৫০৪ কোটি টাকা। অর্থাৎ বাজেটের ৫১% খরচ হবে ঋণ খাতে। ঋণ শোধ বাবদ, ঋণের সুদ শোধ বাবদ মোট বাজেটের ৫১% টাকাই খরচ হয়ে যাবে। মাত্র ১০০০ কোটি টাকা রেখেছেন উন্নয়ন খাতে। কারণ ৫১% ই তো দেনা শোধ করতে চলে যাবে। ১০১% টাকাই খরচ করতে হচ্ছে সরকারী কর্মচারীদের মাইনে, রিটায়ারমেন্ট বেনিফিট এবং ঋণের সুদ মেটাতেই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা রাজ্যের বাজেটে আজকে যা আয় করছে তার তিন গুণ ব্যয় করছে। উনি যে ভাষণ দিয়েছেন তাতে উনি বলেছেন উনি কি কি করেছেন। উনি ঠিকানা দিন, আমরা জানতে চাই কোথায় কোথায় হয়েছে ? গত ১ বছরে সিমেন্ট শিল্প ৪৬টি হয়েছে। এই ৪৬টি শিল্প কোথায় হয়েছে, কোন্ জেলায় হয়েছে, কবে হয়েছে সেটা আমি জানতে

চাই ? এইসব সিমেন্ট কারখানাগুলির ঠিকানা আমি জানতে চাই এবং গিয়ে দেখে আসতে চাই। তারপর বলেছেন, ঔষুধ এবং ভেষজ শিল্প হয়েছে ১৯টি। আমি বলছি, আদৌ হয়নি। তারপর উনি বলেছেন, সূতিবস্ত্র এবং চট শিল্প নতুন হয়েছে ৭০টি। কোথায় করলেন ? তারপর বলেছেন, প্রাথমিক বিদ্যালয় প্রায় ১ হাজারের উপর করেছেন এবং সেকেন্ডারী স্কুল ৫০০টি করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের রাজ্যে ৫১ হাজার প্রাথমিক স্কুল আছে। তার মধ্যে ২৯ হাজার স্কুল চলছে ওয়ান টিচার এবং ১২ হাজার স্কুলের না আছে কোনো ঠিকানা, না আছে মাথার উপর ছাদ। কারো বাড়ীতে বা গাছতলায় হচ্ছে। এটা আমার কথা নয়, ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অর্থাৎ আই.আই.এমের তরফ থেকে পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষার উপর একটা গবেষণা করে এবং একটা বই বের করে। আমি সেদিন মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে সেই বইটি দিয়েছি। উনি অস্বীকার করতে পারেননি। (নয়েজ) আপনাদের তো গবেষণার সাথে কোনো যোগাযোগ নেই। আছে শুধু আস্ফালন আর পেশীশক্তি এবং দুলাল বাহিনীর তাণ্ডব। আছে তারকেশ্বরে শ্রমিক নিধন করার ইতিহাস। তাই সংখ্যাতত্ত্ব আপনাদের মনে পড়বে না। ৫০০ সেকেন্ডারী স্কুল কোনো জেলার কোন গ্রামে তৈরি করেছেন লিখিত আকারে আমাদের দিন, আমি জানতে চাই, দেখে আসতে চাই। তারপর আপনি দাবী করে বলেছেন, অ্যাগ্রো ইনডাসট্রি হয়েছে ৩৪টি। অথচ দেখতে পাচ্ছি, কেন্দ্রীয় সরকার অ্যাগ্রো ইনডাসট্রিকে যে টাকা দিচ্ছে সেই টাকা দিয়ে যে জিনিসের দাম ১০ টাকা, সেই জিনিস অ্যাগ্রো ইনডাসট্রিজ কিনছে ১০০ টাকা দিয়ে, বেনামদারদের কালো টাকা দিয়ে দেওয়া হয়েছে। এই টাকা আপনাদের নয়, কেন্দ্রীয় সরকারের টাকা। আপনারা তার হিসাবও দিতে পারেননি, ক্যাগ বলেছে, ওই হিসাব আমরা মানি না। তার কারণ, বাজার থেকে টেন্ডার করে জিনিস কেনা হয়নি। মাননীয় মন্ত্রী এবং তার সিলেকটেড আমলারা ইচ্ছেমতো জিনিস কিনে এনেছে। ফলে বাজার থেকে ১০।১৫ গুণ বেশি দামে। তাই আমি বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রী দিনের পর দিন রাজ্যকে দেউলিয়ার দিকে ঠেলে দিয়েছেন। তিনি বলেছেন, নতুন করে আর ট্যাক্স করছি না। কারণ ট্যাক্স করার তো অবকাশ নেই, নির্বাচনের নিয়ম লাগু হয়ে গেছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে, গত ১ বছরে উনি কি করেছেন ? ভূমি রাজস্ব পুনঃবিন্যাসের নামে সাধারণ মানুষের উপর নতুন করে ট্যাক্স চাপিয়েছেন। স্ট্যাম্প ডিউটি এমনভাবে বাড়িয়ে দিয়েছেন যে সাধারণ মানুষ আইন আদালতের কাছে বিচার চাইতে যেতে পারে না। মোটর যানের ক্ষেত্রে—যিনি ২ চাকার গাড়ী প্রথমে বার করলেন তিনি ১৫ বছরের ট্যাক্স দিয়ে বার করলেন, তার পরেও তাকে আজীবনের জন্য ট্যাক্স দিতে হবে। এই আজীবন মানে কি ? তার গাড়ী তো চুরি হয়ে যেতে পারে ? তার গাড়ী ভেঙে চুরমার হয়ে যেতে পারে ? তিনি তো স্বাভাবিক কারণে অক্ষম হয়ে যেতে পারেন ? তাঁর কাছে একবার ১৫ বছরের ট্যাক্স নিলেন, আবার তাঁর কাছ থেকে আজীবনের জন্য ট্যাক্স নিলেন। এইভাবে আপনি রাজস্বকে স্ফীত করার চেষ্টা করলেন। কিন্তু তাতেও ডেফিসিট মেটাতে পারেননি। পেট্রোল এবং ডিজেলের উপর ২ বার ট্যাক্স বসালেন। একবার সেল্‌স ট্যাক্‌স, আর একবার ১ টাকা করে সেস নিলেন।

[2.20—2.30 p.m.]

১ টাকা সেসের উপর আবার ২৮ পয়সা ট্যাক্স বাড়িয়ে দিলেন। আপনি যখন সেস চাপালেন তখন আপনি বললেন যে এই সেস দিয়ে আমি রাস্তাঘাট এবং পরিবহণ ব্যবস্থার উন্নয়ন করবো। ট্যাক্স তুললেন সেস নিলেন—রাস্তার উন্নতি হলো না, পরিবহণ ব্যবস্থার উন্নতি হলো না। আবার ঘুরেফিরে ওয়েজ, পেনশান এবং ইনটারেস্ট পেমেন্টে আপনার সমস্ত টাকা চলে গেল। আপনি বিক্রয় করে কয়লার উপর সেস বৃদ্ধি করলেন। কিন্তু সেই সেস থেকে প্রাপ্ত টাকা কয়লা খনি উন্নয়নে ব্যবহার করলেন না। তাও নিয়ে এসে আপনার অযোগ্যতার জন্য সেই টাকাও আবার সেই তিনটি খাতে খরচ হয়ে গেল। হাসপাতালের উপর চার্জ বৃদ্ধি করে দিলেন। প্রতিটি ক্ষেত্রে ৫ থেকে ১০৫ গুণ আপনি চার্জ বৃদ্ধি করে দিলেন। যত চার্জ বাড়ছে তাতে সেবা কমে যাচ্ছে। স্যার, আমরা যখন অঙ্ক করতাম তখন আমাদের বলা হলো ডাইরেক্টলী প্রোপোরসনেট এবং রিভার্সলী প্রপোরসনেট। আপনি যদি ভাল পড়াশুনা করেন তাহলে রেজাল্ট ভাল হবে। কিন্তু বলা হয় আর ইকুয়ালটু পড়া ইকুয়ালটু কে গুণ রেজাল্ট। কে একটা কন্সট্যান্ট। শরীর খারাপ হতে পারে, প্রশ্ন খারাপ হতে পারে। পড়লে রেজল্ট ভাল হবে। এখানে দেখলাম চার্জ বাড়লে সেবা খারাপ হবে। অর্থাৎ ফাঁকি দিয়ে পড়লে রেজাল্ট খারাপ হবে রিভার্সলী প্রপোরসনেট। আপনি যত ফাঁকি বাড়াবেন পরীক্ষার ফল তত খারাপ হবে। ঠিক তেমনি এই অর্থমন্ত্রী যে পরীক্ষার ব্যবস্থা করেছেন তাতে ক্রমাগত ফাঁকি দিচ্ছেন আর ফল খারাপ হচ্ছে। আবার পরের পর ট্যাক্স দ্বিগুণ করে দিচ্ছেন। উন্নয়ন একটু একটু করে পেছিয়ে গিয়ে আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? আজকে আদায়ীকৃত কর তার ১০০ পারসেন্ট, আমরা যা কিছু আদায় করছি তা উন্নয়নের কাজে খরচ হচ্ছে না। রাস্তা ভেঙে যাচ্ছে রাস্তা হচ্ছে না, সেতু ভেঙে যাচ্ছে সেতু হচ্ছে না, স্কুলকলেজগুলো ভেঙে যাচ্ছে সেইগুলো সংস্কার করা যাচ্ছে না। হাসপাতাল গুলো পুনর্বিন্যাস করা যাচ্ছে না। সরকার ক্রমাগত পেছনের দিকে হাঁটতে হাঁটতে রাজ্যকে এমন একটা জায়গায় নিয়ে গেছে তার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে মাননীয় অর্থমন্ত্রী, আপনি আবার নতুন করে ভাবুন। আপনার গোটা অঙ্কটা পেছনে চলে যাচ্ছে। আপনি কান্নাকাটি করছেন যে আমি এন্ট্রি ট্যাক্স ৫০০ কোটি টাকা আদায় করবো বলেছিলাম, আমি করতে পারছি না, রাষ্ট্রপতি আমাকে অনুমোদন দেননি। গোটা ভারতবর্ষে কোথাও এন্ট্রি ট্যাক্স নেই। ভারতবর্ষের কোনো রাজ্যে চুঙ্গি কর নেই। ভারতবর্ষের সমস্ত রাজ্য থেকে চুঙ্গি কর বা এন্ট্রি ট্যাক্স তুলে দেওয়া হয়েছে। হঠাৎ করে রাষ্ট্রপতি আপনার বিনোদনের জন্য ৫০০ কোটি টাকার ট্যাক্স চালু হবে সেই আইনের উপর তিনি কেন সই করে দেবেন ? আজকে সারভিস ট্যাক্স চালু করতে পারছেন না। তার কারণ ভারতবর্ষে সেই নিয়ম নেই। কেন বেনিয়ম করে আপনি সারভিস ট্যাক্স চালু করবার চেষ্টা করছেন ? মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, তাই আপনাকে বলি আপনার ব্যর্থতা আপনার হঠকারিতা পশ্চিমবাংলার অর্থনীতির মেরুদন্ডকে নুব্জ করে দিয়েছে। পশ্চিমবাংলায় আজকে তাই ৭৩০০ কোটি টাকা রাজস্ব ঘাটতি আর নিট ঘাটতি আপনার এখানটায় ৮৫ কোটি টাকা যেটা দেখছি এটা কয়েক হাজার কোটি টাকাতে গিয়ে দাঁড়াবে। তার কারণ মিস-ম্যানেজমেন্ট এমন পর্যায়ে পৌঁছে গিয়েছে, আপনার পরিচালন ব্যবস্থায় এমন গলদ

ঢুকে গিয়েছে, আপনার অর্থনৈতিক দৃষ্টিভঙ্গী এমন একটা জায়গায় নিয়ে চলে গিয়েছেন সেই ক্ষেত্রে গোটা পশ্চিমবাংলার অর্থনীতির মেরুদণ্ড আজকে ন্যুব্জ হতে হতে আজকে হিমশীতল মৃত্যুকে স্পর্শ করেছে। তাই অর্থনৈতিক দিকটা ভুলে গিয়েছেন। এগিয়ে যাওয়ার কথা ভুলে গিয়েছেন। তাই আজকে আমি বিরোধী দলের তরফ থেকে বাংলার সাধারণ মানুষের হয়ে একটা কথা বলতে চাই, আপনারা শাসন ক্ষমতায় আছেন তার কারণ সংখ্যাগরিষ্ঠ আপনার দল, আপনার অনুমতি নিয়ে আবার একবার আপনার কাছে প্রার্থনা করি, হয় দায়িত্ব সঠিকভাবে পালন করুন, হয় পশ্চিমবাংলার ৮ কোটি মানুষের অর্থনৈতিক স্বাধীনতার কথা চিন্তা করে অর্থনৈতিক স্বাধীনতার দিকে তাদের নিয়ে যাওয়ার চেষ্টা করুন, আর না হলে আপনি পদত্যাগ করে বলুন আমি চেষ্টা করেছিলাম কিন্তু আমি পারিনি, মাননীয় মুখ্যমন্ত্রী আর একজন অর্থনীতিবিদকে এনে অর্থমন্ত্রীর দায়িত্ব দিন। আপনার হাতে পশ্চিমবাংলা আর সুরক্ষিত নয়। তাই আপনার এই বাজেটের তীব্র বিরোধিতা করছি।

**শ্রী রণজিৎ কুণ্ডু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত ২০০৪-০৫ সালের যে অর্থনৈতিক বিবৃতি দিয়েছেন, তাকে পুরোপুরি সমর্থন জানিয়ে দু-একটি কথা বলছি। অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার প্রথমেই বলেছেন এবং সঠিকভাবেই বলেছেন, আমরা এই রাজ্যে একটা বিকল্প অর্থনৈতিক নীতি নিয়ে রাজ্য পরিচালনা করছি, যেটা কেন্দ্রের এনডিএ সরকার যে দৃষ্টিভঙ্গি নিয়ে পরিচালনা করছেন তার বিপরীত একটা দৃষ্টিভঙ্গী। কিন্তু আমরা এটা জানি, একটা রাজ্যে যতই আন্তরিকতার সঙ্গে জনস্বার্থে মানুষের সপক্ষে অর্থনৈতিক নীতি নিয়ে পরিচালিত করার চেষ্টা করুন না কেন, সেই রাজ্য সরকার কখনো মানুষের যে মৌলিক সমস্যা তার সর্বাঙ্গীণ সমাধান করতে সক্ষম হতে পারে না। কেন্দ্রীয় সরকারের অর্থনীতি গোটা রাজ্যে পরিচালিত হচ্ছে, তাদের যে জনবিরোধী নীতি রয়েছে যা মানুষের বিরুদ্ধে পরিচালিত হচ্ছে, তার ছাপ গোটা দেশের ওপরে পড়ে। তার থেকে রাজ্যকে মুক্ত রাখা যায় না। তা সত্ত্বেও রাজ্য সরকার যে বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে পরিচালিত হচ্ছে, বিরুদ্ধে ছাপ সত্ত্বেও—তার মধ্যে দিয়েও সাফল্য এখানে এসেছে। ওরা বলছেন, বিরোধীদের কণ্ঠ হচ্ছে সাধারণ মানুষের কণ্ঠ। তাহলে আমরা যারা মানুষের সমর্থন নিয়ে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছি, আমাদের মধ্যে কাদের কণ্ঠ আছে তা বারবার প্রমাণিত। তারা পাঁচ ছ'বার আমাদের পক্ষে দাঁড়িয়েছে। আমরা যে বিকল্প নীতিতে হাঁটছি, সেটা সাধারণ মানুষের কথা। আর সেজন্য তারা বারে বারে আমাদের সমর্থন জানিয়েছে। সেটা ওরা পছন্দ করছেন না। বিকল্প নীতি বুঝতে হলে তফাতটা বুঝতে হবে। কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি হচ্ছে আমাদের দেশের স্বনির্ভরতাকে নষ্ট করে দাও এবং ডবলু.টি.ও যেভাবে নির্দেশ করছে, যত তাড়াতাড়ি পারা যায় আমাদের দেশের বাজারটাকে বিদেশীদের কাছে খুলে দাও। বিদেশীদের কাছে শিল্পের বাজার, কৃষির বাজারকে খুলে দাও। সেখানে লক্ষ্য হচ্ছে বিদেশীদের হাতে বাজারটাকে তুলে দাও। রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি হচ্ছে রাজ্যের মানুষের যাতে কর্মসংস্থান করা যায়, যেটা সবচেয়ে প্রয়োজনীয় মানুষের পক্ষে। কর্মসংস্থান তখনই হতে পারে যদি ভূমি সংস্কার আন্তরিকতার সঙ্গে করা যায় এবং তার সঙ্গে বিকেন্দ্রীকরণ প্রয়োগ করা যায়, যেটা আমাদের রাজ্যে আমরা করেছি। শিল্পক্ষেত্রে অনেকটা অগ্রগতি ঘটেছে। বিশেষ করে দেশের

মধ্যে যখন আমদানী নীতির মাধ্যমে বর্তমানে শিল্পকে ধ্বংস করার চেষ্টা হয়েছে, সেখানে শিল্পক্ষেত্রে আমাদের রাজ্যে কিছু অগ্রগতি হয়েছে। কৃষিক্ষেত্রে বিকেন্দ্রীকরণের ফল ওদের নজর পড়ছে না, ওরা দেখতে পাচ্ছে না। যার জাতীয় নমুনা সমীক্ষা হচ্ছে ১৫ হাজার কোটি টাকার বেশি প্রতি বছর শিল্পসামগ্রী কেনার মতো অবস্থায় মানুষ পৌঁছেছে এবং সেটা দশ ভাগ বাজার বাড়াতে সাহায্য করেছে। এসব ওদের চোখে পড়ছে না। এখানে শিল্পের একটা বাস্তব অবস্থা তৈরি হয়েছে এখানে শিল্পে সেই অবস্থা তৈরি হয়েছে। কিন্তু শিল্পে সংকট আছে—সারা দেশে আছে, আমাদের রাজ্যেও আছে।

[2.30—2.40 p.m.]

কারখানা রুগ্ন হচ্ছে, বন্ধ হচ্ছে, সারা দেশে হচ্ছে, আমাদের রাজ্যেও হচ্ছে। সেখানে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গিটা কি—প্রথমত তারা লাভজনক সংস্থাকে বিক্রি করে দেবেন তথাকথিত সংস্কারে এবং বেসরকারীকরণ করবেন। তাদের ঘোষিত নীতি অনুযায়ী যেভাবে কাজ করবেন তাতে লাভজনক সংস্থাও বাদ যাবে না। সেখানে লাভজনক নয় সেইজন্য বিক্রি তা নয়, এক্ষেত্রে লক্ষ্য করুন আপনারা যে ফিল গুড বলছেন, আসলে সেটা ফিল গুড নয়, গুড ফিল করছেন। এবং গুড ফিল করার জন্যই তারা ব্যবস্থা নিয়েছেন । এবং সেই কারণে ছাড় দিয়েছেন আমদানী শুল্কের উপরে। আমদানী শুল্ক ছাড় দেওয়ার ফলে যে রাজস্ব ঘাটতি আসবে সেটা মেটাবেন কি করে—তারজন্য আমাদের দেশের জাতীয় সম্পদ বিক্রি করে দিয়ে ওই টাকা আসবে। এর আগেও চেষ্টা হয়েছিল এ.সি.পি.এল বিক্রি করার, তখন সুপ্রিম কোর্ট আটকে দিয়েছিল। সেইকারণে ফেব্রুয়ারী মাসে ৬টি অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থাকে বিক্রি করে দেবেন সিদ্ধান্ত নেন এবং তার থেকে ১৪ হাজার কোটি টাকা লাভ করবেন, ওই টাকা দিয়ে রাজস্ব ঘাটতি মেটাবেন। এইবার ইন্দো পেট্রোলিয়াম বলে যে একটি বড় সংস্থা। এটি একটি বড় সংস্থা, দেশের পেট্রোলিয়ামজাত সম্পদের সবচেয়ে বড় সংস্থা এবং এরাই সব পেট্রোলিয়ামজাত সম্পদকে নিয়ন্ত্রণ করে সেই ইন্দো বার্মা পেট্রোলিয়াম সংস্থার ১০ হাজার কোটি টাকা শেয়ার বিক্রি করে দেওয়া হল। আর আগের ৪ হাজার কোটি টাকা গ্যাস অথরিটি ইত্যাদি এইসব সংস্থার থেকে নেওয়া হবে। এই নিয়ে মোট ১৪ হাজার কোটি টাকা নিয়ে আসবেন ৬টি সংস্থাকে বিক্রি করে। সেখানে বেসরকারীকরণ করার নীতি কার্যকরী করে কেন্দ্রীয় সরকার রাজস্ব ঘাটতি মেটাবেন। সেখানে ফিল গুড কার্যকরী করার জন্য ছাড় দিলেন বিলাসদ্রব্য, আমদানী শুল্কের উপরে। পাশাপাশি আমাদের রাজ্য কি করেছেন—আমাদের রাজ্য সরকারী সংস্থাগুলোর মধ্যে যেগুলোর অবস্থা খুব খারাপ, লাভজনক হওয়ার প্রশ্নই আসছে না, তাও সেগুলো বিক্রি করার প্রশ্ন আসছে না। এমন কি খারাপ অবস্থা হওয়া সত্ত্বেও সেগুলোকে ভাগ করে কিভাবে রি-স্ট্রাকচারিং করে করা যায় তার ব্যাখ্যা মাননীয় শিল্পমন্ত্রী দিয়েছেন এবং সেইভাবে যাতে চালানো যায় তার চেষ্টা করা হচ্ছে। সেক্ষেত্রে সরকারী এবং বেসরকারী পুঁজির সঙ্গে যৌথভাবে যাতে চালানো যায় তার চেষ্টা করা হচ্ছে। আর যেগুলোর ভবিষ্যৎ নেই, বাজার নেই এমন কিছু সংস্থা সেই ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বিক্রি করে দেওয়ার। সেগুলোতে লাভও হচ্ছে না বন্ধ হয়ে গেছে। আর লাভজনক যেগুলো সেগুলোকে বিক্রি করে দেবার প্রশ্নই আসে না। আমাদের বিরোধী দলনেতা পঙ্কজ ব্যানার্জী বললেন রাজ্য

সরকার নাকি বিকলাঙ্গ অর্থনীতি নিয়ে চলছে। আজকে দেশের যে সুপ্রিমো, হার ম্যাজেস্ট্রি তাঁকে জিজ্ঞাসা করি—আপনাদের নীতি কি, আদর্শ কি ? আজকে অটল বিহারী বাজপেয়ীর যে অর্থনৈতিক নীতি আমাদের তার থেকে আলাদা। আমরা আলাদা থেকে বিকেন্দ্রীকরণের মাধ্যমে বেকারত্ব দূর করতে চাই। সেখানে সার্বিক দৃষ্টিভঙ্গি নিয়ে বিষয়টি দেখার ব্যাপার। সেখানে বাস্তব অবস্থা থেকে দূরে সরে দাঁড়িয়ে থেকে তো লাভ নেই। সেখানে আমি যেটা বলতে চাই এই যে কারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে সেখানে শ্রমিকদের মাসে যে ৫০০ টাকা ভাতা দেবার পরিকল্পনা এটা বিকল্প দৃষ্টিভঙ্গি নয়।

আজকে সকালবেলায় মাননীয় সদস্য পঙ্কজবাবু তার জন্য অনেক গোঁসা করেছেন। মাননীয় শ্রমমন্ত্রী যে কথা বলেছেন, আমরা যখন এই রাজ্যের একটা ভবিষ্যনিধি প্রকল্প চালু করলাম বাধ্য হলাম অসংগঠিত ক্ষেত্রের শ্রমজীবী মানুষদের জন্য, যারা অংশ গ্রহণ করছে, ক্রমে ক্রমে তার প্রভাব যখন সারা ভারতবর্ষে তৈরি হচ্ছে, তখন ওরা লোকসভা নির্বাচনের ঠিক আগে একটা প্রকল্প ঘোষণা করে দিলেন। ফলে প্রকল্পের বিশ্লেষণে দেখা যাচ্ছে, যে টাকা ওরা শ্রমজীবী মানুষের কাছ থেকে নেবেন, সেই টাকা তারা নিজেরা যে কোন বীমা কোম্পানীর কাছে জমা দিলে ৫ শত টাকা বেশি পাবেন, অনেক বীমা কোম্পানী পাওয়া যাবে, সেইভাবে যদি টাকা জমা করে তাহলে ৫ শত টাকা করে বা তার বেশি পাবেন। এখানে মাননীয় শ্রমমন্ত্রী বলেছেন, এটা মাছের তেলে মাছ ভাজা, আমরা বলছি এটা তার চেয়েও খারাপ, ওখানে কিছু উপরি তুলে নেওয়া, ওইখান থেকে ভাণ্ডারে কিছু নিয়ে যাওয়া। এই নিঃস্ব মানুষগুলিকে বোকা বানিয়ে তাদের টাকায় দেশটাকে পরিচালনা করার একটা উড়ো রহস্য অভিযান রয়েছে। এখানে বসে আছেন, ট্রেড ইউনিয়ন করেন মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায়, শোভনবাবু আপনি ব্যাখ্যা করে দেখবেন ঠান্ডা মাথায় দেখবেন, অ্যাপীল করবো—যে প্রকল্পর কথা বলেছেন, সেই প্রকল্পের অন্তর্নিহিত অর্থ কি দাঁড়ায় ? মানুষের উপকারে লাগবে না মানুষকে বোকা বানান হবে। এখন চাশিল্পে সংকট চলছে। তার কারণ বলেছেন, চাশিল্পে মালিকরা বিনিয়োগ করে না, অনেকগুলি পুরোপুরি বন্ধ আছে, এখানে তার চেয়েও বড় কথা হচ্ছে, উদার নীতি, আমদানী নীতি হওয়ার জন্য বাইরে থেকে যে চা আসছে, তার ফলে আমাদের দেশের চা বিক্রি হচ্ছে না। ২২টি চাবাগান বন্ধ হয়ে গেছে। ভারতবর্ষে এমন কোথাও কি আছে, যেখানে চাবাগান বন্ধ হয়ে আছে, সেখানকার শ্রমিকদের জন্য স্বল্পমেয়াদী ব্যবস্থা হিসাবে ত্রাণের ব্যবস্থা করা হয়েছে। জনস্বাস্থ্যের নানা রকম ব্যবস্থা নেওয়া হয়েছে। দীর্ঘমেয়াদী ব্যবস্থা হিসাবে যা বলা হয়েছে, যারা বাগানগুলিকে নূতন করে খুলবেন তাদের লীজের টাকা কমিয়ে দেওয়া হবে, তাদের কৃষি যে কর সেটা কমিয়ে দেওয়া হবে, মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বিবৃতিতে বলেছেন। এমন কি শ্রমিকরা সমবায় করতে চায় তাহলে সেই সমব্যয়কে সাহায্য করা হবে এবং তাদের হাতে বাগান তুলে দেওয়া হবে। এবং তাদের উৎপাদিত চা রেশনের মাধ্যমে বিক্রি বা বিপণন-এর ব্যবস্থা করা ভারতবর্ষের কোথায় আছে ? এটা তো বিকল্প দৃষ্টিভঙ্গি। সাধারণ মানুষের পক্ষে এই নীতি। এই নীতিতে চলে আমাদের যে অর্থনৈতিক সংকট সারা ভারতবর্ষে আছে, আমাদের রাজ্যেও আছে, তার অনেকগুলি কারণ আছে, আমি তার মধ্যে যেতে চাই না, আমার সময়ও কম। যদিও রাজস্ব ঘাটতি আছে। ঠিকই তো আমরা

ভেবেছিলাম ৫ শত কোটি টাকা আসবে প্রবেশ কর থেকে। কিন্তু সেটা দিলেন না কেন ? এই রাজ্যের মানুষ তারা বিরোধিতা করেননি, ৫ শত কোটি টাকা আমরা পেলাম না। তার থেকে রাজস্ব আদায়ের যে লক্ষ্য ছিল, গত বছরে ছিল, তা পূরণ করা সম্ভব হয়েছে ? যে ব্যয় সংকোচ-এর কথা বলা হয়েছিল, সেটাও সম্ভব হয়েছে, ফলে ঘাটতি কিছুটা কমেছে। আগামী বছরে আমাদের যা আনন্দের, যা গর্ব, মাননীয় অর্থমন্ত্রী এমন ধরনের বাজেট তৈরি করতে পেরেছেন, কর না বাড়িয়ে কর এর বিন্যাস না ঘটিয়ে আগামী বছরের জন্য যে অর্থ পরিকল্পনা খাতে ব্যয় সেটা বাড়ানো সম্ভব হয়েছে। প্রায় ৩৭ ভাগ। কাজেই এটা হচ্ছে গরীব মানুষের বাজেট। এটা হচ্ছে বিকল্প অর্থনীতির বাজেট, এটা হচ্ছে, দিল্লির যে সর্বনাশা অর্থনীতি তার উপযুক্ত জবাব-এর বাজেট। এটা হচ্ছে, মানুষকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার বাজেট, এই বাজেটের মধ্যে দিয়ে আমরা মানুষের কাছে বলতে চাই, বিকল্প রাস্তা হচ্ছে এই, এই রাস্তা ধরে চললে ভারতবর্ষের শ্রমজীবী মানুষ তাদের উন্নয়নের পথ খুঁজে পাবে আর অটল বিহারী বাজপেয়ীর রাস্তায় যারা এখানে ধান্দার জন্য বসে আছেন ওই তৃণমূল তাদের নামও দেখছি পাল্টে গিয়েছে। তাদের হাতে আজকে দেশটা সর্বনাশের দিকে যাচ্ছে। পশ্চিমবাংলা সরকারের এই বিকল্প পথই আমাদের দেশের মানুষকে আগামী দিনে পথ দেখাবে এই আত্মবিশ্বাস আমাদের আছে। সেই আত্মবিশ্বাস নিয়েই আমরা কাজ করছি, তবে আত্মসন্তুষ্টির কোনো অবকাশ নেই। আরেকবার এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2.40 – 2.50 p.m.]

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত ২০০৪-০৫ সালের বাজেট বিধানসভায় পেশ করেছেন এবং তার সঙ্গে চার মাসের যে ব্যয়-বরাদ্দ দাবির কথা বলেছেন আমি তার বিরোধিতা করছি। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেন, সেটা এক বছরের চিন্তায় করেন, না একশ বছরের চিন্তায় করেন সেটা আমি জানি না। পণ্য প্রবেশ কর থেকে উনি অনেক টাকা আদায় করবেন বলে ধরে নিলেন এবং সেই টাকা পশ্চিমবাংলার পৌরসভাগুলোর উন্নয়নের জন্য ব্যয় করবেন বললেন। আমরা জানি পণ্য প্রবেশ কর তুলে দেওয়ার জন্য কেন্দ্রীয় আইন পাশ হয়েছে। স্বভাবতই নতুন করে আইন করে তার থেকে কর আদায় করা কখনোই এক বছরের মধ্যে সম্ভব নয়। এইভাবে মাননীয় অর্থমন্ত্রী অসত্য ভাষণের মাধ্যমে আমাদের রাজ্যের মানুষকে বিভ্রান্ত করবার চেষ্টা করছেন। গতকাল তিনি যে বক্তব্য এই হাউসে রাখলেন, তাতে বললেন ভ্যালু অ্যাডেড ট্যাক্স থেকে একটা বিশাল টাকা আমাদের আসবে এবং সেটা দিয়ে আমাদের রাজ্যের উন্নয়নমূলক কাজ হবে। মাননীয় অর্থমন্ত্রী ভালো করেই জানেন, ভ্যালু অ্যাডেড ট্যাক্স আদৌ ভারতবর্ষে ধার্য হবে না। বাজেট তৈরি করবার সময় এই টাকাগুলো পাওয়া যাবে ধরে নিয়ে তিনি যদি বাজেট তৈরি করেন সেটা তো ঘাটতি বাজেট হবেই। আর এই ঘাটতি বাজেট মেটাতে গিয়ে এই সরকার যে নীতি নিয়ে চলছে তাতে এই বিধানসভার আর কোনো গুরুত্ব নেই। আমরা লক্ষ্য করলাম, যখন এই হাউসে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে বিতর্ক চলছে, তখন মাননীয় মুখ্যমন্ত্রী হাউসের বাইরে সাংবাদিকদের বললেন, বিরোধীদলের সদস্যরা অশিক্ষিত,

জনযুদ্ধের সঙ্গে তাদের যোগাযোগ আছে। যখন ভ্যালু অ্যাডেড ট্যাক্স জারী হল না, পণ্য প্রবেশ কর যখন চালু হল না, তখন বাজেট ঘাটতি মেটাবার জন্য এই বিধানসভাকে এড়িয়ে সাধারণ মানুষের উপরে খাজনার বোঝা চাপিয়ে দিলেন, মোটর সাইকেলের উপরে ট্যাক্স বাড়িয়ে দিলেন, মোটর ভেহিকেলসের উপরে ট্যাক্স বাড়িয়ে দিলেন, রেজিস্ট্রেশান ফি বাড়িয়ে দিলেন। বিভিন্নভাবে আপনারা কর বৃদ্ধি করে সাধারণ মানুষকে করের বোঝায় জর্জরিত করে দিলেন। আপনারা সব সময় বিকল্প অর্থনীতির কথা বলেন এবং এই সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে যে ভিন্নমত পোষণ করেন সেটা বলেন। কিছুক্ষণ আগে শাসকদলের একজন বক্তব্য রাখার সময়ে বলছিলেন, আমরা বিকল্প অর্থনীতিতে বিশ্বাস করি, অটল বিহারী বাজপেয়ীর অর্থনীতিতে আমরা বিশ্বাস করি না। এবারের বাজেট ডি.এফ.আই.ডি.তে আপনারা কত টাকা দেবেন সেটা কিন্তু পরিষ্কার করে বলেননি। আপনাদের বিকল্প অর্থনীতি কি অনলাইন লটারি চালু করা এবং মদের উপরে ট্যাক্স আদায় করা ? এই বিকল্প অর্থনীতি আপনারা পশ্চিমবাংলায় চালু করতে চাইছেন ? অটল বিহারী বাজপেয়ীর নীতি থেকে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের নীতির কোনো পার্থক্যই নেই। কোনো আলাদা নীতিই আপনারা গ্রহণ করেননি।

এমনই একটা নির্লজ্জ অবস্থায় এই সরকার চলে গেছে। কিছুদিন আগে হায়াত ইন্টারন্যাশানাল হোটেলে একটা মিটিং হয়েছিল, সেই মিটিঙের উদ্দেশ্য ছিল ডি.এফ.আই.ডি-র টাকা নিয়ে সি.এম.ডি-এ এবং পৌর এলাকাগুলোকে আরও বেশি করে টাকা পাইয়ে দেওয়া। একদিকে মুখ্যমন্ত্রী সংস্কৃতির কথা বলছেন, বাংলা ভাষা আরও ব্যাপকভাবে চালু করবার চেষ্টা করছেন আর একদিকে ডি.এফ.আই.ডি-র নির্দেশমত পশ্চিমবঙ্গের পৌরমন্ত্রী, পৌর রাষ্ট্রমন্ত্রী বাংলাভাষার চিঠি ইংরেজীতে ড্রাফট করে পড়ছেন। মাথা কোথায় বিকিয়ে দিয়েছেন দেখুন। তারপর বলছেন বিকল্প অর্থনীতির কথা, পশ্চিমবঙ্গের উন্নয়নের কথা। বলছেন গত বছরের ঘাটতি অনেকটা পূরণ করেছি। আসলে পরিকল্পনা খাতের ব্যয় বেশির ভাগ ক্ষেত্রে খরচ করেননি, উন্নয়ন কিছুই হয়নি, ফলে ঘাটতি পূরণের প্রশ্ন আসে কোথা থেকে ? আপনি বাজেটের কথা বললেন। আমরা লক্ষ্য করে দেখলাম পৌরসভাগুলিকে এস.এফ.সি থেকে রাজ্য সরকার একটা অর্থ দিত উন্নয়নের জন্য। যখন বাজেট পেশ হল তখন সেই সম্পর্কে কিন্তু কোনো বক্তব্য থাকল না। হঠাৎ ডিসেম্বর মাসে পৌরসভাগুলিকে একটা চিঠি পাঠিয়ে দিলেন যে, এই বছর এস.এফ.সি-র টাকা দেওয়া যাবে না। ঠিক সেইভাবে পঞ্চায়েতগুলোকে আনটায়েড ফান্ডের একটা পয়সাও বরাদ্দ করতে পারেননি। সেই জায়গায় বাজেটে ঘাটতি পূরণের কথা বলার যৌক্তিকতা আছে কিনা ভেবে দেখবেন। ভূমি সংস্কারের মাধ্যমে বেকার সমস্যা সমাধানের কথা বলা হয়েছে। এক কোটি তিরিশ লক্ষ একর জমি পশ্চিমবাংলায় আছে। এর মধ্যে ২৬ বছরে আপনারা প্রায় ৫ লক্ষ একর জমি সাধারণ মানুষের মধ্যে বন্টন করেছেন। দি ১ কোটি ৩০ লক্ষ একর জমি সমহারে পশ্চিমবাংলায় গ্রামের মানুষের মধ্যে বন্টন করা হয় তাহলেও দেখা যাবে একজন মানুষ ১৫।১৬ কাঠার বেশি চাষ করতে পারছে না। আর বর্তমান সমাজ ব্যবস্থায় ১৫।১৬ কাঠা চাষ করে একজন মানুষ মাসে ১০০ টাকারও কম রোজগার করতে পারবেন। ফলে ভূমিসংস্কারের মাধ্যমে কর্মসংস্থানের কি ব্যবস্থা করবেন

বুঝে উঠতে পারছি না । বলছেন কৃষিক্ষেত্রে ব্যাপক উন্নয়ন করেছেন। পঙ্কজদা তথ্য দিয়ে দেখিয়েছেন কি উন্নতি করেছেন। আপনার এই তথ্য মানতে গেলে মনে পড়ে বর্ধমান জেলার কথা। আমি ওই জেলার বিধায়ক। যখন সাক্ষরতা অভিযান চলছে, তখন আপনাদের দল থেকে, সরকার থেকে বলা হল বর্ধমান সাক্ষর জেলা। আর এখানে সাক্ষরতা অভিযানের দরকার নেই। আবার যখন হাইস্কুল, জুনিয়ার হাই স্কুলের ম্যানেজিং কমিটির মিটিং হয়, তখন আপনাদের দলের লোকেরা প্রিসাইডিং অফিসারদের হাত ধরে টানাটানি করে—এখানকার ভোটারদের একজন অ্যাকমপ্যানি ভোটার দিতে হবে। একদিকে বলবেন আমরা সাক্ষর, আবার কার্যক্ষেত্রে দেখা যাবে নিরক্ষর। এই তথ্যের উপর যে বাজেট, সেই বাজেটে বলেছেন ভূমিসংস্কারের মাধ্যমে ২ লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করবেন। কৃষি উন্নয়নের ক্ষেত্রে বিশাল বিশাল তথ্য দিয়ে বলছেন পশ্চিমবাংলা কৃষিক্ষেত্রে ব্যাপক উন্নতি করেছে, ধান উৎপাদনে প্রথম হয়েছে এবং কৃষির ব্যাপক উন্নয়ন হয়েছে। আমি একটি প্রশ্ন আপনার কাছে রাখছি, আলুচাষী আত্মহত্যা করছে কেন ? মুখ্যমন্ত্রী বললেন প্রণয়ঘটিত কারণে আত্মহত্যা করেছে। আর বলা হল যে আলুচাষী আত্মহত্যা করেছে সে পাগল হয়ে গিয়েছিল। দুটোই বর্ধমানের ঘটনা। সেই অর্থে আমি জানি কিছুটা। পশ্চিমবাংলায় প্রচুর আলু উৎপাদন হয়, কিন্তু সেই বীজ আসে কোথা থেকে এখনো পর্যন্ত পাঞ্জাব, হরিয়ানা থেকে আমদানি করতে হয় তার বীজ এবং সেই আমদানির জন্য পশ্চিমবঙ্গের কৃষককে বছরে ৩০০ কোটি টাকা ব্যয় করতে হয় অথচ পশ্চিমবাংলার কৃষি খামারগুলো পড়ে আছে, সেখানে কিছু হয় না। শুধু আলু নয় শস্যবীজ আমদানি করতে গিয়ে, অন্য রাজ্য থেকে আমদানি করতে গিয়ে আরও ৭০০ কোটি টাকা আমাদের কৃষকদের ব্যয় করতে হয়।

[2.50—3.00 p.m.]

অর্থাৎ শুধুমাত্র বীজ আমদানি করতে পশ্চিমবাংলার কৃষককে অন্য রাজ্যে এক হাজার কোটি টাকা ব্যয় করতে হয়। কিন্তু আমরা যদি প্রকৃতই বীজ উৎপাদনের লক্ষ্য নিয়ে এগোই তাহলে স্বনির্ভরতার প্রশ্ন থাকবে। সেই স্বনির্ভরতার কোনো প্রশ্ন নেই। শুধু অসত্য কথা বলে আপনি এই সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। আপনি কৃষকদের উন্নয়নের কথা বলেছেন সেই সম্ভব হত যদি আপনি বীজ উৎপাদন থেকে সেচ পর্যন্ত পৌঁছতে পারতেন। আপনি সেচের কথা বলেছেন। আমরা এখানে মেনশনের সময়ে বিভিন্ন সদস্যদের কাছ থেকে শুনতে পাই। আজকেই একজন সদস্যা বলছিলেন, শাসকদলের সদস্যা বলছিলেন যে তাঁর এলাকায় সেচের জল পাওয়া যাচ্ছে না। তার কারণ নদীতে সেচের জল আসছে না। এর কারণ পশ্চিমবাংলায় যে নদীগুলো থেকে সেচব্যবস্থা চলছে সেই নদীগুলো বেশির ভাগটাই বুজে গেছে এবং বছরে সাত, আট মাস সেই নদীগুলোতে জল থাকে না। স্বাভাবিকভাবে সেচের জন্য যে জলের প্রয়োজন সেই সেচের জল নদীগুলো থেকে সাপ্লাই করা সম্ভব হয় না। আপনি ক্ষুদ্রসেচের কথা বলেছেন। আপনি '৭২-৭৭ সালে সিদ্ধার্থ শঙ্কর রায়ের সময়ের সমালোচনা করেছেন। এটা আপনারা বারবার করে থাকেন। কিন্তু আমরা সকলেই জানি ক্ষুদ্রসেচের বেশির ভাগ ব্যবস্থা করা হয়েছিল ডিপ টিউবওয়েলের মাধ্যমে, সেটা সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে করা হয়েছিল

এবং সেই ডীপ টিউবওয়েলের লঞ্জিবিটি ৩০ বছর পর্যন্ত। এই সময় শেষ হতে চলেছে। এই ডীপ টিউবওয়েল বেশির ভাগ জায়গাতেই ব্যর্থ হতে বসেছে। এই ক্ষেত্রে ক্ষুদ্রসেচের ভূমিকা তাতে পশ্চিমবাংলার কৃষক একটা খারাপ জায়গায় দাঁড়িয়ে আছে। বেসরকারী উদ্যোগে যারা সেচের ব্যবস্থা করে বিশেষ করে সাবমার্সিবল পাম্প সেটের ক্ষেত্রে আমরা কি দেখছি। অন্যান্য রাজ্যে যেখানে এই ক্ষেত্রে কম পয়সায় কৃষককে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয় সেখানে পশ্চিমবাংলায় সাবমার্সিবলে বিদ্যুতের কানেকশন পেতে একজন কৃষককে বছরের পর বছর বিদ্যুৎ দপ্তরে হন্যে হয়ে ঘুরে বেড়াতে হচ্ছে। আগামী দিনে ক্ষুদ্রসেচের ক্ষেত্রে একটা অচলাবস্থা সৃষ্টি হতে চলেছে। আপনি বলেছেন ক্ষুদ্রশিল্পের মাধ্যমে আগামী দিনে পশ্চিমবাংলায় অনেক কর্মসংস্থানের ব্যবস্থা করবেন। আমি যে এলাকায় বাস করি সেই এলাকায় আগে তাঁতশিল্পীরা ক্ষুদ্র শিল্পে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করত। জীবিকা অর্জনের ক্ষেত্রে তাঁতশিল্প একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করত। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের গৃহীত নীতির ফলে তাঁতশিল্প পুরোপুরি ধ্বংস হয়ে গেছে। এর ফলে নতুন কর্মসংস্থান দূরে থাক যারা তাঁতী ছিলেন, তাঁত শিল্প যাদের জীবিকা ছিল সেই জীবিকা নষ্ট হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। এর সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলার ইঞ্জিনিয়ারিং শিল্প ধ্বংস হয়ে যাওয়ার মুখে। আপনি যে সমস্ত বিবৃতি দেন কার্যক্ষেত্রে তার সঙ্গে মিল খুবই কম থাকে। আপনি গণবণ্টন ব্যবস্থার কথা বলেছেন, বিকেন্দ্রীকরণের কথা বলেছেন। গণবণ্টন ব্যবস্থার ক্ষেত্রে আপনি কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেছেন। আমি আপনার সঙ্গে একমত কিন্তু সঙ্গে সঙ্গে আমি আপনার কাছে এটাও জানতে চাইছি পশ্চিমবাংলায় গণবণ্টন ব্যবস্থার যে কাঠামো আগে ছিল সেই কাঠামো ভেঙে চুরমার হয়ে গেছে। আপনি ধান সংগ্রহ, চাল সংগ্রহ কথা বলেছেন। প্রকৃতপক্ষে মিল মালিকদের বড়লোক করে দেওয়া ছাড়া আর কোনো উদ্দেশ্য আপনাদের আছে বলে মনে হয় না। ধান উৎপাদন হয়ে প্রথম বাজারে চাল আসে কৃষকদের উৎপাদিত সেই চালের দাম কমে যায়, তখন রাজ্য সরকার সেই কৃষকের পাশে দাঁড়িয়ে সেই ধান যদি সরকারী মূল্যে কিনে নেন তাহলে কৃষক বাঁচতে পারে কিন্তু আমরা দেখি কৃষক তার উৎপাদিত ফসল অত্যন্ত কম দামে বিক্রি করে দেয়। মিল মালিক সেই ধান কিনে নেয় কৃষকদের কাছ থেকে। সরকার নির্ধারিত মূল্য কৃষক পায় না। মিল মালিকরা অত্যন্ত নিম্ন মানের চাল বিক্রি করে সরকার নির্ধারিত দরে। তার কারণ আপনার এই ব্যবস্থার মধ্যে আমরা একটা ব্যাপক ত্রুটি লক্ষ্য করি, আপনি মৎস্য চাষীদের কথা বলেছেন, সে কথা বলতে গিয়ে আপনি বলেছেন আমাদের রাজ্যের প্রয়োজন ১১ লক্ষ ৬৭ হাজার টন মৎস্য। আপনি এই যে ব্যবস্থা করছেন তাতে ১২ লক্ষ ৮ হাজার টন মৎস্য উৎপাদন হবে। এ কথা বলতে গেলে বলতে হয় আমাদের এখানে এখনো পর্যন্ত অন্ধ্রপ্রদেশ, মাদ্রাজ থেকে মাছ আমদানি করতে হয় এবং তার উপরেই আমাদের নির্ভরশীল থাকতে হয়। আপনি হয়তো বলবেন যে আমাদের এখান থেকেও বাইরে মাছ যাচ্ছে। আমরা দেখছি অন্য অন্য রাজ্য থেকে যেমন মাছ আমদানী করতে হয় ঠিক তার উল্টো চিত্র আমাদের এখানে যে পোনা সেটা এত উন্নত মানের যে সেটা অন্য রাজ্যে যায় এবং সেখানে এটা বড় হয়ে আবার আমাদের রাজ্যে ফিরে আসে বা আমাদের রাজ্যে বিক্রি হয়। আপনি বলেছেন মৎস, চাষের জন্য এমন ব্যবস্থা করেছেন যে ব্যবস্থার মাধ্যমে আমাদের মাছের চাহিদা পূরণ হবে এবং আরও উদ্বৃত্ত হবে। আপনি রাস্তাঘাটের কথাও বলেছেন আমি

জানি না আপনি সারা পশ্চিমবঙ্গে প্লেনে চলাচল করেন কিনা, কারণ আমাদের রাজ্যের ৭০ ভাগ রাস্তাই চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। সেই জায়গায় আপনি বলেছেন রাস্তাঘাটের ব্যাপক উন্নতি হয়েছে। স্বাস্থ্যের ক্ষেত্রে আপনি বলেছেন ব্যাপক উন্নতি করেছে। আমি একটা প্রশ্ন আপনাকে করতে চাই, সেটা হল আপনি বিশ্বব্যাঙ্কের সাহায্য নিয়ে পশ্চিমবাংলার জেলা এবং মহকুমার হাসপাতালগুলির উন্নয়ন করেছেন। বিশ্বব্যাঙ্কের এই যে উদ্যোগ-এর সময়সীমা হচ্ছে ৩১শে মার্চ ২০০৪ পর্যন্ত। বিশ্বব্যাঙ্কের টাকায় এই মহকুমা হাসপাতালে ওষুধ এবং অন্যান্য সামগ্রী সাপ্লাই করা হচ্ছে। এই সময়সীমার পরে এর জন্য টাকাটা কোথা থেকে আসবে সেটা কিন্তু আপনি বলেন নি। আমি আশা করবো আমার এই প্রশ্নগুলির উত্তর আপনার বক্তব্যের মধ্যে থাকবে। এই কথা বলে বলি আপনার এই বাজেট ভাষণ সম্পূর্ণ অসত্য এবং পশ্চিমবাংলার জনগণের স্বার্থবিরোধী তাই আমি এর বিরোধিতা করছি এবং সাথে সাথে আমাদের দলের পক্ষ থেকে যে কাটমোশানগুলি আনা হয়েছে সেগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলেন মণ্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত ২০০৪-০৫ সালের যে ভোট অন্ অ্যাকাউন্ট বাজেট পেশ করেছেন আমি প্রথমেই তাকে সমর্থন করছি এবং সমর্থন করার সাথে সাথে খুব স্বাভাবিকভাবেই একটা বিষয়ের উল্লেখ করতে হয় তা হল দীর্ঘ প্রায় ২৬-২৭ বছর পশ্চিমবাংলায় বহু লড়াই এবং সংগ্রামের মধ্যে দিয়ে একটা খেটেখাওয়া মানুষের সরকার এখানে আছে। নিশ্চিতভাবেই এই সরকারের কাজকর্ম আমাদের রাজ্যের প্রতিটি মানুষের সমস্ত চাহিদা পূর্ণ করে দিয়েছে একথা আমি বলতে পারি না। কিন্তু একটা বিকল্প পরিকল্পনাকে মাথায় রেখে সারা দেশ একটা চরম আর্থিক সংকটের মধ্যে দিয়ে যখন যাচ্ছে এবং যেখানে আমাদের কেন্দ্রীয় সরকারের যে রীতি, যে কাজকর্ম যা আমাদের দেশটাকে একটা চরম আর্থিক সংকটের মধ্যে দাঁড় করিয়ে দিয়েছে এবং দেশের ৮০ ভাগের বেশি মানুষকে তারা আরও খারাপ অবস্থার মধ্যে রাখতে চাইছেন সেই রকম একটা অবস্থা তারা কায়েম করেছেন। সেই রকম একটা অবস্থার মাঝখানে দাঁড়িয়ে বিগত বছরগুলিতে এই সরকারের পক্ষ থেকে এই রাজ্যের মানুষের কাজের পরিকল্পনাকে সামনে রেখে যেমনভাবে বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং তাকে কার্যকরী করার চেষ্টা করা হয়েছে এবং বর্তমানে এই অবস্থায় দাঁড়িয়ে এই অবস্থার কথা মাথা রেখে একটা বিকল্প নীতির উপর দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকার পরিচালিত হচ্ছে। খুব স্বাভাবিকভাবেই সেই পরিচালনার প্রশ্নে কেন্দ্রীয় সরকারের রীতি বারেবারেই তাকে আঘাত করছে এবং এই আঘাতের মাঝখানে দাঁড়িয়ে একটা বিকল্প ভাবনা এবং চিন্তার মধ্যে আমাদের রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন আমাদের রাজ্যের কৃষিক্ষেত্র সহ অন্যান্য সব ক্ষেত্রেই উৎপাদন হারের বৃদ্ধিজনিত পরিস্থিতি আমরা কার্যকরী করতে পেরেছি।

[3.00—3.10 p.m.]

তাকে আমরা কার্যকরী করতে পেরেছি একটা বিকল্প নীতি, বিকল্প ভাবনা, বিকল্প পরিকল্পনা এবং তাকে ক্ষমতা বিকেন্দ্রীকরণের যে পদ্ধতি পঞ্চায়েত ব্যবস্থা, পুরসভা, কর্পোরেশন—সেই

ব্যবস্থাগুলোকে মর্যদা দেওয়া, সেই এলাকার জনপ্রতিনিধিদের মাধ্যমে মানুষের প্রয়োজন বোঝা। সামগ্রিকভাবে উন্নয়নের কাজ একটা পদ্ধতির মধ্যে করা ভালো। আজকে আমাদের রাজ্যে মানুষের জন্য অনেক বেশি কাজ, উন্নতি সারা ভারতের অন্যান্য রাজ্যগুলোর থেকে বেশি করা হয়েছে, মানুষ বেশি ভোগ করছে। তা সে কৃষি উৎপাদনের ক্ষেত্রে, মৎস্য উৎপাদনের ক্ষেত্রে হতে পারে, শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে সরকারের যে পরিকল্পনা বাস্তবায়িত হয়েছে তা সম্ভব হয়েছে একটা বিকল্প ভাবনার মধ্যে দিয়ে বিষয়গুলো কার্যকরী করার মধ্যে দিয়ে। তা সত্ত্বেও সমস্যা আছে এবং স্বাভাবিকভাবেই নানাভাবে তার প্রতিফলন ঘটছে। আমাদের রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিশ্চিতভাবেই আমাদের রাজ্যের অভ্যন্তরে নানা অশুভশক্তি এবং সারা দেশেও মাথাচাড়া দিচ্ছে এবং সেই শক্তিগুলোর পেছনে রাজনৈতিক মদতও আছে। কেন্দ্রীয় সরকারে যারা ক্ষমতাসীন থেকেছেন এক্ষেত্রে তাদের ভাবনা পরিকল্পনা কাজ করেছে এবং তার মধ্যে দিয়ে মানুষের ঐক্য সম্প্রীতি বারে বারে বিঘ্নিত হয়েছে এবং আইন-শৃঙ্খলাজনিত পরিস্থিতি খারাপ হয়েছে। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে সে কথা তুলে ধরা হয়েছে। সারা দেশে একটা ডামডোল অবস্থার মধ্যেও আমাদের রাজ্যে শান্তিপূর্ণ অবস্থান বজায় রাখা গেছে বিকল্প অবস্থার মধ্যে দাঁড়িয়ে। রাজ্যের মানুষের সামগ্রিক উন্নয়নের কাজ, কর্মসংস্থান বৃদ্ধির ক্ষেত্রে যে পরিকল্পনা তাকে কার্যকর করার ক্ষেত্রে শান্তিপূর্ণ অবস্থান সবচেয়ে আগে দরকার। কিন্তু তাকে বিঘ্নিত করার নানা চেষ্টা হচ্ছে এবং সেই চেষ্টা বিঘ্নিত করতে গেলে আমরা দেখছি নানা জিনিস হয়ে যাচ্ছে। এই বাজেটের মধ্যে নানা জিনিসের কথা উল্লেখ করা হয়েছে। তা সে কৃষি উন্নয়ন বৃদ্ধির প্রশ্নে বলুন, ভূমিসংস্কার, সেচ ব্যবস্থার উন্নয়ন, কৃষকদের হাতে উন্নত মানের বীজ দেওয়ার ক্ষেত্রে বলুন সরকার বিশেষ উদ্যোগ নিয়েছে এবং তা যথার্থভাবে কার্যকর করা গেছে। পরিকাঠামোরও উন্নয়ন হয়েছে। গ্রামীণ রাস্তা-ঘাটের উন্নয়ন ঘটেছে। আরো অনেক হওয়ার দরকার ছিল। এক্ষেত্রে সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হচ্ছে অর্থনৈতিক প্রতিবন্ধকতা। বিগতদিনে কংগ্রেস পরিচালিত কেন্দ্রীয় সরকার এবং পরবর্তীকালে বি.জে.পি জোট সরকারের আর্থিক অসহযোগিতার ফলে রাজ্যে উন্নয়ন অনেক পিছিয়ে গেছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়েও পরিকাঠামোর উন্নয়ন, যেটা কিনা অন্যান্য উন্নয়নের ক্ষেত্র প্রয়োজন হয় সেটা আমরা করেছি। পঞ্চায়েতব্যবস্থার মধ্যে দিয়ে বেশি বেশি করে গ্রামীণ এলাকার উন্নয়ন ত্বরান্বিত করার ক্ষেত্রে এই সরকার কার্যকরী ভূমিকা নেওয়ার চেষ্টা করেছে। এখানে ভোট অন অ্যাকাউন্টের মধ্যে দিয়ে সে কথাগুলো তুলে ধরা হয়েছে। বিরোধী দলের মাননীয় সদস্যদের কাছে আমি আবেদন জানাচ্ছি আগামীদিনে লোকসভা নির্বাচনের পর একটা সরকার নিশ্চয় ক্ষমতায় আসবে তাদের সামনে দাঁড়িয়ে আমাদের রাজ্যের সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে যে সরকারী নীতি তা যাতে যথার্থভাবে কার্যকর করা যায়, ভারতবর্ষের যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে দাঁড়িয়ে সেই সাহায্য সহযোগিতা যাতে পেতে পারি সে ব্যাপারে আপনাদের ভূমিকাও থাকা দরকার। এবং আমাদের সরকারের যে ভুমিকা আছে তাতে আমরা রাজ্যের মানুষকে নিয়ে এগিয়ে যাব। আমরা আশা করব আমাদের রাজ্যে এই বিকল্প নীতি, বিকল্প পথ আগামী দিনে অন্যান্য রাজ্যকে নিশ্চিতভাবে পথ দেখাবে। এই কথা বলে এই ভোট অন অ্যাকাউন্টকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Pankaj Banerjee :** for the 2003-04 financial year expenditure on wages, pension and interest payment will be 100% of the revenue. Budget for 2003-04 there he claimed again-"We have produced more than 165 lakh tonnes where the total requirement is 157 lakh tonnes.

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ২০০৪-২০০৫ আর্থিক বছরের, ১লা এপ্রিল ২০০৪ থেকে ৪ মাসের জন্য যে ব্যয়বরাদ্দ মঞ্জুরী এখানে উত্থাপন করেছেন সেটা মূল বাজেট যেটা হয়েছে সেটা দেখছি ১লক্ষ ৬ হাজার ৭৮৩ কোটি ৮ লক্ষ ৪৫ হাজার টাকা বৃদ্ধি হয়েছে, ২০০২-২০০৩ সালে আর্থিক বছরের বাজেট ১ লক্ষ ৩ হাজার ২৩৪ কোটি ১৮ লক্ষ ৬৩ হাজার টাকা বৃদ্ধি হয়েছিল, ২০০৩-২০০৪ আর্থিক বছরের বাজেট ৯২ হাজার ৬৫৪ কোটি ৯০ লক্ষ ৯৪ হাজার ছিল, যেটা সংশোধিত আকারে ২০০৩-২০০৪ আর্থিক বছরে ১ লক্ষ ৬ হাজার ১৮৪ কোটি ৭৫ লক্ষ ৮৬ হাজারে আনা হয়েছিল। মাননীয় মন্ত্রী মহাশয় ভোট অন অ্যাকাউন্টে ৫৬টি ডিমান্ড দিয়েছেন, তাতে ৭ হাজার ২৩৯ কোটি ৯২ লক্ষ ৯৯ হাজার টাকা আমাদের কাছে অনুমোদন চাইছেন। আমরা দেখতে পাচ্ছি, আগামী আর্থিক বছরে রাজ্যের কর খাতে ১৬২৪ কোটি টাকা অতিরিক্ত বৃদ্ধি ধরে নিয়ে ২০০৪-২০০৫ আর্থিক বছরের ৪ মাসের বাজেট পেশ করেছেন। করবহির্ভূত রাজস্ব বৃদ্ধি ধরা হয়েছে ৩২৩ কোটি টাকা অর্থাৎ মোট রাজস্ব খাতে প্রায় ২ হাজার কোটি টাকা বৃদ্ধির লক্ষ্যমাত্রা সেখানে তিনি রেখেছেন। বেতন এবং পেনশন বৃদ্ধির পরিমাণ গতবারের মতো যথাক্রমে ৫ পারসেন্ট এবং ১০ পারসেন্টের মধ্যে ধরে রাখার সিদ্ধান্ত বাজেটে অব্যাহত। গতবারের কেন্দ্রীয় যোজনা বরাদ্দের হিসাবটা যদি ধরে নেওয়া যায় তাহলে মাননীয় অর্থমন্ত্রী যেটা বললেন, সেটা আমরা দেখি যে, প্রায় ১০৭৮৩ কোটি টাকা যে সংশোধিত বাজেট পেশ করেছিলেন সেটাতে আমরা ২০০৪-২০০৫ আর্থিক বছরের বাজেটে ঘাটতি পরিমাণ মাননীয় অর্থমন্ত্রী এখানে বলেছেন সেটা ৯২ কোটি টাকায় এসে ঘাটতি দাঁড়াবে। আজকে যদি সেই ঘাটতি এসে দাঁড়ায় তাহলে এখানে আমরা ৪ মাসের জন্য যে বাজেট বরাদ্দে যে টাকা দিচ্ছি সেই টাকাতে আজকে যে সব অসুবিধাগুলোর কথা বিভিন্ন সময় মাননীয় সদস্যরা বলে থাকেন বিভিন্নভাবে এখানে উত্থাপন করে থাকেন, মূলত সেগুলো আজকে চলে আসছে। তার মধ্যে রয়েছে, রাস্তাঘাট, সেচ থেকে আরম্ভ করে ভূমিসংরক্ষণ থেকে আরম্ভ করে, গঙ্গাপদ্মা ভাঙন, তিস্তার কাজ ইত্যাদি। তিস্তার কাজ প্রায় ৩০ বছর ধরে অসমাপ্ত হয়ে পড়ে আছে। তিস্তার ব্যারেজের কাজ থেকে আরম্ভ করে আমাদের আরও যেসব প্রকল্প নেওয়ার কথা, যেমন দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী প্রকল্প। দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী প্রকল্প রূপায়িত না হওয়ার ফলে বাঁকুড়া পুরুলিয়া মত জায়গায় সব ফসল নষ্ট হয়ে যাচ্ছে। বারবার আমাদের বলা হচ্ছে প্রকল্প নেওয়া হয়েছে, কিন্তু সেটা তো আমরা দেখতে পাচ্ছি না। তার পরিপ্রেক্ষিতে এই প্রশ্নগুলো উঠছে। আমি একটা রিপোর্ট দেখছিলাম, তাতে দেখলাম—সংবেদনশীল, জনদরদী, স্বচ্ছ প্রশাসন সুনিশ্চিত করার জন্য সরকার বেশ কিছু পদক্ষেপ নিয়েছেন।

[3.10—3.20 p.m.]

সেখানে সরকার বলেছেন। তারমধ্যে আমরা দেখি ২০০২ সালে সেখানে মাঝারি, বৃহৎ সেক্টর—২ হাজার ৩২৬ কোটি টাকার বিনিয়োগ সংবলিত ১১৩টি প্রকল্প যা রূপায়িত হবার কথা বলেছেন, সেগুল কতগুলি করতে পেরেছেন আপনি বলুন তো ? ১৯৯১-২০০১ সালে ৬ হাজার ৫২৭ কোটি টাকার মূলধন বিনিয়োগ সংবলিত মিনি স্টিল প্ল্যান্ট থেকে আরম্ভ করে ফেরো অ্যালয় থেকে আরম্ভ করে ইস্পাত স্পঞ্জ, আয়রন ইউনিট থেকে আরম্ভ করে যে ১২৬টি ইউনিট স্থাপন করবেন বলেছিলেন সেগুলি আমরা দেখতে পাচ্ছি যে, শুধু কাগজে কলমে রয়ে গিয়েছে। সেগুলি বাস্তাবায়িত করতে পেরেছেন কি বলুন। যেটা মাননীয় মুখ্যমন্ত্রী বাজেট পাস হওয়ার সময় উত্তর দিয়েছেন। আজকে স্পঞ্জ, আয়রণ কারখানা বাঁকুড়ায় কিছুটা করা হচ্ছে। আগামী দিনে অলিম্পিক হবে চীনে সেখানে আপনারা কিছুটা বরাদ্দ পেয়েছেন, সেই বরাদ্দের জন্য স্পঞ্জ, আয়রন কারখানা করছেন। এটা তো অস্থায়ী, সেখানে কোনটাই স্থায়ী হবে না। মার্কেট পাবে না। এখন আপনারা যে মার্কেট পেয়েছেন সেই পরিপ্রেক্ষিতে করেছেন, সেই পরিপ্রেক্ষিতে আমরা যদি দেখি, এখন যে স্পঞ্জ আয়রন, ইস্পাত-এর কথা বলা হয়েছে আক্ষরিক দিক থেকে সেটা স্তব্ধ হয়ে যাবে। আগামী দিনে সেই পর্যায়ে রপ্তানী করতে পারবে না, সেখানে মার্কেট তৈরি করতে পারবে না, এটা একটা অসুবিধা সৃষ্টি হবে। বর্তমানে ১ হাজার ৯২৪ কোটি টাকার যে ২২টি মেগাপ্রকল্প সহ ২৭টি ইউনিট প্রকল্প কাজের কথা বলেছিলেন—এটা ২০০২ সালে এই কথা বলেছিলেন আপনারা। মাননীয় রাজ্যপাল তার ভাষণে এইসব কথা উল্লেখ করেছিলেন। এখানে হলদিয়া পেট্রোকেমিক্যাল-এর মতো অনুসারী শিল্প স্থাপনের কথা বলেছিলেন ৫৬৫টি। এর মধ্যে ৫২৮টি পশ্চিমবঙ্গে হবে। কটা হয়েছে বলুন ? আমরা বেশ কয়েক বছর পরে আমরা দেখতে পাই সেখানেও আপনারা যে শিল্পোদ্যোগীরা নতুন যে চটকল করবেন বলেছিলেন পশ্চিমবঙ্গে ২০০২ সালে রাজ্যপালের ভাষণ খুলে পড়লে দেখবেন সেখানে বলেছিলেন নতুন চটশিল্প করবেন সেখানে কতগুলি খোলা হয়েছে, ৪টি নতুন চটকল চালু করা হবে বলেছিলেন সেগুলির মধ্যে কটা করা হয়েছে ? ভারত সরকারের যে ফলতা এক্সপোর্ট প্রসেসিং জোন যেটা স্পেশাল ইকনমিক জোন মঞ্জুর করেছিল ভারত সরকার, সেটা কতটা ফলপ্রসূ হয়েছে ? রাজ্য সরকারের যে খনিজ নীতি, ঘোষণা করেছিলেন যে খনিজ নীতি কতটা বাস্তবায়িত হয়েছে ? আমাদের বিপুল পরিমাণে খনিজ সম্ভার রয়েছে, সেই খনিজ সম্ভারকে বাণিজ্যিক দিক থেকে ব্যবহার-এর কি কি ব্যবস্থা হয়েছে ? কলকাতায় যে লেদার কমপ্লেকসের কাজ কতটা এগিয়েছে ? ৩৩৮টি ইউনিট-এর কথা সরকার বলেছিলেন সেখানে ২০০৩ সালে ফেব্রুয়ারীতে আপনারা সেখানে ২৪৯টি ট্যানারি কমপ্লেক্সের কাজ আপনারা আরম্ভ করবেন বলেছিলেন সেটা হয়নি। ২০০৩-এর এপ্রিলের মধ্যে শেষ হবার কথা সেটা শেষ হয়নি। ম্যাকিনসে কোম্পানি তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে বিনিয়োগের যে কর্মপন্থা করার জন্য নিযুক্ত করেছিলেন ২০১০ সালের মধ্যে তথ্যপ্রযুক্তিতে দেশের ৩টি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ স্থান করে নেবে বলেছিলেন সেটা আপনার কতটা কাজ এগিয়েছে ?

আজকে সেখানে বলুন তো যে আম, আনারস, লিচু, শাক-সবজি যে ৫টি কৃষি রপ্তানি অঞ্চল গড়ার কথা বলেছিলেন সেগুলি কতটা বাস্তবায়িত হয়েছে বলুন তো ? রাজ্যে ৩.৫ লক্ষ হস্তচালিত তাঁত, এদের দক্ষতা এবং মানোন্নয়ন করার জন্য অনেক কিছুর উৎকর্ষ সাধন, তাঁত, যন্ত্রের এবং যন্ত্রাংশ সরবরাহ করার জন্য কতটা কাজ করেছেন বলুন তো ? লোকসানে চলা ১৬টি রাষ্ট্রয়ত্ত শিল্পের আধুনিকীকরণের যে প্রকল্প অনুমোদিত হয়েছিল, তার কি হল ? বন্ধ রাষ্ট্রয়ত্ত এবং বেসরকারী শিল্পগুলির পুনরুজ্জীবনের কি ব্যবস্থা হল ? ভূমিসংস্কারের কর্মসূচীর বর্তমান অবস্থা কি ? ল্যান্ড রেভিনিউ খাতে কত রাজস্ব আদায় হচ্ছে ? জমির খতিয়ান রক্ষণাবেক্ষণ এবং আধুনিকীকরণের যে পরিকল্পনার কথা বলা হয়েছিল, তার বর্তমানে কি অবস্থা ? জনমুখী বিকেন্দ্রীকরণ ব্যবস্থার যে কথা বলেছিলেন তার কি অবস্থা ? এই টোটাল বিষয়গুলির নীট ফল কী ? ফল হিসাবে এখানে একটা ঘাটতি বাজেট পেশ করেছেন। বিগত ২৬ বছরের বেশির ভাগ সময় উদ্বৃত্ত বাজেট পেশ করেছেন, এখন ঘাটতি বাজেট পেশ করছেন। অথচ কাজের মধ্যে দিয়ে সেচ দপ্তর থেকে শুরু করে, মাইনর ইরিগেশন দপ্তর থেকে শুরু করে রাস্তাঘাট, শিক্ষা প্রভৃতি কোনো ক্ষেত্রেই আমরা রাজ্যের জ্বলন্ত সমস্যাগুলির কোনো সমাধানের ইঙ্গিত পাচ্ছি না। সর্বক্ষেত্রেই আমরা জীর্ণ বিপন্ন দুর্দশাগ্রস্ত অবস্থা দেখতে পাচ্ছি। এই সরকারের বিগত বছরে যে সমস্ত কাজ করা উচিত ছিল সে সমস্ত কোনো কাজই এই সরকার করতে পারেননি। তাই আমি এই সরকারের পেশ করা ভোট অন অ্যাকাউন্টসের প্রতি সমর্থন জানাতে পারছি না, আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী নর্মদা চন্দ্র রায়** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত মহাশয় গতকাল ২০০৪-২০০৫ সালের বাজেট এবং ২০০৪ সালের ১লা এপ্রিল থেকে পরবর্তী চার মাসের যে ব্যয় বরাদ্দের দাবি বা ভোট অন অ্যাকাউন্টস উত্থাপন করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে সংক্ষেপে কয়েকটা কথা এখানে উপস্থিত করছি। উনি কালকে তাঁর বক্তব্যটি চার ভাগে ভাগ করে রেখেছেন। তিনি তার বক্তব্যের মধ্যে প্রথমেই বিকল্প আর্থিক সংস্কারের নীতির উল্লেখ করেছেন। দ্বিতীয়ত তিনি রাজ্যের বিকল্প আর্থিক নীতির সঙ্গে কেন্দ্রীয় সরকারের গৃহীত আর্থিক সংস্কারের নীতির পার্থক্যগুলি উল্লেখ করেছেন। বিকল্প আর্থিক নীতির মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় অগ্রগতির চিত্র তুলে ধরেছেন। সর্বোপরি রাজ্যের বর্তমান আর্থিক সংকটের মোকাবিলায় কি কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, কিভাবে এই অবস্থার উপশম হবে সে বিষয়ে বিস্তারিতভাবে বলেছেন। খুবই স্বাভাবিকভাবে আজকে এই কথা কেউ নিশ্চয়ই অস্বীকার করতে পারবেন না যে, বিকল্প আর্থিক নীতি এবং আর্থিক সংস্কার নীতি নিয়ে এই রাজ্যের বামফ্রন্ট সরকার রাজ্যস্তর থেকে পঞ্চায়েত স্তর পর্যন্ত সামাজিক লক্ষ্যকে সামনে রেখে এগিয়ে চলেছে। কেন্দ্রিয় সরকারের নয়া আর্থিক নীতি গোটা দেশে ক্রমাগত বেকার সমস্যা সৃষ্টি করে চলেছে। এই অবস্থার মধ্যে এ রাজ্যে কিভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা যায় তার ওপর এই বাজেটে বিশেষভাবে জোর দেওয়া হয়েছে। এর পাশাপাশি আমাদের কৃষি ও শিল্পকে আরো দক্ষ করে উৎপাদন বৃদ্ধির

ওপর জোর দেওয়া হয়েছে। বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে আমাদের রাজ্যকে আর্থিক স্বনির্ভরতার দিকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। সবচেয়ে বড় কথা কেন্দ্রীয় সরকারের বর্তমান নয়া আর্থিক নীতি বিগত কংগ্রেস করকার চালু করে গেছে এবং পরবর্তীকালে তাকে দ্রুত কার্যকরী করে চলেছে বর্তমান বিজেপি সরকার বা বিজেপি-র নেতৃত্বে এন.ডি.এ সরকার। একদিকে বিশ্বায়নের নামে আমাদের দেশের বাজারকে বিদেশীদের কাছে উন্মুক্ত করে দেওয়া হয়েছে, অপরদিকে একের পর এক রাষ্ট্রয়ত্ত সংস্থাকে বেসরকারী শিল্পপতিদের কাছে বিক্রি করে দেওয়া হচ্ছে। মার্কিন সাম্রাজ্যবাদ নির্দিষ্ট মুক্ত উদার অর্থনীতির পথে আমাদের ভারতবর্ষকে পরিচালিত করা হচ্ছে। এই নীতি আজকে আমাদের দেশের কৃষি এবং শিল্পকে একটা গভীর সংকটের জায়গায় এনে দাঁড় করিয়ে দিয়েছে।

[3.20—3.30 p.m.]

আজকে শিল্পের ক্ষেত্রে দেখা যাচ্ছে, একটার পর একটা রাষ্ট্রায়ত্ত কলকারখানা জলের দরে বিক্রি করে দিচ্ছে কেন্দ্রীয় সরকার এবং লক্ষ লক্ষ কর্মরত শ্রমিকদের ছাঁটাই করছেন। ফলে দেশে বেকারের সমস্যা বৃদ্ধি ঘটছে। উন্মুক্ত বাজার অর্থনীতি চালু করতে গিয়ে দেখছি উদার আমদানী নীতি চালু করার ফলে বিদেশ থেকে একটি-দুটি জিনিস নয়, ১৪২৯টি পণ্য এই ভারতবর্ষে আমদানী করার সুযোগ করে দিয়েছে। এই আমদানী করার সুযোগ দেবার ফলে পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে যেসব পণ্য উৎপাদিত হয় সেইসব উৎপাদিত জিনিস রপ্তানী করার ক্ষেত্রে মার খাচ্ছে। গোটা বাজারটাই বিদেশীরা আজকে দখল করে নিয়েছে। এইভাবে আজকে সমস্ত কৃষিব্যবস্থাটাকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছে। ঠিক একইভাবে আই.এম.এফ এবং বিশ্বব্যাঙ্কের নির্দেশিত পথে ভরতুকি কৃষিজ যন্ত্রপাতি এবং কীটনাশক ওষুদের ক্ষেত্রে ভরতুকি তুলে দেবার ফলে উন্মুক্ত বাজার অর্থনীতির মুখে পড়ে অন্য দেশের সঙ্গে আমাদের দেশের পণ্য প্রতিযোগিতায় মার খাচ্ছে, পেরে উঠছে না। এই অসম প্রতিযোগিতা কৃষির ক্ষেত্রে এবং শিল্পের ক্ষেত্রে ঠেলে দিয়েছে। সুতরাং এই ভয়ঙ্কর নীতি সংশোধন হওয়া দরকার। পশ্চিবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী যে বিকল্প অর্থনীতি বিকেন্দ্রীকৃত পথে নিয়ে যাবার চেষ্টা করছেন অর্থাৎ কেন্দ্র থেকে রাজ্য এবং রাজ্য থেকে জেলা, জেলা থেকে পঞ্চায়েতস্তর পর্যন্ত সমন্বয় সাধন, এই বিকেন্দ্রীকৃত পথেই তা সম্ভব হতে পারে। তাই ভারতবর্ষে সুস্থ অর্থনীতি গড়ে তোলার জন্য মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী ২০০৪-২০০৫ সালের যে বাজেট এবং ৪ মাসের যে ব্যয়-বরাদ্দ এখানে পাশ করিয়ে নেবার জন্য পেশ করেছেন আমি প্রথমেই সেই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয় অর্থমন্ত্রী তাঁর ভাষণে বিকল্প নীতির কথা বলেছেন। কেন্দ্রীয় সরকারের অনুসৃত যে আর্থিক নীতি তার থেকে উনি বিকল্প নীতি নিয়ে চলেছেন এবং তাঁর দাবী হচ্ছে, এই বাজেটের মূল লক্ষ্য কেন্দ্রীয় সরকারের একেবারে বিপরীত। সেটা হচ্ছে, কর্মসংস্থান বৃদ্ধি ও সামাজিক লক্ষ্য। কেন্দ্রীয় সরকার এই নীতি অনুসরণ করেনি বলেই বর্তমানে ভারত

সরকারের নথিভুক্ত বেকারের সংখ্যা ৪ কোটি উপরে। আমি মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, তিনি যে বিকল্প নীতি নিয়ে চলেছেন এবং কর্মসংস্থান বৃদ্ধির যে দাবী রেখেছেন এবং এটাই পশ্চিমবাংলার বাস্তব চিত্র বলে বলছেন তাহলে পশ্চিমবাংলায় বেকার সমস্যা এত প্রকট রূপ নিয়েছে কেন ? ১৯৭৭ সালে এই সরকার ক্ষমতায় এসেছিল। তখন এই রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা ছিল ১৭ লক্ষ আর ২০০৩ সালে নথিভুক্ত বেকারের সংখ্যা কত ? ৬৬ লক্ষ ছাড়িয়ে গেছে, এর বাইরে তো আরো আছে। সারা ভারতবর্ষের ওয়ান-ফোর্থ অর্থাৎ ২০ পারসেন্ট পশ্চিমবাংলায় কর্মসংস্থান বৃদ্ধি ঘটেছে। এ ছাড়াও বিভিন্ন ক্ষেত্রে—সরকারী কর্মচারী থেকে শুরু করে শিক্ষক সর্বক্ষেত্রে আপনি কর্মী সংকোচন করেছেন। বিভিন্ন দপ্তরে দপ্তরে যে শূন্য পদগুলি রয়েছে, যেমন 'সি' এবং 'ডি' গ্রুপের ক্ষেত্রে, সেখানে 'ডি' গ্রুপে চুক্তির ভিত্তিতে নিতে শুরু করেছেন স্থায়ী পদ তুলে দিয়ে। 'সি' গ্রুপেও এইভাবে নেবার সিদ্ধান্ত নিয়েছেন। শিক্ষকদের ক্ষেত্রে ৬৩ হাজার শিক্ষকের পদ শূন্য। প্রাথমিক শিক্ষক ২৬ হাজার এবং মাধ্যমিক শিক্ষক ৩৭ হাজার। চুক্তির ভিত্তিতে সব জায়গায় এই শিক্ষক নিচ্ছেন। পার্ট টাইম টিচার, পার্ট টাইম লেকচারার নিচ্ছেন। সবচেয়ে দুঃখজনক ব্যাপার হল ১ হাজার, ২ হাজার টাকায়। একটা ন্যূনতম মজুরী যা পাওয়ার কথা তা তারা পাচ্ছে না। এই রকম একটা অবস্থা তৈরি হয়েছে। এইভাবে আপনি কর্মসংস্থান বাড়াচ্ছেন। আপনি যা বলছেন, বাস্তব চিত্র তার বিপরীত। মুখ্যমন্ত্রীর ভাষায় এই সরকার হচ্ছে ইনডাসট্রিয়াল ফ্রেন্ডলী সরকার, শিল্পবন্ধু সরকার, দেশী-বিদেশী শিল্পপতিদের বন্ধু সরকার। দেশী-বিদেশী শিল্পপতিদের বন্ধু সরকার হয়ে গেলে স্বাভাবিকভাবে শ্রমিক মজুর সাধারণ মানুষের শত্রু না হলে হয় না, তাদের সর্বনাশ না করতে পারলে দেশী-বিদেশী শিল্পপতিদের বন্ধু হওয়া যায় না। আপনি বিকল্প নীতির কথা বললেন। এই বিকল্প নীতির ফলে সর্বক্ষেত্রে শ্রমিক-কর্মচারী এবং সাধারণ মানুষের যে সর্বনাশ হয়েছে পশ্চিমবাংলার বাস্তব চিত্র সে কথা প্রমাণ করছে। আমরা দেখতে পাচ্ছি শিক্ষার এই হাল। আমরা দেখতে পাচ্ছি একটার পর একটা জিনিসের চার্জ বৃদ্ধি করা হয়েছে। এক সময় এই সরকারকে দেখেছি ওয়ার্ল্ড ব্যাঙ্কের বিরুদ্ধে বলতে। ১৯৬৮ সালে আমরা দেখেছি ওয়ার্ল্ড ব্যাঙ্কের চেয়ারম্যান ম্যাকনামারাকে এখান থেকে সরিয়ে দেওয়া হয়েছিল। আবার ১৯৯৩ সালে দেখলাম ওয়ার্ল্ড ব্যাঙ্কের চেয়ারম্যান লুই প্রেষ্টনের সঙ্গে জ্যোতিবাবু বৈঠক করলেন। ১৯৯৮ সালে বিশ্ব ব্যাঙ্ক থেকে ৯৫০০ কোটি টাকা লোন নিলেন। আবার ১৯৯৮ সালে কয়েকটি প্রকল্পের জন্য ১০০৬ কোটি টাকা লোন নিলেন এবং ৭০০ কোটি টাকা বিশ্ব ব্যাঙ্ক থেকে লোন নেওয়া হয়েছে হাসপাতালের জন্য। এ ছাড়া নগর উন্নয়ন, কৃষি গবেষণা ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে ১৯৯২ সাল পর্যন্ত দফায় দফায় গৃহীত ঋণের পরিমাণ হল ৮৮ কোটি ১০ লক্ষ মার্কিন ডলার, অর্থাৎ ৪০ হাজার কোটি টাকার মতো। অথচ আপনি স্বনির্ভরতার কথা বলছেন। আজকে কেন্দ্রীয় সরকারের মতো এইভাবে বিদেশী পুঁজির উপর, বিদেশী ঋণের উপর আপনার অর্থনীতি দাঁড়িয়ে আছে এবং তাদের সুদ গুনতে হচ্ছে। আজকে এই রকম একটা পরিস্থিতি। আপনারা কৃষি উন্নয়নের কথা বলছেন। আপনারা কৃষির উন্নয়নের জন্য বিকল্প কৃষিনীতির কথা বলেছেন। ৬ কোটি টাকা দিয়ে ভাড়া করে মার্কিন বিশেষজ্ঞ

ম্যাকিনসেকে নিয়ে এলেন। কিভাবে চাষী সমাজকে সর্বনাশের পথে নিয়ে যাওয়া যায় তার ব্যবস্থা করলেন। কি ঘটনা ঘটেছে দেখুন পশ্চিমবাংলায়। ১৯৯১ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত এই ১০ বছরে ২৩ লক্ষ ভূমিহীন খেতমজুর বাড়িয়েছেন। এইভাবে দিনের পর দিন এটা বাড়ছে। এমন এক কৃষিনীতি গ্রহণ করেছেন যাতে ভূমিহীনরা সর্বস্বান্ত হচ্ছে। তাদের কোনো কাজ নেই। কৃষিক্ষেত্রে আপনারা বলছেন অগ্রগতি হচ্ছে, উৎপাদন বাড়ছে। কিন্তু পরিস্থিতি কি বলছেন ? চাষীরা তাদের ফসলের ন্যায্য দাম পাচ্ছে না, চাষীরা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। আলুচাষীরা আত্মহত্যা করছে। এক আলু চাষী রামেশ্বর বর্মণ আত্মহত্যা করেছে। আজকে চা-বাগানগুলোর কি অবস্থা ? আপনারা বললেন যে আপনারা কেন্দ্রীয় সরকারের বিকল্প নীতি নিয়ে চলছেন। আজকে চা হচ্ছে একটা লাভজনক পণ্য, চায়ের বাজার আছে। অথচ আজকে চাশিল্পের এমনই অবস্থা যে ১ হাজার চাশ্রমিক অনাহারে মারা গেছে। আপনারা এটা অস্বীকার করেছেন অথচ সুপ্রিম কোর্ট বলেছে ১ হাজারের মতো মারা গিয়েছে। এই রকম একটা পরিস্থিতিতে চাবাগানের মালিকরা দিব্যি মুনাফা করছে। আজকে চাবাগানগুলো মুনাফা করছে। সরকারের গড়া কমিটির সব্যসাচী সেন, তিনি স্বীকার করেছেন মালিকরা কিভাবে শ্রমিকদের আত্মসাৎ করে মুনাফা করছে। সরকার কেন এই সমস্ত চা-বাগানগুলো অধিগ্রহণ করছেন না ? সরকারী অধিগৃহীত চা-বাগান হিলি টি এস্টেট ২০ লক্ষ টাকার বেশি মুনাফা করেছে।

[3.30—3.40 p.m.]

সরকার যদি চাবাগানের শ্রমিকদের স্বার্থ সত্যি সত্যিই দেখতেন তাহলে যে চাবাগানগুলোকে লীজ নিয়ে লাভজনকভাবে চালানো যায়, চাবাগানের শ্রমিকদের যাতে বাঁচানো যায়, তার জন্য ব্যবস্থা গ্রহণ করতেন। আজকে সেখানে একটা ভয়ঙ্কর পরিস্থিতি। বিদ্যুতের ক্ষেত্রে আপনারা বলছেন কেন্দ্রীয় সরকারের বিকল্প নীতি নিয়ে চলছেন। কিন্তু আমরা সেখানে কি দেখতে পাচ্ছি, একটার পর একটা নীতি গ্রহণ করছেন যা মালিকদের সাহায্য করে। ২০০৩ সালের বিদ্যুৎ আইনের যে ধারাগুলো তা আপনারা কেন্দ্রীয় সরকারের থেকে আগেই—কেন্দ্রীয় সরকার যেটা বলেছিল স্পেশ্যাল জোন করে করার জন্য—প্রয়োগ করেছিলেন। যে ধারাগুলো মালিকদের স্বার্থে করা হয়েছিল, কেন্দ্রীয় সরকার যে ব্যবস্থা করে দিয়েছে সেটা আপনারা প্রয়োগ করেছেন। আপনারা ট্যাক্স-এর ক্ষেত্রে ছাড় দিয়েছেন। বলুন তো, কটা রাজ্য এটা করেছে ? আপনারা দেশী-বিদেশী শিল্পপতিদের তুষ্ট করার জন্য চাষী, মজুর, খেটে খাওয়া মানুষের ওপরে ট্যাক্সের বোঝা চাপিয়ে দিয়েছেন। একটার পর একটা ক্ষেত্রে আপনারা ট্যাক্স বাড়িয়েছেন—শিক্ষায় ফিস বাড়িয়েছেন, স্বাস্থ্য পরিষেবায় চার্জ বাড়িয়েছেন, কোর্ট ফিস বাড়িয়েছেন। আবার পঞ্চায়েতগুলোকে নির্দেশ দিয়েছেন গরু, ছাগল, ভেড়া থেকে আরম্ভ করে সব কিছুর ওপরে ট্যাক্স বসাতে। মদের দোকানের জন্য আপনারা ঢালাও লাইসেন্স দিচ্ছেন। সমস্ত আদর্শকে জলাঞ্জলি দিয়ে মদের দোকানের জন্য ঢালাও লাইসেন্স দিচ্ছেন। নিজেদের রাজস্ব বৃদ্ধির জন্য এইভাবে জনবিরোধী নীতি গ্রহণ করছেন। আমি এই জনবিরোধী নীতির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি গতকাল রাজ্যের অর্থমন্ত্রী চার মাসের জন্য স্বল্পকালীন যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন জানাই। আমরা সকলেই এই কথা জানি যে, কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির ফলে ভারতবর্ষের বিভিন্ন রাজ্য আর্থিক সংকটের কবলে পড়েছে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক, বিশ্ববাণিজ্য সংস্থার নীতির ফলে, জনবিরোধী নীতির ফলে কি ঘটেছে তা আমরা এর আগে দেখেছিলাম। ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহ-সভাপতি পি.এন.হাকসার পদত্যাগ করেছিলেন। কারণ জন-বিরোধী নীতি এবং স্ববিরোধী যে নীতি চলছে তার জন্য তিনি পদত্যাগ করেছিলেন। আমাদের রাজ্যে যে সঙ্কট সেটা শুধু আমাদের রাজ্যে নয়, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে তা দেখা দিয়েছে। তাকে মোকাবিলা করে আমাদের নিজস্ব সম্পদ সৃষ্টি করে আমরা কর্মসংস্থান এবং উন্নয়নের লক্ষ্যে ক্রমশ অগ্রসর হচ্ছি। আমরা জানি না, এই যে সঙ্কট মোকাবিলা করে আমরা অগ্রসর হচ্ছি, বিরোধী দলের নেতারা তা কেন দেখতে পাচ্ছেন না ? কেন্দ্রীয় সরকার কিভাবে, শুধু পশ্চিমবঙ্গকে বঞ্চনা করছে তা নয়, অন্য রাজ্যগুলিকেও বঞ্চনা করছে, একটার পর একটা ধাক্কা দিচ্ছে—একাদশ অর্থ কমিশন আমাদের তিন হাজার সাতশো উননব্বই কোটি টাকা কমিয়ে দিয়েছে। স্বল্প সঞ্চয়ে পশ্চিমবাংলা প্রথম হল। এর ফলে আমাদের যে প্রাপ্য টাকা তারা তা দিচ্ছে না। এমনকি আমরা বলেছিলাম, করের ওপরে আমাদের ৭৫ ভাগ টাকা দেওয়া হোক। অন্যান্য রাজ্যকেও দেওয়া হোক। কিন্তু তারা ২৯ পার্সেন্ট দিচ্ছে। আমি কয়েকটা উদাহরণ তুলে ধরতে চাই। একথা অস্বীকার করা যায় না, আমরা চাল উৎপাদনে, বনসৃজনে এবং মৎস্যচাষে বারবার প্রথম হয়েছি। এই কৃতিত্ব আমরা দাবী করতে পারি। গ্রামাঞ্চলে অবহেলিত খেতমজুর, তাদের কর্মদিবস অনেক বেড়েছে। ১৯৯৭-৯৮ সালে তাদের যে মজুরী ছিল ৪২ টাকা ৫৪ পয়সা। ২০০৩ সালে সেই মজুরী বেড়ে ৫৭.৯২ টাকা হয়েছে। এখন কর্মদিবস বেড়েছে। ভূমিসংস্কার হওয়ার ফলে আমাদের জাতীয় নমুনা সমীক্ষা স্বীকার করেছে যে, গ্রামাঞ্চলে এখন শিল্পের বাজার ১৫,১০০ কোটি টাকায় ঘোরাফেরা করে এবং গ্রামবাংলার মানুষদের কৃষিজাত এবং শিল্পজাত পণ্যের উৎপাদন অনেক বেড়েছে। বিরোধীরা একথা অস্বীকার করে আসলেও একথা সত্য যে, আমাদের নিজস্ব চাল, গমের উৎপাদন বেড়েছে। বিরোধিরা সর্বদা বলেছেন যে, আমাদের নিজস্ব চাল-গমের নাকি উৎপাদন বাড়েনি। ডাল, তৈল্যবীজের উৎপাদন পরিকল্পিতভাবে বেড়েছে। গমের উৎপাদন ৮.৮৭ লক্ষ টন থেকে বেড়ে ১১ লক্ষ টন পৌঁছেছে। ডালশস্য ১.৬৮ লক্ষ টন থেকে ২.১০ লক্ষ টনে পৌঁছেছে। তৈলবীজে ৪.৭৬ লক্ষ টন থেকে বেড়ে ৫.৫৩ লক্ষ টনে পৌঁছেছে। এই কাজটা কিভাবে করেছি, আমাদের অনেক অসুবিধা হয়েছে, কিন্তু সেই অসুবিধাকে দূর করে নিজস্ব সম্পদ আমরা আহরণ করছি। সেখানে নিজস্ব সম্পদ সংগ্রহ, কর রাজস্ব বাবদ বর্তমান বছরে ৮.৮২৫ কোটি টাকার থেকে ১০,৪৪৯ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। কর-বর্হির্ভূত রাজস্ব আদায় বর্তমান বছরে ১০.৪০ কোটি টাকার থেকে বেড়ে ১.৪০৩ কোটি টাকায় করা হয়েছে অর্থাৎ ৩০.৪ পার্শেন্টি বেড়েছে। এই কাজের মধ্যে আমরা উন্নয়নের লক্ষ্যে যাবার আমরা চেষ্টা করছি। কাজের মধ্যে দিয়েই বন্টন করে দিচ্ছি। একথা অস্বীকার করতে পারি না

আমাদের রাস্তা-ঘাট নির্মাণের ক্ষেত্রে আগে যে অর্থ বরাদ্দ করতাম, এখন তার থেকে অনেক বেশি অর্থ বরাদ্দ করছি। আগে সেতু নির্মাণ করতেই পারতাম না। কিন্তু এখন অনেক সেতু নির্মাণ করছি। সুতরাং কোনো নতুন কর না বসিয়ে, নতুন চিন্তাধারার আলোকে এগিয়ে নিয়ে যাবার জন্য অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে, বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী যে চার মাসের ব্যয় অনুমোদনের বাজেট বিবৃতি দিয়েছেন তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। তার আগে আমি প্রশ্ন করছি—আমি আপনার কাছে জানতে চাই যে, আজকে যে, লিস্ট অফ বিজনেস দিয়েছেন, সেই লিস্ট অফ বিজনেসে আজকে যে বাজেট বিতর্ক হবে সেই ব্যাপারে কোনো উল্লেখ নেই। এই আলোচনা আইনসঙ্গত কিনা, আলোচনা করা যায় কিনা সেই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এবং আপনারা যে লিস্ট অফ বিজনেস দিয়েছেন সেখানে আজকের লিস্ট অফ বিজনেসে বাজেট নিয়ে আলোচনার কথা কোনো উল্লেখ নেই।

**মিঃ ডেপুটি স্পীকার :** সেকেন্ড লিস্ট অফ বিজনেসে লেখা আছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** কোনো সদস্য সেই লিস্ট পায়নি। আপনি স্যাটিসফায়েড আপনি পেয়েছেন, কিন্তু আমরা পাইনি। যাই হোক অসীমবাবু যে বাজেট উপস্থাপিত করেছেন আমার প্রথমেই সেখানে আপত্তি হচ্ছে আপনারা বাজেট পেশ করলেন অথচ সেই বাজেট নিয়ে আলোচনার সময় অনেক কমিয়ে দেওয়া হল।

[3.40—3.50 p.m.]

চার ঘন্টা যেখানে মিনিমাম ডিসকাশন হওয়া দরকার, সেখানে ২ ঘন্টা ডিসকাশন করা হল। আমাদেরকে বলা হয়েছিল একটা কেবল স্টেটমেন্ট মাননীয় অর্থমন্ত্রী প্লেস করবেন। একটা পূর্ণাঙ্গ বাজেট প্লেস করা হবে না। আমাদেরকে বলা হয়েছিল বি এ কমিটির মিটিঙে। এক্ষেত্রে আমাদের বিরোধী দলের যে বলবার অধিকার সেটা খর্ব করা হল। এই বাজেটের ছত্রে ছত্রে প্রাথমিকভাবে ২.৮ পর্যন্ত আপনি কেন্দ্রীয় সরকারের নীতির সমালোচনার করেছেন এবং আপনি বিকল্প অর্থনীতির কথা বলেছেন। এবং আপনি যে বিকল্প অর্থনীতির কথা বলেছেন, দায়বদ্ধতার কথা বলেছেন, এখানে আপনার কাছে প্রশ্ন করছি, আপনি উত্তর দেবেন, এই রাজ্যে ২৬ বছর ধরে আপনার ক্ষমতায় আছেন, দীর্ঘদিন ধরে থাকার একটা মূল কথা হচ্ছে স্টেবিলিটি অফ দি গভর্নমেন্ট। তাহলে এই রাজ্য কি ভারতবর্ষের একমাত্র রাজ্য যেখানে স্টেবিলিটি অফ দি গভর্নমেন্ট থাকায় সেখানে বেশি সময় ধরে একটা সরকার চলেছে, এই দাবীও তারা গত বছরে করেছিল। এই রাজ্যের উচিত ছিল, ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্যে পরিণত হওয়া কারণ স্টেবিলিটিই একমাত্র পথ, স্টেবিলিটি ইজ দি ফার্স্ট কন্ডিশান অ্যান্ড প্রাইম কন্ডিশান ফর ডেভেলপমেন্ট। এক্ষেত্রে আমি আশা করবো, মাননীয়

এক্ষেত্রে আমি আশা করবো, মাননীয় অর্থমন্ত্রীও বলবেন, ভারতবর্ষের রাষ্ট্রপতি কি মন্তব্য করেছিলেন, আপনাদের রাজ্য সম্পর্কে? আপনাদের রাজ্য সম্পর্কে কি মন্তব্য করেছিলেন—এটা খুবই দুর্ভাগের কথা, আমরা এমন একটা রাজ্যের অধিবাসী, সেই রাজ্যের সম্পর্কে ভারতবর্ষের রাষ্ট্রপতি বললেন, এটা তৃতীয় শ্রেণীর রাজ্য। আপনারা যতই বোঝাবার চেষ্টা করুন রাজ্যের মানুষকে আপনারা নাকি প্রথম স্থান অধিকার করে আছেন। ভারতবর্ষের রাষ্ট্রপতি যিনি শিক্ষিত এবং বৈজ্ঞানিক তিনি যে উল্লেখ করেছেন, তা সমস্ত সংবাদপত্রেও বেরিয়েছে, আমরা চাইছি, অর্থমন্ত্রী তাঁর ক্লারিফিকেশান দিয়ে বলবেন, কেন রাষ্ট্রপতি এই ধরনের কথা বললেন। এর পরেই আমি বলব, এই রাজ্যের স্বাস্থ্যব্যবস্থা সম্পর্কে। এত খারাপ অবস্থা ২৬ বছর পরে কেন? হাইকোর্ট থেকে কি রায় বেরলো। মন্ত্রীকে হাইকোর্ট কি স্ট্রিকচার দিয়েছে। রাজ্যপালকে মন্ত্রীকে ডেকে বলতে হয়, কেন স্বাস্থ্যের এত বেহাল অবস্থা? হাইকোর্ট স্ট্রিকচার দিয়েছে, ইমিডিয়েটলি রিড্রেসেল মেজার নেওয়া হোক। হাইকোর্ট মন্ত্রীকে তীব্র ভর্ৎসনা করেছেন। হাইকোর্ট স্ট্রিকচার দিয়েছে, স্বাস্থ্যমন্ত্রীকে বলেছে, স্বাস্থ্যব্যবস্থা কেন খারাপ, আপনি একটু নজর দিন, যাতে রাজ্যের স্বাস্থ্যব্যবস্থার উন্নতি হয়। পুলিশ প্রশাসন সম্বন্ধে খোদ্ হাইকোট বলছে, আমাদের রাজ্যটা কোথায় চলে গেছে। কিছু দুষ্কৃতকারী মাফিয়াদের হাতে নিয়ন্ত্রণটা চলে গেছে। আজকে ২৬ বছর পরে যে রাজ্যটা আপনারা রাজ্যবাসীকে উপহার দিয়েছেন সেখানে প্রশাসনিক ব্যবস্থা, স্বাস্থ্যব্যবস্থা ভেঙে পড়েছে দুষ্কৃতকারী ও মাফিয়াদের অত্যাচার বেড়েছে। তারপরেও অসীমবাবু বলার সময় পায়ের উপর দাঁড়িয়ে লাফিয়ে লাফিয়ে বোঝাবার চেষ্টা করবেন, আমাদের রাজ্য সর্বপ্রথম। কিন্তু বাংলার মানুষ সেই কথা তারা বিশ্বাস করে না। স্যার, আমি আপনাকে ২টি উদাহরণ দেবো। আপনি বোঝাবার চেষ্টা করেছেন, কেন্দ্রীয় সরকার দেশের সর্বনাশ করে দিচ্ছে। আর রাজ্য সরকার এগিয়ে যাচ্ছে। আপনি ২/৩টি কথা বলেছেন, ভোটকে সামনে রেখে, এই বাজেটে প্লেস করেছেন কর্মসংস্থানের বাজেট। আপনি এই সদনে বলেছিলেন, গত বছরের বাজেট প্লেস করার সময় ৮ লক্ষ লোকের কর্মসংস্থান সৃষ্টি হবে। এবারে সেখান থেকে পিছিয়ে এলেন, বলছেন ৫ লক্ষ কর্মসংস্থান হবে। অর্থাৎ যেখানে ৮×৫=৪০ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করতেন, সেখান থেকে পিছিয়ে এসে বলছেন ৫ লক্ষ করে কর্মসংস্থান করবেন। এখানে মূল ২টি কথা বলব, একটি হচ্ছে, সেন্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশান আর একটা হচ্ছে সি.এম.আই.ই। অর্থাৎ সেন্টার ফর মনিটরিং ইন্ডিয়ান ইকনমি, ওরা বলছে ভারতবর্ষের যে জি.ডি.পি আভ্যন্তরীণ উন্নয়নের যে হার, এই হার ১৮.১; এটা সম্ভবত ৯কে স্পর্শ করবে। এখানে নিশ্চয় তৃণমূল বা কংগ্রেসের লোক নেই। এখানে কয়েকজন পণ্ডিত মানুষ আছেন, তাঁরা এই তথ্য দিয়েছেন, ভারতবর্ষের জি.ডি.পি ৮.১ থেকে ৯-তে বছরের শেষে স্পর্শ করবে।

ভারতবর্ষের যারা ব্যবসায়ী মহল, তাদের অর্গানাইজেশান সি.আই.আই মূল্যবান তথ্য দিয়েছেন এবং তারা দেশের অর্থনীতির ভূয়সী প্রশংসা করেছেন। তারা এন.ডি.এ সরকারের আর্থিক কাজকর্মকে দুরন্ত আখ্যা দিয়েছেন এবং দশের মধ্যে তারা সাড়ে সাত নম্বর দিয়েছেন। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় এ সম্পর্কে বলবেন। আপনার বাজেট ভাষণের

মধ্যে আপনি নানা রকম ভ্রান্ত তথ্য দিয়েছেন। স্বাস্থ্য সম্পর্কে বলতে গিয়ে আপনি বলেছেন, এখানে প্রসবকালীন মৃত্যুর হার শূন্য। অথচ স্বাস্থ্য দপ্তরের রিপোর্টে ২০০২-২০০৩ সালে শিশুমৃত্যু হয়েছে ১৫,২১৪। আর জন্মের সাত দিনের মধ্যে মৃত্যু হয়েছে ৮,৭৫৭ জন শিশুর। হাউসে অসত্য তথ্য দিয়ে আপনি আমাদেরকে ভুল পথে পরিচালিত করছেন। আমাদের রাজ্যের অর্থনীতি এমন একটা জায়গায় গিয়ে পৌঁচেছে, যে রথের চাকা পেছনের দিকে যাচ্ছে। খাদ্যশস্য উৎপাদনের কথা বলতে গিয়ে আপনি বলেছেন, এবারে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা আপনি পাঁচলক্ষ মেট্রিক টন করবেন। ১৯৭৭ সালের আগে এই রাজ্যে যখন কংগ্রেস সরকার ছিল তখন চাল উৎপাদন হত ৮৭ লক্ষ মেট্রিক টন, তখন সংগ্রহ মাত্রা ধার্য ছিল পাঁচ লক্ষ মেট্রিক টন। আজকে চাল উৎপাদন হচ্ছে ১৪৭.৫ লক্ষ মেট্রিক টন, আর আপনি বলছেন সংগ্রহ মাত্রা পাঁচ লক্ষ মেট্রিক টন করবেন। জোতদার, জমিদারদের, হোর্ডারদের সাহায্য করতে গিয়ে আপনারা যে লক্ষ্যমাত্রা ধার্য করেছেন সেটা পারবেন-না বলে আমার মনে হয়। আজকে আপনাদের ব্যর্থতা কোন জায়গায় গিয়ে পৌঁচেছে দেখুন। আপনি আমাদের রাজ্যকে কিভাবে এগিয়ে নিয়ে যাচ্ছেন দেখুন, ২০০২-২০০৩ সালে আমাদের রাজ্যে বাজেট ঘাটতির পরিমাণ ছিল ৮,৬৩৫ কোটি টাকা। ২০০৩-২০০৪ সালে সংশোধিত হয়ে সেই ঘাটতির পরিমাণ দাঁড়ায় ৯,৩৭৫ কোটি টাকা। তাহলে কি আমরা এগোচ্ছি না পিচোচ্ছি ? ক্রমাগত আমাদের ধারের পরিমাণ বাড়ছে এবং চক্রবৃদ্ধি হারে তা বাড়ছে। ক্রমাগত আমাদের ঘাড়ে ঋণের বোঝা চাপছে এবং সুদের পরিমাণ দিনের পর দিন বাড়ছে। আমাদের রাজ্যে কর্মচারীদের মাইনে বাবদ যে টাকা খরচ হয় তা আয়ের থেকে ১০১ শতাংশ বেশি। মহারাষ্ট্রে হচ্ছে ৩৮ শতাংশ অফ দি টোটাল রেভিনিউ আরনিং। এটা সংবাদপত্রে বেরিয়েছে। স্বল্প সঞ্চয় থেকে যেদিন আপনি ঋণ নিয়েছেন সেদিন থেকেই আপনি আমাদের রাজ্যের সর্বনাশ করেছেন। জিরো ডেফিসিট বাজেটের গিমিক যেদিন থেকে শুরু হয়েছে সেদিন থেকেই পশ্চিমবাংলার অর্থনীতিতে ভাটার টান শুরু হয়েছে এবং আজও সেই ভাটার টান চলছে। এই বছরে আপনি বলেছেন ৭,৩০০ কোটি টাকা রাজস্ব ঘাটতি হবে। কিন্তু আপনি যে বিক্রয় কর আদায় করবেন বলেছেন, সেটা আদায় করতে পারবেন বলে মনে হয় না।

[3.50—4.00 p.m.]

কেন্দ্রীয় সরকারের কথা এখানে বারবার উঠে এসেছে। মাতৃভূমির উন্নতিতে আপনারা উল্লসিত হন না। কম্যুনিস্টরা কখনওই ভারতবর্ষের উন্নয়নের কথা বলেননি। আমাদের দেশ যদি আজকে বৈদেশিক ঋণ শোধ করে দেয়, নিশ্চিতভাবে উই ফিল গুড। আমাদের দেশ যদি ব্যাপকভাবে খাদ্য উৎপাদন এবং সংগ্রহ করতে পারে, যে কোনো ক্যালামিটির মোকাবিলা করতে পারে নিশ্চিতভাবে তা আমাদের ভালো অনুভূতির কারণ হবে। শুধু তাই নয়, আজকে বৈদেশিক মুদ্রার ভাণ্ডার ১৯৯৮ এর পর পাঁচ বছরে আমরা দ্বিগুণ করতে পেরেছি। কর্মসংস্থানের ক্ষেত্রে লক্ষ্য ছিল ১ কোটি, সেখানে ৮৪ লক্ষ পর্যন্ত কর্মসংস্থান করতে পেরেছি ভারতবর্ষের নাগরিকদের জন্য। সেইজন্য, একদিকে সত্যি সত্যি যখন

ভারতবর্ষ এগিয়ে যাচ্ছে, উন্নয়নের পথে চলেছে, সেখানে পশ্চিমবঙ্গ পেছনের দিকে হাঁটছে। সেখানে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জনবিরোধী, উন্নয়ন বিরোধী, গিমিকে ভরা অসত্য ভাষণ দিচ্ছেন। সেইজন্য তার এই ভাষণের বিরোধিতা করে আমাদের কাটমোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অসীম কুমার দাশগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০৪-০৫ সালের ব্যয় মঞ্জুরী প্রস্তাব এবং তার সঙ্গে যুক্ত যে বিবৃতি, তাকে সমর্থন করে আমি বক্তব্য রাখতে বিরোধী দলের মাননীয় সদস্যরা যে যে বিষয়ের উপর বলেছেন, যতটা পারি আমি তার উত্তর দেওয়ার চেষ্টা করব।

আমার বক্তব্য আমি চারটে ভাগে বিভক্ত করে এখানে উত্থাপন করেছি। সুতরাং প্রত্যেকটা ক্ষেত্রে যা যা বক্তব্য রেখেছেন, সেইভাবে উত্তর দিলে মনে হয় ঠিক দিকে রাখতে পারব আলোচনাটা।

একেবারে প্রথমাংশে আমরা রেখেছি যে, বিকল্প আর্থিক সংস্কারের দৃষ্টিভঙ্গি বলতে আমরা কি বলেছি। আমরা বলেছি যে, তার একটা সামাজিক লক্ষ্য রাখতে হবে। কর্মসংস্থান বৃদ্ধি করা এবং প্রতিযোগিতার দিকে পদক্ষেপ একচেটিয়াত্ব কমিয়ে বাজারের মধ্যে, সরকারের মধ্যে তার বিকেন্দ্রীকরণ। তার বিরোধিতা আপনারা কেউ একজনও করেননি, সুতরাং আমি ধরে নিচ্ছি এখানে কোনো বিরোধী বক্তব্য নেই এবং উত্তর দেওয়ারও কিছু নেই। দুই, একের সঙ্গে মিলিয়ে যে বক্তব্য রাখা হয়েছে এক্ষেত্রে আমাদের দৃষ্টিভঙ্গি কি এবং কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি কি। আমরা কর্মসংস্থানের ক্ষেত্রে বলেছি, কেন্দ্রীয় সরকার কখনো নির্দিষ্টভাবে বলেননি, সেটাই উদারীকরণের নীতি। আপনারা এর কোনো বিরোধিতা করেননি, সুতরাং মেনে নিয়েছেন। একইভাবে গণবণ্টন ব্যবস্থার ক্ষেত্রে রবীন্দ্রনাথ চ্যাটার্জী মহাশয় সম্পূর্ণ স্বীকার করে নিয়েছেন। এখানে দেবপ্রসাদ সরকার মহাশয় একমাত্র বিরোধিতা করে বলেছেন যে, আপনারা বিশ্ব ব্যাঙ্ক থেকে ঋণ ইত্যাদি নেই, জনস্বাস্থ্যের ক্ষেত্রে নিয়েছেন। দু-ধরনের ঋণ নেওয়া যায় বিশ্বব্যাঙ্ক বা যে কোন বিদেশী প্রতিষ্ঠানের কাছ থেকে। এক হচ্ছে, প্রকল্পভিত্তিক আর একটা হচ্ছে স্ট্রাকচারাল অ্যাডজাস্টমেন্ট লোন। আমরা কোথাও স্ট্রাকচারাল অ্যাডজাস্টমেন্ট লোন নিইনি, নেওয়ার প্রশ্নই নেই এবং যেখানে ওয়ার্ল্ড ব্যাঙ্কের ক্ষেত্রে এই ধরনের ঋণ তারা দিতে চেয়েছেন, আমরা সেটা অস্বীকার করেছি, নিইনি। স্বাস্থ্যক্ষেত্রে বিকেন্দ্রীকরণমূলক যে ঋণ, সেটা নিচ্ছি। স্বাস্থ্যের ক্ষেত্রে একটা বক্তব্য, বিশেষ করে বিরোধী দলের নেতা হিসাবে পঙ্কজ বন্দ্যোপাধ্যায় রেখেছেন। উনি বলেছেন, বক্তব্য রাখতে গিয়ে আপনি অসঙ্গতি রেখেছেন। শোভনদেব চট্টোপাধ্যায় অন্য অংশে বলেছেন যে, খাদ্যশস্য উৎপাদন নিয়ে, আপনি এবারের ভাষণে ৩.৭ পরিচ্ছেদে বলছেন—আমি সেটাই পড়ে দিচ্ছি।' গত বছরে (২০০২-২০০৩) পৌঁছয় ১৫৫ লক্ষ টনে, এবং এ বছরে (২০০৩-০৪) তা আরও বৃদ্ধি পেয়ে পৌঁছবে অনুমিত ১৬২ লক্ষ টনে, যা এ রাজ্যের মোট খাদ্য শস্যের প্রয়োজনের ১৬৬.২ লক্ষ টন' যথেষ্ট কাছাকাছি।

আপনি তো আগের বার উল্টো কথা বলেছিলেন। তিনি বলছিলেন যে আগের উনি বলেছেন যে ১৬২ লক্ষ টনের জায়গায় এবারে বেশি হয়েছে ইত্যাদি। গতবার কি বলেছিলাম,

৪.০-তে দেখুন। আপনাকে আমি পড়ে দিচ্ছি। ইট ইজ নোটেড দ্যাট হোয়াইল ইন ২০০১-২০০২, আগের আগের বছরের এটা বাম্পার ক্রপ ছিল। সেই বছর উৎপাদন হয়েছে ১৬৫ লক্ষ টন। সেই বছরের যে রিকোয়ারমেন্ট ১৫৭ লক্ষ টনের চেয়ে বেশি। ১৫৫ থেকে বেড়েছে। তার আগের বছর থেকে বৃদ্ধি পায়নি। এটা আমার কোথাও অসংগতি হয়নি। আপনার পড়ে বোঝার ক্ষেত্রে অসুবিধা হয়েছে এবং সেটা আপনার ক্ষেত্রে একইভাবে অসংগতি হয়েছে। বোধহয় আপনি কি করে তাড়াহুড়োতে গোলমাল করে ফেলেছেন শোভনদেববাবু। আমার ঈষৎ হাসিই লাগছিল। এখানে বলা হয়েছে যে শিশুমৃত্যুর হার এর সংখ্যা সারা রাজ্যে এক হাজার শিশু জন্মে কে.এম.ডি.এ এলাকাতে, লক্ষ রাখুন এখানে উল্লেখ করতে চাই যে কে.এম.ডি.এ অঞ্চলে একাধিক পৌরসভা, ৪২টার মধ্যে সেখানে শিশুমৃত্যুর হার ১০-এর পর মাতৃমৃত্যুর হার কতগুলোতে শূন্য হয়েছে। আমার বক্তব্যে কোথাও অসংগতি নেই। আপনারা তাড়াহুড়োতে হয়তো ব্যস্ত ছিলেন। ঠিকমতো পড়েননি। পড়লেও বোঝেননি। পড়লে এটা বলতে পারতেন না। এই তো আপনাদের অবস্থা। এর পর দামের ক্ষেত্রে রবীন্দ্রনাথ চ্যাটার্জী একটা কথা বলেছেন, ঠিকই বলেছেন। দামের ক্ষেত্রে বারবার এই ঘটনা ঘটেছে। আমার মনে হয় এখানে আমাদের একত্রিত আলোচনা করা উচিত। আশু কি পদক্ষেপ নেওয়া যায়। আমাদের প্রয়োজন হচ্ছে ৪৫ লক্ষ মেট্রিক টন। এবারে উৎপাদন হয়েছে ৭৫ লক্ষ মেট্রিক টন। একটু বেশি উৎপাদন হয়েছে, উদ্বৃত্ত উৎপাদন হয়েছে। আশু পদক্ষেপ সঠিকভাবে আপনি উল্লেখ করেছেন। যত তাড়াতাড়ি এন.এ.এফ.ই.ডির সঙ্গে আলোচনা করা, বিদেশে যতটুকু এক্সপোর্ট করা যায়। এটা খুব কঠিন কাজ। আর আরেকটা বিষয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা কোনো নতুন নীতি নয়, রিজার্ভ ব্যাঙ্কের যা নির্দেশিকা আছে, তার মধ্যে যেখানে ঋণের বোঝা আছে, সেগুলো সেই ব্যাঙ্কের সাথে কথা বলে তার পুনর্বিন্যাস যাতে করা যায় এটাই আশু এবং আগামী দিনে এটা আমরা বৈচিত্র্যকরণের মাধ্যমে বলছি যে, যেগুলোতে আমাদের উদ্বৃত্ত আছে সেখান থেকে যেটা ঘাটতি সেইভাবেই যেতে হবে। এখানে একটা বক্তব্য বীজের ক্ষেত্রে এসেছে। এটা আপনি ঠিকই বলেছেন। আমি নির্দিষ্টভাবে বলছি বীজের ক্ষেত্রে দুটো দিকে আমরা স্বনির্ভর হয়েছি। অন্যগুলোতে হইনি। একটা হচ্ছে ধান আর তৈল্যবীজের মধ্যে শুধু সরষে। অন্যগুলোতে পারিনি। কেউ কেউ মৎস্যচাষের কথা বলেছেন। ঠিকই বলেছেন, হ্যাঁ, আমাদের ১২ লক্ষ টনের মতো উৎপাদন হলেও ৮০ হাজার টনের মতো, তার বেশ কম অংশই বাইরে থেকে আসে কিন্তু আবার এখান থেকে বাইরে যায় ওই ৯০ হাজার টনের মত। এটা ঘটনা, সেটা আমি বলে দিলাম। শিল্পের ক্ষেত্রে একটা বক্তব্য রেখেছেন পঙ্কজ ব্যানার্জি মহাশয়। আপনি যে ৭৯৫টি উদাহরণ দিয়েছেন। সেগুলো কোথায় হয়েছে ? খুব পরিষ্কার বলা আছে। ৭৯৫-এর ক্ষেত্রে, '৯১ সাল থেকে শুরু করে ২০০৩ সালের মধ্যে ৭৯৫টা এই ক্ষেত্রে হয়েছে এবং ৭৯৫টা কোন স্থানে, কোন দিনে হয়েছে এর পূর্ণাঙ্গ তথ্য আমার কাছে আছে প্রয়োজনে আমি দিয়ে দেব। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর সঙ্গে যোগ করছি আপনি পঙ্কজবাবু বলেছেন, কোন জেলায় কত স্ত্রী শিক্ষাকেন্দ্র হয়েছে, কোন জেলায় কতটি হয়েছে কুচবিহার ৮৮৭টি, জলপাইগুড়িতে ১০২১টি, দার্জিলিং—১০১০টি, উত্তর দিনাজপুরে ১০৪০টি ঠিক যা তথ্য বলেছি তাই, ১৭ হাজার যদি চান দিয়ে দিয়ে দেব।

[ 12.00—12.10 p.m. ]

জলপাইগুড়িতে ১০২১, দার্জিলিং-এ ১০১০, উত্তর দিনাজপুর ১০৪০, করতে করতে যে তথ্য বলেছি ১৭ হাজারের বেশি হবে। যদি চান হিসাবটা দিয়ে দেব। আপনারা যে যে কথাগুলি বলেছেন তার প্রত্যেকটি তথ্য দিয়ে আমি খণ্ডন করে দিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে ঘাটতির ক্ষেত্রে আমি পরিষ্কার করে বলেছি—আপনি বললেন করের হার বেড়েছে বলেই আপনি এত তথ্য দিতে শুরু করলেন, যেটা আপনি বলেননি সেটা বক্তব্যে পরিষ্কার করা আছে, তা হচ্ছে আপনি শুধু কোনখানে কম হয়েছে সেটা বলেছেন, কিন্তু বর্তমান বছরে মোট কর আদায় ৮৭০০ কোটি টাকা যা ছিল তার থেকে ৮৮২৫ কোটি টাকা বৃদ্ধি হয়েছে। অতীশবাবু আপনি একটা কথা বলেছিলেন কেন ডি.এফ.আই.ডি. কাছ থেকে কোন অতিরিক্ত অর্থ না ধরে নিজেদের করের উপর দাঁড়িয়ে পরিকল্পনা ব্যয় বৃদ্ধি করা হবে ৩৭ পারসেন্ট হারে ৪১৮৫ কোটি টাকায়। আমাদের মোট যেটা ঘাটতি ছিল ৭৯৩, তাকে ৯২ কোটি টাকাতে কমানো হয়েছে, তার কারণ পরিকল্পনা বহির্ভূত ব্যয় প্রায় ৪৪৭ কোটি টাকা আমরা বাঁচাতে পেরেছি। এর পরে বলা উচিত ফিসক্যাল ডেফিজিট, মোট আর্থিক ঘাটতি ৯৩৭৫ কোটি থেকে ৭৩০০ কোটিতে নেমেছে। এর পরে বলা উচিত যে যেটা রেভিনিউ রিসিটের ডেফিজিট ৯১ পারসেন্ট থেকে ৩৫.৬ পারসেন্ট নেমে এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে নিজেদের সামর্থ্যের উপরে দাঁড়িয়ে আমাদের ঘাটতি কমিয়ে মোট উৎপাদন বৃদ্ধি করেছি ৭.৬ পারসেন্টে। আপনি একটা কথা বললেন রাষ্ট্রপতিকে উদ্দেশ্য করে মাননীয় রাষ্ট্রপতি নিজে ওই ৮.৩ পারসেন্টের কথা বলেছেন, উনি নিজেই সন্দেহ প্রকাশ করেছেন সেটা আপনি বলতে ভুলে গেছেন, এই কথাটা আপনি বলতে ভুলে গেছেন। গত বছরে সর্বভারতীয় স্তরে উৎপাদন কমে গিয়েছিল ৪ পারসেন্টে, কমে যাওয়া থেকে তাই ৮ পারসেন্ট বৃদ্ধি হয়েছে। লক্ষ করবেন গত ৫ বছরে উৎপাদন বৃদ্ধির হার যদি নেন তাহলে কেন্দ্রীয় স্তরে সেটা ছিল ৫.৬, আমাদের ৭.৮। অনেক এগিয়ে, তাই আপনি যে কথাগুলি বললেন তার প্রত্যেকটি খণ্ডন করে আমি আমার বক্তব্যকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

The motion of Dr.Asim Kumar Dasgupta that a sum not exceeding Rs. 72,39,92,77,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 2005,

| Demand No. | Major Head | | Sum not exceeding |
|---|---|---|---|
| 1 | 2 | | 3 |
| | | | Rs. |
| 1 | 2011-State Legislatures | .. | 6,86,47,000 |
| 3 | 2013-Council of Ministers | .. | 1,34,16,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | | Rs. |
| 4 | 2408-Food, Storage and Warehousing .. | 50,86,000 |
| | 2435-Other Agricultural Programmes .. | 2,25,33,000 |
| | 4435-Capital Outlay on Other Agricultural Programmes .. | 2,05,87,000 |
| 5 | 2235-Social Security and Welfare .. | 3,70,49,000 |
| | 2236-Nutrition .. | 2,62,000 |
| | 2401-Crop Husbandry .. | 58,89,82,000 |
| | 2402-Soil and Water Conservation .. | 2,55,48,000 |
| | 2415-Agricultural Research and Education .. | 17,68,39,000 |
| | 2551-Hill Areas .. | 8,33,000 |
| | 2575-Other Special Areas Programmes .. | 6,67,000 |
| | 3451-Secretariat Economic Services .. | 71,72,000 |
| | 4401-Capital Outlay on Crop Husbandry .. | 2,75,00,000 |
| 6 | 2403-Animal Husbandry .. | 44,38,02,000 |
| | 2404-Dairy Developmet .. | 45,67,29,000 |
| | 2415-Agricultural Research & Education .. | 2,14,33,000 |
| | 2515-Other Rural Development Programmes .. | 4,11,81,000 |
| | 2551-Hill Areas .. | 8,33,000 |
| | 3451-Secretariat-Economic Service .. | 33,47,000 |
| | 4403-Capital Outlay on Animal Husbandry .. | 88,33,000 |
| | 4404-Capital Outlay on Dairy Development .. | 71,67,000 |
| 7 | 2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes .. | 72,89,69,000 |
| | 2251-Secretariat Social Services .. | 55,80,000 |
| | 4225-Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes .. | 1,28,33,000 |
| 8 | 2216-Housing .. | 1,23,000 |
| | 2250-Other Social Services .. | 2,000 |
| | 2401-Crop Husbandry .. | 66,000 |
| | 2404-Dairy Development .. | 1,10,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | | Rs. |
| | 2425–Co-operation .. | 13,11,72,000 |
| | 2515–Other Rural Development Programmes .. | 1,63,27,000 |
| | 3451–Secretariat Economic Services .. | 47,40,000 |
| 8 | 4216–Capital Outlay on Housing .. | 2,000 |
| | 4250–Capital Outlay on Other Social Services .. | 2,000 |
| | 4425–Capital Outlay on Co-operation .. | 85,11,000 |
| | 6250–Loans for Other Social Services .. | 3,000 |
| | 6425–Loans for Co-operation .. | 67,28,000 |
| | 2058–Stationery and Printing .. | 6,02,18,000 |
| | 2551–Hill Areas .. | 8,80,64,000 |
| | 2852–Industries .. | 8,96,45,000 |
| | 2853–Non-Ferrous Mining and Metallurgical Industries .. | 1,15,87,000 |
| | 3451–Secretariat Economic Services .. | 1,06,26,000 |
| | 3475–Other General Economic Services .. | 10,40,000 |
| | 4407–Capital Outlay on Plantations .. | 40,00,000 |
| | 4551–Capital Outlay on Hill Areas .. | 26,67,000 |
| | 4856–Capital Outlay on Petro-Chemical Industries | 33,000 |
| | 4857–Capital Outlay on Chemical and Pharmaceutical Industries .. | 40,00,000 |
| | 4860–Capital Outlay on Consumer Industries .. | 1,88,67,000 |
| 9 | 4885–Other Capital Outlay on Industries and Minerals .. | 1,00,73,000 |
| | 5054–Capital Outlay on Roads and Bridges .. | 27,000 |
| | 6407–Loans for Plantations .. | 55,00,000 |
| | 6551–Loans for Hill Areas .. | 1,01,67,000 |
| | 6857–Loans for Chemical and Pharmaceutical Industries .. | 11,67,000 |
| | 6860–Loans for Consumer Industries .. | 4,12,33,000 |
| | 6885–Loans for Other Industries and Minerals .. | 86,67,000 |
| | 7465–Loans for General Financial and Trading Institutions .. | 1,16,67,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | | Rs. |
| 10 | 2052–Secretariat–General Services .. | 28,37,000 |
| | 3456–Civil Supplies .. | 4,94,91,000 |
| | 3475–Other General Economic Services .. | 1,55,56,000 |
| 11 | 2401–Crop Husbandry .. | 30,59,000 |
| | 2851–Village and Small Industries .. | 28,83,00,000 |
| | 3451–Secretariat Economic Services .. | 46,23,000 |
| | 4851–Capital Outlay on Village and Small Industries .. | 70,39,000 |
| | 6851–Loans for Village and Small Industries .. | 1,26,85,000 |
| | 6860–Loans for Consumer Industries .. | 6,84,17,000 |
| 12 | 2401–Crop Husbandry .. | 2,38,94,000 |
| | 2402–Soil and Water Conservation .. | 3,00,000 |
| | 2505–Rural Employment .. | 24,66,67,000 |
| | 2575–Other Special Area Programmes .. | 29,23,84,000 |
| | 3451–Secretariat-Economic Services .. | 2,16,68,000 |
| | 3452–Tourism .. | 23,05,000 |
| | 3454–Census, Surveys and Statistics .. | 3,20,52,000 |
| | 4575–Capital Outlay on Other Special Areas Programmes .. | 41,000 |
| 13 | 2202–General Education .. | 209,41,04,000 |
| | 2203–Technical Education .. | 10,46,43,000 |
| | 2204–Sports and Youth Services .. | 42,90,000 |
| | 2205–Art and Culture .. | 1,15,62,000 |
| | 2251–Secretariat–Social Services .. | 1,20,74,000 |
| | 3454–Census, Surveys and Statistics .. | 17,37,000 |
| | 6202–Loans for Education, Sports Art and Culture .. | 1,67,000 |
| 14 | 2202–General Education .. | 20,53,59,000 |
| | 2205–Art and Culture .. | 96,08,000 |
| | 2235–Social Security and Welfare .. | 1,27,25,000 |
| | 2251-Secretariat–Social Services .. | 29,07,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | | Rs. |
| 14 | 2515–Other Rural Development Programmes .. | 87,95,000 |
| | 2551–Hill Areas .. | 3,000 |
| | 3454–Census, Surveys and Statistics .. | 1,30,000 |
| | 4202–Capital Outlay on Education, Sports, Art and Culture. .. | 33,33,000 |
| 15 | 2202–General Education .. | 1371,04,40,000 |
| | 2204–Sports and Youth Services .. | 1,14,39,000 |
| | 2251–Secretariat–Social Services .. | 51,67,000 |
| | 2551–Hill Areas .. | 3,33,000 |
| | 4202–Capital Outlay on Education, Sports, Art and Culture .. | 1,66,67,000 |
| 16 | 2215–Water Supply and Sanitation .. | 1,07,36,000 |
| | 2251–Secretariat–Social Services .. | 21,18,000 |
| | 3425–Other Scientific Research .. | 2,08,000 |
| | 3435–Ecology and Environment .. | 18,58,000 |
| 17 | 2039–State Excise .. | 15,88,46,000 |
| | 2052–Secretariat General Services .. | 11,38,000 |
| 18 | 2014–Administration of Justice .. | 61,26,000 |
| | 2020–Collection of Taxes on Income and Expenditure .. | 3,15,81,000 |
| | 2029–Land Revenue .. | 9,99,000 |
| | 2030–Stamps and Registration .. | 12,82,52,000 |
| | 2035–Collection of Other Taxes on Property and Capital Transactions .. | 13,28,000 |
| | 2040–Taxes on Sales, Trade etc. .. | 26,53,00,000 |
| | 2045–Other Taxes and Duties on Commodities and Services .. | 94,77,000 |
| | 2047–Other Fiscal Services .. | 7,77,12,000 |
| | 2052–Secretariat General Services .. | 8,60,38,000 |
| | 2054–Treasury and Accounts Administration .. | 18,79,54,000 |
| | 2058–Stationery and Printing .. | 61,92,000 |

| 1 | 2 | | 3 |
|---|---|---|---|
| | | | Rs. |
| 18 | 2070-Other Administrative Services | .. | 43,87,000 |
| | 2071-Pensions and Other Retirement Benefits | .. | 971,29,97,000 |
| | 2075-Miscellaneous General Services | .. | 24,80,54,000 |
| | 2235-Social Security and Welfare | .. | 1,38,77,000 |
| | 2250-Other Social Services | .. | 79,74,000 |
| | 3475-Other General Economic Services | .. | 3,00,000 |
| | 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions | .. | 1,67,000 |
| | 4885-Other Capital Outlay on Industries and Minerals | .. | 1,00,00,000 |
| | 5465-Investments in General Financial and Trading Institutions | .. | 62,00,000 |
| | 7610-Loans to Governments Servants etc. | .. | 3,50,00,000 |
| | 7615-Miscellaneous Loans | .. | 33,33,000 |
| 19 | 2052-Secretariat General Services | .. | 11,65,000 |
| | 2070-Other Administrative Services | .. | 25,62,38,000 |
| | 4070-Capital Outlay on Other Administrative Services | .. | 1,66,67,000 |
| 20 | 2235-Social Security and Welfare | .. | 30,00,000 |
| | 2405-Fisheries | .. | 8,84,08,000 |
| | 2415-Agricultural Research and Education | .. | 33,59,000 |
| | 2515-Other Rural Development Programmes | .. | 1,65,75,000 |
| | 2551-Hill Areas | .. | 5,00,000 |
| | 3451-Secretariat Economic Services | .. | 39,26,000 |
| | 4405-Capital Outlay on Fisheries | .. | 4,71,67,000 |
| | 6405-Loans for Fisheries | .. | 3,66,67,000 |
| 21 | 2052-Secretariat General Services | .. | 1,45,17,000 |
| | 2235-Social Securty and Welfare | .. | 81,01,25,000 |
| | 2408-Food, Storage and Warehousing | .. | 29,71,77,000 |
| | 3456-Civil Supplies | .. | 1,84,15,000 |
| | 4408-Capital Outlay on Food, Storage and Warehousing | .. | 3,00,00,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | | Rs. |
| | 2401-Crop Husbandry .. | 3,58,18,000 |
| | 2852-Industries .. | 95,07,000 |
| 22 | 3451-Secretariat Economic Services .. | 16,63,000 |
| | 4860-Capital Outlay on Consumer Industries .. | 1,00,00,000 |
| | 6860-Loans for Consumer Industries .. | 8,33,000 |
| | 2402-Soil and Water Conservation .. | 1,48,24,000 |
| | 2406-Forestry and Wild Life .. | 46,33,92,000 |
| 23 | 2415-Agricultural Reseaarch and Education .. | 7,70,000 |
| | 2551-Hill Areas .. | 13,14,000 |
| | 3451-Secretariat Economic Services .. | 30,04,000 |
| | 4406-Capital Outlay on Forestry and Wild Life .. | 5,00,07,000 |
| | 2210-Medical and Public Health .. | 394,99,63,000 |
| | 2211-Family Welfare .. | 45,67,62,000 |
| | 2236-Nutrition .. | 2,89,000 |
| 24 | 2250-Other Social Services .. | 5,00,000 |
| | 2251-Secretariat-Social Services .. | 83,18,000 |
| | 2515-Other Rural Development Programmes .. | 18,40,000 |
| | 2551-Hill Areas .. | 50,00,000 |
| | 4210-Capital Outlay on Medical and Public Health. .. | 15,35,67,000 |
| | 2052-Secretariat-General Services .. | 1,00,06,000 |
| | 2059-Public Works .. | 118,47,32,000 |
| | 2205-Art and Culture .. | 11,18,000 |
| 25 | 2210-Medical and Public Health .. | 1,83,33,000 |
| | 2216-Housing .. | 2,69,10,000 |
| | 2235-Social Security and Welfare .. | 16,67,000 |
| | 2250-Other Social Services .. | 46,20,000 |
| | 2551-Hill Areas .. | 6,67,000 |
| | 2853-Non-Ferrous Mining and Metallurgical Industries .. | 1,50,000 |
| | 3054-Roads and Bridges .. | 188,92,57,000 |
| | 3451-Secretariat Economic Services .. | 63,48,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | | Rs. |
| 25 | 4055-Capital Outlay on Police .. | 33,33,000 |
| | 4059-Capital Outlay on Public Works .. | 9,41,23,000 |
| | 4070-Capital Outlay on Other Administrative Services .. | 16,67,000 |
| | 4202-Capital Outlay on Education, Sports Art and Culture .. | 84,21,000 |
| | 4210-Capital Outlay on Medical and Public Health .. | 16,17,26,000 |
| | 4216-Capital Outlay on Housing .. | 3,91,35,000 |
| | 4220-Capital Outlay on Information and Publicity .. | 5,33,000 |
| | 4250-Capital Outlay on Other Social Services .. | 1,17,000 |
| | 4404-Capital Outlay on Dairy Development .. | 1,67,000 |
| | 4408-Capital Outlay on Food, Storage and Warehousing .. | 28,33,000 |
| | 4425-Capital Outlay on Co-operation .. | 3,000 |
| | 5054-Capital Outlay on Roads and Bridges .. | 128,17,35,000 |
| 26 | 2551-Hill Areas .. | 51,94,23,000 |
| | 3451-Secretariat-Economic Services .. | 8,91,000 |
| 27 | 2014-Administration of Justice .. | 18,90,000 |
| | 2015-Elections .. | 59,41,34,000 |
| | 2052-Secretariat General Services .. | 4,97,74,000 |
| | 2055-Police .. | 377,57,99,000 |
| | 2070-Other Administrative Services .. | 38,19,84,000 |
| | 2075-Miscellaneous General Services .. | 32,22,000 |
| | 2235-Social Security and Welfare .. | 3,43,000 |
| | 2250-Other Social Services .. | 3,58,000 |
| | 2575-Other Special Areas Programmes .. | 4,36,17,000 |
| | 3451-Secretariat Economic Services .. | 5,67,000 |
| | 3454-Census, Surveys and Statistics .. | 71,58,000 |
| | 4070-Capital Outlay on Other Administrative .. Services | 31,67,000 |
| | 4575-Capital Outlay on Other Special Areas Programme .. | 8,82,50,000 |

| 1 | 2 | | 3 |
|---|---|---|---|
| | | | Rs |
| 28 | 2216-Housing | .. | 13,70,46,000 |
| | 2251-Secretariat-Social Services | .. | 57,61,000 |
| | 2852-Industries | .. | 4,71,00,000 |
| | 4216-Capital Outlay on Housing | .. | 2,87,93,000 |
| 29 | 2852-Industries | .. | 27,67,000 |
| | 3451-Secretariat Economic Service | ... | 17,46,000 |
| | 4858-Capital Outlay on Engineering Industries | .. | 1,00,000 |
| | 4860-Capital Outlay on Consumer Industries | .. | 1,00,000 |
| | 4875-Capital Outlay on Other Industries | .. | 2,33,000 |
| | 6858-Loans for Engineering Industries | .. | 2,33,33,000 |
| | 6860-Loans for Consumer Industries | .. | 2,83,33,000 |
| 30 | 2205-Art and Culture | .. | 2,55,12,000 |
| | 2220-Information and Publicity | .. | 14,40,94,000 |
| | 2250-Other Social Services | .. | 8,33,000 |
| | 2251-Secretariat Social Services | .. | 71,31,000 |
| | 2551-Hill Areas | .. | 41,000 |
| | 4220-Capital Outlay on Information and Publicity | .. | 7,00,000 |
| | 6220-Loans for Information and Publicity | .. | 12,07,000 |
| | 6875-Loans for Other Industries | .. | 1,00,98,000 |
| 31 | 2251-Secretariat Social Services | .. | 3,01,98,000 |
| | 4859-Capital Outlay on Telecommunication and Electronics Industries | .. | 33,33,000 |
| | 6859-Loans for Telecommunication and Electronics Industries | .. | 20,00,000 |
| 32 | 2250-Other Social Services | .. | 29,55,000 |
| | 2551-Hill Areas | .. | 4,33,000 |
| | 2701-Major and Medium Irrigation | .. | 59,69,57,000 |
| | 2711-Flood Control | .. | 20,23,38,000 |
| | 3451-Secretariat-Economic Services | .. | 54,27,000 |
| | 4701-Capital Outlay on Major and Medium Irrigation | .. | 26,95,00,000 |
| | 4711-Capital Outlay on Flood Control Project | .. | 26,47,45,000 |

| 1 | 2 | | 3 |
|---|---|---|---|
| | | | Rs. |
| | 2052-Secretariat General Services | .. | 24,10,000 |
| 33 | 2056-Jails | .. | 24,23,90,000 |
| | 2014-Administration of Justice | .. | 40,61,77,000 |
| | 2029-Land Revenue | .. | 21,94,000 |
| | 2052-Secretariat-General Services | .. | 81,91,000 |
| 34 | 2070-Other Administrative Seervices | .. | 60,000 |
| | 2235-Social Security and Welfare | .. | 19,33,000 |
| | 3454-Census, Surveys and Statistics | .. | 13,05,000 |
| | 2014-Administrative of Justice | .. | 21,08,000 |
| | 2210-Medical and Public Health | .. | 23,03,91,000 |
| 35 | 2216-Housing | .. | 10,000 |
| | 2230-Labour and Employment | .. | 13,70,16,000 |
| | 2235-Social Security and Welfare | .. | 12,87,81,000 |
| | 2251-Secretariat Social Services | .. | 83,28,000 |
| | 4250-Capital Outlay on Other Social Servicxes | .. | 3,80,000 |
| | 2029-Land Revenue | .. | 93,52,84,000 |
| | 2049-Interest Payments | .. | 25,00,000 |
| | 2052-Secretariat-General Services | .. | 1,97,16,000 |
| 36 | 2053-District Administration | .. | 22,00,59,000 |
| | 2070-Other Administrative Services | .. | 80,90,000 |
| | 2216-Housing | .. | 2,86,000 |
| | 2250-Other Social Services | .. | 8,83,000 |
| | 2401-Crop Husbandry | .. | 7.12,000 |
| | 2506-Land Reforms | .. | 5,05,90,000 |
| | 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions | .. | 23,23,000 |
| | 5475-Capital Outlay on Other General Economic Service | .. | 14,76,000 |
| 37 | 2052-Secretariat-General Services | .. | 74,33,000 |
| | 2052-Secretariat-General Services | .. | 9,48,000 |
| 38 | 2202-General Education | .. | 11,67,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | | Rs. |
| 38 | 2235-Social Security and Welfare .. | 43,00,000 |
| | 2250-Other Social Services .. | 41,98,000 |
| | 2251-Secretariat Social Services .. | 20,00,000 |
| | 4235-Capital Outlay on Social Security and Welfare .. | 1,05,00,000 |
| 39 | 2052-Secretariat General Services .. | 78,13,000 |
| | 2211-Family Welfare .. | 1,27,33,000 |
| | 2217-Urban Development .. | 227,03,87,000 |
| | 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions .. | 55,78,67,000 |
| | 4217-Capital Outlay on Urban Development .. | 1,16,33,000 |
| | 6217-Loans for Urban Development .. | 44,39,00,000 |
| 40 | 2217-Urban Development .. | 13,30,000 |
| | 2235-Social Security and Welfare .. | 12,01,67,000 |
| | 2501-Special Programmes for Rural Development .. | 5,74,46,000 |
| | 2505-Rural Employment .. | 30,96,33,000 |
| | 2515-Other Rural Development Programmes .. | 190,08,73,000 |
| | 2575-Other Special Areas Programmes .. | 1,33,33,000 |
| | 3451-Secretariat-Economic Services .. | 1,20,61,000 |
| | 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institution .. | 4,22,95,000 |
| | 4515-Capital Outlay on Other Rural Development Programmes .. | 1,00,000 |
| | 6515-Loans for Other Rural Development Programmes .. | 6,67,000 |
| 41 | 2052-Secretariat General Services .. | 26,52,000 |
| | 2070-Other Administrative Services .. | 7,40,000 |
| 42 | 2052-Secretariat General Services .. | 1,66,60,000 |
| | 2070-Other Administrative Services .. | 2,45,18,000 |
| | 4216-Capital Outlay on Housing .. | 3,98,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | | Rs. |
| 43 | 2045-Other Taxes and Duties on Commodities and Services | .. 48,96,000 |
| | 2801-Power | .. 13,33,000 |
| | 2810-Non-conventional Sources of Energy | .. 1,33,333,000 |
| | 3451-Secretariat-Economic Services | .. 35,31,000 |
| | 4801-Capital Outlay on Powert Project | .. 47,28,00,000 |
| | 6801-Loans for Power Project | .. 615,27,33,000 |
| | 6860-Loans for Consumer Industries | .. 66,67,000 |
| 44 | 2852-Industries | .. 21,91,47.000 |
| | 3451-Secretariat-Economic Services | .. 40,40,000 |
| | 5075-Capital Outlay on Other Transport Services | .. 1,00,000 |
| | 6857-Loans for Chemical and Pharmaceutical Industries | .. 1,50,00,000 |
| | 6858-Loans for Engineering Industries | .. 7,98,33,000 |
| | 6860-Loans for Consumer Industries | .. 4,90,00,000 |
| 45 | 2215-Water Supply and Sanitation | .. 101,13,40,000 |
| | 2250-Other Social Services | .. 91,29,000 |
| | 2251-Secretariat Social Services | .. 19,94,000 |
| | 2551-Hill Areas | .. 43,33,000 |
| | 4215-Capital Outlay on Water Supply and Sanitation | .. 6,16,33,000 |
| 46 | 2235-Social Security and Welfare | .. 6,03,89,000 |
| | 2251-Secretariat Social Services | .. 49,07,000 |
| | 4235-Capital Outlay on Social Security and Welfare | .. 2,16,33,000 |
| | 6235-Loans for Social Security and Welfare | .. 1,67,000 |
| 47 | 2235-Social Security and Welfare | .. 11,14,32,000 |
| | 2245-Relief on account of Natural Calamities | .. 98,31,20,000 |
| | 2251-Secretariat Social Services | .. 36,89,000 |

| 1 | 2 | | 3 |
|---|---|---|---|
| | | | Rs. |
| | 2575-Other Special Areas Programmes | .. | 8,92,000 |
| 48 | 3425-Other Scientific Research | .. | 52,25,000 |
| | 3451-Secretariat Economic Services | .. | 45,96,000 |
| | 2204-Sports and Youth Services | .. | 12,68,84,000 |
| 49 | 2251-Secretariat Social Services | .. | 43,75,000 |
| | 2575-Other Special Areas Programmes | .. | 5,63,69,000 |
| 50 | 4575-Capital Outlay on Other Special Areas Programme | .. | 3,33,33,000 |
| | 2203-Technical Education | .. | 13,27,50,000 |
| | 2230-Labour and Employment | .. | 6,41,61,000 |
| | 2251-Secretariat Social Services | .. | 23,14,000 |
| 51 | 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture | .. | 33,33,000 |
| | 4250-Capital Outlay on Other Social Services | .. | 24,44,000 |
| | 2250- Other Social Services | .. | 32,47,000 |
| | 2551-Hill Areas | .. | 3,33,000 |
| 52 | 3451-Secretariat-Economic Services | .. | 22,87,000 |
| | 3452-Tourism | .. | 4,23,13,000 |
| | 5452-Capital Outlay on Tourism | .. | 75,83,000 |
| | 2041-Taxes of Vehicles | .. | 3,16,72,000 |
| | 2070-Other Administrative Services | .. | 5,98,69,000 |
| | 2235-Social Security and Welfare | .. | 37,01,000 |
| | 2250-Other Social Services | .. | 7,43,000 |
| 53 | 2251-Secretariat Social Services | .. | 49,21,000 |
| | 3051-Ports and Lighthouses | .. | 62,71,000 |
| | 3053-Civil Aviation | .. | 32,64,000 |
| | 3055-Road Transport | .. | 96,02,73,000 |
| | 3056-Inland Water Transport | .. | 4,59,000 |
| | 3451-Secretariat Economic Services | .. | 6,37,000 |
| | 5055-Capital Outlay on Road Transport | .. | 12,78,00,000 |
| | 5056-Capital Ooutlay on Inland Water Transport | .. | 36,00,000 |
| | 5075-Capital Outlay on Other Transport Services | .. | 18,33,000 |

| 1 | 2 | | 3 |
|---|---|---|---|
| | | | Rs. |
| 53 | 7055-Loans for Road Transport | .. | 3,50,00,000 |
| | 7056-Loans for Inland Water Transport | .. | 50,00,000 |
| | 7075-Loans for Other Transport Services | .. | 41,67,000 |
| | 2070-Other Administrative Services | .. | 7,000 |
| | 2215-Water Supply and Sanitation | .. | 7,17,32,000 |
| | 2216-Housing | .. | 1,71,67,.000 |
| | 2217-Urban Development | .. | 17,01,.61,000 |
| | 2551-Hill Areas | .. | 5,000 |
| 54 | 3451-Secretariat Economic Services | .. | 2,73,55,000 |
| | 3475-Other General Economic Services | .. | 81,67,000 |
| | 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions | .. | 28,57,67,000 |
| | 4216-Capital Outlay on Housing | .. | 3,06,54,00 |
| | 4217-Capital Outlay on Urban Development | .. | 8,67,000 |
| | 6217-Loans for Urban Development | .. | 2,86,67,000 |
| | 6551-Loans for Hill Areas | .. | 1,20,000 |
| 55 | 2551-Hill Areas | .. | 11,67,000 |
| | 2702-Minor Irrigation | .. | 81,29,10,000 |
| | 2705-Command Area Development | .. | 1,43,33,000 |
| | 3451-Secretariat-Economic Services | .. | 40,60,000 |
| | 4702-Capital Outlay on Minor Irrigation | .. | 11,51,24,000 |
| | 4705-Capital Outlay on Command Area Development | .. | 1,66,67,000 |
| | 2235-Social Security and Welfare | .. | 75,43,76,000 |
| | 2236-Nutrition | .. | 25,30,28,000 |
| 56 | 2251-Secretariat-Social Services | .. | 64,53,000 |
| | 4235-Capital Outlay on Social Security and Welfare | .. | 5,12,33,000 |
| | was then put and agreed to. Grand Total :- | | 7239,92,77,000 |

## Adjournment

The House was then adjourned at 4.03 a.m. till 11 p.m.on Wednesday, the 17th March, 2004 at the Assembly House, Kolkata.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 17th March, 2004 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair, 17 Ministers, 09 Ministers of State and 151 Members.

[11.00—11.10 a.m.]

### Starred Questions

### ( to which oral answers were given )

### রাজ্য তন্তুবায় সমবায় সমিতি লিমিটেডের আর্থিক সংকট

*৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রী জ্যোতির্ময় কর** : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'পশ্চিমবঙ্গ রাজ্য তন্তুবায় সমবায় সমিতি লিমিটেড'-এর আর্থিক অবস্থা সংকটজনক ;

(খ) সত্যি হলে, গত ও চলতি আর্থিক বছরের ৩১শে জানুয়ারী পর্যন্ত এর পুঞ্জীভূত ক্ষতির পরিমাণ কত এবং

(গ) এই সংকটের কারণ কী ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** :

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) বিগত ২০০২-০৩ আর্থিক বছরের পুঞ্জীভূত ক্ষতির পরিমাণ ৪৮২২.৮১ লক্ষ টাকা। চলতি আর্থিক বছর ২০০৩-০৪-এর ১লা এপ্রিল থেকে ৩১শে জানুয়ারী পর্যন্ত এই পুঞ্জীভূত ক্ষতির পরিমাণ আনুমানিক ৫০০৫.৫৮ লক্ষ টাকা।

(গ) এই সংকেটর জন্য যে কারণগুলিকে চিহ্নিত করা যায়, সেগুলি নিম্পরূপ :

১। উপভোক্তার রুচির পরিবর্তনের কারণে বাজারে তাঁতজাত বস্ত্রের চাহিদা হ্রাস পাওয়া,

২। উপভোক্তার চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে বৈচিত্র্যপূর্ণ তাঁতজাত বস্ত্র উৎপাদন ও বিপণনে সক্ষমতার অভাব,

৩। ব্যবসার পরিমাণের সঙ্গে সামঞ্জস্য রেখে কর্মী ও শো-রুমের সংখ্যা নিয়ন্ত্রণ না করা,

৪। মানবসম্পদের যথাযোগ্য এবং চাহিদামাফিক সদ্‌ব্যবহার করতে না পারা,

৫। পর্যাপ্ত অর্থের অভাবে প্রয়োজনীয় বস্ত্রাদি সংগ্রহ ও বিপণনের অসমর্থতার দরুন বস্ত্রাদি বিক্রয়ের ক্ষেত্রে আশানুরূপ বৃদ্ধি ঘটাতে ব্যর্থতা,

৬। বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারী দপ্তরের কাছ থেকে সরবরাহ্ বাবদ সংস্থার বিপুল পরিমাণ পাওনা অর্থ অনাদায়ী থাকা।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় স্পীকার মহাশয়, সারা রাজ্যে কুটির শিল্প এবং ক্ষুদ্র ও কুটির শিল্পে তন্তুবায় সমিতির ব্যাপকতা ও বৈচিত্র্য গুরুত্বপূর্ণ। এই ব্যাপকতা ও বৈচিত্রতার গুরুত্ব উপলব্ধি করে মাননীয় মন্ত্রী মহাশয় যদি জানান যে কত উইভার্স কো-অপারেটিভ সোসাইটি রেজিস্টার্ড অবস্থায় আমাদের রাজ্যে কাজ করছে এবং বর্তমানে তাদের মধ্যে কতগুলো বন্ধ আর কতগুলো কাজ কাজ করছে ভায়েবেল অবস্থায় আছে ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : প্রশ্নটা যেহেতু তন্তুজ সম্পর্কিত তাই এর মধ্যেই বক্তব্য সীমিত রাখব। প্রাথমিক সমবায় সমিতি আছে ১৪৭৮টা। ১৪৭৮টা সংস্থাই এখন নিয়মিত তাঁতবস্ত্র সরবরাহ্ করে এবং তন্তুজের সাথে কাজ করে।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, এই তথ্যটা সঠিক নয় বলে মনে হচ্ছে। যদি চলতো তাহলে 'পুঞ্জীভূত ক্ষতি' হত না, বন্ধ বলে এটা বলা হয়েছে।

এর মধ্যে তন্তুজ এবং তন্তুশ্রী সমিতিগুলো আমি দেখে এসেছি। মাননীয় মন্ত্রী মহাশয়, সেই সমিতিগুলোর যে মার্কেটেবিলিটি, যে নতুনত্ব এবং আধুনিক প্রজন্মের যে চাহিদা, সেই চাহিদা অনুযায়ী যে সংকটগুলোর কথা আপনি বলেছেন সেই সংকটের মোকাবিলা করার জন্য কোনো প্রস্তাব বা বিবেচনা আছে কি ? আপনি অ্যাকুমুলেটেড লস বলেছেন ৫ হাজার কোটি টাকা। এক্ষেত্রে প্রফিট করা এবং বিপন্ন তন্তুবায় সমিতিগুলোকে বাঁচাতে সরকারের কোনো ভাবনা-চিন্তা আছে কিনা ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : প্রথমত, আপনার বুঝতে ভুল হয়েছে। ক্ষতি ৫ হাজার কোটি নয়, ওটা ৫০ কোটির কিছু বেশি লস হয়েছে। দ্বিতীয়ত, আপনি যেটা বলেছেন যে, তন্তুবায় সমিতি যেগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে, তারা টাকা পায়নি তন্তুজের কাছ থেকে—এটা সত্যি। কিন্তু তার মধ্যে যে প্রাথমিক সমিতিগুলো বন্ধ হয়ে গেছে সেগুলো লাভজনক জায়গায় আনার জন্য রিস্ট্রাকচারিং করা এবং সেই সমিতিগুলোকে বাঁচাবার জন্য যে পদ্ধতি নেওয়ার দরকার সেটা নিয়েছি।

**শ্রী জ্যোতির্ময় কর** : সেটা কি ব্যবস্থা নিয়েছেন সেটাই জানতে চেয়েছি। হোয়াট ইজ দি ক্যাটেগরিকাল প্রোপোজাল ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : আসলে আপনি একসঙ্গে অনেকগুলো প্রশ্ন করেছেন। আমরা যেটা করতে চাইছি সেটা হচ্ছে যে, তন্তুজের আয় এবং ব্যয়কে সমান জায়গায় নিয়ে আসার ব্যবস্থা করা। তার জন্য আয় বৃদ্ধির যে সম্ভাবনা আছে সেটাকে মাথায় রেখে আমরা বিক্রয় কেন্দ্রগুলোর পুনর্বিন্যাস করছি। দ্বিতীয়ত, অতিরিক্ত লোকসানে থাকা কেন্দ্রগুলোকে আমরা বন্ধ করছি। তার সাথে আমাদের অতিরিক্ত কর্মী পুনর্বিন্যাস বা তাদের সম্মানজনকভাবে চাকরি ছেদের জন্য রিস্ট্রাকচারিং-এর ব্যবস্থা আমরা করছি। এটাই হচ্ছে কংক্রিট প্রস্তাব।

**শ্রী জ্যোতির্ময় কর** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই যে, তন্তুবায় সমিতিগুলোর জন্য কেন্দ্রীয় সরকার কত ঋণ এবং গ্র্যান্ট দিচ্ছেন ? গত আর্থিক বছরে তন্তুবায় সমিতির জন্য কেন্দ্রীয় সরকার থেকে কত টাকা এবং রাজ্য সরকারের কমপোনেন্ট কত পেয়েছি এই সেক্টরে, সেটা যদি দয়া করে জানান।

**শ্রী বংশগোপাল চৌধুরী** : তন্তুজের বিভিন্ন সেক্টরের জন্য রাজ্য সরকারের কাছ থেকে আমাদের পাওনা আছে ২ কোটি টাকার বেশি এবং কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের পাওনা আছে ২ কোটি টাকার কিছু বেশি।

**শ্রী রবীন্দ্রনাথ হেমব্রম** : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যম আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, উনি বললেন—আমাদের যে সমস্ত তন্তুবায় সমিতি আছে এবং তাদের যে কোয়ালিটি সেটা উপভোক্তাদের চাহিদার সঙ্গে সামঞ্জস্য না থাকায় ক্ষতির কারণ হয়ে যাচ্ছে। এই জায়গায় মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের রাজ্যে যে সমস্ত বৃহদায়তন তন্তুবায় সমিতি আছে, সেই সমস্ত সমিতিগুলোর সভ্যদের ডাইং ইউনিট করে বা তাদের ট্রেনিং দিয়ে তাদের দক্ষতাকে বাড়িয়ে তুলে উপভোক্তাদের চাহিদা মোতাবেক বস্ত্র উৎপাদনের কোনো স্কীম সরকার করছেন কিনা ? করে থাকলে কোন কোন স্কীম করছেন এবং সেই ধরনের স্কীমের ব্যাপারে ট্রেনিং-এর ব্যবস্থা নিয়েছেন কিনা সেটা যদি জানান।

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এই চাহিদা বৃদ্ধির জন্য আমরা কম্পিউটার অ্যাডেড ডিজাইনের কতকগুলো কেন্দ্র করেছি। এখন সব সমিতির নাম বলতে পারবো না। কম্পিউউটার অ্যাডেড ডিজাইনের মধ্যে দিয়ে আমরা ডিজাইন পরিবর্তন করতে চাইছি।

[11.10—11.20 a.m.]

সেটা আমরা যেমন বিষ্ণুপুরে করেছি বালুচরীর ক্ষেত্রে এবং অন্যান্য জায়গায়—বিশেষ করে আমাদের নদিয়ায় শান্তিপুরে এবং অন্যান্য যেসব জায়গায় তাঁতবস্ত্র উৎপাদন হয় সেখানে কম্পিউটার ডিজাইনের প্রচলন করেছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সাপ্লিমেন্টারি প্রশ্ন—আপনি এখানে এই যে তন্তুজ সমবায় সমিতির দুরবস্থার চিত্র তুলে ধরেছেন—আমার যেটা জিজ্ঞাসা যে যেখানে এইরকম তাঁতশিল্প পশ্চিমবঙ্গের একটা অত্যন্ত উল্লেখযোগ্য যে তাঁতশিল্প কুটির শিল্প হিসাবে সেখানে এতদিনের একটা প্রতিষ্ঠান এগুলির এইরকম দুরবস্থা, অথচ রাজ্য সরকার বলছে যে তাদের বাজেট স্পিচে ক্ষুদ্র ও কুটির শিল্পে পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। আমার যেটা জিজ্ঞাসা যে, পশ্চিমবঙ্গে রেজিস্ট্রিকৃত ক্ষুদ্র কুটির শিল্পের সংখ্যাটা কত ? এবং তার মধ্যে এইরকম সমবায় সমিতির মতো কতগুলি প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে এবং তার আপ-টু-ডেট কোনো ডেটা আপনার আছে কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : এটা জানতে হল আপনাকে আলাদা করে নোটিশ দিতে হবে। এটা তন্তুজের সঙ্গে সম্পর্কযুক্ত নয়।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : তাঁতশিল্পের কতগুলি প্রতিষ্ঠান এটার সঙ্গে যুক্ত যেটা রেজিস্ট্রিকৃত এবং নোটিশ যার জন্য লাগবে না—এইরকম কতগুলি ছিল এবং এখন কতগুলি চালু আছে ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : আমি বলেছি যে, এখানে প্রাথমিক যে সমিতিগুলি যারা এখানে দ্রব্যাদি সরবরাহ করে সেটা ১৪ শত বেশি সংস্থা এই তন্তুজের সঙ্গে যুক্ত আছে। এর বাইরেও অনেক তাঁতশিল্পের সাথে যুক্ত আছে, সেটা কিন্তু তন্তুজের সাথে সম্পর্কযুক্ত নয় এবং তারা রেজিস্ট্রিকৃত নয়। আপনি যেটা বলেছেন যে লোকসানের অনেকগুলি কারণ আছে। ক্ষুদ্র কুটির শিল্পে লোকসানের ক্ষেত্রে যে অনেক কারণ আছে সেটা আমি একটু আগেই বলেছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন—তন্তুবায় সমিতি যেগুলি আছে এই তন্তুজের সঙ্গে জুট যুক্ত করে যে প্রোডাকশন হয় ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে তার চাহিদা প্রচুর। আপনার এই দপ্তর জুট এবং তন্তু একসঙ্গে ব্যবহার করে প্রোডাকশন কিভাবে হচ্ছে জানাবেন কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : আমি শুধু বলতে পারি যে গত বছরে আমাদের রাজ্য থেকে এই জুট মিশ্রিত তন্তু আমাদের যা আছে সেটার সমস্ত দ্রব্যাদি আমরা বিদেশে রপ্তানী করেছি। এটা আমাদের রাজ্যের ক্ষেত্রে একটা অত্যন্ত আশার দিক। যদিও আমি মনে করি না এটা আত্মসন্তুষ্টির বড় কারণ আছে, কিন্তু গত বছরেই আমরা কয়েক কোটি টাকার এইরকম বিদেশে রপ্তানী করতে পেরেছি। মাননীয় সদস্য যা বলেছেন এই ক্ষেত্রে আমাদের সম্ভাবনা খুব ভাল।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। পশ্চিমবঙ্গে সমবায় সমিতিগুলির যে লোকসানের কথা বলেছেন তার অনেকগুলি কারণ আপনি বলেছেন। তার মধ্যে একটা কারণ হচ্ছে বাজার। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন আজকের দিনে ক্ষুদ্র শিল্প হোক, মাঝারি শিল্প হোক বা বৃহৎ শিল্পই হোক অন্যান্য যে ম্যানেজমেন্ট-মার্কেটিং

ম্যানেজমেন্ট সব থেকে অত্যন্ত একটা গুরুত্বপূর্ণ দিক—বড় না হলেও একটা গুরুত্বপূর্ণ দিক। এই মার্কেটিং ম্যানেজমেন্ট না থাকলে সঠিকভাবে না চললে অনেক ইন্ডাস্ট্রি বন্ধ হয় যায়। সে কটেজ স্কেল ইন্ডাস্ট্রি বলুন, স্মল স্কেল ইন্ডাস্ট্রি বলুন, কি লার্জ স্কেল ইন্ডাস্ট্রিই বলুন—আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করছি যে, এই মার্কেটিং ম্যানেজমেন্টের ব্যাপারে—যে উৎপাদিত সামগ্রীকে প্রতিযোগিতার সামনে আসতে হচ্ছে আবার বাজার না করার জন্য বিক্রি করতে পারছে না। এইরকম নানান ঘটনা ঘটছে। এই ব্যাপারে আপনার দপ্তর নতুন কোনো চিন্তা-ভাবনা করছে কিনা যাতে এই উৎপাদিত সামগ্রী বাজারে সঠিকভাবে বিক্রি করার ব্যবস্থা করা যায়।

**শ্রী বংশগোপাল চৌধুরী** : আমাদের রাজ্যের তাঁতবস্ত্রের বাজারে কি পরিমাণ চাহিদা আছে তা সমীক্ষা করার জন্য গত বছর আমরা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টকে—আমেদাবাদ—দায়িত্ব দিয়েছি এবং সেই কাজ করার জন্য আমাদের সরকারের পক্ষ থেকে ওদের টাকাও দিয়েছি। আমাদের তাঁতবস্ত্রের কোথায় কি দুর্বলতা আছে, কি কি অসুবিধা দেখা দিচ্ছে তা ওরা ইতিমধ্যেই আমাদের চিহ্নিত করে দিয়েছে। এখন যে সব বেসরকারি সংস্থা তাঁতবস্ত্র বিদেশে রপ্তানী করছে তাদের সঙ্গে যোগসূত্র স্থাপন করে আমরা আমাদের রাজ্যের তাঁতবস্ত্র বিভিন্ন জায়গায় ডিসপ্লে করছি। দিল্লিতে আমরা পার্মানেন্টলি ডিসপ্লের ব্যবস্থা করেছি। এ রকম অনেকগুলো ব্যবস্থা নিয়েছি। লোকসানের অনেকগুলো কারণ আছে। আগে তন্তুজ যে জনতা শাড়ি বিক্রি করত, সেটা বর্তমানে কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিয়েছে। যার ফলে একটা বড় আঘাত নেমে এসেছে। বর্তমানে বাজার সম্প্রসারণের জন্য আমরা কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করেছি।

**শ্রী নির্মল দাস** : আমাদের উত্তরবঙ্গে তন্তুজের কিছু বিপণন কেন্দ্র আছে, সেগুলো যেভাবে সাপ্লাই পাওয়া দরকার সেভাবে পায় না। তপশিলি জাতি এবং আদিবাসী অধ্যুষিত এলাকায় কিছু সেল্‌ফ-হেল্‌ফ গ্রুপ গড়ে উঠেছে, তারা বিশেষত তাদের ট্রাডিশনাল ড্রেস উৎপাদন করে, কিন্তু বিপণনের বিশেষ কোনো ব্যবস্থা নেই। পূর্বের মন্ত্রী মহাশয় এ বিষয়ে কিছু চেষ্টা করেছিলেন। বর্তমানে আপনার দপ্তর থেকে ওদের প্রোমোট করার কোনো পরিকল্পনা আছে কি ? আপনি জানেন উত্তরবঙ্গে মুগা তসর উৎপাদন হয়। আলিপুরদুয়ারে আপনার দপ্তরের একটা কেন্দ্র আছে। সেই দপ্তরকে কেন্দ্র করে উত্তরবঙ্গের ওই সমস্ত উৎপাদকদের আর্থিক সহযোগিতা দেওয়ার জন্য কোনো পরিকল্পনা আপনার দপ্তর নিয়েছে কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : জলপাইগুড়ি জেলার বিশেষ করে আলিপুরদুয়ার এলাকায় মুগা-তসরের জন্য রাষ্ট্রীয় মুগা বিকাশ যোজনার কাজ শুরু হয়েছে। ওখানে আড়াইশো একর জমিতে মুগা চাষ হচ্ছে। এ বিষয়ে কয়েকটি স্বেচ্ছাসেবী সংস্থা উদ্যোগ গ্রহণ করেছে। তাদের মাধ্যমেই বিপণনের ব্যবস্থা করতে পারব।

**শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা** : তন্তুবায় সমবায় সমিতি গড়ার মধ্যে দিয়ে নদিয়া জেলার নবদ্বীপের আর্থিক পরিকাঠামো এক সময় গড়ে উঠেছিল। পরবর্তীকালে মন্ত্রী মহাশয়ের

নিশ্চয়ই স্মরণ আছে যে, আমি তাঁকে লিখিতভাবে জানিয়েছিলেন, সমবায় সমিতিগুলি ক্রমশ দুর্বল হয়ে বন্ধ হয়ে যাচ্ছে। তিনি আমাকে জানিয়েছিলেন, ২০৩টি সমিতির মধ্যে মাত্র ৫০টি চলছে। আমি তাঁকে আরো জানিয়েছিলাম যে, কেন্দ্রীয় সরকারের সহযোগিতার অর্থ নিয়ে ওখানে দুর্নীতি হচ্ছে বলেই জনতা শাড়ির স্কীম সম্পূর্ণ বন্ধ হয়ে গেছে। মন্ত্রী মহাশয় এক সময় আমাদের কথা দিয়েছিলেন যে, কোথাও দুর্নীতি হলে তিনি যথাযথ ব্যবস্থা নেবেন। অথচ আমরা দাবি করেছিলাম কেন্দ্রীয় সরকারের দীনদয়াল হাতকাতরা স্কীমে নবদ্বীপ অঞ্চলে বা ওই জোনে কারা কারা বিশেষ সুযোগ-সুবিধা পাচ্ছে তার একটা লিস্ট দেওয়া হোক। তাহলে বোঝা যাবে দীনদয়াল স্কীমের কাজ সঠিকভাবে চলছে কিনা। কিন্তু অত্যন্ত দুঃখর সঙ্গে বলতে হচ্ছে আমরা এ বিষয়ে হ্যান্ডলুম অফিসারের কাছে থেকে বা ডিপার্টমেন্ট থেকে কোনো উত্তর পাইনি। হ্যান্ডলুম অফিসার আমাকে ফোনে বলেন যে, 'আমাদের জানাবার কোনো নিয়ম নেই। লিখিতভাবে কিছু জানাতে পারব না'। এই পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকারের ওই স্কীমের সুযোগ-সুবিধার অপচয় হচ্ছে বলেই আমাদের মনে হচ্ছে।

[11.20 noon—11.30 a.m.]

সেগুলির যদি অপচয় হয়, যদি সুষ্ঠুভাবে পরিচালনা না হয় তাহলে রাজ্য সরকারই কি আর কেন্দ্রীয় সরকারই কি তাহলে ওই ক্ষুদ্র শিল্প, বিশেষ করে তাঁত শিল্পে সেখানে আর উন্নয়নের বার্তা পৌঁছে যাবে না। সেই কারণে দুর্নীতিমুক্ত করার জন্য যে পরিবেশ, পরিস্থিতি তৈরি করা দরকার, যে জয়েন্ট ইন্সপেকসানের ব্যাপার বা এগুনোর ব্যাপার, সেটার যদি ব্যবস্থা করেন তাহলে দীনদয়াল হাট্‌কাংকার স্কীম সঠিভাবে চলবে বলে আশা করি। আপনি সেই ব্যবস্থা আগামীদিনে নেবেন কি ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : নদিয়া জেলার দু-একটি সমবায়ের ক্ষেত্রে তদন্ত চলছে। ইতিমধ্যেই তদন্তের জন্য ব্যবস্থা করেছি আর আপনি যেটা জানতে চাইছেন সেই ব্যাপারে নির্দিষ্ট জেলাস্তরে যে কমিটি আছে সেই কমিটির স্তরেই জানতে পারবেন।

**শ্রী অনাদি সাহু** : গণবন্টন ব্যবস্থার মাধ্যমে তন্তুজাত এবং শিল্পজাত সামগ্রী জনগণের মধ্যে পৌঁছে দেবার একটা পরিকল্পনার কথা শুনেছিলাম। রাজ্য সরকারের পক্ষ থেকে এই ব্যাপারে কি উদ্যোগ গ্রহণ করা হয়েছে ?

**শ্রী বংশগোপাল চৌধুরী** : না, এখনো পর্যন্ত এইরকম কোনো উদ্যোগ নেওয়া হয়নি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় মন্ত্রিমহাশয় অনেক আশা এবং নিরাশার কথা বললেন এবং তিনি একথাও বললেন, ২৬ বছর পর একটা কমিটি নিয়োগ করেছেন, আমেদাবাদের একটি সংস্থাকে নিয়োগ করেছেন যারা মার্কেটিং সম্বন্ধে বিচার-বিশ্লেষণ করে কিভাবে তন্তুজাত সামগ্রী মার্কেটিং করা যায়, বিদেশে পাঠানো যায়, সেই ব্যাপারে রিপোর্ট দেবেন এবং তিনি একথাও বললেন, তন্তুজ এবং তন্তুশ্রী দুর্বল হয়ে পড়েছে। এখন নিরুপমবাবু এবং আপনি যা বলছেন তাতে ভি.আর.এস এবং কিছু কর্মী কমাবার ব্যবস্থা করতে হবে তন্তুজ এবং তন্তুশ্রীকে ভায়াবেল করার জন্য। এটাই আপনাদের বিকল্প পথ। আমরা দেখতে পাচ্ছি, একই সঙ্গে নিরুপমবাবু কোম্পানী বন্ধ করছেন, ভি.আর.এস দিচ্ছেন আর জয়েন্ট ভেঞ্চারে যাচ্ছেন, তেমনি আপনিও ভি.আর.এস দিচ্ছেন এবং জয়েন্ট ভেঞ্চারে যাচ্ছেন। বিকল্প পথ কি

তা বুঝতে পারছি না—কি রাজ্য সরকারের, কি কেন্দ্রীয় সরকারের। তন্তুজ এবং তন্তুশ্রীর কাছ থেকে কো-অপারেটিভগুলির কত টাকা পাওনা ?

**শ্রী বংশগোপাল চৌধুরী :** শোভনদেববাবু, ভি.আর.এস ইত্যাদির ব্যাপারে যে কথা বললেন সেই প্রসঙ্গে আমি বলতে চাই, কোনো লাভজনক তেলের সংস্থাকে কেন্দ্রীয় সরকার যেভাবে নির্বিচারে বিক্রি করছেন সেইরকম কোনো লাভজনক সংস্থাকে বিক্রির পক্ষে আমরা কখনওই নই, আমাদের বিকল্প পথ সেটাই। আপনি যে প্রশ্নটা করেছেন কত টাকা বাকি আছে সেই সম্পর্কে বলছি, বিভিন্ন প্রাথমিক সমবায় সমিতিগুলি যে টাকা তন্তুজের কাছে পাওনা আছে বর্তমানে তার পরিমাণ হচ্ছে ৩ কোটি টাকার কিছু বেশি এবং আমরা তা ধীরে ধীরে কিছু দেবার ব্যবস্থা করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** যেসব তন্তুগুলি সমবায়ের মধ্যে আছে, নানা কারণে সেইসব টাকা-পয়সা সমবায় মেটাতে পারবে না বলে সেইসব তন্তুগুলির শ্রমিকদের অবস্থা খুবই খারাপ পর্যায়ে চলে গেছে। এখন সরকার থেকে সমবায়ের মাধ্যমে টাকা মেটাবার ব্যবস্থা করবেন কি যাতে তন্তুগুলি পুনরায় কাজ করতে পারে ?

**শ্রী বংশগোপাল চৌধুরী :** আমরা ধীরে ধীরে টাকা পরিশোধ করার চেষ্টা করছি এবং যতটা সম্ভব পুরোনো যাদের বাকি আছে তাদের কিছুটা অংশ শোধ করা হয়েছে। তবে এটা ঠিকই, যে পরিমাণ টাকা বকেয়া আছে, সেটা দেওয়া সম্ভব হচ্ছে না। যতটা পারা যায় ততটা আমরা মিটিয়ে দেবার চেষ্টা করছি।

**শ্রী অশোক কুমার দেব :** মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, এই সরকার কখনো তো লাভের অঙ্ক দেখেন না। আপনি বলেছেন যে, তন্তুবায় সমবায় সমিতিগুলোর প্রচণ্ড ক্ষতি হয়েছে, অবস্থা খুবই সংকটজনক। ২০০২-২০০৩ সালে যে টাকা লস হয়েছিল, ২০০৩-২০০৪ সালের এপ্রিল পর্যন্ত তার চাইতে বেশি লস হয়েছে। তাকে রিভাইভ করার উপায় কি ; এবং যারা কাজ করছে, তাদের সংখ্যা কত, কতজন জড়িত আছে ? আর ৬ নম্বরে আপনি বলেছেন, কেন্দ্রীয় দপ্তর এবং রাজ্য দপ্তরের অনেক সংস্থায় বাকি আছে। টাকার অভাবের জন্য তারা কাজ করতে পারছে না। সেই টাকা আদায়ের জন্য আপনি কোনো ব্যবস্থা নিচ্ছেন কিনা ; এবং টাকা যদি মিটিয়ে দেওয়া হয়, তাহলে কি সমস্যার সমাধান হয়ে যাবে বলে আপনি মনে করেছেন ?

**শ্রী বংশগোপাল চৌধুরী :** যে টাকা কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের সংস্থাগুলোর কাছে বাকি আছে তা পেলে সমাধান হবে তা নয়। লাভজনক জায়গায় নিয়ে যাবার জন্য রিস্ট্রাকচারিং করতে হবে। রিস্ট্রাকচারিং ছাড়া ঠিক জায়গায় নিয়ে যাওয়া সম্ভব নয়। যে টাকা বেতন দিতে হচ্ছে এবং যে টাকা আমরা আয় করছি, তার মধ্যে একটা বড় ফারাক থেকে যাচ্ছে।

## বেসরকারি হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানে দরিদ্র মানুষদের বিনা খরচে স্বাস্থ্য পরিষেবা বিষয়ক আইন প্রণয়নের পরিকল্পনা

*৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪) **শ্রী শুভেন্দু চৌধুরী :** স্বাস্থ্য ও পরিবেবা কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

[ 17 March, 2004 ]

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার বেসরকারি হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলিকে বিনা খরচে দারিদ্রসীমার নীচে বসবাসকারী মানুষদের স্বাস্থ্য পরিষেবা দিতে বাধ্য করে আইন তৈরির কথা বিবেচনা করছেন এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ এই আইন তৈরি হতে পারে বলে আশা করা যায় ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী শুভেন্দু চৌধুরী :** বর্তমানে যে সমস্ত বেসরকারি হাসপাতাল বা স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলো আছে, তারা দরিদ্র মানুষের জন্য কতটুকু করে, সেই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি।

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** বর্তমানে আমাদের যে ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট অ্যাক্ট রয়েছে এবং গত বছর, অর্থাৎ ২০০৩ সালের জুলাই মাসের ১৪ তারিখে তার ওপরে যে বিধি সর্বশেষ কলকাতা গেজেটে প্রকাশিত হয়েছে তাতে আছে যে, আমাদের যে সমস্ত ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট—প্রাইভেট ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট যন্ত্রপাতি যা প্রোকিওর করেছে, কাস্টমস ডিউটি একজেম্পশান সার্টিফিকেট, সেন্ট্রাল গভর্নমেন্টের যে রকম নিয়ম আছে, সেই কাস্টমস ডিউটি একজেম্পশান সার্টিফিকেটে তার বহির্বিভাগে ৪০ শতাংশ এবং ইন্ডোরে ১০ শতাংশ টাকা ভর্তির সময়ে ফ্রি দেওয়ার কথা আছে। এছাড়া আমাদের কয়েকটি ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট, সেগুলো মূলত স্বেচ্ছাসেবী সংস্থা, ট্রাস্ট ইত্যাদি তারা ঠিক লাভজনক উদ্দেশ্যে হাসপাতাল পরিচালনা করেন, এই রকম না। তাদের কাছে দরখাস্ত জমা দেবার সময়ে যে অ্যাপ্লিকেশন ফি এবং রেজিস্ট্রেশন ফি জমা দিতে হয়, সেটা আমরা নিই না। সেইসব ক্ষেত্রে ২০ পার্সেন্ট আউটডোরে এবং দশ শতাংশ ফি বাবদ ইন্ডোরে দেবার কথা এই রুলে বলা হয়েছে।

**শ্রী শুভেন্দু চৌধুরী :** বর্তমানে পশ্চিমবঙ্গে এই রকম কতগুলো হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠান আছে ?

[11.30 noon—11.40 a.m.]

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** পশ্চিমবঙ্গে এখনো যে নিবন্ধীকৃত নার্সিংহোম আছে তার সংখ্যা হচ্ছে ১৩৪৬, হাসপাতালের সংখ্যা ১০২, আর ডায়গনেসটিক ক্লিনিক অ্যান্ড প্যাথোলজিক্যাল ল্যাবরেটরির সংখ্যা ১৫.৪।

**শ্রী শুভেন্দু চৌধুরী :** বিভিন্ন জায়গায় ব্যাঙের ছাতার মতো নার্সিংহোম আছে, এদের লাইসেন্স পাওয়ার জন্য কি কি ক্রাইটেরিয়া ফুলফিল করতে হয় ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট অ্যাক্ট এবং রুল অনুযায়ী প্রভিশান কি কি সেটা পূরণ করতে হয়, কত স্পেশ লাগবে, কত পরিমাণ জায়গা, কি কি স্টাফ

এবং কি কি ইক্যুপমেন্টস লাগবে সব জানাতে হয়। সংশ্লিষ্ট বিষয় বিশদ বিবরণের জন্য মাননীয় সদস্যকে অনুরোধ করতে পারি যে তিনি ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট অ্যাক্টের প্রভিশনগুলো দেখে নিতে পারেন।

**শ্রী শুভেন্দু চৌধুরী** : যে বিধিনিষেধগুলো আছে সেটা যদি কেউ ভায়োলেট করে তাহলে তার এগেনস্টে কি কি অ্যাকশন নেওয়া হয়েছে বা হচ্ছে ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** : একদিকে তার রেজিস্ট্রেশন বাতিল করা যায়, তাকে আবার লাইসেন্স রিনিউ না করা এইরকম কিছু করা যায়। মাঝে মাঝেই এইরকম হয়নি তা নয়। কোথাও যদি এইরকম হয় যে রিনিউ করেনি তাও চালাচ্ছে তাহলে পুলিশ তাদের গ্রেপ্তার করতে পারে। সেদিনই তো হাওড়াতে এইরকম ৫টি কেস ধরা পড়েছে। জেলাভিত্তিক তথ্য আছে, কোন জেলায় কত কি ব্যাপার ইত্যাদি আছে।

**শ্রী আব্দুল মান্নান** : মাননীয় মন্ত্রীকে মূল প্রশ্ন যেটি ছিল সেটি হচ্ছে রাজ্য সরকার বেসরকারি হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলিকে বিনা খরচে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষদের স্বাস্থ্য পরিষেবা দিতে বাধ্য করে আইন তৈরির কথা বিবেচনা করছেন কিনা— আপনি ওই প্রশ্নের উত্তরে বললেন না। মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, সরকারী যে হাসপাতালগুলো আছে, রাজ্যর সরকারী হাসপাতাল, সেই হাসপাতালে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী লোকেদের চিকিৎসার একটা সুযোগ আছে। তাতে নির্ধারিত কিছু ব্যক্তি, পারসোনালিটি, এম এল এ, এম পি বা পঞ্চায়েত প্রধান বা মিউনিসিপ্যালিটির যিনি আছেন—তিনি যদি সার্টিফিকেট দেন যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী লোকটি তাঁর এলাকার তাহলে ওই সার্টিফিকেটে কনসেশান দেওয়া হয় এবং চিকিৎসার ব্যবস্থা হয়। কিন্তু সম্প্রতি একটি নির্দেশ দিয়েছেন যে, কোনো রোগী যদি ইমার্জেন্সির প্রয়োজনে পেয়িং বেডে ভর্তি হয়, তাহলে পরবর্তীকালে তাকে আর ফ্রি বেডে ভর্তি করার কোনো স্কোপ থাকবে না। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি একটি রোগী যখন ভর্তি হচ্ছে অ্যাকসিডেন্ট নিয়ে, ভর্তি হচ্ছে ইমার্জেন্সিতে, তার পক্ষে সার্টিফিকেট নিয়ে আসা সম্ভব নয়। নির্দিষ্ট ব্যক্তির কাছ থেকে ইনকাম সার্টিফিকেট নিয়ে আসা সম্ভব হচ্ছে না এবং তার ফলে প্রয়োজনে ভর্তি হওয়া সত্ত্বেও আবার ফ্রি বেডে ট্রান্সফার করার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। সুতরাং, এই যে নির্দেশ দিয়েছেন এটা তোলার কোনো ব্যবস্থা নেবেন কি ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** : ইমার্জেন্সিতে কোনো পেশেন্ট এলে অ্যাকসিডেন্ট কেস নিয়ে এলে বা অচৈতন্য অবস্থায় স্ট্রোক হয়েছে এইরকম কোনো পেশেন্ট পেয়িং বেডে ভর্তি হলে পরবর্তীকালে তাকে ফ্রি বেড করে দেওয়া হয়নি এইরকম নয়। আদেশনামায় বলাই আছে ৩ দিন পর্যন্ত আটকে রাখা যাবে এবং তার মধ্যে সার্টিফিকেট এনে দিতে হবে। কিন্তু এটা ঠিক যে, একবার পেয়িং বেডে ভর্তি, হয় তারপরে অন্য কোনো ফ্রি বেডে ভর্তি হতে চায় তাহলে হবে না। কারণ পেয়িং বেড তো ইয়ার মার্ক করতে বলা হয়েছে। পার্সেন্টি পেয়িং বেড থাকার কথা, কোন কোন বেড পেয়িং বেড সেটা ইয়ার মার্ক করতে বলা হয়েছে এই কারণে, তারা কিছু সুবিধা পাবে। আর পেয়িং বেডকে যদি ফ্রি বেড করা হয় তাহলে অডিট তো ধরবে।

**শ্রী আব্দুল মান্নান :** অনেক রোগী ভর্তি হয় তখন ফ্রি বেড না পেয়ে পেয়িং বেডে ভর্তি হচ্ছে, অথচ তার পক্ষে পেয়িং বেডের টাকা দেওয়ার ক্ষমতা নেই। তখন ফ্রি বেড অ্যাভেলেবেল না হওয়াতে বাধ্য হয়ে পেয়িং বেডে ভর্তি করে নিচ্ছে। কিন্তু পরবর্তী ক্ষেত্রে ফ্রি বেড খালি হলে তাতে যাওয়ার সুযোগ থেকে তাঁকে বঞ্চিত করা হচ্ছে। এটা অমানবিক। কোনো রোগী পেয়িং বেডে ভর্তি হলেন স্বেচ্ছায়, ফ্রি বেড না পাওয়ার জন্য বাধ্য হয়েছেন ভর্তি হতে, কিন্তু পরবর্তীকালে যদি সুযোগ থাকে ফ্রি বেডে যাওয়ার, সেখানে তাকে যদি সেই সুযোগটা না দেওয়া হয় তাহলে এই যে বঞ্চনার শিকার হচ্ছে এই ব্যাপারে কোনো ব্যবস্থা নেবেন কিনা ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** বেড না থাকলে আমার তো সমস্যা হয়। সেটা আপনারাও বুঝতে পারেন, তাও আমরা চেষ্টা করি। এখন ফ্রি বেডে যদি জায়গা না থাকে, আপনারা দেখেন কাগজে ফ্লোরে পেশেন্ট রাখবার চেষ্টা করি, সাধ্যমতো রাখবার চেষ্টা করি, কিন্তু বেড না থাকলে কি করবো।

**শ্রী নির্মল দাস :** স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের বিরোধী দলের বন্ধুরা আপনার স্বাস্থ্য দপ্তরকে খুব তুলোধনা করে। এখানে যে সমস্ত জায়গাতে মাল্টি ন্যাশনাল কোম্পানী আছে এবং বেনামেতে আছে নানা রকম, এখানে অনেকে দক্ষিণ ভারতে যেতেন, এখন দক্ষিণ ভারতের ইন্সস্টিটিউশন ইদানীংকালে কলকাতায় দেখা যাচ্ছে, যেমন অ্যাপোলো থেকে শুরু করে নানা রকমের আছে, সেখানে যে চিকিৎসা মানুষকে দেওয়া হয় তাদেরকে যেভাবে অর্থনৈতিকভাবে ক্রাইজ করা হয়, আমাদের একজন পেশেন্ট ট্রেড ইউনিয়ন নেতা রানা সেন তাঁর জরুরি অস্ত্রোপচারের জন্য নিয়ে যাওয়া হয়েছিল, সেখানে ১ লক্ষ টাকার বিল ধরিয়ে দেওয়া হয়, তিনি মাত্র ৫ দিন সেখানে ছিলেন। এই রকম বহু বেসরকারী নার্সিংহোম শিলিগুড়িতে হয়েছে, সেইগুলি সাংঘাতিক। এখন এই সমস্ত বেসরকারী সংস্থাকে যখন লাইসেন্স দেওয়া হচ্ছে, কিন্তু তাদের যে দায়ভার সাধারণ মানুষের কাছে, কমিটমেন্ট টু দি জেনারেল পিপ্‌ল, নিদেনপক্ষে ১০ শতাংশ, ১৫ শতাংশ, ২০ শতাংশ সাধারণ মানুষকে যদি ছাড়ের সুযোগ দেন, যারা সরকারী চিকিৎসার বাইরে যেতে বাধ্য হন সেই ব্যাপারে কিছু চিন্তা-ভাবনা করছেন কিনা বলবেন কি ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** এখানে আমাদের তো ফিজ বেঁধে দেওয়ার ক্ষমতা সংবিধানে দেয়নি। সেটা আমরা করতে পারি না। কিন্তু যেটা আমরা করি, যাদের কাস্টমস ডিউটি একজেম্পশান হয় যন্ত্রপাতি কেনার সময়, তখন তাদের সাথে আমরা একটা শর্ত করি, ফট্টি পারসেন্ট আউটডোর পেশেন্ট এবং টেন পারসেন্ট ইন্ডোর পেশেন্টকে আপনারা ফ্রি দেখবেন। গরীব লোকের জন্য, এই রকম একটা আদেশনামা আছে আমাদের। যে সমস্ত হাসপাতাল আমাদের কাছ থেকে এই রকম সুযোগ নেয়, মূলত যেগুলি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান, ট্রাস্টি ইত্যাদি পরিচালনা করেন, ধর্মীয় ট্রাস্টি তারা তো লাভের উদ্দেশ্যে করেন না, তারা আমাদের কাছে যখন দরখাস্ত করেন তাদের কাছ থেকে আমরা ফিজ নিই না। ফিজ

একজেমশান যখন করি তাদের সাথে একটা ব্যবস্থা করি এই রকম ব্যবস্থা আছে, থার্টি পারসেন্ট আউটডোর পেশেন্ট এবং ১৫ শতাংশ ইন্ডোর পেশেন্ট গরীব লোকেদের দেখবেন। কিন্তু যারা কর্পোরেট হাসপাতাল ব্যবসার জন্য করছেন, এমনিতেই ব্যবসা-বাণিজ্যর উদ্দেশ্যে তারা হাসপাতাল করছেন তাদের ফিজ বেঁধে দিতে পারি না। কিন্তু আমরা এমনিতে বলি ওদের সঙ্গে বারবার বৈঠক করে বলেছি, আপনারা যে ফিজ নিন না কেন সেটা যেন স্বচ্ছ হয়। ট্রান্সপারেন্ট হয়। এর একটা তালিকাও টাঙিয়ে রাখতে হয়। আমাদের কাছে তারা যখন লাইসেন্সের জন্য দরখাস্ত করেন সেখানেও চার্ট দিতে হবে। সেটা কোন রোগের কি চিকিৎসার কি খরচ হবে সেটা দিতে হবে। অপারেশনের সময় বলা যায়, যেমন ধরুন একটা গল ব্লাডার অপারেশনের জন্য কি খরচ হবে সেটা লিখে দিন। কিন্তু জটিল রোগের ক্ষেত্রে সেটা বলা যায় না কি খরচ হবে। সেই জন্য ওটা বেঁধে দেওয়া যায় না। সেই জন্য আমরা বলেছি, স্বচ্ছভাবে যেন হয়, সেটা দেখবেন। আর একটা ওরা করেছেন, নিজে থেকে আলাপ-আলোচনা করে, অ্যাসোসিয়েশান অফ হসপিটালস ইন ইস্টার্ন ইন্ডিয়া, এখানকার একটা বড় সংগঠনও আছে হাসপাতালগুলির।

[11.40—11.50 a.m.]

তারা নিজেদের মধ্যে আলাপ-আলোচনার পরে নিজেরাই ঘোষণা করেছেন সরকারী রেটেই তারা ইনভেস্টিগেশান করবেন। তবে ওদের কিছু কিছু রেট সরকারী রেটের চাইতে একটু বেশি আছে। সরকারী হাসপাতালের আউট পেশেন্ট ডিপার্টমন্টের টিকিট নিয়ে ওদের অ্যাসোসিয়েশনের যেসব হাসপাতাল আছে সেখানে গেলে ওরা সরকারী রেটে ইনভেস্টিগেশন করে দেবেন। তবে সব রেটগুলি এক নয়, কিছু উনিশ, বিশ আছে। তবে এই ব্যাপারে আমরা কোনো আদেশনামা বার করিনি, ওরাই একতরফাভাবে ছাড় ঘোষণা করেছেন।

**শ্রীমতী মঞ্জু বসু** : স্যার, আমাদের দেশে যে সমস্ত মারণ রোগ আছে তার মধ্যে ক্যানসার রোগ অন্যতম। এই রোগের চিকিৎসার জন্য প্রচুর খরচ হয়, সে ধনীই হোক বা গরীবই হোক এবং চিকিৎসা করতে গিয়ে তারা ধনেপ্রাণে শেষ হয়ে যায়। কারণ এই রোগের চিকিৎসা খুবই ব্যয়বহুল। এই রোগের একটা চিকিৎসা পদ্ধতি হচ্ছে কেমোথেরাপি। এই কেমোথেরাপি করতে গেলে তিন, চার হাজার টাকা করে খরচ পড়ে। যারা বিলো পভার্টি লেভেলের মানুষ, তাদেরকে আমরা বিধায়করা সার্টিফাই করলে সরকারী হাসপাতালে তাদের কিছু সুবিধা দেওয়া হয়ে থাকে। আমার কাছে কয়েকটি উদাহরণ আছে, আমরা সার্টিফাই করা সত্ত্বেও তাদের হাসপাতালের দরজা থেকে ফেরত আসতে হয়েছে। এটা সাধারণ মানুষের উপরে অবিচার করা হচ্ছে এবং সঙ্গে সঙ্গে বিধায়কদেরও অবমাননা করা হচ্ছে। এই বিষয়টা আপনার দৃষ্টিগোচর করতে চাই। আর বিলো পভার্টি লেভেলের নীচের লোকদের কেন সুযোগ দেওয়া হবে না সেটা জানতে চাই।

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** : ক্যানসার রোগে রেডিও থেরাপি আমাদের সরকারী হাসপাতালে বিনা পয়সায় করা হয়। কিন্তু কেমোথেরাপি আমাদের নেই এবং ভারতবর্ষের

সরকারী হাসপাতালে কোথাও নেই। কারণ এটা খুবই ব্যয়বহুল। এত খরচ আমরা কোথা থেকে বহন করব।

**ডাঃ রত্না দে (নাগ)** : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জানতে চাই, এই রাজ্যে কত শতাংশ মানুষ সরকারী হাসপাতালে এবং বেসরকারী হাসপাতালে চিকিৎসার জন্য যান ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** : এই তথ্যটা দেওয়া একটু মুশকিল, সূত্র ধরে আমাকে তথ্য বলতে হবে। এন.সি.এ.ই.আর ২০০০ সালে যে তথ্য বার করেছে অক্সফোর্ড প্রেস থেকে তার রিপোর্ট অনুসারে আমি বলছি, পশ্চিমবাংলায় ইনপেশেন্ট যারা ভর্তি হয়, পাবলিক হাসপাতালে, অর্থাৎ সরকারী হাসপাতালে ৮০.৬ শতাংশ, আর প্রাইভেট হাসপাতালে হয় ১৯.৪ শতাংশ। যদি সারা ভারতবর্ষের হিসাবটা দেখেন, এটা পাবলিক হাসপাতালে অর্থাৎ সরকারী হাসপাতালে হচ্ছে ৫০.৪ শতাংশ এবং বেসরকারী হাসপাতালে হচ্ছে ৪৯.৬ শতাংশ।

**শ্রী আবু হাসনাৎ খান** : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বিভিন্ন হাসপাতালে যে অপারেশন হয়, রক্ত পরীক্ষা হয় এবং আরও যেসব রেডিওলজিক্যাল পরীক্ষা হয়, এর চার্জটা আইন করে বা নিয়ম করে বেঁধে দেওয়া যায় কি ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** : চার্জটা আমরা বেঁধে দিতে পারি না। যারা বিশেষজ্ঞ, যারা আইন বিশেষজ্ঞ, যারা সংবিধান বিশেষজ্ঞ সবার সঙ্গেই এই ব্যাপারে আমরা পরামর্শ করেছি। এই ব্যাপারে এক্সপার্ট কমিটির সুপারিশ বা রিপোর্টও আমরা পেয়েছি। লিগালি এটা আমরা করতে পারি না, করতে হলে এটা কেন্দ্রীয় সরকারকেই করতে হবে।

আমাদের রাজ্যের এক্তিয়ারে আসে না। সংবিধানের ১৯ নম্বর ধারায় ফান্ডামেন্টাল রাইটস প্রফেশন ইত্যাদি অন্তর্ভুক্ত। ১৪ নম্বর ধারা আছে সেখানে ডিসক্রিমিনেট করা যায় না একই রকম প্রফেসনে। সেজন্য বেঁধে দেওয়াটা খুব মুশকিল। আমরা যেটা বলেছি কত নেবেন সেই তালিকা দেন, তালিকা ডিসপ্লে করা হবে। লোকে বিচার করে নেবে কোনটা তারা করতে পারবে। তালিকা জমা থাকবে। তার ব্যতিক্রম হলে সেটা আমরা ধরতে পারি। এখানকার বড় হাসপাতালগুলো স্বেচ্ছায় বেশির ভাগ সরকারী রেটে কিছু কিছু সরকারী রেটের কাছাকাছি আউট পেশেন্ট সরকারী রেটে, সরকারী রেট বাজার দরের থেকে ৩ ভাগের এক ভাগ বা ৪০ শতাংশ, সেই রেটে ইনভেস্টিগেশনগুলো তারা করে দেবেন এটা তারা ঘোষণা করেছেন।

**শ্রী তাপস পাল** : স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে আমাদের চলচ্চিত্র এবং যাত্রাশিল্পে দুস্থ টেকনিশিয়ানদের জন্য যারা সব সময়ে বেসরকারী জায়গায় যেতে পারে না তাদের জন্য কিছু করার কথা ভেবেছেন কি এবং তাদের জন্য মোবাইল কিছু করা যায় কিনা ?

**শ্রী সূর্য্যকান্ত মিশ্র** : শুধু চলচ্চিত্র বা যাত্রাশিল্প নয়, নানা শিল্পে যুক্ত মানুষ যাঁদের প্রাইভেট চিকিৎসা করার ক্ষমতা নেই সেই ক্ষেত্রে আমরা অর্ডার করে তাঁদের ফ্রি চিকিৎসার ব্যবস্থা করে দিয়েছি, কেবিনও দিয়েছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চ্যাটার্জী** : আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে আমরা বিধায়ক এবং সাংসদরা ইনডিজেন্স সার্টিফিকেট দিলে বিভিন্ন সরকারী হাসপাতালে বিনা পয়সায় চিকিৎসার ব্যবস্থা আপনার দপ্তর করে থাকে। কলকাতার এস.এস.কে.এম হাসপাতালে এই ধরনের কোনো জায়গা পাওয়া যাচ্ছে না। এই ধরনের ব্যবস্থা সেখানে চালু করার জন্য কিছু ভাবনা-চিন্তা করেছেন কি ?

**শ্রী সূর্য্যকান্ত মিশ্র** : এস.এস.কে.এম হাসপাতালে পাওয়া যাচ্ছে কিন্তু সেখানে ফ্রি বেড কম। মেডিকেল কলেজ হাসপাতালগুলোতে যা বেড আছে তার ৩০ শতাংশ পেয়িং বেড আর ৭০ শতাংশ ফ্রি বেড। এটা সব হাসপাতালে কিন্তু এস.এস.কে.এম হাসপাতালে ফ্রি বেড কম আছে। আমি শুধু বিনীতভাবে আপনাদের কাছে অনুরোধ করব পি.জি-তে যতটা পারেন কম পাঠান। কারণ এখানে চাপ খুব বেশি। ওখানে একটা রিপেয়ার হচ্ছে তার জন্য সাড়ে তিনশোর মতো বেড কাজ করছে না। এখন যতক্ষণ না রিপেয়ার হচ্ছে এই চাপ সামলানো যাবে না। আর যে রোগের চিকিৎসা পি.জি ছাড়া হবে না, সেই রোগীকেই পি.জি-তে পাঠান এই অনুরোধ আমি আপনাদের কাছে রাখছি।

**শ্রী অনাদি সাহু** : মাননীয় মন্ত্রীর কাছে আমি বলছি যে আমাদের অনেকগুলো হাসপাতালে স্ক্যান বসানো হয়েছে এবং সেখানে কিছু কিছু কনসেশনও দেওয়া হয়েছে। এম.আর.আই-ও শুরু হয়েছে, তবে সেখানে এখনও পর্যন্ত কোনো কনসেশন দেওয়ার ব্যবস্থা সম্ভবত চালু করা যায়নি। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী কিছু ভেবেছেন কি ?

**শ্রী সূর্য্যকান্ত মিশ্র** : এম.আর.আই যেটা চালু হয়েছে মেডিকেল কলেজে আছে, পি.জি-তে আছে, বি.এন.আই-তে আছে, কিন্তু ইন্টারপ্রেটেশনের কিছু গোলমাল আছে। আমাদের কাছে যা এসেছে আমরা অর্ডার করে দিয়েছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে সরকারী হাসপাতাল দারিদ্র্যসীমার নীচে মানুষদের বিনা পয়সার জন্য যে প্রভিশন আছে।

[11.50—12.00 noon]

আমি জানতে চাইছি বর্তমানে যে প্রভিশান আছে সেই প্রভিশান রক্ষা করা যাচ্ছে না। কারণ হাসপাতালে ফ্রি বেড থাকলেও সেখানে চার্টের যে ওষুধ সেগুলি কিনতে পাওয়া যাচ্ছে না। যদিও আপনি বলেছেন বা সরকার দাবি করছে ৭০ ভাগ মানুষ সরকারী স্বাস্থ্য পরিষেবার আওতায়। কিন্তু নোবেল পুরস্কারপ্রাপ্ত অমর্ত্য সেন তার প্রতীচী ট্রাস্ট একটা সমীক্ষা করে বলেছে ঠিক উল্টো যে ৭০ ভাগ মানুষ বেসরকারী স্বাস্থ্য পরিষেবা পাচ্ছে, সরকারী হাসপাতালের পরিষেবা খুব ভালো নয়। এটা শুধু অমর্ত্য সেনই নয়, আপনাদের Financial and Economic Plan for Health Sector for West Bengal অত্যন্ত ভয়াবহ এবং উদ্বেগজনক রিপোর্ট, বিশেষজ্ঞরা যেখানে বলছেন আপনাদের স্বাস্থ্য খাতের বাজেট দিনের পর দিন কমে যাচ্ছে সেখানে এসেনশিয়াল ড্রাগসগুলি সাপ্লাই করা যাচ্ছে না। এই রকম একটা উদ্বেগজনক পরিস্থিতি চলছে। সরকারকে নতুন করে কর

বসাতে হবে। আমার জিজ্ঞাস্য এই রকম একটা পরিস্থিতিতে ফ্রি বেড থাকলেও এবং আপনারা দাবি করছেন স্বাস্থ্য পরিষেবা বলে একটা তথ্য বেরিয়েছে তাতে বলেছে পশ্চিমবাংলার স্বাস্থ্য পরিষেবা শুধু ভারতবর্ষের মধ্যেই নয়, গোটা বিশ্বের মধ্যে উল্লেখযোগ্য। এমন উল্লেখযোগ্য যে সেখানে মৃত্যুর মিছিল চলছে। এই অবস্থায় স্বাস্থ্য বাজেট কমে যাচ্ছে। তাই বলছি এই এসেনশিয়াল ড্রাগ দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা করছেন ?

**মিঃ স্পীকার** : হোয়াট ইজ ইয়োর কোশ্চেন ?

**শ্রী দেবপ্রসাদ সরকার** : আজকে সরকারী স্বাস্থ্য পরিষেবায় বিনা পয়সায় চিকিৎসার সুযোগ আছে, কিন্তু অর্থাভাবে সেই সুযোগ পাচ্ছে না, এর জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** : স্যার, উনি অনেক কথা বলেছেন, সব কথায় যাওয়া সম্ভব নয়, সময় পেলে বলা যেতে পারে, আমি শুধু বলছি উনি প্রতীচী ট্রাস্ট্রের যে রিপোর্ট-এর কথা উল্লেখ করেছেন সেটা পশ্চিমবাংলা এবং ঝাড়খণ্ডের কিছু এলাকার নমুনা নিয়ে রিপোর্ট প্রকাশিত হয়েছে এবং এটা আমার কাছেও আছে। আপনি যেটা বললেন বেশির ভাগ লোকের জন্য প্রাইভেট ছাড়া কোনো উপায় নেই, এটা ঠিক নয়। দুটি রাজ্যের ব্যাপারে তুলনামূলক চিত্র দেখবেন, আমাদেরটা ভালো। আপনি ভালো করে দেখবেন আমাদের পশ্চিমবাংলাটা ভালো। এটা ঠিক হাসপাতালে যেগুলি অত্যাবশ্যক ওষুধ আছে তার বাইরে কেউ লিখলে সেটা পাওয়া যায় না। অবশ্যই ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন তারা প্রাইমারী, সেকেন্ডারী এবং টার্শিয়ারী কেয়ারের জন্য যে তালিকা ঠিক করে দিয়েছেন বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে সেই তালিকা অনুযায়ী ওষুধ সরবরাহ করি কিন্তু তার বাইরে যদি কেউ কিছু লেখেন, সেটা আমরা দিতে পারি না, এটা ঠিক তখন তাকে বাইরে থেকে কিনতে হয়।

(**শ্রী সৌগত রায়** : ডাক্তাররা ইচ্ছে করে তার বাইরে ওষুধ লেখেন এবং ওষুধের কোম্পানীর সাথে তাঁদের অ্যাডজাস্টমেন্ট থাকে।)

আমরা সব ডাক্তারকে বলতে পারবো না, তবে আমাদের সরকারী ডাক্তারদের বলি আপনারা ওষুধের নামে লিস্ট টাঙিয়ে দেবেন। আমি গিয়ে দেখেছি ওষুধের নামের লিস্ট টাঙানো হয়। আমরা টাস্ক ফোর্স করেছি, বিধায়করা সেখানে সদস্য আছেন, তাই আপনারাও দেখবেন কি কি ওষুধ অ্যাভেলেভেল এবং তার তালিকা টাঙানো হয় কি না। যা পাওয়া যায় তার তালিকা টাঙানো আছে, না পাওয়া গেলে বলবেন। আমরা বছরে ১৫০ কোটি টাকার ওষুধ সরবাহ করি। আপনি প্রতীচী ট্রাস্টের রিপোর্টে দেখবেন সেখানে এক পয়সারও ওষুধ সরবরাহ করা হয় না। সেই দিক থেকে আমাদের একটু ভালো আছি। কিন্তু এটা ঠিক, স্বাস্থ্য পরিষেবার খরচ কমেছে উন্নয়নশীল বিশ্বে স্বাস্থ্য খাতে খরচ কমেছে। পশ্চিমবাংলা ভারতবর্ষের বাইরে নয়।

**শ্রী পার্থ চ্যাটার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথি যে সমস্ত ডাক্তার অ্যালোপ্যাথি চিকিৎসা করে যাচ্ছেন তার ব্যাপারে

কোনো রকম খবর আপনার কাছে আছে কিনা ? থাকলে কি ব্যবস্থা নিয়েছেন ? আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথি ডাক্তাররা যে চিকিৎসা চালাচ্ছে সেটা তিনি জানেন কিনা ? জানলে কি ব্যবস্থা নিয়েছেন ? আর, বেহালা সরশুনা উপস্বাস্থ্য কেন্দ্রকে হাসপাতালে পরিণত করার কোনো পরিকল্পনা আপনার আছে কিনা ?

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র** : উপস্বাস্থ্যকেন্দ্র হাসপাতাল করা যাবে না। আর, প্রথমে যেটা বললেন, আয়ুর্বেদ বা হোমিওপ্যাথি চিকিৎসক যারা তাদের কতগুলো চিকিৎসা তো তথাকথিত এলাপ্যাথি বা মডার্ন মেডিসিনে একই। অপারেশন, লেবার, সার্জারির ক্ষেত্রে তো একই। কিন্তু ওষুধপত্র লেখার ব্যাপারে বলা হয়েছে, ন্যাশনাল প্রোগ্রামে যেগুলো আছে যেমন ন্যাশনাল টিউবারকুলোসিস কন্ট্রোল প্রোগ্রাম, ম্যালেরিয়া কন্ট্রোল প্রোগ্রাম, লেপ্রোসি কন্ট্রোল প্রোগ্রামের ব্যাপারে ওষুধ সারা ভারতবর্ষে একই রকম। সেগুলোতে আয়ুর্বেদ মেডিকেল অফিসাররাও অংশগ্রহণ করতে পারবেন বা ওষুধপত্র দিতে পারবেন। কিন্তু তার বাইরে অন্য কোনো ওষুধ লিখতে হলে আয়ুর্বেদ বা হোমিওপ্যাথি মডার্ন মেডিসিন লিখবেন না, তা প্রেসক্রাইব করতে পারবেন না। আবার মর্ডান মেডিসিন, আয়ুর্বেদ বা হোমিওপ্যাথি প্রেসক্রাইব করতে পারবেন না। কেউ করলে অভিযোগ হলে কাউন্সিল ব্যবস্থা নিতে পারে।

## রুগ্ন শিল্প সংস্থায় উদ্বৃত্ত জমি বিক্রয়

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার শর্তসাপেক্ষে রুগ্ন শিল্প সংস্থার উদ্বৃত্ত জমি বিক্রয় করার অনুমতি সংশ্লিষ্ট সংস্থার মালিকদের দিয়েছেন এবং

(খ) সত্যি হলে, শর্তগুলি কী কী ?

**শ্রী নিরুপম সেন** :

(ক) শিল্প সংস্থার উদ্বৃত্ত জমি যা আরবান (ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশনস) অ্যাক্ট ১৯৭৬-এর আওতাভুক্ত, সেগুলির বিক্রয়লব্ধ অর্থ দিয়ে ওই সংস্থার পুনরুজ্জীবনের উদ্দেশ্যে ১৯৯৮ সালের জানুয়ারিতে একটি সুনির্দিষ্ট নীতি গ্রহণ করা হয় যা বর্তমানে রূপায়িত হচ্ছে।

এ প্রসঙ্গে আরো জানানো যায় যে, যে সকল উদ্বৃত্ত জমি ওয়েস্ট বেঙ্গল স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট ১৯৫৩-এর অন্তর্ভুক্ত, সেগুলি সরাসরি বিক্রয়ের অনুমতি দেওয়ার ব্যাপারে আইনঘটিত কিছু বিধিনিষেধ আছে। তথাপি রাজ্য সরকার এ ব্যাপারে একটি অপেক্ষাকৃত সহজ পদ্ধতিতে উক্ত জমি বিক্রয় করে সংস্থাটির পুনরুজ্জীবনের জন্য খুব শীঘ্রই তার নীতি নির্ধারণ করতে সচেষ্ট হয়েছেন।

(খ) ১৯৯৮ সালের জানুয়ারি মাসে যে উদ্বৃত্ত জমি বিক্রয়ের জন্য শিল্প পুনরুজ্জীবনের স্বার্থে যে সুনির্দিষ্ট নীতি গ্রহণ করা হয়েছে সে সংক্রান্ত ধারাগুলি নিম্নে বর্ণিত হল :

শর্তসাপেক্ষে উদ্বৃত্ত জমি বিক্রির ক্ষেত্রে :

(১) যখন রুগ্ন শিল্পসংস্থার বিনিয়োগ সংক্রান্ত বিষয়টি সংস্থাটির পুনরুজ্জীবনের পক্ষে সহায়ক বলে বি.আই.এফ.আর কর্তৃক অনুমোদিত হয়।

(২) যখন রুগ্ন এবং বন্ধ শিল্প সংস্থাটি পুনরুজ্জীবনের জন্য প্রস্তাব পেশ করে যা ব্যাঙ্ক বা অন্য অর্থ বিনিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক দায়বদ্ধতার অধীন।

(৩) যখন এ সম্পর্কে রুগ্ন/বন্ধ শিল্প সংস্থাটি বকেয়া দেনা বা দায়ভার অর্থাৎ কর্মচারীদের বেতন-ভাতা ইত্যাদি প্রদানের জন্য উদ্বৃত্ত জমি বিক্রি করতে চায়

এবং

(৪) যখন রুগ্ন শিল্প সংস্থাটির পুনরুজ্জীবনের জন্য কোনো ব্যাঙ্ক বা অর্থ বিনিয়োগকারী প্রতিষ্ঠান কোনো প্রকার উদ্যোগ নেয় না তখন সংস্থাটির অব্যবহৃত অতিরিক্ত মুলধন/সম্পদ/জমি বিক্রির প্রস্তাব শর্তসাপেক্ষে বিবেচনা করা যেতে পারে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় যেটা বলেছেন তাতে জিজ্ঞাস্য যে রাজ্য সরকারের এমন কোনো নীতি নির্ধারণ করা আছে যে, কোনো শিল্প সংস্থা যদি জমি বিক্রি করে তাহলে প্রথমে সেখানে শিল্প সংস্থা তৈরি করার জন্য করতে হবে তা না হলে অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে ? এই রকম কোনো শর্ত আছে ?

[12.00—12.10 p.m.]

**শ্রী নিরুপম সেন :** হ্যাঁ, আমি আপনাকে শর্তটা বললাম। সেই শর্তে জমি বিক্রি করে শিল্প সংস্থাটির পুনর্জীবনের যে যে ৪টি কথা আমি বলেছি, সেটার ক্ষেত্রে যদি হয় তাহলে, প্রথমত আমরা দেখি যে, শিল্পের জন্য সে করছে, তাহলে সেটাকে আমরা অগ্রাধিকার দেবই। কিন্তু এক্ষেত্রে যদি দেখা যায় যে, শিল্পের জন্য করা যাচ্ছে না, সেক্ষেত্রে জমির চরিত্র পরিবর্তন করার দরকার। তাহলে সেক্ষেত্রেও আমরা অনুমোদন দিয়ে থাকি।

**শ্রী পঙ্কজ বানার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় চেষ্টা করছেন। আপনার প্রচেষ্টার প্রতি আমাদেরও আস্থা আছে। কিন্তু জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস—তাদের দুটো ইন্সটলেশন ছিল—একটা বাঁশদ্রোণীতে, আরেকটা আনোয়ার শাহ্ রোডের উপর। আপনারা তাদের বললেন যে, আনোয়ার শাহ্ রোডের জায়গা বিক্রি করে দাও। বাঁশদ্রোণীতে তাঁরা বললেন যে, প্রতি মাসে

৫০ হাজার ফ্যান করবেন এবং ১ লক্ষ মেশিন করবেন—এই শর্ত মোতাবেক তাদের জমি বিক্রি করার অনুমতি দিলেন, তারা জমি বিক্রি করে টাকা নিয়ে চলে গেল এবং বাঁশদ্রোণীর কারখানার টোটাল সিউয়িং মেশিন কারখানা বন্ধ করে দিল। আর ফ্যান ইন্ডাস্ট্রি বন্ধ করে দিয়ে বাইরে থেকে তারা এখন ফ্যান তৈরি করে নিয়ে আসছে। তাহলে আপনাদের দেওয়া যে শর্ত আছে তারা সেটা লংঘন করল। এই অবস্থায় আপনারা কি করছেন ? তাদের সমস্ত শ্রমিকদের ছাঁটাই করে দিল এবং কিছু শ্রমিককে বসিয়ে মাইনে দিচ্ছে, প্রোডাকশন সম্পূর্ণ বন্ধ করে দিয়েছে। যে শর্ত দিয়ে তারা জমি বিক্রির অধিকার নিল, সেই শর্ত তারা লংঘন করল। এই বিষয়ে প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে বা সংস্থার বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন ?

**শ্রী নিরুপম সেন** : মাননীয় সদস্য যে প্রশ্নটা করেছেন—এখানে দুটো বিষয় আছে, বিস্তৃতভাবে আপনি নিশ্চয় জানেন যে, প্রথম যে বি.আই.এফ.আর-এর কাছে যে প্রস্তাবটি তারা পেশ করেছিলেন যেটা ১৯৯৭ সালে বি.আই.এফ.আর-এ যে প্রস্তাব তারা স্যাংশন করেছিল, সেই প্রস্তাব পরবর্তীকালে রিভাইসড হয়। কারণ জমি বিক্রি সংক্রান্ত নানান অসুবিধার কারণে যে সময়কালের মধ্যে জমি বিক্রি করার প্রয়োজন ছিল, সেটা সেটা সেই সময় করা যায়নি। পরবর্তীকালে দ্বিতীয় যে বি.আই.এফ.আর প্রস্তাব গৃহীত হয়, সেই গৃহীত প্রস্তাব অনুযায়ী এবং যাতে সমস্ত স্টক হোল্ডাররা যারা ইউনিয়নের রিপ্রেজেনটেটিভ সহ সবাই যে ভিত্তিতে সেখানে বি.আই.এফ.আর প্রস্তাব গৃহীত হয়েছে—তারই উপর ভিত্তি করে রাজ্য সরকার তাঁর নীতিভিত্তিক তার জমি বিক্রয়ের অনুমোদন দিয়েছেন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : ৩ হাজার শ্রমিক ছাঁটাই হয়ে গেল, জমি বিক্রি হয়ে গেল, অথচ শ্রমিকদের সেখানটায় কোনোরকমভাবে চাকরির ব্যবস্থা হল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার জাস্ট প্রোটেকশন চাইছি। ৩ হাজার শ্রমিকের রুজি-রোজগারের ব্যাপার। যদি এক মিনিট সময় দেন, তাহলে মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন। ৩ হাজার শ্রমিক ছাঁটাই হয়ে গেল, জমিও বিক্রি হয় গেল। তাহলে তার অর্থটা কি হল ? জমি বিক্রি করে শ্রমিকদের কাজ দেওয়ার ব্যবস্থা হবে। কিন্তু ব্যবস্থা হল না। আমি জানতে চাইছি যে, এ ব্যাপারে গ্রহণীয় কোনো ব্যবস্থা সরকার নিচ্ছেন কিনা ?

**শ্রী নিরুপম সেন** : একথা মাননীয় পঙ্কজবাবু জানেন যে, বি.আই.এফ.আরে যে প্যাকেজ স্যাংশন হয়েছে, তাতে ওয়ার্কার্স স্ট্রেস্থ কত থাকবে সেটা নির্দিষ্ট করা হয়েছে। বাকি যে ওয়ার্কারদের কি কমপেনসেশন প্যাকেজ হবে, সেটাও নির্দিষ্ট করা হয়েছে এবং সেই কমপেনসেশন প্যাকেজ অনুযায়ী বেশির ভাগ ওয়ার্কার তারা ভি.আর.এস নিয়েছেন এবং কিছু ওয়ার্কার এখনও পর্যন্ত তাঁরা ভি.আর.এস নেননি। বাকি সকলে ভি.আর.এস নিয়ে নিয়েছেন এবং জমির যে অংশটা বিক্রি করে সেই অংশের একটা অংশ এখনও বিক্রি হয়নি, যেটা হচ্ছে লেবার কলোনির জন্য যে দাম যে জায়গায় আছে, সেই জায়গার জন্য যে টাকা, সেই টাকা এখনও পর্যন্ত পাননি। বাকি অংশ পেয়েছেন এবং সেই অংশ কি কি ভাবে খরচা হবে সেটাও ওই নির্দিষ্ট করা আছে এবং তারই ভিত্তিতে করা হচ্ছে এবং যে টাকা—বাকি

ওয়ার্কার যারা এখনও ভি.আর.এস নেননি, তাঁদের জন্য ভি.আর.এস-এর সেই টাকাও ব্যাঙ্কে গচ্ছিত রাখা আছে।

(Question hour is over)
Starred Questions
(To which answers were laid on the table)

## গ্রেট ইস্টার্ন হোটেলের আধুনিকীকরণ

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৪) **শ্রী তপন হোড় :** পর্যটন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি কলকাতার গ্রেট ইস্টার্ন হোটেল'টির আধুনিকীকরণের জন্য সরকার বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছেন ;

(খ) সত্যি হলে, সেটি কীরূপ এবং

(গ) হোটেলটিতে নিয়োজিত কর্মীদের সম্পর্কে সরকারের দৃষ্টিভঙ্গী কীরূপ ?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) গ্রেট ইস্টার্ন হোটেলের আধুনিকীকরণের জন্য কোনো বিশেষ পরিকল্পনা গ্রহণ করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) নিয়মিত কর্মীরা যাতে সময়মতো বেতন ও ভাতা পান তার জন্য যথাযথ সরকারী অনুদানের ব্যবস্থা করা হচ্ছে।

## দক্ষিণ ২৪-পরগনায় আর্সেনিক আক্রান্ত রোগীর সংখ্যা

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২০১) **শ্রীমতী সোনালী গুহ :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০৩-২০০৪ আর্থিক বছরে (জানুয়ারি, ০৪) পর্যন্ত দক্ষিণ ২৪-পরগনা জেলায় আর্সেনিক আক্রান্ত রোগীর সংখ্যা কত ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

২০০৩-২০০৪ আর্থিক বছরে (জানুয়ারি '০৪) পর্যন্ত দক্ষিণ ২৪-পরগনা জেলায় আর্সেনিক আক্রান্ত রোগীর সংখ্যা ৩৭।

## ইস্টার্ন পেপার মিলের পুনরুজ্জীবন

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২০১) **শ্রী আশুতোষ মুখোপাধ্যায় :** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলির বাঁশবেড়িয়ায় অবস্থিত 'ইস্টার্ন পেপার মিল''টির পুনরুজ্জীবনের বিষয়ে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

হুগলির বাঁশবেড়িয়ায় " ইস্টার্ন পেপার মিল্‌স" নামে কোনো কোম্পানীর অস্তিত্বই নেই।

## পুতুল শিল্প প্রসারের পরিকল্পনা

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৮) **শ্রী রামপদ সামন্ত** : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে পুতুল শিল্পের প্রসারকল্পে একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং

(খ) সত্যি হলে, তার রূপরেখা কীরূপ ?

**ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) রাজ্যে পুতুল শিল্পের প্রসারকল্পে কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মাধ্যমে সংশ্লিষ্ট শিল্পোদ্যোগী ও শিল্প সংস্থাকে প্রয়োজনীয় উৎসাহ ও পরামর্শ দান, শিল্পজাত দ্রব্যের গুণগত মান ও নক্‌শা উন্নতির জন্য উন্নত মানের প্রশিক্ষণ এবং উৎপাদিত দ্রব্যসামগ্রীর বিক্রয়ে বিভিন্ন প্রদর্শনী ও মেলায় শিল্পীদের অংশগ্রহণের ক্ষেত্রে সহায়তা দানের বর্তমান প্রকল্পগুলি চালু থাকছে।

এছাড়াও, একই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম সল্টলেকের সেক্টর-৩ অঞ্চলে ২.৩ একর জায়গার উপর একটি 'টয় পার্ক' তৈরি করেছে, যেখানে পুতুল প্রস্তুতকারী উদ্যোক্তাদের বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করা হয়েছে। এখানে একটি কমন ফেসিলিটি বিল্ডিং-এ অফিসঘর, কনফারেন্স সেমিনার হল, ব্যাঙ্ক, ট্রেনিং সেন্টার এবং পুতুল প্রদর্শনীর জায়গা থাকছে। অপর ছয়তলা একটি স্ট্যান্ডার্ড ডিজাইন ফ্যাক্টরী বিল্ডিং-এ ২৪ জন উদ্যোগীর প্রত্যেককে ৩০৫ স্কোয়ার মিটার জায়গা বরাদ্দ করা হয়েছে, যেখানে তাঁরা বিভিন্ন ধরনের পুতুল উপহার সামগ্রী, খেলনা ইত্যাদি তৈরি করবেন।

## রাজ্যে শিল্পে বিনিয়োগ

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫২) **শ্রী নির্মল ঘোষ** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন—

(ক) রাজ্যে গত ২০০১-এর মার্চ থেকে ২০০৩-এর ডিসেম্বর পর্যন্ত শিল্পে বিনিয়োগের মোট পরিমাণ কত এবং

(খ) এই বিনিয়োগের ফলে মোট কতজনের প্রত্যক্ষভাবে কর্মসংস্থান হয়েছে ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ২০০১ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর ২০০৩ পর্যন্ত রাজ্যে মোট বিনিয়োগের পরিমাণ ৬৮৫৫.৬৮ কোটি টাকা।

(খ) বিনিয়োগকারীদের দেওয়া তথ্যানুযায়ী প্রত্যক্ষভাবে কর্মসংস্থানের সম্ভাবনা ৩৯,৯১৬ জনের।

## রাজ্যের ফুল রপ্তানী বাবদ বৈদেশিক মুদ্রা অর্জন

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯১১) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের উৎপাদিত ফুল বিদেশে রপ্তানি করা হচ্ছে ;

(খ) সত্যি হলে, এর ফলে গত আর্থিক বছরে কী পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় হয়েছে এবং

(গ) বর্তমানে রাজ্যে ফুল চাষীর সংখ্যা কত ?

**খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন উন্নয়ন নিগমের উদ্যোগে গত আর্থিক বছরে (২০০২-২০০৩) সালে ১০,০৯,৬০০ টাকা আয় হয়েছে।

(গ) আনুমানিক তিন লক্ষ চাষী ফুল চাষের সঙ্গে যুক্ত।

## যৌথ উদ্যোগে সুন্দরবনের পর্যটন শিল্পের উন্নতি

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭২২) **শ্রী মন্টুরাম পাখিরা :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ও সাহারা গোষ্ঠীর (সাহারা ইন্ডিয়া পরিবার) যৌথ উদ্যোগে সুন্দরবনের পর্যটন শিল্পের উন্নতির জন্য সম্প্রতি চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং

(খ) সত্যি হলে, ওই চুক্তি অনুযায়ী কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) প্রকল্প প্রতিবেদন তৈরি করা হয়ে গেছে। প্রকল্প শুরু করার আগে কেন্দ্রীয় সরকারের বন ও পরিবেশ দপ্তরের অনুমোদন প্রয়োজন। উক্ত অনুমোদন পেলে কাজ শুরু করা যাবে।

## কুকুরে কামড়ানোয় প্রতিষেধক টিকার সরবরাহ

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৫৩) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলিতে কুকুরে কামড়ানোর প্রতিষেধক ইনজেকশন ঠিকমতো সরবরাহ হচ্ছে না ;

(খ) সত্যি হলে, কারণ কী এবং

(গ) উক্ত বিষয়ে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন/করছেন ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) কুকুরে কামড়ানোর প্রতিষেধক ইনজেকশন পাস্তুর ইনস্টিটিউট, কুনুর এবং হফ্‌কিনস ফারমাসিউটিক্যালস, মুম্বাই থেকে সংগ্রহ করা হয়ে থাকে। গত আর্থিক বছরে, মোট ১৫,১৭,৩১০ মিলি. লি. ওষুধ বিভিন্ন জেলার সরকারী হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে সরবরাহ করা হয়েছে। এছাড়া স্থানীয়ভাবে, জেলাগুলি মোট ২,৮১,৯৭০ মিলি.লি. NTV এবং ২৬৫০ ভায়াল TCV কিনেছে। এই ওষুধ বাজারে সহজলভ্য নয়। আবার ভারত সরকার আগামী এপ্রিল মাস থেকে NTV ওষুধের ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করেছে।

## সরকারি স্বাস্থ্য পরিষেবার দ্বারা উপকৃত মানুষের সংখ্যা

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮০২) **শ্রী দেবপ্রসাদ সরকার** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এই রাজ্যের কত শতাংশ মানুষ সরকারি স্বাস্থ্য পরিষেবার দ্বারা উপকৃত ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

আনুমানিক ৭০.৫ শতাংশ।

## রাজ্যের কৃষিজ ফসল রপ্তানি

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৮) **শ্রী শুভেন্দু চৌধুরী** : খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমবঙ্গের কৃষিজ ফসল সরাসরি বিদেশে রপ্তানির জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

কৃষিজপণ্য রপ্তানীর জন্য নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে—

(১) পাঁচটি কৃষিপণ্য রপ্তানী অঞ্চল স্থাপন করা হয়েছে।

(২) পাঁচটি রপ্তানী অঞ্চলে বিদেশে রপ্তানীযোগ্য পণ্য উৎপাদন করার প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

(৩) প্রশিক্ষণের সাথে সাথে কিভাবে রপ্তানীযোগ্য ফসল উৎপাদন করতে হবে তার প্রদর্শন ক্ষেত্র স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

(৪) বিদেশে রপ্তানীযোগ্য পণ্যের সুন্দরভাবে মোড়ক ঘর (প্যাক হাউস) তৈরির কাজ চলছে।

(৫) বিদেশে রপ্তানীযোগ্য পণ্য সঠিক তাপমাত্রায় সরবরাহ করার ক্ষেত্রে ঠাণ্ডা গাড়ির ব্যবস্থা করা হয়েছে।

(৬) রপ্তানীর সাথে যুক্ত সংস্থা ও প্রক্রিয়াকরণ সংস্থার প্রতিনিধিদের নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনার ব্যবস্থা করা হয়েছে।

## Unknown fever in the State

*101. (Admitted Question No. & *316) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Health & Family Welfare Department be pleased to state-

(a) whether a number of people have been affected by unknown fever in the State in the month of January, 2004 and

(b) if so, steps taken by the Government in the matter.

**Will the Minister-in-Charge of the Health & Family Welfare Department**

(a) No such incidents reported by any District of the State in the month of January, 2004.

(b) In view of the reply above question for taking steps does not arise.

## সাহাগঞ্জ ডানলপ কারখানার পুনরুজ্জীবন

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭) **শ্রী আশুতোষ মুখোপাধ্যায় :** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী হুগলির সাহাগঞ্জে অবস্থিত ডানলপ কারখানাটির পুনরুজ্জীবন প্রকল্পের অগ্রগতি কীরূপ ;

(খ) রাজ্যে ওই কোম্পানির স্থাবর ও অস্থাবর সম্পত্তির পরিমাণ কত এবং

(গ) ওই সম্পত্তি হস্তান্তরের কোনো ঘটনা ঘটেছে কি ?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) রাজ্য সরকারের সার্বিক প্রচেষ্টা সত্ত্বেও এখন পর্যন্ত কোনো সর্বসম্মত পুনরুজ্জীবন প্রকল্প এ.এ.আই.এফ.আর-এর ছাড়পত্র পায়নি। রাজ্য সরকার প্রতিনিয়তই ডানলপ-এর সঙ্গে যুক্ত কর্মচারী ও আধিকারিকদের নিয়ে কারখানাটি খোলার ব্যাপারে আলোচনা করছেন এবং এই প্রয়াস অব্যাহত থাকবে।

| (খ) | সংস্থাটির প্রধান অফিস | আনুমানিক পরিমাণ (বর্গফুট) |
|---|---|---|
| | (অ) ৬২এ, মির্জা গালিব স্ট্রিট, কলকাতা | ৫৪,৩৫০ |
| | (আ) ৫৭বি, মির্জা গালিব স্ট্রিট কলকাতা | ৫৭,৭০০ |
| | (ই) "কিংস কোর্ট" (১১টি ফ্ল্যাট) ৪৬বি, চৌরঙ্গী রোড, কলকাতা | ৩০,০০০ |
| | (ঈ) ব্রিটানিয়া কোর্ট, আলিপুর | ৩,৩০০ |
| | (উ) কোহিনূর বিল্ডিং, পার্ক স্ট্রিট (১টি ফ্ল্যাট) | ৯৫০ |
| | (ঊ) সাহাগঞ্জ ফ্যাক্টরি | ১১,৩৯,৪১৪ |
| | (ঋ) সাহাগঞ্জ এস্টেট এবং কর্মচারী আবাসন | ৯,৬৭,৩৮৬ |
| | সর্বমোট | ২২,৫৩,১০০ |

কারখানার যন্ত্রপাতির মূল পরিমাণ এর অন্তর্ভুক্ত নয়।

(গ) এ সম্পর্কে রাজ্য সরকারের কাছে কোনো নির্দিষ্ট তথ্য নেই।
কর্তৃপক্ষ কিছু সম্পত্তি হস্তান্তরের জন্য চেষ্টা করছেন বলে জানা গেছে কিন্তু সরকারের সঙ্গে কর্তৃপক্ষ এ সম্পর্কে কোনো যোগাযোগ করেনি।

**ডানবার কটন মিলস ও অন্নপূর্ণা কটন মিলসের পুররুত্থান**

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৭) **শ্রী নির্মল ঘোষ** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী বন্ধ ডানবার কটন মিলস ও অন্নপূর্ণা কটন মিলস দুটি খোলার বিষয়ে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

রাজ্য সরকারের পক্ষ থেকে বিগত কয়েক বছর নিরন্তর প্রচেষ্টা সত্ত্বেও ডানবার কটন মিলস্ খোলা যায়নি, কারণ বিষয়টি কলকাতা উচ্চ ন্যায়ালয়ে বিচারাধীন।

রাজ্য সরকার সক্রিয় উদ্যোগ গ্রহণ করার ফলে অন্নপূর্ণা কটন মিলস্ ২০০১ সালের জুলাই মাস থেকে পুনরায় চালু হয়েছে।

## Unstarred Questions
(to which written answers were laid on the table)

**স্বয়ংসিদ্ধা, স্বধর এবং বালিকা সমৃদ্ধি প্রকল্প/যোজনা**

১। (অনুমোদিত প্রশ্ন নং ২০) **শ্রী জ্যোতির্ময় কর** : নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের মহিলাদের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে সরকার স্বয়ংসিদ্ধা, স্বধর এবং বালিকা সমৃদ্ধি প্রকল্প/যোজনা চালু করেছেন এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্প/যোজনাগুলি রাজ্যে (জেলাওয়ারি) কিভাবে রূপায়িত হচ্ছে ?

**নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) স্বয়ংসিদ্ধা।

'স্বয়ংসিদ্ধা' প্রকল্পটি বর্তমানে বাঁকুড়া, পুরুলিয়া, দক্ষিণ দিনাজপুর এবং দার্জিলিং জেলার ৩৯টি ব্লকে রূপায়িত হচ্ছে। এই প্রকল্পে মহিলাদের স্বনির্ভর করে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। মহিলাদের নিয়ে স্বনির্ভর গোষ্ঠী গড়ে তোলার মাধ্যমে তাদের স্বনির্ভর করা, আত্মবিশ্বাস তৈরি করা এবং গোষ্ঠীর মহিলাদের স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতনতা গড়ে তোলা, স্থানীয় উন্নয়নমূলক পরিকল্পনায় অংশগ্রহণ করা এবং সমাজকল্যাণ বিভাগ তথা অন্যান্য বিভাগের উন্নয়নমূলক পরিকল্পনায় অংশগ্রহণ করা সম্পর্কে উদ্বুদ্ধ করা হয়।

পশ্চিমবঙ্গ নারী উন্নয়ন নিগমকে এই রাজ্যে প্রকল্পটি রূপায়িত করার ভার দেওয়া হয়েছে।

**স্বধর**

'স্বধর' কেন্দ্রীয় সরকারের অনুমোদিত একটি প্রকল্প। বর্তমানে ১-এর অধীনে দুটি কর্মসূচি এই রাজ্যে চালু আছে।

সামাজিক ও অর্থনৈতিক সহায়সম্বলহীন দুর্দশাগ্রস্ত মহিলা/বালিকাদের জন্য প্রাথমিকভাবে এই প্রকল্পে আশ্রয়, খাবার, বস্ত্র দেওয়া হয় ও তাদের দেখভাল করা হয়।

মানসিক অবসাদগ্রস্ত মহিলাদের এই প্রকল্পে সহায়তা ও পরামর্শ প্রদান করা হয়। প্রয়োজনে আইনী পরামর্শও দেওয়া হয়। পরবর্তীকালে প্রশিক্ষণের মাধ্যমে তাদের শিক্ষা, সচেতনতা, দক্ষতা ও ব্যক্তিত্বের বিকাশ ঘটিয়ে সমাজে পুনঃপ্রতিষ্ঠিত করার ব্যবস্থা নেওয়া হয়।

এ ছাড়াও, বিপদগ্রস্ত মহিলা/বালিকাদের জরুরি ভিত্তিতে সহায়তার জন্য কলকাতা ও তার পার্শ্ববর্তী জেলাগুলিতে বর্তমানে ৭টি দিবারাত্র 'উইমেন হেল্প লাইন' চালু আছে। এর মধ্যে 'স্বেচ্ছাসেবী' সংগঠনগুলি পরিচালিত কেন্দ্রের সংখ্যা ৬টি এবং কলকাতা পুলিশের ১টি।

কলকাতার ক্ষেত্রে যে সব প্রতিষ্ঠান প্রকল্পটি রূপায়ণ করতে ইচ্ছুক তাঁরা সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র সহ সমাজ কল্যাণ অধিকর্তার কাছে এবং অন্যান্য জেলাগুলির ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলাশাসকদের কাছে আবেদন করেন। পরবর্তীকালে সমাজ কল্যাণ অধিকর্তা সবকিছু অনুসন্ধান করে তাঁর প্রতিবেদনসহ কাগজপত্র নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগে প্রেরণ করেন, এরপর রাজ্যস্তরে গঠিত 'স্টেট লেভেল এম্পাওয়ারড় কমিটি'-র কাছে প্রকল্পগুলি চূড়ান্ত পর্যায়ে নির্বাচনের জন্য পেশ করা হয়। উক্ত কমিটির ছাড়পত্র পেলে প্রকল্পটি অর্থ মঞ্জুরের জন্য ভারত সরকারের কাছে প্রেরণ করা হয়।

**বালিকা সমৃদ্ধি যোজনা**

১৯৯৭ সালের ১৫ আগস্ট থেকে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের কন্যাসন্তানদের জন্য রাজ্যে এই প্রকল্প শুরু হয়। কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের ব্যয়ভার বহন করে প্রতিটি জেলায় ব্লকস্তরে এই প্রকল্পটি চালু আছে। কোনো একটি পরিবারের কেবলমাত্র ২টি কন্যাসন্তানের জন্যই এককালীন ৫০০ (পাঁচশত) টাকা সঞ্চয়পত্রে জমা করা হয়। ওই কন্যার ১৮ বছর বয়ঃক্রম পূর্তির পরেই ওই টাকা পাওয়া যায়।

## সমবায় ব্যাঙ্ক কর্মচারীদের বেতন

২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬) **শ্রী কমল মুখার্জী** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সমবায় ব্যাঙ্কের কর্মচারীরা ভারত সরকারের অন্যান্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক কর্মচারীদের ন্যায় বেতন ও অন্যান্য সুবিধা ভোগ করেন কি ?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

উক্ত ব্যাঙ্কের কর্মচারীরা ভারত সরকারের অন্যান্য রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক কর্মচারীদের বেতন কাঠামো ও অন্যান্য সুবিধা অনুসারে বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করেন। (স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া বাদে)

## চন্দননগরে 'ডিয়ার পার্ক' স্থাপন

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪) **শ্রী কমল মুখার্জী** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চন্দননগর পৌর নিগমের সংযোজিত এলাকায় 'ডিয়ার পার্ক' স্থাপিত হতে চলেছে এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ এই 'ডিয়ার পার্ক' চালু হবে বলে আশা করা যায় ?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বিষয়টির সত্যতা সম্পর্কে কোনো তথ্য জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## যুব উৎসব

৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮০) **শ্রী কমল মুখার্জী** : যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে পুরসভা ও পঞ্চায়েত স্তরে কত বৎসর যাবৎ 'যুব উৎসব' বন্ধ আছে এবং

(খ) এই উৎসব বন্ধ থাকার কারণ কি ?

**যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) রাজ্যে পুরসভা ও পঞ্চায়েত উভয়স্তরে শেষ যুব উৎসব হয়েছিল ২০০০ সালে। কিন্তু কেবল পঞ্চায়েত স্তরে এই উৎসব হয়েছিল ২০০২ সালে। ২০০১ সালে এই দুই স্তরে কোনো উৎসব হয়নি।

(খ) ওই উৎসব এখন প্রতি বৎসর করা হয় না ; বিভিন্ন সময়ে বিভিন্ন স্তরে অনুষ্ঠিত হয়।

## বন্ধ শিল্পের সংখ্যা

৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯) **শ্রীমতী সোনালী গুহ** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিগত পাঁচ বছরে বন্ধ হয়ে যাওয়া বৃহৎ ও মাঝারি শিল্পের সংখ্যা কত ?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

৩২টি বৃহৎ ও মাঝারি শিল্প সংস্থা বি.আই.এফ.আরের আদেশানুযায়ী বন্ধ হয়ে রয়েছে।

## গ্রামীণ বিদ্যুতায়ন

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৮) **শ্রী নির্মল ঘোষ** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কতগুলি গ্রামে এখনও পর্যন্ত বিদ্যুতের সংযোগ দেওয়া সম্ভব হয়নি এবং

(খ) উক্ত বিদ্যুতায়নের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায় ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) রাজ্যের ৬২৭২টি মৌজায় এখনও পর্যন্ত বিদ্যুতের সংযোগ দেওয়া সম্ভব হয়নি।

(খ) উক্ত বিদ্যুতায়নের কাজ দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অর্থাৎ ২০০৭ সালের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

## বিদ্যুতে ভর্তুকি

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫০) **শ্রী নির্মল ঘোষ** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার গরীব মানুষের স্বার্থে বিদ্যুতে ভর্তুকি দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছেন এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এ রকম কোনো পরিকল্পনা এখনও সরকারের পক্ষ থেকে গ্রহণ করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

## রামপুরহাট জিতেন্দ্রলাল মহকুমা গ্রন্থাগারের উন্নয়ন

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩০) **ডঃ আশীষ ব্যানার্জী** : গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রামপুরহাটে অবস্থিত জিতেন্দ্রলাল মহকুমা গ্রন্থাগারের উন্নয়নের জন্য সরকার কোনো উদ্যোগ গ্রহণ করেছেন কিনা এবং

(খ) করে থাকলে, কী কী ব্যবস্থা গৃহীত হয়েছে ?

**গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) প্রথমত—পৌনঃপুনিকভাবে বার্ষিক রক্ষণাবেক্ষণ খাতে অনুদান দেওয়া হয়। যেমন—

| | | |
|---|---|---|
| বই কেনার জন্য | — | ১৫,০০০ টাকা |
| আসবাব ক্রয় বাবদ | — | ৩,০০০ টাকা |
| বই বাঁধাই ও সংরক্ষণ বাবদ | — | ২,৫০০ টাকা |
| বিবিধ খাতে | — | ৫,০০০ টাকা |
| মোট | — | ২৫,৫০০ টাকা |

দ্বিতীয়ত—২০০১-২০০২ আর্থিক বছরে সরকারি আদেশনাম ৪৭৭/এল.এস. সেক্রেঃ, তাং—০৫.০৭.০১ মাধ্যমে ১,৪৯,৭০০ টাকা পাঠকক্ষ নির্মাণের জন্য দেওয়া হয়েছে।

তৃতীয়ত—২০০১-০২ এবং ২০০২-০৩ আর্থিক বর্ষে উক্ত গ্রন্থাগারের অনুকূলে ১৫,০০০ টাকা করে পাঠ্যপুস্তক ও রেফারেন্স পুস্তক ক্রয়ের জন্য বিশেষ অনুদান দেওয়া হয়েছে।

চতুর্থত—২০০১-০২ এবং ২০০২-০৩ আর্থিক বর্ষে বৃত্তিসহায়ক কেন্দ্রের জন্য ১৫,০০০ টাকা আর্থিক অনুদান দেওয়া হয়েছে।

## রামপুরহাট ১নং ব্লকের কাবিলপুর গ্রামে গ্রন্থাগার স্থাপন

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩১) **ডঃ আশীষ ব্যানার্জী** : গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার অন্তর্গত রামপুরহাট ১নং ব্লকের অধীন আয়াস গ্রাম পঞ্চায়েতে কোনো গ্রামীণ গ্রন্থাগার আছে কি এবং

(খ) না থাকলে, উক্ত পঞ্চায়েতের অন্তর্গত কাবিলপুর গ্রামে একটি গ্রামীণ গ্রন্থাগার স্থাপনের জন্য সরকার কোনো উদ্যোগ গ্রহণ করবেন কি ?

**গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বীরভূম জেলার অন্তর্গত রামপুরহাট ১নং ব্লকের অধীন আয়াস গ্রাম পঞ্চায়েতে একটি গ্রামীণ গ্রন্থাগার আছে। গ্রন্থাগারটির নাম আয়াস সমাজকল্যাণ লাইব্রেরি, পোঃ—আয়াস।

(খ) যেহেতু উক্ত পঞ্চায়েতের অধীনে একটি গ্রামীণ গ্রন্থাগার আছে, সেই হেতু এই মুহূর্তে কাবিলপুর গ্রামে গ্রন্থাগার স্থাপন করা সম্ভব হচ্ছে না।

## গ্রন্থাগারসমূহের বরাদ্দ অর্থ

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪১) **শ্রী অশোক কুমার দেব** : গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত ২০০২-০৩ এবং বর্তমানে ২০০৩-০৪ আর্থিক বর্ষে ৩১ ডিসেম্বর পর্যন্ত কোন কোন গ্রন্থাগারকে কী পরিমাণ অর্থ দেওয়া হয়েছে (পৃথক পৃথকভাবে) ?

**গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

বিগত ২০০২-২০০৩ অর্থবর্ষে ২৪৬১টি সরকার পোষিত গ্রন্থাগারসমূহে বেতন ছাড়া অন্যান্য খাতে অর্থাৎ পৌনঃপুনিক রক্ষণাবেক্ষণ অনুদান, বৃত্তিসহায়ক কেন্দ্রের অনুদান ও মানের ভিত্তিতে নির্বাচিত গ্রন্থাগারসমূহের বিশেষ পুস্তক অনুদান ও অন্যান্য উপনির্মিত্ত ব্যয় বাবদ

৬,৫১,৯১,০৯৪ টাকা এবং বর্তমান আর্থিক বর্ষে ৩১ ডিসেম্বর পর্যন্ত উপরি উক্ত খাতে ২,৮০,৭২,৭৬৮ টাকা প্রদান করা হয়েছে।

উক্ত সময়ে ১২টি সরকারি গ্রন্থাগারে ও বেতন ব্যতীত অন্যান্য খাতে যথাক্রমে ৪৮,৬০,৩৯২ টাকা ও ২৮,১২,২৬৯ টাকা প্রদান করা হয়েছে।

## উদ্বাস্তু কলোনির উন্নয়নে গৃহীত পরিকল্পনা

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৫) **শ্রী অশোক কুমার দেব** : শরণার্থী, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ২০০২-২০০৩ আর্থিক বছরে রাজ্যের উদ্বাস্তু কলোনির উন্নয়নে কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং

(খ) উক্ত পরিকল্পনা রূপায়ণে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

**শরণার্থী, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) গত ২০০২-২০০৩ আর্থিক বছরে রাজ্য সরকারের অর্থে নদীয়া জেলার রানাঘাট থানার অধীনে হাবিবপুর হরিতলা কলোনির উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

এছাড়া, কেন্দ্রীয় সরকারের অর্থ সাহায্যে নিম্নলিখিত কলোনিগুলির উন্নয়নের পরিকল্পনা গৃহীত হয়েছে :

(১) নিরঞ্জননগর 'এ' ব্লক, থানা—নোয়াপাড়া, উত্তর ২৪-পরগনা।

(২) পূর্ব চাঁদমারি, থানা—গয়েশপুর, নদীয়া।

(৩) ভারতমাতা—১, ২, থানা—জগাছা, হাওড়া।

(৪) এ.কে. গোপালন নগর, থানা—বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর।

(৫) শিল্পীনগর-১, থানা—রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।

(খ) উক্ত পরিকল্পনা রূপায়ণে বরাদ্দকৃত অর্থের পরিমাণ :

(১) রাজ্য বাজেট —৩১,৭০,১৯৭ টাকা

(২) কেন্দ্রীয় বাজেট—১,৯৬,৩৩,১৮৫ টাকা

## পূজালি বিদ্যুৎ কেন্দ্রের তৃতীয় ইউনিট

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৭) **শ্রী অশোক কুমার দেব** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ-এর পূজালি বিদ্যুৎ কেন্দ্রের তৃতীয় ইউনিটটি চালু করার সিদ্ধান্ত কবে নাগাদ রূপায়িত হবে এবং

(খ) এই ইউনিটটি চালু করার জন্য কতজন কর্মী নিয়োগ করা হবে ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এখনও কোনো সিদ্ধান্ত হয়নি।

(খ) প্রশ্নই ওঠে না।

## হাওড়া জেলার অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৪) **শ্রী অসিত মিত্র :** নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলায় মোট অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা কত ?

(খ) উক্ত কেন্দ্রগুলিতে বর্তমানে কতগুলি পদ শূন্য আছে এবং

(গ) কবে নাগাদ এই পদগুলি পূরণ হবে বলে আশা করা যাব ?

**নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হাওড়া জেলায় মোট অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা ২৪০৬টি।

(খ) উক্ত কেন্দ্রগুলিতে বর্তমানে অঙ্গনওয়াড়ি কর্মীর শূন্য পদের সংখ্যা ১০৫টি এবং অঙ্গনওয়াড়ি সহায়িকার শূন্য পদের সংখ্যা ৯১টি।

(গ) যত শীঘ্র সম্ভব এই পদগুলি পূরণ হবে বলে আশা করা যায়।

## আলিপুর কেন্দ্রীয় সংশোধনাগার সংস্কার

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৭) **শ্রী অসিত মিত্র :** কারা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আলিপুর কেন্দ্রীয় সংশোধনাগারটির সংস্কারসাধন শুরু হয়েছে এবং

(খ) সত্যি হলে, উক্ত কাজ শেষ করতে কত অর্থ ব্যয় করা হবে ?

**কারা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) সংস্কার সাধনের জন্য ২০০৩-২০০৪ আর্থিক বছরে মোট ৯৫,৫১,৭৫৭ টাকা মঞ্জুর করা হয়েছে।

## ভগবৎপুর কুমির প্রকল্পে বরাদ্দ অর্থ

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭২১) **শ্রী মন্টুরাম পাখিরা :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

[ 17 March, 2004 ]

দক্ষিণ ২৪-পরগনা জেলায় ভগবৎপুর কুমির প্রকল্পে (২০০৩-২০০৪) আর্থিক বছরে কত টাকা বরাদ্দ করা হয়েছে এবং মোট কত টাকা খরচ করা হয়েছে ?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

দক্ষিণ ২৪-পরগনা জেলায় ভগবৎপুর কুমির প্রকল্পে (২০০৩-২০০৪) আর্থিক বছরে বরাদ্দ অর্থের পরিমাণ এবং খরচের হিসাব নীচে দেওয়া হল :

| খাত | বরাদ্দ অর্থের পরিমাণ (লক্ষ টাকায়) | খরচের পরিমাণ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| নন-প্ল্যান | ৬.৩৫ | ৬.১৬ |
| নন-প্ল্যান (উন্নয়ন) | ২.৯৬ | ২.৮৬ |
| এস পি এ পি | .৫০ | .৪৯ |
| জেলা পরিষদ | ৭.০৮ | ৬.৭৭ |
| | ১৬.৮৯ | ১৬.২৮ |

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received six notices of Adjournment Motions. The first one is from Dr. Asish Banerjee on the subject of alleged misuse of money in purchasing bull from Australia without medical examination. The second one is from Shri Kashinath Misra, Shri Jyoti Priya Mallick, Shri Kallol Khan, Shri Manturam Pakhira, Dr. Ratna De (Nag), Shri Pundarikaksha Saha and Shri Ajit Bhunia on the subject of policy taken by the State Government to make appointment on contractual basis. The third and the sixth one is from Shri Mostaque Alam and Shri Gobinda Chandra Naskar respectively on the same subject of reported devastating fire at Dalpatty of Ultadanga, Kolkata on 16.3.2004. The fourth one is from Smt. Sonali Guha on the subject of alleged activities of the antisocials and Drug-addicted elements in the precincts of the Government hospitals. The fifth one is from shri Ashok Deb on the subject of reported detection of some errors in the Book-keeping question paper of Madhyamik Pariksha.

The subject matters of all the Motions are not such that may call for Adjournment of the Business of the House.

The Members may, however, invite attention of the Ministers concerned through Question, Mention, Calling Attention, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member of the Party may, however, read the text of the Motion as amended.

**শ্রীমতী সোনালী গুহ** : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল :

২৬ বছরের বাম রাজত্বে উন্নততর সরকার গড়ার লক্ষ্যে, রাজ্য সরকার সরকারী হাসপাতালগুলোতে পরিষেবা বাড়ানোর পরিবর্তে উন্নততর সমাজবিরোধী ও মাদকাসক্তদের আমদানি করেছেন। একেতেই স্বাস্থ্য পরিষেবা সম্পূর্ণ ভেঙে পড়েছে, তার উপর প্রথমে নীলরতন হাসপাতালে জুয়া ও মদের অবৈধ ঠেক ভাঙার দাবিতে জুনিয়ার ডাক্তাররা কর্মবিরতি চালান। আবার কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে নতুন নার্স হস্টেলের পাশে এই মাদকাসক্ত দুর্বৃত্তরা তাদের আড্ডা জমিয়েছেন। এমনকি এই হাসপাতালের মধ্যেই এই দুষ্কৃতীরা চুরি ও ছিনতাইয়ের মাল জড়ো করতে শুরু করেছে। সংবাদে প্রকাশ এই জায়গায় বসে তারা এই চুরি করা জিনিসগুলো ভাগ-বাঁটোয়ারা পর্যন্ত করেন। হাসপাতালের সুপার এই দায় অস্বীকার করলেও হাসপাতালের ওয়েলফেয়ার অফিসার ও আবাসিক নার্সরা আজ ক্ষুব্ধ ও অত্যন্ত ভয়ের মধ্যে দিন কাটাচ্ছেন। সরকারী হাসপাতালের পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে বারংবার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলেও স্বাস্থ্যমন্ত্রী বা রাজ্য সরকার তা অত্যন্ত সুকৌশলে এড়িয়ে গেছেন। অবিলম্বে সমস্ত হাসপাতালগুলোতে পরিকাঠামো ঠিক করে সুস্থ পরিবেশ ও সুস্থ পরিষেবা দেবার আবেদন জানাচ্ছি।

**শ্রী মোস্তাক আলম** : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

কলকাতার ৪০টি ডাল কারখানা আগুনে ভষ্মীভূত হয়ে গেল। এই ৪০টি কারখানা উল্টোডাঙার খালপাড়ায় অবস্থিত। দেড় ঘণ্টার ব্যবধানে পরপর দুবার ডাল কারখানায় আগুন ধরে। এত ঘিঞ্জি এলাকা যে দমকলের ২০টি ইঞ্জিন আগুন নেভাতে পারেনি। ভষ্মীভূত হয়ে গেছে সব কিছু। অবিলম্বে তদন্ত করে আগুন ধরার সঠিক কারণ জানা হোক এবং প্রয়োজনে ক্ষতিগ্রস্তদের সঙ্গে রাজ্য সরকার সহযোগিতা করুক। শ্রমিকদেরও সাহায্যের ব্যবস্থা করতে হবে।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today I have received four notices of Calling Attention on the following subjects, namely-

| Subject | Name |
|---|---|
| (i) Repairing of six vents at Rampurhat, Birbhum | : Dr. Asish Banerjee |
| (ii) Alleged Disconnection of electric supply by CESC without formal notice | : Shri Kashinath Misra<br>Shri Jyoti Priyo Mallick<br>Shri Pundarikakshya Saha<br>Shri Kallol Khan<br>Shri Arunava Ghosh<br>Dr. Ratna De (Nag)<br>Shri Manturam Pakhira &<br>Shri Ajit Bhunia |
| (iii) Reported devastating fire at Dalpatti of Ultadanga, Kolkata | : Shri Asit Mitra &<br>Shri Ashok Kumar Deb |
| (iv) Reported fire at Budge Budge Thermal Power Station | : Shri Gobinda Chandra Naskar<br>Shri Nirmal Das &<br>Shri Saugata Roy |

I have selected the notice of Shri Gobinda Chandra Naskar, Shri Nirmal Das & Shri Saugata Roy on the subject of (iv) Reported fire at Budge Budge Thermal Power Station.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Mr. Speaker, Sir, the reply will be sent to the concerned members later on.

## MENTION

**শ্রী নিত্যানন্দ বেরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা সুতাহাটার ২টি ব্লক এবং হলদিয়া পৌরসভা—

[12.10—12.20 p.m.]

এই দুটি ব্লক এবং পৌরসভা এলাকার মধ্যে একটামাত্র গ্রুপ ইলেকট্রিসিটি সাপ্লাই অফিস আছে। সেখানে ডোমেস্টিক ১৪০০০ গ্রাহক, কমর্শিয়াল ১৫০০ গ্রাহক এবং ২৩০টি ইন্ডাস্ট্রিয়াল গ্রাহক। একটিমাত্র অফিস থেকে ব্যাপক সংখ্যক গ্রাহকদের ঠিকমতো পরিষেবা দেওয়ার ক্ষেত্রে খুবই অসুবিধা হচ্ছে। ফলে নতুন নতুন গ্রাহকরা বিদ্যুৎ সংযোগ পাচ্ছে না। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে হলদিয়া ব্লকে আর একটা নতুন গ্রুপ ইলেকট্রিসিটি সাপ্লাই অফিস করা হয়। তা করা হলে ওখানকার মানুষেরা উন্নত বিদ্যুৎ পরিষেবা পেতে পারবে। সাথে সাথে যথাযথ মেনটেন্যান্স ব্যবস্থা গড়ে তোলার দিকে

ও নজর দেওয়ার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

**ডঃ আশীষ ব্যানার্জী** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি জনস্বাস্থ্য কারিগরী বিষয়ের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রামপুরহাট বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন অঞ্চলে—বিশেষ করে বড়শাল গ্রাম পঞ্চায়েতের অধীন কামাক্ষা, মাঝখণ্ড, স্বর্গপুর, হরিওকা, কুমাড্ডা, বগটুই প্রভৃতি গ্রামীণ এলাকাগুলিতে পানীয় জলের ব্যাপক অভাব দেখা দিয়েছে। ওইসব এলাকায় যে নলকূপগুলি রয়েছে সেগুলি বেশির ভাগই অকেজো হয়ে পড়েছে, অথচ পঞ্চায়েত সমিতি বা ব্লক অফিসের পক্ষ থেকে সারাবার কোনো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। বার বার অনুরোধ জানানো সত্ত্বেও এই অসুবিধা থেকে যাচ্ছে। সাধারণ মানুষ পানীয় জল পাচ্ছে না। বীরভূম জেলায় এমনিতেই পানীয় জলের অভাব—বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্রের নারায়ণপুর এবং কুসুমবা, যেটি মূলত সাঁওতাল আদিবাসী অধ্যুষিত এলাকা সেখানে পানীয় জলের ব্যাপক অভাব রয়েছে। আমি ইতিপূর্বে একথা বার বার এই সভায় উল্লেখ করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুনরায় এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় জনস্বাস্থ্য ও কারিগরী মন্ত্রী মহোদয়কে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলার করিমপুর বাংলাদেশ সীমান্তবর্তী এলাকা। করিমপুর হাসপাতালটির ওপর ৬ লক্ষ থেকে ৭ লক্ষ মানুষ নির্ভরশীল। শুধু নদিয়া জেলা নয়, মুর্শিদাবাদ জেলা থেকেও মানুষ ওই হাসপাতালে চিকিৎসার জন্য যান। কিন্তু ওই হাসপাতালে আজ পর্যন্ত একটা ব্ল্যাড ব্যাঙ্ক স্থাপন করা হল না। বহরমপুর এবং কৃষ্ণনগরের মধ্যবর্তী ওই অঞ্চলে কোনো ব্ল্যাড ব্যাঙ্ক না থাকায় অসুস্থ মানুষের সঠিক চিকিৎসায় অসুবিধা হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে করিমপুর হাসপাতালে একটা ব্ল্যাড ব্যাঙ্ক স্থাপন করা হোক। ধন্যবাদ।

**শ্রীমতী সোনালী গুহ** : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আগামী ২৪শে এবং ২৫শে আগস্ট যে সমস্ত উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখার ৮০% পরীক্ষার্থীরা মেডিকেল এবং ইঞ্জিনিয়ারিং-এর জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা দেবে, তাদের মধ্যে আবার একটা বড় অংশের ছাত্রছাত্রী মনিপাল অ্যাকাডেমি অব হায়ার এডুকেশনের অ্যাডমিশন টেস্ট পরীক্ষায় বসবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হচ্ছে, মনিপাল অ্যাকাডেমি অব হায়ার এডুকেশনের পরীক্ষার দিনও ধার্য হয়েছে ২৫শে আগস্ট। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি ওই সমস্ত ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা যাতে উভয় পরীক্ষায় বসার সুযোগ পায় তার জন্য আমাদের রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার দিন এগিয়ে বা পিছিয়ে দেওয়া হোক। ধন্যবাদ স্যার।

(এই সময় মাননীয় অধ্যক্ষ মহাশয়ের পরিবর্তে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় সভা পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন।)

**শ্রী আবুল হাসনাৎ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদায়ের দৃষ্টি আকর্ষণ করছি। জঙ্গীপুরের মহকুমা হাসপাতালে বর্তমানে কোনো অর্থোপেডিক চিকিৎসক এবং অ্যানাসথেসিস্ট না থাকায় অপারেশনের ক্ষেত্রে খুবই অসুবিধা দেখা দিয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি ওখানে অবিলম্বে একজন অর্থোপেডিক সার্জেন এবং একজন অ্যানাসথেটিস্ট দেওয়া হোক। হাজার হাজার মানুষ ওই হাসপাতালে অপারেশনের জন্য যাচ্ছে, কিন্তু সুযোগ পাচ্ছে না। ৩৪ নং জাতীয় সড়কের পাশেই হাসপাতালটি অবস্থিত হওয়া সত্ত্বেও দুর্ঘটনাজনিত আহত ব্যক্তিদেরও অপারেশন হচ্ছে না। অর্থোপেডিক সার্জেন এবং অ্যানাসথেসিস্টের জন্য চিকিৎসা ঠিকমতো হচ্ছে না। রোগীদের ৫০/৬০ কিলোমিটার দূরে বহরমপুর হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়। তাই জঙ্গীপুর সাব-ডিভিশনাল হাসপাতালে অবিলম্বে অর্থোপেডিক সার্জেন এবং অ্যানাসথেটিস্ট দেবার জন্য আমি মাননীয় মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী মোস্তাক আলম** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে এগ্রিকালচার ও মার্কেটিং বিভাগের মাননীয়া মন্ত্রী শ্রীমতী ছায়া ঘোষের দৃষ্টি আকর্ষণ করছি। হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত তুলসিহাটা বাজার সমিতির নামে বহুদিন আগে রাজ্য সরকার জমি অধিগ্রহণ করেছে এবং সেখানে কিছু কাজও হয়েছে। উনি মন্ত্রী হওয়ার পর ওনার সঙ্গে আমি একাধিকবার দেখা করেছি এবং এই বিষয়ে কথাও বলেছি। কিন্তু এই বিভাগের মন্ত্রী হওয়ার পর এই বিভাগের কোনো কাজের খোঁজ-খবর রাখেন কিনা জানি না, খালি উনি বলেন, দেখছি, দেখবো। আমি ওনাকে অনুরোধ করবো, যেহেতু এই বাজার সমিতির জমি সরকার অধিগ্রহণ করেছেন, সেইহেতু অবিলম্বে এটি চালু করা দরকার, তা না হলে মন্ত্রিমহাশয়া কি সিদ্ধান্ত নিয়েছেন তা জানানো দরকার।

**শ্রী কিরীটি বাগদী** : স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম মেদিনীপুর জেলার কেশিয়ারী থানার কুলবনা মৌজায় দেড় শতাধিক আখ চাষীর আখে আগুন লেগে সব নষ্ট হয়ে গেছে। বাজারে গুড় বিক্রি করে জীবিকা নির্বাহ করত সেটাও আর হচ্ছে না। এই বিপর্যয়ের মধ্যে পড়ে আখচাষীরা একটা অসহায় অবস্থার মধ্যে দিন যাপন করছে। এই সমস্ত ক্ষতিগ্রস্ত আখচাষীদের যথাযথ ক্ষতিপূরণ এবং সহজ শর্তে ঋণ দেবার জন্য আমি আবেদন করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার বিশেষত মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার ১ নম্বর ব্লকের অধীনস্থ কেঞ্জাকুড়ার গ্রামের পাশ দিয়ে দ্বারকেশ্বর নদী বয়ে যায়। এরই পাশে সঞ্জিবনী ঘাট ছিল এবং ৩০ বছর আগে সেখানে একটা সেতু ছিল। প্রায় ১০ বছর আগে সেখানে সেতু করার জন্য বোরিং থেকে আরম্ভ করে বিভিন্ন বিশেষজ্ঞরা সেখানে গিয়ে দেখে সেতু নির্মাণ করবেন বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন পূর্ত দপ্তর। ১৫০ থেকে ২০০ গ্রামের লোকেরা ওই নদীপথ দিয়ে যাতায়াত করে। বর্ষাকালে কোনো যোগাযোগ ব্যবস্থা নেই। জেলা পরিষদের মাধ্যমে জেলা প্ল্যানিং দপ্তর সেটা বাস্তবায়িত করবেন বলে স্থির করেছিলেন এবং

এতদিন ধরে সব কিছু হয়ে যাবার পরও কেন ওই সেতুটি হচ্ছে না তার জন্য আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জানে আলম মিঞা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সূতি বিধানসভার অর্ন্তগত দুটি ব্লক হাসপাতাল মহেশাইল এবং আহিরণ ব্লক হাসপাতালে আয়ুর্বেদ চিকিৎসক নিয়োগ করা হয়েছে, কিন্তু কোনো ওষুধের ব্যবস্থা করা হয়নি। দীর্ঘদিন ধরে তারা কেবল মাসের শেষে বেতন নিচ্ছে, কিন্তু তাদের কাছ থেকে কোনো সার্ভিস পাওয়া যাচ্ছে না এবং মাসের বাকি দিনগুলিতে তাদের পাওয়াও যায় না। এ ছাড়া আশপাশের যেসব হাসপাতালগুলি আছে সেখানেও আয়ুর্বেদ চিকিৎসক আছে, কিন্তু সেই একই অবস্থা তাদেরও। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি, ওই ডাক্তারকে চিকিৎসা করার সুযোগ দেবার জন্য অবিলম্বে ওষুধপত্র ওই হাসপাতালগুলিতে পাঠানো হোক। চিকিৎসা করার সুযোগ দেওয়া হোক এবং এলাকার মানুষের চিকিৎসার সুযোগ করে দেওয়া হোক।

[12.20—12.30 p.m.]

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনের সিংহদুয়ার, গেটওয়ে ক্যানিং শহর। ক্যানিং শহরের সামগ্রিক উন্নয়নের জন্য একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল দশ বছর আগে। কিন্তু আজও তাকে বাস্তবায়িত করা হয়নি। ১৬ বছর আগে ক্যানিংকে মহকুমা হিসাবে ঘোষণা করা হয়েছিল এবং বাসন্তী এবং গোসাবাকে পূর্ব এবং পশ্চিম কেন্দ্রের হেড কোয়ার্টার করা হয়েছে। ক্যানিং সাব-ডিভিসন অফিস কমপ্লেক্সের কাজ এখনও শুরু হয়নি। ক্যানিং মহকুমা আদালতের কাজ এখনও শুরু হয়নি। ক্যানিংয়ে যে গ্রামীণ হাসপাতাল আছে, সেখানে ১১ জন ডাক্তার আছেন। সেখানে বিশ্ব ব্যাংকের টাকায় কেনা যন্ত্রপাতিগুলো সব নষ্ট হয়ে যাচ্ছে। ক্যানিংয়ে রাস্তাঘাটের বেহাল অবস্থা। সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ক্যানিং মহকুমায় তার যে কার্যালয়, কমপ্লেক্সের কাজ যাতে শুরু হয় এবং আদালতের কাজ যাতে শুরু হয়। ক্যানিংয়ের সার্বিক উন্নয়নের জন্য ক্যানিং স্পোর্টস কমপ্লেক্সের কাজ যাতে দ্রুত উন্নতির পথে এগিয়ে যায় তার জন্য আবেদন জানাচ্ছি। ক্যানিংয়ের বাস টার্মিনাস, প্রয়ঃপ্রণালী ব্যবস্থা, পরিবহণ ব্যবস্থা সব দিক থেকে ভেঙে পড়েছে। ক্যানিংয়ের সার্বিক উন্নয়নের জন্য ভূমি উন্নয়ন ও ভূমিরাজস্ব দপ্তরের মন্ত্রী আব্দুল রেজ্জাক মোল্লাকে চেয়ারম্যান করে যে কমিটি করা হয়েছিল, সেই কমিটি যাতে তাড়াতাড়ি ফাংশান শুরু করে তার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভূতনাথ সোরেন** : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। আমার বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত নয়াগ্রাম, গোপীবল্লভপুর থানার দক্ষিণ এবং পশ্চিম অংশ সীমানায় অবস্থিত এবং ওড়িশা এবং ঝাড়খণ্ড রাজ্যের সীমানার কাছে। ওই সীমান্তবর্তী অঞ্চলে প্রকৃতিগতভাবে শাল

জঙ্গলে ভর্তি। এখানে যা মনে হচ্ছে, প্রশাসনিকভাবে ওই দুটি থানা এলাকায় ওড়িশা এবং ঝাড়খণ্ড থেকে কিছু অবাঞ্ছিত ব্যক্তির আনাগোনা শুরু হয়েছে। এর ফলে এলাকার মানুষ নিরাপত্তার অভাব বোধ করছে। এই জন্য আমার অনুরোধ, থানাগুলিতে পুলিশের সংখ্যা বৃদ্ধি করুন এবং ওড়িশা ও ঝাড়খণ্ড সীমানা সীল করার ব্যবস্থা করুন এবং ওই এলাকার যাতে উন্নতি হয় তার ব্যবস্থা করুন। সেজন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোসাবা পঞ্চায়েত সমিতি লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করছে। সেখানে বিভিন্ন উন্নয়নমূলক যে স্কীম আছে, সেই উন্নয়নমূলক স্কীমের টাকা গোসাবা পঞ্চায়েত সমিতি একই ব্যক্তিকে একই দিনে দশ-বারো বার করে পেমেন্ট করছে। যেসব ব্যক্তিকে এইভাবে পেমেন্ট করা হয়েছে, তাদের মধ্যে আমি কয়েকজনের নাম উল্লেখ করছি। রবীন্দ্র মণ্ডল, বাবার নাম রাজেন মণ্ডল, সুধীন্দ্র মণ্ডল, রাজেন সরকার, বাবার নাম ভীম, ব্রজেন সরকার, বাবার নাম সুখেন সরকার। এইভাবে একই লোককে বারবার টাকা দেওয়া হয়েছে। একই দিনে, এমনকি এও দেখা গেছে, একই লোককে এগারো বার পেমেন্ট দেখানো হয়েছে। এইভাবে উন্নয়নের জন্য যে টাকা আছে গোসাবা পঞ্চায়েত সমিতিতে, সেই টাকা আত্মসাৎ করা হচ্ছে। গোসাবা পঞ্চায়েত সমিতির ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি দেওয়া হয়েছিল। ৮।১০।২০০২ তারিখে আপনাকে একটা চিঠি দেওয়া হয়েছিল। বারবার চিঠি দেওয়া সত্ত্বেও কোনো উত্তর পাওয়া যায়নি। এখানে পঞ্চায়েতমন্ত্রী আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করলাম। গোসাবা ব্লক অফিসে যিনি আধিকারিক আছে, তাঁরই সাহায্যে এই ধরনের ঘটনা ঘটছে। ফল্‌স্‌ মাস্টার রোল করে একই বক্তির নাম দেখিয়ে টাকাগুলোকে আত্মসাৎ করা হয়েছে। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ভবানী শঙ্কর হাতিয়াল** : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গোপীবল্লভপুর বিধানসভার অন্তর্গত গোপীবল্লভপুর গ্রামে চিংড়ি মৌজায় ১৩২ কেভি বিদ্যুৎ সাব-স্টেশনটি তৈরি হয়ে গেছে। ওই সাব-স্টেশনটি অবিলম্বে চালু করার জন্য আমি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

**শ্রী নেপাল মাহাত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ঝালদা কেন্দ্রে কেরোসিন তেলের অ্যালোটমেন্টের কোটা যেটা আছে ঠিক আছে। কিন্তু অয়েল কোম্পানী বিশেষ করে ঝালদা এলাকায় অনেক বেশি সংখ্যক কেরোসিনের কোটা থাকা সত্ত্বেও তেলের কোটা কেটে দিয়েছে। এর ফলে গ্রামের সাধারণ গরীব ছেলেমেয়েরা বিশেষ করে আদিবাসী অধ্যুষিত এলাকার মানুষেরা গরমে তেল পাচ্ছে না। এই নিয়ে বহুবার ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের কাছে দরবার করা হয়েছে। ডিস্ট্রিক্ট কন্ট্রোলার বলেছে কোটা ঠিক আছে। কিন্তু অয়েল কোম্পানীর ম্যানেজার, জেনারেল ম্যানেজার তারা দুর্নীতির আশ্রয় নিয়ে তেলের কোটা কার্টেল করেছেন। মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে ওই ঝালদাতে কেরোসিন তেলের কোটা কমানো না হয় এবং অয়েল কোম্পানীর দুর্নীতির আশ্রয় নিয়ে যে কোটা কার্টেল করা হচ্ছে সেটা বন্ধ করা হোক এবং তেলের যা কোটা আছে সেইভাবে যাতে তেল পাওয়া যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী জাহাঙ্গীর করিম** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামীণ অর্থনীতিতে সেরি কালচার একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এবং এই পোলো চাষের জন্য ডিম সরবরাহ করে দুটি সংস্থা যথা সেন্ট্রাল সিল্ক বোর্ড এবং স্টেট সেরি কালচার। কয়েক মাস যাবৎ সেন্ট্রাল সিল্ক বোর্ড যে ডিম সরবরাহ করেছিল তাতে মারাত্মকভাবে রেশম চাষের সর্বনাশ হচ্ছে। মালদা, মুর্শিদাবাদে ডিম হ্যাচ করেনি, যার ফলে পোলো চাষের মারাত্মক ক্ষতি হচ্ছে। বর্তমানে এই ফাল্গুনী বন্ধে পশ্চিম মেদিনীপুর জেলায় বিশেষ করে ডেবরা বিধানসভা কেন্দ্রে যে সিট জোন আছে, সেখানে রেশম চাষে ভীষণভাবে মড়ক লেগেছে। এক একটা কৃষকের ৮০ থেকে ৯০ হাজার পোলো মারা গেছে। বহরমপুর রিসার্চ সেন্টার থেকে গবেষক দিয়ে ওই রোগটি নির্ণয় করার আদেশ দিন এবং ওর প্রতিষেধক ব্যবস্থা নেওয়ারও উদ্যোগ গ্রহণ করুন। এই রোগটি হচ্ছে স্বল্পা রোগ, এক ধরনের ভাইরাল রোগ এবং এটা আবহাওয়া বা বাতাসজনিত রোগ। এর প্রতিষেধক ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী মহবুবুল হক** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৯ই মার্চ প্রতিদিন কাগজে দেখলাম, ১৩ই মার্চ আনন্দবাজার কাগজে দেখলাম এবং ২৯শে ফেব্রুয়ারি থেকে ৬ই মার্চ কাগজের কলমে দেখেছি যে, মাদ্রাসা বোর্ডের সভাপতির বিরুদ্ধে অভিযোগ উঠেছে। মাদ্রাসা বোর্ডের যে সিলেবাস সেটা ইক্যুভালেন্ট টু স্কুল ফাইনাল। মাদ্রাসা এবং স্কুল ফাইনালে একই সিলেবাস, একই বই ছাপানো হয়, সেখানে মাদ্রাসা বোর্ড কেন আলাদা বই ছাপানোর নির্দেশ দিল বুঝতে পারছি না। সেখানে টেন্ডার কল করে বই ছাপানোর নির্দেশ দেওয়া হল। এতে জনমানসের মধ্যে একটা সন্দেহ দেখা দিয়েছে। সংবাদ পরিবেশিত হয়েছে যে, আর্থিক অনিয়ম আছে এবং সভাপতি লোয়েস্ট টেন্ডার যিনি দিয়েছিলেন তাকে কল না করে অন্যকে দিয়ে বই ছাপানো হল কেন। এই বিষয়ে অবশ্যি মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ যে, তিনি তদন্ত করার নির্দেশ দিয়েছেন। কিন্তু একটি কথা, তদন্তের বিষয়টি মেনে নিতে পারি না কারণ যার বিরুদ্ধে অভিযোগ সেই সভাপতিকে রেখে তার বিরুদ্ধে তদন্ত করা হবে সেটা কখনোই ঠিকভাবে হবে না। তাকে হয় অনুপস্থিত করাতে হবে, ছুটিতে থাকার ব্যবস্থা করুন, অন্তত তদন্ত চলাকালীন সময়ে।

সেই সভাপতিকে ছুটিতে পাঠানো হোক, যাতে তদন্তে তিনি প্রভাব বিস্তার করতে না পারেন। এই বিষয়ে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যেহেতু মাননীয় মুখ্যমন্ত্রী তদন্তের নির্দেশ দিয়েছেন, সেই জন্য বলছি, এই ব্যাপারে আর্থিক দুর্নীতি হয়ে থাকলে আরও তদন্তের দাবি করছি।

[12.30—12.40 p.m.]

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী, মাননীয় আইন ও বিচার বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হুগলি জেলার শ্রীরামপুর মহকুমা শাসকের যে

কার্যালয় সেটা হেরিটেজ বিল্ডিং, ডাচদের তৈরি। এটা একটা ঐতিহ্যমণ্ডিত বাড়ি। সেটা বহুদিন হল ভেঙে গিয়েছে। তার সামনের কাঠামোকে অক্ষুণ্ণ রেখে দিয়ে প্রশাসনিক দপ্তরটি নির্মাণ করা দরকার। এখন মহকুমা শাসকের যে অফিসটি চলছে, সেটা খুব ছোটো জায়গায় বাড়িটি তৈরি করে দেওয়া হয়েছে, সেখানে জায়গা খুবই অপ্রতুল। সেই ঐতিহ্যমণ্ডিত বাড়িটি যেটা ডাচদের তৈরি সেটার সামনেটাকে অক্ষুণ্ণ রেখে সেটা তৈরি করা হোক, এটা এস ডি ও-র অফিস, এটা নির্মাণ করা দরকার।

**শ্রী কমল মুখার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের হুগলি জেলায় যেসব উৎকল বা ওড়িয়া বসবাসকারী মানুষ আছেন, তাদের সংখ্যা ২ লক্ষেরও অধিক। এই হুগলি জেলার বিভিন্ন জায়গায় ৭টি উড়িয়া মাধ্যম-এর প্রাথমিক বিদ্যালয় আছে। কিন্তু অত্যন্ত দুঃখজনক ঘটনা, হুগলি জেলায় উড়িয়া মাধ্যমের একটি জুনিয়র হাইস্কুল বা মাধ্যমিক স্কুল নেই। হুগলি জেলায় আমি জানি ভদ্রেশ্বর এলাকায়, আমার চন্দননগর বিধানসভা কেন্দ্রের মধ্যে গোপাবন্ধু প্রাথমিক বিদ্যালয় নামে উড়িয়া স্কুল আছে। সেখানে ফাইভ থেকে এইট পর্যন্ত ক্লাস চলছে। সেখানে সবচেয়ে দুঃখজনক ঘটনা টিচার আছে, বিল্ডিং আছে, এই ব্যাপারে বারবার সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি যাতে ওইখানে মাধ্যমিক স্কুল হয়। কিন্তু আজ পর্যন্ত হয়নি। সঙ্গে সঙ্গে এই যে উড়িয়া ছেলে-মেয়েরা যারা প্রাথমিক স্কুলে ক্লাস শেষ করছে তাদের বাধ্য হয়ে যেতে হয় আমাদের গঙ্গার ওপারে উত্তর ২৪-পরগনা জেলার টিটাগড়ে। না হলে কলকাতার খিদিরপুরে। কিন্তু প্রকৃতপক্ষে সেখানে প্রয়োজন একটা মাধ্যমিক স্কুলের। তাই আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যেন হুগলি জেলায় উড়িয়া মাধ্যমিক স্কুল হয়।

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবঙ্গ হচ্ছে, কৃষিজ এলাকা। আমরা দেখেছি, আগেকার দিনে যারা ইঞ্জিনীয়ার ছিল, তারা যে সমস্ত খাল, নালা কেটেছে, তারা একটা নদীর সঙ্গে আর একটা নদীকে যুক্ত করেছে, তার ফলে অনেকগুলি সৃতি খাল এক একটা থানায় রয়েছে। কিন্তু আমরা দেখছি রিভার লিফট হওয়ার ফলে, স্যালো টিউবওয়েল হওয়ার ফলে অনেক জায়গাতে নদীপথে জল নেওয়ার ফলে বিভিন্ন জায়গায় খালগুলি ক্রমে ক্রমে মজে যাচ্ছে। তার ফলে চাষ ব্যবস্থার ক্ষতি হচ্ছে। অপরদিকে আমরা দেখতে পাচ্ছি, কৃষির উপর সরকার জোর দিচ্ছেন, সরকার চেষ্টা করছেন কি করে লক্ষ লক্ষ বেকার, শিক্ষিত বেকার, কলকারখানা বন্ধ হয়ে যাওয়ায় যাঁরা বাড়িতে ফিরে এসেছেন, তাঁদের যদি কৃষিকাজ করে বাঁচাতে হয় তাহলে এই খালগুলিকে অবিলম্বে কাটা দরকার। তা না হলে এলাকায় প্রচণ্ড ক্ষতি হবে। আমরা দেখতে পাচ্ছি, কয়েকটি সীমাবদ্ধ এলাকাতে আর এল আই, স্যালো টিউবওয়েল বা রিভার লিফট টিউবওয়েল আছে, কিন্তু বাদবাকি হাজার হাজার চাষযোগ্য জমিতে তারা চাষ করতে পারছে না,জলের অভাবে। এই ব্যাপারটি অবিলম্বে দেখার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০০৩-২০০৪ আর্থিক বছর প্রায় সমাপ্ত হতে চলেছে, কিন্তু বিধায়ক এলাকা উন্নয়ন অনুসারে এখনো আমরা পুরো বৎসরের বরাদ্দ পাইনি। অবিলম্বে পরিকল্পনা অনুযায়ী সমগ্র আর্থিক বছরের বরাদ্দ দেওয়ার জন্য আমি দাবি করছি।

**শ্রী দেবেশ দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সারা দেশে কেলেঙ্কারি করে কোটি কোটি টাকা বি.জে.পি. এবং তৃণমূলের নেতারা কামিয়ে যখন ফিল গুড, তখন মশার অত্যাচারে কলকাতার মানুষ ফিল ব্যাড, ভেরি ব্যাড। মেয়র ও মেয়র পরিষদের সদস্যরা যখন আনন্দে মশগুল, কেননা দে ফিল গুড ইন দেয়ার পকেট, স্যার এটা হচ্ছে FILL. তখন কলকাতায় ম্যালেরিয়া বাড়ছে, ফাইলেরিয়া বাড়ছে এবং এর বিরুদ্ধে কলকাতার মানুষ আগামী নির্বাচনে কলকাতা পৌরসভার মেয়র ও তার নেত্রীকে জবাব দেওয়ার জন্য প্রস্তুত আছেন। কিন্তু তার আগে আমি রাজ্য সরকারের পৌরমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, কলকাতাবাসীকে এই ম্যালেরিয়া ও ফাইলেরিয়ার হাত থেকে বাঁচানোর জন্য।

**শ্রীমতী মঞ্জু বসু** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে যখন দুর্নীতি চলছে, তখন সেই দুর্নীতির শিকার রাজ্যের বিভিন্ন জেলায় অবস্থিত কারাগারগুলি। আমি উত্তর ২৪-পরগনা জেলার ব্যারাকপুরের কারাগারের কথা বলছি, সেখানে যখন নতুন আসামী পাঠানো হয়, তখন ওখানে যারা পুরোনো আসামী থাকে তারা বিভিন্নভাবে দাদাগিরি করেন নতুন আসামীদের উপরে এবং অকথ্য অত্যাচার চালান। তাদের সেই অত্যাচার থেকে রেহাই পেতে গেলে মোটা অঙ্কের টাকা দিতে হয়। সেই টাকায় তারা জেলের মধ্যে রাজার হালে থাকে এবং তাদের ভোগ্যবস্তু আসে এবং সেই টাকার ভাগ জেলার সাহেবরাও পান। জেলের ভেতরে এই অত্যাচারের ফলে কেউ কেউ পঙ্গুও হয়ে গেছে এবং জেলের বাইরে এসে চিকিৎসার জন্য তাদের বহু টাকা ব্যয় করতে হয়। অবিলম্বে জেলের ভেতরে এই দুর্নীতি বন্ধ করার দাবি জানাচ্ছি।

**শ্রী কার্তিকচন্দ্র বাগ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, গত ১০ই মার্চ হঠাৎ ঝড়-বৃষ্টিতে আমার বিধানসভা এলাকা ভেদিয়ায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। ওখানে ৯৪টি গরু-মোষ, ৪১৪টি ছাগল, ১৭৭৭টি হাঁস, ৩৯৭৩টি মুরগী মারা গেছে এবং অনেক আহত হয়েছে। আলুর জমির ক্ষতি হয়েছে প্রায় ৮৫০ একর ; গমের জমির ক্ষতি হয়েছে ৩১০ একর ; কলাইয়ের জমির ক্ষতি হয়েছে প্রায় ১০০ একর ; বোরো ধানের ক্ষতি হয়েছে প্রায় ৩০০ একরের মতো ; পিঁয়াজ ও অন্যান্য সবজির ক্ষতি হয়েছে ১২৫ একরের মতো। প্রায় তিন থেকে পাঁচ হাজার একরের মতো জমি ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও অনেকে আহত হয়েছেন। কৃষকদের পক্ষে এই ব্যাপক ক্ষতি পূরণ করা সম্ভব নয়। অবিলম্বে সরেজমিনে তদন্ত করে কৃষকরা এবং পশুপালকরা যাতে সাহায্য পায় তার জন্য আমি মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

[12.40—12.50 p.m.]

**শ্রী অশোক কুমার দেব** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নির্বাচন যত ঘনিয়ে আসছে দেখা যাচ্ছে যে, রাজ্যের মন্ত্রীরা প্রশাসনকে বিভিন্নভাবে ইউটিলাইজ করার চেষ্টা করছেন। গতকাল জোড়াবাগানে দেখা যাচ্ছে যে দেওয়াল লিখনকে কেন্দ্র করে সি.পি.এম কর্মীরা হামলা করে। যারা হামলা করল তারা বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছে আর যারা মার খেল তাদের গ্রেপ্তার করা হল। আজকে এই পরিবেশ দাঁড়িয়ে গেছে। উত্তর-পূর্ব কলকাতায় আমি নাম করেই বলছি মহম্মদ সেলিম তিনি নিজে মন্ত্রী হয়ে নিজের প্যাড ব্যবহার করে ক্ষমতা প্রয়োগ করছেন। আমার মনে হয় এই জিনিস কখনোই ঠিক নয়। নির্বাচন কমিশন কিভাবে এটাকে অ্যালাউ করেছন। শুধু তাই নয়, মন্ত্রীরা নিজেদের গাড়ি ব্যবহার করছেন। পুলিশের সাহায্য নিচ্ছেন। নির্বাচনকে কেন্দ্র করে অনেকগুলো থানার বড়বাবুকে চেঞ্জ করা হয়েছে। এইভাবে নির্বাচনে সন্ত্রাস চালানোর চেষ্টা হবে। জনসাধারণ আজকে চিন্তিত, আমরা সুস্থ নির্বাচন চাই। এই যদি চলতে থাকে নির্বাচনের সময়ে অনেক ঘটনা ঘটবে। অনেক পুলিশ আমাদের বলেছেন যে সত্যিই আমরা চিন্তিত যে যেভাবে সরকার পক্ষ হুমকি দিচ্ছেন তাতে সুষ্ঠুভাবে নির্বাচন হবে কিনা। সি.পি.এম-এর একটা অংশও বলেছেন যে আগামী দিনে পরিবেশের ক্ষতি হবে। আমরা সুস্থ এবং সুষ্ঠু নির্বাচন চাই। যাতে সেই পরিবশে গড়ে ওঠে তার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী গোবিন্দ রায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্যের পূর্ত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার জলপাইগুড়ির আটটা গ্রাম পঞ্চায়েত এলাকায় ৮টি সংযোগকারী রাস্তার ৬টি কাঠের সেতু অত্যন্ত দুর্বল এবং খারাপ অবস্থায় আছে। অবিলম্বে এই কাঠের সেতুগুলোকে পাকা সেতুতে রূপান্তরিত করার উদ্যোগ গ্রহণ করতে দাবি জানাচ্ছি। কেরাণিপাড়া গদাধর সেতু, নগর বেড়বাড়ি সেতু, পাঙ্গা সেতু, মানিকগঞ্জ পাঙ্গা সেতু, শোভার হাট পাঙ্গা সেতু, রাঙ্গাপানি সেতু, হরিমন্দির পাঙ্গা সেতু— এই ৬টা কাঠের ব্রিজ যে কোনো মুহূর্তে ভেঙে দুর্ঘটনা ঘটাতে পারে। প্রতি বছর গবাদি পশু এবং যানবাহন নদীতে পড়ে যায়। কৃষিপণ্য চলাচলে অসুবিধা হয়। গোটা এলাকা সীমান্ত এলাকা। বি.এস.এফ পাহারা দেওয়ার জন্য যে গাড়ি নিয়ে যেতে হয়, সেক্ষেত্রে অসুবিধা হয়। জেলা পরিষদের পক্ষ থেকে অ্যাকশন প্ল্যান করে পাঠানো হয়েছিল এবং পি.ডব্লু.ডি-র পক্ষ থেকে সয়েল টেস্টিংয়ের কাজও হয়, কিন্তু ব্রিজগুলো হয়নি। আমি এই সভায় মাননীয় মন্ত্রিদ্বয় আছেন তাদের কাছে দাবি রাখছি অত্যন্ত দ্রুতগতিতে পদক্ষেপ গ্রহণ করার জন্য। এই কাঠের সেতুগুলোকে পাকা সেতুতে রূপান্তরিত করা হোক, এই দাবি আমি ওই এলাকার অধিবাসীদের পক্ষ থেকে রাখছি নাহলে সেখানে বিক্ষোভ ধূমায়িত হচ্ছে।

**Smt. Shanta Chhetri** : Hon'ble Deputy Speaker, Sir, I would like to draw the special attention to the Hon'ble Minister in-Charge of Food and Supply. Sir, since 1996, the ration cards have not been

issued to the people of Darjeeling Hills in general. Even the minors are also deprived of getting the ration cards.

I therefore, request the Hon'ble Minister in-Charge of Food and Supply, to issue the ration cards immediately to the people of Darjeeling Hills. Although all formalities for issuance of new ration cards had been completed by the District administration. Thank you, Sir.

**শ্রী নির্মল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারত সরকার ১৫-২০ ভাগ মানুষকে ফিল গুড করেছেন, আমাদের রাজ্য সরকারের সে ব্যাপার নেই। এখানে প্রশাসনিক পরিষেবা যাতে সর্বস্তরের মানুষের কাছে পৌঁছে দেওয়া যায় তার জন্য বিশেষ করে আলিপুরদুয়ার মহকুমার প্রত্যন্ত এলাকা থেকে জলপাইগুড়ির দূরত্ব ২০০ কিমি.। সেখানে জেলার দাবিতে আন্দোলন হয়েছে, সেখানে ডিভিশনাল কমিশনার সহ সব প্রশাসনের কাছে বলা হয়েছে জলপাইগুড়ি থেকে আলিপুরদুয়ার আলাদা জেলা হোক। সেই রকমভাবে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে কিন্তু তাদের টাকা কম। সেই জন্য উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে বিধিবদ্ধ করে যাতে কেন্দ্রীয় সরকারের থেকে টাকা আনা যায় সেটাই চাইছে উত্তরবঙ্গের মানুষ এবং জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষ আছে, সেটাকে সম্প্রসারিত করে আলিপুরদুয়ার-জয়গাঁ উন্নয়ন কর্তৃপক্ষ হিসাবে গড়ে তোলা দরকার জলপাইগুড়ি-শিলিগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষের আদলে। এখানে মাননীয় পরিকল্পনামন্ত্রী উপস্থিত আছেন, আমি তাঁকে অনুরোধ করবো এই বিষয়টা দেখুন। আমাদের সরকারের লক্ষ্য হল উন্নয়নের পরশ পৌঁছানোর জন্য ডিসেন্ট্রালাইজ করা এবং আমাদের সরকারের লক্ষ্য নয় শুধু ১৫ ভাগ মানুষ, আমাদের লক্ষ্য ১০০ ভাগ মানুষের জন্য পরিষেবা নিশ্চিত করা। তাই আমাদের যে লক্ষ্য সেই লক্ষ্যে যেতে গেলে বা তাকে বাস্তবায়িত করতে গেলে আমাদের আলিপুরদুয়ারকে জেলা হিসাবে ঘোষণা করা দরকার এবং উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে আর্থিক দিক থেকে শক্তিশালী করা দরকার এবং জয়গাঁ ডেভেলপমেন্ট অথরিটিকে আলিপুরদুয়ার পর্যন্ত নিয়ে আসা দরকার।

**শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উদ্বাস্তু, ত্রাণ এবং পুনর্বাসন দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, নবদ্বীপের ফাঁসিতলা নবপল্লী কলোনীর মধ্যে কয়েক শত গরীব পরিবার বাস করে। দীর্ঘদিন যাবৎ তারা পাট্টা পাওয়ার চেষ্টা করেছেন, কিন্তু দুঃখের বিষয় সেই পাট্টা পেতে বিলম্ব হচ্ছে চাষের জমি থেকে বাস্তু জমিতে পরিবর্তন করার জন্য। সমস্ত কিছু হওয়ার পরও জেলার উদ্বাস্তু, ত্রাণ এবং পুনর্বাসন দপ্তর তাদের এখনো পাট্টা দিচ্ছে না। এর ফলে যে সমস্যা তৈরি হয়েছে— এই সমস্যা দূর করার জন্য মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন করছি যাতে ওই মানুষগুলোকে পাট্টা দেওয়ার ব্যবস্থা করেন।

**শ্রী ব্রহ্মময় নন্দ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পূর্ব মেদিনীপুর জেলার শহর তমলুক থেকে

নন্দকুমার পর্যন্ত ২০ কিমি. রাস্তা যানবাহন চলাচলের একেবারেই অযোগ্য হয়ে গেছে। ওখানে প্রায়ই অ্যাকসিডেন্ট ঘটছে। মানুষ যখন জেলা শহরে ঢোকে নন্দকুমার হাইরোড থেকে তমলুকের ভিতর রাস্তা দিয়ে। আমরা প্রশাসনকে জানিয়েছি, কিন্তু এখনও পর্যন্ত সারানো হয়নি। স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই অবিলম্বে নন্দকুমার থেকে তমলুক এই রাস্তাটি সারানো হোক।

**শ্রী কল্লোল খাঁ** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রে বেথুয়াডহরীতে প্রায় ১০০ বিঘা জমির উপর একটা কৃষি বীজ নিরীক্ষণ কেন্দ্র আছে। কিন্তু এই বীজ খামারটির অবস্থা অত্যন্ত সঙ্কটজনক। আমি বলতে চাই বীজ খামারের বাউন্ডারী ওয়াল না দেওয়ার জন্য বীজ নষ্ট হয়। আমি দাবি জানাচ্ছি অতি সত্বর ওই ১০০ বিঘা জমির উপরে অবস্থিত বীজ খামার কেন্দ্রের বাউন্ডারী ওয়াল দিয়ে এবং অত্যন্ত আধুনিকতর উপায়ে বীজ নিরীক্ষণ কেন্দ্রটি গড়ে তোলা দরকার, তাহলে নদিয়া জেলাসহ পশ্চিমবাংলার সমস্ত চাষীরা সেখান থেকে উন্নত মানের বীজ পেতে পারে। এর জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

[12.50—1.00 p.m.]

**শ্রী সরেশ আঁকুড়ে** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাঁকসা বিধানসভা এলাকায় মলানদীঘি গ্রামে একটা মাধ্যমিক স্কুল আছে। ওই স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৬ থেকে সাড়ে ৬০০ মতো এবং বেশির ভাগই তপশিলি জাতি, উপজাতি সম্প্রদায়ভুক্ত। ওই এলাকার ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক পাশ করার পর উচ্চমাধ্যমিক পড়ার জন্য দূর-দূরান্তে যেতে হয়। বিশেষ করে মেয়েদের অসুবিধার মধ্যে পড়তে হয়। তাই অবিলম্বে যাতে মলানদীঘি গ্রামের মাধ্যমিক স্কুলটি উচ্চমাধ্যমিকে পরিণত করা হয় তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী সৌগত রায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চা-শিল্পে সংকটের প্রতি এই হাউজের দৃষ্টি আকর্ষণ করছি। এই রাজ্যে ২৭৭টি চা-বাগানের মধ্যে ২১টি বন্ধ, ২৬টি আধা-বন্ধ। এর আগে হাউজে বারবার বলেছি এ ব্যাপারে। চা-বাগানে অন্তত ৪০০ শ্রমিক না খেতে পেয়ে মারা গেছে। রাজ্য সরকার একটা কমিটি নিয়োগ করেছিল শিল্প সচিবকে কনভেনার করে চা-শিল্পে সংকট মেটানোর জন্য। তারা একটা রিপোর্ট দিয়েছে। সেই কমিটি বলেছে চা-শিল্পকে বাঁচাবার একমাত্র উপায় শ্রমিকদের মাইনে কেটে দেওয়া যদি তারা উৎপাদন কম করে। দুর্ভাগ্যবশত রাজ্য সরকার এখনো পর্যন্ত বন্ধ চা-শিল্প খোলার জন্য কি কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে তা বলতে পারেননি। আমরা জানুয়ারি মাসে যখন অল পার্টি ডেলিগেশনে দিল্লিতে গিয়েছিলাম, তখন আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলেছিলাম কেন্দ্রীয় বাণিজ্যমন্ত্রীর কাছে ডেপুটেশন দিতে। তিনি বলেছিলেন আমাদের রিপোর্ট তৈরি হয়নি তাই ডেপুটেশন দিতে পারছি না। আবার এখন ওরা বলছেন কেন্দ্রীয় সরকার আমাদের কোনো সাহায্য করছে না। অথচ বছরের পর বছর বন্ধ কলকারখানার শ্রমিকদের মাত্র ৫০০ টাকা করে দেওয়া এবং জল সরবরাহ করা ছাড়া তাদের আর কোনো রিলিফ

দেওয়া যাচ্ছে না। চা-বাগানগুলো এমনিতেই আইসোলেটেড এলাকাতে অবস্থিত। তাদের ঘর-বাড়ি, বিদ্যুৎ, জল এবং রেশন—সব মালিককে দেওয়ার কথা। কিন্তু মালিকরা পালিয়ে গেছে এবং শ্রমিকরা অসহায় অবস্থার মধ্যে পড়েছে। চা-শিল্প সম্পর্কে যে রিপোর্ট তা এই হাউজে পেশ করা হবে বলে আশা করেছিলাম। কিন্তু দুর্ভাগ্যবশত পশ্চিমবঙ্গের দ্বিতীয় বৃহত্তম শিল্প, যেখানে আড়াই লাখ শ্রমিক কাজ করে তাদের ব্যাপারে তৈরি ওই রিপোর্ট হাউজে প্লেস করা হল না এবং আলোচনা করতে দেওয়া হল না। বন্ধ চা-বাগান খোলার ব্যাপারে রাজ্য সরকার কি কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছেন বা কেন্দ্রীয় সরকারের কাছে কি দাবি করেছেন সেটা হাউসে এসে অবিলম্বে মাননীয় শিল্পমন্ত্রী জানান। কারণ শুধু রেশন দোকানের মাধ্যমে চা বিক্রি করলে আজ চা-শিল্পে সংকট মিটবে বলে মনে হয় না।

**শ্রী কমলেন্দু সরকার** : নদিয়ার তেহট্ট মহকুমা হয়ে গেছে। দ্রুত শহর বাড়ছে। শহরের নীচ দিয়ে জলঙ্গি নদী বয়ে চলেছে। জলঙ্গির পশ্চিম পাড়ে দ্রুত শহর বৃদ্ধি পাওয়ার সুযোগ আছে। ৩৪ নম্বর জাতীয় সড়ক দিয়ে দ্রুত যোগাযোগ গড়ে উঠতে পারে। সেই জন্য জলঙ্গির উপর অবিলম্বে সেতুর দাবি করছি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে। এ ব্যাপারে একাধিকবার সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, পুনরায় করা হল।

## ZERO HOUR

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই বিধানসভার মাননীয় সদস্যদের গোচরে আনতে চাইছি।

সকলেই জানেন লোকসভা নির্বাচনের দিন ঘোষণা হয়ে গেছে এবং রাজনৈতিক দলগুলো বিভিন্নভাবে প্রচারে নেমে পড়েছে। কিন্তু আমাদের রাজ্যে তৃণমূল কংগ্রেস, যেহেতু তাদের পায়ের নীচে জমি নেই তাই তারা আজকে গুণ্ডাবাজি শুরু করেছে। গতকাল কলকাতার জোড়াসাঁকোর ফলপট্টিতে দেওয়াল লেখাকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেসের গুণ্ডা সঞ্জয় সোনকার স্থানীয় হোটেল-মালিক মহঃ সোহরাবের দারোয়ানকে ক্ষুর মারে। আহত ইমতিয়াজকে আশঙ্কাজনক অবস্থায় মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। হোটেল মালিক সোহরাবের হোটেলের সামনের একটি বাড়ির দেওয়ালের সৌন্দর্য বৃদ্ধি করার জন্য মহঃ সোহরাব সেই বাড়ির মালিকের পার্মিশনও নিয়েছিলেন। কিন্তু তা সত্ত্বেও তৃণমূল কংগ্রেসের ছেলেরা সেখানে জোর করে লিখতে গেলে এই ঘটনা ঘটে। স্যার, কারো দেওয়ালে লিখতে হলে মালিকের পার্মিশন নিতে হয়। এটা নির্বাচনের আচরণ বিধির মধ্যে পড়ে।

কিন্তু তৃণমূল কংগ্রেসের গুণ্ডারা জোর করে দেওয়াল লিখতে যায়। তাদেরকে দেওয়াল লিখতে বাধা দেওয়া হলে তৃণমূল কংগ্রেসের গুণ্ডারা মারধর শুরু করে। তারা ইমতিয়াজকে ক্ষুর মেরেছে। (এখানে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী গোবিন্দ রায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় কুটির শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সভারও দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি

জলপাইগুড়ি জেলার মৃৎ শিল্পীদের একটা সম্মেলন হয়েছে। তাঁরা উদ্বেগ প্রকাশ করেছেন যে, গোটা জেলায় যারা মৃৎশিল্পী আছেন তাঁরা একটা নিদারুণ সংকটের মুখোমুখি হয়েছেন। অবাধ বাণিজ্য নীতির কারণে বাইরে থেকে মৃৎশিল্পীরা গভীর সংকটের মধ্যে মুখোমুখি হয়েছেন। অবাধ বাণিজ্য নীতির কারণে বাইরে থেকে মৃৎশিল্পের সরঞ্জাম বাজারে ছেয়ে ফেলেছে। ফলে বুনিয়াদি শিল্পের সঙ্গে যুক্ত মৃৎশিল্পীরা গভীর সংকটের মধ্যে পড়েছেন। আমাদের বহুজাতিক কোম্পানিগুলো প্লাস্টিকের কল-কারখানায় প্লাস্টিকের গ্লাস, কাপ তৈরি করছে এবং মাটির জিনিস ব্যবহার না করে প্লাস্টিকের দিকে মানুষকে ধাবিত করছে। এবং মানুষ প্লাস্টিকের কাপ, গ্লাস ব্যবহার করছে। ফলে মৃৎশিল্পীরা মার খাচ্ছে। কিন্তু স্বাস্থ্য বিজ্ঞানীরা বলেছেন যে, প্লাস্টিকের কাপ, প্লাস্টিকের গ্লাস ব্যবহার করা ভয়ঙ্কর ক্ষতিকর—এগুলো কয়েক লক্ষ বছরেও মাটিতে মিশে যায় না। কিছুদিন আগে আমাদের বিধায়ক আবাসনের সামনের দোকানগুলোতে দেখেছি যে, সেখানে প্লাস্টিকের কাপে করে চা বিক্রি হচ্ছে। এগুলোকে নিষিদ্ধ করে সরকারের ঘোষণা থাকা সত্ত্বেও যারা এগুলো বিক্রি করছে তাদের ধরে শাস্তির ব্যবস্থা করা হচ্ছে না। যারা প্লাস্টিকের কাপ এবং প্লাস্টিকের গ্লাস ব্যবহার করবে তাদের শাস্তির ব্যবস্থা করা হোক। এবং বিকল্প হিসাবে মাটির কাপ এবং মাটির গ্লাস ব্যবহার করে মৃৎশিল্পীদের পাশে দাঁড়ানোর ব্যবস্থা করা হোক। এতে বুনিয়াদি শিল্পের সঙ্গে যুক্ত লক্ষ লক্ষ শিল্পীকে বাঁচানো যাবে এবং স্বাস্থ্য ও পরিবেশ রক্ষা করাও যাবে। এই বিষয়ে অবিলম্বে উদ্যোগ গ্রহণ করার দাবি জানাচ্ছি।

**শ্রী অশোক কুমার দেব** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সাবজেক্ট চেঞ্জ করছি। এখানে মাননীয় মন্ত্রী ডাঃ সূর্য্যকান্ত মিশ্র আছেন। আমি বলতে চাই যে, একটা সামান্য রোগ হলে মানুষ মুম্বাই, ম্যাড্রাস যাওয়ার চেষ্টা করছে এবং মন্ত্রী মহাশয় প্রতিবার বলেন, পশ্চিমবঙ্গে ভাল ট্রিটমেন্ট হয়ে থাকে। তাহলে মানুষ কেন চিকিৎসার জন্য এখান থেকে দিল্লি, মুম্বাই, ম্যাড্রাস যাচ্ছে ? ২৬ বছরে এখানে হাসপাতালের সংখ্যা বাড়েনি এবং যা শয্যা ছিল সেই শয্যার সংখ্যা কমে গেছে। মানুষের সংখ্যা বেড়েছে, কিন্তু সেই অনুপাতে কিছু করছেন না। পশ্চিমবঙ্গে এমন কোনো হাসপাতাল করুন যাতে বাইরে থেকে লোক এখানে আসতে পারে এবং এখান থেকে কোনো মানুষকে চিকিৎসার জন্য বাইরে যেতে হবে না। এখানে অনেক গরীব লোক আছেন। তাঁদের ট্রিটমেন্ট করার পয়সা নেই, তাঁদের ট্রেন ভাড়া দেওয়ার মতো পয়সা নেই। অথচ ডাক্তররা রেকমেন্ড করেন যে, ম্যাড্রাস যান, ভেলোর যান—ম্যাড্রাস, ভেলোর না গেলে এই রোগ সারানো যাবে না। কি অবস্থায় আমরা দাঁড়িয়ে আছি ! একটা সামান্য রোগ হলে মানুষকে বাইরে যেতে হচ্ছে। এখানে পি.জি. এবং বিভিন্ন হাসপাতাল আছে, কিন্তু সেখানে ট্রিটমেন্ট করা হচ্ছে না। মাননীয় সৌগতবাবু বলছিলেন যে, যে কোনো হাসপাতালের সামনে অনেক মেডিসিনের দোকান আছে। কিন্তু অনেক ডাক্তার বলেই দেন, অমুক দোকান থেকে মেডিসিন কিনবেন, অমুক জায়গা থেকে প্যাথোলজি টেস্ট করাবেন। তাহলে গরীব মানুষরা কোথায় যাবেন ? অনেক সময় আমাদের সার্টিফিকেটে হাসপাতালে গরীব মানুষরা ফ্রি বেড পান। কিন্তু ডাক্তাররা বলে দেন অমুক জায়গা থেকে প্যাথোলজি টেস্ট করাতে হবে, অমুক দোকান থেকে ওষুধ কিনবেন—এর ফলে গরীব মানুষরা অসুবিধায় পড়ে যান। সেজন্য আমি

দাবি জানাচ্ছি যে, পশ্চিমবঙ্গে অনেক হাসপাতাল তৈরি করুন যাতে এলাকার মানুষ এলাকাতেই ট্রিটমেন্ট করাতে পারেন।

[1.00–1.10 p.m.]

**শ্রীমতী শান্তা ছেত্রী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের দার্জিলিং পাহাড়ে বিভিন্ন স্কুলে উচ্চশিক্ষা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলিতে বিভিন্ন সাবজেক্ট টিচারের ভ্যাকান্সি হয়ে আছে। আজ পর্যন্ত সেই ভ্যাকান্সিগুলো যেগুলি রয়েছে, সেই পোস্টগুলি স্যাংশান হচ্ছে না। সেইজন্য আমাদের ওখানকার ছাত্ররা ভীষণ সমস্যাতে পড়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করছি, যাতে অবিলম্বে এই সাবজেক্ট টিচারের পোস্টগুলি ফিল আপ করা হয়।

**শ্রী কমলেন্দু সান্যাল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সভায় একটা ভয়াবহ ভীষণ চিত্র ছড়ায় আপনাদের সামনে রাখতে চাইছি এবং ধিক্কার জানাচ্ছি।

রেল চায় বিশ হাজার
চতুর্থ শ্রেণী কর্মচারী
দরখাস্ত পড়ল জমা
সত্তর লক্ষ আবেদনকারী।
চিঠি দিয়ে ডাকা ইন্টারভিউ-এ
ভাষা জাত দাঙ্গায়
ছাপান্ন জন চাকরী চেয়ে
মরণ খুঁজে পায়।
টি.ভি পর্দায়, সংবাদপত্রে
'ফিল-গুড-ইন্ডিয়া'
সাতান্ন বছর স্বাধীন দেশ।
জল বহে গঙ্গা দিয়া।
কার বা দেশ ? কিসেরদেশ ?
কার অনুভবে সুখ ?
প্রচারের এই বর্বরতায়
কোথায় লুকায় মুখ।
মুখ লুকানোর নেইকো ঠাঁই
বর্বরতায় ধিক্কার জানাই।

**শ্রী নির্মল দাস** : স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্য সরকারের শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আলিপুরদুয়ার ১২৫ বছর পেরিয়ে গেছে কিন্তু সেখানে কোনো মহিলা মহাবিদ্যালয় নেই। এর আগে মাননীয় রাজ্যপাল গিয়েছিলেন, সেখানে তিনি নাগরিকদের সাথে কথা বলেন এবং বিভিন্ন বিদ্যালয়ের কর্তৃপক্ষের সাথে কথা বলেন এবং সেখানে তিনি আগ্রহ প্রকাশ করেন যে এখানে মহিলা বিদ্যালয় হওয়া

দরকার। তাছাড়া প্রত্যন্ত এলাকায় বিভিন্ন ভাষাভাষীর মানুষ বাস করে তাদের জন্য আরও কয়েকটি উচ্চমাধ্যমিক বিদ্যালয় সেখানে অনুমোদন হওয়া দরকার। আমি আশা করব আগামী যে আর্থিক বছর অর্থাৎ ২০০৪-০৫-এ যাতে এখানে বিদ্যালয়, মহাবিদ্যালয় আলিপুরদুয়ারে গড়ে ওঠে তার জন্য সরকার দৃষ্টি দেবেন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা শুনলে স্যার আপনি দুঃখ পাবেন এবং এই হাউজের সকলে দুঃখ পাবেন। পশ্চিমবঙ্গে এখনও পর্যন্ত কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির যারা ক্যাজুয়াল ওয়ার্কার তাদের কি পরিমাণ টাকা মজুরি হিসাবে দেওয়া হয়। এই হাউজে গত কয়েকদিন ধরে আলোচনা হচ্ছে ন্যূনতম মজুরির ব্যাপারে। এর আগে শ্রমমন্ত্রী উত্তর দিয়েছেন। শ্রমিকদের কিভাবে একটা কম্পালসারি মজুরি করা যায় তার কথাও হয়েছে। সোসাল সিকিউরিটির প্রসঙ্গ উঠেছে অনেকবার। কিন্তু আপনি শুনলে অবাক হয়ে যাবেন কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটিতে ন্যূনতম মজুরি হিসাবে ক্যাজুয়াল ওয়ার্কারদের দেওয়া হচ্ছে ৩৩ টাকা ২১ পয়সা। ভারতবর্ষের কোন রাজ্য আছে ? ভারতবর্ষের কোনো রাজ্যে এই অবস্থা আছে ? ক্যাজুয়াল ওয়ার্কার যারা দিনে ৮-১২ ঘণ্টা শ্রম দান করেন, সেই শ্রমের বিনিময়ে তারা ৩৩ টাকা ২১ পয়সা মজুরি পায়। তারা হাইকোর্টে কেস করে। হাইকোর্ট বলে এটা ডি.এল.বি-তে পাঠিয়ে দেওয়া হয়েছে। ডি.এল.বি জানায় ৮৭.৮১ টাকা অর্থাৎ ৮৭ টাকা ৮১ পয়সা মিনিমাম ওয়েজ হিসাবে দিতে হবে। এটা লিখিতভাবে কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটিতে পাঠিয়ে দেওয়া হয়। কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান এটা মানতে রাজি হননি। তিনি বলেছেন ওই ৩৩ টাকা ২১ পয়সার বেশি এক পয়সাও দেওয়া সম্ভব নয়। আমি এই ব্যাপারে শ্রমমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি যে আমাদের রাজ্যে কোনো জায়গা থাকতে পারে না যেখানে কৃষকরা মাটি কাটলেও তাকে ৫০ টাকা দেওয়া হয়, যারা রোজ মজুরি খাটে তাদেরকে এর থেকে বেশি দেওয়া হয়, সেখানে একটা মিউনিসিপ্যালিটির ক্যাজুয়াল ওয়ার্কারদের কি করে মাত্র ৩৩ টাকা ২১ পয়সা পায় আমরা বুঝতে পারছি না। আমি আশা করব ওই ব্যাপারে অবিলম্বে শ্রমমন্ত্রী হস্তক্ষেপ করবেন। এবং তাদের ন্যূনতম মজুরি দেওয়ার বন্দোবস্ত করবেন।

**শ্রী মোস্তাক আলম :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী মানুষের স্বার্থে ব্যাঙ্ক জাতীয়করণ করেছিলেন। অথচ আজকে এ রাজ্যের প্রশাসনের সহযোগিতা নিয়ে বাণিজ্যিক ব্যাঙ্কগুলি রাজ্যের মানুষের স্বার্থবিরোধী কাজ করছে। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি শাখা এবং কর্মী সংকোচন নীতি গ্রহণ করেছে। আমাদের মালদা জেলার হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের বোরইতে ইউ.বি.আই-এর একটা শাখা ছিল। ওই অঞ্চলের ৫২টি গ্রামের মানুষ ওই শাখা থেকে ব্যাঙ্কিং পরিষেবা পেয়ে আসছিল। এমন কি শাখাটি মোটেই লসে চলছিল না। তথাপি ব্যাঙ্ক কর্তৃপক্ষ এবং রাজ্য প্রশাসন তথা জেলা প্রশাসন ওই শাখাটি তুলে দিয়ে ওটাকে চাঁচলের হাজতপুর শাখার সঙ্গে যুক্ত করে দিল। এখন ওই বিস্তীর্ণ অঞ্চলের মানুষদের ৩০ কিলোমিটার দূরে গিয়ে ব্যাঙ্কিং পরিষেবা গ্রহণ করতে হবে। যে রাজ্যে প্রকাশ্য দিবালোকে

ব্যাঙ্ক ডাকাতি হচ্ছে সেখানে ৩০ কিলোমিটার পথ গিয়ে মানুষ কিভাবে ব্যাঙ্কের সঙ্গে ট্রানজাংশন করবে ? তাই আমি বিষয়টি প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে ব্যাঙ্কের ওই শাখাটিকে পুনরায় ওখানে ফিরিয়ে আনার জন্য উনি ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সৌগত রায়** : স্যার, মাননীয় মুখ্য নির্বাচন কমিশনার কলকাতায় আসছেন এবং পশ্চিমবাংলায় নির্বাচনের সময় যে জালিয়াতি এবং রিগিং হয় সেটা বন্ধ করার ব্যাপারে কিছু পদক্ষেপ নেবেন। আশা করা যাচ্ছে রাজ্য সরকার তাঁর সঙ্গে সহযোগিতা করবেন। নির্বাচনী প্রচারে যাচ্ছি, লোকে বলছে—আপনাকে কিছু করতে হবে না শুধু গার্ডেনরীচ বিধানসভা কেন্দ্রে যে রিগিং হয় সেটা বন্ধ করুন। সি পি এম সব লোকসভা কেন্দ্রে একটা-দুটো বিধানসভা কেন্দ্র বেছে রেখেছে, যেমন—আসানসোল রাণীগঞ্জ, হাওড়ায় বালি, ডায়মন্ডহারবারে গার্ডেনরীচ, সেই কেন্দ্রগুলিতে চূড়ান্ত রিগিং করে এগিয়ে যায়। কেশপুর, গড়বেতার কথা ছেড়েই দিলাম। সেখানে আমাদের লোকেরা ঢুকতেই পারছে না। সেখানে কোনো রকম ন্যূনতম নিরাপত্তা ব্যবস্থা নেই। পশ্চিমবাংলায় নির্বাচনে যদি মানুষ নিজেদের ভোট নিজেরা না দিতে পারে, মানুষ নিজের ফ্রানচাইস এক্সারসাইস না করতে পারে, পুলিশ এবং নির্বাচন কমিশন যদি ন্যূনতম নিরাপত্তা ব্যবস্থা না করতে পারে তাহলে পশ্চিমবাংলায় নির্বাচন প্রহসন হয়ে দাঁড়াবে। তাই আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি প্রতিটি লোকসভা কেন্দ্রের প্রতিটি বুথে কেন্দ্রীয় ফোর্স নিয়োগ করার ব্যবস্থা করা হোক। মুখ্য নির্বাচন কমিশনের কাছে আমি আপনার মাধ্যমে এই দাবি জানাচ্ছি।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলাকে কৃষি-প্রধান এলাকাও বলা চলে না। সেখানকার বেশীর ভাগ জায়গাই অসেচ এলাকা। বাঁকুড়া জেলায় উন্নত রেল যোগাযোগ ব্যবস্থাও গড়ে ওঠেনি। মূলত সড়ক যোগাযোগের ওপরই যোগাযোগ ব্যবস্থা নির্ভরশীল। কিন্তু বাঁকুড়া জেলার রাস্তাঘাটের অবস্থা খুবই শোচনীয়। প্রধানত পর্যটন শিল্প এবং কিছু ব্যবসার ওপর জেলার অর্থনীতি দাঁড়িয়ে আছে। আজ রাজ্য সরকার ওখানে কিছু কিছু শিল্প গড়ার উদ্যোগ গ্রহণ করেছেন। রাস্তাঘাট উন্নত না হওয়ার জন্য সেই উদ্যোগও সঠিকভাবে কার্যকরী হচ্ছে না। রাস্তার অভাবে ঐতিহাসিক স্থান বিষ্ণুপুরে পর্যটকরা বেশি সংখ্যায় যেতে পারেন না। অথচ বিষ্ণুপুর একটা ঐতিহ্যমণ্ডিত ট্যুরিস্ট প্লেস। রাস্তার অভাবে মানুষ মুকুটমণিপুর যেতে পারে না। আমাদের দ্বিতীয় ভূস্বর্গ ঝিলিমিলি, সেখানে পর্যটকরা রাস্তার অভাবে যেতে পারছে না। যেটুক রাস্তা ছিল তাও যথাযথ রক্ষণাবেক্ষণের অভাবে নষ্ট হয়ে গিয়েছে। এমন কি জেলার বিভিন্ন শহরের সঙ্গে গ্রামাঞ্চলের যোগাযোগের রাস্তাগুলি পর্যন্ত সব ভেঙে গেছে, বহু ক্ষেত্রে যোগাযোগ বিচ্ছিন্ন হবার উপক্রম হয়েছে। ছাতড়া, কেঞ্জাকুড়া রাস্তাও নষ্ট হয়ে গেছে। সারা জেলার রাস্তা ভঙ্গুর অবস্থার মধ্যে আছে। এই যে অবস্থা এর প্রতিকার যদি না করেন তাহলে ওই জেলায় যে শিল্প করার উদ্যোগ নিচ্ছেন এবং পর্যটন ব্যবস্থার উদ্যোগ নিচ্ছেন তা বিফলে যাবে। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

[1.10—2.00 p.m.] (including adjournment)

**শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলার করিমপুর থেকে প্রচুর বাস কলকাতা, দুর্গাপুর, শিলিগুড়ি এবং পশ্চিমবাংলার অন্যান্য জায়গায় যাচ্ছে। কিন্তু ওখানে বাস দাঁড়াবার কোনো জায়গা নেই। এর ফলে লোকেদের অসুবিধা হচ্ছে, হাঁটা যাচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহণমন্ত্রীকে অনুরোধ করছি যেন ওখানে বাস টারমিনাস করা হয়, তা না হলে ওই এলাকার ব্যাপক ক্ষতি হবে।

**শ্রী নেপাল মাহাত** : ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইদানীংকালে লক্ষ্য করছি, যেসব টিচার রিটায়ার্ড করছেন—এটা সবার ক্ষেত্রে প্রযোজ্য—সেইসব টিচাররা গ্র্যাচুইটি এবং কমিউটেড মানি পাচ্ছেন না। সেই টাকা পাবার জন্য তাঁদের বলা হচ্ছে, আপনারা এমনভাবে দরখাস্ত করুন, যেখানে নিজের মেয়ের বিয়ে দেখান, তা না হলে শরীর খারাপ দেখান। বহু প্রাথমিক শিক্ষক এবং সেকেন্ডারী শিক্ষক যারা দীর্ঘদিন ধরে ছেলে-মেয়েদের শিক্ষা দিয়ে এসেছেন, সর্বদা সত্য কথা বলবে, সত্য কথা লিখবে তাঁদেরকে স্টাফেরা সাজেশন দিয়েছেন বিয়ের কার্ড ছেপে দিয়ে দিন। এর মধ্যে একজন টিচার বলেছেন, আমার মেয়ের বিয়ে অনেকদিন আগে হয়ে গিয়ে তার ছেলে-মেয়ে হয়ে গেছে। তখন তাঁকে বলা হয়েছে, আপনার নিজের বিয়ের কার্ড পুনরায় প্রোডিউস করতে হবে। শুধু টিচার নন, আমাদের ২ জন এম.এল.এ.-কে ওই স্টাফেরা চিনতে না পেরে তাঁদেরও পরামর্শ দিয়েছেন বিয়ের কার্ড সাবমিট করুন। এর মধ্যে একজন এম.এল.এ. বলেছেন, আমার মেয়ের বিয়ে হয়ে গেছে। তখন সেই স্টাফেরা বলেছেন, নিজের বিয়ের কার্ড দিন। তাই আমি মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো, এর জন্য নির্দিষ্ট নীতি করুন এবং বিয়ের কার্ড প্রোডিউস করার জন্য যে আইন করেছেন সেটি অবিলম্বে প্রত্যাহার করুন।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

[2.00—2.10 p.m.] (after adjournment)

**Mr. Speaker** : Hon'ble members, I would request the Hon'ble Finance Minister to move the Demand of Grants in a consolidated manner. Then we will vote each demand separately. This would save time. And we will get more time to debate. Now, I will call upon Hon'ble Finance Minister to move the Demands of Grants.

## DEMANDS FOR SUPPLEMENTARY GRANTS AND MOTIONS FOR REDUCTION 2003-04

**Dr. Asim Kumar Dasgupta** : Hon'ble Speaker, Sir, on the recommendation of Governor, I beg to move that amounts of

Rs. 5211.08 crores of which the voted items to Rs. 1656.04 crores and the charged items amount amount to Rs. 3550.04 crores under 20 Demands as set out in the Statement of Demands for Supplementary Grants and Appropriation, 2003-04, be granted for Expenditure during the Current Financial Year.

### Demand No. 4

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 75,81,000 be granted for expenditure under Demand No. 4 Major Head : "4435-Capital Outlay on Other Agriculture Programmes" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 4. All the Cut Motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Jyoti Priya Mallick<br>Shri Nirmal Ghosh | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

### Demand No. 7

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,96,71,000 be granted for expenditure under Demand No. 7 Major Heads : "2225 Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Back Ward Classes, 2251-Secretariat-Social Services and 4225 Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 7. All the cut Motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Ajoy Dey<br>Shri Mostaque Alam<br>Shri Asit Mitra | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

### Demand No. 8

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,46,53,000 be granted

for expenditure under Demand No. 8, Major Heads : "2425-Co-operaton and 2515-Other Rural Development Programmes" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 8. All the Cut Motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Ashok Kumar Deb<br>Shri Sobhandeb Chattopadhyay<br>Shri Kalyan Banerjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 9**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 23,90,92,000 be granted for expenduture under Demand No. 9, Major Heads : "6860-Loans for Consumer Industries and 6885-Loans for Other Industries and Minerals" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 9. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Asit Mitra<br>Shri Ajoy Dey | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 10**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,01.71,000 be granted for expenditure under Demand No. 10 Major Heads : "3456-Civil Supplies and 3475-Other General Economic Services" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 10. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Pundarikakshya Saha | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

## Demand No. 11

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,83,24,000 be granted for expenditure under Demand No. 11 Major Heads : "4851-Capital Outlay on Village and Small Industries and 6860-Loans for Consumer Industries" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 11. All the Cut Motions are in order.

| | |
|---|---|
| Shri Ajoy Dey<br>Shri Kashinath Mishra<br>Shri Jyoti Priya Mallick<br>Shri Ashok Kumar Deb<br>Shri Sobhandeb Chattopadhyay<br>Shri Kalyan Banerjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

## Demand No. 12

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 23,37,32,000 be granted for expenditure under Demand No. 12 Major Head : "2505-Rural Employment" during the current financial year.

**Mr. Speaker :** There is one cut mition to Demand No. 12. The cut motion is in order.

**Shri Kashinath Mishra :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

## Demand No. 17

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,47,80,000 be granted for expenditure under Demand No. 17 Major Head : "2039-State Excise" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 17. All the cut motion are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Nirmal Ghosh<br>Shri Ajit Bhunia<br>Shri Jyoti Priya Mallick<br>Shri Deba Prasad Sarkar | Sir, I beg to move that the amount of the Demand reduced by Rs. 100/- |

[ 17 March, 2004 ]

**Demand No. 18**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,50,00,000 be granted for expenditure under Demand No. 18 Major Head : "7610-Loans to Government Servants etc." during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 18. All the Cut motion are in order.

| | |
|---|---|
| Shri Mostaque Alam<br>Shri Kashinath Mishra<br>Shri Nirmal Ghosh<br>Shri Jyoti Priya Mallick<br>Shri Ajit Bhunia<br>Shri Ashok Kumar Deb<br>Shri Sobhandeb Chattopadhyay<br>Shri Kalyan Banerjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demond No. 20**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,77,55,000 be granted for expenditure under Demand No. 20, Major Head : "4405-Capital Outlay on Fisheries" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 20. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Jyoti Priya Mallick<br>Shri Asit Mitra | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. |

**Demand No. 24**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 27,39,42,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads "2211-Family Welfare and 4210-Capital Outlay on Medical and Public Health" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 24. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Sobhandeb Chattopadhyay<br>Shri Ashok Kumar Deb<br>Shri Kalyan Banerjee<br>Shri Deba Prasad Sarkar<br>Shri Atish Chandra Sinha<br>Shri Asit Mitra<br>Shri Ajoy De<br>Shri Mostaque Alam | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 29**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,11,55,000 be granted for expenditure under Demand No. 29, Major Head : "6860-Loans Consumer Industries" during the current financial year.

**Demand No. 30**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,08,11,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads : "2205-Art and Culture and 2220-Information and Publicity" during the current financial year.

**Mr. Speaker** : There are cut motions to Demand No. 30. All the cut motion are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Jyoti Priya Mallick<br>Shri Nirmal Ghosh<br>Shri Mostaque Alam | Sir,. I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 31**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,30,23,000 be granted for expenditure under Demand No. 31 Major Head : "2251-Secretariat-Social Services" during the current financial year.

**Demand No. 33**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,68,02,000/- be granted for expenditure under Demand No. 33, Major Head : "2056-Jails" during the current financial year.

[ 17 March, 2004 ]

**Mr. Speaker :** There is one cut motion. The cut motion is in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

### Demand No. 35

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 14,93,32,000 be granted for expenditure under Demand No. 35, Major Heads : "2235-Social Security and Welfare and 4250-Capital Outlay on Other Social Services" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Jyoti Priya Mallick | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

### Demand No. 38

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor. I beg to move that a sum of Rs. 40,20,000 be granted for expenditure under Demand No. 38, Major Head : "2235-Social Security and Welfare during the current financial year.

### Demand No. 39

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 107,60,52,000 be granted for expenditure under Demand no. 39. Major Head : "2217-Urban Development" during the current financial year.

**Mr. Speaker :** There are one cut motion. The cut motion is in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. |

### Demand No. 40

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 201,46,000 be granted for expenditure under the Demand No. 40 Major Heads : "2505-

Rural Employment and 2515-Other Rural Development Programmes" during the current financial year.

**Mr. Speaker** : There are cut motion. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Ajoy Dey<br>Shri Kashinath Mishra<br>Shri Jyoti Priya Mallick<br>Shri Mostaque Alam | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

## Demand No. 42

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 47,03,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "2052 Secretatiat-General Services" during the current financial year.

**Mr. Speaker** : There are cut motions. all the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Nirmal Ghosh<br>Shri Kashinath Mishra<br>Shri Atish Chandra Sinha | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-. |

## Demand No. 43

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recomendation of the Governor, I beg to move that a sum of Rs. 992,50,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "4801-Capital Outlay on power Projects and 6801-Loans for Power Projects" during the current financial year.

**Mr. Speaker** : There are cut motions. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Atish Chandra Sinha<br>Shri Kashinath Mishra<br>Shri Nirmal Ghosh<br>Shri Deba Prasad Sarkar | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

## Demand No. 44

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 71,37,64,000 be granted for expenditure under Demand No. 44, Major Heads : "2852-Industries and 6857-Loans for Chemical and Pharmaceutical Industries during the current financial year.

## Demand No. 45

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 41,40,43,000 be granted for expenditure under Demand No. 45, Major Head : "2215-Water Supply and Sanitation" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Nirmal Ghosh | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

## Demand No. 49

**Dr. Asim Kumar Dasgupta :** On the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 24,05,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads : "2204-Sports and Youth Services and 2251-Secretariat-Social Services" during the current financial year.

**Mr Speaker :** There are cut motions. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Joytipriya Mallick<br>Shri Ajit Bhunia | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

## Demand No. 50

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 15,13,25,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads : "2575-Other Special Areas Programmes and 4575-Capital Outlay on Other Special Areas Programmes" during the current financial Year.

**Mr. Speaker :** There is one cut motion. The cut motion is in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

## Demand No. 51

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 58,07,000 be granted

for expenditure under Demand No. 51, Major Head : "4250-Capital Outlay on Other Social Services" during the current financial year.

**Demand No. 54**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 45,34,000 be granted for expenditure under Demand No. 54, Major Head : "6217-Loans for Urban Development" during the current financial year.

**Demand No. 55**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,40,90,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "4702-Capital Outlay on Minor Irrigation and 4705-Capital outlay on Command Area Development" during the current financial year.

**Mr. Speaker :** There are cut motions. All the cut motions are in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra<br>Shri Ashok Kumar Deb<br>Shri Sobhandeb Chattopadhyay<br>Shri Kalyan Banerjee | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**Demand No. 56**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 59,61,13,000 be granted for expenditure under Demand No. 56, Major Head : "2236-Nutrition" during the current financial year.

**Mr. Speaker :** There is one cut motion. The cut motion is in order.

| | |
|---|---|
| Shri Kashinath Mishra | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় মন্ত্রী যে সাপ্লিমেন্টারি ডিমান্ডের ওপরে ব্যয়বরাদ্দ পেশ করলেন, তাতে উনি বলেছেন যে টোটাল ৫,২১১ কোটি টাকা, তার মধ্যে ভোটেড ১৬৫৬ কোটি টাকা। সেটা পাশ করবার জন্য উনি হাউসের অনুমতি চাইছেন। এগুলো সরকার অলরেডি খরচ করে ফেলেছে। অর্থাৎ যে টাকাটা বিনা অনুমতিতে খরচ করা হয়েছে, সেটার জন্য হাউসের অনুমতি নিতে হয়, সেটা মন্ত্রী চেয়েছেন। কিন্তু ৫,২১১ কোটি টাকা যেটার জন্য অনুমতি চাইছেন, এটার টোটাল বাজেট হচ্ছে তিরিশ হাজার কোটি টাকার মতো, প্রায় ১৬ পার্সেন্ট সাপ্লিমেন্টারি ডিমান্ড চাইছেন। এটা আমাদের

সকলের বিচার করা দরকার, এটা ফিনান্সিয়াল ডিসিপ্লিন ভঙ্গ কিনা। উনি যে বাজেট বক্তৃতা দিয়েছেন, মাননীয় মন্ত্রী ৪৮৮ কোটি টাকা ওয়েস্টফুল এক্সপেন্ডিচার কমাতে পেরেছেন বলে বলেছেন। কিন্তু দেখা যাচ্ছে, সাপ্লিমেন্টারি ডিমান্ডের পরিমাণ একই রকম রয়ে গিয়েছে। সাপ্লিমেন্টারি ডিমান্ড যে পরিমাণ ভোটেড হবে, তার মধ্যে ৫৯৫ কোটি টাকা হচ্ছে রেভেনিউ এক্সপেন্ডিচার, ১৬৪ কোটি টাকা হচ্ছে ক্যাপিটাল এক্সপেন্ডিচার এবং ৮৯৫ কোটি টাকা হচ্ছে লোন এক্সপেন্ডিচার। আমরা বারবার বলছি, এই সরকার ধারে চলছে। সুতরাং লোন এক্সপেন্ডিচার বাড়বে, এতে আশ্চর্যের কিছু নেই। কিন্তু সাপ্লিমেন্টারি ডিমান্ডে কোথায় রেভেনিউ এক্সপেন্ডিচার সেভ করেছেন, এটা চোখে পড়ছে না। এটা যেহেতু আগেই খরচ হয়ে গেছে, আমরা যতই বিরোধিতা করি, আমাদের পাশ করাতে হবে, সেজন্য আমরা কাট মোশান দিইনি। সেখানে ভবিষ্যৎ খরচের ব্যাপার আছে। অলরেডি খরচ হয়ে যাবে বিচার করে কাটমোশান এনে লাভ নেই, কিন্তু তা সত্ত্বেও মাননীয় মন্ত্রী থেকে শুরু করে রাজ্যপাল পর্যন্ত এবং তাঁর যে হিসাব এবং সেখানে যে খরচ হয় সেটা চার্জড এক্সপেন্ডিচার, নর্মালি সেটা ভোটেড হয় না, হাউসে আলোচনা হতে পারে। আমি যেটা আগেও বলেছি যে, ফার্নিসিং খরচ হচ্ছে ৮২ লক্ষ টাকার বেশি, সেটা খরচ হয়েছে। এইবার আবার গাড়ির জন্য ৬ লক্ষ ৫৮ হাজার টাকা খরচ হয়েছে। আমার মনে হয় মন্ত্রিসভা আগের থেকে নিজেকে সংযত করেছেন এবং তার জন্য সাপ্লিমেন্টারি ডিমান্ড আসেনি। যেখানে স্টেটের এই ধরনের ক্রাইসিস চলছে তখন রাজ্যপালকেও আরো সংযত হতে হবে, এটা আমার হচ্ছে প্রথম বক্তব্য। দ্বিতীয় যেটা ঠিক দেখার মতো ব্যাপার, এখানে নিরুপমবাবুও আছেন ভালোই হয়েছে। বানতলাতে লেদার কমপ্লেক্স করার জন্য ১ কোটি ২৪ লক্ষ টাকা লোন করেছেন এবং সেটা ডব্লিউ বি আই ডি এফ সি-কে শোধ করে দিতে হবে এবং তার ইন্টারেস্ট পেমেন্টও শুরু হবে। তাছাড়া বানতলাতে অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের জন্য ১৩ কোটি ২৮ লক্ষ টাকার একটা সাপ্লিমেন্টারি গ্র্যান্ট নেওয়া হয়েছে। এর উত্তর মাননীয় মন্ত্রী দেবেন। আমরা সবাই জানি সুপ্রীম কোর্ট রায় দিয়েছিল যে কলকাতা শহরের মধ্যে কোনো লেদার কমপ্লেক্স বা ট্যানারি থাকতে পারবে না। তার যে অ্যাফ্লুয়েন্ট সেটা আমাদের কলকাতার সোয়ারেজ সিস্টেমটাকে বিপন্ন করছে। তাই বানতলায় লেদার কমপ্লেক্স করার কথা বলা হয়েছিল এম এল ডালমিয়াকে, যার মালিক হচ্ছেন জগমোহন ডালমিয়া। বি ও টি বেসিসে তাদের লেদার কমপ্লেক্স করার কথা বলা হয়েছে এবং বি ও টি বেসিসে ডালমিয়ার লেদার কমপ্লেক্স তৈরি করার কথা। কিন্তু মজার কথা হচ্ছে শেষ পর্যন্ত জগমোহন ডালমিয়া সুপ্রীম কোর্টের রায় দেখে পুরোপুরি ব্যাপারটা রাজ্য সরকারের উপরে চাপিয়ে দিয়েছেন। সুতরাং এই কমন অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের ব্যাপারটা রাজ্য সরকারকে তৈরি করতে হবে। স্টেট গভর্নমেন্ট হ্যাজ বিন টেকেন ফর এ রাইট। অথচ আজ পর্যন্ত দেখা যাচ্ছে ট্যাংরা, তপসিয়াতে যে স্মল ইউনিটস অপারেট করছে সেখানে লেদারের প্রিপারেশনের প্রয়োজন ছিল, সেটা আজ পর্যন্ত হয়নি। সস্তার নীচু জমি এম এল ডালমিয়াকে দেওয়া সত্ত্বেও রাজ্য সরকারকে অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্টের জন্য সাপ্লিমেন্টারি ডিমান্ড আনতে হয়েছে। এই লেদার কমপ্লেক্স নিয়ে অনেক ক্ষোভ, বিক্ষোভ সৃষ্টি হয়েছে। ট্যানারির মিল

মালিক এবং শ্রমিকরা এতে ক্ষতিগ্রস্ত হচ্ছে। দ্বিতীয়ত আপনারা কাগজে অ্যাডভারটাইজ সেলস্ অ্যান্ড পাবলিসিটি এক্সপেনসেসের ব্যাপারে সরকার ১ কোটি ৮৮ লক্ষ টাকার বাড়তি সাপ্লিমেন্টারি ডিমান্ড এনেছেন। যেখানে আউট স্ট্যান্ডিং বিলস রয়েছে রিলেটিং টু দি অ্যাডভারটাইজিং লেস অ্যান্ড পাবলিসিটি এক্সপেনসেস। রাজ্য সরকার বড় বড় করে কাগজে বিজ্ঞাপন দিতে শুরু করেছে কেন্দ্রীয় সরকার দিয়েছে বলে। অথচ কেন্দ্রীয় সরকার যখন ইন্ডিয়া সাইনিং বলে দিচ্ছে আর ভারত উদয় হয়েছে বলছে তখন আপনাদের আপত্তি, আপনারা সেখানে আপত্তি করছেন। তাই দেখেই রাজ্য সরকার হাফ পেজ বিজ্ঞাপন দিয়ে দিলেন এবং তার জন্য সাপ্লিমেন্টারি ডিমান্ডও নিয়ে আসতে হবে। কেন্দ্রীয় সরকার তো ইন্ডিয়া সাইনিং যে বলেছে সেটা তো তারা করেছে কারণ ১০০ বিলিয়ন ডলার তারা সেভ করতে পেরেছে। ওরা ৮ পার্সেন্ট গ্রোথ অ্যাচিভ করতে পেরেছে। এবং ইনফ্লেশান ৬ পার্সেন্টে আটকে রাখতে পেরেছে। বিজনেস প্রসেসকে আউট সোর্সিং করে সারা পৃথিবীর কাজ নিয়ে এসেছে। আর সেখানে আপনারা তো রাজ্যটাকে দেউলিয়া করে দিয়েছেন। ১ কোটি টাকার মতো ঋণ এবং সেই ঋণের সুদ হিসাবে ১৩ হাজার কোটি টাকা সুদ দিতে হচ্ছে। ইন্ডিয়া সাইনিং করেছে বলে আপনারাও অ্যাডভারটাইজিং সেলস অ্যান্ড পাবলিসিটির জন্য কাগজে বিজ্ঞাপন দিতে শুরু করে দিলেন। তাপসও তো সেদিন রাজ্যপালের ভাষণের উপরে বলেছিল।

[2.10—2.20 p.m.]

যে টাকায় কিয়স্ক তৈরি করেছেন তাতে লিখেছেন, আমাদের পথ চলাতেই আনন্দ। সেটা আবার রবীন্দ্রনাথকে ভুল কোট করে, সেটা হবে, আমাদের এই পথ চাওয়াতেই আনন্দ। যেটা বলেছিলেন, সাইবার কিয়স্ক হবে, বাংলার মুখ উজ্জ্বল হবে, কিন্তু সেই ওয়েব সাইট কাজ করছে না, তার জন্য টাকা চেয়েছিলেন, বহু লোক দেনার ভারে সর্বস্বান্ত হয় যাচ্ছে আর আপনারা অ্যাডভার্টাইজমেন্ট করছেন। বড় বড় হোর্ডিং লাগাচ্ছেন। এখানে মাননীয় মন্ত্রী বলবেন, কেন এক্সপেন্ডিচার বেশি হল, অ্যাডভার্টাইজমেন্টের জন্য কেন বেশি খরচ হল, সেটা উনি এক্সপ্লেন করবেন। এখন মেডিকেল কলেজের জন্য ওরা বলছে Additional provisions are required towards new machinery and equipment for medical colleges and infrastructure development in Government hospitals. এটা মনে রাখতে হবে। তবে এর আগে ওয়ার্ল্ড ব্যাঙ্কের হেল্থ সার্ভিসেস ডেভেলপমেন্ট প্রোগ্রামে যে টাকা পেয়েছেন তার পরেও আপনার ৮ কোটি টাকা কেন খরচ হচ্ছে ? এই যে টাকাটা, সরকারের টাকা খরচ হচ্ছে, যেটা হেল্থ সার্ভিসেস ডেভেলপমেন্ট প্রোগ্রামে হয়েছে—এটা কমপ্লিট করার কথা—এখানে এই যে টাকাটা তড়িঘড়ি খরচ করতে হয়েছে তা কেন ? আপনি হঠাৎ করে বললেন ২টি মেডিকেল কলেজ করবেন। একটা পি জি হসপিটালে মেডিকেল কলেজ করবেন আর একটা বিদ্যাসাগর মেডিকেল কলেজ করবেন—যেটা নূতন করে সরকার অধিগ্রহণ করলেন। তার কারণ, এইটা প্রাইভেট পার্টি সি পি এম-এর লোক করেছিল, তারা সেটা চালাতে পারল না। সেটা সরকার গ্রহণ করল। রেজাল্ট কি হল—আপনি ৮ কোটি টাকা সাপ্লিমেন্টারি

গ্র্যান্ট আনলেন। কিন্তু দুটোই এই বছরে মেডিক্যাল কাউন্সিলের রেকগনিশন পেল না। আপনি আলাদা করে বললেন, ৯ লক্ষ টাকা করে দিয়ে পড়া যাবে। তার জন্য অ্যাডমিশন টেস্টও নেওয়া হল, সেখানে এস সি, এস টি ছাত্র-ছাত্রীরাও পরীক্ষা দিল, But you are not admitting any student to either Midnapore Medical College or SSKM Medical College আপনি নিশ্চয় ব্যাখ্যা করবেন এটা। এই যে ৮ কোটি ১ লক্ষ টাকা তারা নিলেন, কেন নিলেন ? সরকারি হাসপাতালের ব্যাপারে আজকেও সকালে আলোচনা করছিলাম, সরকারি হাসপাতালগুলিকে আপনারা চেষ্টা করছেন নার্সিং হোম তৈরি করতে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলছিলেন, এস.এস.কে.এম-তে সব পেয়িং বেড হয়ে গেছে। ফ্রি বেড গরীব লোকের জন্য নেই। একদিন ওখানে যেমন, সুস্মিতা বিশ্বাস সে পারপিউরা রোগে এসে বিনা চিকিৎসায় মারা গেল। সেদিন মৌমিতা মণ্ডল হাঁপানি রোগে মারা গেল। এই যে আপনি ৮ কোটি টাকার সাপ্লিমেন্টারি গ্র্যান্ট আনলেন, কোথায় মডার্নাইজেশন করলেন ? What is the State of Medical Colleges and Medical Hospitals ? এখানে দেখছি ৩ কোটি ৬.৮ লক্ষ টাকা আপনি নিয়েছেন ফর মডার্নাইজেশন অফ প্রিজনস। সেখানেও আপনি ফিনান্স কমিশনের থেকে টাকা পেয়েছিলেন জেলের উন্নতির জন্য। আপনি তো গ্র্যান্ট পেয়েছেন তাহলে কেন লোন নিচ্ছেন ? সেখানে কোনো বড় মডার্নাইজেশান বা কোনো উন্নতি হল না। মডার্নাইজেশান অফ প্রিজনস কি করবেন, আপনার জেলের ভিতর থেকেই তো শেখ বিনোদ পালিয়ে গেল। এবং সেখানে থেকেই তো উপেন বিশ্বাসের বাড়ির নীচে যে ড্রাগ চক্রের নায়ক বইখা-কিমা পালিয়ে গেল। সেই বইখা-কিমাকে ধরা গেল না। তার কারণ, সেই ড্রাগ চক্রের সঙ্গে পুলিশের একটা অংশের যোগাযোগ ছিল। তার জন্যই তাঁকে আজ পর্যন্ত খুঁজে পাওয়া গেল না। তাঁকে ধরতে পারা গেল না। হি ইজ নট অ্যাভেইলেবেল। তার জন্যই কি আপনি মডার্নাইজেশান করছেন ? মডার্নাইজেশানের সময় আমরা কি দেখছি, বড় বড় অপরাধীরা তারা জেলের মধ্যে সেল ফোন নিয়ে যাচ্ছে, টি ভি নিয়ে যাচ্ছি, তারা সমস্ত সুবিধাগুলি পাচ্ছে। ন্যূনতম সিকিউরিটিজ আপনারা জেলের মধ্যে রাখতে পারছেন না। ফিনান্স কমিশন ২বার টাকা দিল তার পরেও ফর মডার্নাইজেশান অফ প্রিজনসদের জন্য টাকা দেওয়া হচ্ছে। তার পরে প্রিজনসদের জন্য কেন সাপ্লিমেন্টারি বাজেট আনলেন ৩ কোটি ৬৮ লক্ষ টাকা। এখানে নিরুপমবাবু আছেন, তার একটা পেট স্কিম হচ্ছে, কেন্দ্রীয় সরকার যখন ও এন জি সি-র শেয়ার বিক্রি করে ১০ হাজার কোটি টাকা পেয়েছে, যেখানে পাবলিক সেক্টর ইস্যু থেকে ১৫ হাজার কোটি টাকা পাওয়া গেছে, ইট ইজ এ রেকর্ড। আপনি একবার বলছেন, বাজেটে ডেফিসিট কমে যাবে। সেখানে কিভাবে আপনি বলছেন, নিরুপমবাবুও বলেছেন, ৭ কোটি ৭৪ লক্ষ টাকা সাপ্লিমেন্টারি ডিমান্ড এনেছেন তাতে আমরা দেখছি ডি এফ আই ডি-র সাহায্যে রি-স্ট্রাকচারিং করবেন ১৬টা পাবলিক সেক্টর আন্ডারটেকিংসে। রি-স্ট্রাকচারিং মানে আপনার আর্লি রিটায়ারমেন্ট স্কিম, যা লোককে ছাঁটাই করে, তারপরে এদের শেয়ারটা প্রাইভেট পার্টিকে বিক্রি করে দেওয়া। অসীমবাবু যে বিকল্প অর্থনীতির সন্ধানের কথা বলেছিলেন, এটা কোনো বিকল্প অর্থনীতি আমাদের জানা নেই।

কেন্দ্রীয় সরকার ও.এন.জি.সি-র শেয়ার দশ শতাংশ বিক্রি করে দিচ্ছে বলে আপনারা হইচই করছেন, আপনারা বলছেন বিলগ্নিকরণ কেন্দ্রীয় সরকার বেপরোয়াভাবে করছেন। কিন্তু আপনারা ষোলটি পাবলিক আন্ডারটেকিংয়ের জন্য ব্রিটিশ গভর্নমেন্টের কাছ থেকে টাকা নিয়ে সেগুলিকে তাদের হাতে তুলে দেবার কথা বলছেন। আপনারা এটা বলতে পারছেন না, ইন্ডিয়ান পেপার পাল্প এবং সুন্দরবন সুগার বিট কেন আপনারা বন্ধ করে দিলেন ? এখন আপনারা বলছেন রুগ্ন শিল্প বন্ধ করা অত খারাপ নয়। কেন্দ্রীয় সরকার বেপরোয়াভাবে বিলগ্নিকরণ করছে, ও.এন.জি.সি-র দশ শতাংশ শেয়ার বিক্রি করে দিচ্ছে এই নিয়েই আপনারা বেশি চিৎকার করছেন। আজকে সারা পৃথিবীতে হইচই পড়ে গেছে, আমেরিকান লোকেরাও ও.এন.জি.সি-র শেয়ার কিনতে আসছে। আপনি তো আমেরিকান ফেরত বিদগ্ধ অর্থনীতিবিদ, আপনার কাছে একটা জিনিস আমি জিজ্ঞাসা করতে চাই। ফিনানসিয়াল রিস্ট্রাকচারিং-এর জন্য ডি.এফ.আই.ডি টাকা দেবে কেন ? তাদের এতে কি লাভ হবে ? ব্রিটিশ সরকারের একটা ডিপার্টমেন্ট তারা হঠাৎ পশ্চিমবাংলার পাবলিক সেক্টর আন্ডারটেকিংয়ের রি-স্ট্রাকচারিংয়ের জন্য টাকা দিতে বা সফট লোন দিতে আগ্রহী কেন ? স্যার, এর দুটো কারণ হতে পারে—ওদের ফিনানসিয়াল ক্যাপিটাল সেটা আমাদের স্টেটে আরও বেশি এন্ট্রি হতে পারে, আরেকটা হচ্ছে এই স্কিমের নাম করে কিছু ব্রিটিশ যুবককে তারা এখানে পাঠাবে মনিটার করতে এবং এতে একটা ট্রেনিং প্রসেস তাদের কমপ্লিট হবে। আমি বুঝতে পারছি না, কেন ব্রিটিশ গভর্নমেন্ট হঠাৎ করে পশ্চিমবাংলার শিল্পের রি-স্ট্রাকচারিংয়ের জন্য টাকা দেবে ? আমি কোথাও খুঁজে পাইনি ডি.এফ.আই.ডি কেন টাকা দিচ্ছে ? ইট ইজ আন হার্ট অফ কনসেপ্ট। আমি আশা করি আপনি এটা বুঝিয়ে বলবেন। এরপরে আপনি দুর্গাপুর কেমিকেলসে আরলি রিটায়ারমেন্ট স্কীম চালু করছেন। ওরা ভি.আর.এস বলতো, আর আপনারা নাম চেঞ্জ করে ই.আর.এস চালু করলেন। এর জন্য ৬২ লক্ষ ৫০ হাজার টাকা আপনি দিয়েছেন। এখানে আপনারা একটা বঙ্গীয় স্ব-নির্ভর কর্মসংস্থান প্রকল্প করেছেন। মাঝে মাঝে আপনার এই দপ্তরের মন্ত্রী সেলিম এই নিয়ে বলেন, তিনি আবার ইলেকশানে দাঁড়িয়েছেন। আমি অনেক লোকের কাছে খবর নিয়ে জেনেছি, কেউ টাকা পেয়েছেন কিনা। আমি খবর নিয়ে জেনেছি এর জন্য এলাকায় এলাকায় মোটিভেটার নিয়োগ করা হয়েছে। তারা লোককে ধরে নিয়ে ব্যাঙ্কে আসবে। আর এই মোটিভেটাররা ইনভ্যারিয়েবলি সি.পি.এমের ক্যাডার। তারা লোক খুঁজে খুঁজে নিয়ে আসছে এবং তারা একটা পার্সেন্টেজ পাবে। এই প্রকল্পে আজ পর্যন্ত কতজন যুবক স্বনির্ভর হয়েছে ? এর জন্য আপনি ২৩ কোটি ৯১ লক্ষ ৮০ হাজার টাকা দিয়েছেন এবং নির্বাচনের আগেই এই টাকাটা দিয়েছেন। এই দপ্তরের মন্ত্রী মাননীয় সেলিম সাহেবকে আমি জিজ্ঞাসা করেছিলাম, এই প্রকল্পের টাকা আপনি মাইনরিটি লোকেদের অটো কেনার জন্য দিয়েছেন। তখন তিনি খেপে গেলেন। তিনি বললেন শুধু মাইনরিটি নয়, সবার জন্যই আমি টাকা দিয়েছি। আমি তখন তাকে বলেছিলাম কারা কারা টাকা পেয়েছে তার লিস্টটা আপনি একটু প্রকাশ করবেন ? আমি জানি না এই প্রকল্পের দ্বারা কারা লাভবান হবেন ? আপনি সুন্দরবনের জন্য অ্যাডিশনাল অ্যাসিসটেন্স

দিয়েছেন ৫ কোটি ৬৯ লক্ষ টাকা। এটা ভালো, সুন্দরবন নীড্স এ লট অফ অ্যাসিসটেন্স। কিন্তু অনেকে বলছে আপনারা সুন্দরবনকে সাহারাদের কাছে বিক্রি করে দিচ্ছেন। সাহারার সুব্রত রায়ের সঙ্গে আমার একবার সাক্ষাৎ হয়েছিল, তাকে আমি জিজ্ঞাসা করেছিলাম আপনারা ওখানে কি স্কীম করছেন। উনি আমাকে বললেন সাত হাজার কোটি টাকা দিয়ে আমরা ওখানে একটা ফ্লোটিং সিটি করব। তাহলে ওখানকার ইকোলজির কি হবে ? ওখানকার পরিবেশের কি হবে ? ওখানে গ্রামে যারা লোক থাকে তাদের কি হবে ? ওয়াইল্ড অ্যানিমেলসের কি হবে ? পুরো ব্যাপারটাই একটা হাস হাস করে দিলেন। কমিউনিস্ট পার্টিরই এটা একটা স্বভাব। সাহারার সঙ্গে আপনাদের চুক্তি কি, সেটা আজ পর্যন্ত জানা গেল না ?

[2.20—2.30 p.m.]

আমি বাজেটের আলোচনায় অংশগ্রহণ করতে পারিনি, কিন্তু সাপ্লিমেন্টারি বাজেট যা দেখলাম যে সাপ্লিমেন্টারি ডিমান্ড যে চাইবেন It is a sign of your financial indiscipline আপনি এবারে বাজেটে স্বীকার করেছেন যে আপনার সেই ক্রাইসিস দূর হয়নি। আমরা আগেই দেখেছি সেই একই কথা পে-কমিশনে আপনাকে টাকা দিতে হয়েছে।-কেন্দ্রের যদি ক্ষমতা থাকে তারা তাঁদের কর্মচারীদের টাকা দিয়েছে। আপনাদের উপায় নেই প্ল্যানের টাকা কারটেল করে বেশি মাইনে দিতে আপনাকে কে মাথার দিব্যি দিয়েছে ? সেই একই পলিটিক্যাল কারণ what was the compulsion ? The Compulsion was political. ওদেরকে ইউজ করে আপনি সহজে জিতবেন। ওরাই তো জেতাবেন। ওরাই তো প্রিসাইডিং অফিসার হয়ে যাচ্ছেন। আজকে এটা অ্যান্টিডেভেলপমেন্টাল হয়ে যাচ্ছে। মাত্র ৪ হাজার কোটি টাকার প্ল্যান এবং দেখবেন সাপ্লিমেন্টারিতে আপনার ৫৯৫ কোটি টাকা আপনার রেভিনিউ এক্সপেন্ডিচার, ১৬৪ কোটি টাকা ক্যাপিটাল এক্সপেন্ডিচার এবং এটা মেন বাজেটে দেখলে একটা ভয়াবহ ব্যাপার আমরা পাচ্ছি রেভিনিং এক্সপেন্ডিচার ২৭ হাজার কোটি টাকা আর ক্যাপিটাল এক্সপেন্ডিচার ১ হাজার কোটি টাকা ২৭ : ১, ৩.৫ পার্সেন্ট। কি করে আপনি এই রাজ্যে নতুন অ্যাসেট তৈরি করবেন, কি করে রাজ্যে উন্নয়ন হবে জানি না। যাই হোক আপনি খরচ করে ফেলেছেন আমাদের পাশ করতে হবে। আমাদের একজন সদস্য শ্রী কাশীনাথ মিশ্র কাট মোশান দিয়েছেন তাকে সমর্থন করে এই সাপ্লিমেন্টারি ডিমান্ডের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নারায়ণ মুখার্জী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অতিরিক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব এখানে অনুমোদনের জন্য এখানে রেখেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমার খুব ভালো লাগল যে আজকে বিরোধী দল থেকে এই সাপ্লিমেন্টারি বাজেটে কোনো কাট মোশন দেওয়া হয়নি। আমার মনে হয়, যে অতিরিক্ত ব্যয়বরাদ্দের যে অনুমোদন যে চাওয়া হয়েছে এটা প্রাথমিক এবং পদ্ধতিগত। অতিরিক্ত এইরকম নয়। মাঝপথে যে টাকাটা এল। কেন্দ্র মাচিং গ্র্যান্ট ৭৫ পার্সেন্ট দেবে আর রাজ্য সরকার দেবে ২৫ পার্সেন্ট সেখানে আপনাকে টাকাটা খরচ করতে হবে এবং অনুমোদন

চাইতে হবে। সেজন্য এই বিষয়টা খানিকটা প্রথামাফিক এবং পদ্ধতিগত। আমি কয়েক বছর আগে কেরালা গিয়েছিলাম মাননীয় অধ্যক্ষ মহাশয়, তখন সেখানে সাপ্লিমেন্টারি বাজেট আলোচনা হচ্ছিল। আমার অদ্ভুত লাগল যে সেখানে যারা বিরোধী সদস্য আছেন তাদের বেশির ভাগ সদস্য খুব আনন্দের সঙ্গে অনুমোদন করিয়ে দিলেন, মাত্র কয়েকটা মৃদু সমালোচনা করলেন। আজকে সৌগতবাবুও মৃদু সমলোচনা করেছেন। সমালোচনা করারও কিছু নেই। সাপ্লিমেন্টারি বাজেটকে সমর্থন করতে হবে। শুধু বিরোধিতার জন্যই বিরোধিতা করা এটা সংসদীয় রীতিবিরুদ্ধ। আমি এখানে দেখলাম এস.সি, এস.টি-দের ডেভেলপমেন্টের জন্য শেয়ার ক্যাপিটাল বিনিয়োগ ১ কোটি ১০ লক্ষ ৩৮ হাজার টাকা ফিনানসিয়াল কর্পোরেশনে বিনিয়োগ হয়েছে, সেই টাকা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়েছে। এখানে বিরোধিতা করার কোনো সুযোগ নেই, এটাতে তো সমর্থন করতেই হবে। ফিনানসিয়াল কর্পোরেশন তপশিলি জাতি এবং উপজাতিদের জন্য হবে, এখানে আপনি কি বিরোধিতা করবেন ? তাহলে বুঝতে হবে যে মানুষের উন্নয়নের বিরুদ্ধে আপনি আছেন। তাহলে আপনি এখানেও বিরোধিতা করতে পারবেন না। সর্বশেষে রয়েছে যেটা সেটা আপনারা সকলেই জানেন আমাদের বর্তমান সরকার রাজ্য সরকার এই তপশিলি জাতি ও উপজাতিদের উন্নয়নের জন্য গ্রামান্নয়নের মধ্যে এটা অন্তর্ভুক্ত করে নানা রকম কাজ তারা করেছেন। এই গ্রামাঞ্চলে বাড়তি জমি বিভিন্ন পরিবারের মধ্যে বণ্টন করা হয় তাতে আমরা দেখেছি যে প্রায় ৫৬ শতাংশ লোককে এই জমি দেওয়া হচ্ছে। এই জমি আদিবাসী, উপজাতি অথবা তপশিলি জাতিদের মধ্যে বিলি করা হয়েছে। আপনি এর কি বিরোধিতা করবেন। ডিমান্ড নম্বর নাইনে বলা আছে লেদার কমপ্লেক্স সম্বন্ধে—আমি দক্ষিণ ২৪-পরগনায় যেতে যেতে দেখলাম এটা, এটার নাম হবে কলকাতা লেদার কমপ্লেক্স, কিন্তু এটা কলকাতার বাইরে করতে হবে, সুপ্রীম কোর্টের নির্দেশ অনুসারে ওখানে কিছু পরিকাঠামোগত পরিবর্তন করতে হবে। ওখানে ইলেকট্রিকের সাব-স্টেশন করতে হবে, রাস্তাঘাট করতে হবে ইত্যাদি পরিকাঠামোগত উন্নয়নের জন্য অতিরিক্ত টাকা ব্যয় হয়েছে, তার জন্য এখানে এই প্রস্তাব উত্থাপন করা হয়েছে। কি করে আপনি এর বিরোধিতা করবেন ? কলকাতায় হতো, কিন্তু সুপ্রীম কোর্টের নির্দেশ অনুসারে এটা কলকাতার বাইরে হচ্ছে, বানতলায় হচ্ছে। এটাতে সমর্থন না করে আপনি পারবেন না। মেডিক্যাল এডুকেশনের জন্য পি.জি-তে পোস্ট-গ্র্যাজুয়েট মেডিকেল এডুকেশনের জন্য বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার জন্য যন্ত্রপাতি কেনার জন্য যে টাকা হাডকো থেকে লোন নিয়ে করা হয়েছে, সেগুলি নিয়মিত পরিশোধের জন্য ডিমান্ড নম্বর ২৪-এ অতিরিক্ত ব্যয়ের অনুমোদনের প্রস্তাব আনা হয়েছে। এটা তো রাখতেই হবে। সব কিছু পরিবর্তিত হচ্ছে, আধুনিকতর হচ্ছে আর হাসপাতালগুলি প্রাচীন অবস্থায় কি করে রাখা যায়। এখন পশ্চিমবঙ্গে হাসপাতালগুলিতে অবস্থা অনেক উন্নত হয়েছে, বিশেষ করে স্টেট হসপিটাল, জেলা হসপিটাল, মহকুমা হাসপাতালগুলিতে আধুনিকতর যন্ত্রপাতি অনেক এসেছে এবং নানান ধরনের পরীক্ষা-নিরীক্ষার যন্ত্রপাতিও এসেছে, পরিকাঠামোগত পরিবর্তন হয়েছে এবং তার জন্য টাকা ব্যয় হয়েছে। এই ব্যয়গুলি সব সময় যে বাজেটের মধ্যে রাখা যায়

তা হয় না। এবং এটা যে কোনো রাজ্য সরকারের পক্ষেই হতে পারে। সেদিন আর.জি.কর মেডিকেল কলেজ হসপিটালে স্ক্যান করার মেশিন, এম.আর.আই করার মেশিন কেনা হল, এগুলি বাজেটের মধ্যে ধরা ছিল না, এগুলির জন্য অতিরিক্ত ব্যয় হয়েছে, এর অনুমোদন দিতেই হবে। আর যদি অনুমোদন না দেন তাহলে বুঝতে হবে এই হাসপাতালগুলিকে আধুনিকতর করার এবং উন্নত চিকিৎসা ব্যবস্থা আনার বিরুদ্ধে আপনি। আমার মনে হয়েছে এখন একটা অপপ্রচার চলছে যে হাসপাতালে কিছু হয় না। বিরোধী পক্ষরা প্রচার করেন, আবার অনেক সময় গণমাধ্যম তাদের একটা অংশও এই অপপ্রচার করেন।

[2.30—2.40 p.m.]

হাসপাতালে একটা শিশু মারা গেলে হইচই শুরু করে দেওয়া হয়। মৃত্যু সর্বদা দুঃখের। কিন্তু কেউ অসুস্থ হয়ে হাসপাতালে গেল, তা সে যত মারাত্মক রোগই হোক না কেন, সব সুস্থ হয়ে বাড়ি ফিরে আসবে, হাসপাতালে কেউ কখনও মারা যাবে না—এই রকম করতে পারলে তো ভালো হত। কিন্তু সেই রকম হওয়ার কোনো কারণ নেই। দেখা যায় সব সময় সেখানে গিয়ে ছবি তোলা হয়, টি.ভি.-তে দেওয়া হয়, কাগজে অপপ্রচার করা হয় যাতে মানুষ হাসপাতাল সম্বন্ধে সমালোচনা করে এবং রোগী যাওয়ার ক্ষেত্রে একটা অনীহা দেখা দেয়। এবং সাথে সাথে প্রাইভেট হাসপাতাল, নার্সিং হোমে রোগী যাওয়ার প্রবণতা বাড়ে। এই রকম একটা প্রচেষ্টা খুব কৌশলে, বুদ্ধিমত্তার সাথে চালিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে। কিন্তু আমাদের সাংঘাতিক অভিজ্ঞতা হচ্ছে এইসব প্রাইভেট হাসপাতালে বা নার্সিং হোমে রোগী ভর্তি হলে খরচের এমন বহর যে ৭ দিনের মধ্যে লক্ষ টাকা খরচ করে শেষে ভিটেমাটি বিক্রি করেও ফল না পেয়ে পুনরায় সরকারী হাসপাতালে ভর্তি হয়ে ভালো হয়ে রোগীকে বাড়ি ফিরতে হয়। কাগজে হয়তো দেখেছেন এই রকম একটা ঘটনার কথা দিয়েছিল। শেষ পর্যন্ত মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে টাকা নিয়ে মৃত রোগীর আত্মীয়দের নার্সিং হোম থেকে ডেডবডি বের করে আনতে হয়। সুতরাং, হাসপাতালের উন্নতির জন্য যে টাকা দাবি করা হয়েছে তা যুক্তিযুক্ত। মাননীয় অর্থমন্ত্রীকে বলব আরো বেশি বেশি টাকা ব্যয় করে হাসপাতালগুলো আধুনিকীকরণ করুন মানুষ যাতে সুচিকিৎসা পায়।

ডিমান্ড নম্বর ৩৫-এ আমাদের রাজ্য সরকারের একটা ঘোষিত নীতি আছে। সেটা হচ্ছে, অসংগঠিত শিল্প—খেতমজুর এবং বন্ধ হয়ে যাওয়া শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের কিছু আর্থিক সাহায্য দেওয়া। এর ফলে বন্ধ কারখানার শ্রমিকদের জন্য ১৩ কোটি ৬৫ লক্ষ ৯৮ হাজার টাকা অর্থাৎ মাথাপিছু ৫৩ টাকা করে দেওয়া হয়। অতিরিক্ত বরাদ্দে এই দাবি যথাযথভাবে করা হয়েছে।

অতিরিক্ত ডিমান্ডের মধ্যে পি.এফ. স্কীমে ১ কোটি ২৩ লক্ষ ৩৪ হাজার টাকা চাওয়া হয়েছে। এটা আমাদের সরকারের নীতি, বিরোধিতা করলে কিছু করার নেই। দারিদ্র-সীমারেখার নীচে যারা বসবাস করে, অসংগঠিত শিল্পের সঙ্গে যুক্ত—খেতে খামারে কাজ করে, রিকশাওয়ালা, ভ্যানওয়ালা, ড্রাইভার লরি-বাসের, তাদের পি.এফ.-এর ব্যবস্থা

করা হয়েছে। তবে এটা সব জায়গায় যে ভালোভাবে চলছে তা বলব না। যাদের উপর দায়িত্ব সেই পঞ্চায়েত বা মিউনিসিপ্যালিটি তারা এটা ঠিক করে দেন। তবে দেখেছি অনেক সময়ই তারা সেগুলো ঠিক করে দেন না। তৃণমূল বা কংগ্রেসের যে সব মিউনিসিপ্যালিটি আছে, তাদের দেখেছি একাজে অনীহা আছে। তারা চায় যাতে এই সুযোগ মোটেই কেউ না পায়। আমি একটা মিউনিসিপ্যালিটির সদস্য আছি ৪০ বছর ধরে, কিন্তু সম্প্রতি সেটা কংগ্রেসের হাতে রয়েছে। আসলে আমি বিধানসভায় আছি, সরকারের সঙ্গে যুক্ত আছি বলে এইসব স্কীম সম্বন্ধে জানতে পারি, না হলে হয়তো জানতে পারতাম না। কিন্তু ওরা চেষ্টা করছে অসংগঠিত শিল্পের শ্রমিকরা বামফ্রন্ট সরকারের ঘোষিত পি.এফ. স্কীমের সামান্যতম সুযোগও যেন না পায়। কিন্তু এটা আমাদের বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি, এটা আমাদের করতে হবে।

২০০১-০২ সালে আমাদের রাজ্যে অভূতপূর্ব বন্যা হল। পশ্চিমবঙ্গের ৯টা জেলা দারুণভাবে ক্ষতিগ্রস্ত হল। ১০০ বছরের মধ্যে এ রকম বন্যাজনিত ক্ষয়ক্ষতি দেখা যায়নি। কেন্দ্র থেকে এখানে এসে ঘুরে সব দেখে গেল, কিন্তু আমাদের তরফ থেকে ক্ষয়-ক্ষতির জন্য যখন ১ হাজার ৪৮৭ কোটি টাকা চাওয়া হল—কৃষির ক্ষতি হয়েছে, শিক্ষা প্রতিষ্ঠান, রাস্তাঘাট, নদীবাঁধ, হাসপাতাল ক্ষতিগ্রস্ত হয়েছে, এইসব পূরণের জন্য এই টাকা চাওয়া হল—যদিও এটা ঠিক যে একবার নষ্ট হয়ে গেলে সেইভাবে পূরণ করা যায় না, কিন্তু যথাসম্ভব পূরণের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে অনুরোধ করা হল এই বিপর্যয়কে ন্যাশনাল লস হিসাবে গ্রহণ করা হোক। কিন্তু আমরা দেখলাম মাননীয় প্রধানমন্ত্রী বললেন না, এটা ন্যাশনাল লস নয়।

এই টাকা ন্যাশনাল ক্যালামিটি ফান্ডের কাছে চাওয়া হয়েছিল, কিন্তু তারা দিয়েছিল খুব সামান্য টাকা। সেই সামান্য টাকায় ক্ষতিপূরণ করার কাজ অসমাপ্ত ছিল। রাস্তাঘাট হয়নি। বন্যায় অনেক রাস্তা খারাপ হয়ে গেছে। এখানে অতিরিক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব রাখতে হয়েছে—বহু স্কুল, কলেজ বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে, তাদেরকে টাকা দিতে হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত তাদের ক্ষয়ক্ষতি পূরণ করা সম্ভব হয়নি। এই সমস্ত স্কুল, কলেজ, রাস্তাঘাট ইত্যাদি ক্ষেত্রে বন্যার ফলে যে ক্ষয়ক্ষতি হয়েছে সেই ক্ষয়ক্ষতি পূরণ করার জন্য এই অতিরিক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। এটা নিশ্চয়ই সমর্থনযোগ্য। এ বিষয়ে সন্দেহ নেই। কারণ কেন্দ্রীয় সরকার যদি অতিরিক্ত ১৪৮০ কোটি টাকা দিত তাহলে এই অতিরিক্ত বাজেটের দরকার হত না। কেন্দ্রীয় সরকারের কাছে ১৪৮০ কোটি টাকা চাওয়া হয়েছিল, কিন্তু তারা মাত্র ১০৩ কোটি টাকা বরাদ্দ করেছিল। এই রাজ্যের বন্ধ কারখানার শ্রমিকদের ৫০০ টাকা করে দেওয়া হয়। অসংগঠিত শিল্পের জন্য টাকা দেওয়া হয়। এই রাজ্যে বন্যাবিধ্বস্ত মানুষদের জন্য সর্বাঙ্গীণ প্রচেষ্টা চালিয়ে যাতে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হয় তার জন্যও এই অতিরিক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। মাননীয় সৌগতবাবু চলে গেলেন। এখানে ডিমান্ড নম্বর ৩২—তাতে টালি নালার কথা বলা হয়েছে—এর জন্য ৯১ লক্ষ ৭৬ হাজার টাকা অতিরিক্ত ব্যয়বরাদ্দ প্রস্তাবে রেখেছেন মাননীয় অর্থমন্ত্রী অনুমোদনের জন্য। টালি নালার আবর্জনা পরিষ্কার

করা, তার পাশে বেআইনি দখলদারদের মুক্ত করা, জল নিষ্কাশনের ব্যবস্থা করতে এবং রিএকস্‌কাভেশনের কাজ করার সময় মাননীয় সৌগতবাবু কিছু লোককে নিয়ে সেখানে গিয়ে বিরোধিতা করেছিলেন। উনি সেখানে বেআইনি দখলদারদের উচ্ছেদ করতে দেবেন না। এর ফলে সেই কাজগুলো কিছুদিন আটকে ছিল। পরে সেই বেআইনি দখলদাররা তারা নিজেরাই সেখান থেকে উঠে যায় এবং শেষ পর্যন্ত সেখানে শান্তিপূর্ণভাবে সব কিছু হয়। তবে ওঁদের বিরোধিতার জন্য কিছুদিন কাজ বন্ধ থাকায় খরচা কিছুটা বাড়ল। আমরা ডিমান্ড নম্বর ৩৯-এ দেখছি যে, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের জন্য অতিরিক্ত বাজেটে ব্যয়বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। কারণ, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন—তাদের যে বিদ্যুতের বিল হয় এবং তার জন্য যে বিরাট টাকা বিদ্যুৎ বিভাগ বা সি.ই.এস.সি-কে দিতে হয় সেই অতিরিক্ত পেমেন্ট আপনি দিয়ে দিচ্ছেন, পরে নিশ্চয় সেই টাকা আপনি তাদের কাছ থেকে দাবি করবেন। কিন্তু কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন—এই দুটো বাদ দিলে অন্য যেসব মিউনিসিপ্যালিটিগুলো আছে তাদের কয়েক বছর ধরে বিদ্যুতের বিলের পেমেন্ট বকেয়া পড়ে থাকলে রাজ্য সরকার সেই টাকা পেমেন্ট দিয়ে দিতেন এবং পরে সেই টাকা গ্র্যান্ট থেকে কেটে নিতেন। কিন্তু আজ ২ বছর হল সেটা বন্ধ হয়ে গেছে। রাজ্য সরকারের নির্দেশে বলা হয়েছে যে, বিদ্যুতের বিলের জন্য রাজ্য সরকার তাদেরকে আর কোনো টাকা দেবে না—এ বিষয়ে মিউনিসিপ্যালিটিগুলো নিজের পায়ে দাঁড়াতে পারলে তারা স্বনির্ভর হবে এবং তারা ট্যাক্স আদায় করে, রাজস্ব আদায় করে তারা বাড়তি খরচা করুক। কিন্তু ৩৯ নম্বর ডিমান্ডে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের বিদ্যুতের বিল মেটানোর জন্য ভোট অন অ্যাকাউন্টে ১০৭ কোটি ৬০ লক্ষ ৫২ হাজার টাকা ধরা হয়েছে। আমি বলছি, আমাদের কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের মাননীয় মেয়র বলেছেন, 'আমরা দারুণ রাজস্ব আদায় করছি'। তাদের বলি দারুণ রাজস্ব আদায় হয় তাহলে বিদ্যুতের বিল মেটানোর জন্য কোটি কোটি টাকা লোন নিতে হয় কেন ? তাঁরা ধার নিচ্ছেন কেন ? মিউনিসিপ্যাল কর্পোরেশনগুলো যেসব লোন নেন, সেই লোনগুলো শোধ হয় না, পরবর্তী পর্যায়ে সেগুলো গ্র্যান্ট হিসেবে চলে যায়। এটা হবে কেন ?

[2.40—2.50 p.m.]

এটা হবে কেন ? যে কারণে এটা করেছেন এরা নিশ্চয়ই বুঝে করেছেন। এইভাবে কলকাতা কর্পোরেশনের এইরকম বিদ্যুৎ বিল মেটাবার জন্য রাজ্য সরকারের টাকা ব্যয় করার কোনো প্রশ্ন ওঠে না বলে আমি মনে করি। গ্রামোন্নয়নের জন্য এবং নগর উন্নয়নের জন্য যে অতিরিক্ত অর্থের প্রস্তাব এখানে রাখা হয়েছে। এটা মূলত একাদশ অর্থ কমিশনের সুপারিশ কার্যকরী করা হয়েছে। এটা করতে হবে। আমি যেটা বলছি যে প্রথাগতভাবে বা পদ্ধতিগতভাবে যে নিয়ম হয়েছে সাপ্লিমেন্টারির—এটা সব রাজ্যে সব কেন্দ্রে এটা আছে, কিন্তু এটা নিশ্চয়ই অনুমোদন দিতে হবে, এটা দেওয়াও উচিত।

গ্রামোন্নয়নের জন্য আমাদের বর্তমান সরকার যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছেন সেটা হচ্ছে ইন্দিরা আবাস যোজনা এবং সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনা। যদিও ইন্দিরা আবাস যোজনার কথা সবাই জানে। এক্ষেত্রে কেন্দ্র দেন শতকরা ৭৫ ভাগ এবং রাজ্য সরকার দেন ২৫ ভাগ, এটা অনেক দিন থেকে চলে আসছে। এর আগে ছিল যারা তপশিলি জাতি ও উপজাতি তারা এর সুযোগ গ্রহণ করবেন—এই ইন্দিরা আবাস যোজনার কিন্তু তারপর ১৯৯২-৯৪ সালে আমরা দেখলাম যারা দারিদ্র্যসীমার নীচে বাস করছেন সে তপশিলি হোক বা না হোক, আদিবাসী হোক বা না হোক—তারা এই সুযোগটা গ্রহণ করতে পারেন। ভাল। তারপর হচ্ছে যে গ্রামোন্নয়নের জন্য যে সম্পূর্ণ রোজগার যোজনা—এটা একটা নতুন যোজনা। এটা সমাজের পিছিয়ে পড়া যে সমস্ত মানুষ তাদের কর্মসংস্থানের জন্য এবং উন্নততর জীবনযাত্রার জন্য। যে জন পঞ্চায়েত আছে সেই পঞ্চায়েতে গ্রামগুলি যাতে অতিরিক্ত মজুরিভিত্তিক কর্মসংস্থান সৃষ্টি করতে পারে সেই উদ্দেশ্যেই এই সম্পূর্ণ গ্রামীণ রোজগার যোজনা চালু করা হয়েছে। সুতরাং এই বিষয়টি অত্যন্ত জরুরি। এটা গ্রামের উন্নয়নমূলক যে কাজ তার ভিতরে এটা খুব ইম্পর্ট্যান্ট কাজ—গুরুত্বপূর্ণ কাজ। এইরকম একটা গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক কাজে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের অতিরিক্ত ব্যয়ের যে প্রস্তাব রেখেছেন এটা অবশ্যই সকলের—বিরোধী পক্ষ সহ সমর্থনযোগ্য, কেউ পারবেন এর বিরোধিতা করতে ? গ্রামের গরীব মানুষ তারা দারিদ্র্যসীমার নীচে আছেন তাদেরকে একটু এগিয়ে নিয়ে আসার চেষ্টা করছেন এটা কেউ বিরোধিতা করতে পারবেন ? এই জন্য আমি বলছি যে, কাজগুলি অত্যন্ত সমর্থনযোগ্য। এইজন্য এই যে অতিরিক্ত এই সাপ্লিমেন্টারি বাজেট এটা সমস্ত বিরোধী পক্ষকেও এই বাজেটকে সমর্থন করা উচিত। আমাদের রাজ্যের স্বার্থে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নেপাল মাহাত** : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী সাপ্লিমেন্টারি বাজেট পেশ করেছেন। এগুলি পেশ করার জন্য এর আগে পূর্ববর্তী বক্তা সৌগতবাবু এবং মাননীয় সরকার দলের সদস্য খুব সুন্দরভাবে বলেছেন যে, উন্নয়নের জন্য অর্থমন্ত্রী খরচ করেছেন সেটা স্বাভাবিকভাবেই বিধানসভায় পাস হওয়া উচিত, তা না হলে বিধানসভার সদস্যরা জনবিরোধী বলে প্রমাণিত হবে। আমি দুটো প্রশ্ন করতে চাই—মাননীয় অর্থমন্ত্রী আপনি যে সাপ্লিমেন্টারি বাজেট দিয়েছেন, এই বাজেটে কয়েকটি বিশেষ করে যেখানে অতিরিক্ত টাকা খরচ হয়েছে বলে উল্লেখ করেছেন—আপনার বাজেট ভাষণে দেখলাম যে আপনি অবসরকালীন ভাতা ১০ পার্সেন্টের মধ্যে সীমাবদ্ধ রেখেছেন এবং আমরা খুশি হতাম যদি সাপ্লিমেন্টারি বাজেটে অবসরকালীন ভাতাখরচ বাবদ কিছু এই ধরনের একটা ডিমান্ড দেখতাম। আমি আমার অভিজ্ঞতা থেকে বলছি যে, ইতিমধ্যেই সারা পশ্চিমবঙ্গে যেসব শিক্ষক, শিক্ষাকর্মী আছেন, যারা অবসর হচ্ছেন আপনার এই বাজেটের ফলে আপনি যে খরচ সঙ্কুচিত করেছেন তার ফলে যারা রিটায়ার্ড শিক্ষক-শিক্ষিকা তাদের গ্র্যাচুয়িটি এবং কমিউটেড মানি নেবার জন্য অফিসে গিয়ে মিথ্যার আশ্রয় নিতে হচ্ছে মেয়ের বিয়ে অথবা নিজের বিয়ে বলে কার্ড ছাপিয়ে টাকা আদায় করার চেষ্টা করা হচ্ছে। আজকে এর উপর ডিমান্ড থাকলে আমি খুশি হতাম। আমার

পূর্ববর্তী একজন বক্তা বললেন, ডিমান্ড নাম্বার ৭ এস.সি. অ্যান্ড এস.টি. এবং আদার ব্যাকওয়ার্ড ক্লাসের জন্য অতিরিক্ত ১ কোটি ৮৪ লক্ষ ৫৪ হাজার টাকা খরচ করেছেন। আবার ১ কোটি ১০ লক্ষ ৩৮ হাজার টাকা খরচ করেছেন ইত্যাদি বলেছেন। তারপর এখানে স্কলারশিপের কথা এবং হস্টেল বিল্ডিং নির্মাণের কথা বলেছেন। কিন্তু আপনি কি জানেন, এস.সি. অ্যান্ড এস.টি.-র ছাত্র-ছাত্রীরা যেসব হস্টেলে থাকে তার গ্র্যান্ট দীর্ঘদিন ধরে এই দপ্তরের মন্ত্রী এবং সরকারকে অনুরোধ করা সত্ত্বেও তা বাড়ানো হয়নি। বর্তমানে তারা যে গ্র্যান্ট পায়, সেই গ্র্যান্ট কোনোমতেই একজন ছাত্র বা ছাত্রীর পক্ষে হস্টেলের থাকার জন্য সাফিসিয়েন্ট নয়। আপনি এর পরেও বলেছেন লোনের কথা। আপনি শুনলে অবাক হবেন, ব্যাঙ্ক যে লোনগুলি দিচ্ছে এস.সি. এবং এস.টি-দের তার বেশির ভাগ ক্ষেত্রে ব্যাঙ্কাররা নিজেদের সুবিধার জন্য এবং যারা প্রতিনিধি আছেন তারা লোনের পোরশন না দিয়ে শুধু সাবসিডি দেবার ব্যবস্থা করেছেন অলিখিতভাবে এবং ব্যাঙ্কের ম্যানেজার তার প্রাইভেট অ্যাকাউন্টে সেই লোনের পোরশন জমা রাখছে এবং তার পরবর্তী ৬ মাস বা ১ বছরের জন্য তার অ্যাকাউন্টে জমা করে রিকভারী দেখাচ্ছে। এই যে ঘটনা ঘটছে এতে এস.সি. অ্যান্ড এস.টি.-দের ক্ষেত্রে যে স্কীমের জন্য টাকা দেওয়া হচ্ছে সেটা যেমন কার্যকরী হচ্ছে না, তেমনি ব্যাঙ্কের ম্যানেজার তার অ্যাকাউন্টে যে টাকাটা জমা রাখছে, সেই টাকাটা সঠিক সময়ে যদি ট্রান্সফার না হয় তাহলে কিন্তু বেনিফিসিয়ারীদের মাথার উপর অর্থাৎ যারা টাকা নিচ্ছে তাদের মাথার উপর বড়সড় ধরনের লোনের বোঝা চেপে বসছে—এইরকম ধরনের পরিস্থিতি সৃষ্টি হয়েছে। আমার পূর্ববর্তী একজন বক্তা বললেন, মাননীয় অর্থমন্ত্রী এস.সি. অ্যান্ড এস.টি. এবং ও.বি.সি.-দের উন্নয়নের জন্য বেশি টাকা খরচ করেছেন এবং নানাভাবে তাদের জন্য সাহায্য করা হচ্ছে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, আদার ব্যাকওয়ার্ড ক্লাসের যে লোন সেই লোনের কিছু অংশ দেয় রাজ্য সরকার আর বেশির ভাগ অংশ আসে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। সেই লোনের বেশির ভাগ টাকা কিন্তু আন-ইউটিলাইজ অবস্থায় আছে। এখনো পর্যন্ত এমন কিছু কিছু জেলা আছে, বিশেষ করে আমার জেলা পুরুলিয়ায় এই লোন ৪ বছর আগে ইনট্রোডিউস করা হয়েছিল। অন্‌লি ৪৫ কেস পুরুলিয়া থেকে রেকমেন্ড হয়ে কলকাতায় এসেছে লোন ডিসবার্সমেন্টের জন্য। এই ধরনের পরিস্থিতি সৃষ্টি হয়েছে। আমি এই সম্বন্ধে স্ট্যান্ডিং কমিটির মন্তব্য উল্লেখ করতে চাই—রুরাল প্ল্যানিং ডেভেলপমেন্টের, More than 30 per cent of the people in the districts falling under the Paschimanchal Unnayan Parshad are Scheduled Tribes, Scheduled Castes and economically backwards. The fund allotted during the financial year 2002-2003 for their upliftment and for bringing them into the main stream is too small to bring any positive result. এই ধরনের কমেন্ট ২০০৪ সালের বিধানসভার যে কমিটি আছে তারা পেশ করেছেন। তাহলে এস.সি অ্যান্ড এস.টি. এবং ও.বি.সি-দের জন্য এই সরকার যে একস্ট্রা খরচ করেছেন বলছেন বা অনেক কাজ করেছেন বলছেন তার প্রমাণ স্ট্যান্ডিং কমিটির রিপোর্টে এখানেই পেয়ে যাচ্ছি।

[2.50—3.00 p.m.]

আমি আর দু-একটা কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী, আপনি ডিমান্ড নং ১১-তে হ্যান্ডলুম ডেভেলপমেন্টের কথা বলেছেন। আমরা সবাই জানি আজকে পশ্চিমবঙ্গে কোথায় কীভাবে হ্যান্ডলুম ডেভেলপমেন্ট হচ্ছে। যদি হ্যান্ডলুম ডেভেলপমেন্ট হত তাহলে বহু বেকারের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হত। সাপ্লিমেন্টারি বাজেটে আপনি যে অতিরিক্ত খরচের কথা উল্লেখ করেছেন তার বেশিরভাগটাই এস্টাবলিশমেন্ট এক্সপেন্ডিচার। সেজন্যই আমরা এই বাজেটের বিরোধিতা করছি। ডিমান্ড নং ৩৩, এখানে আপনি বলেছেন সংশোধনাগার বা জেলগুলির উন্নয়ন ঘটানো হচ্ছে। আমি নিজে পুরুলিয়া জেলে গিয়েছি, সেখানে কি উন্নতি হয়েছে তা আমি জানি। অন্য জেলায় কি হয়েছে, না হয়েছে, তা আমি বলতে পারব না। পুরুলিয়া জেলে বন্দীদের স্নান করার জন্য একটামাত্র কলের ব্যবস্থা আছে। সেখানে বন্দীরা লাইন দিয়ে স্নান করে। আমি সেখানে প্রশ্ন করে জেনেছি কোনো অর্থের অ্যালোটমেন্ট নেই, তাই কোনো উন্নয়ন কাজ হয়নি। আমার মনে হয় আজকে এই পরিস্থিতি গোটা পশ্চিমবাংলার। ডিমান্ড নং ৪৫, ড্রিংকিং ওয়াটার ফেসিলিটিস—এখানে পানীয় জল সরবরাহের কথা বলা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আপনি হয়ত খরচ বেশি করেছেন, অনেক জায়গায় হয়ত অনেক কাজ হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকারের 'সজল-ধারা' প্রকল্প এখনো পুরুলিয়া জেলায় চালু হয়নি। পশ্চিমবঙ্গের অন্য কোথাও হয়েছে কিনা সে বিষয়ে আমার সন্দেহ আছে। এ বিষয়ে আমি এখানে কোনো সঠিক তথ্য পেলাম না। আমি এস.এস.আই. রেজিস্ট্রেশান প্রসঙ্গে একটা কথা এখানে বলতে চাই, এস.এস.আই. রেজিস্ট্রেশনের জন্য অ্যাপ্লিকেশন সংখ্যা ক্রমশ কমে যাচ্ছে। ২০০২ সালে আমরা দেখছি টোটাল অ্যাপ্লিকেশনের সংখ্যা ছিল ২,২৪, ৮৭০টি, ২০০৩ সালে তা কমে হয়েছে মাত্র ৭,৪৬৬টি। আর পুরুলিয়া, বাঁকুড়ার ক্ষেত্রে দুটি বছরই সংখ্যাটা শূন্য। আজ বেকার ছেলেরা ক্ষুদ্র শিল্প গড়ার মানসিকতা হারিয়ে ফেলেছে। কোথায় ডিফেক্ট, কেন এটা হচ্ছে ? আজকে কেন আমাদের স্বনিযুক্ত প্রকল্পের কথা ভাবতে হচ্ছে, কারণ সবাইকে সরকারি চাকরি দেওয়া যাবে না। তাহলে এস.এস.আই. ইউনিট স্থাপনের ক্ষেত্রে অসুবিধাটা কোথায় সেটা একটু ভেবে দেখতে হবে। মাননীয় অর্থমন্ত্রী, আপনি স্বনিযুক্ত প্রকল্পের হিসাব পেশ করেছেন। ব্যাঙ্ক লোনের যে পরিসংখ্যান দিয়েছেন, সেই চিত্রটি খুবই মর্মান্তিক। কমার্শিয়াল ব্যাঙ্কগুলি ২০০২-২০০৩ সালে ৬৩৬৫টি প্রোপোজাল পেয়েছিল, স্যাংশন হয়েছিল ২২৫০টি এবং রিলিজ হয়েছিল ১৪৭২টি ক্ষেত্রে। সুতরাং আপনি শুধুমাত্র ৬৩৬৫টি ক্ষেত্রের উল্লেখ করে বিভ্রান্তির সৃষ্টি করেছেন। আপনাদের মাধ্যমে বিভ্রান্তিকর খবর প্রকাশিত হচ্ছে। যে রিজিওনাল রুরাল ব্যাঙ্ক আছে তার অবস্থা আরো ভয়াবহ। সেখানে ৬৪৮০টি প্রস্তাব জমা পড়েছিল, স্যাংশন হয়েছিল ২৩২৫টি, আর রিলিজ হয়েছে ১৪৭৩টি। এই পরিসংখ্যানগুলি একটু ভাবা দরকার। আপনি সাপ্লিমেন্টারি বাজেট প্লেস করেছেন, বিভিন্ন খাতে অতিরিক্ত খরচ করেছেন, কিন্তু যে যে সেক্টরে খরচ করেছেন সেই সেই সেক্টরের কি উন্নয়ন হয়েছে ? এটা একটু খোঁজ নিয়ে দেখতে হবে। আমি প্রশ্ন করেছিলাম, আপনার হয়ত

মনে আছে, আমাদের লাগোয়া ঝাড়খণ্ড স্টেট, সেই হিসাবে আপনি বলেছিলেন তেলের দাম বা অন্যান্য জিনিসের দাম আশপাশের রাজ্যের সঙ্গে সামঞ্জস্য করে নির্দিষ্ট করবেন। আপনি উত্তর দিন যে ঝাড়খণ্ড স্টেটে ডিজেলের দাম লিটার প্রতি আমাদের স্টেটের চেয়ে ২ টাকা কম কেন ? আমি ওনার কাছে প্রশ্ন করেছিলাম। অবশ্য তাতে আমাদের ওখানকার ছেলেরা উপকৃত হচ্ছে। তখন উনি বলেছিলেন ঝাড়খণ্ডের অর্থমন্ত্রীকে বলবো ডিজেলের দাম বাড়িয়ে দিতে। আমি ঝাড়খণ্ডের মন্ত্রীকে চিনি, উনি জামশেদপুরের এম এল এ। আমি ওনাকে দাম বাড়িয়ে দেবার কথা বলেছিলাম। উনি বলেছিলেন—আমাদের পাশের রাজ্যে কম দামে তেল পাওয়া যাচ্ছে। সেখানে ট্রাক থেকে শুরু করে সমস্ত গাড়ি বেশি বেশি করে তেল নেয়। আপনাদের এখানে নেয় না। আগে আপনার এখানে যত বিক্রি হত এখন কি বিক্রি হয় ? সেটা কমে গেছে। সেটা কার দোষে হয়েছে ? এখানে কলকাতার কিছু গাড়ি এবং সরকারি গাড়ি তেল নেয়। কার বুদ্ধি বেশি ? আপনার না ওদের অর্থমন্ত্রীর ? এই রকম একটা উদাহরণ কাছাকাছি পাওয়া যাচ্ছে। ডিজেলের দাম ১০ পয়সা, ২০ পয়সা, ২৫ পয়সা বেশি হতে পারে একেবারে ২ টাকা বেশি হতে পারে, একেবারে ২ টাকা বেশি পার লিটার। এই ব্যাপারগুলো আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি যে সাপ্লিমেন্টারি বাজেট পেশ করেছেন সেই টাকা খরচ হয়েছে নিশ্চয়ই, কিন্তু কাজের কাজ কিছু হয়নি, সেই জন্য আমি বিরোধিতা করছি। আমাদের পক্ষ থেকে যে কাট মোশান আনা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ ইয়াকুব** : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি গ্র্যান্ট ২০০৩-০৪ যেটা পেশ করেছেন তাকে আমি সমর্থন জানিয়ে দু-একটা কথা উল্লেখ করতে চাই। এখানে বেশি আলোচনা করার সুযোগ নেই। নানা রকম প্রতিকূল অবস্থার মধ্যে, আর্থিক সংকটের মধ্যে দাঁড়িয়ে বিভিন্ন খাতে যে অর্থ উনি বরাদ্দ করেছেন সেটা খরচ করা হয়েছে এবং খরচ করা হচ্ছে তার অনুমোদনের জন্য আজকে এখানে পেশ করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে দু-একটা বিষয় বলতে চাই এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ২০০২-০৩ সালে নির্বাচিত বিধানসভার প্রতিনিধিদের জন্য যে অর্থ বরাদ্দ করা হয়েছে সেই অর্থ দু-ভাগে, সাড়ে বারো লক্ষ সাড়ে বারো লক্ষ টাকা করে দেওয়া হয়। আমরা নির্বাচিত প্রতিনিধিরা প্ল্যান এস্টিমেট করে সেই অর্থ বরাদ্দ করি এলাকা উন্নয়নের জন্য।

[3.00—3.10 p.m.]

কোথাও রাস্তা, কোথাও স্কুল, কোথাও অন্যান্য কাজের জন্য এবং সেই অর্থ প্ল্যান এস্টিমেটে দেখা যাচ্ছে নেসেসারি স্যাংশন হওয়ার পর বহু ক্ষেত্রে টেন্ডার হয়ে গেছে, ওয়ার্ক অর্ডার হয়ে গেছে এবং কাজও যার টেন্ডার হয়ে গেছে, ওয়ার্ক অর্ডার হয়ে গেছে, কিছু কিছু ক্ষেত্রে যার কাজ আরম্ভ হয়েছে। হঠাৎ এখন কাজ বন্ধ। কেন বন্ধ, না নির্বাচন কমিশনের নির্দেশ। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইবো, ২০০২-২০০৩ সালের বরাদ্দকৃত যে কাজ, আরম্ভ হয়েছে, সেই কাজ কেন বন্ধ আছে ? দ্বিতীয়ত, অনেক রাস্তার

কাজ আরম্ভ হয়েছে, সেই কাজ বন্ধ হয়েছে, বন্ধ করে দেওয়া হয়েছে। পি.এম. সড়কের জন্য যে টাকা বরাদ্দ হয়েছিল, তার টেন্ডার হয়েছে, কাজ আরম্ভ হয় গেছে, সেই কাজ বিভিন্ন গ্রাম ঘুরতে গিয়ে দেখা যায় কাজ বন্ধ। ইলেকশন কমিশন আজকে এসেছে। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে বিশেষভাবে অনুরোধ করতে চাই যে, ইলেকশন কমিশনের কাছে এই অনুরোধ করা উচিত, নির্বাচন ঘোষণার আগে যে সমস্ত কাজ টেন্ডার হবার পর, ওয়ার্ক অর্ডার হবার পর কাজ হয়েছে, সেই কাজ কেন বন্ধ আছে ? তৃতীয়ত, আজকে চৈত্র মাস, গ্রীষ্মের তাপে বহু জায়গায় নলকূপ বসানোর স্যাংশন হয়ে গেছে। কিন্তু সেই নলকূপ এখন বসানো যাবে না বলে আমরা জানতে পেরেছি। স্বাভাবিকভাবে, এই বিষয়টিতে বিশেষভাবে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া আমাদের কলকাতা শহরে খিদিরপুর ব্রিজ, যেটি হুগলি রিভার ব্রিজ কমিশনের আন্ডারে, যে ব্রিজের কাজ গত পাঁচ বছর ধরে বন্ধ হয়ে আছে। আমরা প্রথমে জানতে পেরেছিলাম আর্থিক অনটনের জন্য, আর্থিক অবস্থা ভাল নয় বলে এই কাজ বন্ধ হয়ে আছে। পরে জানতে পেরেছিলাম যে, বাস্তুকাররা এমনভাবে খিদিরপুরের ওই ব্রিজের নকশা তৈরি করেছেন, তাতে কাজ করা যাবে না। নতুন করে আবার নকশা করার কাজ হচ্ছে। স্বাভাবিকভাবে, সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মন্ডহারবার রোড, গার্ডেনরিচ রোড এবং খিদিরপুর রোড, এই যে সংযোগস্থল, সেখানে অনেক দুর্ঘটনা ঘটছে এবং মানুষ অনেক অসুবিধার সম্মুখীন হচ্ছে, নিত্যযাত্রীরা দুর্ঘটনায় পড়ছে। আশা করি, আপনি এই বিষয়ে দৃষ্টি দেবেন। আজকে যে সাপ্লিমেন্টারি গ্র্যান্টের আবেদন জানিয়েছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি এস্টিমেটস ২০০৩-২০০৪ সালের এই সভাতে পেশ করেছেন এবং আমরা এই সভাতে তাতে কিছু রিডাকশনের কথা বলেছি। তিনি বিভিন্ন ডিমান্ডের উপরে খরচ করবার জন্য যে অনুমোদন চেয়েছেন তাতে দেখতে পাচ্ছি এগ্রিকালচারাল প্রসেসিংয়ে ৭৫ কোটি ৮১ লক্ষ টাকা চেয়েছেন। এইরকম বিভিন্নভাবে ডিমান্ড ৮ থেকে আরম্ভ করে প্রত্যেকটি ডিমান্ডের জন্য টাকা চেয়েছেন। মাননীয় সদস্য ফরোয়ার্ড ব্লকের বললেন বিধায়ক উন্নয়নের ব্যাপারে, এটা খুবই দরকারি কথা বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী ডিসেম্বর মাসে বলেছিলেন ২০০৩-২০০৪ সালের জন্য বিধায়করা টাকা পেয়ে যাবেন এবং যাতে করে কাজের ব্যাঘাত না ঘটে সেটা দেখা হবে। এবং মাননীয় অর্থমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে টাকা পেয়ে যাবেন, কিন্তু সেই টাকা অনেকেই পাননি। আমি যেটা প্রথমেই মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করতে চাই যে, আপনি আপনার বক্তব্যে মূল বক্তব্যে আর্থিক সংকটের কথা বলেছেন এবং এই সংকটের মধ্যে দিয়ে ৫ হাজার ২১১ কোটি টাকা চার্জড অ্যামাউন্ট বাদ দিয়ে অনুমোদন চেয়েছেন, সেখানে আমরা দেখতে পাচ্ছি আর্থিক সংকটের কারণ সম্পর্কে বিভিন্ন সময়ে বিভিন্নভাবে বহু বিশেষজ্ঞদের সঙ্গে, অর্থনীতিবিদদের সঙ্গে আলোচনা করেছিলেন আমার মনে আছে কাগজেও বেরিয়েছিল যে, সেন্ট জেভিয়ার্স কলেজে ১২৫ জন অর্থনীতিবিদকে নিয়ে আর্থিক সংকটের মূল বিষয় নিয়ে আলোচনা

করেছিলেন। মূল কারণটাই হচ্ছে সংকট। সেখানে ইন্ডিয়ান ইকনোমিক অ্যাসোসিয়েশন এবং বঙ্গীয় অর্থনীতিবিদ পরিষদের পক্ষ থেকে ওই আলোচনা সেন্ট জেভিয়ার্স কলেজে হয়েছিল। এবং সেখানে পঞ্চম পে-কমিশনের কথা উঠেছিল, এবং বিশাল টাকা সরকারের কর্মচারীদের মাইনে বাবদ এবং রিটায়ার্ড পেনশনারদের থেকে আরম্ভ করে বিভিন্ন ধরনের সরকারি কর্মচারীদের দিতেই প্রায় শেষ হয়ে যায়। ১১ হাজার ৮০০ কোটি টাকার মতো লাগে এবং সেটা একটা বিরাট খরচ হচ্ছে। সেখানে বিগত অর্থমন্ত্রী ছিলেন, তিনিও অর্থনীতিবিদ, তিনি সেখানে বলেছিলেন আমার সময়ে ঋণের পরমাণ ছিল ৩৫ কোটি টাকা। আজকে ২০০২-০৩ সালে সেটা দাঁড়িয়েছে ৭৭ হাজার কোটি টাকাতে এবং সেটাও ছাড়িয়ে গেছে। পশ্চিমবঙ্গে যে মূল ঋণ নেওয়ার উৎস সেটা হচ্ছে সঞ্চয় প্রকল্প। এই সঞ্চয় প্রকল্পে ১০ হাজার কোটি টাকা অর্থাৎ ৭৫ শতাংশ রাজ্য সরকার সেখান থেকে ঋণ হিসাবে পেয়ে থাকে। তারপরে কেন্দ্রীয় সরকারের যে আকর্ষণীয় সঞ্চয় প্রকল্প, তার থেকে ৩ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকার তোলে এবং এর থেকে পশ্চিমবঙ্গ সরকার ৭ হাজার কোটি টাকা অর্থাৎ ৭৫ শতাংশ ঋণ নিতে পারে। এই ঋণ শোধের হার ১৪ শতাংশ। সেখানে আপনাদের উপরে তো চাপ পড়েছেই। সেখানে সারা ভারতবর্ষের যে জাতীয় চিত্র তাতে দেখা গেছে যে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার মিলে ৩ লক্ষ কোটি টাকা রাজস্ব হিসাবে আদায় করছে। কিন্তু ৩২ শতাংশ কেন্দ্রীয় সরকার এককভাবে আর রাজ্য মিলিয়ে ৩৮ শতাংশ।

[3.10—3.20 p.m.]

অর্থাৎ ২০০১-০২ সালে সমস্ত রাজ্য উন্নয়ন খাতে যে ব্যয় করেছে ২ লক্ষ ১১ হাজার কোটি টাকা। কেন্দ্রীয় সরকার খরচ করেছিল ১ লক্ষ ৩৬ হাজার কোটি টাকার মতো। ২০০১-০২ সালে কেন্দ্রীয় বাজেটে মোট ব্যয়ের পরিমাণ ছিল ৪ লক্ষ কোটি টাকার মতো। সমস্ত রাজ্য সরকারগুলির বাজেটে ব্যয় ছিল ৪ লক্ষ কোটি টাকার মতো কিছু বেশি। সমস্ত সরকার এর ঘাটতির পরিমাণ ছিল ৪৪ হাজার কোটি টাকার মতো। কেন্দ্রের ঘাটতির পরিমাণ ছিল ৮০ হাজার কোটি টাকার মতো। পশ্চিমবঙ্গে এই যে লৌহ ইস্পাত উৎপন্ন হয় তার উপর যে বিক্রয়কর তা ৪ শতাংশ মাত্র। তিনি সভাতে বলেছিলেন, ৪ শতাংশ বাড়াবার কথা। বিভিন্ন অর্থনীতিবিদদের মতে পশ্চিমবঙ্গ সরকারের অর্থনীতিবিদ হিসাবে কয়েক বছর ঘাটতিশূন্য বাজেট করা সত্ত্বেও আর্থিক সংকট কেন। তারপরে এই সংকট কেন আসল ? কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক এবং ইন্ডিয়ান ইকনোমি অ্যাসোসিয়েশনের যিনি প্রাক্তন সভাপতি, অধ্যাপক অলোক ঘোষ মহাশয় বলেছেন, পশ্চিমবঙ্গ সরকার বাণিজ্যিক কর আদায় করতে ব্যর্থ হয়েছেন। আর পশ্চিমবঙ্গতে কর ফাঁকির পরিমাণ হচ্ছে ৫ হাজার কোটি টাকার মতো। পশ্চিমবঙ্গ সরকারের অধীনে যে ৬৫টি সংস্থা আছে, এটা সরকারি পরিচালনাধীনে, তার মধ্যে ৫৪টির ক্ষেত্রে ক্ষতির পরিমাণ হচ্ছে ১ হাজার ১১৫ কোটি টাকা। এর অনেকগুলিতে উৎপাদন হয় না। অথচ সরকারকে সেখানে সেই ব্যয়টা করতে হচ্ছে। সেন্ট জেভিয়ার্স কলেজের অধ্যাপক ডাঃ দিলীপ ঘোষ মহাশয়ও রাজ্য সরকারী কর্মচারীদের বেতন, পেনশান, ঋণের সুদ বাবদ

পশ্চিমবঙ্গ সরকার যে তাদের রাজস্ব আদায়ে ১১০ শতাংশ খরচ করে এবং পশ্চিমবঙ্গ হচ্ছে দেশের সবচেয়ে বড় রাজস্ব ঘাটতি রাজ্য। তা সত্ত্বেও মন্ত্রীদের সেখানে যে ভাতার পরিমাণটা ২০০০-০১ সালে ৫ গুণ বৃদ্ধি করা হয়েছিল, তার বিনোদন এবং আপ্যায়নের ব্যয় দ্বিগুণ করা হয়েছিল। তাছাড়া মন্ত্রীদের ভ্রমণ ইত্যাদি বাবদ ১ কোটি টাকা খরচ ছাড়িয়ে গিয়েছে। '৯৫-৯৬ এবং '৯৭-৯৮-তে এই দুই বছরে উৎপাদন খাতে ৬৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবঙ্গে রাজস্ব বৃদ্ধি হয়েছে ৬০ শতাংশ, এখানে রাজস্ব আদায় ৬০ শতাংশ হয়নি। ২ থেকে ৩ দশক ধরে রাজস্ব অনেকে দিতে পারেনি ; বিভিন্নভাবে বৈষম্য থাকার জন্য আদায় করতে পারেননি। পশ্চিমবঙ্গ সরকার '৯৯-২০০০ সালে যা করেছেন, সেই সম্পর্কে ড. প্রণব ভট্টাচার্য অর্থনীতিবিদ ফলিত বিজ্ঞানের তিনি বলেছিলেন, পশ্চিমবঙ্গ সরকার '৯৯ সালে তার বাজেটে ২৫ শতাংশ টাকা পঞ্চায়েতগুলিকে বরাদ্দ করেছিলেন। তাতে যা বরাদ্দ করা হয়েছিল ১ হাজার ৫৩৩ কোটি টাকা, বরাদ্দ করা হয়েছে। কিন্তু কেরলের পঞ্চায়েতি ব্যবস্থার সঙ্গে পশ্চিমবঙ্গের পঞ্চায়েতি ব্যবস্থার তুলনা যদি করতে হয় তাহলে দেখা যাবে, কেরলে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে যদি দেখেন '৯০-৯১ সালের থেকে '৯৭-৯৮ সাল পর্যন্ত যদি দেখেন তাহলে দেখবেন সেখানে তাদের আয়ের উৎস হচ্ছে ৫ লক্ষ ১৩ হাজার ৫১৭ কোটি টাকা সংগ্রহ করেছিল। সেখানে পশ্চিমবঙ্গ সরকারের সংগ্রহের পরিমাণ মাথাপিছু কম। তামিলনাড়ুর বিক্রয়কর বাবদ ৫০ শতাংশ কম। এবং রাজ্য আন্তঃশুল্ক বাবদ রাজস্ব সংগ্রহ ২৫ শতাংশের কম।

আজকে পশ্চিমবাংলার সার্বিক উন্নয়নের জন্য আপনারা টাকা খরচ করতে পারেননি। সেই জন্যই সেচ, শিক্ষা, স্বাস্থ্য সমস্ত ক্ষেত্রেই আমরা ব্যর্থ, কোথাও ঠিকমতো টাকা খরচ করা যায়নি। আমাদের রাজ্যের প্রাকৃতিক সম্পদ থেকে যে রাজস্ব আদায় করা যেত সেই ক্ষেত্রেও আমরা ব্যর্থ হয়েছি। তাই আজকে যে সাপ্লিমেন্টারি গ্র্যান্ট এসেছে সেটাকে ঠিকমতো আমরা সমর্থন করতে পারছি না এবং আমরা যে কাট মোশানগুলো দিয়েছি সেগুলো গ্রহণ করবার জন্য আপনার কাছে আমি আবেদন করছি।

**শ্রী নির্মল দাস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এই হাউসে যে সাপ্লিমেন্টারি বাজেট প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। ওরা পার্লামেন্টে বলেছিলেন ২০০৪ সালের সেপ্টেম্বর মাসে লোকসভার নির্বাচন হবে। কিন্তু সেই নির্বাচনকে ওরা এগিয়ে আনলেন। এর ফলে গোটা দেশের এবং আমাদের পশ্চিমবাংলার সর্বনাশ হল। কেন্দ্রীয় সরকার যে কাজ করেছে তাতে পনেরো থেকে কুড়ি ভাগ মানুষ খুবই আহ্লাদিত, তারা ফিল গুড। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে সাপ্লিমেন্টারি বাজেট এখানে উপস্থাপন করেছেন সেটা খুবই গতানুগতিক, এটা পরিষদীয় ব্যবস্থায় অবশ্যম্ভাবী। রাজ্যবাসীর স্বার্থে রাজ্য সরকারকে বেশ কিছু প্রতিশ্রুতি রক্ষা করতে হয়। কিন্তু নতুন করে প্রতিশ্রুতি দেওয়ার কোনো অবকাশ নেই। আমরা সকলেই জানি বর্ষা আমাদের রাজ্যে আসার সঙ্গে সঙ্গে বন্যা দেখা দেয়। আমাদের উত্তরবঙ্গে সাংঘাতিক বন্যা হয় এবং তার জন্য পরিকাঠামো উন্নয়ন দরকার, বাঁধ নির্মাণ দরকার। কিন্তু নির্বাচনের দিন ঘোষণার পরে নতুন কোনো প্রোজেক্ট করা যাবে না। মে মাসের পরে নতুন প্রোজেক্ট হবে। আমাদের উত্তরবঙ্গে

ততদিনে বন্যা শুরু হয়ে যাবে। কেন্দ্রীয় সরকার যে সর্বনাশ করলেন তার শাস্তি তাদের পেতে হবে এবং নির্বাচকমণ্ডলী যথাস্থানে তাদের পাঠিয়ে দেবে। আজকে রাজ্য সরকার তার সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যেও পরিকাঠামো উন্নয়নের চেষ্টা করে যাচ্ছে এবং কিছু কিছু ব্যবস্থার কথা ঘোষণা করেছে। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি বলব, বহু আন্দোলন সংগ্রামের ভেতর দিয়ে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে।

[3.20 noon—3.30 p.m.]

এবং উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের যে কর্মকাণ্ড তার মধ্যে সবচেয়ে বড় হচ্ছে পরিকাঠামো উন্নয়ন, বন্যা নিয়ন্ত্রণ করা। যে সমস্ত জায়গায় পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ যেতে পারেনি, সেখানে গিয়ে কাজকর্মগুলোর পরিপূর্ণ রূপ দেওয়া। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমরা ৬টা জেলায় উত্তরবঙ্গের এক কোটি আশি লক্ষের মতো মানুষ বাস করেন, সেখানে বরাদ্দ অর্থ বাজেটে যেটা ছিল ৪৫ কোটি টাকা ২০০০-০১ সালে। এর পরে বাড়ার কথা, কিন্তু বাড়তে পারল না সেখানে ২০০১-০২-তে মাত্র ৩৭ কোটি টাকা দিলেন, ২০০২-০৩-এ ৩৩ কোটি টাকা, আর ২০০৩-০৪ যেটা চলছে ৩১শে মার্চ, বরাদ্দ ৪ কোটি ৯২ লক্ষ টাকা। আমার যেটা বক্তব্য, উত্তরবঙ্গের চা-শিল্প থেকে বিদেশি মুদ্রা অর্জন করেছেন ৫ হাজার কোটি টাকা। কেন্দ্রীয় সরকার যাদের একটা টি-বোর্ড আছে, ওখানে যখন চা-বাগানগুলো বন্ধ হয়ে গেল। কেন হল গ্লোবালাইজেশন, প্রাইভেটাইজেশন, লিব্যারালাইজেশনের ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে। যেটা সৃষ্টি করেছে কংগ্রেস এবং বিজেপি, তৃণমূল এন.ডি.এ সরকার যার পূর্ণ রূপ দিচ্ছে। আজকে ওদের বাণিজ্যনীতির জন্য, শিল্পনীতির জন্য এই সর্বনাশ হচ্ছে। আজকে এই সর্বনাশের জন্য যাদের সবচেয়ে বড় ক্ষতি, সেই ৫০ হাজার মানুষ আজকে কর্মচ্যুত। ২২টা চা-বাগান বন্ধ এবং আরও এইরকম সমপরিমাণ বন্ধের মুখে। সেই বন্ধ যাতে না হয় তার জন্য রাজ্য সরকার চেষ্টা করেছেন তাদের লেবার ডিপার্টমেন্টকে দিয়ে। কেন্দ্রীয় সরকার তার টি-বোর্ডের, বাণিজ্য দপ্তরের সামান্যতম হেলদোল নেই। আমরা আশা করেছিলাম যেভাবে ফ্লোর প্রাইস ঠিক করা হয় আখের ক্ষেত্রে, গমের ক্ষেত্রে, চা-এর ক্ষেত্রেও সেটাই করা হোক। সমস্ত চা অকশনে বিক্রির ব্যবস্থা করা হোক। চা নিত্যপ্রয়োজনীয় জিনিসের মধ্যে পড়ে এটা রেশনে বিক্রির ব্যবস্থা করা হোক, এসব কিছুই করতে পারতেন, কিন্তু কিছুই কেন্দ্রীয় সরকার করেননি। সমস্ত দায়ভার রাজ্য সরকারের উপর ছেড়ে দিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা আশা করেছিলাম যে এই যে সাপ্লিমেন্টারি গ্র্যান্ট ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার বলবে যে আমরা এত টাকা দেব রাজ্য সরকার তোমরা এগিয়ে এস। রাজ্য সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে কাজ করেছেন। কেন্দ্রীয় সরকার যাদের টাকা দেওয়ার কথা, তাদের সামান্যতম মানবিক মূল্যবোধ নেই। তারা ঊর্ধ্ববাহু হয়ে নৃত্য করছেন। আর ওই লালকৃষ্ণ আদবানি কন্যাকুমারিকা থেকে হনুমান হয়ে গোটা দেশটাকে জ্বালিয়ে মারার চেষ্টা করছেন। '৯২ সালের অযোধ্যা কাণ্ড দিয়ে যা শুরু হয়েছে। আজকে বন্যা নিয়ন্ত্রণের জন্য টাকার দরকার, গঙ্গা-পদ্মার ভাঙনের জন্য টাকার দরকার, কিন্তু ইতিমধ্যে নির্বাচন ঘোষণা হওয়ায় সর্বনাশ হল, নতুন কোনো প্রোজেক্টের

কাজ হবে না। আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ করব যে প্রোজেক্টগুলো শুরু হয়েছে অবিলম্বে করা দরকার। আজকে নির্বাচন ঘোষণার ফলে বাঁধ নির্মাণ করা যাবে না। আমাদের এখানে কিছু আমলা আছেন তাঁরাও বাহানা করে বিধি-নিষেধ আরোপ করছেন। আমি আরেকটা কথা বলতে চাই, বকসা ফিডার রোডের প্ল্যান হয়েছিল তিন বছর আগে, এটা শুরু হয়েছিল টাকার অভাবে এটা কার্যকরী করা যায়নি। সেই প্রোজেক্টগুলি অবিলম্বে পরিপূর্ণ রূপ পাওয়া দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এখন মাঝেমধ্যেই দেখি বিরোধী বন্ধুরা বি.ডি.ও.-দের ঘেরাও করেন, পঞ্চায়েত সমিতি ঘেরাও করে যে এস.সি., এস.টি. ছেলেমেয়েদের জন্য, যে তারা স্টাইপেন্ড পায় না। এখানে এই সাপ্লিমেন্টারি বাজেটে সেই টাকা ধরা হয়েছে। আদিবাসী, তপশিলি জাতি ও উপজাতি মানুষদের স্বনিযুক্তি প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকারের কিছু স্পনসর্ড স্কীম আছে, সেখানে রাজ্য সরকারেরও টাকার প্রয়োজন হয়, তার জন্য এই সাপ্লিমেন্টারি বাজেট এসেছে। এর বিরোধিতা করবেন ? বাইরে আপনারা বলছেন রাজ্য সরকার দিতে পারছেন না জবাব চাই, জবাব দাও, আর এখানে এর বিরোধিতা করবেন ? এইভাবে চলতে পারে না, এতো অদ্ভুত ব্যাপার ! কেন্দ্রীয় সরকার নির্বাচনী গিমিক দিয়ে সাধারণ মানুষদের ঠকানোর চেষ্টা করছেন, বলছেন ঘরে ঘরে কাজ পাবে, ১ কোটি লোকের চাকরি হবে। এবারে তাঁরা বলছেন সোনার ভারত গড়বেন, ভারত উদয়। দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে দেশ ভাগ হল এবং ১৯৪৭ সালে দেশ স্বাধীন হল, আর এই ২০০৪ সালে আদবানিজী এবং প্রধানমন্ত্রী বলছেন ভারত উদয়। ওনারা ভারতকে উদয়ের পথে না নিয়ে গিয়ে অস্তাচলের পথে নিয়ে যাচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে সাপ্লিমেটারি বাজেট পেশ করা হয়েছে আমি মনে করি এটা যেমন গৃহীত হবে সেই রকমভাবে কাজগুলি করার ব্যাপারে যেটা আগে ঘোষিত হয়েছে এবং যে কাজগুলির ঘোষণা অনুযায়ী কাজ চলছে সেগুলির পরিপূর্ণ রূপ দেবেন। আমি চাইছি শিলতোর্সা নদীর উপরে ব্রিজ মুখ্যমন্ত্রী উদ্‌বোধন করার সময় যে সমস্ত ঘোষণাগুলি করেছিলেন যে সমস্ত কাঠের ব্রিজগুলি পাকা করবেন বলে সেগুলি যেন বাস্তবায়িত হয়। তিনি পরিকাঠামোগত উন্নয়নের জন্য যে ঘোষণা করেছেন সেগুলি নির্বাচনী চমক নয় কেন্দ্রীয় সরকারের আদবানী বা বাজপেয়িজীর মতো, এটা প্রকৃপক্ষে উন্নয়নের গতি সর্বক্ষেত্রে পৌঁছে দেওয়ার জন্য, পরিষেবাকে নিশ্চিত করার জন্য যে ব্যবস্থা তা যেন বাস্তবায়িত করেন। এর জন্য যে সাপ্লিমেন্টারি বাজেট প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কিরীটি বাগদী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অতিরিক্ত ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। মাননীয় মন্ত্রী এ ব্যাপারে কিছু টাকা খরচ করেছেন এবং কিছু টাকা খরচ করবার জন্য পরিকল্পনা গ্রহণ করেছেন। সেগুলি যাতে দ্রুত শুরু হয় তার জন্য আমি অনুরোধ করবো, উদ্যোগ নিতে বলবো। তপশিলি জাতি ও উপজাতিদের ছাত্রছাত্রীদের পড়াশোনার জন্য, হস্টেলের জন্য যে গ্র্যান্ট দেওয়া হয় কারণ তাদের অনেক রকম অসুবিধার মধ্যে চলতে হয় সেক্ষেত্রে তাদের জন্য কিছুটা বাড়ানো হয় তার জন্য আমি উদ্যোগ নিতে বলবো। বাঁকুড়া জেলা খরাপ্রবণ

এলাকা। এখানকার চাষীদের আকাশের উপরে নির্ভর করে থাকতে হয়, তাই সেখানে অগভীর নলকূপ করে ক্ষুদ্র ও মাঝারি চাষের জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করবো। বিশেষ করে বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতে কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলার জন্য আমি অনুরোধ করবো।

স্যার, বিধায়ক উন্নয়ন কোটার টাকায় আমরা যারা কাজের পরিকল্পনা দিয়েছি, সেই কাজগুলো যাতে করে অন্তত এই নির্বাচনের বিধিনিষেধের মধ্যে না পড়ে, সেগুলো করা যায়, তার আবেদন করছি। এখন যদি এই কাজ করা না হয় তাহলে সামনে বর্ষা আসছে তখন করা যাবে না। সেই জন্য এই কাজগুলো যাতে অবিলম্বে করা যায় তার ব্যবস্থা করার আবেদন জানিয়ে এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দকে আরেকবার সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[3.30—3.40 p.m.]

**শ্রী জ্যোতির্ময় কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ২০০৩-০৪ সালের যে সাপ্লিমেন্টারি গ্র্যান্ট এনেছেন তার বিরোধিতা করে এবং ডিডাকশন সমর্থন করে আমার বক্তব্য উপস্থিত করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী রাজ্যের বিত্ত পরিচালনার ক্ষেত্রে তিনটে নীতি বলেছেন। বিকল্প অর্থনীতির মূল তিনটে হল—দক্ষতা বাড়ানো, ভর্তুকি কমানো এবং নন-প্ল্যান বাজেটে খরচ কম করা। অথচ আপনি যে সাপ্লিমেন্টারি গ্র্যান্ট এনেছেন তা ওই তিনটে তত্ত্বেরই বিরোধিতা করছে। কারণ একসেস এক্সপেন্ডিচার হয়েছে, তিনটে ক্ষেত্রেই। অধিকাংশ ক্ষেত্রেই দেখা যাচ্ছে প্ল্যান বাজেটে গ্রেটার এস্টাবলিশমেন্টের জন্য অতিরিক্ত খরচ হয়েছে, নন-প্ল্যান বাজেটে অতিরিক্ত খরচ হয়েছে এবং ইনএফিসিয়েন্ট ম্যানেজমেন্ট করে রুগ্ন শিল্পে অর্থ লগ্নী করার জন্য খরচ হয়েছে। মাননীয় অর্থমন্ত্রীকে বিনীত প্রশ্ন, এই বিকল্প অর্থনীতি কোন মূল তত্ত্বের বিকল্প ? মার্কসবাদের বিকল্প, অমার্কসবাদের বিকল্প, কিসের বিকল্প ? আপনি কি দিশেহারা, পথভ্রষ্ট ? কোন মার্কসবাদের বিকল্প অর্থনীতি এটা ? মৌল অর্থনীতিটাই বা কোনটা ?

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কাউন্সিল অফ মিনিস্টার্স আছেন, ফিল গুড শুনলেই উত্তেজিত হয়ে যাচ্ছেন সরকারি দলের সদস্যরা। কারণ তারা জানেন গত বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছিল বিভিন্ন দপ্তরকে, প্রকৃতপক্ষে সেই টাকা তাদের দেওয়া হয়নি এবং ইমব্যালেন্স ওয়েতে টাকা দেওয়া হয়েছে। আপাৎকালীন ভিত্তিতে টাকা দেওয়া হয়েছে যা রাজ্যের স্থায়ী সমস্যার সমাধান করতে পারবে না। অনেক সদস্য বক্তৃতা দেওয়ার সময় আউট অফ ট্রাক গিয়ে 'ভারত উদয় যাত্রা', 'ফিল গুড' প্রভৃতি উল্লেখ করলেন। ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন জওহরলাল নেহরু। তারপর শাস্ত্রীজী এসে স্লোগান দিলেন 'জয় জওয়ান জয় কৃষাণ'। আপনারা সেদিন ব্যঙ্গ-বিদ্রূপ করেছিলেন। প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী সারা ভারতবর্ষে সবুজ বিপ্লব সৃষ্টি করেছিলেন। মার্কসবাসীরা তখনও সবুজ বিপ্লব কি তা জানেন না। প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী

বলেছিলেন 'ফ্রম পি.এম. টু ডি.এম'। কিন্তু সেদিন আপনারা বলেছিলেন 'রাজ্যের অধিকারে হস্তক্ষেপ'। আপনারা যে বিকল্প অর্থনীতি নিয়ে ডিসেন্ট্রালাইজেশনের তত্ত্ব নিয়ে চলেছেন তা দেশের জনগণ সমর্থন করেনি তাই আপনারা সারা ভারতবর্ষের মধ্যে ওই মাত্র তিনটে রাজ্যে ছাড়া আর কোথাও অস্তিত্ব জাহির করতে পারলেন না। সেই জন্য 'পাঞ্জাব ও সিন্ধু গুজরাট ও মারাঠা দ্রাবিড় উৎকল বঙ্গ'-র মধ্যে দুটো স্টেটের বাইরে পদ সঞ্চার করতে পারলেন না। ভারতবর্ষ বিশাল, এত ছোট এত স্বল্প চিন্তা দিয়ে পার্টিজান দিয়ে কল্পনা করা যায় না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী এই সাপ্লিমেন্টারি গ্র্যান্ট যে সব বিষয়ে চেয়েছেন তার মধ্যে কতগুলো দেখানো হয়েছে লার্জার এস্টাবলিশমেন্টে খরচ হিসাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ফিনান্স কর্পোরেশনকে শেয়ার ক্যাপিটাল দিতে হল। ফিনান্স কর্পোরেশনের স্ট্রাকচার কি ? যে স্বপ্ন নিয়ে এটা গঠিত হয়েছিল তাতে যদি ফিনান্স কর্পোরেশনকেই শেয়ার ক্যাপিটাল দিতে হয় তাহলে কি করে পশ্চিমবঙ্গের অর্থনীতিতে জোয়ার আসবে বা গতি আসবে ? এই সাপ্লিমেন্টারি গ্র্যান্টে যে অতিরিক্ত খরচ হয়েছে তাতে দেখা যাচ্ছে লার্জার শেয়ার ক্যাপিটাল দিতে হয়েছে, এত বছর পরেও হ্যান্ডলুম এবং পাওয়ারলুম ডেভেলপমেন্ট কর্পোরেশনকে। শেয়ার ক্যাপিটাল দিয়ে, অক্সিজেন দিয়ে, প্রাণ বাঁচিয়ে রাখতে হয়েছে।

এগুলো দেখুন। শিল্পে, বেনফেডে সাবসিডি দেওয়া হচ্ছে। আজকে সাবসিডি দেওয়ার জন্য অতিরিক্ত খরচা হচ্ছে। ডিক্রিটাল ডিউজ-এ কোটি কোটি টাকা ব্যয় করা হয়েছে। গ্র্যান্ড টোটাল যেখানে ১৬৫৫ কোটি ৯৪ লক্ষ ৪৬ হাজার টাকা, তার মধ্যে রেভেনিউ এক্সপেন্ডিচার ৯৯৬ কোটি টাকা, ক্যাপিটাল এক্সপেন্ডিচার মাত্র ১৬৪ কোটি টাকা। এই ধরনের ভারসাম্যহীন খরচা করার প্রবণতা, এই ধরনের উদ্দেশ্যহীন স্বল্পকালীন মেয়াদের ভিত্তিতে ব্যয় করার প্রবণতা রাজ্যের গতিশীলতার পক্ষে ক্ষতিকর। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই অতিরিক্ত ব্যয়বরাদ্দের ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীকে সতর্ক থাকতে হবে। তিনি বারে বারে বলেছেন নন-প্ল্যান বাজেটে বরাদ্দ কম করবেন। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে যে, নন-প্ল্যান বাজেটে অতিরিক্ত খরচা হয়ে যাচ্ছে। যদি হসপিটাল করার জন্য জমি অধিগ্রহণের জন্য টাকা দিয়ে থাকেন তাহলে বলবো—ঠিক করেছেন, যদি লেদার কমপ্লেক্স-এর পরিকাঠামোর জন্য টাকা দিয়ে থাকেন, তাহলে বলবো—ঠিক করেছেন। কিন্তু নন-প্ল্যান এক্সপেন্ডিচার—সেগুলোকে নিয়ন্ত্রণে রাখতে হবে, তা না হলে রাজ্যের অর্থনীতির উপর চাপ বাড়বে। রুগ্ন শিল্প যেগুলোকে চাঙা করে সারা রাজ্যকে আলোকিত করতে পারে ফিনান্স কর্পোরেশন—আজকে সেই ফিনান্স কর্পোরেশন—তার ৫০-এর উপর এন.পি.এ.। আজকে ৩৩ পাতা জুড়ে মাননীয় অর্থমন্ত্রী বাজেট বক্তৃতার নামে নির্বাচনী বক্তৃতার পাণ্ডুলিপি কমরেডদের হাতে তুলে দিয়েছেন। আজকে সমবায়ের ঋণ শোধ করতে কোটি কোটি টাকা চলে গেল। আজকে সমবায়কে স্বনির্ভর করলে স্বার্থ বিঘ্ন হয়ে যাবে। আজকে সমবায় সংক্রান্ত যে সমস্ত আইন আছে সেই আইনের রূপায়ণ হল না। সমবায় আইনকে যথাযথভাবে রূপায়ণ করে সমবায়কে স্বাবলম্বী করার চেষ্টা হলে

এই ধরনের গতিহীন, নিস্পন্দ অবস্থা হতো না, এরকম আবেগ তোলার চেষ্টা হতো না। আজকে তাই এক্সপ্ল্যানেটরি নোট যেগুলো Additional provision is required for payment towards interest—এক্সপ্ল্যানেটরি নোটগুলো, সেন্ট্রাল গভর্নমেন্টের এই সমস্ত লোনে অতিরিক্ত টাকা ধরা আছে এবং লার্জার এস্টাবলিশমেন্ট চার্জেস-এ শুধু একদিকে নয়, বহু ক্ষেত্রে লার্জার এস্টাবলিশমেন্ট চার্জেস-এ অনেক টাকা খরচা হয়েছে, Assistance to credit societies under Central Scheme যেগুলোতে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দেয়, সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা নিয়ে তার সাথে ম্যাচ করার জন্য স্টেট গভর্নমেন্ট থেকে একটা শেয়ার দিতে হয়—এভাবেই সমবায় প্রতিষ্ঠানগুলোকে ওই টাকা দিয়ে সাহায্য করা হয় এবং এভাবে সেন্ট্রাল অ্যাসিসট্যান্স মেলানোর কথা। কিন্তু বছরের পর বছর দেখা যাচ্ছে যে, কেন্দ্রীয় সরকার যে টাকা লগ্নী করেন, রাজ্যের বাজেট থেকে সেগুলো শোধ করতে গিয়ে গ্রামের সমবায়গুলো ক্ষতির দিকে যাচ্ছে, গ্রামের সমবায়গুলো পিছিয়ে যাচ্ছে—একথা আমাদের উপলব্ধি করতে হবে। এক্সপ্ল্যানেটরি মেমোরান্ডামে আজকে দেখতে পাচ্ছি যে, কোটি কোটি টাকা ডিক্রিটাল কস্ট দিয়ে দেওয়া হচ্ছে। কারা অপরাধী ? কিসের জন্য অপরাধী ? কিসের জন্য ডিক্রিটাল কস্ট দিতে হচ্ছে ? এগুলো অনুধাবন করা দরকার। ২০০৩-২০০৪ আর্থিক বছর চলে যাচ্ছে, কিন্তু এখনও এই আর্থিক বছরের বিধায়ক কোটার টাকা পাইনি। আপনারা বলবেন বিকল্প অর্থনীতি চলবে। বিকল্প অর্থনীতি চলুক। কিন্তু বিকল্প অর্থনীতি যাতে রাজ্যকে বিকলাঙ্গ করতে না পারে সেদিকে সতর্ক থাকতে হবে। এই কথা বলে সাপ্লিমেন্টারি গ্র্যান্টের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী কণিকা গাঙ্গুলী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অতিরিক্ত ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনীত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি।

[3.40—3.50 p.m.]

এই ছাঁটাই প্রস্তাব যদি কেউ পাঠ করে থাকেন—আমাদের অনেক বিধায়কই পাঠ করেন না, যারা ছাঁটাই প্রস্তাব দেন তারাও বোধহয় পাঠ করেন না। সৌগতবাবুর দৈন্যতা দেখে আমার খুব কষ্ট হল। তিনি তার পূর্ণ সময় বলতে পারলেন না এবং কি বললেন উনি নিজেও জানেন না। এবং সর্বশেষে উনি স্বীকার করে গেলেন যে উনি পড়াশুনো করে আসেননি এমনকী এর বিরোধিতা করবার জন্য সামান্যতম মানসিকতাও ওর ছিল না। অর্থাৎ সমর্থন করেছেন প্রকারান্তরে বলে গেলেন। কারণ সবই কাশীনাথবাবুর দয়ার বলে উনি চলে গেলেন। কাশীনাথবাবুকে দেখলাম অকপটভাবে তিনি সমস্ত পশ্চিমবঙ্গকে বাঁকুড়ার মধ্যে ধরে ছাঁটাই প্রস্তাব দিয়েছেন। যার মধ্যে বীভৎস ধরনের অন্তর্দ্বন্দ্ব, বিভিন্ন ধরনের স্বাদ রয়েছে, যা একটা অপ্রিয় ছাঁটাই প্রস্তাবের নমুনা হিসাবে আমরা আপনাদের সামনে রাখতে পারি। আর স্বাভাবিকভাবে এটাকে বিরোধিতা করা যে কোনো সুস্থ মস্তিষ্কের কাজ হবে বলে না আমি মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অতিরিক্ত ব্যয়বরাদ্দের যে হিসাব উনি রেখেছেন, তাতে পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি যে, ১ হাজার

৬৫৬ কোটি ৪ লক্ষ ৪৬ হাজার টাকা যেটা আজকে আলোচনার বিষয়বস্তু হতে পারে। ৩ হাজার ৫৫৫ কোটি ৩ লক্ষ ৭৯ হাজার টাকা যেটা চার্জড আইটেমের মধ্যে পড়ে। আমি একটু স্মরণ করতে অনুরোধ করছি যে, বিগত যে আমাদের ব্যয়বরাদ্দ পেশ হয়েছিল এবং যা এই বিধানসভা তেকে সমর্থিত হয়েছিল তার ঘাটতি আজকে এই ভোটেড আইটেমের একই জায়গায় রয়েছে। ওদের স্মরণশক্তিতে বেড়ালও হার মেনে যায়। এই জন্য আমাদের অন্তত এক জায়গায় দুঃখ প্রকাশ করতে হয়। কাদের টাকায় ওরা আপত্তি করছেন। বন্ধ কলকারখানার শ্রমিকদের জন্য যে ৫ শত টাকা করে পেনশন যা আমরা এই সভা থেকে প্রায় সর্বসম্মতভাবে স্বীকৃত করেছিলাম, তার জন্য যে ১৩ কোটি টাকা বরাদ্দ হয়েছে সেই বাড়তিতে ওদের আপত্তি আছে ? একটু বলুক না—আমরা বন্ধ কলকারখানার শ্রমিকদের কাছে গিয়ে বলি। ওদের সমর্থনে তৈরি কেন্দ্রীয় সরকারের পরামর্শে ই.এফ.সি.-কে আজকে রেকমেন্ডেট করেছেন—শুধুমাত্র হেড চেঞ্জ করবার জন্য আজকে ১১৫ কোটি ২ লক্ষ ৭৪ হাজার টাকা খরচ হচ্ছে। সেই জায়গায় ওদের আপত্তি থাকলে ওরা বলুক। পাবলিক সেক্টরের উদাহরণ দিলেন—পাবলিক সেক্টরে ওরা গিয়ে বলেছেন যে আমরা নাকি সমর্থন করেছি। আমি অনুরোধ করব আমাদের বিরোধী বন্ধুদের যে এক বালতি গরম জলের মধ্য থেকে এক চামচ ঠান্ডা জল বার করবার একটু চেষ্টা করুন। সারা ভারতবর্ষের অর্থনীতি চলবে একই কায়দায়, সেখানে দাঁড়িয়ে একটা বিকল্প অর্থনীতির প্রচেষ্টায় আমাদের সরকার যাবে এই পশ্চিমবঙ্গের উন্নয়নকে সামনে রেখে কাজ করবে, এই সীমাবদ্ধ অর্থনৈতিক এবং সাংবিধানিক ক্ষমতার মধ্য দিয়ে এবং এই নীতিকে রীতিমতো চ্যালেঞ্জ জানিয়ে। সেখানে দাঁড়িয়ে আমাদেরও দায়বদ্ধতা আছে, অসুবিধার জায়গা আছে। আজকে পাবলিক সেক্টরগুলিকে ছেড়ে দেওয়ার প্রশ্নে আমাদের এই জায়গায় বাঁধা হচ্ছে। স্বনির্ভর প্রকল্পের ২২ কোটি টাকা—তাও আপত্তি আপনাদের। আপনারা বলুন না, আমরা যাব কর্মহীন যে ছেলেগুলো, যে মেয়েগুলো আছে, আমরা গিয়ে বলছি যে, আমরা পারছি না, তোমরা নিজেরাই নিজের পায়ে দাঁড়াও। সেই জায়গায় দাঁড়িয়ে এই দাবি তোমাকে পিছনে টানছে। আমরা এগিয়ে আনার জন্য এই স্বনির্ভর প্রকল্পের আওতায় আনছি। আপনারা বলুন না আমরা বেকার যুবক-যুবতীদের বলব এন.ডি.এ-র শরিক তৃণমূল কংগ্রেস বেকারদের কর্মসংস্থানে বাধা দিচ্ছে। কংগ্রেস যারা এই উদার অর্থনীতির দ্বারোদ্ঘাটন করেছিল সেই মসৃণ পথ দিয়ে এন.ডি.এ. চলেছে। সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের ভাবতে হবে। আমরা দেখলাম নিউট্রেশানের প্রসঙ্গে যেটা রয়েছে সেখানে তারা আপত্তি করেছেন। সেখানে আপনারা এদেরকে বিষয়টা বলেছেন। অদ্ভুত ব্যাপার। আপনারা বিদ্যুতের ব্যাপারে অনেক আলোচনা করেছেন—এই বিদ্যুৎ দিতে হবে। ওই বিদ্যুৎ দিতে হবে, গ্রামাঞ্চলে আরও বিদ্যুৎ দিতে হবে। উন্নয়ন মানেই বিদ্যুৎ, আমরা সেই বিদ্যুৎ দেওয়ার পক্ষে, আমাদের সরকারও যথেষ্ট চেষ্টা করছে, কিন্তু সব পেরে উঠিনি। বলে আমাদের মাননীয় মন্ত্রী এখানে আলোচনা করেছেন, আপনাদের এই গণতান্ত্রিক অধিকার আছে, যদিও আপনারা তার বাইরেও অনেক কাজকর্ম করেন। এইগুলো সব আপনাদের অভ্যাস, স্বভাবদোষ। এটা তো আপনারা এই মুহূর্তে স্বভাব বদলাতে পারবেন না, বললেও শুনবেন না। কারণ আপনাদের 'খুড়োর কলে জিভে

গজা'—আপনারা তার জন্য একটা মন্ত্রিত্বের—একটু ক্ষমতার স্বাদের জন্য—পশ্চিমবঙ্গ হাতছাড়া হয়ে গিয়েছে এখন আবার দিল্লির বুকে আপনারা ফিরতে চান এই আনন্দে নাচছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ওঁদের আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই। ওঁরা বলছেন যে, ওঁরা এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দকে সমর্থন করতে পারছেন না। কারণ আমাদের সরকার নাকি সর্বক্ষেত্রে বাড়তি খরচ করেছে। এই প্রসঙ্গে আমি এখানে একটা ঘটনা উল্লেখ করছি। সম্ভবত গত ৮ই সেপ্টেম্বর আমাদের রাজ্য থেকে একজন কেন্দ্রীয় মন্ত্রী হিসাবে মনোনীত হন। দুঃখের বিষয় তাঁকে তারপর চার মাস কোনো দপ্তরের দায়িত্ব দেওয়া হয় না। দপ্তরের জন্য ছুটে ছুটে কেন্দ্রীয় মন্ত্রী ক্লান্ত হয়ে পড়েন। পরিশেষে গত জানুয়ারি মাসের ৮ তারিখ তিনি হাতে একটা দপ্তর পান। দপ্তরটির নাম কয়লা। আমি বালিতে থাকি, বালির উল্টো দিকে গঙ্গার ওপারে দক্ষিণেশ্বর। ১লা জানুয়ারি সেখানে কল্পতরু মেলা হয়। আর আমরা দেখলাম কয়লা দপ্তর থেকে সারা পশ্চিমবাংলায় কল্পতরু ছড়িয়ে গেল। যে কোনোভাবে সারা পশ্চিমবাংলায় কয়লা প্যাকেজে কল্পতরু বিতরণ শুরু হয়ে গেল। এত প্রতিশ্রুতির বন্যা বইয়ে দেওয়া হল যার যোগফল ১০,০০০ কোটি টাকা। অথচ কেন্দ্রীয় বাজেটের কোথাও আমরা সেই ১০,০০০ কোটি টাকার বরাদ্দ দেখতে পেলাম না।

এখানে বক্তব্য রাখার সময় আমাদের বিরোধী বন্ধুরা পাবলিক সেক্টরের শোকে কুম্ভীরাশ্রু ত্যাগ করলেন। তাঁদের আমি পাবলিক সেক্টর সম্বন্ধে কোনো কথা বলার আগে একটু ভেবে দেখতে অনুরোধ করছি যে, ইতিপূর্বে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ১৫৭ কোটি টাকা অনুদান হিসাবে দেওয়া হয়েছিল। গত কেন্দ্রীয় বাজেটে শ্রমিক ছাঁটাই করার জন্য—যেটাকে ওঁরা বলেন 'সোনালী করমর্দন'—সেই অনুদানটা এককালীন না রেখে, ১৩৮ কোটি টাকা ঋণ হিসাবে বরাদ্দ হল। অনুদান নয়, ঋণ। তা দিয়ে ৬টি সেক্টর থেকে কীভাবে শ্রমিক ছাঁটাই হবে তারই পরিকল্পনা রচিত হল। বিরোধী বন্ধুরা এর কি উত্তর দেবেন ? এক বালতি গরম জল থেকে এক কাপ ঠান্ডা জল বের করবেন ? ১০,০০০ কোটি টাকার গল্প শোনানো হচ্ছে, এক পয়সাও বরাদ্দ হচ্ছে না। যে গল্প শোনানো হচ্ছে সেই গল্পের ১০,০০০ কোটি টাকা কোথা থেকে তুলবেন, তা যদি বলতে পারেন তাহলেই গল্পটা শেষ করতে পারবেন।

পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবি এখানে রেখেছেন, তা গত বাজেট ঘাটতির তুলনায় খুব একটা বেশি নয়। বিরোধী বন্ধুদের বলি, আপনাদের দেখে আমার করুণা হয়, কেন জানেন, গোটা ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্য, পশ্চিমবঙ্গে বিকল্প অর্থনীতি নিয়ে সত্যিকারের সাড়া জাগাবার চেষ্টা চলছে। আর আপনারা এটা ভালো করেই জানেন যে, বামফ্রন্ট যে কাজ একবার করবে বলে তা তাঁরা করেন। পশ্চিমবাংলার সাধারণ মানুষও এটা ভাল করে জানেন। গ্রামোন্নয়ন কর্মসূচির মধ্যে দিয়েই তাঁরা এই অভিজ্ঞতা অর্জন করেছেন। সে জন্যই আজ আপনারা কুম্ভীরাশ্রু ত্যাগ করছেন। কাশীবাবু বললেন, তিনি নাকি বিধায়ক এলাকা উন্নয়ন খাতের টাকা পাননি।

আমার সামনে এখানে আরো অনেক বাঁকুড়া জেলার বিধায়করা রয়েছেন, কৈ তাঁদের তো পেতে অসুবিধা হচ্ছে না। তাঁরা তো তাঁদের বরাদ্দ ঠিক সময়েই পাচ্ছেন ! তাহলে কাশীবাবুর পেতে অসুবিধা হচ্ছে কেন ? আমি জানি না এর কারণ কি ! আমি শুধু ওঁদের বলতে পারি, আপনারা যদি প্রকৃতই উন্নয়ন চান তাহলে সরকারের সঙ্গে সহযোগিতা করুন, সেই মানসিকতা প্রকাশ করুন। তাহলেই আপনারা দেখতে পাবেন রাজ্যে এই বরাদ্দের মধ্যে দিয়েই উন্নয়নের কাজ হচ্ছে।

আমরা লক্ষ করছি বেশ কিছুদিন ধরেই খবরের কাগজগুলো এ রাজ্যের বিদ্যুৎ, শিক্ষা এবং স্বাস্থ্য ব্যবস্থা নিয়ে, এক একটা ইস্যু ধরে বাজার সরগরম করছে, আর বিরোধীরাও তাতে উস্কানি দিচ্ছে। কিন্তু ওঁরা বোধহয় ভাবছে মানুষ কিছু দেখছে না, কিছু বুঝছে না। মানুষ প্রকৃত ঘটনার উপর সঠিক নজর রাখছে। মানুষ কোনো কিছুই আলাদা করে দেখছে না। মানুষ জানে আপনারা কি বলছেন, কি বলবেন তা আজকে সংবাদমাধ্যম ঠিক করে দিচ্ছে। এমন কি আপনারা এই সভার বাইরে গিয়ে কীভাবে কি বই পোড়াবেন তাও সংবাদমাধ্যম ঠিক করে দিচ্ছে।

[3.50—4.00 p.m.]

কোথায় কোন শিশু মারা যাচ্ছে অপুষ্টির কারণে কিংবা পারিবারিক অসচেতনতার কারণে—অত্যন্ত দুঃখজনক ঘটনা—তা নিয়েও রাজনীতি করার জন্য আপনাদের উস্কানি দিচ্ছে এবং আপনারাও সেই কাজগুলি করছেন। তাই বলছি, পশ্চিমবঙ্গে আপনাদের অবস্থান আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? আপনারা কোন গেম খেলছেন—ফাইনাল, সেমি-ফাইনাল না কোয়ার্টার তা বুঝতে পারছি না এবং ক'টা গোল খেলেন তাও বুঝতে পারছি না, কিন্তু তবুও আপনাদের বোধোদয় হল না। পশ্চিমবাংলার মানুষ ১০ মে অপেক্ষা করে আছেন, সেই বোধোদয় আপনাদের আবার হবে। তাই বলছি, সময় থাকতে থাকতে এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দকে সমর্থন করুন দেশের উন্নয়নের স্বার্থে, রাজ্যের উন্নয়নের স্বার্থে কাজ করছে এই সরকার। পরিশেষে এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট-মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী শ্রী অসীমকুমার দাশগুপ্ত মহাশয় ডিমান্ড ফর সাপ্লিমেন্টারি গ্র্যান্ট যেটা প্লেস করেছেন এই হাউসে, আমি সেই প্রস্তাবের বিরোধিতা করি এবং নিজের যে কাট-মোশনগুলি সেগুলি মুভ করে এবং বিরোধী দলের আনীত কাট-মোশানগুলির সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তার আগে আপনার অনুমতি নিয়ে এই বিষয়ের সঙ্গে সরাসরি সংশ্লিষ্ট না হলেও যেটা গ্রাম-উন্নয়নের ক্ষেত্রে এবং উন্নয়নের ক্ষেত্রে সম্পূর্ণভাবে সংযুক্ত সেই কথা উল্লেখ করতে চাই। স্যার, আমরা জানি, বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প আমদের এখানে প্রবর্তিত হয়েছে মাত্র কয়েক বছর আগে অর্থাৎ ২০০১ সাল থেকে। আমি দুঃখের সঙ্গে লক্ষ করছি—মাননীয় অর্থমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছেন, হয়তো তিনি

চেষ্টাও করছেন—কিন্তু তা সত্ত্বেও অনেক জায়গায় ২০০৩ সালের টাকা এখনো পর্যন্ত সেখানে পৌঁছায়নি। এই অভিযোগ আমার দলের বহু বিধায়ক করেছেন এবং অন্যান্য দলের বিধায়করাও বুঝতে পারছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্টেটসম্যান সংবাদপত্রে একটি সংবাদ পরিবেশিত হয়েছে। সংবাদটি অনেক বড়, আমি তার একটিমাত্র লাইন এখানে পড়তে চাই। আমাদের পাশের রাজ্য ঝাড়খণ্ডে—আপনি যখন আমাদের এখানে এম.এল.এ. ল্যাডের টাকা চালু করলেন বা আপনার ভাষায় বিধায়ক এলাকা উন্নয়ন বা বি.এ.ইউ.পি. চালু করলেন সেই সময়ে আপনি ১৫ লক্ষ টাকা দিয়ে শুরু করেছিলেন। তারপর অতীশবাবু এবং অন্যান্য সদস্যদের দাবিতে সেটাকে ২৫ লক্ষ টাকা করেছেন। আমি গত বৎসরেও বলেছি, এ বৎসরেও বলছি, টাকার পরিমাণটা বাড়ান। কারণ এর মধ্য দিয়ে যে টাকা খরচ হয় তাতে অনেক সুন্দরভাবে কাজ হতে পারে। অবশ্য আমি বলছি না যে জেলা পরিষদ বা পঞ্চায়েত সমিতির মাধ্যমে নয়। বিদ্যুৎ দপ্তরের কাজ করার ক্ষেত্রে আরও সরলীকরণ করুন আর বাকি কাজগুলিরও যাতে সরলীকরণ হয় তার চেষ্টা করুন। তাই আমি আপনার কাছে বলছি যে আপনি টাকার অংকটা বাড়িয়ে দিন। ঝাড়খণ্ড আমাদের পাশের রাজ্য, নেপালবাবু ওই রাজ্যকে নিয়ে বলছিলেন অন্য প্রসঙ্গে। সেখানে অবস্থাটা কি রকম। তারা কত টাকা করেছে সেটা আমি বলছি। গত সপ্তাহের কাগজে বেরিয়েছে In addition, the Government has decided to hike the MLA fund for developmental activities from Rs. 1.5 to Rs. 2 crores. সেখানে দেড় কোটি টাকা থেকে দু কোটি টাকা করা হয়েছে। আমি সবার আগে আপনাকে অনুরোধ করে বলছি ৫০ লক্ষ টাকা করুন যেটা আগে করার প্রপোজাল ছিল। এম.এল.এ-দের বি.এ.ইউ.পি-র জন্য ৫০ লক্ষ টাক করুন, তাদের এলাকা উন্নয়ন সুনিশ্চিত করার জন্য আপনি বিধায়কদের সাহায্য করার চেষ্টা করুন। আমি সবার আগে আপনাকে এই কথা বলছি। আমার দ্বিতীয় কথা হল, মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী অসত্য তথ্য পরিবেশন করছেন। এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েড সারভিস এখানে প্রোকিয়োরমেন্ট ফসল, কো-অপারেটিভ ইত্যাদি ব্যাপার আছে। আপনি এবারের বাজেটে বলেছেন পুনরায় পশ্চিমবাংলা চালের উৎপাদনে সারা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। পুনরায় কথাটা বলা মানে আগেরবার ছিল, এবারেও হচ্ছে। আমি অতীশবাবুর সঙ্গে আলোচনা করেছি, আমি তথ্য দেখেছি, আমি লাইব্রেরিতে গিয়ে স্টাটিসটিক্যাল অ্যাবস্ট্রাক্ট্স অফ ইন্ডিয়া দেখেছি। এটা আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে দেখিয়েছিলাম রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য রাখতে গিয়ে। তারপরেও তাঁর বক্তব্য রাখতে গিয়ে তিনি বলছেন যে চাল উৎপাদনে পশ্চিমবাংলা প্রথম। মাননীয় অর্থমন্ত্রী পণ্ডিত মানুষ, আমি সে ব্যাপারে নিশ্চিত, আপনি নিশ্চয়ই বলবেন যে আমি সঠিক বলছি কিনা। আমি আমার পেপার আপনার কাছে দিয়ে দেব এবং আপনি চাইলে লাইব্রেরী থেকে সংগ্রহ করে নিতে পারেন। চিরকালই আমরা চাল উৎপাদনে প্রথম ছিলাম। আমরা আজকে একই জায়গায় আছি। আমি বলতে চাই এরিয়া আন্ডার প্রিন্সিপ্যাল ক্রপস। একটা লোক যদি ১০ বিঘা জমি চাষ করে যে ফসল তৈরি করে আর একজন

৩০ বিঘা জমি চাষ করে একই ফসল ফলায়, তাহলে সেটা কি এক হল ? অন্ধ্রপ্রদেশের এরিয়া আন্ডার প্রিন্সিপ্যাল ক্রপস কত ? সেটা হচ্ছে ৩৮ লক্ষ ২৫ হাজার হেক্টর জমিতে ধান চাষ হয়। সেখানে ওয়েস্ট বেঙ্গল হচ্ছে ৬০ লক্ষ ৫৯ হাজার হেক্টর। আমি এবার প্রোডাকশানের কথা বলছি। আমি প্রিন্সিপ্যাল ক্রপসের কথা বলছি, আমি রাইসের কথা বলছি, অন্য কিছুতে যাচ্ছি না। অন্ধ্রপ্রদেশে হয় ১ কোটি ১৩ লক্ষ ৯০ হাজার টন। এটা হচ্ছে অন্ধ্রপ্রদেশের প্রোডাকশান। উত্তরপ্রদেশে কত হয় ? উত্তরপ্রদেশে হয় ১ কোটি ২৪ লক্ষ ৫৯ হাজার টন। আর পশ্চিমবাংলায় সব থেকে বেশি হয়, সেটা হচ্ছে ১ কোটি ৫২ লক্ষ ৫৭ হাজার টন। আমাদের প্রোডাকশানটা বেশি। কিন্তু আগেই আপনাকে আমি বলেছি সেখানে কত জমি চাষ করা হয়। এবারে আমি প্রোডাকটিভিটির কথাটা বলে এই ব্যাপারে আমি বক্তব্য শেষ করব এবং আমি যে বক্তব্য রাখছি সেই ব্যাপারে আপনি যদি কাগজ চান তাহলে সেটা আমি আপনার কাছে দিয়ে আসব। ইল্ড অফ প্রোডাকটিভিটি—আমাদের অ্যাভারেজ ইল্ড অফ প্রিন্সিপ্যাল ক্রপসের কথা বলছি, তাতে আমরা ১ নম্বরে নেই মাননীয় অর্থমন্ত্রী। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে জানাচ্ছি, আমাদের যে প্রোডাকটিভিটি সেই প্রোডাকটিভিটিতে কিন্তু পশ্চিমবাংলা ১ নম্বরে নয়। ইল্ড অফ প্রিন্সিপ্যাল ক্রপসে আমরা ৬ নম্বরে আছি। স্টাটিসটিক্যাল অ্যাবস্ট্রাক্ট ২০০২ থেকে আজ সকালে আমি লাইব্রেরী থেকে নিয়ে জেনেছি, অন্ধ্রপ্রদেশের পার হেক্টর হচ্ছে ২৯.৮ কুইন্টাল, গোয়াতে হচ্ছে ২৫.৬ কুইন্টাল, হরিয়ানায় হচ্ছে ২৬.৫ কুইন্টাল পার হেক্টর এবং পাঞ্জাবে হচ্ছে ৩৫.৪ কুইন্টাল পার হেক্টর।

[4.00—4.10 p.m.]

তামিলনাডুতে ৩২.৬ কুইন্টাল। আর ওয়েস্ট বেঙ্গলে ২৫.১ কুইন্টাল। তাহলে পার হেক্টর আমাদের যে প্রোডাকশন, সেই প্রোডাকশন, যে ইল্ড সেটা কিন্তু অন্যান্য রাজ্যের চাইতে কম। We are standing in sixth position. আপনি যেটা বলছেন এক নম্বর, সেটা হচ্ছে ৬ নম্বর। মাননীয় অর্থমন্ত্রী, আমি জানি না, এটা আপনি পাশ কাটিয়ে যাবেন কিনা ? ৮নং দাবির বিরোধিতা করতে গিয়ে এটা আমি বললাম। আমি জানি, একজন বিদ্বজ্জনের কাছে আশা করি এর সদুত্তর পাব। এতদিন রাজ্যকে যেভাবে বিপথে পরিচালিত করবার চেষ্টা করেছেন সেটা বন্ধ হবে। আমি কেন এই অতিরিক্ত ব্যয়বরাদ্দের বিরোধিতা করছি ? কারণ বেশির ভাগই, আপনি যেটা বলেছেন ডিমান্ড নং ৪, হেড অফ অ্যাকাউন্টস ৪৪৩৫, তাতে দেখতে পাচ্ছি, আপনি "Additional provision is required to provide fund under Centrally Sponsored Scheme... Central share has already been received from the Government of India." আপনি সেন্ট্রাল শেয়ার পেয়েছেন। তার পরেও আপনি কিন্তু টাকা দিতে পারছেন না। এটা শুধুমাত্র বিতর্কের বিষয় নয়। কণিকাদেবীকে দেখলে মনে হয়, চালুনী ছুঁচের বিচার করছে। যাদের চারিদিকে ফুটো, তারাই আবার ছুঁচের বিচার করছেন। মাননীয় অর্থমন্ত্রী, আপনি দয়া করে দেখুন, সেন্ট্রাল গভর্নমেন্টের স্পনসর্ড স্কীমে রুরাল ডেভেলপমেন্টের

যে সমস্ত কাজ হয়, সেখানে আপনি কি করেছেন ? ২০০৩ সালের বাজেটের আগে না জেনে করেছেন কিনা জানি না। সেখানে নতুন করে বসাতে হল ৮৫ লক্ষ ৮১ হাজার টাকা—আপনি আবার নতুন করে বরাদ্দের জন্য চাইলেন। আমি আপনাকে এস.সি., এস.টি.-র কথা নিয়ে বলতে চাই না। সে বিষয়ে এখানে নেপালবাবু বলেছেন। আপনি তাঁর কথার উত্তর দেবেন। সরকারের ঘোষিত নীতি হল বার্ষিক বাজেট। ডিমান্ড নম্বর ৭, এখানে আপনি বলেছেন—আমাদের এখানে যেগুলো দরকার, বিধানসভায় তার অনুমোদন নেওয়ার দরকার ছিল। মাননীয় অর্থমন্ত্রী, বাজেট যদি আপনি ডেফিসিট ফিনান্সিং করে করতেন, তাহলে আপনার সমালোচনা হবে, যার ফলে আপনি সেটা না করে এখন এটা করলেন। যার ফলে সাপ্লিমেন্টারি ডিমান্ডকে আপনি এত বেশি ভারী করে দিলেন। আপনি যে মুহূর্তে বাজেট পেশ করেছেন, অ্যানুয়াল প্ল্যান বাজেট এবং নন-প্ল্যান বাজেট মিলিয়ে, সেখানে কম দেখিয়ে পেশ করেছেন। যার ফলে এখানে এই সাপ্লিমেন্টারি বাজেট নিয়ে এসেছেন। ওয়েলফেয়ার অফ সিডিউল্ড কাস্ট অ্যান্ড সিডিউল্ড ট্রাইবস্ অ্যান্ড আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস-এর ক্ষেত্রে যেটা আমরা দেখতে পাচ্ছি এত বেশি। আমি আর একটা উদাহরণ দিচ্ছি। আপনি ডিমান্ড নম্বর এইটটা দেখুন—হেড অফ অ্যাকাউন্টস ২৫১৫, আদার রুরাল ডেভেলপমেন্টস প্রোগ্রামে একইভাবে ৩ কোটি ৬৮ লক্ষ ৭০ হাজার টাকা দিয়েছেন। এটা কিসের জন্য দিতে হল ? এর এক্সপ্ল্যানেটরি মেমোরেন্ডামটা কি ? না, Additional provision is required to meet the expenses of established charges. মাননীয় অর্থমন্ত্রী এর কারণ এই এস্টাবলিশমেন্ট চার্জেস, এটা নন-প্ল্যান বাজেট হওয়ার কথা। প্ল্যান বাজেট হলে আমার বলার কিছু ছিল না। কিন্তু এটা নন-প্ল্যান বাজেট। এস্টাবলিশমেন্ট চার্জেস বাজেটের জন্য ৩ কোটি ৬৮ লক্ষ ৭০ হাজার টাকা। ৮ নং ডিমান্ডে আদার রুরাল ডেভেলপমেন্ট প্রোগ্রামের ওপরে আপনাকে এই টাকা দিতে হয়েছে। আমি এর পরে আসছি প্রেসের কথায়। এশিয়ার বৃহৎ প্রেস হল বেঙ্গল গভর্নমেন্ট প্রেস। আপনারা আসার পরে একটা বাজে জায়গায় চলে গেছে। বসুমতীকে আপনারা বাঁচাবার চেষ্টা করছেন। কিন্তু যুগান্তর, অমৃতবাজার পত্রিকা চলে গেছে, যেটা আমাদের কাছে গর্ব ছিল, সেটা আজকে বন্ধ হয়ে গেছে। আজকে সেই যুগান্তর, অমৃতবাজার পত্রিকা বন্ধ হয়ে গেছে। আপনারা ওদের কত টাকা দিয়েছেন ? আপনারা বাজেটে গ্র্যান্ড টোটালে ৬২ লক্ষ ৬৫ হাজার টাকা দিয়েছেন বি জি প্রেসের জন্য। এই বি জি প্রেস একদিন ভারতবর্ষের মধ্যে বিখ্যাত ছিল। আজকে তাকে আপনারা পলিটিক্যালাইজ করেছেন। এবং এমন একটা জায়গায় নিয়ে গেছেন যে সেটা আর চলছে না। এবং যার জন্য আপনাদেরকে বেশি করে টাকা দিতে হচ্ছে। আমি আপনাদেরকে আবার বলছি আপনারা চিন্তা করে দেখুন আপনারা সাপ্লিমেন্টারি গ্র্যান্টগুলোকে কোথায় নিয়ে যেতে চাইছেন। আপনার ২০০০ সাল থেকে যুব উৎসব বন্ধ হয়ে গেছে। অথচ আপনার ডিমান্ড নং ৪৯-র হেড অফ অ্যাকাউন্টে লিখেছেন, হেড অফ অ্যাকাউন্ট ২২৫১—তাতে সোস্যাল সার্ভিস যাঁরা করছেন, সেক্রেটারিয়েট সার্ভিস যাঁরা করছেন তাদের আপনি কত টাকা দিলেন—১৩ লক্ষ ২৫ হাজার টাকা। অথচ ২০০০ সাল থেকে

যুব উৎসব বন্ধ হয়ে গেছে। তাহলে কি করলেন—কিসে কিসে টাকা দিলেন—স্যালারি পে ডিয়ারনেস অ্যালাউন্স, হোম রেন্ট অ্যালাউন্স ইত্যাদি বাবদ। আবার আপনারা ডিপার্টমেন্ট অফ স্পোর্টস অ্যান্ড ইয়োথ সার্ভিসেস পোরশনের জন্য কি করেছেন—সেখানে স্যালারি পেজ, ডিয়ারনেস অ্যালাউন্স ইত্যাদি বাবদ টাকা ধরেছেন এবং সেটা ডিমান্ডে লিখেছেন। এতে কি সত্যি আমরা এগোচ্ছি ? সাপ্লিমেন্টারি বাজেটের সঙ্গে যখন নন-প্ল্যান বাজেটটা যোগ করলেন তার মধ্যে পে, ডিয়ারনেস অ্যালাউন্স আসে কি করে। ডিয়ারনেস অ্যালাউন্স যদিও বা বছরের মাঝখানে বাড়তে পারে এবং তা না হয় বাজেটের মধ্যে এল কিন্তু স্যালারি আসে কি করে ? এটাকে কি করে সংযুক্ত করবেন ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইছি এই যে সাপ্লিমেন্টারি বাজেটটা নিয়ে এসেছেন, এতে কি দয়া করে বলবেন কি কি কারণে এই সাপ্লিমেন্টারি গ্র্যান্টটাকে বাড়াতে হয়েছে। আমি এই সাপ্লিমেন্টারি বাজেটের ব্যাপারে আরেকটা কথা বলতে চাই সেটা হচ্ছে লোনস্ ফর দি আদার ট্রান্সপোর্ট সার্ভিসেস—ডিমান্ড নং ৫৩, হেড অফ অ্যাকাউন্ট নং ৭০৭৫-এতে কি বলেছেন—এতে বলেছেন ৪ লক্ষ ৭১ হাজার টাকা আপনাদেরকে দিতে হল। কাদের জন্য দিতে হল, এখানে একটা জিনিস বুঝতে পারছি না এই যে কনস্ট্রাকশান অফ সেকেন্ড ব্রিজ অফ হুগলি রিভার-এর লোনস্ অ্যান্ড অ্যাডভান্সেস এটা করতে গিয়ে আপনাদের ৪ লক্ষ ৭১ হাজার টাকা দিতে হল। এটা কি করে হল আমি বুঝতে পারছি না। ওই ব্রিজটা তৈরি করতে আপনাদের ৪ লক্ষ ৭১ হাজার টাকা দিতে হল। এর সঙ্গে আপনাদের দপ্তরের কি যোগাযোগ যার জন্যে আপনাদেরকেই খরচ করতে হল। আমি তো এসব কিছুই বুঝতে পারছি না। এবং সর্বশেষ যে লেদার কমপ্লেক্সের কথা এখানে আলোচনা হয়েছে, সেখানে আপনাদের কি ইন্টারেস্ট পেমেন্ট করতে হচ্ছে সেটা জানাবেন। সৌগতবাবু এই ব্যাপারে বলেছেন সেই সময়ে আমি হাউসে ছিলাম না, আমার বন্ধুরা আমাকে ওই ব্যাপারে বলেছেন। আমি আশা করি লেদার কমপ্লেক্সের ব্যাপারে বলবেন। আরেকটি কথা বলে শেষ করবো সেটা হচ্ছে যে, মাননীয় রাজ্যপালের বিরুদ্ধে আমার কোনো কথা বলার ইচ্ছা নেই। আমি তাঁকে সম্মান জানিয়েই বলছি—অন্যান্য ওঁর খরচের কথা সৌগতবাবু বলেছেন, কিন্তু আমি যে কথা অনেকদিন ধরেই বিধানসভাতে বলব বলেও বলে উঠতে পারিনি আজকে সেই কথা বলছি—ওনার অন্যান্য খরচের মধ্যে তাঁর বাগানে কতজন মালি, কতজন ঘোড়ার জন্য থাকেন ইত্যাদি ইত্যাদি সেসব বিষয়ে বলছি না। তবে আপনি নিশ্চয় দেখবেন এবং বিষয়টা বিচার-বিবেচনা করবেন। আমি বলছি ব্যারাকপুরে একটা বাড়ি আছে, সেখানে রাজ্যপাল সারা বৎসরের মধ্যে একবার শুধু দু' ঘন্টার জন্য যান—২রা অক্টোবর মহাত্মা গান্ধীর জন্মদিনের দিন, সেদিন তিনি ব্যারাকপুরে যান, নিশ্চয় যাবেন তাঁকে শ্রদ্ধা জানাতে। সারা দেশ সেদিন তাঁকে শ্রদ্ধা জানায়, তিনিও জানান। আপনারা যান না, আপনাদের পি.ডব্লিউ.ডি-র মিনিস্টার যান। সি পি আই এমের কেউ যান না। ওনারা অন্য দলের মন্ত্রীদেরকে পাঠান। কারণ আপনারা গেলে তা আপনাদের আদর্শ নষ্ট হয়ে যাবে, যদিও আপনারা বারেবারে মহাত্মা গান্ধীর কথা বলেন। আমি শুধু আপনাদের কাছে জানতে চাইছি যে, ওই বিশাল বাড়িটাতে অন্য

কোনো অ্যারেঞ্জমেন্ট করা যায় কিনা। অথবা তার যে এক্সপেন্ডিচার সেটা চালানোর জন্য এবং ওই বাড়িটাকে দেখভাল করার জন্য ওখানে যদি কোনো হেল্‌থ সেন্টার বা হসপিটাল করতে পারেন তাহলে ওর খরচ উঠে আসবে এবং সেই খরচে অন্য কিছু করতে পারবেন। দয়া করে ওই খরচ কমাবার দায়-দায়িত্ব গ্রহণ করবেন। আমি আবার বলছি আজকে যেসব বিষয়গুলো আপনার কাছে উত্থাপন করছি এই বিষয়টা যদি আপনি বন্ধ না করেন তাহলে এখানে কেবল দিনে-রাত্রে জল ঢেলে ফুটা পাত্রে বৃথা চেষ্টা তৃষ্ণা মেটাবার হবে। আপনাদের তৃষ্ণাও মিটবে না, আমাদের তৃষ্ণাও মিটবে না, রাজ্যবাসীর উপরে এক চরম আর্থিক বোঝা চাপানো হবে। তাই আমি এই গ্র্যান্টের বিরোধিতা করে আমাদের কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4.10—4.20 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে সাপ্লিমেন্টারি বাজেট এখানে—যে গ্র্যান্ট বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করে বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাদের বলতে চাই, এই যে ডিমান্ড নম্বর ৪, যেখানে এগ্রিকালচারের উপর তিনি সাপ্লিমেন্টারি গ্র্যান্ট চেয়েছেন, সেখানে আমি প্রথমেই বলতে চাই এই গ্র্যান্ট আমরা কেন সমর্থন করবো ? আজকে সরকার চাষীদের জন্য কি করছেন ? যে চাষীরা তাদের ফসলের ন্যায্য দাম থেকে বঞ্চিত হচ্ছে, যেভাবে ব্যবসাদাররা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে, ম্যাকিনসের কৃষিনীতি অনুযায়ী যেভাবে দেশি-বিদেশি শিল্পপতিদের জন্য চাষীদের স্বার্থ, গরীব চাষীদের স্বার্থ জলাঞ্জলি দেওয়া হচ্ছে, আমরা সেখানে কেন তা সমর্থন করবো ? আপনারা জানেন স্যার, রবীন্দ্রনাথ ঘোষ মেমারীর বিষকোবা গ্রামের চাষী সে আত্মহত্যা করেছে। ২০০২ সালে কুচবিহারের দিনহাটায় রামেশ্বর বর্মণ করলা চাষী সে ফসলের দাম না পেয়ে আত্মহত্যা করেছে। ২০০৩ সালে জামালপুরের আলুচাষী সৈফুদ্দিন চৌধুরী ফসলের দাম না পেয়ে সে আত্মহত্যা করেছিল। স্যার, আপনি জানেন ২০০২ সালের ২৬শে মার্চ পশ্চিমবাংলার মেদিনীপুরে চন্দ্রকোণার বীরভানুপুরের শিবহরি চৌধুরী ফসলের ন্যায্য দাম না পেয়ে সে আত্মহত্যা করেছিল। এই হচ্ছে মর্মান্তিক ঘটনা। চাষীরা তাদের ফসলের ন্যায্য দাম পাচ্ছে না। ফলে তারা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। চাষীরা তাদের ফসলের দাম পাচ্ছে না। ফলে তারা আত্মহত্যার পথ বেছে নিচ্ছে, চাষীরা ধানের দাম পাচ্ছে না। অভাবী বিক্রি করে সর্বস্বান্ত হয়ে যাচ্ছে। সরকার ধানের দাম বেঁধে দিয়েছে, কিন্তু চাষীদের হাতে ধান আর থাকছে না, সব চলে যাচ্ছে মিল মালিকদের হাতে। ফসল ডিসট্রেস সেল হচ্ছে, কম দামে বিক্রি করতে বাধ্য হচ্ছে চাষীরা—কিনে সরকার নির্ধারিত মূল্যে বিক্রি করে এক শ্রেণীর ব্যবসাদাররা মুনাফা করে নিচ্ছে। ক্যাগ রিপোর্টে বলছে মিল মালিকদেরকে এইভাবে ২১ কোটি ৩৪ লক্ষ টাকা বাড়তি পাইয়ে দেওয়া হয়েছে।

তাই আমার বক্তব্য, এই চাষীদের এগ্রিকালচারের নাম করে বাড়তি অর্থ বরাদ্দ চেয়েছেন তাঁকে জনগণ ঠিক ঠিকভাবে সমর্থন করতে পারে না। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, এখানে ডিমান্ড নম্বর ১০-তে সিভিল সাপ্লাইজ-এর উপর উনি বাড়তি টাকা চেয়েছেন। আজকে পশ্চিমবাংলার রেশন ব্যবস্থার কি হাল ! রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে। অনেকে আবার রেশন কার্ডও পায়নি, আবার ভুয়ো রেশন কার্ডে চাল ব্ল্যাক হয়ে যাচ্ছে। সব খাওয়ার অযোগ্য চাল। কেরোসিন তেল গ্রামে পাওয়া যায় না, যেটা পাওয়া যায়, সেটা ব্ল্যাকে ১৬/১৭/১৮ টাকা লিটার দরে বিক্রি হচ্ছে। এইভাবে আমরা দেখতে পাচ্ছি, সাধারণ মানুষ আজকে বঞ্চিত হচ্ছে। ডিমান্ড নম্বর ১৭-তে সেখানে আপনি এক্সাইজ বা আবগারী খাতে বাড়তি টাকা চেয়েছেন। ২ কোটি টাকার মতো চেয়েছেন। এখন মদের দোকানের ঢালাও লাইসেন্স সরকার দিচ্ছে। এখানে ১২ হাজার লোকপিছু শহরাঞ্চলে একটা করে মদের দোকান হবে, গ্রামাঞ্চলে ১৮ হাজার লোকপিছু দোকান হবে। ফলে ঘরে ঘরে গ্রামে গ্রামে বাড়ি বাড়ি মদের দোকান বসিয়ে দিচ্ছেন। সব রেডি টু ড্রিঙ্কস, যে কোনো দোকানে পাওয়া যাবে। এই সমস্ত সফ্ট ব্যবস্থা করে দিচ্ছেন। যুক্তি কি, না আমাদের রাজস্ব তুলতে হবে। মহারাষ্ট্র অন্যান্য রাষ্ট্রে বেশ রাজস্ব তোলে, সেখানে আমরা মাত্র ১ হাজার কোটি টাকা রাজস্ব তুলবো।

আমি অসীমবাবুকে জিজ্ঞাসা করতে চাই, বামপন্থী আন্দোলন এবং প্রগতিশীল আন্দোলনের ঐতিহ্য কি ? মানুষকে মাদকাসক্ত করে রাখতে চাই কারা ? মানুষ যাতে শাসক শ্রেণীর শোষণের বিরুদ্ধে মাথা উঁচু করে না দাঁড়াতে পারে, মানুষের বুদ্ধি, চিন্তা যাতে আচ্ছন্ন হয়ে থাকে, প্রতিবাদ করার শক্তি যাতে সে হারিয়ে ফেলে, তার জন্যই শাসক শ্রেণী মানুষকে মাদকাসক্ত করে রাখতে চায়। সেই জন্যই আমরা স্বদেশি আন্দোলনের সময় দেখেছি, ব্রিটিশরা এইভাবে চেয়েছিল আমাদের দেশের যৌবনকে মারতে, নৈতিকতাকে মারতে। সেই জন্যই তখন গান্ধীজি, চিত্তরঞ্জন দাস, ক্ষুদিরামের নেতৃত্বে মাদকদ্রব্য বর্জন আন্দোলন আরম্ভ হয়েছিল। এমনকী স্বাধীনতার পরেও এই বামপন্থীরা আন্দোলন করেছিল মাদকদ্রব্যের বিরুদ্ধে। আমরা দেখেছি চীনেও, সেখানকার যুবকদের আফিং খাইয়ে ঘুম পাড়িয়ে রাখার চেষ্টা হয়েছিল। তার বিরুদ্ধে মাও-সে-তুংকে আন্দোলন করতে হয়েছিল। কিন্তু পশ্চিমবাংলার এই বামফ্রন্ট সরকার রাজস্ব বাড়ানোর নাম করে এইভাবে ঢালাও মদের দোকানের লাইসেন্স দিতে চাইছে। তাঁরা বলছেন, মানুষ মদ খেতে চাইছে, সুতরাং আমরা লাইসেন্স দেব না কেন ? অসীমবাবু বামপন্থী যৌক্তিকতার সঙ্গে এর কোথায় মিল আছে আমি জানি না। কেন্দ্রীয় সরকারের বিকল্প নীতির কথা চিন্তা করতে গিয়ে আপনারা এই জনবিরোধী নীতি গ্রহণ করেছেন এবং ঢালাও মদের লাইসেন্স দেবার ব্যবস্থা করছেন। আমরা দেখতে পাচ্ছি আপনারা কেন্দ্রের বি.জে.পি সরকারের পথ ধরেই এগোচ্ছেন। যখন রাজ্যে শ্রমিক, কৃষক, সর্বস্তরের মানুষের উপর আঘাত নেমে আসছে, তারা যাতে মেরুদণ্ড সোজা করে দাঁড়াতে না পারে তার জন্য আপনারা রাজস্ব আদায়ের নামে মদের দোকানের ঢালাও লাইসেন্স দেবার ব্যবস্থা করেছেন, মানুষকে মারবার চেষ্টা করছেন, তাদের আন্দোলনকে ধ্বংস করবার চেষ্টা করছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডিমান্ড নম্বর ৩০, 'ইনফর্মেশান অ্যান্ড পাবলিসিটির' জন্য আপনি এক কোটি টাকার উপর চেয়েছেন। আজকে এই টাকার দরকার হচ্ছে

কেন ? কেন্দ্রের বাজপেয়ী সরকার যখন ভারত উদয়ের নাম করে সাড়ে চারশো, পাঁচশো কোটি টাকা, ব্যয় করছেন, জনগণের টাকা নিয়ে। যদি তারা ভালো কাজই করে থাকে তাহলে ওদের এটা করতে হবে কেন ? কিন্তু আপনারা কি করছেন ? আপনারা সাইনিং ওয়েস্ট বেঙ্গল বিজ্ঞাপন দিচ্ছেন এবং তার জন্যই এক কোটি টাকার উপরে আপনাকে অতিরিক্ত দিতে হচ্ছে। আজকে সরকারী টাকা দিয়ে, জনগণের টাকা দিয়ে এই সমস্ত বইগুলি আপনাকে ছাপতে হচ্ছে, এখানে আপনারা বলেছেন স্বাস্থ্যে নাকি আমরা অনেক উন্নত। শুধুমাত্র ভারতের অন্যান্য রাজ্যগুলির তুলনায় নয়, সমগ্র পৃথিবীর সঙ্গে তুলনা করলেও আমাদের রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে আড়াল করা যায় না। কিন্তু আমরা এদিকে দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবা একেবারে ভেঙে পড়েছে, মৃত্যুর মিছিল চলছে। আর জনগণের কাছে আপনারা এইভাবে প্রচার করছেন যে এখানকার স্বাস্থ্য ব্যবস্থা ভালো। আপনারাও তো কেন্দ্রীয় সরকারের থেকে কম যান না। আপনারা ৩৫ নম্বর ডিমান্ড-এ টাকা চেয়েছেন বন্ধ শিল্পকারখানার জন্য। কিন্তু আজকে চটকলগুলির কি অবস্থা ? আজকে চা-বাগানের শ্রমিকদের কি অবস্থা ? বাইশটি চা-বাগান আজকে বন্ধ হয়ে রয়েছে, সেখানকার শ্রমিকরা আজকে অনাহারে, অপুষ্টিতে ভুগছে। আজকে তারা আত্মহত্যার পথ বেছে নিয়েছে। আজকে চা-বাগানের মালিকরা শ্রমিকদের প্রাপ্য টাকা দিচ্ছে না, তাদের রেশন বন্ধ করে দিয়েছে, তাদের হাউজিং দিচ্ছে না।

[4.20—4.30 p.m.]

তারা অপুষ্টিতে, অনাহারে মারা যাচ্ছে এক হাজারের উপর মারা গেছে, সুপ্রীম কোর্টের কমিশন বলছে আর আপনারা বলছেন অনাহারে কেউ মারা যায়নি। আজকে গোটা দুনিয়ায় কীভাবে চা-এর বাজারে চা-বাগানের মালিকরা লাভ করছে। হ্যাঁ, এখানে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব রয়েছে, কিন্তু আপনারা কতটুকু প্রোটেকশন দিয়েছেন। ওয়েস্ট বেঙ্গল টি বোর্ড যে চা-বাগানগুলো সরকারের অধীনে আনা হয়েছিল টি এস্টেট ২০ লক্ষ টাকা লাভ করেছে সেখানে আপনি অনায়াসে মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারতেন। আজকে এখানে শিল্পমন্ত্রী বসে আছেন, ওঁর প্রিন্সিপ্যাল সেক্রেটারী সব্যসাচী সেনের নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে, সেই কমিটি যে রিপোর্ট দিয়েছে যে মালিকরা যা ইচ্ছে তাই করছে, এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আইন সরকারের হাতে রয়েছে। সরকার লীজ বাতিল করে দিতে পারে, অধিগ্রহণ করতে পারে। ভারত সরকার যাই করুক না রাজ্য সরকার লাভজনক বাগানগুলোকে মালিকদের হাত থেকে নিয়ে নিতে পারেন। কেন রাজ্য সরকার অধিগ্রহণ করছেন না। তাঁরা মালিকদের স্বার্থকে রক্ষা করছেন। আজকে সব্যসাচী সেনের রিপোর্টকে কার্যকরী করা হচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্যক্ষেত্রে আপনি অতিরিক্ত ব্যয়বরাদ্দ চেয়েছেন। আজকে স্বাস্থ্যের কি অবস্থা ? সরকারী স্বাস্থ্য পরিষেবা একেবারে ভেঙে পড়েছে। প্রতি বছর স্বাস্থ্য বাজেটে টাকা কমিয়ে দিচ্ছেন। সেখানে এসেনশিয়াল যে সমস্ত ড্রাগ সেগুলো পাওয়া যাচ্ছে না। আজকে ফিনান্সিয়াল অ্যান্ড ইকনোমিক প্ল্যান ফর হেল্‌থ

সেক্টর ইন ওয়েস্ট বেঙ্গল-এর যে ড্রাফট রিপোর্ট বেরিয়েছে, সেই রিপোর্টে এরা মারাত্মকভাবে উদ্বেগ প্রকাশ করেছেন যে, সরকার যদি অবিলম্বে স্বাস্থ্য বাজেট বৃদ্ধি না করে তাহলে পশ্চিমবাংলায় ন্যূনতম অত্যাবশ্যকীয় পরিষেবা চিকিৎসার ক্ষেত্রে সেটা দেওয়া যাবে না। আপনার স্বাস্থ্য বাজেটে যা বরাদ্দ তার সিংহভাগ চলে যায় শুধু স্বাস্থ্য-কর্মীদের মাইনে দিতে, অত্যাবশ্যকীয় চিকিৎসার জন্য কিছুই থাকে না। ফলে যদি অবিলম্বে বরাদ্দ বৃদ্ধি না করা যায় স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়বে। আপনি হাসপাতালে চার্জ বাড়াচ্ছেন, ফি বাড়াচ্ছেন সবক্ষেত্রে, কিন্তু কোথায় স্বাস্থ্যের উন্নতি ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই সাপ্লিমেন্টারি বাজেটের বিরোধিতা করছি এবং কাট মোশানের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রামপদ সামন্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার অর্থমন্ত্রী যে অতিরিক্ত ব্যয়বরাদ্দ পেশ করেছেন অনুমোদনের জন্য, তাকে আমি সমর্থন করছি। প্রকৃতপক্ষে যে ব্যয়বরাদ্দ গ্রামীণ উন্নয়নের জন্য, সার্বিকভাবে মানুষের মঙ্গলের জন্য তাকে তো সমর্থন করতেই হয়, অনুমোদন করতেই হয়। এই প্রসঙ্গে আমি বলবো আমাদের কৃষিতে আরও সাফল্য আসবে যদি খরা অঞ্চলে এখনো অনেক জমি অকৃষিযোগ্য হয়ে পড়ে আছে সেগুলিকে উপযুক্ত সেচব্যবস্থার কথা চিন্তা করে যদি কৃষিযোগ্য জমির পরিমাণ বাড়ানো যায়, তাহলে এতে কর্মসংস্থানের ব্যবস্থা হবে এবং কৃষিতেও সাফল্য আসে। আমি অনুরোধ করবো সমুদ্রের লবণাক্ত এলাকা যেগুলি নানাভাবে কৃষির উপযোগিতা হরিয়েছে, সেগুলিকে পদ্ধতি সংশোধন করে লবরাক্তের হাত থেকে মুক্ত করে চাষযোগ্য করা যায় সেটা দেখতে হবে। এখন বিশ্বায়নের ফলে বাইরে থেকে যেভাবে খাদ্যশস্য আসছে, তার ফলে এখানকার চাষীরা উপযুক্ত ফসলের দাম পাচ্ছে না। তার জন্য পশ্চিমবঙ্গ সরকার বিকল্প চাষের মাধ্যমে তাদের অর্থনৈতিক অবস্থার পরিবর্তনের কথা ভাবছেন। সেই প্রচেষ্টাকে আরও গতিশীল করার জন্য আমি অনুরোধ করছি। কারণ এখনও পর্যন্ত যে বিকল্প চাষ ডালশস্য, তৈলবীজ, ফুল-ফল, প্রাণীজসম্পদ বিকাশ বিকল্প পদ্ধতির মাধ্যমে মানুষের মধ্যে যে সচেতনতার অভাব রয়েছে সে ব্যাপারে আরও ব্যাপক প্রচার করা দরকার। এই পদ্ধতিগুলি নিলে কৃষিতে যে সাফল্য এসেছে, যে সাফল্য এসেছে ভূমিসংস্কারের মধ্যে দিয়ে এটা সম্ভব হয়েছে কৃষির সাথে সরকারের উন্নয়নমূলক যে সম্পর্ক সেটা আরও নিবিড় হয়েছে বলেই। ডিমান্ড নম্বর ৪০-তে রুরাল এমপ্লয়মেন্ট সম্পর্কে বলা হয়েছে। রুরাল এমপ্লয়মেন্টের ব্যাপারে বলা হয়েছে ২০১ কোটি ৪৬ লক্ষ ৪৬ হাজার টাকার যে দাবি উত্থাপন করেছেন তাকে সমর্থন করছি। আমি বলবো এক্ষেত্রে নতুন করে কিছু চিন্তা-ভাবনা করা যায় কিনা, বিশেষ করে যে সমস্ত জায়গায় বিদ্যুতের জোগান যথেষ্ট পরিমাণ আছে, যেখানে সাব-স্টেশন করা হয়েছে সেখানে ছোটো-খাটো কলকারখানা করে এবং কুটিরশিল্পের উপর নজর দিয়ে যদি চেষ্টা করা যায় তাহলে স্বনিযুক্তি ক্ষেত্রে আরও সাফল্য পাওয়া যাবে। বিশেষ করে হলদিয়াতে যে অনুসারী শিল্প পশ্চিমবঙ্গে গড়ে উঠেছে সেখানে বিদ্যুতের জোগানের উপর বিশেষভাবে নজর দিতে অনুরোধ করছি। এই কথা বলে সাপ্লিমেন্টারি বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী ড. অসীম দাশগুপ্ত যে বাজেট বিবৃতি পেশ করেছেন গত ১৫ই মার্চ ২০০৪, তাতে অতিরিক্ত ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করছি। এটা ঠিক যে আমাদের এই পশ্চিমবঙ্গকে পৃথক করে দেখলে হবে না। সারা ভারতবর্ষ যদি একটা বৃক্ষ হয় এবং তার শাখাপ্রশাখা হচ্ছে ২৮টি। এই ২৮টির মধ্যে একটি হল পশ্চিমবঙ্গ, সেই একটিতে আম ফলবে আর বাকিগুলিতে আমড়া হবে তা কখনো হতে পারে না। সেই অবস্থার পরিপ্রেক্ষিতে বিচার-বিবেচনাপ্রসূত চিন্তাধারা নিয়ে ভূমিসংস্কার এবং কৃষিজীবী মানুষের কাছ থেকে এই সরকার সমর্থন পেয়ে ২৬ বছর অতিক্রান্ত করেছে। আমাদের ভূমিসংস্কারে যে সাফল্য এসেছে, কৃষিতে সাফল্য এসেছে, বিশুদ্ধ পানীয় জল গ্রামে গ্রামে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে সাফল্য এসেছে, প্রত্যেকটি মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার ক্ষেত্রে যেখানে কংগ্রেস সরকার যে অবস্থায় এটাকে রেখে গিয়েছিল তার থেকে আজ পর্যন্ত যে জয়যাত্রা—ত্রুটি-বিচ্যুতি থাকা সত্ত্বেও এই জয়যাত্রাকে ছোট করে দেখলে হবে না। আমরা জানি সংস্কৃততে একটা শ্লোক আছে—পরোপকরনং যেষাম জাগর্তি হৃদয়ে সত্যাম্, নস্যন্তি বিপদেস্তেষাম সম্পদঃ সম্পদষু পদে পদে। অর্থাৎ যার হৃদয়ে পরোপকারের চিন্তা সব সময় জাগ্রত থাকে তার বিপদ বিনষ্ট হয় এবং পদে পদে সম্পদ বৃদ্ধি হয়।

[4.30—4.40 p.m.]

তাই আজকে কেন্দ্রীয় সরকার এই যে জনবিরোধী কাজকর্ম করছেন এবং এই যে ফিল গুড বলছেন অথচ আমরা দেখতে পাচ্ছি কৃষক আত্মহত্যা করছে, শ্রমজীবী মানুষের নাভিশ্বাস উঠছে, কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে এবং এক-একটা করে শ্রমজীবী মানুষ যার উপর ভিত্তি করে বেঁচে থাকে তার সর্বনাশ ঘটছে। তার পরেও দেশের সাধারণ মানুষের নাভিশ্বাসের দিকে না তাকিয়ে কেন্দ্রীয় সরকার ফিল গুড বলছেন। সেখানে আমাদের এই সরকার শ্রমজীবী, কৃষিজীবী মানুষের কল্যাণের জন্য কাজ করে চলেছেন, কিন্তু তাও ফিল গুড বলছেন না। কারণ আমাদের কাজকর্মগুলোতে নিশ্চয় পরিপূর্ণতা আসবে কিন্তু এখনও অনেক কাজ বাকি। সেই জন্য ফিল গুড বলছেন না। কেন্দ্রীয় সরকার যেভাবে রথযাত্রা করছেন, মানুষকে ধোঁকা দিচ্ছেন, বড় বড় পোস্টার ছাপিয়ে, যেন সমগ্র ভারতবর্ষ তাদের সমর্থন করে। এই ধরনের ধোঁকাবাজি চলছে। তবে মানুষ যথাযথভাবে ভোটদান করে তার উত্তর দেবে। অন্তঃসারশূন্য জিনিসের দেখবেন শব্দ বেশি হয় এবং অন্তঃসার শূন্য নয়, এমন জিনিসের শব্দ কম হয়। তাই অন্তঃসার শূন্য কেন্দ্রীয় সরকার হওয়ার জন্য তার শব্দরূপ প্রচার বেশি হচ্ছে। কিন্তু আমাদের এই সরকার জনকল্যাণে নিজেদের সমর্পণ করে চলেছেন। এই সরকারের বিভিন্ন মন্ত্রী, বিধায়ক তারা সকলে সচেষ্ট হন যাতে দেশের মানুষের প্রকৃত কল্যাণ করা যায়। এর জন্য তারাও নিযুক্ত এটা বুঝতে হবে। আজকে বামফ্রন্ট সরকারের কার্যবিধির মধ্যে দিয়ে মানুষ অন্ধকার থেকে আলোর পথে আসছে, সেই অভিযান চলছে। ঋষিরা বলেছেন, 'তমসো মা জ্যোতির্গময়ো'। আমরা

অন্ধকারের পথ অতিক্রম করে আলোর পথে চলেছি। মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গের মানুষের জন্য কি কি কাজ করতে চান তা সবার কাছে ফুটে উঠেছে এর মধ্যে দিয়ে। তবে নির্বাচন আসন্ন তাই যে কথাগুলি বলতে চেয়েছেন অথচ বলেননি স্পষ্ট করে পরবর্তীকালে আমরা নিশ্চয় তা বুঝতে পারব এবং সাধারণ মানুষের কল্যাণে যে জয়যাত্রা তা নিরবচ্ছিন্নভাবে চলতে থাকবে, এই কথা বলে এবং এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল ঘোষ** : স্যার, আমার সময় অল্প, তাই স্বল্প কথায় এই সাপ্লিমেন্টারি গ্র্যান্ট যেটা অলরেডি খরচ করে ফেলেছেন বা কিয়দংশ থাকলেও থাকতে পারে, ইট মে বি লেস দ্যান ০.৫ পারসেন্ট, খরচ যেটা করেছেন তার প্রতিবাদ আমাদের পক্ষ থেকে থাকবে, সমর্থন করতে পারছি না। এর অনেকগুলো কারণ আছে। মূল বাজেট আলোচনার সুযোগ পাওয়া গেল না। কিন্তু মূল বাজেট, ২৭ হাজার কোটি টাকার বাজেট, ২০০২-০৩ প্লেস করেছিলেন তাতে আর কয়েকটা দিন গেলে, আজকে ১৭ই মার্চ, আর কয়েকটা দিনের মধ্যে বছর শেষ হয়ে যাবে, ৫ হাজার ২১১ কোটি টাকা এবং ১ হাজার ৬৫৬ কোটি প্লাস—এই টাকা অতিরিক্ত ব্যয়বরাদ্দ চেয়েছেন। ঠিক। খরচ হয়েছে উনি চেয়েছেন। বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় সৌগত রায় এবং অন্যান্যরা যে কথা বলেছেন আমি মাননীয় অর্থমন্ত্রীকে স্মরণ করাতে চাই, যে টাকা অতিরিক্ত বরাদ্দ ধরেছেন, আজকে এখানে পেশ করেছেন, আজকে ট্রেজারি বেঞ্চের কেউ বুঝতে পারেননি যে এর থেকে ৫৯৫ কোটি টাকা রেভিনিউ হেডে খরচ করবেন। যেটা ওয়েজ অ্যান্ড মিন্স-এ যাবে ৫৯৫ কোটি টাকা—লোন অ্যান্ড আদার রিপেমেন্টস-এ চলে যাবে। আমার মনে হয় ট্রেজারি বেঞ্চের কেউ এটা বুঝতে পারেনি। ওঁরা ভেবেছেন, অতিরিক্ত ব্যয়বরাদ্দ করে পশ্চিমবঙ্গের সম্পদ সৃষ্টি হচ্ছে—এটা তাঁরা ধরে নিয়েছেন। আপনারা যদি সম্পদ সৃষ্টি করতে পারতেন—আপনারা যদি স্কুল, কলেজ, রাস্তাঘাট তৈরি করতে পারতেন, এমারজেন্সি সার্ভিস টু দি হসপিটাল করতে পারতেন তাহলে আমরা বিরোধিতা করতাম না। এখানে আই.ডি. হসপিটালে বাবা তার শিশুকে কোলে করে নিয়ে চলে যাচ্ছে, ডাক্তারের অভাব, প্রকৃত ওষুধের অভাব, ইনফ্রাস্ট্রাকচারের অভাব—আপনারা এগুলো দেখলেন না। আপনারা সম্পদ সৃষ্টি করতে পারলেন না। আপনারা সম্পদ সৃষ্টি না করে অতিরিক্ত ব্যয়বরাদ্দ চাইছেন সেজন্য আমরা সমর্থন দিতে পারছি না। ১৬৫৬ কোটি টাকার মধ্যে ওনলি ১৬৪ কোটি টাকা ক্যাপিটাল হেডের এক্সপেন্ডিচারের টাকা। চটকদারি রক্ষা করতে গিয়ে যে সব খরচা হয় সেটা যদি উনি দেখেন তাহলে দেখবেন যে, প্ল্যানের বরাদ্দ খুবই কম। মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয় বানতলার চর্মশিল্পের কথা বলছিলেন। বানতলায় চর্মশিল্পের ক্ষেত্রে বিরাট সম্ভাবনা রয়েছে। ভারতবর্ষের মধ্যে বিশেষ করে পশ্চিমবঙ্গে চর্মশিল্পের যে বিরাট সম্ভাবনা রয়েছে সেটাকে আপনারা শেষ করে দিচ্ছেন। ২০ বছর ধরে হলদিয়া পেট্রোকেমিকলেসের কথা বাংলার মানুষ, বাংলার যুবক-যুবতীদের কাছে বলে আসছেন। হলদিয়া পেট্রোকেমিকেলসকে আপনারা বিশ্বের দরবারে একটা হাস্যকর জায়গায় নিয়ে গিয়েছেন। আপনারা অ্যাডিশনাল এক্সপেন্ডিচার চাইছেন। বানতলায় চর্মশিল্পের

ক্ষেত্রে ১০০ ভাগের মধ্যে ৯৫ ভাগ কাজই করতে পারেননি। এর ২-৩টে মেজর কারণ রয়েছে। সেখানে ইনফ্রাস্ট্রাকচারের ক্ষেত্রে এবং অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যানের ক্ষেত্রে কাজ হয়নি। এখানে নিরুপমবাবু আছেন। নিরুপমবাবু বলেন, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক পশ্চিমবঙ্গ সরকারকে টাকা দেয়, কিন্তু কোনো কন্ডিশন রাখে না। তিনি বলেন, আই.এম.এফ. টাকা দিলে শর্ত রাখে, কিন্তু আমাদের রাজ্যে ওয়ার্ল্ড ব্যাঙ্ক টাকা দিলে তারা কোনো শর্ত রাখে না। কিন্তু আমি বলি, তারা শর্ত রাখে—কর্মসংস্থান থেকে আরম্ভ করে আর্থিক সংকট থেকে রক্ষা করার জন্য তারা নানারকম ইকনোমিকাল রিস্ট্রাকচারিং-এর শর্ত রাখে। আপনি আপনার জবাবী ভাষণে ডি.এফ.আই.ডি.-র কথা বলবেন। ডি.এফ.আই.ডি. ১৬টি কারখানার মধ্যে ২টি বন্ধ করে দিয়েছেন। আর বাকি ১৪টির ক্ষেত্রে ভি.আর.এস. নয়, ই.আর.এস. জারি করে এই লোকগুলোকে বাড়ি পাঠিয়েছেন। অর্থাৎ আরলি রিটায়ারমেন্ট স্কীম করে দেওয়া হল। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ব্রিটেন যে ওই ব্রিটানিয়া, স্যাক্সবি, গ্লুকোনেট ইন্ডিয়া—এগুলোর ক্ষেত্রে তারা এগিয়ে আসছে। এর পিছনে কারণ কি ? তাদের কি শর্ত আছে সেগুলো আপনি সাপ্লিমেন্টারি বাজেটের উপর জবাবী ভাষণ দেওয়ার সময় বলবেন। হোয়াট আর দোজ্ কন্ডিশন্স ? উইল ইউ টেব্ল দিস কন্ডিশন্স অর দেয়ার ইজ নো কন্ডিশন ? যদি কন্ডিশন না থাকে তাহলে সেটা হাউসকে জানিয়ে দেবেন। ডি.এফ.আই.ডি.-র সঙ্গে কি শর্ত আছে সেটা জানাবেন। শর্ত না থাকলে খুশি হব। আপনারা অ্যাডিশনাল এক্সপেন্ডিচারের ক্ষেত্রে যে গ্র্যান্ট নিতে চলেছেন,

[4.40—4.50 p.m.]

যদি এটা শিক্ষাক্ষেত্রে আমি প্রথমেই বলেছি, যারা গরীব, যারা দুস্থ ছাত্র-ছাত্রী আছে তাদের জন্য আপনি বেশি ব্যয় করতেন এই আর্থিক বছরে এবং আপনি তার জন্য এখানে এসে সমর্থন চাইতেন আপনার এই অ্যাডিশনাল এক্সপেন্ডিচারের জন্য তাহলে হয়ত আমাদের কিছু বলার থাকলেও কম থাকত। বেকারি—যেটা কিনা পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে শীর্ষস্থানে আছে, হাইয়েস্ট নাম্বার অফ আন এমপ্লয়মেন্ট—সেখানে ওই বেকারিত্ব দূর করার জন্য আপনি যদি বিশেষ জোর দিতেন—একটি প্রকল্প তৈরি করতেন এবং সেই প্রকল্পের জন্য অ্যাডিশনাল গ্র্যান্ট-এর প্রয়োজন হত অ্যাডিশনাল এক্সপেন্ডিচারের প্রয়োজন হত তাহলে শুধু বিরোধী দল নয়, সরকার পক্ষের নয়, সবাই এসে আপনার পাশে এসে দাঁড়াত। আজকে নতুন করে কলকাতাকে কেন্দ্র করে যে ব্রিজ, ব্যারেজ, রোড, ফ্লাইওভার হচ্ছে কিন্তু কলকাতাকে যারা ফিটব্যাক করছে—হাওড়া, হুগলি, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, মেদিনীপুর এই কানেকটিং-এর জন্য যদি আপনারা রোড, ব্যারেজ, ব্রিজ করার জন্য অ্যাডিশনাল খরচের কথা বলতেন তাহলে আমরা ভেবে দেখতাম। বিরোধীদলের পক্ষ থেকে আপনি যদি মানুষের স্বাচ্ছন্দ্যের জন্য, ইনফ্রাস্ট্রকার করার জন্য আপনি অ্যাডিশনাল গ্র্যান্ট চাইতেন বা অতিরিক্ত ব্যয় ১ হাজার ৬৬৫ কোটি টাকা আপনি যেটা অ্যাপ্রক্সিমেটলি চেয়েছেন সেক্ষেত্রে হয়ত বিরোধীরা সমালাচনা করত, ডেমোক্রেসিতে সমালোচনা নিশ্চয়ই করা সম্ভব এবং করা উচিত এবং সেক্ষেত্রে আপনার

এই ১ হাজার ৬৬৫ কোটি টাকা যদি দারিদ্র্য দূরীকরণের কাজে লাগাতেন, বিধবা ভাতা থেকে আরম্ভ করে গরীব মানুষের কাজে লাগাতেন, পিছিয়ে পড়া মানুষের কাজে লাগাতেন, গরীব ছাত্রের কাজে লাগাতেন, মুমূর্ষু রোগীর কাজে লাগাতেন, বেকারিত্ব দূর করার ক্ষেত্রে লাগাতেন—হাসপাতালে আসা মুমূর্ষু মানুষ সে আজকে চেঁচিয়ে বলে আমাকে বাঁচতে দিন, আমাকে ওষুধ দিন, আমাকে স্যালাইন দিন, আমাদের বিনা পয়সায় চিকিৎসা দিন—তার জন্য লাগাতেন তাহলে ভাবতাম কিন্তু আপনারা শতকরা ৮০-রও বেশি—৮৫ পারসেন্ট—১ হাজার ৬৬৫ কোটি টাকার মধ্যে প্রায় ৮৫ পারসেন্ট খরচ করেছেন ওয়েজ অ্যান্ড মিনস, রিপেমেন্ট অফ লোনস-এ। আর এই ১৬৪ কোটি টাকা অ্যাবাউট কম-বেশি আপনি ক্যাপিটাল এক্সপেন্ডিচার হেডে মাত্র ১৫ পারসেন্টের কাছাকাছি রেখেছেন এবং ৮৫ পারসেন্ট নন-প্ল্যানে রেখেছেন। সেখানে কোনো এমপ্লয়মেন্ট জেনারেশন হয়নি, রাজ্যের কোনো উন্নয়ন হয়নি, সেইজন্য আমি এটার বিরোধিতা করে আমাদের কাটমোশানের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুশীল বিশ্বাস** : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি বাজেট পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীরা যে ছাঁটাই প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করছি। বিরোধিতা করতে গিয়ে আজকে যে ছাঁটাই প্রস্তাব এবং রাজ্যপালের ভাষণের যে ছাঁটাই প্রস্তাব গত ৮ই মার্চ করেছেন—ওদেরই কাজ হচ্ছে ছাঁটাই দেওয়ার—ছাঁটাই দিতে দিতে এরপর নিজেরাই ছাঁটাই হয়ে যাবে কিনা সেটাই আমার সন্দেহ। এখন উনি যে তথ্য দিলেন ৮ই মার্চ-এ এই বিধানসভায় সেদিন বলেছিলেন—আমাদের রাজ্যের মোট জনসংখ্যা ২ কোটি ৯৫ লক্ষ ৩ হাজার ২৭৮—তার মধ্যে উপার্জনকারী লোকের সংখ্যা ৩৬.৭৮ পারসেন্ট। আমি আমার তথ্য যেটা দিলাম—ভারতবর্ষে দারিদ্র্যসীমার নীচে বাস করছে তার সংখ্যা হচ্ছে ২৬ কোটি এবং এই তথ্য বলে দিচ্ছে যে, ছাঁটাই প্রস্তাব দেওয়ার ক্ষেত্রে এবং উপার্জনকারীর সংখ্যার দিক থেকে এটা স্বীকার করে নিতে হয় যে, পশ্চিমবঙ্গ অনেক এগিয়ে। এখন স্বাস্থ্যের ক্ষেত্রে জনসংখ্যার যে হিসাবটা দেখিয়েছেন—বিগত ১০ বছরে রাজ্যে জনসংখ্যা বৃদ্ধির হার ১৭ শতাংশ, কিন্তু স্বাস্থ্য খাতে খরচ বৃদ্ধির হার ২২৪ শতাংশ। ২০০১ সালে সারা ভারতে গ্রামীণ মানুষের মৃত্যুর হার প্রতি লাখে ৯১০ জন ; অথচ পশ্চিমবঙ্গে সেই সংখ্যাটা ৭০০। জন্মহার দ্বিগুণ কমেছে এবং মৃত্যু হার দেড় গুণ কমেছে। পশ্চিমবঙ্গের প্রতি হাজারে শিশুমৃত্যুর সংখ্যা ৫১। অথচ ওই সংখ্যা সারা ভারতবর্ষের ক্ষেত্রে ৬৬। পশ্চিমবঙ্গের গ্রামীণ হাসপাতালে রাজ্যের মোট রোগীর ৬২.৪৮% রোগীর চিকিৎসা হয়। এর পরেও কি আমাদের বিরোধী বন্ধুরা বিকল্প আর্থিক নীতিটা বুঝতে পারছেন না ?

স্বনিযুক্তি পরিকল্পনায় 'বাংলা স্বনির্ভর প্রকল্প' চালু করা হয়েছে। বিশেষ করে সমাজের পিছিয়ে পড়া অংশের মেয়েদের এই প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে। অসংগঠিত শ্রমিকদের নিরাপত্তা বিধানের জন্য প্রভিডেন্ট ফান্ড প্রকল্প চালু করা হয়েছে। রিকশাচালক থেকে শুরু করে বিভিন্ন স্তরের অসংগঠিত শ্রমিকরা বিভিন্ন ধরনের সুযোগ-

সুবিধার সুযোগ পাচ্ছেন। অসংগঠিত শ্রমিকরা যাতে মাথা তুলে দাঁড়াতে পারেন তার জন্য বিভিন্ন স্বনির্ভর প্রকল্প চালু হয়েছে। সাথে সাথে পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় ৭৮টি কম্পিউটার পাঠক্রম চালু হয়েছে।

আমাদের বামফ্রন্টের একজন মাননীয় সদস্য, বোধহয় নির্মলবাবু রেশন কার্ডের কথা বললেন। এ রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী ২৫০ লক্ষ মানুষ সমেত মোট ৮১৪ লক্ষ মানুষকে রেশন কার্ডের পরিষেবা দেওয়া হচ্ছে।

আমাদের রাজ্যে বামফ্রন্ট সরকারের এই সমস্ত কার্যকলাপের পাশাপাশি আমরা লক্ষ করছি দিল্লিতে একটা সরকার চলছে—আমাদের রাজ্যে বিগত ২০০০ সালে যে ভয়াবহ বন্যা হয়েছিল সেই বন্যার পরিপ্রেক্ষিতে দিল্লির সরকারের কাছে আমাদের রাজ্যের যে ন্যায্য টাকা পাওনা ছিল তা আমরা তাদের কাছ থেকে পাইনি। অথচ আমরা এখানে লক্ষ্য করছি আমাদের বিরোধী পক্ষের সদস্যরা—সে রাজ্যপালের ভাষণের ওপরই হোক বা অতিরিক্ত ব্যয়বরাদ্দের ওপরই হোক—সমস্ত বিষয়ের আলোচনায় অংশগ্রহণ করে সেই এক ভাঙা রেকর্ড বাজিয়ে চলেন—বামফ্রন্ট সরকার, আর নেই দরকার। ইদানীং তাতে একটা নতুন শব্দ যুক্ত হয়েছে—দেউলিয়া সরকার। ওঁদের ভাষার দেউলিয়া শব্দটা যদি তর্কের স্বার্থে ধরাও হয় তাহলেও তার জন্য কারা দায়ী ? কাদের দোষে এই আর্থিক সংকট ? আমাদের রাজ্যের ন্যায্য পাওনা ১৪২৭ কোটি টাকা কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্য সরকারকে দিলেন না। রাজ্যকে বঞ্চিত করলেন।

দিল্লির ১৪ দলের মিলি-জুলি সরকার পাঁচ বছর আগে বলেছিল বছরে এক কোটি করে বেকারকে কাজ দেবে। ইতিপূর্বে কিছুদিন আগে যিনি রেল সামগ্রী ছিলেন তিনি বলেছিলেন লক্ষ লক্ষ বেকারকে রেলে চাকরি দেবেন। স্বাধীনতার সময় রেলে ২১ লক্ষ মানুষ চাকরি করত। এখন সেই সংখ্যা হ্রাস পেয়ে ১৪ লক্ষ হয়েছে। নতুন চাকরি দূরের কথা যারা চাকরি করতেন তারা চাকরি হারাচ্ছেন।

এই জায়গায় দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার বিকল্প অর্থনীতির কথা বলছেন। সেই বিকল্প অর্থনীতির মধ্যে দিয়ে মাননীয় অর্থমন্ত্রী এখানে এই সাপ্লিমেন্টারি বাজেট পেশ করেছেন।

এখানে দাঁড়িয়ে যাঁরা বলছেন হাসপাতালে রুগিদের চিকিৎসা হচ্ছে না, আমার মনে হয় তাদেরই চিকিৎসা করানোর প্রয়োজন আছে। তাঁদের কারো কারো মাথার স্ক্যান করানো দরকার বলে আমাদের মনে হচ্ছে। এ রাজ্যে গাঁয়ের ৮০ ভাগ মানুষ ফ্রি চিকিৎসা ব্যবস্থার সুযোগ গ্রহণ করছেন। কেরালা ছাড়া ভারতবর্ষের আর কোনো রাজ্যে এই ব্যবস্থা চালু আছে ? বর্তমানে এ রাজ্যে চিকিৎসা ব্যবস্থার যে সার্বিক উন্নতি ঘটেছে তাতে এ রাজ্যে মানুষকে আর চিকিৎসার জন্য ভেলোরে যেতে হচ্ছে না।

স্যার, শিক্ষা নিয়ে বিরোধী বন্ধুরা খুব হইচই করছেন। ১৯৭৬-৭৭ সালে, ওদের রাজত্বকালের শেষ সময়ে এ রাজ্যের শিক্ষা বাজেট কত ছিল ? ১১৪ কোটি টাকা।

বর্তমানে, ২০০২-২০০৩ সালে, বামফ্রন্ট আমলে কত হয়েছে ? ৪২০০ কোটি টাকা। ১৯৭৬-৭৭ সালে প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ছিল ৪০,৯৪১টি ; ২০০২-২০০৩ সালে সেই সংখ্যা হয়েছে ৫২,৪২৬টি। ১৯৭৬-৭৭ সালে এ রাজ্যে ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল ১২টি, ২০০২-২০০৩ সালে সেই সংখ্যা হয়েছে ৫২টি। সুতরাং বিকল্প আর্থিক নীতির ওপর দাঁড়িয়ে এখানে আজকে যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবি পেশ করা হচ্ছে, তার সমালোচনা করে সময় নষ্ট না করে ওঁদের উচিত ছিল সাপ্লিমেন্টারি বাজেটকে সমর্থন করে সরকারের সঙ্গে সহযোগিতা করা। এইভাবে ৪ ঘন্টার বেশি সময় নষ্ট করে লাভ নেই। তাই আপনাদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে এবং মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি বাজেট প্লেস করেছেন তাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4.50 – 5.00 p.m.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় চেয়ারম্যান মহোদয়, পশ্চিমবাংলার অর্থমন্ত্রী ড. দাশগুপ্ত ২০০৩-২০০৪ সালের যে সাপ্লিমেন্টারি গ্র্যান্টস আমাদের কাছে রেখেছেন সেই সম্পর্কে আলোচনা করতে গিয়ে মাননীয় চেয়ারম্যান মহোদয়, তার আগে এবারকার বাজেট যেটা তিনি পেশ করেছেন তার কিছু কিছু অসঙ্গতি বলার চেষ্টা করছি। কারণ, সাপ্লিমেন্টারি গ্র্যান্টস আলোচনা করতে পারি, সমালোচনা করতে পারি, কিন্তু যে টাকা উনি খরচা করে ফেলেছেন তা তো আটকাতে পারবো না, আলটিমেটলি অনুমোদন দিতেই হবে। এখন খরচা কীভাবে করেছেন, অপ্রয়োজনীয় খরচ করেছেন কিনা, সেই ব্যাপারে পরে আসছি। মাননীয় চেয়ারম্যান মহোদয়, এবারের বাজেটে উনি বলেছেন যে, ১৯৯১ সাল থেকে ২০০২ সালের ভিতরে ৭৯৫টি মোট বিনিয়োগ করেছেন যার ২৪ হাজার ৪৩৬ কোটি টাকা অর্থনৈতিক দিক থেকে ইনভল্‌ভমেন্ট এবং সেখানে তিনি নানা শিল্প সম্পর্কে যে সংখ্যাতত্ত্ব দিয়েছেন তা দেখে আমি স্তম্ভিত হয়ে যাচ্ছি। জয়েন্ট সেক্রেটারি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ডি. চক্রবর্তী পশ্চিমবঙ্গের শিল্পের যে তালিকা দিয়েছেন আমি তন্নতন্ন করে খুঁজছিলাম সিমেন্টের যে ৪৬টি কারখানা এই কার্যকালে খোলা হয়েছে যেটা বলা হয়েছে সেগুলি, কোথায় ? খুঁজে দেখলাম ১৬টি সিমেন্ট কারখানা হয়েছে এবং তার মধ্যে কোথাও লগ্নী হয়েছে ১ কোটি টাকা আবার কোথাও লগ্নী হয়েছে .৯২ কোটি টাকা। ওই টাকায় সিমেন্ট কারখানা কতদিন চলবে ভবিষ্যতে তা সন্দেহ আছে। কিন্তু সংখ্যাতত্ত্বের দিক থেকে পাচ্ছি মাত্র ১৬টি সিমেন্ট কারখানা হয়েছে। অথচ মন্ত্রিমহাশয় তার বাজেট বিবৃতির ১৮ পাতায় বলেছেন ৪৬টি সিমেন্ট কারখানার কথা। সূতিবস্ত্র এবং চটশিল্প হয়েছে বললেন ৭০টি। আমি খুঁজে দেখলাম নতুন করে চটের কারখানা তো হয়নিই, সূতিবস্ত্রের কারখানা বন্ধ হয়ে গেছে। তবুও কয়েকটি সূতিবস্ত্রের কারখানা এবং কয়েকটি চটের কারখানায় নতুন করে টাকা লগ্নী করা হয়েছে। কিন্তু সংখ্যার দিক থেকে কোথায় ৭০টি কারখানা নতুন হয়েছে ? আমি যোগ করে করে দেখেও বুঝতে পারছি না। উনি একজন ইকনমিক্সের লোক, মাইক্রো ইকনোমিক্স করেন, ম্যাক্রো ইকনোমিক্স করেন, উনি হয়তো বুঝতে পারবেন। উনি তাঁর বক্তৃতায় আরো বলেছেন, পি.সি. কালচার বা

মৎস্য চাষের ফলে কত লোকের চাকরি হবে সেটা উনি ঠিক করে ফেলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি সেই সংখ্যাটা বিচার করে দেখুন। মৎস্য চাষের উৎপাদন বৃদ্ধির ফলে প্রতিটি ক্ষেত্রে যে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা আছে তা একত্রিত করলে ৭০ হাজার ৩৯২ জন চাকরি পাবে। ৭০ হাজার ৩৯১ জন নয়, কিংবা ৭০ হাজার ৩৯৩ জন নয়, একেবারে গুনে গুনে উনি দেখেছেন ৭০ হাজার ৩৯২ জন কাজ পাবে অর্থাৎ ওনার ব্যবস্থাপনায় নতুন করে কর্মসংস্থান করে দেবেন কতজন লোককে ? ৭০ হাজার ৩৯২ জন লোককে। এমনিভাবে প্রত্যেকটি ক্ষেত্রে দেখছি উনি তার বাজেটে যেভাবে সংখ্যাতত্ত্ব আউড়েছেন তার যৌক্তিকতা নিয়ে নিজের সন্দেহ আছে। গতকাল আমি কীভাবে খাদ্যশস্য উৎপাদনের গরমিল তা চোখে আঙুল দিয়ে দেখাবার চেষ্টা করেছি আর সাপ্লিমেন্টারি গ্র্যান্টস ইতিমধ্যেই খরচ হয়ে গেছে। উনি কি কারণে খরচ করলেন তা ১/২ লাইনে এক্সপ্ল্যানেটরী মেমোরান্ডামে বলবার চেষ্টা করেছেন। আমি জানতে চাইছি, সরকার বিজ্ঞাপনের জন্য ১.৮৮ কোটি টাকা অতিরিক্ত ব্যয় করার জন্য যে ব্যয়বরাদ্দের দাবি করেছিলেন এবং যে বাজেটের অনুমতি এই হাউস থেকে দিয়েছিলেন তার পরেও ২ কোটি টাকা ঢক্কানিনাদ করে কেন খরচ করলেন এই সরকার, এই সাকসেস বা সাফল্য পশ্চিমবাংলার মানুষ প্রতিনিয়ত বুঝতে পারছেন। আলুচাষীরা আলু চাষ করেছে, আলু বিক্রি করতে পারছে না, আত্মহত্যা করছে। চায়ের কারখানা বন্ধ হয়ে গেছে, চা-শ্রমিকরা বেকার হয়ে পড়েছে। সরকারের সেদিকে নজর নেই।

স্যার, কৃষিমন্ত্রী বলছেন যে প্রায় ৫০০ চা-বাগানের শ্রমিক আত্মহত্যা করেছে। মুখ্যমন্ত্রী বলছেন যে একজনও আত্মহত্যা করেনি। তাহলে দুজনের যে কোনো একজন অসত্য কথা বলছেন। তাহলে যিনি মিথ্যা কথা বলেছেন তাঁর পদে থাকার অধিকার নেই। কৃষিমন্ত্রী যদি মিথ্যা বলে থাকেন তাহলে মুখ্যমন্ত্রী তাঁকে বলুক আপনি অসত্য কথা বলেছেন, আপনার মন্ত্রিসভায় থাকার অধিকার নেই। আর যদি মুখ্যমন্ত্রী মিথ্যা কথা বলে থাকেন তাহলে কৃষিমন্ত্রী বলুন যে আপনি অসত্য কথা বলেছেন, আপনার এই দপ্তর দেখা উচিত নয়। তাঁর এই সমস্ত ব্যর্থতা ঢাকবার জন্য প্রচার বাবদ বাড়তি খরচ করতে হয়েছে ১.৮৮ কোটি টাকা। একদিকে অতিরিক্ত বরাদ্দ করতে হচ্ছে, অন্যদিকে কি হচ্ছে দেখুন। মাননীয় অর্থমন্ত্রী জানেন যে মেটাল বক্স বন্ধ হয়ে গেছে, মেটাল বক্সের মালিক সাটার ডাউন করে দিয়ে চলে গেছে। এই মেটাল বক্সের কাছে সরকারের পাওনা হচ্ছে ৭০ কোটি টাকা। মেটাল বক্সের মালিক সেলস ট্যাক্স ফাঁকি দিয়েছে ৭০ কোটি টাকা। সরকারের কোনো খেয়াল নেই, হুঁশ নেই। আমরা খোঁজ করে কাগজ বার করে মাননীয় অর্থমন্ত্রীর কাছে দিই। সেল্স ট্যাক্স কমিশনারের জারি করা একটা বিজ্ঞপ্তি দিয়ে বলি দেখুন ৭০ কোটি টাকা দেয়নি। সরকারী অফিসাররা জানেন যে ৭০ কোটি টাকা মেটাল বক্সের মালিক পাওনা রেখে না দিয়ে চলে গেছে। অথচ কোটি কোটি টাকার সম্পত্তি কলকাতায় আছে, মালিক আসে, একটার পর একটা সম্পত্তি বিক্রি করে আর চলে যায়। জয়ললিতার আমরা সমালোচনা করি, তাঁর সম্পর্কে নানা আলোচনা করি। ম্যাড্রাসে মেটাল বক্স কারখানা বন্ধ করে দেয়। জয়ললিতা কিন্তু শ্রমিকদের প্রাপ্য টাকা পাওনা টাকা মালিকের কাছ থেকে আদায় করে দিয়েছে। মেটাল বক্স কারখানার সমস্ত সম্পত্তি

চেন্নাই হাইকোর্টকে দিয়ে হস্তান্তর বন্ধ করে দিয়েছিল। তারপর সেইগুলো নিলামে ডেকে যে টাকা পাওয়া গিয়েছে তার থেকে শ্রমিকদের যে টাকা পাওনা ছিল সরকারের যে টাকা পাওনা ছিল সব মিটিয়ে দিয়ে বাকি টাকা মালিকের হাতে তুলে দিয়েছে। অথচ এই সরকারের ৭০ কোটি টাকা পাওনা, কোনো হুঁশ নেই। স্যার, আমি নিজে গিয়ে বলে এসেছি। বারে বারে বলার পর সেখানে গিয়েছেন এবং সাজানো বাগানে ঘুরে এসেছেন। এই কেসে এমন একজন উকিলকে দাঁড় করিয়ে দেওয়া হয়েছে যে সে বিচারপতির কাছে দাঁড়িয়ে শুধু হাই তুলে বাড়ি গিয়েছে। সেখানে কোনো কনটেস্ট হয়নি, কমপিট করা হয়নি। সেই জন্য মালিক ওয়াকওভার পেয়ে গিয়েছে। মালিক যে চলে গিয়েছে সরকার জানে না। বিরোধী পক্ষ থেকে আমরা সরকারকে সাহায্য করবার জন্য মালিক যে ৭০ কোটি টাকা ফাঁকি দিয়ে চলে গিয়েছে সেই ব্যাপারে সমস্ত কাগজ নিয়ে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমি ব্যক্তিগতভাবে দেবার পর সরকার নড়েচড়ে বসল। তারপর ঘুমন্ত একজন উকিলকে দাঁড় করিয়ে দেওয়া হয়েছে, সে হাই তুলতে তুলতে মালিক জিতে চলে গিয়েছে। এই ৭০ কোটি টাকার প্রয়োজন বোধ করলেন না। এই ৭০ কোটি টাকা যদি রিয়ালাইজ করতে পারতেন তাহলে বাজেটের চেহারাটা সুষ্ঠু হতো। অথচ যখনই কিছু করার কথা বলা হয় তখনই বলে টাকা নেই। মন্ত্রীরা এখানে বসে থাকেন আর তর্কের সময় সরকার পক্ষের হয়ে কথা বলেন। যখনই মন্ত্রীদের চেম্বারে গিয়ে বলি এটা করুন ওটা করুন। তখন ওনারা বলেন, কি করবো, টাকা নেই। আমাদের বলেন, আপনারা একটু চিৎকার করুন না টাকা দেবার জন্য। বলে আমার খাতে টাকা নেই, আমাদের টাকা দিচ্ছে না, কি করে খরচ করবো ? অথচ দেখি মাননীয় অধ্যক্ষ মহাশয়, চর্মনগরী তৈরি করবার জন্য নামী এক শিল্পপতিকে যে ২ লক্ষ টাকা ক্যাপিটাল নিয়ে বিজনেস শুরু করেছে, প্রোমোট করতে শুরু করেছে তাকে দায়িত্ব দিলেন। তার বি.ও.টি. তৈরি করার কথা। নতুন চর্মনগরী বানতলায় সেখানে তিনি অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট করলেন না। সুপ্রীম কোর্ট বলছে এখানে অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট করতে হবে। যার জন্য ছোট ব্যবসায়ীরা যেতে পারছে না। এবারে সরকার তার জন্য সাপ্লিমেন্টারি যে গ্র্যান্ট তাতে দেখতে পাচ্ছি ১৫ কোটি টাকা খরচ করে সেখানটায় অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট করতে বাধ্য হলো। কেননা সুপ্রীম কোর্ট চাপ দিচ্ছে। এই যে শিল্পপতিকে চর্মনগরী করতে দেওয়া হলো, সে কয়েকশো কোটি লুঠ করে চলে গেল। তিনি হলেন ভারতীয় ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান হয়ে আছেন, যিনি সি পি এম দলের সমর্থক। তাকে কয়েকশো কোটি টাকা লুঠ করতে সুযোগ করে দেওয়া হলো। তাকে ৩২৫ টাকা কাঠা দরে সরকারের অধিগৃহীত জমি দেওয়া হলো। সে সেই জমি তিন লক্ষ, সাড়ে তিন লক্ষ কাঠা দরে জমি বিক্রি করে দিচ্ছে। ৩২৫ টাকা দরে গরীব চাষীদের থেকে জমি অধিগ্রহণ করা হলো আর সে তিন লক্ষ, সাড়ে তিন লক্ষ টাকা কাঠা দরে জমি বিক্রি করলেন।

[5.00—5.10 p.m.]

তারপর অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্টের জন্য তাঁর কোনো মাথাব্যথা নেই। তার কোনো কমিটমেন্ট নেই। সে যে করল না, তার কোনো পানিশমেন্ট নেই। তার কোনো

বিচার হলো না। সরকারকে তার জন্য অতিরিক্ত ১৫ কোটি টাকা খরচ করতে হলো। এখানে বললেন, খরচ করে ফেলেছি। আপনারা অনুমোদন দিন। আজকে নন-প্ল্যানে যে টাকা খরচ করেছেন তার বেশির ভাগ অংশ ঋণ শোধের জন্য। ৫ হাজার ২১১ কোটি ৮ লক্ষ ২৫ হাজার টাকার যে গ্র্যান্ড টোটাল, যেটা খরচ করেছেন, তাতে পাবলিক ডেট আর লোন এক্সপেন্ডিচারের জন্য ৪,৪৩৩ কোটি ৬৪ লক্ষ ৩৬ হাজার টাকা অতিরিক্ত খরচ করেছেন। এখানে মাননীয় সদস্যরা বলছিলেন, আমি শুনলাম। বিরোধী পক্ষকে তুলোধোনা করলেন। ভাল। তাতে যদি রাজ্যের উন্নয়ন হয়, তাহলে আমাদের বাপান্ত করুন। যদি শিক্ষা, বিদ্যুৎ এবং স্বাস্থ্যের তাতে উন্নতি হয়, তাহলে আমাদের বাপান্ত করুন। মাননীয় অর্থমন্ত্রীর যদি তাতে অর্থের জোয়ার আসে পশ্চিমবাংলায়, তাহলে তা করুন। কিন্তু আপনি বলুন তো, ৫২১১ কোটি ৮ লক্ষ ২৫ হাজার টাকার মধ্যে ৪,৪৩৩ কোটি টাকা, অর্থাৎ প্রায় ৭০ পার্সেন্টএই অতিরিক্ত খরচের জন্য আপনাকে দিতে হলো, লোন এক্সপেন্ডিচারে ৮৫ পার্সেন্ট দিতে হলো, যে টাকাটা ধার করেছেন, আপনি বছরের পর বছর ধরে জিরো ডেফিসিট বাজেট করেছেন, আপনার সংসারটা কি করে চলেছে ? আপনার সংসার চলেছে কেন্দ্রীয় সরকারের অনুদান আর বৈদেশিক লোন নিয়ে। বিদেশ থেকে এক লক্ষ কোটি টাকা লোন করেছেন। আজকে ১৭ই মার্চ পশ্চিমবাংলায় যে শিশু জন্মালো, সে বারো হাজার টাকার ঋণ মাথায় নিয়ে জন্মালো। আর আপনি বহাল তবিয়েতে লোন করে যাচ্ছেন। কিসের টাকা, কার টাকা ? হয় কেন্দ্রীয় সরকারের অনুদান, আর না হয় বিদেশি রাষ্ট্রের কাছ থেকে টাকা নিয়ে এসেছেন। তার কোনো হিসাব নেই। শুধুমাত্র আপনার অপদার্থতার জন্য, আপনার মিস ম্যানেজমেন্টের জন্য রাজ্যের অর্থনীতি ভেঙে পড়েছে, পঙ্গু হয়ে যাচ্ছে, ন্যুব্জ হয়ে যাচ্ছে। আর আপনি শাক দিয়ে মাছ ঢাকবার চেষ্টা করছেন। গত বছর জুলাই মাসে আমরা ডিবেটের পর বাজেট অনুমোদন করেছি। সেপ্টেম্বর মাসে আপনি বললেন দেউলিয়া হয়ে গেছে। আপনি নতুন করে ট্যাক্স বসালেন। তাহলে এই বাজেটের মানে কি ? এই বাজেট বইতে দফায় দফায় আপনি যে ভাষণ আজকে দিলেন, কালকে তা টপসি টার্ভি হয়ে যাবে। দু-মাস বাদে আপনি বলবেন সরকার দেউলিয়া হয়ে গেছে। আপনি পেট্রোল, ডিজেলের ওপর সেস বসালেন, বললেন পরিবহণের উন্নতি করবেন। আজকে পরিবহণের এমন উন্নতি হয়েছে যে, পরিবহণমন্ত্রী বলেছেন ট্রাম, বাস তুলে দেবেন, কোনো বাস থাকবে না। আর মুখ্যমন্ত্রী বাস-ট্রাম নয়, স্বপ্ন দেখছেন কখনো মনো রেলে উড়ে যাচ্ছেন, কখনো স্বপ্ন দেখছেন, বলছেন, মনো রেলের চাইতে আরও ভাল কিছু নিয়ে আসবেন। পা-টা মাটিতে থাকা উচিত। আমি মাননীয় অর্থমন্ত্রী আপনাকে প্রশ্ন করি, আপনি যে টাকা খরচ করেছেন, বি.এফ.আই.ডি.-র কাছ থেকে টাকা নিচ্ছেন, লজ্জা করছে না ? প্রাথমিক থেকে ইংরেজি তুলে দিলেন, পুনরায় তা চালু করলেন। আবার বলছেন, প্রাইমারী টিচারদের ইংরেজি পড়াবার ট্রেনিং দেবেন ব্রিটিশ কনসোলেটের মাধ্যমে। ব্রিটিশ টিচাররা এসে প্রাথমিক শিক্ষকদের ট্রেনিং দিয়ে যাবে। ইংরেজি শিক্ষা দেওয়ার জন্য ব্রিটেন থেকে শিক্ষক আসবেন, তাঁরা ইংরেজি শিক্ষা দেবেন। আমরা কি প্রাইমারি স্কুলে শিক্ষা পাইনি ? মাননীয় ডেপুটি

স্পীকার, আপনিও কি পড়েননি ? আপনাকে কি ব্রিটিশ শিক্ষকের কাছে পড়তে হয়েছে ? আজকে সারা রাজ্যটাকে বন্ধক দিয়ে নিরুপমবাবু বলছেন, আমরা কারখানাগুলোকে চালাতে পারছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১ কোটি ১৫ লক্ষ টাকা নিয়ে নিলেন কিসের জন্য—রুরাল ডেভেলপমেন্টের জন্য নিয়ে নিলেন। অথচ সেই টাকা নন-প্ল্যান খাতে খরচ করেছেন। এইভাবে প্রত্যেকটি ক্ষেত্রে যে উদ্বৃত্ত টাকা খরচ করেছেন ওই টাকা যদি প্ল্যান খাতে খরচ করতেন তাহলে আমি বুঝতে পারি হতে পারে। আপনারা প্ল্যানের পরিমাণ বাড়িয়েছেন। প্ল্যানের যে আয়তন ছিল তার থেকে আরো আয়তন বাড়িয়েছেন কিন্তু সব প্ল্যানের টাকা নন-প্ল্যান খাতে চলে গেছে। দিনের পর দিন মাসের পর মাস পশ্চিমবঙ্গের একজন অর্থমন্ত্রী পশ্চিমবাংলার অর্থনীতিকে নিয়ে ছেলেখেলা করবেন আর তার অপদার্থতার জন্য পশ্চিমবঙ্গ সার্বিকভাবে অর্থনীতির দিক থেকে দিনের পর দিন পিছু হটতে হটতে অন্ধকারের মুখ গহ্বরে ঢুকে যাবে। আমি তাই আপনাকে বলি আজকে আমাদের যদি ক্ষমতা থাকত তাহলে আমরা এই গ্র্যান্ট বন্ধ করে দিতাম, কিন্তু তা নিয়ম তো নয়, তাই গণতান্ত্রিক নিয়মে, সাংবিধানিক নিয়মে, সংসদীয় নিয়মে আমরা চাই বা না চাই, ওঁর অপদার্থতা আকাশচুম্বী হলেও আমরা নীরব দর্শক থেকে আজকে ওঁনার এই গ্র্যান্ট নিয়ে এখানে আলোচনার পরে, তর্কের পরে এটাকে অ্যাপ্রুভ করে নেবেন। এবং এটাই আমাদের দুঃখের, আমি তাই বলি মাননীয় অর্থমন্ত্রী আপনার অবস্থান আকাশচুম্বী, আপনার ব্যর্থতায় পশ্চিমবঙ্গের ৮ কোটি মানুষ পিছিয়ে আছে। আপনার অবস্থানের ফলে পশ্চিমবাংলার ভবিষ্যৎ এগিয়ে যাবার পথ হারিয়ে ফেলেছে। তাই অতি দুঃখের সাথে বলি হয় আপনি শুধরে নিন, আমি আবার বলি আপনাদের তো ডেমোক্রেসি চলে নিউমেরিক্যাল ভ্যালুর ডেমোক্রেসি। আপনাদের সংখ্যাধিক্যে যা খুশি করে দিচ্ছেন। আমরা যদি বলি ওটা অন্যায়, আপনারা বলবেন হাত তুলুন এবং যেহেতু আপনাদের হাতের সংখ্যা বেশি সেই জন্য অন্যায়টা ন্যায় হয়ে যাচ্ছে। তাই আমি আবার বলি এইভাবে আপনি বছরের পর বছর সরকারের বাজেটের বিবৃতির পরেও যেভাবে সাপ্লিমেন্টারি গ্র্যান্টের মধ্যে কোটি কোটি টাকা নিয়ে নয়-ছয় করছেন তার আমি তীব্র বিরোধিতা করছি। এবং আপনার সামগ্রিক প্রস্তাবনাও পশ্চিমবাংলার ভবিষ্যৎ বংশধরদের কাছে আতঙ্কজনক এবং আপনাকে আবার প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

**ড. অসীম কুমার দাশগুপ্ত** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২০০৩-০৪-এর আর্থিক বছরের অতিরিক্ত ব্যয়বরাদ্দকে সমর্থন করে এবং যে ছাঁটাই প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে বিরোধী দলের মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন আমি তার জবাব দেব। প্রতি বছর কেন্দ্র এবং রাজ্যের প্রতিটি সরকারকেই অতিরিক্ত ব্যয়বরাদ্দের প্রস্তাব আনতে হয় এই কারণে যে, যখন মূল বাজেটটি প্রস্তাবিত হয় তারপরে আর্থিক বছরে যদি কোনো কিছু ঘটে থাকে যেটা আগের থেকে বোঝা যায়নি তার জন্য বা অন্য কোনো কারণে ব্যাখ্যা দিতে হয় এবং সেখানে মূল ক্ষেত্রগুলিতে দেয় অর্থের দিক থেকে পরিমাণ ধরে ধরে। এবং তারপরে একটা প্রস্তাব সৌগতবাবু রেখেছিলেন, তা উনি তো চলে গেছেন,

তবুও আমি এটা জানিয়ে দেব যে মোট বাজেটের এটা কত শতাংশ এবং কিভাবে তার বছরের পর বছর কোনদিকে যাচ্ছে। সর্বশেষে অন্য বিষয়ে, আজকের বিষয়ের সঙ্গে যুক্ত না হলেও অন্য বিষয়ে একটি তথ্য নিয়ে শ্রী পঙ্কজ ব্যানার্জী মহাশয় তুলেছেন। তিনি বলেছেন মোট অতিরিক্ত যে ব্যয়বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে তা হল প্রায় ৫ হাজার ২১১ কোটি টাকা। আমি শূন্য দশমিক আট এইগুলো বাদ দিয়েই বলছি। এর মধ্যে চার্জ আইটেম হিসাবে আছে ৩ হাজার ৫৫৫ কোটি টাকা এবং ভোটেট আইটেম হিসাবে ১ হাজার ৬৫৬ কোটি টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যদিও বিধানসভায় আলোচনা শুধু ভোটেড আইটেমগুলোতেই করা যায়। কিন্তু এই চার্জ আইটেম এত বেশি এবং যেহেতু মাননীয় সদস্য বলেছেন সেটা ঋণ সংক্রান্ত বলে এবং সেই জন্য আমি বলছি, আপনি যদি মনে করেন পরে কার্য বিবরণীর থেকে বাদ দিতে চান, আপনি দিতে পারেন। কিন্তু ব্যাখ্যাটা দেওয়া দরকার। ৩ হাজার ৫৫৫ কোটি টাকার এই যে ঋণের অংশ—এটা কি বলা দরকার। এটা ভারত সরকারের একটা ডেব্‌ট সোয়াব স্কীম। প্রত্যেকটি রাজ্যের জন্য ভারত সরকার লাগু করেছে গত বছর থেকে এই ঋণ রূপায়ণ প্রকল্প। গত বছরই আমরা বলেছিলাম এতে আমাদের ক্ষতি হচ্ছে, কারণ এতে ওঁরা বলেছিলেন যে রাজ্য সরকারকে তারা একটা অর্থ দেবেন যাতে ওঁরা ওঁদের হাই কস্ট ঋণ যেটা ফেরত দেবেন এবং তার প্রতিদানে রাজ্য সরকারের স্বল্প সঞ্চয় থেকে প্রাপ্য একটা অংশ কাটা হবে, গত বছরে ছিল ২০ শতাংশ, এই বছরে সেটা ৩০ শতাংশ। এই বাবদ কেন্দ্রীয় সরকার প্রত্যেক রাজ্য সরকারের বাজেট থেকেই ঋণ নিজেই নিয়ে নেয় এবং সেই ঋণের অর্থাংশ এই বছরে ৩ হাজার ৫৫৫ কোটি টাকা। এটা আমাদের খাতে ঢুকলেও কেন্দ্রীয় সরকারের খাতে চলে গেল। এটা কিন্তু গত বছর ছিল না, তাই ধরেই নিয়েছিলাম মুক্তি পেয়েছি।

[5.10—5.20 p.m.]

তাই এই বাজেট করার সময় ছিল না। কিন্তু এটা যেহেতু প্রবেশ করলো তাই রিসিপ্টে ঢুকে গেল, চলে গেল এক্সপেন্ডিচারে। তাই হিসেবটা রাখতে হল। কিন্তু এটা আমাদের ক্ষতি হচ্ছে। এই কারণে আমি এটা বলেছি। আমাদের স্বল্প সঞ্চয় থেকে দিতে হচ্ছে ২৮৩১ কোটি টাকা। আমাদের সুদ বাবদ বেঁচেছে ৩০০ কোটি টাকা। আমাদের ২৬৩৬ কোটি টাকা ক্ষতি হচ্ছিল, কিন্তু এখনও বলা ভাল, আমি বলেছি, কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করার পর আংশিকভাবে এই কিছুটা আমরা ফেরত পেয়েছি ৬০০ কোটি টাকার মতো ; এই হল, ৩৫৫৫ কোটি টাকা। এটা যদি কোনো রকম কেউ বাদও দিয়ে দেয় তাহলে কিন্তু আমাদের মোট ঘাটতি অংশ ৪.৫ শতাংশয় আসে। কিন্তু এটা দেখাতে হল এই কারণে। এবারে মূল আলোচনায় আসছি। সবচেয়ে বড় অর্থাঙ্কটা কি। ৮৫৬ কোটি টাকা। এটা হচ্ছে, রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের ক্ষেত্রে তার ঋণের ভারটা কমাবার জন্য, আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করি। ওদের যে ঋণগুলি কেন্দ্রীয় সংস্থাগুলিকে দেয় আছে, মূলত এন টি পি সি সেই ঋণগুলি আমরা রাজ্য সরকার ওদের কাছ থেকে নিয়ে নিচ্ছি। নিয়ে সমপরিমাণ বন্ড আমরা বাজারে ছাড়ছি

আলোচনার ভিত্তিতে। সেই বস্তগুলি এন টি পি সি কিনেছেন, কেনার পরে আমরা টাকা পেয়েছি। সেই টাকার অর্থাঙ্কটা হচ্ছে ৮৫৬ কোটি টাকা। কিন্তু এই অর্থটা আমাদের সঙ্গে সঙ্গে দিতে হচ্ছে রাজ্য বিদ্যুৎ পর্ষদকে। সেটা রাজ্য বিদ্যুৎ পর্ষদ পায়, সেটা আবার ওরা এন টি পি সি-কে ফেরত দিয়ে দিচ্ছে। এই হচ্ছে, গোটা হিসেবটা যেভাবে গিয়েছে। কিন্তু রাজ্যয় প্রবেশ করলেও ওখানে তফাত হল। এটা কিন্তু খুব গুরুত্বপূর্ণ ব্যয়, যাতে ওদের ঋণ ভারটা কমে গেল। বস্তুত ওদের এই প্রথম, এটা অন্য ৪/৫টা রাজ্য করেছে। একটা রাজ্য নয়। এটা মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে বলে রাখি এটা সারা দেশের ক্ষেত্রে করা হয়েছে। এতে লাভ হয়েছে এস ই বি প্রথম তার অপারেটিং প্রফিট দেখাতে শুরু করেছে। ভর্তুকিটা আমাদের ডাইরেক্ট দিতে হয়নি। বস্তুত ওই ঋণ পরিকল্পনা-বহির্ভূত রাজস্ব ব্যয় কমে গিয়েছে। এর পরে সবচেয়ে বড় অর্থাঙ্কটা হচ্ছে বক্রেশ্বর থার্মাল প্রোজেক্টের ক্ষেত্রে ওদের যেটা ঋণ হিসাবে আমরা দিয়েছিলাম তার ৩০ শতাংশ আমরা ইক্যুইটিতে কনভার্ট করবো বলে ঠিক করেছি, একইভাবে এরা একটু লাভজনক হোক—১৩৬ কোটি টাকা—এরপরে এই দুটো মিলিয়ে ওরা কিন্তু আগের থেকে সত্যিই একটা ভাল জায়গায় গিয়েছে। তৃতীয়ত, বিষয়টা হচ্ছে, একাদশ অর্থ কমিশন এতদিন যে অর্থ পঞ্চায়েতকে গ্র্যান্ট হিসাবে দিয়েছিলেন, কেন্দ্রীয় অর্থ মন্ত্রক সেইগুলিকে প্ল্যান এক্সপেন্ডিচার বলছিলেন ; এই বছরে ওরা প্রথম বললেন অর্থ কমিশনের অর্থ প্ল্যান এক্সপেন্ডিচার না বলে ওইটাকে নন-প্ল্যান হিসাবে দেখাতে হবে। তাই আমরা এটাকে নন-প্ল্যানে বুক করলাম। তাই এটা নূতন বুকিং হল বলে অ্যাডিশনাল এক্সপেন্ডিচার হিসাবে গেল। প্ল্যানে এটা কমল। এই যে বললেন প্ল্যানে কমিয়ে, ওখানে বাড়ল কেন, সেটা এই কারণে, এই নীতিটা ওরা বদলাতে বললেন, তাই সেই অর্থাঙ্কটা ১১৫ কোটি টাকা। এইগুলি বড় অর্থাঙ্ক। চতুর্থ বিষয়টা হচ্ছে কলকাতা পৌর নিগম এবং হাওড়া পৌর নিগম এদের ক্ষেত্রে এদের সি ই এস সি-কে যে বিদ্যুৎ বাবদ টাকা দেওয়ার কথা সেই টাকাটা ওরা দিতে পারছিলেন না। তাই সি ই এস সি তাদের যে ইলেকট্রিসিটি ডিউটি সেটা আমাদের না দিয়ে ওইটা অ্যাডজাস্ট করেছিলেন, আমাদের মনে হয়েছিল, এটা ঠিক হচ্ছে না। তাই আমরা ২০০৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত যা ধরা ছিল, সেটা আমরা অ্যাডজাস্ট করে দিয়েছি। তার পর থেকে যেহেতু আমাদের ১২২টি পৌরসভা আর সকলেই দিচ্ছে, ছোট পৌরসভাও দিচ্ছে, সি ই এস সি-কে বা এস ই বি-কে হাওড়া এবং কলকাতার উভয়েরই দেওয়া উচিত বলে আমরা মনে করেছি, এর মধ্যে কোনো রাজনীতি নেই, দেওয়ার সময় যে বকেয়া ছিল ওই সময় পর্যন্ত ১০৮ কোটি টাকা এটা আমাদের অতিরিক্ত খরচ হিসাবে আসছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে আমি খুব গুরুত্ব দিয়ে বলছি, (ভয়েস : সি ই এস সি-র থেকে যে টাকা আপনি পান, সেটা কি হল ?) আমি বলেছি, সবটা পাইনি। সি এম সি এবং ওদের কাছে চিঠি গিয়েছে, টাকা দিতে হবে। সি এম সি-ও তাদের পুরোটা দেয়নি। আপনি তো দলের নেতা, একটু বলবেন তো দিতে। (ভয়েস : এইচ এম সি-র কোনো বকেয়া নেই ?) এইচ এম সি সমস্ত দিয়ে দিয়েছে। ওদের কোনো বকেয়া নেই। আমরা সি ই এস সি-কে চিঠি দিয়েছি, টাকা না দিলে এদের এগেনস্টে যে পদক্ষেপ নেওয়ার সেটা আমরা নেবো, ওরা দিতে শুরু করেছেন।

এর পরের পদক্ষেপ হচ্ছে এস জি আর ওয়াই। এটা আপনারা ঠিক মতো পড়েননি। কেন্দ্রীয় প্রকল্পের ক্ষেত্রে এস জি আর ওয়াই-তে ৭৫ শতাংশ কেন্দ্রীয় সরকার দেন আর ২৫ শতাংশ আমরা দিই। যখন আমরা বাজেট প্রস্তাব রাখি তখন কেন্দ্রীয় সরকার কতটা দেবেন ওইটা ওরা আমাদের জানাতে পারেননি। খাতে বৃদ্ধি পেয়েছে, আমাদের যে ২৫ শতাংশ দেয় আমরা আনলাম গ্রামোন্নয়নে। এটা মাইনে-টাইনের সঙ্গে যুক্ত নয়, এটা একটু খুঁটিয়ে পড়লেস দেখতে পাবেন। এরপরে একটা গুরুত্বপূর্ণ প্রকল্প পানীয় জল প্রকল্প, এটা পঞ্চাশ শতাংশ কেন্দ্রীয় সরকার দেন, আর রাজ্য সরকার পঞ্চাশ শতাংশ দেন। এর বরাদ্দ বৃদ্ধি পেয়েছে, আর আমাদের বরাদ্দও বৃদ্ধি পেয়েছে ৪১ কোটি টাকাতে। নিউট্রিশনাল প্রোগ্রাম—আমি মনে করি এই প্রোগ্রামটা ভালো, এই প্রোগ্রামের ক্ষেত্রে, আই সি ডি এস এবং অন্যান্য ক্ষেত্রে ওদের অংশটা বৃদ্ধি পেয়েছে, ঠিক আমাদেরটাও বৃদ্ধি করতে হয়েছে। আরেকটা ভালো প্রকল্প হচ্ছে রাষ্ট্রীয় শ্রম বিকাশ যোজনা। কেন্দ্রীয় স্তর থেকে প্রকল্পটি ঘোষণা করা হয়নি, বছরের মাঝামাঝি থেকে প্রকল্পটি ঘোষণা করা হয়েছে। এটা হচ্ছে সর্বস্তরে প্রোডাকটিভিটি বাড়ানো, এগ্রিকালচারাল সমেত। আমরা মোট উৎপাদনের কথা বলেছি, প্রোডাকটিভিটির কথা কখনো বলিনি। এই প্রকল্পটা বছরের মাঝে এসেছে বলে তার জন্য আমাদের অর্থটা আনতে হয়েছে, ঠিক তাই। আপনারা একটা প্রশ্ন রেখেছেন ডি.এফ.আই.ডি অ্যাসিসটেন্সের উপরে। বলেছেন কেন্দ্রীয় সরকারের নীতির সঙ্গে তফাতটা কোথায় ? মাননীয় সদস্যদের আমি আরেকবার বলছি, আমার বাজেট বিবৃতিতেও আমি পরিষ্কার বলেছি, কেন্দ্রীয় সরকার তার সমস্ত সংস্থা লাভজনক, লাভজনক নয়, সেখানে বিলগ্নিকরণ করছেন, বাজেট বরাদ্দ কমাচ্ছেন অথবা বন্ধ করছেন। আমাদের সঙ্গে তফাতটা হচ্ছে, আমাদের যেগুলো লাভজনক সংস্থা তার একটাও আমরা বন্ধ করব না। ২৩টি সংস্থার যে তথ্য আছে, তার মধ্যে পাঁচটি সংস্থা হচ্ছে পি.ই. ডিপার্টমেন্ট—পাবলিক এন্টারপ্রাইজ ডিপার্টমেন্টের অধীন—ম্যাকিনটোশ বার্ন, ইলেকট্রো মেডিকেল, সরস্বতী প্রেস, স্টেট ওয়্যারহাউজিং কর্পোরেশন এবং ইস্টার্ন ডিস্টিলারি। এইগুলোর কোনোটাতেই বিলগ্নিকরণ করা হবে না। এরপরে আরও চারটি সংস্থা সেগুলো কিন্তু লাভজনক নয়, দুর্গাপুর কেমিকেলস, স্যাকস্‌বি ফার্মারস, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং এবং গ্লুকোনেট ইন্ডিয়া, এরা কিন্তু ক্ষতিতে চলছে, কিন্তু এদের সম্ভাবনা আছে, তাই এখানেও বিলগ্নিকরণ করা হবে না। বাকি যে দশটি আছে সেখানে বিলগ্নিকরণ করা হচ্ছে, এর জন্য অতিরিক্ত খরচটা লাগবে। আর দুটি সংস্থা বন্ধ করে দেওয়া হয়েছে, কিন্তু তার মালিকানা সরকার রেখে দিয়েছে, সেখানে বিকল্প শিল্প সরকার করবে বলে। এই যে ৭৪ কোটি টাকা, তার মধ্যে ৮৫ শতাংশ ডি.এফ.আই.ডি-র, আর বাকি ১৫ শতাংশ রাজ্য সরকারের, এটা এখানে রাখা হল।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে সুন্দরবন ডেভেলপমেন্টের জন্য ধরা হয়েছিল ওরিজিনাল বাজেটে ৫ কোটি টাকা। এটা বৃদ্ধি করতে হয়েছে, এটা প্রয়োজন আছে। আপনারা বলেছেন ১৪ কোটি টাকা বৃদ্ধি করতে হয়েছে। 'বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প' এখানে প্রথমে ১০ কোটি টাকা ধরা হয়েছিল, কিন্তু এই প্রকল্পটির রূপায়ণ ভালো

করেই শুরু হয়, তাই ২২ কোটি টাকা বরাদ্দ করতে হয়েছে। সৌগতবাবু জানতে চেয়েছেন এর থেকে উপকৃতর সংখ্যা কি ? ১১,৪৪২। এর পরে বন্ধ কলকারখানার শ্রমিকদের যে পাঁচশো টাকা করে দেওয়া হয়, তার জন্য যে বরাদ্দ ছিল তার থেকে অতিরিক্ত ১৩ কোটি টাকা আমাদের বাড়াতে হয়েছে। বাড়াতে হয়েছে প্রভিডেন্ট ফান্ড প্রকল্পের ক্ষেত্রে যে অতিরিক্ত টাকার প্রয়োজন, সেই জন্য। লেদার কমপ্লেক্স নিয়ে আপনারা প্রশ্ন তুলেছেন। লেদার কমপ্লেক্সের চারটি ট্রিটমেন্ট প্ল্যান্টের কথা এখানে বলা হয়েছে। এক এবং দুই, তার ক্ষেত্রে সুপ্রীম কোর্টের নির্দেশ অনুযায়ী আমরা খরচ করেছি ডবলু.বি.আই.ডিএফ.সি থেকে ঋণ নিয়ে এবং সেই ঋণের সুদ আমাদের দিতে হচ্ছে। বাকি তিন এবং চার, সে সংস্থার নাম করা হয়েছে তাদেরই করতে হবে, ওই ডালমিয়া গ্রুপ পালাতে পারবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পরে ক্লোজড্ অ্যান্ড সিক ইউনিটস—তাদের সেল্‌স ট্যাক্স ডিউ থাকলে, তার জন্য এরিয়ার লস হয়, তার জন্য অতিরিক্ত তিন কোটি টাকা দেওয়া হয়েছে। গভর্নমেন্ট হাসপাতাল নিয়ে একটা প্রশ্ন সৌগতবাবু রেখেছেন, কেন আপনারা গভর্নমেন্ট হসপিটালের জন্য আট কোটি টাকা চেয়েছেন। নির্মলবাবুও এই ব্যাপারে বলেছেন। কিন্তু সৌগতবাবু ব্যাপারটা বুঝিয়ে দিয়েছেন, আপনারা কেন টাকা চাইছেন, আপনারা তো ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকেই টাকা পাচ্ছেন ? ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রকল্প কিন্তু শেষ হয়ে গেছে। তার থেকে টার্শিয়ারি হসপিটাল, টিচিং হসপিটাল, এদের জন্য কিন্তু কোনো টাকা ধরা ছিল না। জেলা হাসপাতাল, সাব-ডিভিশনাল হাসপাতাল এবং তার নীচের স্তরের হাসপাতাল হয়েছে। এন.আর.এস এবং আর.জি.কর-এর প্রকল্পগুলোর কথায় বলা হয়েছে। আর.জি.কর-এ আমাদের কেন মেডিকেল কলেজ করার প্রস্তাব ছিল না, মূলত ক্যাথ ল্যাবের জন্যই এই টাকাটা রাখা হয়েছে।

[5.20—5.30 p.m.]

এরপরে আসছি ইম্প্রুভমেন্ট অব প্রিজন—এটা কেন্দ্রীয় প্রকল্প। এখানে কেন্দ্রীয় সরকার ৭৫ শতাংশ দেন, আমাদের ২৫ শতাংশ দিতে হয়। এর পরে অন্যান্য যে বক্তব্য আপনারা রেখেছেন তাতে একটা কথা এসেছে তথ্য এবং প্রচারে কেন আপনারা ১.৮ কোটি টাকা অর্থাৎ এক কোটি ৮০ লক্ষ টাকা খরচ করলেন। এটা কিন্তু এ বছরের নয়, আগের বছরের যে বকেয়া ছিল তার জন্য এটা পেমেন্ট হয়েছে সেজন্য টাকাটা দিতে হয়েছে। সৌগতবাবু একটা ভালো প্রশ্ন করেছেন। ওখানে কেন্দ্রীয় সরকার যে প্রচার করছেন এখানে আপনারাও কি সেই প্রচারের জন্য খরচ করছেন ? না, এটা আগের বছরের খরচ বিভিন্ন কাগজে যে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল তার জন্য আমার মনে হয় এখানে কম বরাদ্দ ছিল। তারপর উনি বললেন ভারত সরকার তো আপনাদের চেয়ে ভালো পারফর্ম করেছেন, তাই ওরা বিজ্ঞাপন দিচ্ছেন। আপনারা পারেননি, তাই করতে পারছেন না। এসব কথা বলে উনি আবার ৮ শতাংশ মোট উৎপাদন বৃদ্ধির কথা বললেন। আমি আগের দিন ব্যাপারটা ব্যাখ্যা করেছি, আজকেও করছি। ভারত সরকারের মোট উৎপাদন গত বছর কমে ৫ শতংশের নীচে চলে গিয়েছিল। তাই পাটিগণিতের

নিয়মে ৮ শতাংশ বেড়েছে। আপনারা যদি ৫ বছরের হিসাব নেন, তাহলে দেখবেন ওদের বেড়েছে ৫.৬ শতাংশ হারে আর আমাদের বেড়েছে ৭.১ শতাংশ হারে। সুতরাং আমরাও প্রচার করতে পারতাম, কিন্তু কোনো উদয়ের জন্য আমরা করিনি। ওরা বলছেন যে মূল্যবৃদ্ধির হার ৫ শতাংশের নীচে নেমে এসেছে। আমি ভারত সরকারের তথ্য উল্লেখ করে বলছি আমাদের এটা কমে হয়েছে ২ শতাংশ হারে। সুতরাং আমরাও এখানে প্রচার করতে পারতাম। কিন্তু আমরা চাইনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বলার পর এই যে মোট অতিরিক্ত ব্যয় ৫ হাজার ২১১ কোটি টাকা, এই ব্যয়টির সঙ্গে সমপরিমাণ সঞ্চয় হয়েছে। প্রথমত প্রত্যেকটি দপ্তরের মধ্যে তাদের যে অভ্যন্তরীণ সঞ্চয় হয়েছে, সেটা কিন্তু ১ হাজার ১৮৬ কোটি টাকা। তাহলে অতিরিক্ত ব্যয় হয়েছে ৪ হাজার ২৫ কোটি টাকা, বাদ দিয়ে। আমাদের অতিরিক্ত যেটা রিসিভড তার পরিমাণ হচ্ছে ৪ হাজার ৬১৯ কোটি টাকা। তাহলে ৪ হাজার ৬১৯ কোটি টাকা থেকে ৪ হাজার ২৫ কোটি টাকা বাদ দিলে উদ্বৃত্ত আসছে ৫৯৪ কোটি টাকা। আমাদের ওপেনিং সারপ্লাস ছিল ১০৭ কোটি টাকা। এটা ওর সঙ্গে যোগ করলে দাঁড়ায় ৭০১ কোটি টাকা। কিন্তু আমাদের ডেফিসিট ছিল ৭৯৩ কোটি টাকা। এর থেকে ৭০১ কোটি টাকা বাদ দিলে হয় ৯২ কোটি টাকা। ঠিক যে ঘাটতি আমরা শেষ করব। অতিরিক্ত এই ব্যয়গুলোই এই এই কারণেই হয়েছে এবং এই সমপরিমাণ সঞ্চয় করে ঘাটতি না বাড়িয়ে আমরা বছরটা শেষ করলাম। প্রশ্ন এই বাজেটের কত অংশ এটা। ৩ হাজার ৫ বাদ দিইনি। এটা বাদ দিলে হত ৪ শতাংশ। আর এটা নিয়েই হচ্ছে ১৩.৩ শতাংশ। ১৯৭৬-৭৭ আপনাদের শেষ বছরে মোট বাজেটের অতিরিক্ত ব্যয় হয়েছিল ২৫.৪ শতাংশ। তার ঠিক অর্ধেক আমরা করে এনেছি। আর পঙ্কজবাবু আপনাকে আমি বুঝিয়ে বলছি যে সিমেন্ট বলতে, সিমেন্টের সঙ্গে সেরামিক, ফ্লাই অ্যাশ যুক্ত করে দক্ষিণ ২৪-পরগনায় ৫টি, বাঁকুড়ায় ৪টি, বীরভূমে ১টি, বর্ধমানে ১২টি, কলকাতায় ২টি, দার্জিলিঙে ১টি, হুগলিতে ৪টি, হাওড়ায় ৩টি, মালদায় ১টি আর মেদিনীপুরে ৭টি, নদিয়ায় দুটি এবং পুরুলিয়ায় ৪টি। মোট ৪৬টি অর্থাৎ যা ছিল তাই আছে। পঙ্কজবাবু আমি আপনাকে বুঝিয়ে দিয়েছি। আপনি যদি আবার বুঝতে চান আবার বুঝিয়ে দেব। চট এবং সুতিবস্ত্র আপনি জানেন যে যোগ করলে ৭০ আসে, ঠিক করে যোগটা করবেন। এখানে কোনো গোলমাল নেই। আমি আপনাদের সবগুলো বক্তব্য খণ্ডন করে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 4

**Mr. Deputy Speaker :** There are four cut motions to Demand No. 4. All the cut motions are in order.

The motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motions of Dr. Asim Kumar Dasgupta that sum of Rs. 75,81,000 be granted for expenditure under Demand No. 4 Major

Head : "4435-Capital Outlay on Other Agriculture Programmes" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 7**

The motion that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 2,96,71,000 be granted for expenditure under Demand No. 7 Major heads : "2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2251-Secretariat-Social Services and 4225-Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 8**

The motion that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 6,46,53,000 be granted for expenditure under Demand No. 8 Major Heads : "2425-Co-operation and 2515-Other Rural Development Programmes" during the current financial year, was then put and agreed to.

[5.30–5.40 p.m.]

**Demand No. 9**

The motion that the amount of the Demand by Rs. 100/- were then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 23,90,92,000 be granted for expenditure under Demand No. 9 Major Heads : "6860-Loans for Consumer Industries and 6885-Loans for Other Industries and Minerals" during the current financial year, was the put and agreed to.

**Demand No. 10**

The Motion that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 2,01,71,000 be granted for expenditure under Demand No. 10 Major Heads : "3456-Civil Supplies and 3475-Other General Economic Services" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 11**

The Motions that the Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of **Dr Asim Kumar Dasgupta** that a sum of Rs. 2,83,24,000 be granted for expenditure under Demand No. 11 Major Heads : "4851-Capital Outlay on Village and Small Industries and 6860-Loans for Consumer Industries" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 12**

The Motion that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 23,37,32,000 be granted for expenditure under Demand No. 12 Major Head : "2505-Rural Employment" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 17**

The Motion that the amout of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 2,47,80,000 be granted for expenditure under Demand no. 17 Major Head : "2039-State Excise" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 18**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 9,50,00,000 be granted for expenditure under Demand No. 18 Major Heads : "7610-Loans to Government Servants etc." during the current financial year, was then put and agreed to.

**Demand No. 20**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 1,77,55,000 be granted for expenditure under Demand No. 20 Major Head : "4405-Capital Outlay on fisheries" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 24**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 27,39,42,000 be granted for expenditure under Demand No. 24 Major Heads : "2211-Family Welfare and 4210-Capital Outlay on medical and Public Health" during the current financial year, was then put and agreed to.

[5.40–5.50 p.m.]

**Demand No. 29**

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 3,11,55,000 be granted for expenditure under Demand No. 29 Major Head : "6860-Loans for Consumer Industries" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 30**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 4,08,11,000 be granted for expenditure under Demand No. 30 Major Heads : "2205-Art and Culture and 2220-Information and Publicity" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 31**

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 2,30,23,000 be granted for expenditure under Demand No. 31 Major Head : "2251-Secretariat Social Services" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 33**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 3,68,02,000 be granted for expenditure under Demand No. 33 Major Head : "2056-Jails" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 35**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 14,93,32,000 be granted for expenditure under Demand No. 35 Major Heads : "2235-Social Security and Welfare and 4250-capital Outlay on Other Social Services" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 38**

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 40,20,000 be granted for expenditure under Demand No. 38 Major Head : "2235-Social Security and Welfare" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 39**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 107,60,52,000 be granted for expenditure under Demand No. 39 Major Head : "2217-Urban Development" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 40**

The Motion that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 201,46,66,000 be granted for expenditure under Demand No. 40

Major Heads : "2505-Rural Employment and 2515-Other Rural Development Programmes" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 42**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 47,03,000 be granted for expenditure under Demand No. 42 Major Head : "2052-Secretariat-General Services" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 43**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 992,50,00,000 be granted for expenditure under Demand No. 43 Major Heads : "4801-Capital Outlay on Power Projects and 6801-Loans for Power Projects" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 44**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 71,37,64,000 be granted for expenditure under Demand No. 44 Major Heads : "2852-Industries and 6857-Loans for Chemical and Pharmaceutical Industries" during the current financial Year, was then put and agreed to.

**Demand No. 45**

The Motion that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 41,40,43,000 be granted for expenditure under Demand No. 45 Major Head : "2215-Water Supply and Sanitation" during the current financial year, was then put and agreed to.

[5.50-5.56 p.m.]

**Demand No. 49**

The Motion that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 24,05,05,000 be granted for expenditure under Demand No. 49 Major Heads : "2204-Sports and Youth Services and 2251-Secretariat-Social Services" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 50**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 15,13,25,000 be granted for expenditure under Demand No. 50 Major Heads : "2575-Other Special Areas Programmes and 4575-Capital Outlay on Other Special Areas Programmes" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 51**

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 58,07,000 be granted for expenditure under Demand No. 51 Major Head : "4250-Capital Outlay on Other Social Services" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 54**

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 45,34,000 be grnated for expenditure under Demand No. 54 Major Head : "6217-Loans for Urban Development" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 55**

The Motion that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 9,40,90,000 be granted for expenditure under Demand No. 55 Major Heads : "4702-Capital Outlay on Minor Irrigation and 4705-Capital Outlay on Command Area Development" during the current financial year, was then put and agreed to.

**Demand No. 56**

The Motions that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The Motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 59,61,13,000 be granted for expenditure under Demand No. 56 Major Head : "2236-Nutrition" during the current financial year, was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 5-56 p.m. till 11.00 a.m. on Thursday, the 18th March, 2004 at the Assembly House, Kolkata.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 18th March, 2004 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (**Shri Hasim Abdul Halim**) in the Chair, 13 Ministers, 09 Ministers of State and 148 Members.

[ 11.00—11.10 a.m. ]

## Starred Questions
## (to which oral answers were given)

### কলকাতায় অপহৃত ব্যক্তির সংখ্যা

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১২) **শ্রীমতী সোনালী গুহ** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত পাঁচ বছরে কলকাতায় অপহৃত ব্যক্তির সংখ্যা কত ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** :

৪ (চার)।

**শ্রীমতী সোনালী গুহ** : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—মাননীয় স্বরাষ্ট্র তথা পুলিশমন্ত্রী আপনি উত্তর দিয়েছেন—'বিগত পাঁচ বছরে কলকাতায় অপহৃত ব্যক্তির সংখ্যা চার।' আজই খবরে প্রকাশ যে, সিঁথির দুধ ব্যবসায়ী অসীম কোলে, তাঁর একমাত্র ছেলে মিঠুন কোলে। তাঁকে ১০ই নভেম্বর কে বা কারা অপহরণ করে দশ লক্ষ টাকা মুক্তিপণ দাবী করে। তাঁরা পাঁচ লক্ষ টাকা দিতে স্বীকৃত হন। ১৩ তারিখে মিঠুনকে এন.আর.এস. হাসপাতাল চত্বরে ফেলে রেখে যায় অজ্ঞান অবস্থায়। তারপর দু-তিন মাস কখনও সল্টলেক নার্সিংহোমে, কখনও এন.আর.এস. হাসপাতালে, কখনও বা ব্যাঙ্গালোর হাসপাতালে তাঁকে চিকিৎসা করা হয়। তারপর গত ১৫ তারিখে তিনি মারা যান। কিন্তু এখনও পর্যন্ত সেই অপহরণ রহস্যের জট খোলা যায়নি।

চারটে যে অপহৃত সংখ্যার কথা আপনি বলছেন, এগুলো কি পৃথক পৃথক ঘটনা, নাকি একই সঙ্গে দু-তিনজনকে ধরে? এই অপহরণের কতগুলির জট খুলতে আপনার সরকার সক্ষম হয়েছে ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : আপনি প্রথম যে প্রশ্ন করলেন, তার জন্য সবটাতে আমি প্রস্তুত নই। মিঠুন কোলেকে সল্টলেকের একটা রেষ্টুরেন্ট থেকে তুলে নিয়ে যায়। তারপর

পুলিশ তাকে পায়। পুলিশ তাকে এন.আর.এস. হাসপাতালে ভর্তি করে। তারপর তাকে ব্যাঙ্গালোর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সোমবার সে মারা গেছে। এই পর্যন্ত আছে। কারা নিয়ে গেছে জানি না। কাগজ দেখলে বলতে পারব। আজকে নর্থ ২৪-পরগনার পুলিশকে বলেছি। সেই রিপোর্ট পেলে আমি বলতে পারব।

আর এই চারজন আলাদা আলাদাভাবে অপহৃত হয়েছেন, একসঙ্গে হননি। ১০.৪.'৯৯-তে সত্যব্রত গাঙ্গুলি—আমরা অনেকেই জানি, তিনি এক্সাইডের এম.ডি.। তিনি হর্টিকালচার সোসাইটি, আলিপুরে, ওখানে মর্নিং ওয়াক করতে গিয়েছিলেন। তখন তাঁকে কিডন্যাপ করা হয়। পরে তিনি ফিরে আসেন। আমি তাঁর বাড়িতে গিয়েছিলাম। আমি তাঁর সাথে কথাও বলেছিলাম। আমরা একটা দলকে ধরে নিয়ে এসেছিলাম বিহার থেকে। কিন্তু সাক্ষী প্রমাণের অভাবে কিছু করা যায়নি, পাঁচজনকে পাবার পরেও কিছু করা যায়নি। যাদের অ্যারেস্ট করা হয়েছিল তারা বিহারের লোক এবং সত্যিই তারা অপহরণ করেছিল। আর একজন, জয়প্রকাশ গুপ্তা, তাঁকে ১২.১১.'৯৯ তারিখে আচার্য জগদীশ চন্দ্র বোস রোড, মল্লিক বাজারের কাছ থেকে কিডন্যাপ করা হয়েছিল। পরে তাঁকে খুন করা হয়। ছ-জনকে অ্যারেস্ট করা হয়। তার মধ্যে চারজনকে চার্জশিট দেওয়া হয়েছে। আর একটি ঘটনা ১.১০.২০০০ তারিখে ঘটে—কিশোর হিরাওয়াত, তাঁকে কিডন্যাপ করা হয় বিবেকানন্দ রোড থেকে। কিডন্যাপ করার পরে ২০ লক্ষ টাকা র‍্যানসাম চেয়েছিল। এবং কিছু টাকা তারা দিয়েও ছিলেন। কিন্তু শেষপর্যন্ত তার ডেডবডি দেখতে পাওয়া যায় ই.এম. বাইপাসের কাছে। আমরা ওই ব্যাপারে ৬-জনকে অ্যারেস্ট করেছি, একজন অ্যাবস্কন্ড হয়ে আছে, চার্জশিট দেওয়া হয়েছে। বিচার চলছে। আর শেষ কথা যেটা হচ্ছে ২১.৫.২০০১ তারিখে মুরারী ঘোষ নামে এক ব্যক্তিকে হরিশ মুখার্জী রোড থেকে কিডন্যাপ করা হয়। ওঁর কাছে র‍্যানসামও চাওয়া হয়েছিল। এতে ৪-জনকে অ্যারেস্ট করা হয়েছে এবং ওঁনাকে রেসকিউ করা হয়েছে। ওঁনাকে রেসকিউ করা হয়েছে দক্ষিণ ২৪-পরগনার একটি গ্রাম থেকে। চারজনকে অ্যারেস্ট করা হয়েছে, তার মধ্যে সবাইকেই চার্জশিট দেওয়া হয়ে গেছে। ৩-জন শাস্তি পেয়েছে, চার বছরের জেল হয়েছে।

**শ্রীমতী সোনালী গুহ :** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি বললেন একমাত্র সত্যব্রতবাবুর কেসে কেউ শাস্তি পাননি সাক্ষী প্রমাণের অভাবে। আমার আপনার কাছে প্রশ্ন, অপহৃত হতে পারে সমাজের বিভিন্ন সোসাইটির মানুষেরা এই আশঙ্কায় কতজন আপনার কাছে নিরাপত্তা চেয়ে আবেদন করেছেন এবং কতজনকে আপনার দপ্তর নিরাপত্তা দিতে সক্ষম হয়েছে জানাবেন কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** কলকাতাতে ১৯৯৯ সালে দুজন অপহৃত হয়েছিল, ২০০০ সালে একজন অপহৃত হয়েছিল এবং ২০০১ সালে একজন অপহৃত হয়েছিল। ২০০২ সালে কোনো অপহরণের ঘটনা ঘটেনি, ২০০৩ সালে কোনো অপহরণের ঘটনা ঘটেনি এবং ২০০৪ সালের মার্চ মাস পর্যন্ত এখনো কোনো ঘটনা ঘটেনি। সুতরাং এটাতে আত্মসন্তুষ্টি হওয়ার কারণ নেই, কিন্তু আমি নাম বলতে পারি বাইরের কয়েকটি রাজ্যে যেভাবে

অপহরণের মাত্রা বেড়ে গেছে তাতে ভাববার বিষয়। এক্ষুনি তো শুনলেন যে এখান থেকে গিয়ে বিহার থেকে নিয়ে আসা হয়েছে। তবে আমরা সতর্ক। আর দ্বিতীয় কথা যেটা বলছি যে, চারটি কেসের মধ্যে ৩টি কেসের চার্জসিট হয়ে গেছে। একটি কেসের চার্জসিট হয়ে ট্রায়াল হয়ে গেছে এবং জেল পর্যন্ত হয়ে গেছে। শুধু সত্যব্রতবাবুর কেসটাতেই পারিনি, কেন না উভয় পক্ষই কোর্টে উপস্থিত হচ্ছিল না।

**শ্রীমতী সোনালী গুহ** : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী গভর্নরস্ অ্যাড্রেসের উপরে তার জবাবী ভাষণে বলেছেন মহিলাদের উপরে অপহরণমূলক যে ঘটনা ঘটছে সেটা অত্যন্ত দুঃখজনক এবং অ্যালার্মিং। আমি আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই কলকাতা ছাড়া বাংলায় গত ৫ বছরে কতজন মহিলা অপহৃত হয়েছেন এবং কতজনকে উদ্ধার করা হয়েছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : মহিলাদের সম্বন্ধে এইরকম ঘটনা কোনো ঘটেনি। মহিলাদের নিয়ে এইরকম ঘটনা ঘটলে তো আরো মারাত্মক হয়ে যেত। তবে এখনো পর্যন্ত কোনো মহিলা অপহৃত হয়েছে, এইরকম কিডন্যাপ হয়েছে বা র‍্যানসাম চাওয়া হয়েছে এইরকম ঘটনা নেই।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে, দক্ষিণ বাংলায় সমুদ্রে যারা মাছ ধরতে যায় ওই মৎস্যজীবীরা প্রতি বছরই অপহৃত হন এবং তাদের কাছে মুক্তিপণ দাবি করে। গত ৫ বছরের ঘটনা আপনি বলতে পারবেন কিনা জানি না, আমি বিভিন্ন সমস্যা নিয়ে আপনার কাছে গেছিলাম। আমার প্রশ্ন যে, কতজন মৎস্যজীবী অপহৃত হয়েছেন এবং অপহরণ যাতে বন্ধ হয় তার জন্য রাজ্য সরকার কার্যকরী পদক্ষেপ কি নিয়েছেন বা কেন্দ্রীয় সরকারের সহায়তা পেয়েছেন কিনা জানাবেন কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : এই মুহূর্তে তথ্য নেই। প্রশ্নটা মূলত কলকাতা বিষয়ে ছিল। সেই কারণে মৎস্যজীবী অপহরণের ব্যাপারটা বলতে পারব না। গত ৩ বছরে দুটি ক্ষেত্রে ওই ধরনের ঘটনা ঘটেছিল, বাংলাদেশ থেকে এসে অপহরণ করে নিয়ে গেছিল এটা ঠিক কথা এবং তারপরে পুলিশ ওই অপহৃতদের তুলে আনতে পেরেছে। আরেকটা ক্ষেত্রে তারা বাধ্য হয়ে নিজেরাই ছেড়ে দিয়েছিল। কিন্তু তথ্যটা কতজন সেই সংখ্যাটা এই মুহূর্তে আমার কাছে নেই, সেটা যদি আপনি পরে চান তাহলে আমি জানিয়ে দেব।

[ 11.10—11.20 a.m. ]

**শ্রী পঙ্কজ ব্যানার্জী** : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়, শ্রীমতী সোনালী গুহর প্রশ্নের উত্তরে বললেন, ৪টি ঘটনা হয়েছে। এস.বি. গাঙ্গুলি এক্সাইড কর্তা যখন অপহৃত হলেন তার কয়েকদিন পরে আপনি বললেন, আমরা সব সূত্র পেয়ে গিয়েছি। অপহৃতদের চিহ্নিত করা হয়েছে, তাদের গ্রেপ্তারের ব্যবস্থাও করা হয়েছে। গাঙ্গুলিকে উদ্ধারের ব্যবস্থা আমরা করছি। কিন্তু দেখা গেল, আপনি সম্পূর্ণভাবে ব্যর্থ হলেন। এস.বি. গাঙ্গুলি নিজে নিজেই কলকাতার বাড়িতে ফিরে এলেন। জয়প্রকাশ গুপ্তা অপহৃত হলেন, পুলিশের কাছে খবর গেল, কিন্তু পুলিশের অসাবধানতাবশতঃ এবং ব্যর্থতার জন্য জয়প্রকাশ-এর মৃতদেহ তার পরিবারের

মানুষের কাছে ফিরে এল। কিশোরী রাও তাঁরও মৃতদেহ তাঁর পরিবারের কাছে ফিরে এল। খাদিম কর্তার ঘটনাটা উল্লেখ করেননি, যেহেতু প্রশ্নটা কলকাতার করেছে, এটা কলকাতার একটু গায়েই হয়েছে, কলকাতার বাইপাস থেকে অপহৃত হয়েছে, ঐটা বেঙ্গল পুলিশের আন্ডারে এবং খাদিম কর্তার ঘটনায় দেখা গিয়েছে আপনার পুলিশ একমাস ধরে অপহৃত থাকা সত্ত্বেও আপনি বিন্দুবিসর্গ খোঁজ করতে পারেননি। তিনি নিজে নিজেই টাকা-পয়সা দিয়েই হোক, আন্ডারস্ট্যান্ডিং করেই হোক তিনি ফিরে এসেছেন। আপনারা তাঁকে উদ্ধার করতে পারেননি। তাহলে পুলিশের ভূমিকাটা কি হল ? এস.বি. গাঙ্গুলির ক্ষেত্রে আপনি পুরোপুরি ব্যর্থ হলেন, সংবাদপত্রে বললেন, অপহৃতদের চিহ্নিত করা হয়েছে, গ্রেপ্তারের ব্যবস্থা করা হচ্ছে। জয়প্রকাশ গুপ্তার ঘটনা পুলিশকে জানানোর পরেও পুলিশের ব্যর্থতার জন্য মৃতদেহ তার পরিবারের কাছে ফিরে এল। কিশোরীর মৃতদেহও তার পরিবারের কাছে ফিরে এল। খাদিম কর্তা নিজের প্রয়াসে নিজেই ফিরে এলেন। এই চারটি ঘটনার পরে আপনার পুলিশ-এর ভূমিকা যথোচিত ছিল কিনা, এক্ষেত্রে এই চারটি ঘটনাকে কিভাবে আপনি ব্যাখ্যা করবেন, সেটা যদি বলেন ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আপনার সুরের সঙ্গে আমি একেবারেই একমত নই। সত্যব্রত গাঙ্গুলীর ব্যাপারে আপনাদের বলছি, আমি আগে যা বলেছিলাম, ঠিকই বলেছিলাম, সেই গ্রুপকে চিহ্নিত করা হয়েছিল, ৬জনের মধ্য ৫-জনকে অ্যারেস্টও করা হয়েছিল। ২টির ক্ষেত্রে বললাম, ২জন মারা গিয়েছে, হ্যাঁ আমরা বাঁচাতে পারিনি, মারা গিয়েছে। ২টি ঘটনার ক্ষেত্রে তাঁদের প্রাণ রক্ষা করতে পারিনি। ২টির ক্ষেত্রে অ্যারেস্ট করেছি, চার্জশিট দিয়েছি। একটির ক্ষেত্রে বললাম ট্রায়াল হয়ে গেছে, শাস্তিও হয়ে গেছে। খাদিম কর্তা পার্থ রায় বর্মণ-এর কেস শুরু হবে, ২৯.০৩.০৪ থেকে, ট্রায়াল যখন চলবে তখন জানতে পারবেন পুলিশ কি করেছে, সাফল্যটা কতটুকু।

**শ্রী অরুণাভ ঘোষ :** মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি যেটা বলতে চাই, আমি শুনলাম, ৪জন-এর কেস নিয়ে যেটা বলেছেন, সেটা ধরা পড়েছে অথবা ফিরে এসেছে নিজে থেকে। কিন্তু হোয়াট অ্যাবাউট টেম্পোরারি অ্যাবডাকশান ? যেমন ব্যাঙ্কিং ট্রাইবুনাল থেকে একজনকে তুলে নিয়ে গেল, এইরকম রোজই কলকাতায় ঘটছে। আমি আপনাকে যথেষ্ট সম্মান দিয়ে জানাচ্ছি, আপনি দয়া করে যে কম্পারিজন করেন এটা করবেন না। ধানতলায় যখন ব্যাপারটা হয় তখনও কম্পারিজন করেন উইথ আদার স্টেট। রেপ হলে বলেন, সংখ্যাটা কম ইউ.পি.-র থেকে। আগামী দিনে আমার বউকে যদি কেউ রেপ করেন তাহলে কি তাঁকে বলব চেঁচাবে না, বুদ্ধবাবু বলেছেন রেপ-এর সংখ্যা উত্তরপ্রদেশের নীচে রয়েছে। এই কমপারিজনটা হচ্ছে একটা ব্যাড সিগন্যাল। রেপ হলে উত্তরপ্রদেশ-এর সঙ্গে, বিহারের সঙ্গে তুলনা করবেন, তাই আমি জানতে চাইছি, এই যে হিন্দুস্থান টাইমসে যেটা বেরিয়েছে, সেটা থেকে বলতে পারি, ক্যানিং থেকে ১০০-র উপরে এবং কলকাতা থেকে ৮৫ জনের মতন মেয়ে অ্যাবডাকটেড হয়েছে। দে আর সেন্ট ফর প্রস্টিটিউশান, আমি এই ব্যাপারে আপনাকে আগের দিনই রিপোর্টটা দিয়েছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি প্রথমত আপনাকে বলব, আমরা বাইরের রাজ্যের ফিগার দিয়ে এখানকার বাস্তবতাকে গোপন করতে চাই না। আমরা কখনোই এই মনোভাব পোষণ করি না এবং এখনও করছি না। আর বাইরের রাজ্যে কি হয়েছে, আমাদের রাজ্যে কিছু হয়নি, সেই ব্যাপারে আমরা সন্তুষ্টও নই এবং নিশ্চিতও নই। তবে একটা জিনিস আপনাকে মনে রাখতে হবে, পশ্চিমবাংলা তো ভারতবর্ষের বাইরে নয়। সারা দেশের বাস্তবতা, ক্রাইমের প্রবণতা, অপরাধের সংখ্যা বৃদ্ধি হচ্ছে। আর পশ্চিমবাংলা তো একটা বিচ্ছিন্ন দ্বীপ বা রাষ্ট্র নয়, এটা আপনাকে বুঝতে হবে। আমরা আত্মসন্তুষ্ট নই এবং পশ্চিমবাংলার ফিগার কম দেখিয়ে আমরা বাস্তবতাকেও কম দেখাতে চাইছি না। সারা দেশের বাস্তবতার কথা আপনাকে মনে রাখতে হবে। তবে প্রথমে আপনি যেটা বললেন সেটা আমি মানছি, কিন্তু ফিগারটা আমি মানছি না। কারণ ফিগারগুলো আমার কাছে আছে। তবে অসৎ উদ্দেশ্য নিয়ে টেম্পোরারি অ্যাবডাকশান হচ্ছে ঠিকই। আমার কাছে তথ্য আছে এবং একই ধারায় কেসগুলো হয়। রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের আলোচনার সময়ে উত্তর দেওয়ার সময় আমি কিন্তু এটা মেনে নিয়েছিলাম। আপনি তখন হয়তো ছিলেন না, ইট হ্যাজ বিকাম এ রেগুলার ফেনোমেনান। গ্রাম থেকে মেয়েদেরকে এইভাবে অসৎ উদ্দেশ্যে নিয়ে আসা হচ্ছে। কিন্তু আপনি যে এলাকার কথা বললেন সেখানকার সংখ্যা কিন্তু বাড়ছে না। আর বেশিরভাগ ক্ষেত্রেই মেয়েদেরকে রাজ্যের বাইরে এবং বিদেশে, এমনকি মধ্যপ্রাচ্যেও পাঠিয়ে দেওয়া হচ্ছে। এই বিষয়ে কলকাতার ক্ষেত্রে আমরা খুবই সতর্ক আছি। গ্রামের দুর্বলতর মেয়েদেরকেই এরা নিয়ে আসে। এই ব্যাপারে শুধু পুলিশ নয়, মহিলা কমিশান এবং এন.জি.ও.-দের যে সংগঠন আছে তাদের সঙ্গেও আমরা এই ব্যাপারে মিটিং করেছি। তাদের বলেছি কোন কোন জেলায়, কোন কোন এলাকায় এই প্রবণতাটা বাড়ছে সেটা আপনারা চিহ্নিত করুন। মহিলা কমিশানতো আমাকে নিয়মিত রিপোর্ট দেন। এন.জি.ও.-দের যে অ্যাপেক্স বডি আছে তারাও এই ব্যাপারে ঘুরে ঘুরে রিপোর্ট সংগ্রহ করছে। এই ব্যাপারটা নিয়ে আমরা খুবই উদ্বিগ্ন।

**শ্রী অশোক কুমার দেব :** মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বললেন কলকাতায় শুধুমাত্র চারজনকে কিডন্যাপড্ করা হয়েছে। আমি আপনার কাছে জানতে চাই সারা রাজ্যে এই পর্যন্ত কতজনকে কিডন্যাপড্ করা হয়েছে ? দিন দিন এই প্রবণতাটা বাড়ছে কেন এবং এর পেছনে কাদের মদত আছে ? আমার এলাকায় আপনাদের দলের একজন পঞ্চায়েত সদস্যকে তার অফিস থেকে তুলে নিয়ে যাওয়া হয়েছিল এবং এই ব্যাপারে আপনিও তখন সাহায্য করেছিলেন। স্কুলের বাচ্চাদেরকেও রাস্তা থেকে তুলে নিয়ে যাওয়া হচ্ছে। পুলিশ ভালো কাজ করছে বলে আপনি তাদের বাহবা দিচ্ছেন। তাহলে কেন আপনার পুলিশ এই সমস্ত কাজ বন্ধ করতে পারছে না ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আপনার সব কথা আমি বুঝতে পারিনি এবং বোঝাও খুব মুশকিল। শুধু আপনি রাজ্যের ফিগারটা জানতে চেয়েছেন। এই পাঁচ বছরে এ পর্যন্ত সাতজন কিডন্যাপড্ হয়েছে—মুকেশ আগরওয়াল-শিলিগুড়ি ; নরেশ আগরওয়াল-পুরুলিয়া, শঙ্কর মান্ডিয়া-আসানসোল ; রাজেন দ্বারকা-জামুরিয়া ; শঙ্কর লাল আগরওয়াল-সালানপুর।

[11.20—11.30 a.m.]

পার্থ রায় বর্মণ, যেটা খাদিম বললাম আর সুনীল সিং—দুর্গাপুরের স্কুলে যাওয়ার পথে তুলে নিয়ে গিয়েছিল। এই রাজ্যের ক্ষেত্রে পাঁচ বছরে সাতটি কেস আছে। আর বললেন এর পেছনে কারা আছে না আছে। বুঝতে পারছেন না কারা আছে, রাজনীতি তো করছেন ? সমাজের একটা অংশের মানুষের কালো টাকা আছে, বদমাইশরা আছে, অপরাধ জগত আছে, যারা বম্বেতে, দুবাইতে বসে আছে। এই অপরাধ জগত কতটা সক্রিয় বুঝতে পারছেন না ? খবরের কাগজে তো দু-একটাই বের হয়, এরকম হাজার-হাজার আছে। বম্বে ফিল্ম ইন্ডাস্ট্রি তো ওদেরই হাতে, একটাও কথা বলার নেই। এই শক্তিগুলো সারা দেশে সক্রিয় এবং কিডন্যাপিং একটা অপরাধ। এটা ইউরোপেও আছে কিন্তু আমাদের দেশে ভয়ঙ্করভাবে বিভিন্ন জায়গায় বেড়ে গেছে। তবে আমি বলছি, রাজ্যে পাঁচ বছরে সাতটি হলেও আমাদের আরও সচেতন, সক্রিয় হওয়ার দরকার আছে। পুলিশকে স্পেশাল ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করছি যাতে কিডন্যাপ হলে আবার উদ্ধার করে আনতে পারে। মেরে ফেললে তো আর কিছু করার নেই।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়** : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্যের মধ্যে কিছু অসঙ্গতি লক্ষ করছি। প্রথমে উনি বললেন চারজনের কথা। কিন্তু আমাদের সদস্য অরুণাভ ঘোষ যখন টেম্পোরারি অ্যাবডাকশানের কথা বললেন, সেটা আপনি উল্লেখ করলেন না। সোনালী গুহ যখন মহিলা সংক্রান্ত ব্যাপারে উল্লেখ করলেন, আপনি বললেন এই ব্যাপারে কোনো খবর নেই। কিন্তু আমরা প্রতিদিন খবরের কাগজে দেখছি মহিলাদের এখান থেকে অপহরণ করছে বা নারী পাচার হয়ে যাচ্ছে এবং এটা খুবই সক্রিয়। কিন্তু আপনি এড়িয়ে গেলেন এই বলে যে, আমার কাছে এরকম খবর নেই। পরে আবার বললেন এটা আমার কাছে খবর আছে—এখান থেকে মহিলা পাচার হয় এটা কমন ফেনোমেনা থ্রু-আউট ইন্ডিয়া ইত্যাদি ইত্যাদি। অর্থাৎ আপনার কথার মধ্যে অসঙ্গতি আছে।

সত্যব্রত গাঙ্গুলি, জয়প্রকাশ গুপ্তা, কিশোর হীরাওয়ালা আর মুরারী ঘোষ। এর মধ্যে মুরারী ঘোষের অপহরণকারীদের শাস্তি হয়েছে। এই ঘটনাটা ঘটেছিল ২১.৫.২০০১ তারিখে। কিন্তু তার আগে ১২.১১.৯৯ এবং ১.১০.২০০০ তারিখে যে ঘটনা ঘটেছে সেক্ষেত্রে এখনও পর্যন্ত কোনো শাস্তি হয়নি। এটা কি আপনার দপ্তরের গাফিলতির জন্য, প্রপারলি চার্জশিট না দেওয়ার জন্য, না কি কোনোভাবে ইনফ্লুয়েন্সড হওয়ার জন্য, যে কারণে তাদের শাস্তি হল না। অথচ ২১.৫.২০০১ তারিখে অপহরণের ঘটনার শাস্তি হয়ে গেল।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : স্যার, একসাথে কটা প্রশ্ন করা যায় ?

প্রথমটা বলছি, সত্যব্রত বাবু ছাড়া আর তিনটে কেসেই চার্জশিট দেওয়া হয়েছে। আপনি জানেন পুলিশের কেন চার্জশিট দিতে দেরি হয়। সরকার বা পুলিশের উপরই সমস্তটা নির্ভর করে না, মামলার সাক্ষী-সাবুদ ইত্যাদি অনেক ব্যাপারও থাকে। ডেটটা যদি

তাড়াতাড়ি হয়, জজসাহেব যদি সতর্ক থাকেন, সাক্ষীরা যদি ঠিক থাকে, তাহলে তাড়াতাড়ি হয়ে যায়। কিন্তু সাক্ষী যদি দূর দূর থেকে আসে—আসানসোল ইত্যাদি, সেখানে দেরি হয়ে যায়। কথা হচ্ছে পুলিশ সময়মতো চার্জশিট দিচ্ছে, এবারে নির্ভর করে আদালতের উপরে।

দ্বিতীয় বললেন অসঙ্গতি। না, অসঙ্গতি নেই। স্পেসিফিক উত্তর দিয়েছি। আরও জানতে চাইতে পারেন এই ধরনের ছাড়া অন্য কোনো কাজের জন্য অপহরণ করেছে কিনা। সব ফিগার আমার কাছে আছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** এখান থেকে তুলে অন্য রাজ্যে নিয়ে যাচ্ছে, এটা কি অপরাধ নয় ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এটা হচ্ছে কিডন্যাপিং ফর র‍্যানসাম। এটা একটা নির্দিষ্ট অপরাধ।

অনেক রকমের আছে। সাধারণ শত্রুতা। তারপর যেটা বললেন, মেয়েদের খারাপ কাজে নিয়ে যাবার জন্য, এরকম কতজনকে নিয়ে যাওয়া হয়েছে আমার কাছে ফিগার আছে আমি আপনাকে বলে দিচ্ছি। ৯৯ সালে এইরকম নিয়ে যাওয়া হয়েছে ২১ জনকে, ২০০০ সালে নিয়ে যাওয়া হয়েছে ১৩ জনকে, ২০০১-এ ১৮ জন, ২০০২-এ ৬জন আর ২০০৩-এ ১৭ জন, এখানে বেশিরভাগ মহিলা এবং অপরাধ জগতে ঠেলে দেওয়ার জন্য তুলে আনা হয়েছে।

**শ্রী অসিত মিত্র :** মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি আপনি বলেছেন কলকাতায় ৪ জনের মধ্যে তিনজনের চার্জশিট হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি এই যে যারা অপহৃত হলেন এবং যারা অপহরণ করলেন এদের সঙ্গে শুধুমাত্র কি অর্থই জড়িত ছিল, শুধুমাত্র কি অর্থের জন্যই এদের অপহরণ করা হয়েছে, আর এদের কর্মপরিধি কি পশ্চিমবঙ্গের সীমানা ছাড়িয়ে বাইরের রাজ্যেও ব্যাপ্ত, আন্তর্জাতিক চক্রও কি এর সঙ্গে জড়িত আছে ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** ৪ জনের প্রত্যেকটা ক্ষেত্রেই এদের কিডন্যাপ করা হয়েছিল এবং এদের কাছে টাকা চাওয়া হয়েছিল এবং সেটাই ছিল মূল উদ্দেশ্য, অন্য কোনো বিষয় ছিল না। টাকা চেয়েই শেষপর্যন্ত তাদের অপহরণ করা হয়েছিল। আর একটাই বলতে পারি খাদিম কেস-এর সঙ্গে আন্তর্জাতিক চক্র জড়িত, আন্তর্জাতিক চক্রের সঙ্গে এদের যোগ আছে।

**শ্রী আবু আয়েশ মণ্ডল :** মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি যে ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরো ০১.০১.০৩ থেকে ৩০.০৯.০৩ পর্যন্ত সর্বশেষ যে রিপোর্ট বেরিয়েছে সেই রিপোর্টে তারা বলেছেন যে প্রতি ৫৪ মিনিটে একজন মহিলা ধর্ষিতা হচ্ছেন আমাদের দেশে, প্রতি ৪৩ মিনিটে একজন মহিলা অপহৃত হচ্ছেন এবং প্রতি ২৬ মিনিটে একজন মহিলা নিগৃহীত হচ্ছেন। ১৩ই সেপ্টেম্বর ২০০৩ কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোপাল স্বামী বলেছেন, আমাদের দেশের মেট্রোপলিটন সিটিগুলোতে যে অপরাধ হচ্ছে তার মধ্যে সবচেয়ে কম

অপরাধ হচ্ছে কলকাতায়। মাননীয় মন্ত্রী জানাবেন কি কেন্দ্রীয় সরকার কি বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের ডেকে এই বিষয়গুলো মোকাবিলা করার জন্য, এই অপরাধ চক্রকে দমন করার জন্য কোনো আলোচনা করেছেন বা পরামর্শ দিয়েছেন এবং আপনি কলকাতার পুলিশকে এবং পশ্চিমবঙ্গ পুলিশকে এইগুলো মোকাবিলা করার জন্য বিশেষ কোনো পদক্ষেপ নিয়েছেন কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : আপনি যেটা বললেন সেটা দিল্লীতে বিভিন্ন রাজ্যের পুলিশ কর্তাদের নিয়ে কনফারেন্স হয়, এজেন্ডা যে থাকে তার মধ্যে এটাও থাকছে। কিডন্যাপ করে মুক্তিপণ এগুলো ইন্টারস্টেট হতে আরম্ভ করেছে। সেইজন্য দিল্লীতে এই আলোচনা হয়। আমাদের রাজ্যে কয়েকটি ঘটনা ঘটার পরে আমরা প্রতিবেশী রাজ্যগুলির সঙ্গে মত-বিনিময় করে কোন গ্রুপ কোথায় আছে, তারা কিভাবে অপারেট করছে। পরস্পর ইন্টার-অ্যাকশন হলে আমাদের কাজটা সহজ হবে।

[ 11.30—11.40 a.m. ]

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, যে পারপাসে ইম্‌মরাল ট্রাফিক অফ উওম্যানদেরকে তুলে নিয়ে যাওয়া হয় সেটা কি অ্যাবডাকশানের মধ্যে আসছে ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : এককথায় যদি বলেন এটা একটা অপরাধ, এর ফিগার আমার কাছে আছে, কিন্তু মূল প্রশ্ন যেটা ছিল তার সঙ্গে সব ধরনের অপরাধকে আনিনি। কিডন্যাপ র‍্যানসাম এই ফিগার বলেছি। আপনি যদি বলেন, ইম্‌মরাল ট্রাফিক অফ ওম্যান, তার ফিগারও আমার কাছে আছে যে কতজনকে ধরেছি, কটা মামলা হয়েছে, যেমন ১৯৯৯ সালে ৬, ২০০০ সালে ৩, ২০০১ সালে ৮, ২০০২ সালে ১৩, ২০০৩ সালে ২৩। আপনি লক্ষ করেছেন ফিগারটা বাড়ার দিকে, এটাই উদ্বেগের কারণ। কিন্তু এই অপরাধও একটা ভয়ঙ্কর অপরাধ তাতে সন্দেহ নেই।

## পরিযায়ী পাখির আগমন

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৩) **শ্রী ব্রহ্মময় নন্দ** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ বছর কলকাতা ও তৎসংলগ্ন এলাকায় পরিযায়ী পাখি কম এসেছে ; এবং

(খ) সত্যি হলে এর কারণ কী ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মণ** : (ক) হ্যাঁ। এটা সত্য যে চলতি বছরে বিগত বছরের তুলনায় পরিযায়ী পাখি সামান্য কিছু কম এসেছে—তবে এ পার্থক্য উল্লেখ করার মতো নয়।

(খ) (১) পরিসংখ্যানগত দিক থেকে এই পার্থক্য স্বাভাবিক।

(২) বিজ্ঞানভিত্তিক কোনো আদর্শ পরিসংখ্যা চিহ্নিত হয়নি যার সাপেক্ষে কোনো পার্থক্য সূচিত করে মন্তব্য করা যেতে পারে।

(৩) সর্বভারতীয় প্রেক্ষাপটে আপাতদৃষ্টিতে এই ধরনের কিছু বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে—কিন্তু এর থেকে কোনো বিজ্ঞানসম্মত সিদ্ধান্ত টানা যায়নি।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে পরিযায়ী পাখি বহুদূর থেকে যারা আসে, এরা যাতে আরও অধিক পরিমাণে আমাদের দেশে বা এই রাজ্যে আসে তার জন্য আপনার দপ্তর কিছু ব্যবস্থা নিয়েছেন কি ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মণ :** আপনি বিশেষ ব্যবস্থা বলতে যা বোঝাচ্ছেন সেরকম কিছু হয় না। তবে আমাদের যে সমস্ত জলাশয় আছে সেগুলিতে প্রতি বছরই তারা আসে। তারা যাতে ঠিকমতো সেখানে থাকতে পারে, ডিম ফোটাতে পারে, বাচ্চা হতে পারে সেটা দেখাশোনা বা রক্ষণাবেক্ষণ করা হয়। আমাদের রাজ্যে বেশ কয়েকটি জায়গায় সেখানে বছরে মে মাস থেকে পাখিগুলি আসে এবং ডিসেম্বর-জানুয়ারি মাসে চলে যায়। এই বিষয়টা লোক্যালি অ্যারেঞ্জ করা হয়। বিশেষ করে জেলাপরিষদ, পঞ্চায়েত সমিতিগুলি এর দেখাশোনা করে, বনবিভাগ থেকে দু-একজন অফিসার বা কর্মীরা সেখানে গিয়ে তাদের পরামর্শ দিয়ে থাকেন।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** এই যে পরিযায়ী পাখিরা আসে এদের কোনো নামের তালিকা আপনার দপ্তর সংগ্রহ করেছে কি না ? প্রধান প্রধান নাম যদি থাকে জানাবেন ?

**শ্রী যোগেশচন্দ্র বর্মণ :** আমাদের অনেক বার্ড স্যাংচুয়ারি আছে। যেমন উত্তর দিনাজপুর জেলার কুলিক বার্ড স্যাংচুয়ারি। সেখানে যে পাখিগুলো আসে সবই লোক্যাল মাইগ্রেটরি, আমাদের রাজ্যেরই কোনো কোনো জায়গা থেকে আসে, হিমালয়ের পাদদেশ থেকে আসে। এইরকম কিছু পাখির নাম বলতে পারি—ওপেন বিল স্টর্ক, নাইট হেরন, করমোরেন্ট, লিটল করমোরেন্ট, ইগ্রেট। এছাড়াও কিছু কিছু জায়গা আছে। যেমন, মালদার নয়াবাঁধ বিল বলে একটা বড়ো বিল আছে। সেখানে লোক্যাল মাইগ্রেটরি নয়, বিদেশ থেকেও আসে। তার মধ্যে কিছু নাম হচ্ছে পিনটেল, সোভেলার, ব্লউইন্ড টিল, লার্জ হুইসলিং টিল, মেলার্ড, কমন পোচার্ড, উইজিয়ন, টাফটেড ডাক, হোয়াইট আইড পোচার্ড, লেসার এডজুট্যান্ট।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** এই পরিযায়ী পাখিরা শিকারীদের হাতে প্রাণ হারাচ্ছে। এইরকম কোনো ঘটনা ঘটেছে কিনা ? যদি ঘটে থাকে তাহলে এই শিকারীরা ধরা পড়েছে কিনা ?

**শ্রী যোগেশচন্দ্র বর্মণ :** আমাদের রাজ্যে পাখি শিকার একেবারে নিষিদ্ধ। লক্ষ করছি এখানে পাখি শিকার হয় না। তবে কোনো কোনো জায়গা থেকে বিশেষ করে বিহার এবং উত্তরপ্রদেশ থেকে কিছু পাখি আমাদের কলকাতা শহরে বা বর্ডার এলাকায় নিয়ে আসা হয় বিদেশে নিয়ে যাওয়ার জন্য। সেগুলোর ব্যাপারে পুলিশ, কাষ্টম এবং ফরেস্ট ডিপার্টমেন্ট

মিলে এবং লোক্যাল পঞ্চায়েত মিলে সচেতনভাবে খবর সংগ্রহ করা হয় এবং পাখিগুলো ধরা হয়, সিজ করা হয় এবং যেই ধরুক বন বিভাগের হাতে তুলে দেয় এবং বন বিভাগ সেগুলো বনে ছেড়ে দেয়।

**ডাঃ রত্না দে (নাগ) :** পরিযায়ী পাখি যে কম আসে বলছেন তার একটা কারণ পরিবেশ দূষণ নয় ? এটা কি গুরুত্বপূর্ণ নয় ? যদি হয় তাহলে মাননীয় মন্ত্রিমহাশয় এ ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন ?

**শ্রী যোগেশচন্দ্র বর্মণ :** হাওড়ার সাতরাগাছিতে রেলের জমিতে একটা বিশাল জলাশয় আছে, সেখানে প্রতি বছরই পাখি আসে। সেখানে আমরা যাই এবং কিছু স্বেচ্ছাসেবী সংস্থার সাথে কথা বলি যাতে অ্যাওরনেস বিল্ড করা যায়, স্থানীয় মানুষকে সচেতন করা যায়। জলাশয়ের পরিবেশ নষ্ট না হয়, আবর্জনা ফেলে সেটা বুজিয়ে দেওয়া না হয়। প্রাকৃতিক পরিবেশ বজায় থাকলে পাখিগুলো বেশি বেশি করে আসবে। এই কাজ আমরা করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** হাওড়া জেলার 'মৌখালি-উৎসুনি লজে'র পাশে যে বিল রয়েছে ওখানে প্রচুর পাখি আসে। আসে এবং চলে যায়। এ ব্যাপারে আপনার দপ্তর থেকে কোনো ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা ?

**শ্রী যোগেশচন্দ্র বর্মণ :** মাননীয় বিধায়ককে বলছি, যদি লিখিত দেন তাহলে ভালো হয়। নিশ্চয় ব্যবস্থা নেওয়া হবে।

**শ্রী অপূর্ব মুখার্জী :** স্যার, আমি সংশ্লিষ্ট প্রশ্ন থেকে একটু বেরিয়ে যাচ্ছি। আগেরবারের বাজেটে দুর্গাপুরে হরিণ কেলেঙ্কারির ব্যাপারে একটা প্রশ্ন রেখেছিলাম। মাননীয় মন্ত্রী সে ব্যাপারে বলেছিলেন 'কি হয়েছে সে ব্যাপারে জানাবেন।' কিন্তু দুঃখের বিষয় এখনও পর্যন্ত সে ব্যাপারে কিছু জানতে পারলাম না। যারা ওই কাজের সঙ্গে যুক্ত আমি স্পেসিফিকভাবে তাদের ব্যাপারে বলেছিলাম। কিন্তু আপনি সে ব্যাপারে কিছুই করেননি। দয়া করে মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, সেখানে এ ব্যাপারে কিছু করেছেন কিনা ? যদি কিছু করে থাকেন তাহলে কি করেছেন ? যদি কিছু না করে থাকেন তাহলে কেন করেননি সেটা যদি বলেন তাহলে ভালো হয়। তবে আমি জানি কিছু কিছু বাধা আছে। আপনার ডি.এফ.ও. খুব অসহায় বোধ করেছিলেন—তাঁকে কতকগুলো প্রশ্ন করার জন্য।

[ 11.40 – 11.50 a.m. ]

**শ্রী যোগেশচন্দ্র বর্মণ :** আপনি যেটা বলেছেন সেটা হচ্ছে দুর্গাপুরে ওই পার্ক—যখন এগুলো নেওয়া হয় সেটা ওয়াইল্ড লাইফ অ্যাক্ট-এর অনেক আগের ঘটনা, তখন যে কেউ হরিণ শাবক নিজের বাড়িতে নয়, ছোটোখাটো জঙ্গলে, পার্কে পালন করতে পারতেন। পরবর্তীকালে ওয়াইল্ড লাইফ অ্যাক্ট আসার পর ওদেরকে সচেতন করে দেওয়া হয় যে, অ্যাক্ট অনুযায়ী কাজ করতে হবে। কিন্তু আপনি যেটা বললেন সেই ঘটনাটা দুর্ভাগ্যজনক ঘটনা—এর তদন্ত হয়েছে, পুলিশ এবং অন্যান্য ব্যাপারগুলো হয়ে গেছে। আজকে আপনি এই প্রশ্ন

করবেন সেটা আমার জানা ছিল না। কালকে আমার অফিসে আসুন, আমি আপনাকে বিশদে বলতে পারব। আমার যতদূর জানা আছে যে, এ ব্যাপারে কেস চলছে।

**শ্রী অপূর্ব মুখার্জী** : আপনি যেটা বললেন সেটা হরিণ শাবক নয়। এখানে সব মিলিয়ে ৬৯টি হরিণ ছিল তার মধ্যে ১৭টি হরিণের কোনো ট্রেস পাওয়া যায়নি। কেউ বলছেন ওই হরিণগুলো ভাঙা পাঁচিল দিয়ে বেরিয়ে গেছে। এটা অসত্য কথা। সেটা আপনি জানেন। আজকে হাউস শেষ হয়ে যাচ্ছে। সুতরাং কালকে আপনার অফিসে আসতে পারব কিনা বলতে পারছি না। তবে আপনাকে আমি নিশ্চয় একটা চিঠি লিখব। যদি এ ব্যাপারে কিছু করে থাকেন তাহলে সেটা জানালে বাধিত হব।

**শ্রী পদ্মনিধি ধর** : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার বক্তব্য—হাওড়া জেলার ডোমজুড় কেন্দ্র যেখানে দিল্লি রোড থেকে বোম্বে রোড উঠেছে, সেখানে উত্তর জয়পুরে একটা বিরাট জলাশয়ে পরিযায়ী পাখিরা আসত। মাননীয় মন্ত্রিমহাশয় নিজে এবং আমাদের ট্যুরিজম মন্ত্রী মাননীয় শ্রী দিনেশ ডাকুয়া মহাশয় সেখানে গিয়েছিলেন, আমরা সেখানে বোট নামিয়েছিলাম এবং ওঁরা সেখানে উদ্বোধন করেছিলেন। ওখানে জেলাপরিষদ কয়েক লক্ষ টাকা খরচা করে কাজ করেছে। কিন্তু ওখানে এন.এইচ.এ.আই. ঐ জলাশয়ের জল ছেঁচে বোম্বে রোডের এক্সটেনশন করছে—বোম্বে রোড থেকে দিল্লি রোড একটা নতুন চ্যানেল করছে। এ ব্যাপারে এন.এইচ.এ.আই. আমাদের সঙ্গে কোনো কথা বলেননি। আমার প্রশ্ন হচ্ছে, ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া বন বিভাগের অনুমতি ছাড়া এখানে কাজ করতে পারেন কিনা ? ওই জলাশয়ে সাইবেরিয়া থেকে অনেক পরিযায়ী পাখি আসত। সেখানে ট্যুরিস্ট স্পট করলে কলকাতা এবং অন্যান্য জায়গা থেকে মানুষ কয়েকদিনের জন্য সেখানে এসে বিশ্রাম নিতে পারে—এরকম ব্যবস্থা সেখানে করেছিলাম। দয়া করে এ ব্যাপারে জানাবেন।

**শ্রী যোগেশচন্দ্র বর্মণ** : ওটা বন বিভাগের জায়গা নয়। কাজেই এন.এইচ.এ.আই. আমাদের জানাতে বাধ্য নয়। জেলাপরিষদকে জানানো উচিত। আমার মনে হয় জেলাপরিষদ ব্যাপারটা জানেন। আপনি সেখানে আলোচনা করবেন। তবে আমাকে আপনি যখন বললেন, আমি নিশ্চয় চিঠি লিখে তাদের কাছ থেকে জানতে চাইব—বিষয়টা কি।

**শ্রী জানে আলম মিঞা** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বন বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য—পরিযায়ী পাখি আমাদের সম্পদ সৃষ্টি করে না—এটা ঠিক। কিন্তু পরিযায়ী পাখি আমাদের চারপাশের একটা সৌন্দর্য বৃদ্ধি করে। লোকসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে বহু জলাশয় বন্ধ হয়ে যাচ্ছে, সেই কারণে পরিযায়ী পাখি কম আসছে। তা সত্ত্বেও আমাদের এখনও অনেক জলাশয় আছে, বড়ো বড়ো জলাশয় আছে সেগুলিতে এখনও জঙ্গল, বিভিন্ন ঘাস, আবর্জনা দিয়ে ঢাকা আছে। সেগুলি পরিষ্কার এবং বিভিন্ন যে বিষ পদার্থগুলো ব্যবহৃত হচ্ছে, যার ফলে জলাশয়গুলিতে দূষণের মাত্রা বাড়ছে এবং সেই কারণে পাখিরা আসছে না। তাই সেই জলাশয়গুলিকে পরিষ্কার করা এবং দূষণের মাত্রাকে কমানোর জন্য আপনার দপ্তর কি ব্যবস্থা নিয়েছেন এ ব্যাপারে একটু বলবেন।

**শ্রী যোগেশ চন্দ্র বর্মণ** : আমি প্রথমেই বলেছি বার্ড স্যাঙচুয়ারি বলে আমাদের ফরেস্ট ডিপার্টমেন্টের সাথে যেটা আছে কুলী নদীতে সেটা সুন্দরবনের সন্দেশখালিতে আছে। এছাড়া আর কোথাও নেই। বাকি জেলায় বিভিন্ন জায়গায় যে জলাশয় রয়েছে সেগুলি সাধারণত আমরা জেলাপরিষদের বা জেলা প্রশাসনের সাথে কথা বলি এবং জেলাপরিষদ বা জেলা প্রশাসনের থেকে একটা আর্থিক বরাদ্দ করা হয় এবং সেটা বন বিভাগের সংশ্লিষ্ট যে অফিসার আছেন জেলাপরিষদের অফিসার হিসাবে যিনি ইতিমধ্যেই চিহ্নিত এবং পঞ্চায়েতে যে কাজের ধরনগুলি আছে সেই নিয়মগুলি মেনে এই সমস্ত কাজে আমরা হাত দিই। আপনাকে উদাহরণ দিই—বীরভূমের বল্লভপুরে হরিণ পার্কের পাশে যে জলাশয় আছে সেটা পরিষ্কার করেছি সেখানকার জেলাপরিষদের সহযোগিতায়। কুচবিহারের রসিক বিল—সেখানকার জেলাপরিষদ গোটা বিলকে পরিষ্কার করেছে। এইরকম বিক্ষিপ্তভাবে ২-১টি জায়গায় হতে পারে। আপনি গোটা রাজ্যের ব্যাপারটা তুলে ধরার চেষ্টা করেছেন এটা খুব ভালো উদ্যোগ বলে আমি মনে করি। কেননা শুধু মানুষ বাঁচবে, পশু-পাখি বাঁচবে নাএটা হতে পারে না। তাদের আবাস, তাদের পরিবেশ রক্ষা করার দায়িত্ব সচেতনভাবে আমাদেরই। তবুও তো আমরা ভুল করি। এই ভুলটা একটু কম হলে তবেই মঙ্গল হবে। নির্দিষ্ট করে কোনো জেলা বা জেলার কোনো জায়গার খবর থাকলে আপনি অবশ্যই আমাদের নির্দিষ্টভাবে চিঠি দেবেন। জেলাপরিষদের সহায়তায় আমরা চেষ্টা করব সেটাকে সংরক্ষণ করার।

**শ্রীমতী শান্তা ছেত্রী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা প্রশ্ন করতে চাই যে এই পাখি-সংক্রান্ত ব্যাপারে একটা পাখি হচ্ছে ভালচার, এই পাখি এনভায়রনমেন্ট এবং পলিউশানের ব্যাপারে খুবই উপযোগী পাখি। ইদানীং এই রাজ্যের সমতলেই হোক বা পাহাড়েই হোক এই ভালচার পাখিটা খুব কম দেখা যাচ্ছে, তার জন্য আমার মন্ত্রীর কাছে জিজ্ঞাসা যে ফরেস্ট ওয়াইল্ড লাইফ ডিপার্টমেন্ট এই পাখিকে রক্ষা করার জন্য কোনো ব্যবস্থা নিচ্ছে কি ?

**শ্রী যোগেশ চন্দ্র বর্মণ** : ভালচার বা শকুন খানিকটা লুপ্ত হয়ে গেছে আগের থেকে। এর সংখ্যা এখন কমতি এটা অস্বীকার করার উপায় নেই। এখন তো মানুষ অনেক বেশি সচেতন। আগে মরা পশু-পাখি বাইরে থাকত এবং সেগুলি ভালচার এসে গ্রহণ করত। এখন মানুষ অনেক সচেতন, পরিবেশ রক্ষার জন্য তারা মাটির নিচে পুঁতে দেন কিংবা আগুন দিয়ে পুড়িয়ে দেন। যার জন্য সেই সংখ্যাটা ক্রমশ কমে যাচ্ছে। ভালচার নিয়ে বিশেষ কোনো পরিকল্পনা আমাদের নেই। অন্যান্য পাখির বেলায় ঠিক যেভাবে আমরা দেখাশুনা করার কথা বলি এটার ব্যাপারেও ঠিক একইভাবে আমরা দেখব। এই পাখিরা যাতে বিলুপ্ত না হয়, তার জন্য সচেতনভাবে প্রত্যেকটি বিষয় লক্ষ্য করব।

**শ্রী আবু তাহের খান** : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি—শুধু আমাদের জেলা নয়, পশ্চিমবঙ্গের বিভিন্ন হাটে এই সময় লক্ষ লক্ষ বিভিন্ন পাখি বিক্রি হচ্ছে—যেমন বগারি, হাঁস প্রকাশ্য দিবালোকে বিক্রি হচ্ছে। আপনি বলেছেন এই রাজ্যে এটা নিষিদ্ধ। সেক্ষেত্রে আপনি এখনও পর্যন্ত কি পদক্ষেপ নিয়েছেন ?

[ 11.50 – 12.00 noon ]

কতজনের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নিয়েছেন, কেস করেছেন তা জানতে পারলে বাধিত হব।

**শ্রী যোগেশচন্দ্র বর্মণ :** পাখির বাজার হিসাবে আমাদের কাছে যেটি চিহ্নিত বাজার, সেটি হচ্ছে কলকাতার হাতিবাগান বাজার। চোরাকারবারিরা সেখানে পাখি বিক্রি করতে পাখি নিয়ে আসে। সেখানে আমাদের অফিসাররা, কাস্টম অফিসাররা এবং পুলিশ কখনো সাদা পোশাকে, কখনো পোশাক পরে রেড করে, পাখি উদ্ধার করা হয় এবং জঙ্গলে নিয়ে গিয়ে ছেড়ে দেওয়া হয়। এছাড়া আর কোথাও পাখি চোরাপথে কেনা-বেচা হচ্ছে কিনা আমরা জানি না। মাননীয় সদস্যের জানা থাকলে নির্দিষ্টভাবে আমাদের বলবেন, আমরা ব্যবস্থা নেব।

## Disposal of Bio-medical Wastes

*106. (Admitted Question No. *317) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Environment Department be pleased to state–

(a) whether it is a fact that the Pollution Control Board had issued notices to 29 (Twenty-nine) nursing homes in Kolkata in the matter of disposal of Bio-medical Wastes ;

(b) if so, response received from the nursing homes ; and

(c) steps taken by the Government in the matter ?

**Shri Manabendra Mukherjee :** (a) Yes, the State Board issued directions to 28 (Twenty-eight) nos. of health care units for non-submission of Authorization Application and disposal of untreated bio-medical wastes.

The copy of the direction issued by the State Board is annexed as Annexure A.

The Board has conducted legal hearing on 4th February 2004 and issued necessary directions for compliance, the units are under monitoring.

The copy of the record of proceeding is issued by the State Board is annexed as Annexure B.

(b) • 18 (eighteen) nos. units responded and taken actions. (The list of units are annexed at Annexure C)

- 5 (five) nos. units not responded
  (The list of units are annexed at Annexure D)
- 5 (five) nos. units are presently closed.
  (The list of units are annexed at Annexure E)

(c) For five units which did not respond to the Board's directions, actions are being initiated.

*Annexure-A*

**WEST BENGAL POLLUTION CONTROL BOARD**
Paribesh Bhawan, 10A, Block-LA, Sector III, Salt Lake
Kolkata - 700 098, Ph.: 335 8212, Fax : 335 8073

No. IS-74/2001 (Part-I) Date : January, 2004

DIRECTION

WHEREAS the West Bengal Pollution Control Board (hereinafter will be referred to as the "State Board"), is executing the different provisions of the Water (Prevention and Control of Pollution) Act, 1974 and the Air (Prevention and Control of Pollution) Act, 1981 and Environment (Protection) Act, 1986, along with the different Rules framed under the said Acts ;

AND WHEREAS the State Board has been declared as an authority for implementation of the Bio-Medical Waste (Management & Handling) Rules, 1998 within the territorial jurisdiction of West Bengal.

AND WHEREAS it is mentioned in the said Bio-Medical Waste (Management & Handling) Rules, 1998 that all Health Care Units should obtained authorization from the State Board and also take adequate statutory steps to treat the Bio-medical Wastes as indicated in the said Rules, 1998 ;

AND WHEREAS it is observed that the following 29 (twenty nine) units have not yet applied for authorization and also not taken any measures for treatment of their Bio-Medical Wastes, causing environmental hazards in the surrounding areas ;

| Sl. No. | Name | Address |
|---|---|---|
| 1. | Gujrati Relief Society | 20, Pollock Street, Cal - 7 |
| 2. | Sree Lakshmi Narayan Trust & Maternity Home | 4, Justice Chandra Madhab Road, Cal - 26 |
| 3. | United Nursing Home | 107/1, Narkeldanga Main Road, Cal - 54 |
| 4. | Bengal Nursing Home | 8A, Beadon Street, Cal - 6 |
| 5. | New Life Nursing Home | 24/A, N. B. Lane, Cal - 26 |
| 6. | Giridharilal Hansraj Kamani Hospital | 8, Radha Bazar Lane, Cal - 1 |
| 7. | Sree Sree Mohananda Brahmachari (N.H.) | 172, A.J.C. Bose Road, Cal - 14 |
| 8. | Park Point Nursing Home | 16A, Park Lane, Cal - 16 |
| 9. | Parkview Clinic cum Res. Lab. (Nursing Home) | 21-A, Gorachand Lane, Cal - 04 |
| 10. | Matri Seva Sadan | P/61/1/A, C.G.R. Road, Cal - 43 |
| 11. | Silver Line Eye Hospital | 396, P.A. Shah Road, Cal - 45 |
| 12. | Sree Medical Centre | 43/A, Mahanirban Road, Cal - 29 |
| 13. | Merie Stopes | 48, Gariahat Road, Cal - 19 |
| 14. | Good Earth Medical Care & Research Centre | 25/1/A, Archadia Road, Cal - 34 |
| 15. | Nursing Home (Dr. Gopa Mukherjee) | 3/C, Nalin Sarkar Street, Cal -4 |
| 16. | A.N. Sen Memorial Eye Clinic | 2A, Deshapriya Park Road, Cal - 29 |
| 17. | Cure Point | 26, Motilal Road, Cal - 29 |
| 18. | Jodhpur Circle Med. Centre | 22/B, Gariahat Road (S), Cal - 31 |
| 19. | Merina Nursing Home | 61/A, Elliot Road, Cal - |
| 20. | Sanjiban Nursing Home | 130/B, Jhowtala Road, Cal - 17 |
| 21. | Eye Surgery Cheap Nursing Home | 34, Satish Mukherjee Road, Kol - 26 |
| 22. | Remedy | 91/A, Lalmohan Bhatterjee Road, Cal - 14 |
| 23. | Nirog M.R. Diagnostic Pvt. Ltd. | 6, Ho-chi Minh Sarani, Kol - 71 |
| 24. | Nandalila Seva Sadan | 18, School Road, Cal - 94 |
| 25. | Park View Clinic cum Research Lab. (Nursing Home) | 21A, Gora Chand Lane, Cal - 14 |
| 26. | Sherwood Nursing Home | 30D, College Street, Cal - 12 |
| 27. | South Kolkata Maternity Home | 144A, Asutosh Mukherjee Road, Cal - 26 |
| 28. | The New Medical Complex Nursing Home | 27A, Lake Road, Kol - 26 |
| 29. | Port View Nursing Home & Diag. Res. Cen. P.L. | 7, Dr. Sudhir Bose Road, Cal - 23 |

**HENCE,** the aforementioned units are directed not to admit any patient with effect from 28th February, 2004 and onwards.

It is further directed that such units should also appear before the State Board on **04.02.2004 at about 15:00 Hrs. at the Head Quarters of the State Board** at the above address with their explanations as to why the said Health Care Units shall not be closed with effect from 10th march, 2004 for the non compliance of the statutory provisions of the said Rules, 1998.

In case of non-appearance and non-compliance of the aforementioned statutory provisions of the said Rules, 1998 the State Board will issue closure order after 10th March, 2004, and for such closure if any eventuality takes place in respect of any patient, the concerned Health Care Unit and its responsible officer and staff will be alone liable for the same.

This order has been issued as per the approval of the competent authority.

By Order,
Sd/- (Biswajit Mukherjee)
Senior Law Officer,
W. B. Pollution Control Board.

No. 3188(32)IS-74/2001 (Part-I) Date : 13 January, 2004

1. Above mentioned 29 Units.
2. Principal Secretary, Department of Environment, Government of West Bengal.
3. Deputy Secretary, West Bengal Pollution Control Board.
4. Environmental Engineer, Waste Management Cell Alipur Regional Office / Camac Street Regional Office / Salt Lake Regional Office. They are requested to visit the concerned Health Care Units within their jurisdiction mentioned in this memo giving proper notice and submit their status of authorizations and consent before the date of hearing.
5. Float File [ Attention : Smt. Avanti Roy — Environment Officer (Communication) ]

Sd/- Biswajit Mukherjee
Senior Law Officer,
W. B. Pollution Control Board.

*Annexure-B*

**WEST BENGAL POLLUTION CONTROL BOARD**
Paribesh Bhawan, 10A, Block-LA, Sector III, Salt Lake
Kolkata - 700 098, Ph.: 2335 8212, Fax : 23356730/8073
Internet : www.wbpcb.gov.in, Email : wbpcbnet@cal3.vsnl.net.in

| | | |
|---|---|---|
| 1. Date of Hearing with time | : | 04.02.2004<br>15:00 hours |
| 2. Purpose of the Hearing | : | To discuss about Pollution problem of health care units. |
| 3. Venue of the Hearing | : | 'Paribesh Bhawan', Salt Lake, Kolkata. |
| 4. Convenor of the Hearing | : | Legal Cell. |

**RECORD OF PROCEEDINGS**

1. **M/s. Gujrati Relief Society, 20, Pollock Street, Kolkata-700 007.**
   None appears on behalf of the unit.
2. **M/s. Sree Lakshmi Narayan Trust & Maternity Home, 4, Justice Chandra Madhab Road, Kolkata - 700 026.**
   Shri Samar Swarnakar, Assistant Accountant appears on behalf of the unit.
3. **M/s. United Nursing Home, 107/1, Narkeldanga Main Road, Kolkata - 700 054.**
   Miss Tapati Dey and Miss Dalia, Sisters appear on behalf of the unit.
4. **M/s. Bengal Nursing Home, 8A, Beadon Street, Kolkata - 700 006.**
   Sri Jayanta Bhattacharya, Representative appears on behalf of the unit.
5. **M/s. New Life Nursing Home, 24/A, N.B. Lane, Kolkata - 700 026.**
   Sri Subir Kumar Roy, Partner appears on behalf of the unit.
6. **M/s. Giridharilal Hansraj Kamani Hospital, 8, Radha Bazar Lane, Kolkata - 700 001.**
   Sri D. N. Mehta, Honourary Secretary appears on behalf of the unit.

7. **M/s. Sree Sree Mohananda Brahmachari (N.H.), 172, A. J. C. Bose Road, Kolkata - 700 014.**
Sri Mrinal Kanti Chatterjee, Proprietor appears on behalf of the unit.

8. **M/s. Park Point Nursing Home, 16A, Park Lane, Kolkata-700 016**
None appears on behalf of the unit.

9. **M/s. Park View Clinic Cum Research Laboratory (N.H.), 21-A, Gorachand Lane, Kolkata - 700 004.**
Mr. A. Rahaman, Managing Director appears on behalf of the unit.

10. **M/s. Matri Seva Sadan, P/61/1/A, C. G. R. Road, Kolkata - 700 043.**
None appears on behalf of the unit.

11. **M/s. Silver Line Eye Hospital, 396, Prince Anwar Shah Road, Kolkata - 700 045.**
Sri Sanjoy Biswas, Partner appears on behalf of the unit.

12. **M/s. Shee Medical Centre, 43/A, Mahanirban Road, Kolkata - 700 029.**
Dr. Indrajit Shee, Proprietor appears on behalf of the unit.

13. **M/s. Merie Stopes, 48, Gariahat Road, Kolkata - 700 019.**
Smt. Arpita Barua, Project Executive appears on behalf of the unit.

14. **M/s. Good Earth Medical Care & Research Centre, 25/1/A, Archadia Road, Kolkata - 700 034.**
None appears on behalf of the unit.

15. **M/s. Nursing Home (Dr. Gopa Mukherjee), 3/C, Nalin Sarkar Street, Kolkata - 700 004.**
Sri sumit Ghoshal, Authorized Representative appears on behalf of the unit.

16. **M/s. A. N. Sen Memorial Eye Clinic, 2A, Deshapriya Park Road, Kolkata - 700 029.**
Dr. S. Sen, Medical Officer appears on behalf of the unit.

17. **M/s. Cure Point, 26, Motilal Road, Kolkata - 700 029**
None appears on behalf of the unit.

18. **M/s. Jodhpur Cricle Medical Centre, 22/B, Gariahat Road (S), Kolkata - 700 031.**
None appears on behalf of the unit.

19. **M/s. Marina Nursing Home, 61/A, Elliot Road, Kolkata.**
None appears on behalf of the unit.

20. **M/s. Sanjiban Nursing Home, 130/B, Jhowtala Road, Kolkata - 700 017.**
None appears on behalf of the unit.

21. **M/s. Eye Surgery Cheap Nursing Home, 34, Satish Mukherjee Road, Kolkata - 700 026.**
Dr. Vivek Dutta, Chief Eye Surgeon appears on behalf of the unit.

22. **M/s. Remedy, 91/A, Lalmohan Bhattacharjee Road, Kolkata - 700 014.**
Sri Rabin Chatterjee, Chief Manager appears on behalf of the unit.

23. **M/s. Nirog M. R. Diagnostic Pvt. Ltd., 6, Ho-Chi Minh Sarani, Kolkata - 700 071.**
Sri Sanjib Kumar, Public Relation Officer appears on behalf of the unit.

24. **M/s. Nandalila Seva Sadan, 18, School Road, Kolkata - 700 094.**
None appears on behalf of the unit.

25. **M/s. Sherwood Nursing Home, 30D, College Street, Kolkata - 700 012.**
Sri Prasenjit Gupta, General Manager appears on behalf of the unit.

26. **M/s. South Kolkata Maternity Home, 144A, Asutosh Mukherjee Road, Kolkata - 700 026.**
None appears on behalf of the unit.

27. **M/s. The New Medical Complex, 27A, Lake Road, Kolkata - 700 026.**
None appears on behalf of the unit.

28. **M/s. Port View Nursing Home & Diagnostic Research Centre Pvt. Ltd., 7, Dr. Sudhir Bose Road, Kolkata - 700 023**
Md. Khalid, Director appears on behalf of the unit.

At the beginning of hearing Sri S. K. Adhikary, Environmental Engineer, Waste Management Cell and Sri D. P. Banerjee, Law Officer of the State Board elaborated the purpose of the hearing and also explained that unless and until the unit concerned do not comply with the provisions of the Acts and Rules within the stipulated time as indicated in the direction dated 13.01.2004 there will be no other way left before the State Board but to initiate regulatory action.

The health care units attended the hearing is hereby directed to submit the authorization as well as consent to operate applications to the State Board within 10 days hereof and to ensure the treatment of Bio-medical Wastes generated either by own facility or by joining the available Common Bio-Medical Wastes Treatment facility and the compliance report in this regard should be submitted by 19th February 2004. Non-intimation from the units regarding the compliance status will be treated as non-compliance.

The health care units not appeared the hearing are also directed to comply with the above mentioned directions.

In case on non-compliance the State Board will issue regulatory order as per provisions of the Rules and in terms of the direction issued on 13.01.2004.

| | | |
|---|---|---|
| Sd/- S. K. Adhikary<br>Env. Engr., WBPCB | Sd/- D. P. Banerjee<br>Law Officer, WBPCB. | Sd/- A. K. Bhunia<br>Dist. Judge [Retd.] |

Memo No. 3483(32)-IS-74/2001 (Part-I) Dated : 9.02.2004

1. M/s. Gujrati Relief Society, 20, Pollock Street, Kolkata - 700 007.
2. M/s. Sree Lakshmi Narayan Trust & Maternity Home, 4, Justice Chandra Madhab Road, Kolkata - 700 026
3. M/s. United Nursing Home, 107/1, Narkeldanga Main Road, Kolkata - 700 054.
4. M/s. Bengal Nursing Home, 8A, Beadon Street, Kolkata - 700 006.
5. M/s. New Life Nursing Home, 24/A, N. B. Lane, Kolkata - 700 026.

6. M/s. Giridharilal Hansraj Kamani Hospital, 8, Radha Bazar Lane, Kolkata - 700 001.
7. M/s. Sree Sree Mohananda Brahmachari (N.H.), 172, A. J. C. Bose Road, Kolkata - 700 014.
8. M/s. Park Point Nursing Home, 16A, Park Lane, Kolkata - 700 016.
9. M/s. Park View Clinic Cum Research Laboratory (N.H.), 21-A, Gorachand Lane, Kolkata - 700 004.
10. M/s. Matri Seva Sadan, P/61/1/A, C. G. R. Road, Kolkata - 700 043.
11. M/s. Silver Line Eye Hospital, 396, Prince Anwar Shah Road, Kolkata - 700 045.
12. M/s. Shee Medical Centre, 43/A, Mahanirban Road, Kolkata - 700 029.
13. M/s. Merie Stopes, 48, Gariahat Road, Kolkata - 700 019.
14. M/s. Good Earth Medical Care & Research Centre, 25/1/A, Archadia Road, Kolkata - 700 034.
15. M/s. Nursing Home (Dr. Gopa Mukherjee), 3/C, Nalin Sarkar Street, Kolkata - 700 004.
16. M/s. A. N. Sen Memorial Eye Clinic, 2A, Deshapriya Park Road, Kolkata - 700 029.
17. M/s. Cure Point, 26, Motilal Road, Kolkata - 700 029.
18. M/s. Jodhpur Circle Medical Centre, 22/B, Gariahat Road (S), Kolkata - 700 031.
19. M/s. Marina Nursing Home, 61/A, Elliot Road, Kolkata.
20. M/s. Sanjiban Nursing Home, 130/B, Jhowtala Road, Kolkata - 700 017.
21. M/s. Eye Surgery Cheap Nursing Home, 34, Satish Mukherjee Road, Kolkata - 700 026.
22. M/s. Remedy, 91/A, Lalmohan Bhattacharjee Road, Kolkata - 700 014.
23. M/s. Nirog M. R. Diagnostic Pvt. Ltd. 6, Ho-Chi Minh Sarani, Kolkata - 700 071.
24. M/s. Nandalila Seva Sadan, 18, School Road, Kolkata - 700 094.
25. M/s. Sherwood Nursing Home, 30D, College Street, Kolkata - 700 012.

26. M/s. South Kolkata Maternity Home, 144A, Asutosh Mukherjee Road, Kolkata - 700 026.
27. M/s. The New Medical Complex, 27A, Lake Road, Kolkata - 700 026.
28. M/s. Port View Nursing Home & Diagnostic Research Centre Pvt. Ltd., 7, Dr. Sudhir Bose Road, Kolkata - 700 023.
29. The Chief Engineer, WBPCB.
30. The Chief Scientist, WBPCB.
31. The Senior Environmental Engineer - Sri S. Mitra / Dr. T.K. Gupta, WBPCB.
32. The Environmental Engineer, Waste Management Cell, WBPCB.
33. The Environmental Engineer - Salt Lake/Camac Street/ Alipore Regional Office, WBPCB.

Sd/- D.P. Banerjee
Law Officer
W. B. Pollution Control Board

*Annexure - C*

**List of 18 nos. Pvt. Hospitals/Nursing Homes who complied the Board's Direction**

| Sl. No. | Name | Address | Status | |
|---|---|---|---|---|
| | | | Authorization applied | Bio medical waste treatment facility |
| 1. | Gujrati Relief Society | 20, Pollock Street, Kolkata - 700 007 | Applied | Joined common treatment facility at Howrah |
| 2. | Sree Lakshmi Narayan Trust & Maternity Home | 4, Justice Chandra Madhab Road, Kolkata - 700 026 | Applied | -do- |
| 3. | United Nursing Home | 107/1, Narkeldanga Main Road, Kolkata - 700 054 | Applied | -do- |
| 4. | Bengal Nursing Home | 8A, Beadon Street, Kolkata - 700 006 | Applied | -do- |
| 5. | Giridharilal Hansraj Kamani Hospital | 8, Radha Bazar Lane, Kolkata - 700 001 | Applied | -do- |

| Sl. No. | Name | Address | Status | |
|---|---|---|---|---|
| | | | Authorization applied | Bio medical waste treatment facility |
| 6. | Sree Sree Mohananda Brahmachari (N. Home) | 172, A.J.C. Bose Road, Kolkata - 700 014 | Applied | -do- |
| 7. | Parkview Clinic cum Res. Lab. (N. Home) | 21-A, Gorachand Lane, Kolkata - 700 004 | Applied | -do- |
| 8. | Silver Line Eye Hospital | 396, P.A. Shah Road, Kolkata - 700 045 | Applied | -do- |
| 9. | Shee Medical Centre | 43/A, Mahanirban Road, Kolkata - 700 029 | Applied | -do- |
| 10. | Merie Stopes | 48, Gariahat Road Kolkata - 700 019 | Applied | -do- |
| 11. | Nursing Home (Dr. Gopa Mukherjee) | 3/C, Nalin Sarkar Street, Kolkata - 700 004 | Applied | -do- |
| 12. | A.N. Sen Memorial Eye Clinic | 2A, Deshapriya Park Road, Kolkata - 700 029 | Applied | -do- |
| 13. | Sanjiban Nursing Home, | 130/B, Jhowtala Road, Kolkata - 700 017 | Applied | -do- |
| 14. | Eye Surgery Cheap Nursing Home | 34, Satish Mukherjee Road, Kolkata - 700 026 | Applied | -do- |
| 15. | Remedy | 91/A, Lalmohan Bhattacharjee Road, Kolkata - 700 014 | Applied | -do- |
| 16. | Nirog M.R. Diagnostic Pvt. Ltd. | 6, Ho-Chi-Minh Sarani, Kolkata - 700 071 | Consent Applied | -do- |
| 17. | Sherwood Nursing Home | 30D, College Street, Kolkata - 700 012 | Applied | -do- |
| 18. | Park Point Nursing Home | 16A, Park Lane, Kolkata - 700 016 | Applied | -do- |

*Annexure - D*

**List of 5 nos. Pvt. Hospitals/Nursing Homes who not yet complied the Board's Direction**

| Sl No. | Name | Address |
|---|---|---|
| 1. | New Life Nursing Home | 24/A, N. B. Lane, Kolkata - 700 026 |
| 2. | Matri Seva Sadan | P/61/1/A, C.G.R. Road, Kolkata - 700 043 |

| Sl No. | Name | Address |
|---|---|---|
| 3. | Nandalila Seva Sadan | 18, School Road, Kolkata - 700 094 |
| 4. | South Kolkata Maternity Home | 144A, Asutosh Mukherjee Road, Kolkata |
| 5. | Port View Nursing Home & Diag. Research Centre P.L. | 7, Dr. Sudhir Bose Road, Kolkata - 700 023 |

*Annexure - E*

**List of 5 nos. Pvt. Hospitals/Nursing Homes presently closed**

| Sl. No. | Name | Address |
|---|---|---|
| 1. | Good Earth Medical Care & Research Centre | 25/1/A, Archadia Road, Kolkata - 700 034 |
| 2. | Cure Point | 26, Motilal Road, Kolkata - 700 029 |
| 3. | Jodhpur Circle Med. Centre | 22/B, Gariahat Road (S), Kolkata - 700 031 |
| 4. | Merina Nursing Home | 61/A, Elliot Road, Kolkata |
| 5. | The New Medical Complex Nursing Home | 17A, lake Road, Kolkata - 700 026 |

If you want, I can read out the annexures.

**শ্রী সৌগত রায়** : মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ, তিনি ডিটেল রিপ্লাই দিয়েছেন এবং তাতে দেখা যাচ্ছে ১৮টি নার্সিংহোম বোর্ড অর্ডার কমপ্লাই করেছে। তাদের বলা হয়েছে যে, তাদের বায়ো-মেডিকেল ওয়েস্ট ট্রিটমেন্টের জন্য জয়েন্ট কমন ট্রিটমেন্ট ফেসিলিটি অ্যাট হাওড়া। মাননীয় মন্ত্রী, হাওড়ায় যে জয়েন্ট কমন ট্রিটমেন্ট ফেসিলিটি আছে, সেখানে বায়ো-মেডিকেল ওয়েস্টস্ কিভাবে ট্রিট করা হয় ?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী** : হাওড়ার বেলগাছিয়ায় এই ট্রিটমেন্ট ফেসিলিটি ডেভলপমেন্ট হয়েছে। এটা বেসিক্যালি একটা প্রাইভেট ইনিসিয়েটিভ, আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে তাদের সাহায্য করেছি। আমি নির্দিষ্টভাবে বলে দিচ্ছি, 'মেডিকেয়ার ইনসিন প্রাইভেট লিমিটেড ; ফোরসোর রোড, বেলগাছিয়া, হাওড়া।' ওখানকার টোটাল ক্যাপাসিটি হচ্ছে, প্রায় ৩০,০০০ বেডের পার ডে যে পরিমাণ ওয়েস্টস জেনারেট হয় সেটা ট্রিটেড হতে পারে। যে কোনো প্রাইভেট নার্সিংহোম বা প্রাইভেট হসপিটালের ক্ষেত্রে বেড-পিছু ২ টাকা

৭০ পয়সা চার্জ নেওয়া হয়। আর সরকারি হাসপাতালের ক্ষেত্রে ২ টাকা ৪৫ পয়সা চার্জ নেওয়া হয়। আগামী মাস থেকে কলকাতা এবং হাওড়ার সমস্ত হেল্থ ইউনিটের বায়ো মেডিকেল ওয়েস্ট যাতে ওখানে পাঠানো হয় তার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে। ইতিমধ্যে ওখানে সাড়ে তিন হাজার বেড ওয়েস্টস ট্রিট করা হচ্ছে।

**শ্রী সৌগত রায়** : কলকাতা শহরের পাড়ায় পাড়ায় নার্সিং হোম হয়েছে। লোকাল লোকেরা প্রায়ই ময়লার স্তূপের মধ্যে মানুষের কাটা হাত-পা দেখতে পান। হাতে সার্জারি করা হাত বা পা দেহ থেকে বাদ দিয়ে ওখানে ফেলে দেওয়া হয়। আমি মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই বায়ো মেডিকেল ওয়েস্টেস ডিসপোজালের ব্যাপারের নিয়ম-কানুন সঠিকভাবে অবজার্ভ করছেন কিনা দেখার জন্য রেগুলার ইন্সপেকশানের কোনো ব্যাপার আছে কি ? থাকলে তার ডিটেলস কি ?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী** : এটা প্রধানত কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং স্টেট পলিউশন কন্ট্রোল বোর্ড মনিটরিং করবে। এই অথরাইজেশন সিস্টেমের মধ্য দিয়ে আমরা এদেরকে মনিটরিং-এর আওতায় নিয়ে আসব। ফলতঃ কোনো অভিযোগ যদি এক্ষেত্রে আসে সেক্ষেত্রে উপযুক্ত লিগ্যাল ব্যবস্থা নিয়ে সর্বাধিক সেই নার্সিংহোম বন্ধ করে দেবার আইনি ব্যবস্থা আছে।

**শ্রী সৌগত রায়** : এটা ঠিকই আইনি ব্যবস্থা আছে। যারা যারা এই নিয়ম মানবে না সেইসব নার্সিংহোমগুলিকে বন্ধ করে দেওয়া যাবে। মাননীয় মন্ত্রিমহাশয় এক প্রশ্নের উত্তরে বললেন ৫টি প্রাইভেট হাসপাতাল বা নার্সিংহোম অথরাইজেশন পাবার নিয়ম অবজার্ভ করেনি। আমি ওনার কাছে জানতে চাইছি, ওদেরকে বন্ধ করার অর্ডার দেওয়া হয়েছে কিনা এবং এর আগে কখনও পলিউশন কন্ট্রোল বোর্ডের নিয়ম অনুযায়ী কোনো নার্সিংহোম বন্ধ করা হয়েছে কিনা ?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী** : ওদেরকে অথরাইজেশন নেওয়ার জন্য সর্বশেষ তারিখ বলা হয়েছিল ১০ মার্চ। পরবর্তী ধাপ হচ্ছে পলিউশন কন্ট্রোল বোর্ড থেকে ইন্সপেকশন করবে দেখার জন্য নার্সিংহোম চালু আছে কিনা। ইন্সপেকশনের কাজ প্রায় সম্পূর্ণ। সেক্ষেত্রে স্যাটিসফাই হওয়ার মতো কোনো কারণ না দেখলে এইসব নার্সিংহোমগুলি বন্ধ করব। নরম্যালি বন্ধের প্রক্রিয়া এই সময় চালু করেছি, তার কারণ আপনি জানেন, আইন করে নার্সিংহোম বন্ধ করে দিতে পারি কিন্তু যদি ওখানকার বায়ো মেডিক্যাল ওয়েস্ট ট্রিট করার সাফিসিয়েন্ট অ্যারেঞ্জমেন্ট না থাকে তাহলে কিসের ভিত্তিতে বন্ধ করব ? সেইজন্য আমরা সময় নিয়ে এই ট্রিটমেন্ট ফেসিলিটি এখন যেহেতু তৈরি হয়ে গেছে, এখন এই পজিশনে আছি যদি কোনো নার্সিং হোম না পাঠায় তাহলে বন্ধ করে দিতে পারব। আগে করলে যেটা হত, কোথায় পাঠাব এই কথা নার্সিং হোম বললে তার উত্তর নার্সিং হোমকে দেওয়ার ছিল না। এখন ট্রিটমেন্ট ফেসিলিটি তৈরি হওয়ার কারণে এই কড়া ব্যবস্থা আমরা নিতে পারব।

**শ্রী জ্যোতির্ময় কর** : পলিউটেড হচ্ছে কিনা, পলিউশন কন্ট্রোল বোর্ডের কোনো পরিদর্শন টিম আছে কিনা পরিদর্শন করার জন্য কনটিনিউয়াসলি বা রেগুলার ওয়েতে এবং

থাকলে সাধারণ প্রশাসনের সঙ্গে জেলাভিত্তিক ডি.এম. বা এস.ডি.ও. বা বি.ডি.ও. প্রশাসনিক কর্তা-ব্যক্তির তাদের কোনো ভূমিকা আছে কিনা পরিদর্শনের ব্যাপারে অথবা পলিউটেড হচ্ছে এইরকম ঘটনার ক্ষেত্রে তাদের কোনো ভূমিকা আছে কিনা ?

**শ্রী মানবেন্দ্র মুখার্জী** : আমাদের গোটা পলিউশন কন্ট্রোল বোর্ড এই কাজ করার জন্য কেন্দ্রীয় আইন অনুযায়ী তৈরি এবং আপনি জানেন, দূষণের হাজার প্রক্রিয়া আছে। প্রধান যে বিষয়গুলি আছে সেগুলি সরাসরি পলিউশন কন্ট্রোল বোর্ড দেখেন। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে দায়িত্ব দেওয়া হয় লোকাল অ্যাডমিনিস্ট্রেশনের কাছে। যে রকম ধরুন, ইট-ভাটার দূষণ সংক্রান্ত ব্যাপারে আমরা ডি.এম.-কে অথরাইজড করেছি। তারপর শ্-মিল অর্থাৎ করাত-কলের ক্ষেত্রে আমরা অথরাইজড করেছি ফরেস্ট ডিপার্টমেন্ট বা বন দপ্তরকে। প্লাস্টিক ব্যবহারের ক্ষেত্রে বা এইরকম কোনো কোনো ক্ষেত্রে আমরা মিউনিসিপ্যালিটিগুলিকে অথরাইজড করেছি। এইরকম বিভিন্ন ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে অথরাইজড করেছি। কিন্তু মূলগত ব্যাপারটা পলিউশন কন্ট্রোল বোর্ড দেখেন।

## জাতীয় মানবাধিকার কমিশনের সুপারিশ

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪) **শ্রী আবু আয়েশ মণ্ডল** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জাতীয় মানবাধিকার কমিশন রাজ্য সরকারের কাছে বিগত ২০০৩ সালের এপ্রিল থেকে ডিসেম্বর পর্যন্ত মানবাধিকার লঙ্ঘন সংক্রান্ত বিষয়ে কোনো সুপারিশ করেছিল কিনা ;

(খ) করে থাকলে, তার সংখ্যা কত ;

(গ) তন্মধ্যে, রাজ্য সরকার কর্তৃক গৃহীত সুপারিশের সংখ্যা কত ; এবং

(ঘ) সেগুলি কী কী ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** :

(ক) হ্যাঁ।

(খ) ১টি।

(গ) বিবেচনাধীন।

(ঘ) পুলিশি সংঘর্ষে মৃত্যুর ক্ষেত্রে, পুলিশের তদন্তে করণীয় কার্যাবলী।

**শ্রী আবু আয়েশ মণ্ডল** : মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ১টি মাত্র সুপারিশ এসেছে এবং তা বিবেচনাধীন। আমি জানতে চাইছি, নির্দিষ্টভাবে কোন বিষয়ে সুপারিশ এসেছিল যেটা বিবেচনাধীন আছে তা দয়া করে বলবেন কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য**: ২.১২.২০০৩ তারিখে জাতীয় মানবাধিকার কমিশন সব রাজ্যের কাছে একটা সার্কুলার পাঠিয়েছিলেন এই পুলিশি সংঘর্ষে মৃত্যুর ক্ষেত্রে একটা নির্দেশাবলী। ৮টি নির্দেশাবলী আছে।

[ 12.00 – 12.10 p.m. ]

পুলিশি সংঘর্ষে মৃত্যু হলে থানার ও.সি.-কে একটা নির্দিষ্ট রেজিস্টারে সেটা নথিভুক্ত করতে হবে। এই ক্ষেত্রে যদি মনে করা হয় এই ঘটনার গুরুত্ব বেশি তাহলে সেই এলাকার বা সেই জেলার অফিসারকে না দিয়ে সি.আই.ডি.-কে দিয়ে তদন্ত করতে হবে। তারপর, সবক্ষেত্রে ম্যাজিস্ট্রেট দ্বারা যে এনকোয়ারি হয় সেই এনকোয়ারির সময়মতো ব্যক্তির আত্মীয়দের সঙ্গে কথা বলতে হবে। ম্যাজিস্ট্রেটের তদন্ত শেষ হলে দ্রুত বিভাগীয় পদক্ষেপ এবং আইনমাফিক ব্যবস্থা নিতে হবে। প্রতিটি কেসে অবস্থা বিবেচনা করে মৃতের পরিবারকে ক্ষতিপূরণ দিতে হবে। পুলিশদের যে বিভিন্ন ক্ষেত্রে পুরস্কার দেওয়া হয় সেখানে খুব নিশ্চিতভাবে জানতে হবে যে সেই পুলিশ অফিসার এই ধরনের কোনো ঘটনার সঙ্গে জড়িত কিনা, যদি থাকে তাহলে কিন্তু সেই পুলিশ অফিসারকে উপহার দেওয়া হবে না। প্রত্যেক রাজ্যকে এই ধরনের সংঘর্ষে মৃত্যুর ঘটনার ৬ মাস অন্তর একটা রিপোর্ট জাতীয় মানব অধিকার কমিশনের কাছে পাঠাতে হবে।

## Starred Questions
## (to which answers were laid on the 'Table')

### Indiscriminate uses of Carry Bags

*108. (Admitted Question No. *358) **Shri Chittaranjan Roy :** Will the Minister-in-Charge of the Environment Department be pleased to state–

Steps taken against indiscriminate uses of Carry Bags in the State ?

**Minister-in-Charge of the Environment Department :**

Steps taken against indiscriminate uses of carry bags in the State are as follows :

(1) Various directions were issued by the West Bengal Pollution Control Board (WBPCB), from time to time, banning uses of all types of plastic carry bags in the :

(a) Coastal area.

(b) Sundarbans and forest areas.

(c) The district of Darjeeling and Siliguri municipality.

(d) Ten heritage and tourist sites of the State.

(2) The Chief Secretary has issued an order banning entry of plastic bags and containers in all State Government offices and buildings.

(3) Several meetings were organized by the WBPCB with the stakeholders, users and manufacturers of plastic carry bags to sensitise them about the ill effect of plastic carry bags and to devise a way to control the use of plastic carry bags and non-biodegradable materials.

(4) Use of plastic carry bags has been banned in the important fares like Pous Mela, Bakreshwar Industrial Fair, etc. in the State.

(5) 1576 manufacturing units of plastic carry bags etc. have been raided by the WBPCB and appropriate penal actions taken.

(6) The Government is considering to enact an Act to control the manufacture, sell, storage, use and transport of plastic carry bags and containers. This has been approved by the Hon'ble Chief Minister of West Bengal.

The draft bill has been prepared and sent to some Departments. It has also been sent to the Law Department for examination and vetting and is likely to be introduced in the West Bengal Legislative Assembly soon.

## সুন্দরবনে যৌথভাবে বাঘ-গণনা

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৮) **শ্রী তপন হোড়** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি "রাজ্য সরকার" এবং প্রতিবেশী "বাংলাদেশ সরকার" সুন্দরবনে যৌথভাবে "বাঘ-গণনার" কর্মসূচি গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, গণনার কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) "হ্যাঁ

(খ) পশ্চিমবঙ্গের সুন্দরবন অঞ্চলে ১৪ই থেকে ২০শে জানুয়ারি, ২০০৪, ব্যাঘ্রশুমারি করা হয়েছে। এই শুমারীর সময় বাংলাদেশ বনবিভাগ থেকে ৬ জন অফিসারকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। বাংলাদেশের প্রশিক্ষণপ্রাপ্ত অফিসাররা দেশে ফিরে অন্যান্য কর্মীদের আরও প্রশিক্ষণ দেন। এরপর গত ২৬শে ফেব্রুয়ারী থেকে ৩রা মার্চ, ২০০৪ পর্যন্ত বাংলাদেশের সুন্দরবনে বাঘের পায়ের ছাপ সংগ্রহ করে ব্যাঘ্রশুমারী করা হয়েছে। এই শুমারীর সময় পশ্চিমবঙ্গ বনবিভাগ থেকে প্রধান সচিব, বনবিভাগ সহ অন্যান্য ৫ জন অফিসার উপস্থিত ছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, বাংলাদেশের সমগ্র সুন্দরবনে এই পদ্ধতিতে ব্যাঘ্র গণনার কাজ এই প্রথম এবং পুরো পদ্ধতিটি বাংলাদেশের জনসাধারণ ও বন বিভাগের কর্মীদের মধ্যে প্রবল উৎসাহের সৃষ্টি করেছে। বাঘের পায়ের ছাপ সংগ্রহ করার পর পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উভয় জায়গাতেই পায়ের ছাপের তথ্য বিশ্লেষণ করা হবে। তার জন্য সময় লাগবে ৩ থেকে ৬ মাস। এই তথ্যের ভিত্তিতেই প্রকৃত বাঘের সংখ্যা নির্ধারণ করা যাবে।

## পুরকর নির্ধারণের পদ্ধতি বদল

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬২০) **ডঃ আশীষ ব্যানার্জী :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার পুরকর নির্ধারণের পদ্ধতি বদলের সিদ্ধান্ত গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, তার রূপরেখা কীরূপ ?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বিষয়টি বর্তমানে রাজ্য সরকারের পরীক্ষাধীন।

(খ) প্রশ্ন ওঠে না।

## তথ্য প্রযুক্তি শিল্পে বিনিয়োগ

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৭) **শ্রী রামপদ সামন্ত :** তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যে তথ্য প্রযুক্তি শিল্পে বিনিয়োগ করতে অনেক সংস্থা এগিয়ে আসছে ;

(খ) সত্যি হলে, বিগত এক বছরে (জানুয়ারী থেকে ডিসেম্বর ২০০৩) ওই শিল্পে সরকারি ও বেসরকারি বিনিয়োগের পরিমাণ কত ; এবং

(গ) ওই সময়ে ওই শিল্পে কতজন বেকার যুবক ও যুবতীর কর্মসংস্থান হয়েছে ?

**তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) ৫০০ (পাঁচশ') কোটি টাকা।

(গ) প্রায় ২০০০ (দু-হাজার) জনের।

## কোর্ট লক্-আপে বন্দী মৃত্যু

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯২) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত ২০০৩ সালে মোট কতজন বিচারাধীন বন্দীর কোর্ট লক-আপে মৃত্যু হয়েছে (জেলাওয়ারী) ?

**স্বরাষ্ট্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

বিগত ২০০৩ সালে কোনো বিচারাধীন বন্দীর কোর্ট লক-আপে মৃত্যু হয়নি।

## নবম কলকাতা চলচ্চিত্র উৎসব

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯২০) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নবম কলকাতা চলচ্চিত্র উৎসবে মোট কয়টি চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে ;

(খ) তন্মধ্যে, (১) দেশি ও বিদেশি ছবি কয়টি ও
(২) বাংলা ছবি কয়টি ; এবং

(গ) এই উৎসবের মোট ব্যয় কত ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ১৩১টি।

(খ) (১) দেশি ছবির সংখ্যা - ২১
বিদেশি ছবির সংখ্যা - ১১০
(২) বাংলা ছবির সংখ্যা - ৪

(গ) এই উৎসবে, মোট ব্যয় আনুমানিক হিসেবে ১০০ লক্ষ টাকার মতো।

## "পশ্চিমবঙ্গ" ও অন্যান্য পত্রিকার অনিয়মিত প্রকাশনা

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩৫) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার কর্তৃক প্রকাশিত 'পশ্চিমবঙ্গ' ও এই ধরনের অন্যান্য পত্রিকাগুলির প্রকাশনা অনিয়মিত হয়ে পড়েছে ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না, তবে কখনও কখনও কোনো সংখ্যা প্রকাশ হতে কিছু দেরি হয়ে থাকে।

(খ) অনেক সময় জেলা সংখ্যা বা মনীষীদের স্মরণে বিশেষ সংখ্যা প্রকাশের সিদ্ধান্ত হয়। তখন বিশেষজ্ঞ লেখকদের কাছ থেকে লেখা পেতে কিছু বিলম্ব হয়। আবার কোনো মাসের সংখ্যা প্রকাশে দেরি হলে পরের সংখ্যাও দেরি হয়ে যায়। হিন্দি, সাঁওতালি ও উর্দু পত্রিকা প্রকাশের উপযুক্ত লোকের অভাবে মাঝে মাঝে দেরি হয়।

## Unstarred Questions
## (to which written answers were laid on the 'Table')

### সমবায় কৃষি উন্নয়ন সমিতির কর্মীদের নতুন বেতনক্রম

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪) **শ্রী জ্যোতির্ময় কর :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রাথমিক সমবায় কৃষি উন্নয়ন সমিতির কর্মচারীদের জন্য সরকারি কর্মচারীদের অনুরূপ বেতনক্রম চালু করা হয়েছিল ; এবং

(খ) সত্যি হলে, সেই বেতনক্রম অনুসারে বর্তমানেও বেতন দেওয়া হচ্ছে কি ?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না, সত্যি নয়।

(খ) প্রশ্নই ওঠে না।

### 'উড়িষ্যা কোস্ট ক্যানেল' সংস্কার

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১) **শ্রী জ্যোতির্ময় কর :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'উড়িষ্যা কোস্ট ক্যানেল' সংস্কারের কাজ আরম্ভ হয়েছে ;

(খ) সত্যি হলে, এর জন্য ০১.০৪.০৩ থেকে ৩১.১২.০৩ পর্যন্ত কত টাকা বরাদ্দ হয়েছে ; এবং

(গ) পরিকল্পনাটি কবে নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা যায় ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, আরম্ভ হয়েছে।

(খ) ০১.০৪.০৩ থেকে ৩১.১২.০৩ পর্যন্ত ৪৮.১৮ লক্ষ (আটচল্লিশ লক্ষ আঠারো হাজার) বরাদ্দ হয়েছে।

(গ) পরিকল্পনাটি এপ্রিল ২০০৪ নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা যায়।

## নাবার্ডের আর্থিক সহযোগিতায় সমুদ্রবাঁধ ভাঙ্গন রোধে প্রকল্প

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২) **শ্রী জ্যোতির্ময় কর :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নাবার্ডের আর্থিক সহযোগিতায় সরকার সমুদ্র বাঁধ ভাঙ্গন রোধে পরিকল্পনা গ্রহণ করেছেন ;

(খ) সত্যি হলে, চলতি আর্থিক বছরে এখনও পর্যন্ত পূর্ব মেদিনীপুর জেলায় নাবার্ড অনুমোদিত প্রকল্পের সংখ্যা কটি ; এবং

(গ) তন্মধ্যে, কটির কাজ সম্পন্ন হয়েছে ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, ইহা সত্য যে নাবার্ডের আর্থিক সহযোগিতায় সরকার পূর্ব মেদিনীপুর জেলার দীঘায় সমুদ্রতটে সমুদ্রবাঁধ ভাঙ্গন রোধে পরিকল্পনা গ্রহণ করেছেন।

(খ) চলতি আর্থিক বছর (২০০৩-২০০৪) পর্যন্ত পূর্ব মেদিনীপুর জেলায় নাবার্ড কর্তৃক অনুমোদিত প্রকল্পের সংখ্যা-১৮টি (আঠারো)। RIDF IV - ২টি, V - ৩টি, VI - ৩টি, VII - ৮টি, VIII - ২টি। এর মধ্যে সমুদ্রবাঁধ ভাঙ্গন রোধে নাবার্ড অনুমোদিত প্রকল্পের সংখ্যা - ৩টি (RIDF IV - ১টি এবং RIDF VII - ২টি)।

(গ) উপরোক্ত প্রকল্পগুলির মধ্যে পূর্ব মেদিনীপুর জেলায় ৮টি প্রকল্পের কাজ সম্পূর্ণরূপে সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ১টি কাজ সমুদ্র বাঁধ ভাঙ্গন রোধের সঙ্গে সম্পর্কিত।

## রাজ্যে লবণ উৎপাদন

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৩) **শ্রী জ্যোতির্ময় কর :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে লবণ কারখানার সংখ্যা কত ; এবং

(খ) সেগুলিতে লবণ উৎপাদনের বার্ষিক পরিমাণ কত ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ২০০৩ সালে রাজ্যে লবণ কারখানার সংখ্যা ছিল ৪৭।

(খ) ২০০৩ সালে ওই লবণ কারখানাগুলিতে মোট ১৬৯৫০ মেট্রিকটন লবণ উৎপন্ন হয়েছে।

## সাগরদিঘিতে তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপন

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *৪২) **শ্রী কমল মুখার্জী ও শ্রী আবদুল মান্নান :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার সাগরদীঘিতে রাজ্যের বৃহত্তম তাপবিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হতে চলেছে ; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে এই প্রকল্পের কাজ কোন পর্যায়ে আছে ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম প্রকল্পের জন্য প্রায় সমস্ত ছাড়পত্র সংগ্রহ করেছে। জমি অধিগ্রহণের কাজ পুরোদমে চলেছে। কারিগরী পরামর্শদাতা নিয়োগ সংক্রান্ত কাজকর্ম চলছে। ঋণ গ্রহণের বিষয় চূড়ান্ত পর্যায়ে।

## চিংড়ি মাছ রপ্তানী

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮) **শ্রী কমল মুখার্জী :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১.০১.২০০২ থেকে ৩১.১২.২০০৩ পর্যন্ত সময়ে চিংড়ি মাছ রপ্তানী করে কী পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় হয়েছে ;

(খ) বর্তমানে রাজ্যে কী পরিমাণে রপ্তানীযোগ্য চিংড়ি মাছ উৎপাদিত হয় ; এবং

(গ) কী পরিমাণ জলাভূমিতে বিভিন্ন প্রকার চিংড়ি মাছের চাষ হয় ?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৯৭৪.১৪ কোটি টাকার বৈদেশিক মুদ্রা আয় হয়েছে।

(খ) ২৪০০০ থেকে ২৫০০০ মেট্রিক টন।

(গ) প্রায় ৫২০০০ (বাহান্ন হাজার) হেক্টর জলাভূমিতে।

## বিদ্যুৎ সমবায় সমিতির কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের পাওনা অর্থ

২২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯) **শ্রী কমল মুখার্জী** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোন্ কোন্ বিদ্যুৎ সমবায় সমিতির কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের অর্থ পাওনা আছে ;

(খ) এই রূপ বকেয়া অর্থের পরিমাণ কত ; এবং

(গ) এই পাওনা অর্থ আদায়ের ব্যাপারে বিদ্যুৎ পর্ষদ কী কী পদক্ষেপ নিয়েছেন ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) সিঙ্গুর হরিপাল গ্রামীণ বিদ্যুৎ সমবায় সমিতির কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের বকেয়া অর্থ পাওনা আছে।

(খ) জানুয়ারী, ২০০৪ পর্যন্ত বকেয়া অর্থের পরিমাণ ৩১.৮৯২৮ কোটি টাকা।

(গ) বকেয়া অর্থ আদায়ের জন্য সমবায় সমিতিকে রাজ্য বিদ্যুৎ পর্ষদ থেকে নিয়মিত নোটিশ পাঠানো হচ্ছে।

## উদ্বাস্তু কলোনির উন্নয়ন

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮) **শ্রী কমল মুখার্জী** : শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ২০০০-২০০১ এবং ২০০১-২০০২ আর্থিক বছরে হুগলী জেলায় কোন কোন কলোনিতে কী ধরনের উন্নয়নের কাজ হয়েছে (তালিকাসহ) ; এবং

(খ) উক্ত খাতে

(১) বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ও

(২) উপরোক্ত সময়কালের মধ্যে অর্থের পরিমাণ কত ?

**শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) গত ২০০০-২০০১ আর্থিক বছরে হুগলী জেলায় কেন্দ্রীয় অর্থসাহায্যে একটি এবং ২০০১-২০০২ আর্থিক বছরে তিনটি উদ্বাস্তু কলোনিতে উন্নয়নের কাজ হয়েছে।

রাজ্য বাজেটের অধীনে ২০০০-২০০১ আর্থিক বছরে ওই জেলায় মোট আটটি এবং ২০০১-২০০২ আর্থিক বছরে একটি কলোনিতে উন্নয়নের কাজ হয়েছে।

কলোনিগুলিতে রাস্তা, পায়খানা, জল-সরবরাহ, কালভার্ট, গার্ডওয়াল ইত্যাদি নির্মাণের কাজ হয়েছে। কলোনিগুলির তালিকা :

(১) কেন্দ্রীয় সহায়তায় :

২০০০-২০০১ — লাহানগর

২০০১-২০০২ — ক্ষুদিরামপল্লী
নিরঞ্জনপল্লী
সরস্বতী

(২) রাজ্য বাজেট : ২০০০-২০০১—আদিসপ্তগ্রাম
আইদা কিসমৎ
বলাগড় (বারুজীবী)
বল্লভপুর
চম্পাহাটি
কাপাসডাঙ্গা
মহানদ
সরাই
২০০১-২০০২—বনসাই

(খ) (১) উক্ত খাতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কেন্দ্রীয় সহায়তা—

২০০০-২০০১ — ৩৯,৪০,৭৪২ টাকা

২০০১-২০০২ — ৫৪,৭৩,১৬১ টাকা

রাজ্য বাজেট :

২০০০-২০০১ — ১,০৭,৫৬,৬১৩ টাকা

২০০১-২০০২ — ১১,৩৩,৬০০ টাকা

(২) ব্যয়িত অর্থের পরিমাণ :

কেন্দ্রীয় সহায়তা :

২০০০-২০০১ — ৩৩,১১,৪৬৫ টাকা

২০০১-২০০২ — ৩৭,৩৯,১০৩ টাকা

রাজ্য বাজেট—

২০০০-২০০১ — ৮,০৫,৫৬৮ টাকা

২০০১-২০০২—

* এ পর্যন্ত প্রাপ্ত সদ্ব্যবহার শংসাপত্রের ভিত্তিতে।

## তাঁতশিল্প পুনরুজ্জীবন প্রকল্প

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯) **শ্রী শুভেন্দু চৌধুরী** : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের তাঁতশিল্পকে বাঁচানোর জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করছেন / করেছেন ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

রাজ্যের হস্ততাঁত শিল্পের বর্তমান সঙ্কটের জন্য যে দুর্বলতাগুলিকে চিহ্নিত করা যায়, সেগুলি হল—

(ক) নক্‌শার বৈচিত্র্যের অভাব,

(খ) রঙের স্থায়িত্ব এবং বৈচিত্র্যের অভাব,

(গ) উৎপাদিত বস্ত্রের বৈচিত্র্যের অভাব,

(ঘ) উপযুক্ত ফিনিসিং-এর অভাব।

রাজ্য সরকার এ বিষয়ে অবগত ও সচেতন আছেন এবং উপযুক্ত পরিকল্পনার মাধ্যমে তাঁতশিল্পের উপরোক্ত অসুবিধাগুলি দূরীকরণের লক্ষ্যে সচেষ্ট আছেন। এক্ষেত্রে গৃহীত সদর্থক পদক্ষেপগুলি নিম্নরূপ—

(১) নকশার আধুনিকীকরণের লক্ষ্যে ইতিমধ্যে তিনটি কমপিউটার ব্যবহারের মাধ্যমে নকশা উৎপাদনকেন্দ্র স্থাপিত হয়েছে। কেন্দ্রগুলি কলকাতায় ইলেকট্রনিক টেস্ট অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার, নদীয়ার শান্তিপুরে এবং হুগলী জেলায় ধনেখালিতে অবস্থিত।

(২) দীনদয়াল হাতকরঘা প্রোৎসাহন যোজনার অধীনে হস্ততাঁত শিল্পীদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ, উন্নতমানের তাঁত সরঞ্জাম সরবরাহ, আধুনিক নকশার উদ্ভাবন ও সরবরাহ, রঙের প্রয়োগ কৌশলের আধুনিকীকরণসহ বিভিন্ন প্রয়োজনীয় পদক্ষেপ গৃহীত হয়েছে, যাতে এ রাজ্যের তাঁতশিল্পীরা বাজারের চাহিদা এবং ক্রেতাসাধারণের রুচি অনুযায়ী বস্ত্র উৎপাদনের ক্ষেত্রে সফলতা অর্জন করতে পারে।

(৩) এ রাজ্যে উৎপাদিত রেশম বস্ত্রসামগ্রীর বেশিরভাগই কোরা থান যা পরবর্তীকালে ছাপা শাড়ি উৎপাদনের কাজে ব্যবহৃত হয়। এ রাজ্যের সিল্ক প্রিন্টিং শিল্প যথেষ্ট উন্নত হলেও ফিনিশিং-এর মান যথোপযুক্ত না হওয়ার কারণে অন্যান্য রাজ্যের ওপর এখানকার শিল্পীরা এই বিষয়ে নির্ভরশীল। ফলে, একদিকে যেমন রেশমকোরা থান উৎপাদনে নিযুক্ত হস্ততাঁতশিল্পীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন, অপরদিকে তেমনি সিল্ক প্রিন্টিং শিল্পও যথেষ্ট ক্ষতিগ্রস্ত হচ্ছে। সমস্যাটি সমাধানের উদ্দেশ্যে এন.সি.ডি.সি.-র আর্থিক সহযোগিতায় হুগলী জেলার শ্রীরামপুরে একটি অত্যাধুনিক রেশমজাত বস্ত্রের ফিনিসিং-এর কারখানা স্থাপনের প্রচেষ্টা চালানো হচ্ছে।

(৪) অভ্যন্তরীণ বাজার ছাড়াও স্কার্ফ, স্টোল ইত্যাদি হস্ততাঁত বস্ত্রসামগ্রীর বিশেষ চাহিদা রয়েছে বিদেশের বাজারে। এদিকে লক্ষ রেখে কেন্দ্রীয়

সরকার-পোষিত 'ডেভেলপমেন্ট অফ এক্সপোর্টেবল প্রোডাক্টস অ্যান্ড দেয়ার মার্কেটিং'। 'হ্যান্ডলুম এক্সপোর্ট স্কিম' কর্মসূচির অধীনে **১০টি** প্রকল্প রূপায়িত হচ্ছে, যার মাধ্যমে হস্ততাঁতশিল্পীদের রপ্তানিযোগ্য বস্ত্র উৎপাদনের প্রশিক্ষণ, উপযুক্ত নক্শা সরবরাহ এবং আন্তর্জাতিক স্তরে আয়োজিত রপ্তানিযোগ্য বস্ত্রের প্রদর্শনী ও মেলায় অংশগ্রহণসহ বিভিন্ন উৎসাহব্যঞ্জক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

(৫) বিদেশের বাজারে কৃত্রিম রঙের পরিবর্তে প্রাকৃতিক রং ব্যবহারকারী বস্ত্রের ক্রমবর্ধমান চাহিদার দিকে লক্ষ রেখে এ রাজ্যের তাঁতশিল্পীদের প্রাকৃতিক রং ব্যবহারে উৎসাহিত করা এবং এই পদ্ধতি প্রচলনের উদ্দেশ্যে বিশেষ ব্যবস্থা গৃহীত হয়েছে।

(৬) এ রাজ্যের হস্ততাঁত শিল্পীদের উৎপাদিত বস্ত্রসামগ্রীর বাজারে চাহিদা মূল্যায়নের জন্য আই.আই.এম. আমেদাবাদ-এর সহযোগিতায় একটি বাজার সমীক্ষার উদ্যোগ নেওয়া হয়েছে।

(৭) বাজারের বিশ্বায়নের ফলে উদ্ভূত পরিস্থিতির মোকাবিলার জন্য এবং অসাধু সংস্থা বা ব্যক্তিবর্গের কবল থেকে হস্ততাঁত শিল্পকে নিরাপদ রাখার উদ্দেশ্যে এ রাজ্যের চিরাচরিত হস্ততাঁত বস্ত্রসামগ্রীর জিওগ্রাফিকাল ইন্ডিকেশন অফ গুড্স (রেজিস্ট্রেশন অ্যান্ড প্রোজেকশন) অ্যাক্ট, ১৯৯৯-এর আওতায়, নিবন্ধীকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## রাজ্যে ইঞ্জিনিয়ারিং কলেজের অনুমোদন

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিগত ৫ বছরে কতগুলি ইঞ্জিনিয়ারিং কলেজ অনুমোদিত হয়েছে ?

(খ) তন্মধ্যে, কতগুলিতে পঠন-পাঠন শুরু হয়েছে ; এবং

(গ) উক্ত কলেজগুলিতে কী কী নিয়মে ছাত্র ভর্তি করা হচ্ছে ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) রাজ্যে বিগত ৫ বছরে অর্থাৎ ১৯৯৯ সাল হইতে ২০০৩ সাল পর্যন্ত মোট ৩১টি ইঞ্জিনিয়ারিং কলেজ অনুমোদিত হয়েছে।

(খ) অনুমোদিত ৩১টি ইঞ্জিনিয়ারিং কলেজের সবগুলিতেই পঠন-পাঠন শুরু হয়েছে।

(গ) উক্ত কলেজগুলিতে পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মেধা তালিকার ভিত্তিতে ছাত্র ভর্তি করা হচ্ছে। ২০০৩-২০০৪ শিক্ষাবর্ষ পর্যন্ত কেবলমাত্র বেসরকারি কলেজগুলিতে ৯৫ শতাংশ আসন উক্ত মেধা তালিকার ভিত্তিতে এবং বাকি ৫ শতাংশ আসন প্রবাসী ভারতীয় ছাত্র-ছাত্রীর জন্য সংরক্ষিত।

## সাংসদ ও বিধায়কদের উন্নয়ন তহবিলের টাকা বিদ্যুৎ খাতে খরচ

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিভিন্ন জেলায় সাংসদ ও বিধায়কদের উন্নয়ন তহবিলের টাকা রাজ্য বিদ্যুৎ পর্ষদ পুরোপুরি খরচ করতে পারেনি ; এবং

(খ) সত্যি হলে, ৩১.১২.২০০৩ পর্যন্ত কোন্ কোন্ জেলায় উক্ত খাতে প্রাপ্ত টাকার পূর্ণ ব্যবহার করা যায়নি, (পরিমাণসহ পৃথকভাবে) ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) কিছু কিছু ক্ষেত্রে নতুন গ্রাহকদের বিদ্যুৎ সংযোগে অনীহা, আবশ্যিক কার্যাবলী সম্পূর্ণ না করা, কিছু স্থানে বিদ্যুতায়নের কাজে বাধাদান এবং সঠিক সময়ে ঠিকমতো ম্যাচিং ম্যাটেরিয়াল না পাওয়ায় বিভিন্ন জেলায় সাংসদ ও বিধায়কদের উন্নয়ন তহবিলের টাকা পুরোপুরি খরচ করা সম্ভব হয়নি।

(খ) রাজ্য বিদ্যুৎ পর্ষদ সাংসদদের কাছ থেকে ৯৯৮৯ লক্ষ টাকা পেয়েছে তার মধ্যে ৯৮৬১ লক্ষ টাকা অর্থমূল্যে ৬১৪২টি স্কীম রূপায়ণের আদেশ দেওয়া হয়েছে। গত ৩১.১২.২০০৩ পর্যন্ত ৪৬৯২টি স্কীমের কাজ শেষ হয়েছে এবং ১৩৯৮টি স্কীমের কাজ চলছে। মোট ৬২১৩ লক্ষ টাকা খরচের হিসাব দেওয়া হয়েছে।

রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিধায়কদের কাছ থেকে ১৩৯৯ লক্ষ টাকা পেয়েছে। তার মধ্যে ১৬৭২টি স্কীম রূপায়ণের কাজ শুরু হয়েছে যার অর্থমূল্য ১৩৩৪ লক্ষ টাকা। মোট ৬৪০টি জায়গায় কাজ শেষ হয়েছে এবং ৯৫২টি জায়গায় কাজ চলছে। ৬.৭৩ কোটি টাকার খরচের হিসাব গত ৩১.১২.২০০৩ পর্যন্ত দেওয়া হয়েছে।

(জেলাভিত্তিক তথ্য অনুলগ্নে দেওয়া হল)

| জেলা | সাংসদ উন্নয়ন তহবিল প্রাপ্ত অর্থ (লক্ষ টাকায়) | সাংসদ উন্নয়ন তহবিল ৩১/১২/২০০৩ পর্যন্ত ব্যবহৃত অর্থ (লক্ষ টাঃ) | সাংসদ উন্নয়ন তহবিল অব্যবহৃত অর্থ (লক্ষ টাকায়) | বিধায়ক উন্নয়ন তহবিল প্রাপ্ত অর্থ (লক্ষ টাকায়) | বিধায়ক উন্নয়ন তহবিল ৩১/১২/২০০৩ পর্যন্ত ব্যবহৃত অর্থ (লক্ষ টাঃ) | বিধায়ক উন্নয়ন তহবিল অব্যবহৃত অর্থ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| ১ দক্ষিণ ২৪-পরগনা | ৯০৩.৫২ | ৪৭৫.৫৪ | ৪২৭.৯৮ | ২০৪.২৫ | ৪৯.৩৩ | ১৫৪.৯২ |
| ২ উত্তর ২৪-পরগনা | ৪০৫.১০ | ১৯৫.১৬ | ২০৯.৯৪ | ২৬.৬২ | ৮.৬৭ | ১৭.৯৫ |
| ৩ হাওড়া | ৬৭৩.৪৮ | ৫৮৫.৫৮ | ৮৭.৯০ | ১৪৫.২৬ | ৭৬.৫৬ | ৬৮.৭০ |
| ৪ হুগলী | ২৭৪.১২ | ২১৬.২৩ | ৫৭.৮৯ | ৯০.৬৮ | ৩৭.৬২ | ৫৩.০৬ |
| ৫ বর্ধমান | ১২৪৭.০৮ | ৮৮৫.২৭ | ৩৬১.৮১ | ১৮০.৩১ | ৭৯.০৪ | ১০১.২৭ |
| ৬ বীরভূম | ৭৫৬.৭৬ | ৬১৯.৮২ | ১৩৬.৯৪ | ৫৮.১৫ | ২৯.০০ | ২৯.১৫ |
| ৭ পশ্চিম মেদিনীপুর | ১৪০১.১৩ | ১১৫৮.৪৪ | ২৪২.৬৯ | ১৩৯.০৯ | ৩৩.৩৮ | ১০৫.৭১ |
| ৮ পূর্ব মেদিনীপুর | ৪৯৩.৭০ | ৩৬০.৪৭ | ১৩৩.২৩ | ১.৭৮ | ০.৮৬ | .৯২ |
| ৯ বাঁকুড়া | ৬৯৮.৫৪ | ৬১৮.০১ | ৮০.৫৩ | ৪৮.৭৪ | ১৬.২৯ | ৩২.৪৯ |
| ১০ পুরুলিয়া | ৫৪৫.৪৮ | ৪৯৪.৭২ | ৫০.৭৬ | ৬৯.৭৬ | ৪৫.৮৮ | ২৩.৮৮ |
| ১১ নদীয়া | ৬৫৬.৪২ | ৩৮০.০৫ | ২৭৬.৩৭ | ১৮৫.৬০ | ৪২.৩৮ | ১৪৩.২২ |
| ১২ মুর্শিদাবাদ | ৪২৫.৮৬ | ৩৭৩.৩৩ | ৫২.৫৩ | ২৮.৫৪ | ১২.০৯ | ১৬.৪৫ |
| ১৩ মালদহ | ৪৫০.২৬ | ৩৪১.৯৩ | ১০৮.৩৩ | ৪১.৩৭ | ১৯.৯৪ | ২১.৪৩ |
| ১৪ দক্ষিণ দিনাজপুর | ২১৬.৬৬ | ১৮০.৪২ | ৩৬.২৪ | ২৫.৪৭ | ১১.৩৯ | ১৪.০৮ |
| ১৫ উত্তর দিনাজপুর | ১১৩.৪৩ | ৮২.৩৪ | ৩১.০৯ | ৩৪.০২ | ০.০০ | ৩৪.০২ |
| ১৬ জলপাইগুড়ি | ৩৮০.৮৮ | ২৪৭.৬৫ | ১৩৩.২৩ | ৮৭.৬০ | ২৪.০৮ | ৬৩.৫২ |
| ১৭ কোচবিহার | ২৫৫.৭৮ | ৯৫.৫৭ | ১৬০.২১ | ৩২.৫২ | ১২.০৯ | ২০.৪৩ |
| ১৮ দার্জিলিং | ৯১.৭০ | ৩৮.০০ | ৫৩.৭০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট : | ৯৯৮৯.৯০ | ৭৩২৮.৫৩ | ২৬৬১.৩৭ | ১৩৯৯.৭৬ | ৪৯৮.৬০ | ৯০১.১৬ |

## প্রাথমিক বিদ্যালয়ে দ্বিপ্রাহরিক খাদ্যবণ্টন ব্যবস্থা

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি প্রাথমিক বিদ্যালয়ে ২০০৩-২০০৪ শিক্ষাবর্ষে দ্বিপ্রাহরিক খাদ্য বণ্টন ব্যবস্থা চালু করা হয়েছে ; এবং

(খ) এই ব্যবস্থায় কতজন ছাত্র-ছাত্রী উপকৃত হয়েছে ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এই রাজ্যের মোট ৬২,৪১০টি প্রাথমিক বিদ্যালয়ে (শিশু শিক্ষাকেন্দ্র সহ) দ্বি-প্রাহরিক খাদ্য (চাল) বণ্টন ব্যবস্থা চালু করা হয়েছে।

উপরোক্ত বিদ্যালয়গুলির মধ্যে ৬০০০টি প্রাথমিক বিদ্যালয়ে রান্না করা খাদ্য বণ্টন ব্যবস্থা চালু করা হয়েছে।

(খ) প্রথম ক্ষেত্রে, রাজ্যের ১,০২,৬৮,৬৮৩ জন ছাত্র-ছাত্রী উপকৃত হয়েছে।

দ্বিতীয় ক্ষেত্রে, রাজ্যের ১৪টি জেলার প্রায় ৯,৫১,২২৫ জন ছাত্র-ছাত্রী উপকৃত হয়েছে।

## সরকারি হাসপাতালের জনসংযোগ

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭) **শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার হাসপাতালের জনসংযোগের দায়িত্ব বেসরকারি সংগঠনের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করছেন ; এবং

(খ) সত্যি হলে, এই সিদ্ধান্ত গ্রহণের কারণ কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## বিড়লাপুর হাসপাতাল

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২১০) **শ্রীমতী সোনালী গুহ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিড়লাপুরের হাসপাতালটি দীর্ঘদিন বন্ধ হয়ে পড়ে আছে ; এবং

(খ) সত্যি হলে, সেটি চালু করার ব্যাপারে কী কী উদ্যোগ গ্রহণ করেছেন ?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ই.এস.আই. (এম.পি.) স্কীমের কোনও হাসপাতাল বিড়লাপুরে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## জুনিয়ার হাইস্কুলকে মাধ্যমিকস্তরে উন্নীতকরণ

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২২২) **শ্রীমতী সোনালী গুহ :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

গত আর্থিক বছরে কতগুলো জুনিয়ার হাইস্কুলকে মাধ্যমিকস্তরে উন্নীত করা হয়েছে ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

২০০২-২০০৩ শিক্ষাবর্ষে ৩টি অনুদানযুক্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ বিদ্যালয়ে উন্নীতকরণের সুপারিশ করা হয়েছে।

## বাওয়ালী থেকে পুটখালি পর্যন্ত রাস্তা সম্প্রসারণ

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৪) **শ্রীমতী সোনালী গুহ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

বাওয়ালী থেকে পুটখালি পর্যন্ত রাস্তার সম্প্রসারণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

উক্ত রাস্তাটির সম্প্রসারণের কাজ নাবার্ডের সহযোগিতায় করার জন্য প্রকল্প পেশ করা হয়েছিল। অনুমোদন পাওয়া যায় নাই।

## যশোহর রোডের ধারে কীটদষ্ট গাছ

৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, যশোহর রোডের (এন.এইচ-৩৫) উপরে অবস্থিত বিশেষ করে বনগাঁ, গাইঘাটা ও অশোকনগরের একাংশে পুরানো গাছগুলি পোকায় বিনষ্ট করে দিচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, সেইসব মূল্যবান গাছগুলিকে পোকার হাত থেকে রক্ষা করার ব্যাপারে সরকার কি চিন্তা-ভাবনা করছেন ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এ বিষয়ে কোনো তথ্য জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## জলপথ নিগমের লঞ্চ/জাহাজ

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক ও শ্রী অরুণাভ ঘোষ :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ জলপথ নিগমের অধীনে কতগুলো লঞ্চ/জাহাজ আছে ;

(খ) তন্মধ্যে, কতগুলি হুগলী নদীতে ব্যবহৃত হয় ; এবং

(গ) এইসব লঞ্চ/জাহাজ কী পদ্ধতিতে সংগৃহীত হয় ?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) পরিবহণ দপ্তরের অধীনে পশ্চিমবঙ্গ জলপথ নিগম নামে কোনো সংস্থা নেই। পরিবহণ দপ্তরের অধীন পশ্চিমবঙ্গ ভূতল পরিবহণ নিগমের অধীনে বর্তমানে মোট ২৩টি লঞ্চ আছে।

(খ) নিয়মিতভাবে ৮ (আটটি) লঞ্চ হুগলী নদীতে ব্যবহৃত হয়।

(গ) দৈনিক সংবাদপত্রে টেন্ডার ডেকে ডবলু.বি.এস.টি.সি. লঞ্চ খরিদ করে।

## কলকাতা, হাওড়া, হুগলী ও ২৪-পরগনা জেলা বাদে অন্য জেলায় শিল্প বিনিয়োগের পরিমাণ

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৯) **শ্রী ধনঞ্জয় মোদক:** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) জানুয়ারী ২০০১ থেকে ডিসেম্বর ২০০৩ পর্যন্ত কলকাতা, হাওড়া, হুগলী, ২৪-পরগনা (উত্তর ও দক্ষিণ) বাদে অন্য জেলাগুলিতে শিল্প বিনিয়োগের পরিমাণ কত (জেলাওয়ারি হিসাব) ; এবং

(খ) ওইসব শিল্পে সরাসরি কর্মসংস্থানের সংখ্যা কত ?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) জানুয়ারী ২০০১ থেকে ডিসেম্বর ২০০৩ পর্যন্ত কলকাতা, হাওড়া, হুগলী, ২৪-পরগনা (উত্তর ও দক্ষিণ) বাদে অন্য জেলাগুলিতে মাঝারি ও বৃহৎ শিল্পে বিনিয়োগের পরিমাণ সংযোজিত করা হল।

(খ) উপরোক্ত জেলাগুলিতে এইসব শিল্পে বিনিয়োগকারীদের ঘোষণা অনুযায়ী সরাসরি কর্মসংস্থান হয়েছে ২১,২৯৪ কর্মীর।

(বিনিয়োগ : কোটি টাকার হিসেবে)

| বছর | | বাঁকুড়া | বীরভূম | বর্ধমান | কোচবিহার | দার্জিলিং | জলপাইগুড়ি | মালদা | মেদিনীপুর | নদীয়া | উত্তর দিনাজপুর | পুরুলিয়া | দক্ষিণ দিনাজপুর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০০১ | বিনিয়োগ | ০.৫০ | — | ২৫৩.১৫ | ২.৬১ | ৬৪.৪৭ | — | ১০০.০০ | ৯৯৪.৭৭ | ৩৮.১২ | ৩.২৮ | ৯.৩৭ | — |
| ২০০২ | বিনিয়োগ | ৪০.৯৫ | ১.৭১ | ৩৭১.৬৯ | ৬.৪৪ | ৩২.৬৫ | ২৯.২৮ | — | ১০২৯.৫৭ | ৩.২৫ | ৩.৩০ | ১১.৬২ | — |
| ২০০৩ | বিনিয়োগ | ১০৫.৪৯ | ৯.৫৯ | ৪৮৭.৯৬ | — | ১৫.৫৬ | ৩১.৪০ | ৭.০০ | ১০৬৮.০৯ | ৫৬.০৪ | ৮.৩২ | ১০৩.৩২ | ১.১৮ |

মেদিনীপুর জেলার হিসাবের সময় পূর্ব ও পশ্চিম মেদিনীপুরকে একসঙ্গে দেখানো হয়েছে।

## জন্মশতবর্ষে কবি হেমচন্দ্র বাগচীর রচনা সংকলন প্রকাশ

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৫) **শ্রী ধনঞ্জয় মোদক:** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

কবি হেমচন্দ্র বাগচীর জন্মশতবর্ষে তাঁর রচনাসংকলন প্রকাশ ও নদীয়ার কালীগঞ্জের গোকুল নগরে তাঁর জন্মভিটায় স্মৃতিফলক স্থাপনের ব্যাপারে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

না।

## নদীয়া ও মুর্শিদাবাদ জেলায় নল-বাহিত পানীয় জল সরবরাহ

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৮) **শ্রী ধনঞ্জয় মোদক:** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়ার পলাশীতে গঙ্গার জল পরিশোধন করে নদীয়া ও মুর্শিদাবাদের বিস্তৃত এলাকায় নলবাহিত জল সরবরাহের একটি পরিকল্পনা নেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে, ওই পরিকল্পনার রূপরেখা কীরূপ ; এবং

(গ) কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

**জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) নদীয়া জেলার কালিগঞ্জ, নাকাশিপাড়া ও কৃষ্ণনগর ২ নং ব্লকে সম্পূর্ণভাবে এবং তেহট্ট ১ নং ও ২ নং ব্লক এবং নবদ্বীপ ব্লকে আংশিকভাবে ২১৩.৫০ কোটি টাকার একটি প্রকল্প রূপায়ণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(গ) দ্বিপাক্ষিক সহযোগিতা লাভের জন্য প্রকল্পটি ভারত সরকারের নিকট পেশ করা হয়েছে।

## পুনরায় জমি জরিপের পরিকল্পনা

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৯) **শ্রী ধনঞ্জয় মোদক:** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সমস্ত জমি পুনরায় জরিপ করার কোনো পরিকল্পনা সরকার নিয়েছেন কি; এবং

(খ) নিয়ে থাকলে, কবে নাগাদ এই কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

## কয়েদীদের সময়সীমার পূর্বে মুক্তি

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ২০০৩-২০০৪ আর্থিক বছরে এ রাজ্যে যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত কয়েদীদের সময়সীমার পূর্বে মুক্তির বিষয়ে কোনো বিবেচনা করা হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, মোট কতগুলি ক্ষেত্রে বিবেচনা করা হয়েছে ; এবং

(গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে মুক্তিপ্রাপ্ত কয়েদীদের সংখ্যা কত ?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ। বিবেচনা করা হয়েছে।

(খ) ২০০৩ সালের এপ্রিল মাস থেকে ২০০৪-এর ফেব্রুয়ারি মাস পর্যন্ত মোট ৫৫ (পঞ্চান্ন)টি ক্ষেত্রে বিবেচনা করা হয়েছে।

(গ) উপরোক্ত সময়সীমায় মোট ১৮ (আঠারো) জন যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত বন্দীকে মুক্তি দেওয়া হয়েছে।

## ভূমি রাজস্ব ও সেস আদায়

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৯১) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ২০০৩-০৪ আর্থিক বছরে এ রাজ্যে ভূমিরাজস্ব ও সেস আদায়ের কোনো লক্ষ্যমাত্রা ছিল কি না ;

(খ) থাকলে, লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(গ) ২০০৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত আদায়ীকৃত রাজস্ব ও সেসের পরিমাণ কত ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ। ছিল।

(খ) সর্বমোট ২২৫ কোটি টাকা।

(গ) ২০০৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত আদায়ীকৃত রাজস্বের পরিমাণ হল ৬২.৫৭ কোটি টাকা।

## শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তা

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যের বিশ্ববিদ্যালয়সহ কয়েকটি প্রযুক্তি ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানের আধুনিকীকরণের জন্য বিশ্বব্যাঙ্ক আর্থিক সহায়তা দিচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, আর্থিক সহায়তার মোট পরিমাণ কত ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, এটা সত্য যে ভারত সরকারের MHRD-এর একটা সংস্থা নয়ডার National Project Implementation Unit (NPIU), Technical Education Quality Improvement Programme (TEQIP)-এ (যা বিশ্বব্যাঙ্কের সহযোগিতাপ্রাপ্ত) অংশগ্রহণের জন্য প্রাথমিক স্তরে পশ্চিমবঙ্গের কিছু নির্বাচিত কারিগরী শিক্ষাপ্রতিষ্ঠানকে চিহ্নিত করেছে।

এই পরিকল্পনার দ্বিতীয় স্তরের প্রথম পর্বে দুটো বিশ্ববিদ্যালয় এবং একটি ডিম্‌ড (Deemed) বিশ্ববিদ্যালয় Lead Institution হিসাবে নির্বাচিত হয়েছে। একই সঙ্গে চারটে স্নাতক স্তরের সরকারি ইঞ্জিনিয়ারিং এবং কারিগরী কলেজ ও আরও চারটে বেসরকারি স্নাতক স্তরের ইঞ্জিনিয়ারিং ও কারিগরী কলেজ উপরিউক্ত (TEQIP) পরিকল্পনায় নেটওয়ার্ক শিক্ষাপ্রতিষ্ঠান হিসাবে নির্বাচিত হয়েছে।

(খ) মনোনীত কারিগরী কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলো তাদের নিজস্ব খসড়া প্রস্তাবগুচ্ছ চূড়ান্ত করার পর্যায়ে রয়েছে। এই প্রস্তাবগুলো সম্পূর্ণ হলে পশ্চিমবঙ্গ সরকার সেগুলো ভারত সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক বিভাগে পাঠাবে। এক বিশেষজ্ঞ দল কর্তৃক উক্ত প্রস্তাবগুচ্ছ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনার পরেই বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তার পরিমাণ জানতে পারা যাবে।

## New legislation on use of Plastics

41. (Admitted Question No. 314) **Shri Ambica Banerjee & Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Environment Department be pleased to state–

(a) whether it is a fact that the State Government is bringing new legislation to limit the use of Plastics ; and

(b) If so, details of the proposals ?

**Minister-in-Charge of the Environment Department :**

(a) Yes.

(b) The Bill is in process and will be placed before the West Bengal Legislative Assembly.

## Fire in Leather Factory

42. (Admitted Question No. 322) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Fire Services Department be pleased to state–

(a) whether 3 (three) persons were killed in a fire in a Leather Factory at Tangra on the 8th February, 2004 ;

(b) If so, cause of the fire ;

(c) whether any steps have been taken against those whose negligence caused the fire ; and

(d) compensation paid to the Families of the dead ?

**Minister-in-Charge of the Fire Services Department :**

(a) As per Report 5 (Five) persons died.

(b) The matter has been referred to Forensic Science Laboratory report about the cause of Fire.

(c) F.I.R. was lodged and according to report 3 persons were arrested.

(d) There is no provision for payment of compensation by Government.

## Removal of Soil from the Padma Banks

43. (Admitted Question No. 323) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Irrigation & Waterways Department be pleased to state–

(a) whether large scale removal of soil from the banks of Padma in Murshidabad is causing a threat of serious erosion ; and

(b) if so, steps taken by the Government to prevent such removal ?

**Minister-in-Charge of the Irrigation & Waterways Department :**

(a) Large scale removal of soil (mainly for brick-fields) from near the bank of river Padma in the district of Murshidabad is causing a threat of serious erosion, unless the same is arrested now.

(b) F.I.R. has already been lodged for such unauthorised acts (committed by some miscreants) at Dhulian area in P.S. Samserganj under intimation to the concerned Block Development Officer (BDO) and the Block Land & Land Reforms Officer (BL & LRO) etc. in the month of January, 2004.

## L.P.G. Run Private Cars

44. (Admitted Question No. 327) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Transport Department be pleased to state–

(a) whether the State Government has proposed to introduce LPG for use in Private Cars ;

(b) If so, details of the proposal ; and

(c) the process of its implementation ?

**Minister-in-Charge of the Transport Department :**

(a) To comply with the order of the Hon'ble Kolkata High Court State Govt. has issued instructions that all vehicles plying in Kolkata Metropolitan Area shall be Bharat Stage-II compliant on run by LPG w.e.f. 2.4.04.

(b) As per order dated 03.04.2003 of the Hon'ble Division Bench presided over by the Hon'ble Chief Justice of Calcutta High Court as passed in W.P. 2062 of 1999, all kinds of vehicles plying within Kolkata Metropolitan Area shall be Bharat Stage-II Emission Norms compliant or run by CNG/LPG w.e.f. 02.04.2004. As CNG (compressed Natural Gas) is not available in this Region,

provision for running petrol cars in LPG by way of retrofitment of LPG kit has been made.

(c) Conversion of petrol run vehicles to LPG driven ones will require retrofitment of LPG kits approved by the State Govt. For this purpose Rule 71A has been introduced in the W.B.M.V. Rules, 1989. The process of licensing of workshops wherein such retrofitment can be done has been initiated.

## Code of Conduct for school teachers

45. (Admitted Question No. 344) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the School Education Department be pleased to state–

(a) whether a new code of conduct for school teachers is being introduced from coming academic session ;

(b) if so, reasons thereof and ;

(c) the salient features of the scheme ?

**Minister-in-Charge of the School Education Department:**

(a), (b), (c) No proposal for introducing any code of conduct for teachers has been considered by State Government, but West Bengal Board of Secondary Education has taken an initiative to introduce Professional ethics for teachers. The matter has not yet been finalised.

## উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ দপ্তরে কর্মী অবসর

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৪) **শ্রী নিয়ামত সেখ এবং শ্রী চিত্তরঞ্জন রায় :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাজ্য পরিবহণ দপ্তরে গত পাঁচ বছরে মোট কতজন কর্মী অবসর গ্রহণ করেছেন ; এবং

(খ) তন্মধ্যে, কতজন অবসরপ্রাপ্ত কর্মী বর্তমানে পেনসন পাচ্ছেন ?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৬৬০ জন।

(খ) কেউ নয়।

## Number of cases for Sound Pollution during 2003

47. (Admitted Question No. 359) **Shri Chittaranjan Roy :** Will the Minister-in-Charge of the Environment Department be pleased to state–

(a) number of cases registered during 2003 for sound pollution in the State ; and

(b) steps taken therefore ?

**Minister-in-Charge of the Environment Department :**

(a) The source of sound pollutions are ;

- Use of microphones
- Use of generators
- During manufacturing process in the factories

(a.1) During 2003 puja festivals, the State Board received around 46 nos. of public complaints for use of microphones violating the environmental norms.

(a.2) During 2003-2004, the State Board also received 1843 nos. of public complaints out of which 267 nos. of public complaints are for sound pollution.

(b) All complaint cases received during puja festivals were duly inspected and stopped. All such erring puja committees were directed to pay pollution cost ranging from Rs. 1,000/- to Rs. 10,000/-

All complaint cases as referred in (a.2) were also duly inspected after conducting hearing, necessary directions were issued for controlling of the noise pollution.

## নতুন ভূমিসংস্কার আইন ও রাজস্ব বৃদ্ধি

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৬) **শ্রী কাশীনাথ মিশ্র :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন, ১৯৫৫ সংশোধন করে সেচ-সেবিত এলাকায় ৪ একরের বেশি এবং অসেচ সেবিত এলাকায় ৬ একরের বেশি জমির রাজস্বের হার একর প্রতি ৭ টাকা থেকে ২০ টাকায় বৃদ্ধি হয়েছে ;

(খ) সত্যি হলে, ২০০৩-২০০৪ আর্থিক বছরে (৩১.১.০৪ পর্যন্ত) কত পরিমাণ রাজস্ব আদায় হয়েছে ; এবং

(গ) বর্তমানে খাজনা তালিকা প্রস্তুতির কাজ অসম্পূর্ণ থাকার কারণ কি ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ। পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন, ১৯৫৫-এর ২০০০ সালের সংশোধনী অনুযায়ী ১৪০৮ সালের ১লা বৈশাখ থেকে সেচ এলাকায় ৪ একর ও অসেচ এলাকায় ৬ একরের বেশি জমির রাজস্বের হার একর প্রতি ৯ টাকা থেকে ২০ টাকা বৃদ্ধি হয়েছে।

(খ) ২০০৩-২০০৪ আর্থিক বছরে (৩১.০১.০৪ পর্যন্ত) ৭৬.৮৬ কোটি টাকা রাজস্ব আদায় হয়েছে।

(গ) প্রথমত বিগত বেশ কয়েক বৎসর যাবৎ আইনগত জটিলতার কারণে বহু ক্ষেত্রে খাজনা আদায় বন্ধ ছিল। দ্বিতীয়ত বহু জেলাতে জমির স্বত্বলিপির কাজ সম্পূর্ণ হয়নি।

## অগ্নি নির্বাপণ পরিষেবা ফি

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮২) **শ্রী কাশীনাথ মিশ্র** : অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অগ্নিকাণ্ড নিরাপত্তা বিষয়ে পরিষেবা বাবদ ফি হিসাবে ২০০৩-২০০৪-এর আর্থিক বছরের ৩১.০১.২০০৪ পর্যন্ত কত টাকা আদায় করা সম্ভব হয়েছে ?

**অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

পরিষেবা বাবদ মোট ১,৩৭,৩২,৭৪২ টাকা আদায় করা সম্ভব হয়েছে।

ফায়ার লাইসেন্স ফি বাবদ আদায় হয়েছে ১,১৫,০৫,০০০.০০ টাকা।

## ২০০৩-২০০৪ আর্থিক বছরে বঙ্গভবন সহ সরকারি অতিথিশালা থেকে আয়

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯২) **শ্রী কাশীনাথ মিশ্র** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

রাজ্যের সরকারি অতিথিশালাগুলিসহ দিল্লির বঙ্গভবনের ভাড়া বাবদ ২০০৩-২০০৪ আর্থিক বছরে (৩১.০১.২০০৪ পর্যন্ত) কত টাকা আদায় করা হয়েছে ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

| | | |
|---|---|---|
| ১। স্টেট গভর্নমেন্ট গেস্ট হাউস<br>(২ নং কিড্ স্ট্রিট, কলকাতা। ১২.০১.২০০৪ পর্যন্ত) | টাকা | ৭,৭৩,৭৭৫.০০ |

২। স্টেট গভর্নমেন্ট সার্কিট হাউস টাকা ৭,২৭,০৩৭.০০
(৯/১, হাঙ্গারফোর্ড স্ট্রিট, কলকাতা)

৩। বঙ্গভবন টাকা ৪০,৪৩,১৬৭.০০
৩ নং হেইলি রোড (নিউ দিল্লি)।

## বাঁকুড়া জেলায় খাস জমির পরিমাণ

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৯) **শ্রী কাশীনাথ মিশ্র :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় খাস জমির পরিমাণ কত ; এবং

(খ) তন্মধ্যে, বণ্টনযোগ্য জমির পরিমাণ কত ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৩১শে জানুয়ারী, ২০০৪ তারিখ পর্যন্ত বাঁকুড়া জেলায় খাস ঘোষিত মোট কৃষিভূমির পরিমাণ - ৭১৪৮৬ একর।

(খ) ওই একই তারিখে বকেয়া বণ্টনযোগ্য জমির পরিমাণ - ৩১৯২ একর।

## সরকারি বাস তুলে দেওয়ার পরিকল্পনা

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৪২০) **শ্রী অজয় দে :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কলকাতা থেকে সরকারি বাস তুলে দেওয়ার কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা ; এবং

(খ) হয়ে থাকলে, সংশ্লিষ্ট বাসগুলি বেসরকারি সংস্থার হাতে তুলে দেওয়ার পরিকল্পনা আছে কি না ?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

## খড়দহ, নোয়াই ও বাগজোলা খাল সংস্কার

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৫) **শ্রী নির্মল ঘোষ :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে খড়দহ, নোয়াই এবং বাগজোলা খাল সংস্কারের কাজ কী পর্যায়ে আছে ; এবং

(খ) উক্ত কাজে বরাদ্দ টাকার পরিমাণ কত (পৃথক পৃথকভাবে) ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) 'Development of Comprehensive Drainage Systems in the Kolkata Metropolitan Area on the eastern Bank of River Hooghly' এই নামে কলকাতা ও দুই চব্বিশ পরগনার সেচ দপ্তরের অধীন নিকাশি নালাগুলির সংস্কারার্থে ২০০০ সালের মার্চ মাস থেকে একটি কাজ শুরু করা হয় এবং বর্তমান হিসাব অনুযায়ী ১৩২ কোটি টাকা খরচ করা হয়। হাডকো থেকে ঋণ হিসাবে এই টাকা পাওয়ার বন্দোবস্ত করা হয়, উপরোক্ত খালগুলির সংস্কার এই কাজেরই একটি অংশ।

**খড়দহ খাল** : এই খালের কিছু প্রয়োজনীয় অংশের সংস্কারের কাজ প্রধানত খড়দহ ও পানিহাটি এই দুই পৌরসভার দ্বারা হয় এবং তার অর্থ সেচ দপ্তর ওই ঋণ করা অর্থ থেকে দেয়। মূল খালের ওই নির্ধারিত কাজ আগেই শেষ হয়েছে। একটি শাখা খালের কিছু সংস্কারের কাজ সেচ দপ্তর করছে। ২/১ মাসেই শেষ হবে।

এই খালের শিয়ালদহ-রানাঘাট মেন লাইন (পূর্ব রেলওয়ে)-এর Crossing Point-এ একটি নতুন রেলওয়ে কালভার্ট-এর কাজ শেষ হয়েছে ও খালের বহন ক্ষমতা বাড়ানো হয়েছে। এই খালের বি.টি. রোড Crossing Point-এ চওড়া করার কাজ নভেম্বর '০৪-এ আরম্ভ হবে আশা করা হচ্ছে।

**বাগজোলা খাল** : বি.টি. রোডের ডানলপ-এর কাছ থেকে এই খাল শুরু হয়ে প্রায় ৪০ কিলোমিটার পথ অতিক্রম করে কুলটি নদীতে এসে মিশেছে। খালের পুনর্খননের কাজ প্রায় শেষ। তিনটি সড়ক সেতু ও একটি রেলসেতু নতুন করা হয়েছে ও খালের বহন ক্ষমতা বাড়ানো হয়েছে। আর একটি সড়ক সেতুর কাজ চলছে। আশা করা যায় মাস তিনেকের মধ্যেই শেষ হয়ে যাবে।

এই খালের কুলটি নদীর সংগমের কাছে একটি ১৬৫০ কিউসেক ক্ষমতাসম্পন্ন বড়ো পাম্প হাউস নির্মাণের কাজ এগিয়ে চলছে, আশা করা যায় আগামী আগস্ট, ২০০৪-এর মধ্যে এর কাজ শেষ হবে। এই খালের শাখা খালের কাজ প্রধানত মিউনিসিপ্যালিটির দ্বারা সম্পাদিত হয়েছে।

**নোয়াই খাল** : এই খালের দৈর্ঘ্য প্রায় ২৯ কিলোমিটার এবং এই খালের প্রথম ৪ কিলোমিটার জলা অংশ বাদে ২৫ কিলোমিটারের কাজ এই প্রকল্পে হাতে নেওয়া হয়েছে। এই খালের পুনর্খননের কাজ প্রায় শেষের দিকে। আশা করা যায় মাস তিনেকের মধ্যে কাজ সম্পূর্ণ হবে। এই খালের শাখা খালের কিছু কাজ মিউনিসিপ্যালিটি ও পঞ্চায়েত সমিতির মাধ্যমে করা হয়েছে।

(খ) উক্ত কাজে বরাদ্দকৃত টাকার পরিমাণ নিম্নরূপ :

**খড়দহ** : বর্তমান হিসাবের পরিপ্রেক্ষিতে এই খালের যাবতীয় কাজের জন্য প্রায় ৪৪০ লক্ষ টাকা ধরা আছে।

**বাগজোলা** : বর্তমান হিসাবের পরিপ্রেক্ষিতে এই খালের যাবতীয় কাজের জন্য প্রায় ৪৩০০ লক্ষ টাকা ধরা আছে।

**নোয়াই** : বর্তমান হিসাবের পরিপ্রেক্ষিতে এই খালের যাবতীয় কাজের জন্য প্রায় ২,১৪০ লক্ষ টাকা ধরা আছে।

## মধ্যমগ্রাম-বারাসাত রোড পার্শ্বস্থ ড্রেন

৫৪ (অনুমোদিত প্রশ্ন নং ৪৫১) **শ্রী নির্মল ঘোষ** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মধ্যমগ্রাম-বারাসাত রোডের পার্শ্বস্থ ড্রেনেজ প্রকল্পের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ;

(খ) ওই প্রকল্পে বরাদ্দকৃত অর্থ কত ছিল ; এবং

(গ) সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী ওই খাতে কত টাকা খরচ হয়েছে ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) সোদপুর-মধ্যমগ্রাম রোডের বাঁদিকের নয়ানজুলি বরাবর (যাহা প্রশ্নে মধ্যমগ্রাম বা বারাসাত রোড নামে উল্লেখ করা হয়েছে) ড্রেনেজ প্রকল্পটি বর্তমানে অর্ধসমাপ্ত অবস্থায় আছে। উক্ত রাস্তার বামদিকে প্রথম পর্যায়ে বিডিও অফিস থেকে শুরু করে রীতা অ্যাপার্টমেন্ট পর্যন্ত অংশের কাজ ২০০১ সালে সমাপ্ত হয়েছে। দ্বিতীয় পর্যায়ে রীতা অ্যাপার্টমেন্ট থেকে নোয়াই খাল পর্যন্ত অংশের কাজ কিছুটা হয়েছে এবং অনতিবিলম্বেই শেষ করা হবে। কাজটি উত্তর চব্বিশ পরগনা জেলা পরিষদের অন্তর্গত ব্যারাকপুর ২ নং পঞ্চায়েত সমিতির দ্বারা রূপায়িত হচ্ছে।

(খ) উপরিউক্ত দুটি পর্যায়ের জন্য প্রাথমিক বরাদ্দ ছিল যথাক্রমে ১৪.৫৪ লক্ষ টাকা এবং ২৮.৪৫ লক্ষ টাকা। পরবর্তী সময়ে দ্বিতীয় পর্যায়ের জন্য সংশোধিত প্রাক্কলনের পরিমাণ স্থিরীকৃত হয় ৬৭.৩৮ লক্ষ টাকা।

(গ) সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রথম পর্যায়ের জন্য ১৪.৫০ লক্ষ টাকা এবং দ্বিতীয় পর্যায়ে ২৮.৫০ লক্ষ ইতিমধ্যে খরচ হয়ে গেছে।

## উত্তর ২৪-পরগনা জেলায় যশোর রোড মেরামতি

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৫) **শ্রী নির্মল ঘোষ :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার যশোর রোড মেরামতির কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(খ) বর্তমান আর্থিক বৎসরে মেরামতির জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) যশোর রোডের রাজ্য সরকারের অধীন অংশের মেরামতির কাজ শুরু হয়েছে এবং বাকি অংশ যা জাতীয় সড়ক ৩৪ ও ৩৫-এর অন্তর্ভুক্ত তার কাজ শুরু হবে।

(খ) বর্তমান আর্থিক বৎসরে মেরামতির জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১০৭০.৬০ টাকা।

## ভূমি রাজস্ব বাবদ আয়

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৫) **শ্রী কাশীনাথ মিশ্র :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০১-২০০২, ২০০২-২০০৩ এবং ২০০৩-২০০৪ (৩১শে জানুয়ারী, ২০০৪ পর্যন্ত) আর্থিক বছরে ভূমিরাজস্ব আয়ের পরিমাণ কত ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

উল্লিখিত সময়ে আদায়ের পরিমাণ নিম্নরূপ :

| আর্থিক বৎসর | সর্বমোট আদায় |
|---|---|
| ২০০১-২০০২ | ৬৩.১০ কোটি |
| ২০০২-২০০৩ | ১৩৩.৩১ কোটি |
| ২০০৩-২০০৪ (৩১শে জানুয়ারী, ২০০৩ পর্যন্ত) | ৭৬.৮৬ কোটি |

উপরোক্ত মোট আদায়ের মধ্যে গৌণ খনিজ থেকে আদায় ধরা আছে, যা নিম্নরূপ :

| আর্থিক বৎসর | সর্বমোট আদায় |
|---|---|
| ২০০১-২০০২ | ৩৪.৬১ কোটি |
| ২০০২-২০০৩ | ৫২.৯৩ কোটি |
| ২০০৩-২০০৪ (৩১শে জানুয়ারী, ২০০৪ পর্যন্ত) | ৩৯.৪৮ কোটি |

## মাদ্রাসা শিক্ষা সম্পর্কে কিদোয়াই কমিটির রিপোর্ট

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪০) **শ্রী তপন হোড়:** মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত কিদোয়াই কমিটির রিপোর্ট গ্রহণ করেননি ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি ?

**মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত কিদোয়াই কমিটির প্রতিবেদন সরকার নীতিগতভাবে গ্রহণ করেছেন। পর্যায়ক্রমে তা কার্যকরী করা হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

## কলকাতা পুরসভা ঘোষিত মাধ্যমিক বিদ্যালয় অনুমোদনে সমস্যা

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৯) **শ্রী তপন হোড়:** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি কলকাতা পুরসভা ঘোষিত মাধ্যমিক বিদ্যালয়গুলির অনুমোদন নিয়ে সমস্যা দেখা দিয়েছে ;

(খ) সত্যি হলে, ওই বিষয়ে পুরসভা এবং রাজ্য সরকারের বক্তব্য কি ; এবং

(গ) কতগুলি বিদ্যালয়ের উন্নয়নের জন্য অনুমোদন চাওয়া হয়েছে ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) আজ পর্যন্ত কলকাতা পুরসভার এ ধরনের কোনো প্রস্তাব বিদ্যালয় শিক্ষা বিভাগে আসেনি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## এস.এস.সি. নিয়োজিত শিক্ষকদের বদলী নীতি

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫২) **শ্রী তপন হোড়:** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্য সরকার এস.এস.সি. নিয়োজিত শিক্ষকদের বদলি নীতি চালু করছেন ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ ওই ব্যবস্থা চালু করা হবে বলে আশা করা যায় ?

**বিদ্যালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## বিদ্যুৎ পরিবহণে রাজ্য সরকারের পরিকল্পনা

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৩) **শ্রী তপন হোড় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্যে বিদ্যুৎ পরিবহণ ব্যবস্থার উন্নয়নে সরকার বিশেষ কিছু পরিকল্পনা নিয়েছেন ;

(খ) সত্যি হলে, কী কী পরিকল্পনা নেওয়া হয়েছে ;

(গ) উক্ত পরিকল্পনা কার্যকর করতে কত টাকা ব্যয় করা হয়েছে ; এবং

(ঘ) উক্ত ব্যয়িত অর্থের মধ্যে বিদেশি লগ্নির পরিমাণ কত ?

**বিদুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় উচ্চ এবং অতি উচ্চ ক্ষমতাসম্পন্ন নতুন সাব-স্টেশন স্থাপন, বর্তমান সাব-স্টেশনের ক্ষমতা বৃদ্ধি এবং সেই উপযোগী পরিবহণ লাইন টানার কাজ চলছে এবং পরিকল্পনা আছে।

(গ) ২০০৪ সালের ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্য বিদ্যুৎ পর্যদ টাকা ৪৪২.২২৮৮ কোটি ব্যয় করেছে।

(ঘ) ৩৮০.৫৪ কোটি টাকা।

## বিদেশি সহযোগিতায় শিক্ষা প্রতিষ্ঠান গবেষণা ও পঠন-পাঠন

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৬) **শ্রী তপন হোড় :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি গবেষণা ও পঠন-পাঠনের আদান-প্রদানের জন্য মার্কিন শিক্ষা প্রতিষ্ঠান রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠানগুলির সঙ্গে যৌথ উদ্যোগে কাজ করার প্রস্তাব দিয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে রাজ্য সরকারের কাছে কী কী প্রস্তাব আছে ; এবং

(গ) উক্ত ক্ষেত্রে কোনো বিদেশী বিনিয়োগের সম্ভাবনা থাকলে তার বিবরণ ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ, একথা সত্য।

বর্তমান বৎসরের গত ৬ই জানুয়ারী মাননীয় রাজ্যপালের উপস্থিতিতে আমেরিকার কতিপয় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের সঙ্গে এই রাজ্যের কলিকাতা ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণের 'গবেষণা ও পঠন-পাঠন সংক্রান্ত আদান-প্রদান' বিষয়ে সদর্থক আলোচনা হয়েছে।

(খ) জৈব প্রযুক্তি, বংশাণুগতিবিদ্যা এবং জৈবনীতিশাস্ত্র বিষয়ে যৌথ উদ্যোগের সম্ভাবনা খতিয়ে দেখা হচ্ছে।

(গ) সমগ্র বিষয়টি আলোচনাসাপেক্ষ হওয়ায় এ বিষয়ে নির্দিষ্ট করে এক্ষণে কিছু বলা সম্ভবপর নয়।

## জাল নোটের কারবার বন্ধে গৃহীত ব্যবস্থা

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৭) **শ্রী তপন হোড় :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জাল নোট কারবারীদের কাজকর্ম বন্ধ করতে সরকার কী কী ব্যবস্থা নিয়েছেন?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

জাল নোট প্রতিরোধে রাজ্যভিত্তিক কমিটি গঠন করা হয়েছে, যার সভাপতি ডি.জি. এবং আই.জি.পি. পশ্চিমবঙ্গ। জেলাতেও কমিটি গঠন করা হয়েছে, জেলায় সভাপতি হচ্ছেন এস.পি.। পুলিশ কর্মচারীদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। জাল নোট সংক্রান্ত পরিচিতির ব্যাপারে বিজ্ঞাপন দেবার ব্যবস্থা করা হয়েছে। সমস্ত ব্যাঙ্কে জালনোট চিহ্নিতকরণের জন্য বিশেষ যন্ত্র বসানো হয়েছে। অপরাধপ্রবণ এলাকায় বি.এস.এফ. জেলা পুলিশ বাহিনী, কাস্টমস্ ও সি.আই.ডি., পশ্চিমবঙ্গ সমন্বয়িতভাবে বিশেষ নজরদারির ব্যবস্থা করেছে।

## আই.এফ.এ. প্রস্তাবিত ফুটবল আকাদেমি

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৫) **শ্রী তপন হোড় :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে আই.এফ.এ. প্রস্তাবিত ফুটবল আকাদেমি গঠনের বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

বিষয়টি নিয়ে আই.এফ.এ.-এর সহিত কথাবার্তা চলছে।

## পুরুলিয়া পাম্প স্টোরেজ জলবিদ্যুৎ প্রকল্প

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৬) **শ্রী তপন হোড় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া পাম্পড্ স্টোরেজ জলবিদ্যুৎ প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হবে ;

(খ) উক্ত প্রকল্পের উৎপাদন কবে থেকে শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত প্রকল্পটি নির্মাণে আনুমানিক ব্যয়ের পরিমাণ কত ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) পুরুলিয়া পাম্পড্ স্টোরেজ প্রকল্পের কাজ পর্যায়ক্রমে ২০০৭ সালের এপ্রিল থেকে জানুয়ারী ২০০৮-এর মধ্যে শেষ হওয়ার কথা।

(খ) উক্ত প্রকল্পের সবগুলি ইউনিট জানুয়ারী, ২০০৮-এর মধ্যে বিদ্যুৎ উৎপাদন শুরু করবে বলে আশা করা যায়।

(গ) আনুমানিক ব্যয়ের পরিমাণ ৩১৮৮.৯০ কোটি টাকা।

## রাজারহাটে প্রস্তাবিত ফর্মূলা-৪ কাররেস প্রকল্প

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৩) **শ্রী তপন হোড় :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজারহাট উপনগরীতে প্রস্তাবিত ফর্মূলা-৪ কাররেস প্রকল্পটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

গ্রাঁ পি ইন্ডিয়া প্রাইভেট লিমিটেডের নিকট থেকে এই ব্যাপারে একটি প্রস্তাব পাওয়া গিয়েছিল কিন্তু কোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

## যুবভারতী ক্রীড়াঙ্গনের রক্ষণাবেক্ষণ

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৪) **শ্রী তপন হোড় :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'যুবভারতী ক্রীড়াঙ্গন' রক্ষণাবেক্ষণের অভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে ;

(খ) সত্যি হলে, যথাযথ রক্ষণাবেক্ষণের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে ; এবং

(গ) উক্ত ক্রীড়াঙ্গনের রক্ষণাবেক্ষণ বাবদ ২০০১-০২, ২০০২-০৩ এবং ২০০৩-০৪ আর্থিক বছরে এ পর্যন্ত যথাক্রমে কত টাকা ব্যয়িত হয়েছে ?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) মন্তব্যটি আদৌ ঠিক নয়।

(খ) বরং উক্ত ক্রীড়াঙ্গনটির দেখভাল এবং এটিকে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে মানোন্নয়নের উদ্দেশ্যে একটি টেকনিক্যাল কমিটিও গঠন করা হয়েছে।

(গ) উক্ত ক্রীড়াঙ্গণের রক্ষণাবেক্ষণ বাবদ নিম্নবর্ণিত টাকা ব্যয়িত হয়েছে :

২০০১-০২ আর্থিক বছরে ৬৫,৬৭,১৩৩ টাকা।

২০০২-০৩ আর্থিক বছরে ৭৮,৮২,৮৮০ টাকা।

২০০৩-০৪ আর্থিক বছরে এ পর্যন্ত ৭০,৬৯,৩৪৫ টাকা।

## রাজ্যে অপ্রতুল 'অ্যান্টি-ভেনাম সিরাম'

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬১২) **ডাঃ রত্না দে (নাগ)** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বিভিন্ন গ্রামীণ হাসপাতালে 'অ্যান্টি-ভেনাম সিরাম'-এর অপ্রতুলতায় বহু জীবনহানির ঘটনা ঘটছে এবং

(খ) সত্যি হলে, সরকার রাজ্য সরকারি/বেসরকারি উদ্যোগে 'অ্যান্টি-ভেনাম সিরাম' তৈরির কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## পুর এলাকায় বস্তি উন্নয়নে বরাদ্দকৃত অর্থ

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৮) **ডঃ আশীষ ব্যানার্জী** : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুর এলাকায় বস্তি উন্নয়নের জন্য সরকার বিগত ২০০২-২০০৩ আর্থিক বছরে কত অর্থ বরাদ্দ করেছিলেন ; এবং

(খ) কোন্ কোন্ পুরসভার জন্য কত টাকা ওই খাতে বরাদ্দ করা হয়েছিল ?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বিগত ২০০২-২০০৩ আর্থিক বছরে পশ্চিমবঙ্গ সরকারের পৌর বিষয়ক বিভাগ কর্তৃক পুর এলাকায় বস্তি উন্নয়নে অর্থ বরাদ্দের পরিমাণ ৫০ লক্ষ টাকা। এছাড়া জাতীয় বস্তি উন্নয়ন প্রকল্পে (এন.এস.ডি.পি.) উক্ত আর্থিক বছরে এই বিভাগ কর্তৃক অর্থ বরাদ্দের পরিমাণ ৪৩৪৭.৮৫ লক্ষ টাকা।

(খ) বস্তি উন্নয়ন এবং জাতীয় বস্তি উন্নয়ন প্রকল্পে ২০০২-২০০৩ আর্থিক বছরে এই বিভাগ কর্তৃক পৌরসভাগুলির জন্য অর্থ বরাদ্দের দুটি তালিকা সংযোজিত করা হল।

**পৌরবিভাগ কর্তৃক বস্তি উন্নয়নে পৌরসভাগুলির জন্য**
**২০০২-২০০৩ আর্থিক বরাদ্দের তালিকা**

(টাকার অঙ্ক লক্ষতে)

| জেলার নাম | ক্রমিক সংখ্যা | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| বাঁকুড়া | ১ | বাঁকুড়া | ১.১৬০ |
| | ২ | বিষ্ণুপুর | ০.৫৭০ |
| | ৩ | সোনামুখী | ০.২৫০ |
| বর্ধমান | ৪ | বর্ধমান | ২.৪৭০ |
| | ৫ | দাঁইহাট | ০.২১০ |
| | ৬ | গুসকরা | ০.২৭০ |
| | ৭ | জামুরিয়া | ০.৯৪০ |
| | ৮ | কালনা | ০.৪৮০ |
| | ৯ | কাটোয়া | ০.৫৬০ |
| | *১০ | কুল্‌টি | * |
| | ১১ | মেমারি | ০.২৯০ |
| | ১২ | রাণিগঞ্জ | ০.৮৩০ |
| বীরভূম | ১৩ | বোলপুর | ০.৫৩০ |
| | ১৪ | দুবরাজপুর | ০.২৭০ |
| | ১৫ | নলহাটি | ০.২৮০ |
| | ১৬ | রামপুরহাট | ০.৪৪০ |
| | ১৭ | সাঁইথিয়া | ০.৩৩০ |
| | ১৮ | সিউরি | ০.৫৫০ |
| কোচবিহার | ১৯ | কোচবিহার | ০.৭২০ |
| | ২০ | দিনহাটা | ০.৩৫০ |
| | ২১ | হলদিবাড়ি | ০.১৩০ |

| জেলার নাম | ক্রমিক সংখ্যা | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| | ২২ | মাথাভাঙা | ০.১৮০ |
| | ২৩ | মেখলিগঞ্জ | ০.০৯০ |
| | ২৪ | তুফানগঞ্জ | ০.১৭০ |
| দক্ষিণ দিনাজপুর | ২৫ | বালুরঘাট | ১.২১০ |
| | ২৬ | গঙ্গারামপুর | ০.৪৭০ |
| দার্জিলিং | ২৭ | দার্জিলিং | ১.৪৭০ |
| | ২৮ | কালিম্পং | ০.৭৮০ |
| | ২৯ | কার্সিয়াং | ০.৫৪০ |
| | ৩০ | মিরিক | ০.১৪০ |
| হুগলি | ৩১ | আরামবাগ | ০.৪৬০ |
| | ৩২ | তারকেশ্বর | ০.২৩০ |
| জলপাইগুড়ি | ৩৩ | আলিপুরদুয়ার | ০.৬৬০ |
| | ৩৪ | ধূপগুড়ি | ০.৩১০ |
| | ৩৫ | জলপাইগুড়ি | ০.৯২০ |
| | ৩৬ | মাল | ০.২৯০ |
| মালদহ | ৩৭ | ইংলিশ বাজার | ১.৪১০ |
| | ৩৮ | ওল্ড মালদহ | ০.৪২০ |
| মেদিনীপুর (পূর্ব) | ৩৯ | কন্টাই | ০.৫৪০ |
| | ৪০ | এগরা | ০.২১০ |
| | ৪১ | হলদিয়া | ১.৩৬০ |
| | ৪২ | পাঁশকুড়া | ০.৪১০ |
| | ৪৩ | তমলুক | ০.৫০০ |
| মেদিনীপুর (পশ্চিম) | ৪৪ | চন্দ্রকোণা | ০.১৭০ |
| | ৪৫ | ঘাটাল | ০.৪৪০ |
| | ৪৬ | ঝাড়গ্রাম | ০.৪২০ |
| | ৪৭ | খড়্গপুর | ১.৭৮০ |

| জেলার নাম | ক্রমিক সংখ্যা | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| | ৪৮ | খরার | ০.১১০ |
| | ৪৯ | ক্ষিরপাই | ০.১৩০ |
| | ৫০ | মেদিনীপুর | ১.২৭০ |
| | ৫১ | রামজীবনপুর | ০.১৫০ |
| মুর্শিদাবাদ | ৫২ | বেলডাঙ্গা | ০.২০০ |
| | ৫৩ | বহরমপুর | ১.১৬০ |
| | ৫৪ | ধুলিয়ান | ০.৬২০ |
| | ৫৫ | জঙ্গিপুর | ০.৭৯০ |
| | ৫৬ | জিয়াগঞ্জ-আজিমগঞ্জ | ০.৪২০ |
| | ৫৭ | কান্দি | ০.৪০০ |
| | ৫৮ | মুর্শিদাবাদ | ০.৩১০ |
| নদীয়া | ৫৯ | বীরনগর | ০.২০০ |
| | ৬০ | চাকদহ | ০.৭৫০ |
| | ৬১ | কুপার্স ক্যাম্প | ০.১৬০ |
| | ৬২ | কৃষ্ণনগর | ১.২২০ |
| | ৬৩ | নবদ্বীপ | ১.২৬০ |
| | ৬৪ | রাণাঘাট | ০.৬৩০ |
| | ৬৫ | শান্তিপুর | ১.১১০ |
| | ৬৬ | তাহেরপুর | ০.১৯০ |
| উত্তর ২৪-পরগনা | ৬৭ | অশোকনগর-কল্যাণগড় | ০.৯৮০ |
| | ৬৮ | বাদুড়িয়া | ০.৪২০ |
| | ৬৯ | বসিরহাট | ১.০২০ |
| | ৭০ | বনগাঁ | ০.৮০০ |
| | ৭১ | গোবরডাঙ্গা | ০.৩৬০ |
| | ৭২ | হাবরা | ১.০৭০ |
| | ৭৩ | টাকি | ০.৩১০ |

| জেলার নাম | ক্রমিক সংখ্যা | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| পুরুলিয়া | ৭৪ | ঝালদা | ০.১৭০ |
| | ৭৫ | পুরুলিয়া | ০.৯৩০ |
| | ৭৬ | রঘুনাথপুর | ০.১৯০ |
| দক্ষিণ ২৪-পরগনা | ৭৭ | ডায়মণ্ড-হারবার | ০.৩১০ |
| | ৭৮ | জয়নগর-মজিলপুর | ০.২০০ |
| উত্তর দিনাজপুর | ৭৯ | ইসলামপুর | ০.৪৬০ |
| | ৮০ | কালিয়াগঞ্জ | ০.৪৪০ |
| | ৮১ | রায়গঞ্জ | ১.৫২০ |
| | | মোট : | ৪৭.৪৭০ |

* কুলটি পৌরসভার অনিয়মিত কার্যকলাপের কারণে এই প্রকল্পে তাহাদের জন্য নির্দিষ্ট ২.৫৩ লক্ষ টাকা বর্তমানে সুডার লোকাল ফান্ড অ্যাকাউন্টে জমা আছে। বিষয়টির সন্তোষজনক মীমাংসার পরে উক্ত টাকা কুলটি পৌরসভাকে প্রদান করা হবে।

**পৌরবিভাগ কর্তৃক জাতীয় বস্তি উন্নয়ন প্রকল্পে পৌরসভাগুলির জন্য ২০০২-২০০৩ আর্থিক বছরে অর্থ বরাদ্দের তালিকা**

টাকার অঙ্ক লক্ষতে

| জেলার নাম | ক্রমিক সংখ্যা | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| বাঁকুড়া | ১ | বাঁকুড়া | ৪৫.২৭ |
| | ২ | বিষ্ণুপুর | ২২.১৩ |
| | ৩ | সোনামুখী | ৯.৭১ |
| বর্ধমান | ৪ | আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন | ১৮৭.২৬ |
| | ৫ | বর্ধমান | ৯৬.৬০ |
| | ৬ | দাঁইহাট | ৮.০২ |
| | ৭ | দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন | ১৬৭.৮৪ |
| | ৮ | গুসকরা | ১০.৬৩ |
| | ৯ | জামুরিয়া | ৩৬.৭১ |
| | ১০ | কালনা | ১৮.৬১ |
| | ১১ | কাটোয়া | ২১.৯০ |
| | *১২ | কুলটি | * |

| জেলার নাম | ক্রমিক সংখ্যা | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| | ১৩ | মেমারি | ১১.৩২ |
| | ১৪ | রাণীগঞ্জ | ৩২.৪৬ |
| বীরভূম | ১৫ | বোলপুর | ২০.৭৯ |
| | ১৬ | দুবরাজপুর | ১০.৬৩ |
| | ১৭ | নলহাটি | ১০.৭৫ |
| | ১৮ | রামপুরহাট | ১৭.০৬ |
| | ১৯ | সাঁইথিয়া | ১২.৮৬ |
| | ২০ | সিউড়ি | ২১.৪০ |
| কলকাতা | ২১ | কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন | ৭৮৩.৯২ |
| কুচবিহার | ২২ | কুচবিহার | ২৮.০৭ |
| | ২৩ | দিনহাটা | ১৩.৫৪ |
| | ২৪ | হলদিবাড়ি | ৫.২৬ |
| | ২৫ | মাথাভাঙ্গা | ৭.২১ |
| | ২৬ | মেখলিগঞ্জ | ৩.২৩ |
| | ২৭ | তুফানগঞ্জ | ৬.৪৮ |
| দক্ষিণ দিনাজপুর | ২৮ | বালুরঘাট | ৬৭.৬২ |
| | ২৯ | গঙ্গারামপুর | ২৬.৩১ |
| দার্জিলিং | ৩০ | দার্জিলিং | ২৮.৭৯ |
| | ৩১ | কালিম্পং | ১৫.৩০ |
| | ৩২ | কার্সিয়াং | ১০.৫৫ |
| | ৩৩ | মিরিক | ২.৭৬ |
| | ৩৪ | শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশন | ১৪৮.৩৯ |
| হাওড়া | ৩৫ | বালি | ৩২.৮৭ |
| | ৩৬ | হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন | ১৬৯.৩১ |
| | ৩৭ | উলুবেড়িয়া | ৩০.০২ |
| হুগলী | ৩৮ | আরামবাগ | ১৭.৮২ |
| | ৩৯ | বাঁশবেড়িয়া | ১৬.৬৬ |
| | **৪০ | বৈদ্যবাটি | ** |
| | ৪১ | ভদ্রেশ্বর | ১৪.২৫ |
| | ৪২ | চাঁপদানি | ১৮.০১ |

| জেলার নাম | ক্রমিক সংখ্যা | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| | ৪৩ | চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন | ২১.৪৬ |
| | ৪৪ | হুগলি-চুঁচুড়া | ২৭.৬৩ |
| | ৪৫ | কোন্নগর | ১১.০৯ |
| | ৪৬ | রিষড়া | ১৯.০৩ |
| | ৪৭ | শ্রীরামপুর | ২৪.৪২ |
| | ৪৮ | তারকেশ্বর | ৮.৯১ |
| | ৪৯ | উত্তরপাড়া-কোতরং | ২৩.৫২ |
| জলপাইগুড়ি | ৫০ | আলিপুরদুয়ার | ২৫.৭১ |
| | ৫১ | ধুপগুড়ি | ১১.৯৮ |
| | ৫২ | জলপাইগুড়ি | ৩৫.৮০ |
| | ৫৩ | মাল | ১১.৪৫ |
| মালদহ | ৫৪ | ইংলিশ বাজার | ৫৪.৮৬ |
| | ৫৫ | ওল্ড মালদহ | ১৬.৪৪ |
| মেদিনীপুর (পূর্ব) | ৫৬ | কন্টাই | ২১.০৮ |
| | ৫৭ | এগরা | ৮.২০ |
| | ৫৮ | হলদিয়া | ৫৩.০৯ |
| | ৫৯ | পাঁশকুড়া | ১৬.২০ |
| | ৬০ | তমলুক | ১৯.৫৫ |
| মেদিনীপুর (পশ্চিম) | ৬১ | চন্দ্রকোণা | ৬.৬২ |
| | ৬২ | ঘাটাল | ১৭.২৫ |
| | ৬৩ | ঝাড়গ্রাম | ১৬.৫৯ |
| | ৬৪ | খড়গপুর | ৬৯.৫৮ |
| | ৬৫ | খরার | ৪.০৭ |
| | ৬৬ | ক্ষিরপাই | ৪.৮০ |
| | ৬৭ | মেদিনীপুর | ৪৯.৪৬ |
| | ৬৮ | রামজীবনপুর | ৫.৮৮ |
| মুর্শিদাবাদ | ৬৯ | বেলডাঙ্গা | ৭.৯৮ |
| | ৭০ | বহরমপুর | ৪৫.৩৯ |
| | ৭১ | ধুলিয়ান | ২৪.০৯ |
| | ৭২ | জঙ্গীপুর | ৩০.৮২ |

| জেলার নাম | ক্রমিক সংখ্যা | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| | ৭৩ | জিয়াগঞ্জ-আজীমগঞ্জ | ১৬.৫৯ |
| | ৭৪ | কান্দি | ১৫.৬২ |
| | ৭৫ | মুর্শিদাবাদ | ১১.৯৬ |
| নদীয়া | ৭৬ | বীরনগর | ৭.৮৯ |
| | ৭৭ | চাকদহ | ২৯.৪৭ |
| | ৭৮ | কুপার্স ক্যাম্প | ৬.১৩ |
| | ৭৯ | গয়েশপুর | ৯.২৯ |
| | ৮০ | কল্যাণী | ৯.৯০ |
| | ৮১ | কৃষ্ণনগর | ৪৭.৭৪ |
| | ৮২ | নবদ্বীপ | ৪৯.২৮ |
| | ৮৩ | রাণাঘাট | ২৪.৬৬ |
| | ৮৪ | শান্তিপুর | ৪৩.৩৪ |
| | ৮৫ | তাহেরপুর | ৭.৩৬ |
| উত্তর ২৪-পরগনা | ৮৬ | অশোকনগর-কল্যাণগড় | ৩৮.১৩ |
| | ৮৭ | বাদুড়িয়া | ১৬.৪৭ |
| | ৮৮ | বরাহনগর | ৪০.০৬ |
| | ৮৯ | বারাসাত | ৩১.০৮ |
| | ৯০ | ব্যারাকপুর | ২৩.২১ |
| | ৯১ | বসিরহাট | ৩৯.৯৭ |
| | ৯২ | ভাটপাড়া | ৬৮.৪২ |
| | ৯৩ | বিধাননগর | ২১.২১ |
| | ৯৪ | বনগাঁ | ৩১.৩৭ |
| | ৯৫ | দমদম | ৭.৩০ |
| | ৯৬ | গারুলিয়া | ১৪.৪২ |
| | ৯৭ | গোবরডাঙ্গা | ১৪.১৬ |
| | ৯৮ | হাবরা | ৪১.৭০ |
| | ৯৯ | হালিশহর | ২০.৩১ |
| | ১০০ | কামারহাটি | ৪৭.৫৬ |
| | ১০১ | কাঁচড়াপাড়া | ১৭.৮৫ |
| | ১০২ | খড়দহ | ১৫.৭৫ |

| জেলার নাম | ক্রমিক সংখ্যা | পৌরসভার নাম | বরাদ্দকৃত অর্থ |
|---|---|---|---|
| | ১০৩ | মধ্যমগ্রাম | ১৯.০৪ |
| | ১০৪ | নৈহাটি | ৩০.৭৫ |
| | ১০৫ | নব ব্যারাকপুর | ১১.৩৬ |
| | ১০৬ | উত্তর ব্যারাকপুর | ১৮.৭০ |
| | ১০৭ | উত্তর দমদম | ২৬.৭২ |
| | ১০৮ | পানিহাটি | ৪৯.১৮ |
| | ১০৯ | রাজারহাট-গোপালপুর | ২৮.৯৫ |
| | ১১০ | দক্ষিণ দমদম | ৪১.৪৮ |
| | ১১১ | টাকি | ১২.০০ |
| | ১১২ | টিটাগড় | ২০.৩৩ |
| পুরুলিয়া | ১১৩ | ঝালদা | ৬.৭৯ |
| | ১১৪ | পুরুলিয়া | ৩৬.৪১ |
| | ১১৫ | রঘুনাথপুর | ৭.৫৭ |
| দক্ষিণ ২৪-পরগনা | ১১৬ | বারুইপুর | ৯.২২ |
| | ১১৭ | বজবজ | ১৩.০০ |
| | ১১৮ | ডায়মণ্ডহারবার | ১১.৯২ |
| | ১১৯ | জয়নগর-মজিলপুর | ৭.৯৭ |
| | ১২০ | মহেশতলা | ৫১.৪৭ |
| | ১২১ | পূজালি | ৪.১০ |
| | ১২২ | রাজপুর-সোনারপুর | ৪০.৮৭ |
| উত্তর দিনাজপুর | ১২৩ | ডালখোলা | ৪.৩৮ |
| | ১২৪ | ইসলামপুর | ১৭.৮৩ |
| | ১২৫ | কালিয়াগঞ্জ | ১৭.২৫ |
| | ১২৬ | রায়গঞ্জ | ৫৯.৫৩ |
| | | মোট : | ৪২১৭.১৯ |

* কুলটি পৌরসভার অনিয়মিত কার্যকলাপের কারণে এই প্রকল্পে তাহাদের জন্য নির্দিষ্ট অর্থ ৭২.৯৩ লক্ষ টাকা সুড়ার লোকাল ফান্ড অ্যাকাউন্টে জমা আছে।

** এই প্রকল্পে বৈদ্যবাটি পৌরসভার ব্যয়ের হার সন্তোষজনক না হওয়ায় তাদের জন্য নির্দিষ্ট ১৬.০৪ লক্ষ টাকা সুডার লোকাল ফান্ড অ্যাকাউন্টে জমা আছে।

অবশিষ্ট অর্থ অর্থাৎ ৪১.৬৯ লক্ষ টাকা সুডার অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যান্ড অফিস এক্সপেন্সের খাতে বরাদ্দ করা হয়েছে।

## বীরভূমে গভীর নলকূপ খনন

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৯) **ডঃ আশীষ ব্যানার্জী** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলায় ২০০১-২০০২ ও ২০০২-২০০৩ আর্থিক বছরে কোন্ কোন্ ব্লকে গভীর নলকূপ খনন করা হয়েছে ?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

জেলা পরিষদকে দেওয়া অর্থে আর.আই.ডি.এফ.-৫ম পরিকল্পনায় ২০০১-২০০২ আর্থিক বছরে বীরভূম জেলায় মোট ১৫টি মধ্যম ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ খনন করা হয়েছে। ব্লকভিত্তিক পরিসংখ্যান নিচে দেওয়া হল :

| ক্রমিক নং | ব্লকের নাম | সংখ্যা |
|---|---|---|
| ১. | ইলামবাজার | ৬ |
| ২. | ময়ূরেশ্বর-১ | ১ |
| ৩. | ময়ূরেশ্বর-২ | ১ |
| ৪. | মুরারই-২ | ৩ |
| ৫. | দুবরাজপুর | ২ |
| ৬. | নলহাটি | ২ |
| | | ১৫ |

২০০২-২০০৩ আর্থিক বছরে বীরভূম জেলায় সরকারি ব্যয়ে কোনো গভীর নলকূপ খনন করা হয়নি।

## কলেজ অধ্যক্ষ নিয়োগে যোগ্যতা

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৯) **ডঃ আশীষ ব্যানার্জী** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলেজ অধ্যক্ষ নিয়োগের জন্য ইউ.জি.সি. নির্ধারিত যোগ্যতামান কি ;

(খ) রাজ্য সরকার এই নির্ধারিত যোগ্যতামানের কোনো পরিবর্তন করেছেন কিনা ; এবং

(গ) করে থাকলে, কী কী পরিবর্তন করা হয়েছে ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ইউ.জি.সি. নির্দেশনামা নং এফ ৩-১/৯৪ (পি.এস.) তাং ২৪.১২.৯৮ অনুসারে নিম্নলিখিত যোগ্যতামান কলেজে অধ্যক্ষ নিয়োগের জন্য নির্ধারিত :

(১) অধ্যক্ষ (প্রফেসর গ্রেড) - (৪.২.১. ধারায়)

(ক) স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে ৫৫ শতাংশ নম্বর অথবা সেভেন পয়েন্ট স্কেলে 'বি'-এর সমতুল্য গ্রেড যথাক্রমে ও.এ.বি.সি.ডি.ই. এবং এফ.।

(খ) পি.এইচ.ডি. অথবা সমতুল শিক্ষাগত যোগ্যতা।

(গ) বিশ্ববিদ্যালয়/কলেজ ও অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা/গবেষণায় মোট অভিজ্ঞতা।

(২) অধ্যক্ষ (রিডার গ্রেড) - (৪.২.২ ধারায়)

(ক) ১(ক)-এর অনুরূপ

(খ) ১(খ)-এর অনুরূপ

(গ) বিশ্ববিদ্যালয়/কলেজ ও অন্যান্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা গবেষণায় মোট ১০ বছরের অভিজ্ঞতা।

(খ) হ্যাঁ।

(গ) সরকার অনুমোদিত স্নাতক মহাবিদ্যালয় অথবা বিশ্ববিদ্যালয়/গবেষণা সংস্থায় কর্মরত রীডারদের ক্ষেত্রে যোগ্যতামান নিম্নরূপ—

শিক্ষণ/গবেষণায় কমপক্ষে মোট ১৫ বছরের অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকগণও অধ্যক্ষপদে নিযুক্ত হওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন (এক্ষেত্রে স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে শতকরা ৫৫ মার্কসের শর্ত নেই)।

## রামপুরহাট গান্ধী উদ্যানের উন্নয়নকল্পে গৃহীত ব্যবস্থা

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩২) **ডঃ আশীষ ব্যানার্জী :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বীরভূম জেলার রামপুরহাটে গান্ধী উদ্যানের উন্নয়নকল্পে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

রামপুরহাটে গান্ধী উদ্যানের মোট আয়তন ১২.৬৪ একর। এর মধ্যে বন বিভাগের পরিচালনাধীন অংশের পরিমাণ ৩.০০ একর।

প্রত্যেক বৎসরে উক্ত উদ্যানে পরিকল্পনা বহির্ভূত খাত থেকে টাকা ব্যয় করে নিয়মিত উদ্যান পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করা হয়।

২০০০-২০০১ আর্থিক বছরে পরিকল্পনা খাতে পাওয়া টাকায় নষ্ট হয়ে যাওয়া ১০০ মিটার চেন লিনক্ বেড়ার নবীকরণের কাজ ও পরিচর্যার কাজ করা হয়।

২০০১-২০০২ এবং ২০০২-০৩ আর্থিক বছরে পরিকল্পনা খাতে কোনো অর্থ পাওয়া যায়নি, কেবলমাত্র পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের কাজ করা হয়েছে।

বর্তমান আর্থিক বছরে (২০০৩-২০০৪) পরিকল্পনা বহির্ভূত খাতে বাগানটি পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের কাজ করা হচ্ছে এবং পরিকল্পনা খাতে ৩০,০০০ টাকা ব্যয় করে মহিলা ও পুরুষদের জন্য পৃথক ২টি শৌচাগার ও বসবার জন্য ২টি বেঞ্চ তৈরি করা হয়েছে।

## বীরভূম জেলার রামপুরহাটে ধল্লাঘাট সেতু নির্মাণ

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৫) **ডঃ আশীষ ব্যানার্জী** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাটের ২ নং ব্লকে ধল্লাঘাট সেতু নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ রূপায়িত হবে বলে আশা করা যায় ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এই বিভাগের অধীনে দ্বারকা নদীর উপর ধল্লাঘাটে সেতু নির্মাণের এখনই কোনো পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন আসে না।

## রামপুরহাটের দক্ষিণ নারায়ণপুর রাস্তার দুরবস্থা

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৬) **ডঃ আশীষ ব্যানার্জী** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট ২ নং ব্লকের অধীনে দক্ষিণ নারায়ণপুর গ্রামের রাস্তার দুরবস্থা সম্পর্কে সরকার অবহিত আছেন কি ; এবং

(খ) থাকলে, এ বিষয়ে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) অবহিত আছেন।

(খ) দক্ষিণ নারায়ণপুর গ্রামের রাস্তা তৈরি করার জন্য যে দুটি জলপথের উপর (দ্বারকা নদী ও গুসকরা কান্দর) দুটি সেতু নির্মাণের প্রয়োজন তা জেলা পরিকল্পনা কমিটির অনুমোদন সাপেক্ষে বিবেচনা করা হতে পারে।

## ডিগ্রী কলেজ-এর সংখ্যা

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৭) **শ্রী অশোক কুমার দেব** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলো ডিগ্রী কলেজ আছে ;

(খ) ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে রাজ্যে কোনও নতুন কলেজ স্থাপিত হয়েছে কিনা ; এবং

(গ) হয়ে থাকলে, কলেজগুলির নাম কি এবং সেগুলি কোথায় কোথায় অবস্থিত ?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) রাজ্যে ৪০৩টি ডিগ্রী কলেজ আছে।

(খ) ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে কোনো নতুন ডিগ্রী কলেজ স্থাপিত হয়নি।

(গ) প্রশ্ন ওঠে না।

## অগ্নি নির্বাপণের জন্য ক্যাপসুল গাড়ি

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪০) **শ্রী অশোক কুমার দেব** : অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে রাজ্য সরকার অগ্নিনির্বাপণ দপ্তরের কাজের সুবিধার জন্য ক্যাপসুল গাড়ি করার সিদ্ধান্ত নিয়েছেন।

**অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

না।

## বজবজ ও পূজালীতে বনভোজন কেন্দ্র

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৩) **শ্রী অশোক কুমার দেব** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার বজবজ ও পূজালীকে বনভোজন কেন্দ্র হিসাবে গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না

(খ) প্রশ্ন ওঠে না।

## তারাতলা থেকে আছিপুর রাস্তা প্রশস্তকরণ

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৮) **শ্রী অশোক কুমার দেব :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তারাতলা থেকে আছিপুর পর্যন্ত রাস্তাটি প্রশস্তকরণের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ;

(খ) এই কাজের জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে ; এবং

(গ) ওই টাকা কোন তহবিল থেকে দেওয়া হচ্ছে ?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) তারাতলা থেকে আছিপুর পর্যন্ত রাস্তাটি প্রায় ২১ কি.মি.। তারাতলা থেকে জিঞ্জিরাবাজার ১ কি.মি. অংশটি তারাতলা প্রধান রাস্তার সহিত হাডকো ফেজ-৩-এ অন্তর্ভুক্ত আছে। কাজ আরও হয়েছে। জিঞ্জিরাবাজার থেকে চড়িয়াল বাজার পর্যন্ত প্রায় ১৩ কি.মি. রাস্তা সি.আর.এফ.-এ অনুমোদনের অপেক্ষায় আছে। কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া গেলে কাজ আরম্ভ হবে। চড়িয়া বাজার থেকে আছিপুর পর্যন্ত প্রায় ৭ কি.মি. রাস্তা ইতিপূর্বে আর.আই.ডি.-এফ.-এর মাধ্যমে কাজ হয়েছে। বর্তমানে এই অংশের প্রশস্তকরণের কোনো পরিকল্পনা আপাতত নেই।

(খ) প্রশ্ন আসে না।

(গ) (ক)-অংশে বর্ণিত আছে।

## কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৯) **শ্রী অশোক কুমার দেব :** কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা কত ; এবং

(খ) ১লা জানুয়ারী ২০০২ থেকে ৩১শে ডিসেম্বর ২০০৩ পর্যন্ত উক্ত কেন্দ্রগুলির মাধ্যমে কতজন যুবক-যুবতীর চাকুরি হয়েছে (জেলাওয়ারী) ?

**কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বর্তমানে রাজ্যে ৭১টি কর্মবিনিয়োগ কেন্দ্র আছে।

(খ) ১লা জানুয়ারী ২০০২ থেকে ৩১শে ডিসেম্বর ২০০৩ পর্যন্ত সর্বসমেত ১৩,৭৫৪ জন পুরুষ ও ৩৩০১ জন মহিলা প্রার্থী রাজ্যের কর্মবিনিয়োগ কেন্দ্রগুলির মাধ্যমে চাকুরি পেয়েছে। জেলাওয়াড়ি পুরুষ ও মহিলা চাকুরি প্রাপকের বিন্যাস নিম্নরূপ :

| জেলা | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|
| কলকাতা | ৭১৭ | ২২১ | ৯৩৮ |
| ২৪-পরগনা (উত্তর) | ২১২ | ৪৮ | ২৬০ |
| ২৪-পরগনা (দক্ষিণ) | ১৬২ | ১৩ | ১৭৫ |
| হাওড়া | ৫৫৯ | ২৯৯ | ৮৫৮ |
| হুগলী | ৮০৭ | ২২৪ | ১০৩১ |
| বর্ধমান | ১০০৪ | ৩৮০ | ১৩৮৪ |
| নদীয়া | ১৪২১ | ৫৭৪ | ১৯৯৫ |
| মুর্শিদাবাদ | ৭৮৮ | ১৬২ | ৯৫০ |
| বীরভূম | ১০২১ | ২৩৭ | ১২৫৮ |
| পূর্ব মেদিনীপুর | ১০৬০ | ২১৮ | ১২৭৮ |
| পশ্চিম মেদিনীপুর | ১৬৪৫ | ১৯৫ | ১৮৪০ |
| বাঁকুড়া | ১৪৭৫ | ২১৬ | ১৬৯১ |
| পুরুলিয়া | ২৯৭ | ১২ | ৩০৯ |
| মালদা | ৩৭২ | ৭২ | ৪৪৪ |
| উত্তর দিনাজপুর | ৭৮৯ | ১৫৩ | ৯৪২ |
| দক্ষিণ দিনাজপুর | ১৫৪ | ১৬ | ১৭০ |
| জলপাইগুড়ি | ৩১৮ | ৩১ | ৩৪৯ |
| কোচবিহার | ৬৪৬ | ১৬৫ | ৮১১ |
| দার্জিলিং | ৩০৭ | ৬৫ | ৩৭২ |
| **সর্বমোট সংখ্যা** | **১৩৭৫৪** | **৩৩০১** | **১৭০৫৫** |

## রাজ্যে বিদ্যুতায়ন

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬২) **শ্রী অশোক কুমার দেব** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ২০০২-২০০৩ আর্থিক বছরে রাজ্যে মোট কতগুলি মৌজায় বিদ্যুতায়ন করা হয়েছে (জেলাওয়ারী তথ্য) ; এবং

(খ) অবশিষ্ট মৌজাগুলিতে কবে নাগাদ বিদ্যুতায়ন করা সম্ভব হবে বলে আশা করা যায় ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ২০০২-২০০৩ আর্থিক বছরে রাজ্যে মোট ৮৬৬টি মৌজায় বিদ্যুতায়ন করা হয়েছে।

পশ্চিমবঙ্গ গ্রামীণ বিদ্যুৎ উন্নয়ন নিগম কর্তৃক বিদ্যুৎতায়িত মৌজার জেলাওয়ারী তথ্য নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল | : | ০৯ |
| শিলিগুড়ি মহকুমা পরিষদ | : | ০৩ |
| জলপাইগুড়ি | : | ০৩ |
| কুচবিহার | : | ০২ |
| উত্তর দিনাজপুর | : | ২৪ |
| দক্ষিণ দিনাজপুর | : | ৩৩ |
| মালদহ | : | ০৫ |
| মুর্শিদাবাদ | : | ২২ |
| বীরভূম | : | ০০ |
| বর্ধমান | : | ১৪ |
| নদীয়া | : | ০০ |
| উত্তর ২৪ পরগনা | : | ১০ |
| হুগলী | : | ০০ |
| বাঁকুড়া | : | ১২২ |
| পুরুলিয়া | : | ১০৪ |
| মেদিনীপুর | : | ৪৫১ |
| হাওড়া | : | ০০ |
| দক্ষিণ ২৪-পরগনা | : | ৫৩ |
| **মোট** | : | ৮৫২ |

ইহা ছাড়াও পশ্চিমবঙ্গে বিদ্যুৎ পর্ষদ বিভিন্ন জেলার আরও ১৪টি মৌজার বিদ্যুতায়ন করেছে।

(খ) উক্ত বিদ্যুতায়নের কাজ দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অর্থাৎ ২০০৭ সালের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

## রাজ্যে উদবৃত্ত জমির পরিমাণ

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৩) **শ্রী অশোক কুমার দেব** : ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে উদ্‌বৃত্ত জমির পরিমাণ কত; এবং

(খ) কতদিনের মধ্যে তা বিলি করা হবে বলে আশা করা যায় ?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) ৩১শে জানুয়ারী, ২০০৪ তারিখ পর্যন্ত রাজ্যে মোট ঘোষিত উদ্‌বৃত্ত জমির পরিমাণ ১৩,০৩,৭০৩ একর।

(খ) ইতিমধ্যেই অধিকাংশ বিলিযোগ্য জমি বিলি করা হয়ে গেছে। বকেয়া অল্প কিছু জমি পঞ্চায়েতের সহায়তায় বিলি করা চলছে।

## যুগান্তর পত্রিকার পুনঃপ্রকাশ

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৯) **শ্রী অশোক কুমার দেব** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, যুগান্তর পত্রিকা পুনরায় প্রকাশ করার সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ পুনঃ প্রকাশিত হবে বলে আশা করা যায় ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## কলকাতা ময়দান মেলায় এন.ও.সি. বাবদ টাকা আদায়

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯০) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী** : অগ্নি নির্বাপক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা ময়দানে ১.১.২০০৩ থেকে ৩১.১.২০০৪ পর্যন্ত মোট কতগুলি মেলা অনুষ্ঠিত হয়েছে ; এবং

(খ) উক্ত মেলাগুলি থেকে অগ্নি নিরোধক দপ্তরের এন.ও.সি. বাবদ কত টাকা আদায় হয়েছে ?

**অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়** :

(ক) উক্ত সময়ের মধ্যে মোট ২৩টি মেলা অনুষ্ঠিত হয়েছে।

(খ) অগ্নি নির্বাপণ গাড়ি এবং অস্থায়ী ছাউনি/কাঠামো বাবদ মোট ৬,৫২,০৬৮ টাকা আদায় হয়েছে।

## রাজ্যে ম্যালেরিয়ায় আক্রান্ত রোগী

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯১) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ২০০৩ সালে রাজ্যে ম্যালেরিয়ায় আক্রান্ত রোগীর সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, কত জন মারা গিয়েছেন ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ২০০৩ সালে ম্যালেরিয়ায় আক্রান্ত রোগীর সংখ্যা ২,৩২,৮৪৬

(খ) ম্যালেরিয়ায় মৃতের সংখ্যা - ২০৭

## হাওড়া জেলা আদালত ভবন চত্বরে বিচার প্রার্থীদের বিবিধ সমস্যা

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৫) **শ্রী অসিত মিত্র** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হাওড়া জেলা আদালত ভবন চত্বরে বিচার প্রার্থীদের বসার জায়গা, পানীয় জল, শৌচাগার ইত্যাদির অভাব নিরসনের জন্য রাজ্য সরকার কী কী ব্যবস্থা নিচ্ছেন ?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

হাওড়া জেলা আদালত ভবন চত্বরে পানীয় জলের জন্য এ পর্যন্ত মোট ৬,৮৪,৬৫৮ টাকা বরাদ্দ করা হয়েছে।

## হাওড়া জেলায় সরকার অনুমোদিত কমপিউটার শিক্ষাকেন্দ্র

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৬) **শ্রী অসিত মিত্র** : কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলায় ৩১শে জানুয়ারী, ২০০৪ পর্যন্ত কমপিউটার শিক্ষার জন্য সরকার অনুমোদিত শিক্ষাকেন্দ্রের সংখ্যা কত; এবং

(খ) ওই কেন্দ্রগুলিতে কর্মরত ব্যক্তির সংখ্যা কত ?

**কারিগরী শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৬ (ছয়)টি।

(খ) ২৭ (সাতাশ) জন।

## খিদিরপুর এলাকায় সমাজবিরোধী গ্রেপ্তার

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৬) **শ্রী রাম প্যারে রাম** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খিদিরপুর এলাকা থেকে গত তিন বছরে কতজন সমাজবিরোধীকে গ্রেপ্তার করা হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে, কতজনের শাস্তি হয়েছে ?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ১৫৬ জন।

(খ) এখনও পর্যন্ত কারো শাস্তি হয়নি।

## সরকারি হাসপাতালে চিকিৎসায় গাফিলতির শাস্তি

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৭) **শ্রী রাম প্যারে রাম** : পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে জানুয়ারি '০৪ পর্যন্ত সময়ে সরকারি হাসপাতালে চিকিৎসায় গাফিলতির জন্য সরকার মোট কতজন ডাক্তারকে শাস্তির সুপারিশ করেছেন (পৃথক পৃথক হিসাব সহ) ; এবং

(খ) তন্মধ্যে, কতজনকে ক্ষমা প্রদর্শন করা হয়েছে ?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ১(এক) জন।

(খ) একজনকেও নয়।

## দক্ষিণ ২৪-পরগনায় পর্যটনকেন্দ্র

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৪) **শ্রী মন্টুরাম পাখিরা** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত চারটি আর্থিক বছরে দক্ষিণ ২৪-পরগনার কোন্ কোন্ স্থানে পর্যটনকেন্দ্র চালু হয়েছে ; এবং

(খ) এ বাবদ ব্যয়িত অর্থের পরিমাণ কত (পৃথক পৃথক হিসাবসহ) ?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) বিগত ১৯৯৯, ২০০০, ২০০১ সালে দক্ষিণ ২৪-পরগনা জেলায় নতুন কোনো পর্যটন কেন্দ্র চালু করা হয়নি। ২০০৩ সালের ফেব্রুয়ারী মাসে অর্থাৎ

২০০২-২০০৩ আর্থিক বছরে ওই জেলায় কৈখালিতে একটি পর্যটন কেন্দ্র ও পর্যটক আবাস চালু করা হয়েছে।

(খ) কৈখালি পর্যটক আবাস নির্মাণকল্পে ৫৬.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

## বকখালি পর্যটন কেন্দ্র উন্নয়ন

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৯) **শ্রী মন্টুরাম পাখিরা :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বকখালি পর্যটন কেন্দ্র উন্নয়নের একটি প্রকল্প সরকার গ্রহণ করেছেন ;

(খ) সত্যি হলে, ওই প্রকল্পে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) ওই প্রকল্পটির বাস্তবায়নের কাজ বর্তমানে কী পর্যায়ে আছে ?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না। তবে পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম কর্তৃক একটি পর্যটক আবাস ইতিমধ্যেই বকখালিতে পরিচালিত হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## কাকদ্বীপ-এ অগ্নিনির্বাপণ কেন্দ্র স্থাপন

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩২) **শ্রী মন্টুরাম পাখিরা :** অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাকদ্বীপ-এ একটি অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা ; এবং

(খ) গ্রহণ করে থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**অগ্নি নির্বাপণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) সমস্ত মহকুমা সদর শহরেই অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) উপযুক্ত জমি সংগ্রহ এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ হলে কাকদ্বীপে অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপন হতে পারে।

## কাকদ্বীপ-গঙ্গাধরপুর রাস্তার দুরবস্থা

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪০) **শ্রী মন্টুরাম পাখিরা :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কাকদ্বীপ-গঙ্গাধরপুর বাস রাস্তাটির প্রায় ১৩ কিমি অংশ দীর্ঘদিন ভাঙা অবস্থায় পড়ে আছে ;

(খ) সত্যি হলে, কবে নাগাদ রাস্তাটি মেরামত করা হবে বলে আশা করা যায় ; এবং

(গ) এজন্য বর্তমান আর্থিক বছরে মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) সত্যি নয়, ১২.৩০ কিমি দীর্ঘ রাস্তাটিকে সবসময়ই যানবাহন চলাচলের যোগ্য রাখার ব্যবস্থা নেওয়া হয়েছে।

(খ) বর্তমানে রুটিনমাফিক মেরামতির কাজ চলছে।

(গ) ২ (দুই) লক্ষ টাকা।

## কাকদ্বীপ পৌরসভা গঠন

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪২) **শ্রী মন্টুরাম পাখিরা :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার কাকদ্বীপে পৌরসভা গঠনের প্রস্তাব গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, প্রস্তাবটি কবে থেকে বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এই বিষয়ে একটি প্রস্তাব সংশ্লিষ্ট জেলাশাসকের মাধ্যমে পৌর বিষয়ক দপ্তরে এসেছে।

(খ) প্রস্তাবটি এখনও বিবেচনা করা হয়নি।

## সংগঠিত প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৬) **শ্রী মন্টুরাম পাখিরা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সংগঠিত প্রাথমিক বিদ্যালয়গুলির অনুমোদনের জন্য রাজ্য সরকার কোনো পদক্ষেপ নিয়েছে কিনা ; এবং

(খ) নিয়ে থাকলে, কবে নাগাদ উক্ত বিদ্যালয়গুলি অনুমোদন পাবে বলে আশা করা যায় ?

**বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) সংগঠিত প্রাথমিক বিদ্যালয়কে স্বীকৃতি বা অনুমোদন দেওয়ার কোনো পদক্ষেপ গ্রহণ করার কথা সরকার আদৌ বিবেচনা করছে না।

(খ) প্রশ্ন ওঠে না।

## বৈদ্যুতিক মিটারে কারচুপির অভিযোগ

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫০) **শ্রী মন্টুরাম পাখিরা :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিগত ২০০৩ সালে মোট কতগুলি মিটারে কারচুপির অভিযোগ পেয়েছেন ;

(খ) তন্মধ্যে, কতগুলি ক্ষেত্রে দপ্তরের কর্মীরা জড়িত ছিল ; এবং

(গ) উক্ত কর্মীদের বিরুদ্ধে কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ৩১২টি।

(খ) ১৩টি।

(গ) ৩ জনকে পর্ষদের চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে, ৪ জনকে চাকরি থেকে সাসপেন্ড করা হয়েছে এবং ৬ জনকে চার্জসিট দেওয়া হয়েছে এবং পরবর্তী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার কার্যক্রম চলছে।

## রাজ্যে ট্যুরিস্ট লজের সংখ্যা

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৮) **শ্রী তমোনাশ ঘোষ :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সরকারি ট্যুরিস্ট লজের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে, গত বছর কতগুলি ট্যুরিস্ট লজ চুক্তির ভিত্তিতে ব্যক্তিমালিকানায় হস্তান্তর করা হয়েছে ; এবং

(গ) এই হস্তান্তরের কারণ কী ?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের পরিচালনাধীন ট্যুরিস্ট লজের সংখ্যা এখন ২৫টি। পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের অধীন অথচ দীর্ঘমেয়াদি চুক্তির ভিত্তিতে বেসরকারি পরিচালনাধীন ট্যুরিস্ট লজের সংখ্যা এখন ছয় (৬টি)।

(খ) গত বছর একটি ট্যুরিস্ট লজ বেসরকারি পরিচালনায় চুক্তির ভিত্তিতে দেওয়া হয়েছে। এটি বীরভূমে অবস্থিত বক্রেশ্বর ট্যুরিস্ট লজ।

(গ) বক্রেশ্বর ট্যুরিস্ট লজ বিগত ১৯৯৪-৯৫ সালেই বেসরকারি পরিচালনায় দেওয়া হয়েছিল। সেই সংস্থাটি (ল্যারিকা রিসর্টস প্রাইভেট লিমিটেড) কিছুদিন চালানোর পর লজটি বন্ধ অবস্থায় ফেলে রাখে এবং পরবর্তীকালে চালানোর অক্ষমতাও প্রকাশ করে। এই কারণে গত বছর নতুন দরপত্র আহ্বান করে নতুন একটি বেসরকারি সংস্থাকে (বেঙ্গল আসানসোল ইন প্রাইভেট লিমিটেড) ট্যুরিস্ট লজটি ২০০৩ সালের সেপ্টেম্বর মাসে পরিচালনার ভার দেওয়া হয়েছে।

## আচার্য জগদীশচন্দ্র বসুর বাড়ি অধিগ্রহণ

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯২) **শ্রী তমোনাশ ঘোষ** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার ফলতা ব্লকের আচার্য জগদীশ চন্দ্র বসুর বাড়িটি সংগ্রহশালা হিসাবে গড়ে তোলার জন্য অধিগ্রহণ করতে চলেছেন ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## বৃষ্টির জল সংরক্ষণ ও ব্যবহার

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৭) **শ্রী রামপদ সামন্ত** : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার নতুন বহুতল বাড়ির নির্মাণের ক্ষেত্রে ছাদে বৃষ্টির জল সংরক্ষণ ও ব্যবহার বাধ্যতামূলক করার সিদ্ধান্ত গ্রহণ করতে চলেছে ; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কি ?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) এখনও পর্যন্ত এরকম কোনও প্রস্তাব জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## ক্যানিং মহকুমায় অফিস ভবন নির্মাণ

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৮) **শ্রী গোবিন্দচন্দ্র নস্কর** : কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনার ক্যানিং মহকুমায় অফিস ভবন নির্মাণের জন্য সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করেছেন কি ; এবং

(খ) করে থাকলে, উক্ত নির্মাণ কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

**কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) শুরু হয়েছে।

## যৌথ উদ্যোগে রাজ্যে বিনোদনের প্রসার

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪১) **শ্রী জানে আলম মিঞা** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বিনোদনের প্রসারের জন্য বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে ৮০টি আন্তর্জাতিক মানের পার্ক তৈরি করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, তা কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## বেসরকারি কারখানার বাড়তি জমি বিক্রয়

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৩) **শ্রী জানে আলম মিঞা ও শ্রী আবুল হাসনাৎ** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বেশ কিছু বেসরকারি কারখানার বাড়তি জমি বিক্রির ব্যাপারে অনুমতি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কারখানাগুলির নাম কি ?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) শিল্প সংস্থার উদ্বৃত্ত জমি যা আরবান (ডেভেলপমেন্ট অ্যান্ড রেগুলেশনস্) অ্যাক্ট ১৯৭৬-এর আওতাভুক্ত সেগুলির বিক্রয়লব্ধ অর্থে সংশ্লিষ্ট সংস্থার পুনরুজ্জীবনকল্পে ১৯৯৮ সালের জানুয়ারীতে একটি সুনির্দিষ্ট নীতি প্রণয়ন করা হয়। বর্তমানে এই নীতি কার্যকর করা হচ্ছে।

(খ) (১) জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ, কলকাতা

(২) হাওড়া মিলস্ লিমিটেড, হাওড়া

(৩) বেঙ্গল ল্যাম্পস্ লিমিটেড, যাদবপুর

(৪) ই.এম.সি. লিমিটেড, দমদম, উত্তর ২৪-পরগনা

(৫) ক্যালকাটা সিল্ক ম্যানুফ্যাকচারিং কোং লিমিটেড, খড়দহ, উত্তর ২৪-পরগনা

## রাজ্যে তথ্য প্রযুক্তি সংস্থার সংখ্যা

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৭) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে এই রাজ্যে কতগুলি তথ্যপ্রযুক্তি সংস্থা কাজ করছে ; এবং

(খ) ওই সংস্থাগুলিতে কতজন কর্মী নিযুক্ত আছে ?

**তথ্য প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ১৯০টি।

(খ) প্রায় ১৬,০০০ জন।

## রাজ্যে বাগিচা ফসল চাষের উন্নতি

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৮) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বাগিচা ফসল চাষের উন্নতির জন্য এগ্রি-এক্সপোর্ট জোন গড়ে তোলার প্রকল্পগুলির বাস্তবায়নের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ?

**খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

বাগিচা ফসল চাষের উন্নতির জন্য এগ্রি-এক্সপোর্ট জোন গড়ে তোলার প্রকল্পগুলি বাস্তবায়নের কাজ পুরোদমে চলছে।

## টিস্যু কালচারে কলাচারা উৎপাদন

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৯) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে টিস্যু কালচার ল্যাবরেটরিতে কলা চারা তৈরি হচ্ছে ;

(খ) সত্যি হলে, কোথায় এ ধরনের ল্যাবরেটরি আছে ; এবং

(গ) গত (২০০২-২০০৩) বছরে ওই ধরনের কত কলা চারা চাষীদের দেওয়া হয়েছে ?

**খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) রাষ্ট্রীয় উদ্যান গবেষণা ও উন্নয়ন কেন্দ্র, কৃষ্ণনগরে একটি টিস্যু কালচার ল্যাবরেটরি তৈরি হয়েছে।

(গ) গত ২০০২-২০০৩ বছরে পরীক্ষাগারটি পরীক্ষামূলকভাবে চালু হয়, এবং ২০০০ চারা তৈরি হয় এবং পরীক্ষামূলকভাবে সরকারি খামারে রোপণ করা হয়। এছাড়া এলাকা সম্প্রসারণ কাজে বিভিন্ন টিস্যু কালচার সংস্থা থেকে প্রায় ১২০০০০টি টিস্যু কালচার কলা চারা চাষীদের মধ্যে দেওয়া হয়।

## রাজ্যে মেডিসিন প্ল্যান্ট বোর্ড গঠন

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯১০) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ঔষধ ও সুগন্ধি গাছের ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য মেডিসিন প্ল্যান্ট বোর্ড গঠন করা হয়েছে ;

(খ) সত্যি হলে, গত আর্থিক বছরে ওই বোর্ডের প্রস্তাবিত কতগুলি প্রকল্প কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য প্রেরিত হয়েছে ; এবং

(গ) সর্বশেষ প্রাপ্ত তথ্যানুযায়ী প্রকল্পগুলির অগ্রগতি কীরূপ ?

**খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) ২৯টি প্রকল্পে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ ন্যাশানাল মেডিসিন্যাল প্ল্যান্ট বোর্ডে পাঠানো হয়েছে।

(গ) রাজ্য মেডিসিন্যাল প্ল্যান্ট বোর্ডের কাছে পাওয়া তথ্যানুসারে আটটি প্রকল্প অনুমোদন পেয়েছে।

## বীজ তৈরির ফার্ম

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯১২) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে উদ্যানপালন বিভাগের অধীনে মোট কতগুলি বীজ তৈরির ফার্ম আছে ;

(খ) ওই ফার্মগুলির আধুনিকীকরণের জন্য কী কী উদ্যোগ নেওয়া হয়েছে ; এবং

(গ) এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে কোনো প্রস্তাব প্রেরিত হয়েছে কি ?

**খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) মোট ১১টি ফার্ম আছে এই দপ্তরের অধীনে।

(খ) আধুনিকীকরণের জন্য নিম্নলিখিত ব্যবস্থা নেওয়া হয়েছে—

(১) অঙ্গজ জনন (টিস্যুকালচার) গবেষণাগার স্থাপন।

(২) ফসল রক্ষণাবেক্ষণের জন্য প্রাচীর নির্মাণ।

(৩) অনুকূল আবহাওয়ায় চারা উৎপাদনের জন্য সবুজঘর নির্মাণ।

(৪) প্রশিক্ষণ দেওয়ার জন্য প্রশিক্ষণ গৃহ নির্মাণ।

(গ) না। যেহেতু ফার্মগুলি রাজ্য সরকারের আওতাভুক্ত।

## যৌথ উদ্যোগে উচ্চফলনশীল বীজ তৈরি

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৩) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার রাজ্যে উচ্চফলনশীল বীজের অভাব পূরণের জন্য কয়েকটি বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে বীজ তৈরির পরিকল্পনা গ্রহণ করেছেন ;

(খ) সত্যি হলে, কোথায় কোথায় ওই পরিকল্পনাটি বাস্তবায়িত হয়েছে/হচ্ছে ;

(গ) গত আর্থিক বছরে ওই ধরনের বীজ তৈরির পরিমাণ কত ; এবং

(ঘ) কী কী ফসলের বীজ তৈরি হয়েছে ?

**খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) হ্যাঁ।

(খ) পরিকল্পনাটি কৃষ্ণনগর রাজ্য উদ্যান পালন গবেষণা উন্নয়ন কেন্দ্র, কৃষ্ণনগর নদীয়াতে বাস্তবায়িত হয়েছে।

বাঁকুড়া জেলায় তালডাংরা উদ্যান পালন গবেষণা ও উন্নয়ন খামারে ও বড়জোড়া সবজি উন্নয়ন খামারে বেসরকারি সংস্থার মাধ্যমে বীজ তৈরির পরিকল্পনা আছে।

নদীয়া জেলার হরিণঘাটা খামারেও একইভাবে বীজ তৈরির প্রস্তাব আছে।

(গ) গত আর্থিক বছরে (২০০২-২০০৩ সালে) প্রায় ২১৩ কেজি টমেটো বীজ ও ২৫৭ কেজি বেগুন বীজ (সংকর) উৎপন্ন হয়েছে।

(ঘ) বেগুন ও টমেটো।

## বাংলা আকাদেমি প্রবর্তিত পুরস্কার ও স্মারক বক্তৃতা

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯১৯) **শ্রী সামসুল ইসলাম মোল্লা :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি কয়টি পুরস্কার ও কয়টি স্মারক বক্তৃতা প্রবর্তন করেছে ;

(খ) সেইগুলির নাম কী কী ; এবং

(গ) নতুন কোনো পুরস্কার চালু করার পরিকল্পনা আকাদেমির আছে কি ?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

(ক) ১২টি পুরস্কার এবং ১১টি স্মারক বক্তৃতা প্রবর্তন করেছে।

(খ) পুরস্কারগুলির নাম :

(১) নজরুল পুরস্কার
(২) অনীতা-সুনীল বসু পুরস্কার
(৩) সোমেন চন্দ পুরস্কার
(৪) সুধা বসু পুরস্কার
(৫) লীলা রায় পুরস্কার
(৬) লিটল্ ম্যাগাজিন পুরস্কার
(৭) অভিজ্ঞান স্মারক শিশু সাহিত্য পুরস্কার
(৮) অভিজ্ঞান স্মারক ছড়া পুরস্কার
(৯) সুতপা রায়চৌধুরী পুরস্কার
(১০) মানস রায়চৌধুরী পুরস্কার
(১১) মনোজমোহন বসু স্মারক পুরস্কার
(১২) অন্নদাশংকর রায় পুরস্কার (২০০৪ সালে প্রবর্তিত)

**স্মারক বক্তৃতা**

(১) সুনীতি কুমার স্মারক বক্তৃতা
(২) বিদ্যাসাগর স্মারক বক্তৃতা
(৩) শমিতা দাস স্মারক বক্তৃতা
(৪) নমিতা ঘোষ স্মারক বক্তৃতা
(৫) কল্যাণ কুমার দাশগুপ্ত স্মারক বক্তৃতা
(৬) বিবেকানন্দ মুখোপাধ্যায় স্মারক বক্তৃতা
(৭) লীলা রায় স্মারক বক্তৃতা
(৮) ব্রজেন্দ্রলাল বন্দ্যোপাধ্যায় স্মারক বক্তৃতা
(৯) সাবিত্রী রায় স্মারক বক্তৃতা
(১০) মীর মশাররফ হোসেন স্মারক বক্তৃতা
(১১) অন্নদাশংকর রায় স্মারক বক্তৃতা

(গ) এ বৎসর আর নতুন কোনো পুরস্কার চালু করার পরিকল্পনা আকাদেমির নেই।

## ডানকুনি পৌরসভা গঠন

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৪) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ডানকুনি পৌরসভা গঠনের পরিকল্পনাটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

বিধানসভা কেন্দ্রগুলির সীমানা পুনর্নির্ধারণের কাজ চলছে, তাই এই প্রস্তাব আপাতত বিবেচনা করা যাচ্ছে না।

## ২০০৩ সালে অনুষ্ঠিত বইমেলার সংখ্যা

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৬) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত ২০০৩ সালে সারা রাজ্যে সরকারি ও বেসরকারি উদ্যোগে কতগুলি বইমেলা সংগঠিত হয়েছিল (জেলাওয়ারি) ?

**গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :**

২০০৩-০৪ আর্থিক বছরে নিম্নলিখিত জেলাগুলিতে এরূপ একটি করে মেলা সংগঠিত হয়েছিল :

(১) বাঁকুড়া, (২) বর্ধমান, (৩) বীরভূম, (৪) কোচবিহার, (৫) হাওড়া, (৬) হুগলী, (৭) জলপাইগুড়ি, (৮) মালদা, (৯) মুর্শিদাবাদ, (১০) নদীয়া, (১১) দক্ষিণ দিনাজপুর, (১২) উত্তর দিনাজপুর, (১৩) উত্তর ২৪-পরগনা, (১৪) দক্ষিণ ২৪-পরগনা, (১৫) পুরুলিয়া, (১৬) পূর্ব মেদিনীপুর, (১৭) পশ্চিম মেদিনীপুর, (১৮) দার্জিলিং-শিলিগুড়ি মহকুমা পরিষদ এরিয়া।

বেসরকারি বইমেলার সংগঠকরা কবে কোথায় বইমেলা করেছেন তা সচরাচর বিভাগকে জানান না। সেইজন্য এই সংক্রান্ত সুনির্দিষ্ট তথ্য বিভাগের কাছে না থাকায় বেসরকারি উদ্যোগে আয়োজিত বইমেলা সংখ্যা জানানো সম্ভব হচ্ছে না।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker:** Today I have received nine notices of Adjournment Motions. The first one is from Dr. Asish Banerjee on the subject of deplorable condition of health service in Government hospitals in the areas under Rampurhat Assembly Constituency. The second one is from Shri Kashinath Mishra, Shri Kallol Khan, Shri Manturam Pakhira, Dr. Ratna De(Nag), Shri Pundarikaksha Saha and Shri Ajit Bhunia on the subject of complication arisen in implementing the order of Hon'ble High Court regarding Bharat Stage-II. The third one is from Shri Mostaque Alam on the subject of alleged harassment of farmers in Malda in getting electric connection for shallow tubewell. The fourth one is from Shri Asit Mitra on the subject of alleged arrest of some Congress Workers in Murshidabad on false case. The fifth one is from Smt. Sonali Guha, Shri Jyotipriya Mallik, Shri Kallol Khan, Shri Pundarikaksha Saha and Shri Arunava Ghosh on the subject of alleged physical assault on Trinamul Congress workers in some areas under Bishnupur East Assembly Constituency. আমি বার বার বলেছি একজন সদস্য একবারই একটা ঘটনার ব্যাপারে দিতে পারেন, কলিং অ্যাটেনশনে দিতে পারেন বা অ্যাডজর্নমেন্ট মোশানে দিতে পারেন। এখানে দেখতে পাচ্ছি কল্লোল খান এবং পুণ্ডরিকাক্ষ্য সাহা দুটোতেই দিয়েছেন। একটাই হবে ? যদিও সেখানে অন্যজনের সই আছে, কিন্তু সেটাও হবে না। এটা হয় না। The sixth one is from Shri Ashok Deb on the subject of non-supply of irrigable water due to non-functioning of transformer. The seventh one is from Shri Gobinda Chandra Naskar on the subject of alleged murder of one Lata Karan at Gaighata. The eighth one is from Shri Saugata Roy on the subject of alleged

violation of the Code of Conduct of Election Commission by the Ministers of the State Government. এটা হবে না এখানে। এটা ইলেকশান কমিশনের ভায়োলেশানের ব্যাপার। এটা আপনি ইলেকশান কমিশনের কাছে বলতে পারেন। বিধানসভা এটা কি করবে ? এটা হবে না। I have no jurisdiction to pass any order on this. আমার কোনো এক্তিয়ার নেই। Is is out of order. এটা হবে না, এটা হয় না। It is out of order.

And the ninth one is from Shri Biplab Roy Chowdhury on the subject of alleged non-removal of ash from the Denan-Dehati Canal by the Authority of Kolaghat Thermal Power Projects.

The subject matter of the eighth motion is not primarily the concern of the State Government. As such the notice is out of order and I reject it.

The subject matters of the remaining eight Motions are not such that may call for Adjournment of the Business of the House.

The Members may, however, invite attention of the Ministers concerned through Calling Attention, Mention, etc.

I therefore, withhold my consent to all the Motions.

One Member of the Party may, however, read the text of the motion as amended.

**শ্রী অশোক কুমার দেব** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবি রাখছে। বিষয়টি হল—বিদ্যুতের অভাবে প্রায় ২০ দিন চাষের জমিতে জল না পাওয়াতে চাষীরা ক্ষুব্ধ। ফসলের ক্ষতি হচ্ছে। ট্রান্সফরমার বিকল হয়ে যাওয়ার ফলে প্রায় ১৫০ বিঘা জমিতে চাষ হচ্ছে না। রাজ্য বিদ্যুৎ পর্যদের অফিসকে বলে এবং কাগজপত্র জমা দেওয়া সত্ত্বেও কাজ হচ্ছে না। পর্যদের গাফিলতির জন্য এলাকার মানুষের হয়রানি হচ্ছে। পাঁশকুড়া (পূর্ব মেদিনীপুর) চাষীরা চিন্তিত। ট্রান্সফরমার আজ পর্যন্ত ঠিক করা হয়নি। অবিলম্বে সরকারের হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অসিত মিত্র** : মাননীয় অধ্যক্ষ মহোদয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল :

মুর্শিদাবাদ জেলার সর্বত্র কংগ্রেস কর্মীদের ওপরে পুলিশের অত্যাচার চলছে। মিথ্যা মামলায় গ্রেপ্তার করা হচ্ছে। কংগ্রেসের বিভিন্ন নেতাকে ইতিমধ্যেই মিথ্যা মামলায় গ্রেপ্তার করা হয়েছে। আসন্ন লোকসভা নির্বাচনে ভরাডুবি হবে জেনে শাসকদলের নির্দেশে এবং

মুর্শিদাবাদ জেলার এস.পি.-র তত্ত্বাবধানে এই অত্যাচার চলছে। বহরমপুরের এম.পি. অধীর চৌধুরীকে আক্রমণ করার চেষ্টা হচ্ছে। অবিলম্বে এই পুলিশী হামলা বন্ধ করতে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

## CALLING ATTENTION

**Mr. Speaker:** Today, I have received four notices of Calling Attention on the following subjects, namely :—

| | Subject | Name |
|---|---|---|
| (i) | Alleged non-progress of development work for 'Tulsihatta Bazar Samiti' under 42-Harischandrapur Assembly Constituency | : Shri Mostaque Alam |
| (ii) | Alleged non-electrification of several villages under Rampurhat Assembly Constituency | : Dr. Asish Banerjee |
| (iii) | Apprehended bus-strike on the eve of H.S. Examination in Hooghly district | : Shri Kashinath Misra<br>Shri Jyoti Priya Mallick<br>Shri Kallol Khan<br>Shri Manturam Pakhira<br>Dr. Ratna De (Nag)<br>Shri Pundarikakshya Saha<br>Shri Ajit Bhunia &<br>Smt. Sonali Guha |
| (iv) | Reported strike at Reliance Jute Mill | : Shri Ashok Kumar Deb |

I have selected the notice of Shri Ashok Kumar Deb on the subject of Reported strike at Reliance Jute Mill.

The Minister-in-Charge may please make a statement today, if possible or send direct to the member concerned.

**Shri Prabodh Chandra Sinha:** Sir, the statement will be sent to the member concerned directly.

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of Home (police) Department will make a statement on the subject of reported death of eight persons including police personnel from landmine explosion at Belpahari of Paschim Medinipur on 25.2.2004.

(Attention called by Shri Somendra Nath Mitra, shri Gyan Singh Sohanpal, Shri Asit Mitra, Shri Asit Kumar Mal, Shri Nepal Mahato jointly, Shri Kashinath Mishra, Shri Manturam Pakhira, Shri Ajit Bhunia jointly, Shri Abdul Mannan and Shri Jyoti Krishna Chattopadhyay separately on the 8th March, 2004.)

[ 12.10 – 12.20 p.m. ]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতিক্রমে, বিগত ২৫.০২.২০০৪ তারিখে পশ্চিম মেদিনীপুর জেলার অন্তর্গত দলাদলিতে ল্যান্ড মাইন বিস্ফোরণে বেলপাহাড়ি থানার পুলিশ অফিসার সহ আটজনের নিহত হওয়া সম্পর্কে বিধায়কবৃন্দ সর্বশ্রী সৌমেন্দ্রনাথ মিত্র, জ্ঞান সিং সোহন পাল, অসিত মিত্র, অসিত মাল, নেপাল মাহাতো, কাশীনাথ মিশ্র, মন্টুরাম পাখিরা, অজিত ভুঞ্যা, আবদুল মান্নান ও জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় মহাশয়গণ কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর আমি আমার বিবৃতি দিচ্ছি।

পশ্চিম মেদিনীপুর জেলার বেলপাহাড়ি থানার অন্তর্গত কাঁকড়াঝোড়ে একটি পুলিশ ক্যাম্প ছিল। সেটি গত ২৫.০২.০৪ তারিখ থেকে বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়। সেই অনুযায়ী ওইদিন সকালে বেলপাহাড়ি থানার এ.এস.আই. বলদেব পাত্র ও নীতিশ চন্দ্র গুড়িয়া ১০ জন ই.ইফ.আর. জওয়ান ও বেলপাহাড়ি থানার একজন এন.ডি.এফ. ও একজন স্থানীয় ইলেকট্রিশিয়ানকে সঙ্গে নিয়ে একটি ট্রেকার ও একটি দেড় টনার পুলিশ ভ্যান নিয়ে ওই ক্যাম্পের সমস্ত নিরাপত্তা রক্ষী এবং জেনারেটর সমেত সকল সাজ-সরঞ্জাম ফিরিয়ে আনার জন্য রওনা দেন। ওইদিনই বেলা ১২টা নাগাদ বেলপাহাড়ি থানার সাব-ইন্সপেক্টর সত্যব্রত মণ্ডল, এ.এস.আই. মধুসূদন কুমার এবং ৫৬ জন ই.এফ.আর. জওয়ানকে নিয়ে ভাড়া করা ট্রেকারে (নং ডব্লিউ.বি.-৩৪ এম./৪৭৩৬) চড়ে কাঁকড়াঝোড় ক্যাম্প থেকে বেলপাহাড়ি থানার উদ্দেশ্যে রওনা দেন। বেলপাহাড়ির জনৈক রমেশ মান্ডি ওই গাড়িটি চালাচ্ছিল। পিছনে দেড় টনার পুলিশ ভ্যানে (ডব্লিউ.বি.-৩৪-কে ১৮৮৪) বেলপাহাড়ি থানার এ.এস.আই. নীতিশ চন্দ্র গুড়িয়া ৬জন ই.এফ.আর. জওয়ান, তাঁদের মালপত্র, জেনারেটর ও ক্যাম্পের অন্যান্য সরঞ্জাম নিয়ে রওনা দেন। বেলপাহাড়ি থানার এ.এস.আই. বলদেব পাত্রও স্থানীয় ইলেকট্রিশিয়ান তাপস দত্তকে নিয়ে একটি মোটর সাইকেলে চেপে একই সঙ্গে রওনা দেন। এঁরা সকলেই বেলপাহাড়ি থানায় ফিরছিলেন। কনভয়টি কাঁকড়াঝোড়-ভুলাভেদা রোড ধরে ঘন জঙ্গলের মধ্য দিয়ে ফিরছিল। যেতে যেতে বলদেব পাত্রর মোটর সাইকেল পুলিশ ভ্যান ও ট্রেকারটিকে অতিক্রম করে কনভয়ের সামনে চলে আসে এবং আগে আগে চলতে

থাকে। বেলা ১২টা ২০ নাগাদ যখন গাড়ি তিনটি কাঁকড়াঝোড় থেকে ১০ কি.মি. দূরে অবস্থিত দলদলির কাছে বদলামহিল ফরেস্ট নামক ঘন জঙ্গলের কাছে এসে পৌঁছয়, ঠিক ওই সময় কনভয়ের সামনে থাকা মোটর সাইকেলের আরোহী বলদেব পাত্র তাঁর পিছনে একটি প্রচণ্ড বিস্ফোরণের শব্দ শুনতে পান। পিছনে তাকিয়ে তিনি দেখতে পান ভাড়া করা ট্রেকারটি বিস্ফোরণের ধাক্কায় অনেক উঁচুতে উঠে গেছে। ওই সময় তিনি বেশ কিছু গুলির শব্দ শুনতে পান। ইতিমধ্যে ঘটনাস্থলে বিস্ফোরণে ট্রেকারটি উড়ে যেতে দেখে সবার পিছনে আসা পুলিশ ভ্যানটি দাঁড়িয়ে পড়ে। তৎক্ষণাৎ উগ্রপন্থীরা জঙ্গলের দিক থেকে পুলিশের গাড়িটি লক্ষ করে অবিরাম গুলিবর্ষণ করতে থাকে। এর জবাবে ওই ভ্যানে আসা ই.এফ.আর. জওয়ান মধুকর রাই, মন বাহাদুর গুরুঙ, শুকবাহাদুর থাপা, তুলবাহাদুর ভুজেল ও পবন কুমার রাই পাল্টা গুলি চালাতে থাকেন। এই গুলির লড়াই কিছুক্ষণ চলার পর পুলিশ দলটি গাড়ি থেকে নেমে উগ্রপন্থীরা যেদিক থেকে গুলি চালাচ্ছিল জঙ্গলের সেদিক লক্ষ্য করে গুলি চালাতে থাকে। উগ্রপন্থীদের দিক থেকে গুলি চালানো বন্ধ হলে পুলিশের দলটি আহত পুলিশ কর্মীদের নিয়ে কাঁকড়াঝোড় ক্যাম্পে ফিরে আসে। সীমান্তরক্ষী বাহিনীর কিছু জওয়ান যাঁরা ওই ক্যাম্পে ছিলেন তাঁরা আহতদের প্রাথমিক শুশ্রূষাদির পর পুলিশী প্রহরায় নিকটবর্তী ঘাটশিলা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যান।

এদিকে ঘটনার খবর পাওয়া মাত্র বেলপাহাড়ি থানার ভারপ্রাপ্ত আধিকারিক থানায় উপস্থিত আধিকারিক ও পুলিশ কর্মীদের নিয়ে ঘটনাস্থলে চলে আসেন। তাঁরা এসে বিস্ফোরণস্থলে ভাড়া করা ট্রেকারের ড্রাইভার সমেত সকল পুলিশ কর্মীদের ছিন্নবিচ্ছিন্ন মৃতদেহ ও দেহাংশ ছড়িয়ে থাকতে দেখেন। এমনকি গাড়িটিও বিস্ফোরণের ধাক্কায় টুকরো টুকরো হয়ে গিয়েছিল। ঘটনাস্থলে উগ্রপন্থীরা মোরাম রাস্তার নীচে দুটি ল্যান্ডমাইন পেতে রেখেছিল এবং ট্রেকারটি পৌঁছনোমাত্র ল্যান্ডমাইনগুলির বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের তীব্রতায় ভুলাভেদা-কাঁকড়াঝোড় রাস্তাটি প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং বিস্ফোরণস্থলে (১৪ ফুট লম্বা, ১০ ফুট চওড়া ও ৩½ ফুট গভীর) একটি বিশাল গর্তের সৃষ্টি হয়। পরে পশ্চিম মেদিনীপুরের অতিরিক্ত পুলিশ সুপার, ঝাড়গ্রামের মহকুমা পুলিশ অফিসার, বিনপুরের। সার্কেল ইন্সপেক্টর ঘটনাস্থলে হাজির হন এবং আশেপাশের এলাকায় উগ্রপন্থীদের ধরার জন্য চিরুনি তল্লাশী অভিযান চালান। ঘটনাস্থলে মৃত পুলিশকর্মীদের মৃতদেহগুলির সুরতহাল রিপোর্ট করার পর ময়না তদন্তের জন্য দেহগুলি ঝাড়গ্রাম হাসপাতালে পাঠানো হয়। বাঁকুড়া ও পুরুলিয়া জেলার পুলিশ সুপাররা মেদিনীপুর রেঞ্জের ডি.আই.জি. ও ওয়েস্টার্ন জোনের আই.জি. প্রমুখরাও অবিলম্বে ঘটনাস্থল পরিদর্শনে আসেন। লাগোয়া সীমান্ত এলাকাগুলি সিল করে দিয়ে ব্যাপক তল্লাশি অভিযান শুরু করা হয়। এই বিস্ফোরণের ফলে ভাড়া করা ট্রেকারটি এবং ওই ট্রেকারে চেপে আসা পুলিশ কর্মীদের ব্যবহৃত বন্দুক, গুলি বারুদ ইত্যাদি এবং দুটি আর.টি. সেট সম্পূর্ণভাবে ধ্বংসপ্রাপ্ত হয়। এই বিস্ফোরণে নিহত ব্যক্তিরা হলেন—বেলপাহাড়ি থানার সাব-ইন্সপেক্টর শ্রী সত্যব্রত মণ্ডল, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর শ্রী মধুসূদন কুমার এবং ই.এফ.আর. ৩য় ব্যাটেলিয়নের শ্রী সতীশচন্দ্র বোরো, শ্রী মোশেস লেপচা, শ্রী দীপক তামাঙ, শ্রী ফুপ শেরিঙ ভুটিয়া, শ্রী উদয় ছেত্রী ও ভাড়া

করা ট্রেকার গাড়ির চালক শ্রী রমেশ মান্ডি। আহত পুলিশকর্মীরা হলেন—ই.এফ.আর. ৩য় ব্যাটেলিয়নের শ্রী মানবাহাদুর গুরুঙ, শ্রী শুকবাহাদুর থাপা, শ্রী মধুসূদন রাই ও বেলপাহাড়ি থানার সঙ্গে যুক্ত এন.ডি.এফ.-এর শ্রী রমেশ চন্দ্র মান্না।

পরের দিন (২৬.০২.০৪) কলকাতা থেকে ফরেনসিক বিশেষজ্ঞ দল ঘটনাস্থল পরিদর্শন করেন ও বিভিন্ন নমুনা সংগ্রহ করেন। ডি.জি. ও এ.ডি.জি. (আই.বি.)ও ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

এই বিস্ফোরণের ঘটনায় এ যাবৎ দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। এরা হলেন—বেলপাহাড়ি থানার দানগড়ের বাসিন্দা প্রভাস মাহাতো এবং ঝাড়খণ্ডের ধবলগড় থানার দুতঝোরির শ্যাম শবর। জিজ্ঞাসাবাদ চলছে।

এই ধরনের উগ্রপন্থী কার্যকলাপ প্রতিরোধের জন্য পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় নজরদারি জোরদার করা হয়েছে এবং বিশেষ অভিযান চালানো হচ্ছে।

বিস্ফোরণে নিহত প্রত্যেক পুলিশ অফিসার, পুলিশ কর্মী ও ড্রাইভারের পরিবার-পিছু পশ্চিমবঙ্গ পুলিশের বেনেভোলেন্ট ফান্ড থেকে পঞ্চাশ হাজার টাকা ও আই.পি.এস. অফিসারদের স্ত্রীদের সংগঠনের তরফ থেকে পঞ্চাশ হাজার টাকা করে মোট এক লক্ষ টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে। এ ছাড়াও কর্তব্যরত অবস্থায় মৃত্যু হওয়ায় নিয়মমতো নিহত পুলিশ অফিসার ও কর্মীদের পরিবারবর্গকে সরকারের তরফ থেকেও ক্ষতিপূরণ দেওয়া হবে।

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, মাননীয় মুখ্যমন্ত্রী বিস্তারিতভাবে বেলপাহাড়ির ঘটনার কথা বললেন। এটাতে ঝাড়খণ্ড রাজ্য এবং পাশে উড়িষ্যা রাজ্য রয়েছে, এদের সাথে জনযুদ্ধ গোষ্ঠী বা উগ্রপন্থীদের একটা যোগাযোগ আছে এই খবর বিভিন্ন কাগজে পড়েছি। আপনি বললেন সেটা বেড়েছে এবং বেলপাহাড়িতে ল্যান্ডমাইন বিস্ফোরণ হল সেটাতেও শোনা যাচ্ছে ওদের হাত আছে। উড়িষ্যা বা ঝাড়খণ্ড রাজ্যে যে উগ্রপন্থীরা আছে এদেরকে দমন করার জন্য উড়িষ্যা গভর্নমেন্ট বা ঝাড়খণ্ড সরকারের সাথে কতবার আপনি বসেছেন এবং কি কি সিদ্ধান্ত গ্রহণ করেছেন, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : প্রথমত আপনাকে বলি, এই পি.ডাবলিউ.জি.-র সমস্যা নিয়ে কেন্দ্রীয় সরকার ৫টি রাজ্যকে নিয়ে একটি কমিটি করেছেন। সেই কমিটিতে আমরাও আছি। অন্ধ্র, উড়িষ্যা, ঝাড়খণ্ড, বিহার এবং পশ্চিমবাংলা। প্রথমে আমরা ছিলাম না, পরে আমরা নিজেরাই বলি সেই কমিটিতে যাব। সেই কমিটি বসে নিয়মিত রিভিউ করেন এবং প্রত্যেক রাজ্যের মতামত বিনিময় করা হয় এটা একটা দিক। আর একটা দিক হচ্ছে, আমাদের এই মুহূর্তে সবচেয়ে বড়ো সমস্যা হচ্ছে ঝাড়খণ্ডকে নিয়ে, ঝাড়খণ্ড রাজ্যকে নিয়ে। ঝাড়খণ্ড রাজ্যের সঙ্গে পুলিশ প্রশাসনের সঙ্গে একটা নিয়মিত ইন্টারাকশান আমরা করছি। এবং উপরতলার অফিসারদের আমরা সহযোগিতা পাচ্ছি। এটাও ঠিকই। কিন্তু বাস্তব অবস্থা

হচ্ছে, ঝাড়খণ্ড রাজ্যের বিস্তীর্ণ এলাকায় পি.ডাবলিউ.জি. এবং এম.সি.সি. যেভাবে ঘাঁটি করেছে, রাজ্যের মধ্যে সেখানের থেকে আমাদের বিপদটা বেশি আসছে। বিপদটা মানে এই, আমাদের রাজ্যে এখন গ্রামাঞ্চলে গিয়ে মিটিং করা, আগে যেটা করতেন, সেই মিটিং হত, গান হত, এখন গ্রামাঞ্চলে তারা মিটিং করছেন না, করতে পারবেনও না। কিন্তু তারা ফরেস্ট এলাকার মধ্যে ঘোরাঘুরি করছেন এবং আমাদের অপারেশান শুরু হলে ঝাড়খণ্ডে চলে যাচ্ছে, এটা হচ্ছে, একটা বাস্তব সমস্যা। সেইজন্য ঝাড়খণ্ড সরকার এবং আমরা যৌথভাবে যাতে অভিযান করতে পারি এই নিয়ে কিছু পরিকল্পনা হয়েছে, পরিকল্পনা বিস্তারিত রূপ না পেলে বলা ঠিক হবে না, তাই বলছি, পরিকল্পনা কিন্তু আমরা করেছি।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে ২ পাতার একটা স্টেটমেন্ট দিয়েছেন। তাতে উনি বিস্তারিত বলেছেন। এটা খুবই বেদনাদায়ক ঘটনা। একটা মর্মান্তিক ঘটনা। সেখানে কয়েকজন পুলিশ কর্মী ও ড্রাইভার নিহত হয়েছেন আমি অন্যভাবে জিজ্ঞাসা করছি, কারণ দেখা যাচ্ছে এই পর্যন্ত, ২জন মাত্র লোক ওখানে গ্রেপ্তার হয়েছেন। এই জায়গায় মাত্র ২ জনকে এখনও পর্যন্ত গ্রেপ্তার করেছেন এবং তাদেরকে জিজ্ঞাসাবাদ চলছে, এই ঘটনা ঘটার পরে প্রায় ১ মাস-এর কাছাকাছি এই ঘটনা ঘটেছে, কিন্তু মাত্র ২ জন গ্রেপ্তার হয়েছেন। এখানে একটা জিনিস হচ্ছে, আপনি যেটা বললেন, ঝাড়খণ্ড রাজ্যের সঙ্গে কথাবার্তা চলছে এবং পুলিশ যখন ওখানে যায় রেড করতে, অপারেশান যখন চলে পুলিশের, তখন ওরা পালিয়ে যায় ঝাড়খণ্ডে। এবং আপনি জানেন যে জায়গাটায় কাজগুলি হচ্ছে, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া এবং হুগলীর পার্ট একটা অংশ ; আপনি যাদের জনযুদ্ধ বলছেন তাদের কার্যকলাপের কর্মের ক্ষেত্র দেখা যাচ্ছে, তাদের ওই জায়গাগুলিকে নিয়ে একটা জিনিস আমাদের মনে সন্দেহ হচ্ছে, ক্রমে ক্রমে ঘটনা যা ঘটছে, তাতে আমরা দেখছি, অদ্ভুত একটা ব্যবস্থা। এই যে উগ্রপন্থী সৃষ্টি, এটা কোথা থেকে হয়েছিল, সেইগুলি আমরা বলতে চাই না, আপনি তার উত্তরটা দেবেন। তবে মূল প্রশ্ন করার আগে একটা কথা বলে নিচ্ছি, আপনি যে জায়গাটার কথা বলছেন, ঝাড়খণ্ডে ওরা চলে যাচ্ছে, যে জায়গাগুলিতে এটা হচ্ছে, সেখানে নিশ্চয় পুলিশ প্রশাসন তারা কাজ করবেন, বা পুলিশ মন্ত্রী হিসাবে আপনি কাজ করাবেন ; আপনি গোটা রাজ্যের সুপ্রিম লিডার, সেই জায়গাতে আপনার পুলিশি কন্ট্রোল—ওই এলাকার ভৌগোলিক দিকটা যদি আমরা দেখি, নির্বাচনের সময় দেখা যায়, ভোট সব আপনাদের, আমরা পঞ্চায়েত প্রার্থী দিতে পারি না—আপনার নিয়ন্ত্রণে ;

(হট্টগোল, গোলমাল)

এখানে আমি যেটা বলতে চাই, আমার প্রশ্নটা হচ্ছে, আমার স্পেসিফিক প্রশ্নটা হচ্ছে এটাই, যে জায়গাটা রাজনৈতিকভাবে আপনাদের কন্ট্রোলে আছে, পুলিশের কন্ট্রোলে আছে, ওখান থেকে আপনাদের লোক এম.এল.এ. হয়েছেন, সেখানে জনযুদ্ধের কার্যকলাপ বাড়ছে। যেখানে বিরোধী পক্ষের কোনো লোক নেই, সমস্ত জনগণই হচ্ছে আপনাদের দলের লোক, সেখানে এক্সট্রিমিস্টরা এইভাবে কাজ করে যাচ্ছে কি করে এবং সেখানে পুলিশ কেন তাদের

ধরতে পারছে না ? সেখানে রেইড করার আগেই তো ওখানকার জনগণ তাদের জানিয়ে দেবে। এই ব্যাপারে পুলিশমন্ত্রী হিসাবে এবং শাসক দলের নেতা হিসাবে আপনার বক্তব্য কি ? আর যে দুজন ওখানে ধরা পড়েছে তাদের রাজনৈতিক পরিচয়ই বা কি ?

[ 12.20 – 12.30 p.m. ]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : এত কথার মাঝখান থেকে প্রশ্নটা বার করা খুবই কঠিন। আর যে দুজনকে গ্রেপ্তার করা হয়েছে, সেটা খুব একটা কার্যকরী গ্রেপ্তার হয়েছে বলে মনে হচ্ছে না। ওদের কাছ থেকে শুধু তাদের মুভমেন্টটা জানার চেষ্টা করা হয়েছিল, কিন্তু তার বেশি কিছু এফেক্টিভ হয়নি। ওরা হচ্ছে স্থানীয় লোক। আর ওই এলাকার সংখ্যাগরিষ্ঠ মানুষের সমর্থন আমাদের দিকেই আছে এবং ভবিষ্যতেও থাকবে। তা সত্ত্বেও কেন এটা হচ্ছে সেটা আপনাদের বুঝতে হবে। বেলপাহাড়ি, বিনপুর, রাণিবাঁধ এবং বান্দোয়ান এই চারটি থানাতেই এই বাস্তব সমস্যাটা হচ্ছে। আর এই চারটি থানা এলাকার মানচিত্র যদি বার করে দেখেন—আমি আগেও বলেছি, আবারও বলছি—ওই এলাকার গরীব মানুষের মধ্যে ওরা পেনিট্রেট করার চেষ্টা করছে। এখন কিন্তু সেই আবহাওয়া আর নেই। রাজনৈতিকভাবে এবং প্রশাসনগতভাবে আমরা সতর্ক আছি এবং পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ থেকে আমরা সেখানে কিছু প্রোগ্রাম নিয়েছি। গ্রামাঞ্চলে প্রশাসনের কাজকর্ম দেখার পরে তারা আর গ্রামের মানুষের মধ্যে যাচ্ছে না। এখন তারা জঙ্গল থেকে অপারেট করছে। আর আপনার প্রশ্নের মূল উত্তর হচ্ছে, ঝাড়খণ্ডকে ওরা রিয়ার স্পট হিসাবে, অর্থাৎ পশ্চাদভূমি হিসাবে যদি না পেত তাহলে কিছুতেই ওরা এখানে কার্যকলাপ চালাতে পারত না। পশ্চাদভূমি হিসাবে তারা ঝাড়খণ্ড রাজ্যকে পেয়েই সেখানে অবাধে কাজ করছে। সেখানে যদি তাদের কাজকর্ম বন্ধ না করা যায় তাহলে এখানেও কিছু করা যাবে না।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে বিবৃতি দিলেন সে সম্পর্কে আমি একটা প্রশ্ন করতে চাই তার কাছে। বিরোধীরা বিষয়টাকে যতই লঘু করে দেখানোর চেষ্টা করুক না কেন, এটা অত্যন্ত উদ্বেগজনক বিষয়। এটার পেছনে যে বিরোধীদের মদত রয়েছে, রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদসূচক প্রস্তাবের আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে সেটা আপনি সভাকে অবহিত করেছেন। বিশেষ করে তৃণমূলের লোকেরা এই উগ্রপন্থী দলের লোকেদের সঙ্গে যুক্ত আছে। পুরুলিয়া অস্ত্রবর্ষণ ঘটনার কথা আমরা জানি এবং সেখানে বিদেশি শক্তির হাত ছিল। সেই অস্ত্রবর্ষণ মামলার প্রধান আসামী ছিল পিটার ব্লিচ। সারা দেশ যার বিরুদ্ধে সেই পিটার ব্লিচকে কেন্দ্রীয় সরকার মুক্তি দিয়েছে। এই ঘটনার পেছনেও কোনো বিদেশি শক্তির হাত আছে আপনার কাছে এই রকম কোনো খবর আছে কি ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : শুনুন, এই ধরনের কথাগুলো এত আলগাভাবে বলা যায় না। শুধু এটা বলছি, নর্থ-ইস্টার্ন অর্থাৎ উত্তর-পূর্বাঞ্চলের যে সমস্ত টেররিস্ট আউটফিট আছে, আই.এস.আই. আছে তাদের পেছনে। সাম্প্রতিককালে কে.এল.ও., আলফা-র যাদের গ্রেফতার করা হয়েছে, তাদের ইন্টারোগেশন করে জানা গেছে যে, পশ্চিমবাংলার

কে.এল.ও.-র থেকে কিছু, আলফার কাছ থেকে কয়েকটি মাথাকে আফগানিস্তানে নিয়ে গিয়ে আই.এস.আই. ট্রেনিং দিয়েছে, এর নির্দিষ্ট প্রমাণও আমাদের আছে। দুই, এর সঙ্গে তথাকথিত পিপলস ওয়ার গ্রুপ, এম.সি.সি. এবং নেপালের মাওয়িস্ট সংগঠন, এই তিনজনের যোগাযোগ আছে। এদের সঙ্গে নর্থ-ইস্টার্ন টেরোরিস্ট আউটফিটেরও যোগাযোগ রয়ে গেছে। এক্ষেত্রে এম.সি.সি. বা পি.ডব্লু.জি.-র সাথে আই.এস.আই. আছে ডাইরেক্টলি এটা বলা যাবে না। আই.এস.আই. ওদের আর্মস দিয়েছে, এই তথ্য আমাদের নেই। যেটা বললাম, আমরা সতর্ক আছি। পুরুলিয়ায় অস্ত্রবর্ষণ হয়েছিল, লোয়ার কোর্টে রায় হয়ে গেছে, আপার কোর্টে আবার বিচার হবে। খুব ভয়ঙ্কর ব্যাপার হয়েছিল, আমাদের রাজ্যে অস্ত্র বর্ষণ হয়েছিল, একজন ছাড়াও পেয়েছে। আমরা সতর্ক আছি। বিদেশিদের ক্ষেত্রে আই.এস.আই. যুক্ত আছে, এটা বলা যেতে পারে।

**Mr. Speaker :** Now I call upon the Hon'ble Minister-in-Charge of Home (Police) Department to make a statement on the subject of death of O.C. of Bandwan P.S., Purulia in a clash between police and extremists on 11.10.2003.

(Attention called by Shri Shobhandeb Chattopadhyay and Smt. Sonali Guha jointly on the 10th March, 2004).

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি পুরুলিয়া জেলার বান্দোয়ান থানার অন্তর্গত কাটাগোড়াতে গত ১১.১০.২০০৩ তারিখে পুলিশ ও উগ্রপন্থী সংগঠন জনযুদ্ধ গোষ্ঠীর সংঘর্ষ এবং বান্দোয়ান থানার ও.সি.-র মৃত্যু সম্পর্কে বিধায়কদ্বয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ও শ্রীমতী সোনালী গুহের আনা দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের ওপর আমার বিবৃতি দিচ্ছি।

পুরুলিয়া, বাঁকুড়া ও মেদিনীপুর জেলার সংযোগস্থলে কয়েকটি গ্রামে যেমন লোটা-ঝরনা, গুড়পানা, দুলুকডিহি এলাকায় উগ্রপন্থীদের কার্যকলাপ বৃদ্ধির খবর বান্দোয়ান থানার ও.সি.-র কাছে ছিল। তিনি বেশ কিছুদিন ধরেই তাঁর এলাকার মানুষের সচেতনতা বৃদ্ধি ও উগ্রপন্থী দমনে সক্রিয় ভূমিকা নিয়েছিলেন। তাঁর কাছে ১১.১০.২০০৩ তারিখে গোপনে খবর আসে যে ১৫-১৬ জন উগ্রপন্থী (জনযুদ্ধ গোষ্ঠীর অন্তর্ভুক্ত) আধুনিক অস্ত্রে সজ্জিত হয়ে উপরিউক্ত গ্রামগুলি ও সংলগ্ন এলাকাতে আশ্রয় নিয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষের গোচরে বিষয়টি সঙ্গে সঙ্গে আনা হয় এবং পুরুলিয়ার ডি.এস.পি.(সদর)-এর নেতৃত্বে একটি দল গঠিত হয়।

১১.১০.২০০৩ তারিখে ডি.এস.পি.(সদর) পুরুলিয়া, ও.সি. বান্দোয়ান থানা, দুজন এস.আই., তিনজন এ.এস.আই এবং ১৯ জন সশস্ত্র পুলিশের একটি দল একটি মাঝারি মাপের গাড়ি ও তিনটি ছোটো গাড়িতে বেলা ৩.১৫ মিনিটে বান্দোয়ান থানা থেকে লোটা-ঝরনার দিকে রওনা দেন। বেলা ৪টের সময় তাঁরা বান্দোয়ান থানা থেকে ২০ কি.মি. দূরে কাটাগোড়াতে পৌঁছান। জায়গাটি জনবসতিহীন। চারিদিকে ছোটো ছোটো পাহাড় ও

জঙ্গল। মাঝারি মাপের গাড়িটি (ডব্লিউ.বি.-৫৬বি, ৬৬৬০) প্রথমে ছিল যাতে ছিলেন বান্দোয়ান থানার ও.সি. নীলমাধব দাস, দুজন এস.আই., তিনজন এ.এস.আই. বাকি ফোর্স। পেছনে পরপর ডি.এস.পি.(সদর), পুরুলিয়া জেলার গাড়ি, ডি.আই.বি.-র গাড়ি এবং শেষে থানার গাড়ি আসছিল। কিছুদূর এগিয়ে সামনে বাঁক থাকায় সামনের মাঝারি মাপের গাড়িটি বাঁদিকের পথ নেয় এবং ২০-২৫ ফুট যাওয়ার পরই হঠাৎ প্রচণ্ড শব্দে একটি ল্যান্ডমাইন বিস্ফোরিত হয় এবং গাড়িটিকে মাটি থেকে কয়েক ফুট ওপরে তুলে দেয়। ইঞ্জিনের তলার দিক ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। বিস্ফোরণের সঙ্গে সঙ্গেই গাড়ি থেকে লাফিয়ে নেমে পড়েন বান্দোয়ান থানার ও.সি. এবং অন্যান্য অফিসাররা। চারিদিকের ঘন জঙ্গলে লুকিয়ে থাকা উগ্রপন্থীরা এলোপাথাড়ি গুলি চালাতে থাকে। ততক্ষণে পেছনের গাড়িগুলি বিস্ফোরণ স্থলে এসে পৌঁছে যায়। দীর্ঘ কুড়ি মিনিট ধরে গুলি বিনিময়ের পর উগ্রপন্থীরা ঘন জঙ্গলে পালিয়ে যায়। গুলিতে আহত হন বেশ কিছু পুলিশ কর্মী ও অফিসার। তাদের মধ্যে বান্দোয়ান থানার ও.সি. ও দুজন কনস্টেবলের আঘাত ছিল গুরুতর। তাঁদের সঙ্গে সঙ্গে প্রথমে বান্দোয়ান ব্লক স্বাস্থ্যকেন্দ্রে ও পরে পুরুলিয়া সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বান্দোয়ান থানার ও.সি. নীলমাধব দাস হাসপাতালের পথেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। গুরুতর আহত কয়েকজনকে পরে কলকাতায় এস.এস.কে.এম. হাসপাতালে নিয়ে আসা হয়।

পুলিশ বাহিনী ৩০৩ রাইফেল থেকে ১৫ রাউন্ড এবং এস.এল.আর. থেকে ১৭ রাউন্ড গুলি চালায়। ঘটনাস্থল থেকে বিস্ফোরক পদার্থ ছাড়াও ৪টি তাজা কার্তুজ ও ১৫টি ব্যবহৃত কার্তুজ পুলিশ উদ্ধার করেছে।

এই ঘটনার পরিপ্রেক্ষিতে এস.আই. সঞ্জীব ঘোষের অভিযোগের ভিত্তিতে বান্দোয়ান থানায়, ভারতীয় দণ্ডবিধির ১২১/১২১এ/১২২/১২৩/১২৪এ/৩২৬/৩০৭/ ৩০২/১১৪ ধারায় কেস নং ২৯.০৩ তারিখ ১১.১০.২০০৩ এবং অস্ত্র আইনের ৩/৫ ধারায় মামলা রুজু হয়।

১১.১০.২০০৩ তারিখের রাত্রিতে পশ্চিমাঞ্চলের আই.জি.পি. মেদিনীপুর রেঞ্জের ডি.আই.জি. ও এস.পি.(পুরুলিয়া)-র নেতৃত্বে পুলিশ বাহিনী ঘটনাস্থল পরিদর্শন করেন। তল্লাশি চালিয়ে এফ.আই.আর.-এ নাম আছে এমন ৭ জনকে গ্রেপ্তার করে এবং আরো ১৭ জন সহ মোট ২৪ জনকে এখনো পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে।

সংশ্লিষ্ট এলাকাতে শক্তিশালী পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। উগ্রপন্থী দমনে গোপন খবরাখবর সংগ্রহের কাজ চলছে। বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া ও ঝাড়খণ্ড রাজ্যের সিংভুম জেলার উচ্চপদস্থ পুলিশ অফিসাররা প্রতিনিয়ত নিজেদের মধ্যে যোগাযোগ রক্ষা করে, একটি সুসংহত পরিকল্পনা নিয়েছেন, যাতে এই রাজ্যের উপদ্রুত এলাকাগুলিতে উগ্রপন্থীদের কার্যকলাপ স্তব্ধ করে দেওয়া যায়।

মৃত সাব ইন্সপেক্টর ৺নীলমাধব দাসের উত্তরাধিকারীদের রাজ্য সরকার থেকে ২(দুই) লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে ও.ডি.জি.-র বেনেভলেন্ট ফান্ড থেকে পঞ্চাশ হাজার টাকা দেওয়া হয়েছে।

[ 12.30 – 12.40 p.m. ]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় মুখ্যমন্ত্রী বিস্ফোরণ এবং উগ্রপন্থী কার্যকলাপের দুটো ঘটনার উত্তর দিয়েছেন। আমরা যে প্রশ্নটা করেছিলাম বান্দোয়ান থানা নিয়ে যে প্রশ্নটা, একটু আগে মুখ্যমন্ত্রী বলছিলেন এক মাননীয় সদস্যের উত্তরে যে যে অঞ্চলে ওই চারটে থানা সেই অঞ্চলে অন্য কোনো রাজনৈতিক দল-এর প্রভাব নেই। জোরের সঙ্গে বললেন যে ওই চারটে থানায় আমাদের জোর আছে। আমরা পুলিশ ইত্যাদি যে সমস্ত ব্যবস্থা নেওয়ার সেগুলো নিয়েছি। ওঁদের দলের শক্তি ওখানে বেশি আছে আগামী দিনেও এই শক্তি অব্যাহত থাকবে। এই যে পরপর দুটো ঘটনা ঘটল, উত্তরবঙ্গেও একটা ঘটনা ঘটেছে, যদি ওই অঞ্চলে অন্য কোনো রাজনৈতিক দলের কর্মী না থাকে, আপনার ইনটেলিজেন্স আছে, আপনার দল থাকা সত্ত্বেও এই ঘটনা ঘটল। ল্যান্ড মাইন পাতল। ল্যান্ড মাইন পাতা তো এক মিনিটের কাজ নয়। ল্যান্ড মাইন পুঁততে সময় লাগবে, লোক লাগবে, প্রস্তুতি লাগবে আপনার ইনটেলিজেন্স কি করছিল ? আরেকটা প্রশ্ন আমি আপনার কাছে জানতে চাইব যে এই নীলমাধব দাস, শোনা যায় যে একেবারে তলার লেভেল থেকে শুরু করে তিনি পরপর ওই থানাতেই থেকেছেন। এই ঘটনায় ওই এলাকার মানুষগুলোর মধ্যে তীব্র ক্ষোভ জমা হয়েছিল দীর্ঘদিনের অত্যাচারের জন্য। এমন একটা শোনা যায় যে একই জায়গায় দীর্ঘদিন ধরে একই থানায় কনস্টেবল থেকে ও.সি পর্যন্ত পরপর পোস্টিং পেয়েছেন। আমি আপনার কাছে জানতে চাইছি যে ইনটেলিজেন্স কেন ফেল করল, আপনি গেলেন তারপর বেলপাহাড়িতে হল। আপনি পুলিশের সাহায্য নিয়ে মিটিং করে এলেন তারপর সেখানে এই ঘটনা ঘটল। তাহলে কি আপনার দলের মধ্যে একদল লোক রয়েছে যারা এই ঘটনাগুলো ঘটাচ্ছে ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** বিরোধী দলের বক্তব্যগুলো খুবই দুর্ভাগ্যজনক। ঘটনার আসল গভীরতা বুঝতে পারছেন না। আমি বলেছি যে আমরা ওখানে সংখ্যাগরিষ্ঠ, আমি কখনো বলিনি যে শুধু আমরা আছি আর কেউ নেই। সব দলের সমর্থকরাই ওখানে আছেন সব জায়গাতেই থাকেন। ৩০ বছর ধরেই সংখ্যাগরিষ্ঠ ছিলাম, ওই এলাকায় গরীব মানুষরা আমাদের সমর্থন করেন। দ্বিতীয় কথা হচ্ছে, বললেন যে ইনটেলিজেন্স সব জায়গায় পারেনি, হ্যাঁ ১৫-১৬ জন মানুষ এক জায়গায় জমায়েত হয়েছিল এই খবরটা ইনটেলিজেন্স পেয়েছেন। মাইনটা তারা বুঝতে পারেনি কোথায় রেখেছে। ১৫-১৬ জন আর্মড পি.ডব্লু. জড়ো হয়েছে। এই নির্দিষ্ট খবরটা পুলিশের কাছে ছিল। মাইনটা কখন পুঁতে রেখেছিল সেই খবরটা ছিল না কিন্তু আগের ঘটনার সঙ্গে পরের ঘটনার পার্থক্য হচ্ছে যে আমরা আগের ঘটনায় সমস্ত গ্রুপকে অ্যারেস্ট করতে পেরেছি। এফ.আই.আর.-এ তারা কনফেস করেছে কারা ছিল, কারা মাইন পুঁতেছিল, বান্দোয়ানের ক্ষেত্রে এই গ্রুপটা, পুরো গ্রুপটাকে আমরা ধরতে পেরেছি। আরেকটা যেটা আপনি বললেন খুবই দুর্ভাগ্যজনক যে একজন পুলিশ অফিসার কাজ করতে গিয়ে উগ্রপন্থীদের গুলিতে মারা গেল আর বলছেন জনগণের স্বতঃস্ফূর্ত বিক্ষোভ। বিরোধীদের অবস্থা দেখে আমি সত্যিই দুঃখিত।

**শ্রীমতী সোনালী গুহ** : স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী বিস্তৃতভাবে রিপোর্ট দিয়েছেন, আমি শুধু আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি নীলমাধব দাস মারা গেছেন এবং বেলপাহাড়ীতে মারা গেছেন—মুখ্যমন্ত্রী বললেন বিরোধীরা যে সমস্ত মন্তব্য করেন সেটা দুর্ভাগ্যজনক। আরও বেশি দুর্ভাগ্যজনক হল মুখ্যমন্ত্রী ওই অঞ্চলে গিয়েছিলেন কিন্তু তাদের বাড়িতে যাননি সমবেদনা জানাতে। স্যার, আমি জানতে চাইছি নীলমাধব দাস নান্না গ্রামের অধিবাসী। একজন লোকাল মানুষ লোকাল জায়গায় চাকরি পান কি করে ? এটা পুলিশ অ্যাক্টে আছে কিনা জানা নেই। মুখ্যমন্ত্রী আগেও বলেছেন, বেলপাহাড়ীর ঘটনার পরেও বলেছেন বেলপাহাড়ীতে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। এবারেও বললেন, কিন্তু ক্ষতিপূরণের কোনো ক্ষেত্রেই চাকরির সুস্পষ্ট কোনো ইঙ্গিত ওনার দপ্তর থেকে দেওয়া হয়নি। এ ব্যাপারে কি আলোকপাত করবেন ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : প্রথমেই আমরা টাকার কথাটা ভাবি, কারণ এই মুহূর্তে কিছু টাকা সেখানে যাওয়া দরকার। তার পরে সেই পরিবারের সক্ষম কোনো পুরুষ বা মহিলা থাকলে সাধারণভাবে ডাই-ইন-হারনেসের প্রস্তাব আসে। সেই প্রস্তাব আসলে তখন নিশ্চয়ই আমরা সেটা বিবেচনা করব।

**শ্রীমতী সোনালী গুহ** : লোকাল লোক কিভাবে লোকাল পুলিশ স্টেশনে দীর্ঘদিন চাকরি পেল এবং কনস্টেবল থেকে ও.সি.-তে তার উত্তরণ হল ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : উনি কত বছর ছিলেন আমি জানি না, এটা জেনে তার পরে আমি বলব। আপনাদের মন্তব্যগুলি আমি ভাবছি—জনযুদ্ধ গোষ্ঠীর হাতে একজন পুলিশ গুলি খেয়ে মারা গেল। তার অপরাধ এটাই কি যে একটি থানায় তিনি অনেকদিন ছিলেন, তাই তাকে গুলি খেতে হল।

## REPORT OF THE ALL PARTY DELEGATION

### Report in connection with meeting of the All Party Delegation of West Bengal Legislative Assembly with the concerned Union Ministers

**Shri Prabodh Chandra Sinha**: Mr. Speaker Sir, I beg to lay the Report in connection with meeting of the All Party Delegation of West Bengal Legislative Assembly with concerned Union Ministers at New Delhi on the 22nd and the 23rd December, 2003.

## LAYING OF REPORTS

### 27th Annual Report and Accounts of the West Bengal Pharmaceutical and Phytochemical Development Corporation Limited for the year 2000-2001

**Shri Prabodh Chandra Sinha**: With your kind permission, Mr. Speaker, Sir, I beg to lay the 27th Annual Report and Accounts

of the West Bengal Pharmaceutical and Phyto chemical Development Corporation Limited for the year 2000-2001.

### Annual Report of the West Bengal Electricity Regulatory Commission for the year 2002-2003

**Shri Prabodh Chandra Sinha :** Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual Report of the West Bengal Electricity Regulatory Commission for the year 2002-2003.

## MENTION CASES

**ডঃ আশীষ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার রামপুরহাট বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ১ নম্বর ব্লকের অধীন বোলহাট থেকে কাষ্ঠগড়া হয়ে মাসড়া-সালবাদড়া পর্যন্ত এই রাস্তাটি দীর্ঘদিন ধরে অত্যন্ত খারাপ অবস্থায় রয়েছে। সেখানে সাধারণ মানুষের যাতায়াতের কোনো পথ নেই। শুধুমাত্র এই রাস্তাটিই নয়, ওখানে বহু রাস্তাই চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। মাননীয় মন্ত্রীর কাছে আমি অনুরোধ করব আপনি এ ব্যাপারে দৃষ্টি দেবেন যাতে সেই সমস্ত এলাকার মানুষ ভালোভাবে চলাচল করতে পারে।

[ 12.40 – 12.50 p.m. ]

আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পি.ডবলু.ডি. মন্ত্রী এ ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। ওই এলাকায় দীর্ঘদিন ধরে রাস্তাঘাটের উন্নয়ন ঘটছে না। এটা আদিবাসী অধ্যুষিত এলাকা। এখানে পাথরের কল আছে এবং তার জন্য পাথরের ভারী ভারী গাড়ি সেখান দিয়ে যায় কিন্তু রাস্তা প্রায় নেই বললেই চলে। মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব অনুগ্রহ করে তিনি এ বিষয়ে দেখুন যাতে রামপুরহাট ২ নম্বর ব্লকের দক্ষিণ নারায়ণপুরের রাস্তা চলাচলের উপযোগী করা যায়। এখনই ওখানে চলাচল করা যায় না। আবার বর্ষা আসছে তখন অবস্থার আরো অবনতি হবে। রামপুরহাটের অনেক রাস্তার অবস্থা খুবই খারাপ হয়ে পড়েছে, রাস্তাগুলো সঙ্কীর্ণ হয়ে গেছে, চলাচলের উপযুক্ত নেই, এ ব্যাপারে অবিলম্বে দৃষ্টি দাবি করছি।

**শ্রীমতী মাফুজা খাতুন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যে শান্তি এবং গণতান্ত্রিক পরিবেশ বিরাজমান। আসন্ন লোকসভা নির্বাচনের আর মাত্র ৫২ দিন বাকি আছে। এই অবস্থায় জোড়াসাঁকো, গার্ডেনরিচ, রানীগঞ্জ কোলিয়ারি অঞ্চল-সহ রাজ্যের বিভিন্ন জায়গায় দেওয়াল লেখাকে কেন্দ্র করে তৃণমূল-বি.জে.পি.-র দুষ্কৃতীরা গণ্ডগোল সৃষ্টি করার চেষ্টা করছে। পরাজয়ের পূর্বাভাসে আজকে তারা শঙ্কিত, আতঙ্কিত। এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

গতকাল আমাদের দেশের মুখ্য নির্বাচন কমিশনার টি.এস. কৃষ্ণমূর্তি আমাদের রাজ্যে এসেছিলেন। তিনি আমাদের রাজ্যে নির্বাচন প্রস্তুতি পর্যালোচনা করে সন্তোষ প্রকাশ

করেছেন। আমাদের রাজ্যে সুষ্ঠু এবং অবাধ নির্বাচন হয়। ২০০১ সালের নির্বাচনে আমাদের রাজ্যে তৃণমূল-বি.জে.পি.-র ভরাডুবি হয়েছিল। তখন আমাদের দেশের মুখ্য নির্বাচন কমিশনার ছিলেন এম.এস. গিল। 'দিদি' তখন তাঁকে বলেছিলেন 'পারচেজড' হয়েছেন। আমি জানি না, কালকে তিনি টি.এস. কৃষ্ণমূর্তির সঙ্গে দেখা করেছেন রাজভবনে, তাঁর সম্পর্কে আবার কি বলবেন। বিরোধীরা বলেন এখানে সঠিকভাবে সুষ্ঠুভাবে নির্বাচন হয় না। এবং এইভাবে বলে তাঁরা প্রত্যেকটা নির্বাচনে আমাদের রাজ্যের সাড়ে ৪ কোটি ভোটারকে অপমান করেন, মুখ্য নির্বাচন কমিশনারকে অপমান করেন। এত স্পর্ধা কে ওঁদের দেয় ? মাননীয় মুখ্যমন্ত্রীকে ব্যবস্থা নেওয়ার আবেদন জানাচ্ছি।

**শ্রী মুস্তাক আলম :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পার্শ্ববর্তী রাজ্য বিহার, ঝাড়খণ্ড, উত্তরপ্রদেশ, দিল্লী, মহারাষ্ট্র—সর্বত্র যেখানে বিধায়ক এলাকা উন্নয়ন খাতে ১ থেকে ২ কোটি টাকা করে দেওয়া হচ্ছে সেখানে আমাদের রাজ্যে দেওয়া হচ্ছে মাত্র ২৫ লক্ষ টাকা। বিধায়ক উন্নয়ন তহবিলের টাকায় সঠিকভাবে কাজ হচ্ছে। গ্রামীণ পঞ্চায়েতের মাধ্যমে সত্যি সত্যিই যে কাজ করা হচ্ছে তার চেয়েও অনেক বেশি কাজ হচ্ছে এই এম.পি. ল্যাডের টাকা এবং বিধায়ক এলাকা উন্নয়ন ফান্ডের টাকায়। তাই মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব বিধায়ক এলাকা উন্নয়ন খাতের টাকা যেন সঠিকভাবে বরাদ্দ করা হয় এবং আমি মনে করি বিকল্প আর্থিক নীতিতে এই ফান্ড বাড়ানো উচিত।

**শ্রী কিরীটি বাগদী :** স্যার, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য-কারিগরী বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের মুলিয়ান অঞ্চলে জলের সঙ্কট দেখা দিয়েছে। জলের স্তর অনেক নীচে নেমে গেছে, মানুষ জলের জন্য ছোটাছুটি আরম্ভ করেছে। আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরী বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে মুলিয়ান অঞ্চলে অগভীর নলকূপ করে সেখানে পানীয় জলের ব্যবস্থা করা হয়।

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনিও উপলব্ধি করছেন, আমরাও উপলব্ধি করছি। আজকে বিধানসভা হয়ে বেশ কিছুদিনের জন্য বন্ধ থাকবে। গরম পড়তে আরম্ভ করেছে এবং তাপপ্রবাহ উপলব্ধি করা যাচ্ছে। আমার বাঁকুড়া জেলা এবং পাশে পুরুলিয়া জেলা—এই সমস্ত জায়গায় গরমে জলকষ্ট দেখা দেয়। গরম পড়তে শুরু করেছে। আমাদের এখানে যে নদীগুলো আছে—কংসাবতী ব্যারেজ থেকে আরম্ভ করে বেশির ভাগ নদী, দ্বারকেশ্বর নদী, গন্ধেশ্বরী নদী, শালি এবং তার পাশে ছোটো ড্যাম আছে এবং অন্যান্য আরও নদী আছে যেগুলো শুকিয়ে গেছে। টোটাল গ্রামবাংলায় জলের যে কষ্ট হচ্ছে—পানীয় জলের যে সমস্যা হচ্ছে, চাষের জলের যে সমস্যা হচ্ছে—সেই সমস্ত সমস্যা সমাধানের কোনো পরিকল্পিত ব্যবস্থা নেই। আমরা বার বার বলেছি যে, বাঁকুড়া শহরের প্রায় দেড় লক্ষাধিক মানুষ পানীয় জলের কষ্ট পাচ্ছে। মানুষকে বাঁচাতে নদীতে গার্ডওয়াল-এর ব্যবস্থা না করলে পানীয় জলের সুরাহা হবে না এবং জলকষ্ট থাকবে। গ্রামবাংলায় পঞ্চায়েতগুলো নলকূপগুলো সারাতে পারছে না। প্রত্যেকটা নলকূপ যেভাবে খারাপ হয়ে গেছে তাতে বাঁকুড়া ১ নম্বর এবং ২ নম্বর ব্লকের এঁটালডাঙ্গা—মানকানালি অঞ্চল, গোয়ালপাড়া-

জুনবেদিয়া অঞ্চল, রগড়ের গ্রাম—পুরন্দরপুর অঞ্চল, কাটজুড়িডাঙ্গা-জুনবেদিয়া অঞ্চল, ক্রিশ্চানডাঙ্গা, বাঁকুড়া শহর এবং বানডাঙ্গা-মানকানালি অঞ্চলে ভীষণ জলকষ্ট দেখা দিয়েছে। এই সমস্ত অঞ্চলে খরা আরম্ভ হয়েছে। এই সমস্ত জায়গায় কলের এবং নলকূপের ব্যবস্থা করার জন্য আমি সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন রাখছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে আমি এই বিষয়টা লিখিতভাবেও জানিয়েছি। উলুবেড়িয়া থেকে মাথাবাড়া এবং উলুবেড়িয়া থেকে গাদিয়াড়া—এখানে কলকাতা এবং আরামবাগ থেকে প্রচুর বাস আসে। কিন্তু দেখা যাচ্ছে যে, এখানে রাস্তার অবস্থা খুব খারাপ—রাস্তায় ২-৩ হাত করে গর্ত রয়েছে, অনেক মানুষ রাস্তায় অ্যাকসিডেন্টের ফলে মারা গেছে। এই রাস্তা দিয়ে অনেক অসুস্থ মানুষ হসপিটালে যাচ্ছে, ছাত্র-ছাত্রীরা পরীক্ষা দিতে যাচ্ছে। কিন্তু রাস্তায় প্রচুর গর্ত রয়েছে, যার ফলে এই রাস্তা দিয়ে মানুষের যাতায়াত করতে অসুবিধা হচ্ছে। আমরা জানি যে, সরকারের অর্থনৈতিক অবস্থা ভালো নয়। সেজন্য আমি বলব যে, অন্তত প্যাচওয়ার্ক করে ওই রাস্তাগুলো সারানোর ব্যবস্থা করবেন।

**ডাঃ রত্না দে (নাগ) :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ১৭ই মার্চ একটি বাংলা দৈনিক পত্রের একটা খবর নজরে পড়েছে। সংবাদপত্রে প্রকাশিত ওই খবরে বলা হয়েছে যে, বর্ধমান মেডিকেল কলেজে একজন রোগীর পায়ে স্কিন গ্রাফটিং বা প্লাস্টিক সার্জারি হয়। স্কিন গ্রাফটিং-এর পর ওই রোগীর পা সংক্রমণ হয়। যে চিকিৎসক রোগীর পায়ে স্কিন গ্রাফটিং করেন সেই চিকিৎসকের বিরুদ্ধে স্থানীয় মানুষ এবং কিছু রাজনৈতিক দল অভিযোগ তুলেছেন।

[ 12.50 – 1.00 p.m. ]

কিন্তু খবরটি পড়ে আমার মনে হয়েছে ওই চিকিৎসক স্কিন গ্রাফটিং এবং প্লাস্টিক সার্জারি অন্য কোথাও বা বেসরকারি হাসপাতাল, নার্সিংহোমে না করে ওই সরকারি হাসপাতালে করার চেষ্টা করেছেন রোগীটিকে সাহায্য করার উদ্দেশ্যে। অপারেশান করার ফল খারাপ হয়েছে, তা সত্ত্বেও ওই চিকিৎসকের উদ্দেশ্য ছিল সৎ এবং রোগীটির প্রতি সহানুভূতিশীল। আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার আবেদন সুপারিনটেন্ডেন্টের বক্তব্যের উপর শুধু নির্ভর না করে স্বাস্থ্য দপ্তরের উচপদস্থ অফিসারদের দ্বারা নিরপেক্ষ তদন্ত করা। অভিযোগকারিণীর ক্ষতি না করে তার নিশ্চিতভাবে ব্যবস্থা করা সঙ্গে ওই চিকিৎসকের সমর্থনে তার পাশে দাঁড়ানো।

**শ্রী ভূতনাথ সোরেন :** স্যার, আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরী বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আমার বিধানসভা এলাকার খড়িকামাথানিতে গত ৬-৭ মাস আগে নলবাহিত জল প্রকল্পের কাজ শেষ হয়েছে। এবং যে মৌজায় পয়েন্টগুলি দেওয়ার কথা ছিল সেগুলির কাজ শেষ হয়ে গিয়েছে। কিন্তু এই অবধি সেই প্রকল্প চালু হয়নি। স্যার, আপনি জানেন আমাদের ওই এলাকা খরাপ্রবণ। এই এখন থেকে পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। যাতে ওই প্রকল্প অতি সত্বর চালু করা হয় তার জন্য আবেদন করছি।

**শ্রী কমল মুখার্জী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের পৌরমন্ত্রী তথা নগরোন্নয়নমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চন্দননগর ও ভদ্রেশ্বর পৌরসভার অধিকাংশ রাস্তাঘাটের অবস্থা জরাজীর্ণ। সঙ্গে সঙ্গে গরম পড়তে না পড়তে বিভিন্ন ওয়ার্ডে চন্দননগর ও ভদ্রেশ্বরে পানীয় জলের ব্যাপক সঙ্কট দেখা দিয়েছে। রাত্রিবেলা সন্ধ্যার পর লাইট পোস্টের বাল্বগুলি প্রায় জ্বলে না। জ্বললেও সেই আলো রাস্তায় পড়ে না। তাই মাননীয় মন্ত্রীর কাছে বিনীত নিবেদন আপনি দয়া করে এই ব্যাপারটি দেখুন এবং মানুষ যাতে ন্যূনতম পরিষেবা পায় পৌরসভার মাধ্যমে সেগুলির ব্যবস্থা নিন।

**শ্রী কমলেন্দু সান্যাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সীমান্তে সুরক্ষার জন্য বি.এস.এফ.-এর পক্ষ থেকে কাঁটাতারের বেড়া দেওয়া হচ্ছে। এই কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য সীমান্তে যে সমস্যাগুলি তৈরি হয়েছে—সেটা হচ্ছে কৃষকরা কাঁটাতারের বেড়ার পূর্বদিকে যে জমি পড়ে—এইরকম বেশ কিছু জমি চলে যাচ্ছে, সেই জমিতে তারা যাতে যথাযথ আবাদ করতে পারেন গ্রাম থেকে সেইজন্য কয়েকটি গেট দরকার। এই গেট তৈরি করতে গিয়ে স্থানীয় কৃষকদের সাথে আলাপ-আলোচনা করে এটা হওয়া উচিত। দু-নম্বর হচ্ছে অন্যান্য যে সমস্যা সেটা হচ্ছে কিছু বাস্তুজমি ওদিকে পড়েছে। এক্ষেত্রে ক্ষতির পরিমাণ ধরে পশ্চিমদিকে তাদের নির্দিষ্ট স্থানের ব্যবস্থা করা উচিত। এখানে আদিবাসী আছে। তাদের যে সংস্কৃতি—যৌথ একত্র থাকার যে সংস্কৃতি—সেটাকে বজায় রাখতে হলে পশ্চিমদিকে তাদের জন্য জমি এবং একত্র বসবাসের একটা ব্যবস্থা করতে হবে। এইজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মারফত ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

**শ্রী নেপাল মাহাত :** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার তুলিনগ্রামে এবং তার পাশাপাশি এলাকার প্রায় ৬০ হাজার মানুষের চিকিৎসার কোনো ব্যবস্থা নেই। দীর্ঘদিন থেকে তুলিনগ্রামে একটা উপস্বাস্থ্যকেন্দ্র গঠনের আমরা দাবি জানাচ্ছি। তুলিনগ্রাম থেকে ঝালদার দূরত্ব ১৫ কিলোমিটার সেটা ঝাড়খণ্ডের বর্ডারে। এখানে কারোর কিছু অসুখ হলে তাকে রাঁচি নিয়ে যেতে হয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে স্পেশাল কোটা মঞ্জুর করে তুলিনগ্রামে একটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার জন্য। ধন্যবাদ।

**শ্রী গোবিন্দ রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের এলাকার মানুষের চাহিদার প্রতি সহানুভূতি জানিয়ে আমরা এবারে আমাদের এলাকায় বিদ্যুতায়ন প্রকল্প গ্রহণ করেছি। বিধায়ক এলাকা উন্নয়ন তহবিল এবং এম.পি. ল্যাডের টাকায় আমাদের বিভিন্ন এলাকায় বিদ্যুতায়ন প্রকল্প গৃহীত হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, ২০০১ সালের প্রকল্পেও এখন পর্যন্ত স্থানীয় অফিসাররা মিটার দিতে পারছে না। তার দিতে পারছে না, বলছে, 'সেন্ট্রাল পার্চেজ থেকে মাল এসে জলপাইগুড়িতে পৌঁছচ্ছে না।' আমাদের এলাকার মানুষরা বাড়িতে ওয়্যারিং করে, সমস্ত টাকা-পয়সা জমা দিয়ে বছরের পর বছর অপেক্ষা করছে। এই

অবস্থায় এই কাজ যাতে দ্রুত সম্পন্ন হতে পারে তার জন্য আমি ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি। আমাদের এলাকার, বিশেষ করে বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় আগে থেকেই বিদ্যুতের লাইন, তার, ট্রান্সফর্মার ইত্যাদি সবকিছু থাকা সত্ত্বেও—সাতকুড়া দইবাতায় আজও বিদ্যুৎ পৌঁছে দেওয়া সম্ভব হল না। আমার মনে হয় বিদ্যুৎ দপ্তরে কোনো আমলাতান্ত্রিক জটিলতা বা আধিকারিকদের গাফিলতি থাকতে পারে। সেজন্য আমি এ বিষয়ে রাজ্য বিদ্যুৎ দপ্তরকে উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করছি যাতে গ্রামীণ বিদ্যুতায়নের কাজ দ্রুত সম্পূর্ণ করা যায়। এক্ষেত্রে নিয়মের কোনো জটিলতা থাকলে তা সরলীকরণেরও দাবি জানাচ্ছি। আজকে সেচের কাজে বিদ্যুৎ অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। দফায় দফায় ডিজেলের দাম বৃদ্ধির ফলে ডিজেল দিয়ে পাম্প সেট্ চালানো যাচ্ছে না। সুতরাং বিদ্যুৎ পাওয়া গেলে সেচের কাজে সুবিধা হবে এবং গ্রামগুলি উন্নত চেহারা পাবে। তাই আমি এ বিষয়ে বিদুৎ দপ্তরকে দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণের দাবি জানাচ্ছি। ধন্যবাদ স্যার।

**শ্রী অসিত মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাননীয় মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন আগে বিশিষ্ট সেতার শিল্পী ওস্তাদ বিলায়েত খান পরলোকগমন করেছেন। তাঁর পরলোকগমনে শুধু বাংলার মানুষ নয়, সারা ভারতবর্ষের মানুষ দুঃখ প্রকাশ করেছেন, শোক প্রকাশ করেছেন। যাঁদের সৌভাগ্য হয়েছিল তাঁরা ওঁর মরদেহের প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করতে গিয়েছিলেন। তাঁদের মধ্যে উপস্থিত ছিলেন আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী তথা তথ্য ও সংস্কৃতি মন্ত্রী বুদ্ধদেববাবু। আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে এ কথা বলতে হচ্ছে যে, ওস্তাদ বিলায়েত খান বাংলার মানুষ ছিলেন। তিনি একটা মিউজিক্যাল ইনস্টিটিউশন তৈরি করার জন্য তাঁর জীবনের শেষ ইচ্ছা প্রকাশ করেছিলেন এবং তিনি একটা জায়গা চেয়েছিলেন। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি রাজ্য সরকার তাঁর সঙ্গে সহযোগিতা করে তাঁর শেষ ইচ্ছাটা পূরণ করতে পারলেন না। তিনি স্বর্গত হলেন। রাজ্যের মুখ্যমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা বিভিন্ন শিল্পীর মরদেহে মালা দিতে যান, খবরের কাগজে ছবি বেরোয়, বিভিন্ন মিডিয়ার মাধ্যমে সেই খবর পরিবেশিত হয়। অথচ তাঁদের দ্বারা ওস্তাদ বিলায়েত খানের শেষ ইচ্ছা পূর্ণ হল না। আমার তথ্যমন্ত্রীর কাছে দাবি, তাঁর আত্মীয়-স্বজন, সন্তান বা কোনো গুণমুগ্ধ শিল্পী যদি এ রাজ্যে তাঁর নামে মিউজিক্যাল ইনস্টিটিউশন করার জন্য জমি চান তাহলে তা দেবার ব্যবস্থা যেন করা হয়। ধন্যবাদ স্যার।

**শ্রী রামপদ সামন্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ময়না থেকে মেদিনীপুর পর্যন্ত রাস্তার বাস রুটটি ময়না, পিংলার মধ্যে একমাত্র সাধারণ মানুষের যাতায়াতের মাধ্যম। কিন্তু ওই রাস্তাটির বেহাল অবস্থার জন্য বাস ঠিকমতো চলতে পারছে না। রাস্তায় বড়ো বড়ো গর্ত হয়ে গেছে। রাস্তার দু-ধার ধসে গিয়ে ঢাল হয়ে গেছে। এ রাস্তা দিয়ে বাসগুলো পালকির মতো দুলতে দুলতে চলে। ওটি পিংলা-ময়নার মধ্যে একমাত্র সংযোগ রক্ষাকারী রাস্তা। এমনকি রাস্তা খারাপ হওয়ার ফলে বেশ কয়েকবার বাসের দুর্ঘটনা ঘটেছে। কিছুদিন আগে একটি দুর্ঘটনায় বেশ কয়েকজন মারাও গেছে। আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে এই বিষয়ে বারবার অনুরোধ

করেছি, আজকেও করছি, এই বাস রাস্তাটি অবিলম্বে মেরামত করুন, মানুষকে নিশ্চিন্তভাবে চলতে সাহায্য করুন। তা নাহলে পদে-পদে বিপদ দেখা দেবে।

[ 1.00 – 1.10 p.m. ]

**শ্রী আবু তাহের খান** : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলায় ইতিমধ্যেই সন্ত্রাস শুরু হয়েছে। শাসকদলের হয়ে পক্ষপাতমূলক আচরণ করে জেলার পুলিশ সুপার বেছে বেছে কংগ্রেস কর্মীদের গ্রেপ্তার করতে শুরু করেছে। বিগত পঞ্চায়েত নির্বাচনে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি সেখানে দারুণভাবে বিপর্যস্ত হয়েছে। তাই পুলিশ সুপারের নির্দেশে বা আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর ইঙ্গিত আছে কিনা জানি না বেছে বেছে কংগ্রেস কর্মীদের গ্রেপ্তার করা হচ্ছে। কারণ, আগামী লোকসভার নির্বাচনে মুর্শিদাবাদের ৩টে সিটে শাসকদল ভীষণভাবে পর্যুদস্ত হবে, তাই বেছে-বেছে কংগ্রেস কর্মীদের গ্রেপ্তার করা হচ্ছে। তাই আমি দাবি করছি, অবিলম্বে ওই পুলিশ সুপারকে বদলি করা হোক এবং তার পরিবর্তে ডি.আই.জি. র‍্যাঙ্কের কাউকে দিয়ে নির্বাচনের দায়িত্ব দেওয়া হোক।

**শ্রী গোকুল রায়** : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর দিনাজপুরে বি.ই.ইউ.পি., এম.পি. ল্যাডের টাকায় বিদ্যুতায়নের কাজ বন্ধের মুখে। কারণ, এস.ই.বি. সেন্ট্রাল মেটিরিয়ালস দিতে পারছে না। যদিও বা মাঝে-মাঝে দেয় তাও সেটা উইদাউট ম্যাচিং। তাই আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন করব, হয় সেন্ট্রাল মেটিরিয়াল সাপ্লাই দিক, নতুবা লোকাল পারচেজের অনুমতি দেওয়া হোক।

**শ্রী গোলাম কিবরিয়া মিঞা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী বা সরকারের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। আমার বেলডাঙা বিধায়ক এলাকায় বিগত ৩ বৎসর আগে একটা আরবান কো-অপারেটিভ ব্যাঙ্কের উদ্বোধন হয়। সেখানে লোকাল সি.পি.এম.-এর এল.সি.এস., প্রাক্তন এল.সি.এস. এবং বর্ধিষ্ণু লোকেরা উদ্বোধন করেন। সেখানে ম্যানেজার নিয়োগ হয়। বিগত ৩ বছর ধরে বিভিন্ন এজেন্টের মাধ্যমে লক্ষ লক্ষ টাকা আদায় করা হয়, কিন্তু ব্যাঙ্কে তালা ঝুলিয়ে দেওয়া হয়। এর ফলে আমানতকারীরা দোরে দোরে ঘুরছে এবং বি.ডি.ও.-র কাছে তারা ডেপুটেশনও দিয়েছে, কিন্তু কোনো সুরাহা হচ্ছে না। ম্যানেজার পলাতক। তাই আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের কাছে দাবি করছি, অবিলম্বে আমানতকারীদের টাকা ফেরত দেওয়া হোক এবং যারা ব্যাঙ্ক বন্ধ করেছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক। ধন্যবাদ।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ সামাজিক সমস্যার প্রতি এই সভার এবং রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা জানি, আমাদের বাংলাদেশে একটা প্রথা আছে। শুধু বাংলাদেশে কেন, ভারতবর্ষে অন্য রাজ্যেও আছে বলে শুনেছি, নবজাতক যখন জন্মগ্রহণ করে তখন ধর্মীয় অনুষ্ঠানের মতো করে, নপুংসকরা এসে কিছু ধর্মীয় আচার-অনুষ্ঠান করে কিছু অর্থ নিয়ে যায়। কিন্তু এটা একটা ভয়ঙ্কর সমস্যায় রূপান্তরিত হয়েছে। এখন নবজাতকরা যখন জন্মগ্রহণ করে—

সে পুত্রসন্তানই হোক আর কন্যাসন্তানই হোক—বৃহন্নলারা এসে হাজার-হাজার টাকা দাবি করে। পুত্রসন্তান হলে তো কথাই নেই, ৫ হাজার টাকা বা তার বেশি দাবি করে আর কন্যাসন্তান হলে ৪ হাজার টাকা দাবি করে কিংবা কোথাও এর বেশি বেশি দাবি করে। এর ফলে নিম্নবিত্ত কিংবা মধ্যবিত্ত পরিবারের লোকেরা অসহায় বোধ করেন। ওদের ডিমান্ড অনুযায়ী টাকা না দিতে পারলে অশ্লীল ইঙ্গিত এবং অশ্লীল আচরণ করে। এরা সাধারণত দুপুরবেলায় আসে যখন বাড়িতে মহিলারা থাকেন, অসুস্থ বৃদ্ধ-বৃদ্ধারা থাকেন। এদের এই অত্যাচার পুলিশের কাছে জানানো যায় না। এই নপুংসক বা বৃহন্নলাদের অত্যাচার সাধারণ মানুষের উপর যাতে বন্ধ হয়, সুব্যবস্থা যাতে করা যায় তার জন্য আমি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার দাবি জানাচ্ছি।

**শ্রী মন্টুরাম পাখিরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে রাজ্যের কৃষি বিপণনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪-পরগনার কাকদ্বীপ একটি অসেচ এলাকা। সেখানকার মানুষকে বেঁচে থাকতে গেলে পান চাষের উপর নির্ভর করে থাকতে হয়। এই কাকদ্বীপ মহকুমায় পান চাষের ব্যবস্থা করা হয়েছে। এখানকার কৃষকরা ব্যাপক পান চাষ করে থাকে। দুর্ভাগ্যের বিষয় হল, এই এলাকায় সরকার নিয়ন্ত্রিত বাজার না থাকায় ফড়েদের পাল্লায় পড়ে পানচাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে, ন্যায্য মূল্যে পান বিক্রি করতে পারছে না। অবিলম্বে রাজ্য সরকারের কৃষি বিপণন দপ্তরের পক্ষ থেকে কাকদ্বীপ মহকুমার পানচাষীদের স্বার্থে কাকদ্বীপে একটা সরকার নিয়ন্ত্রিত বাজার স্থাপন করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে রাজ্যের কৃষি বিপণন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আনন্দ গোপাল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের বিদ্যুৎ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা আমি এই সভায় ৪ বার মেনশান করেছি, আজকে আমি আবার করছি। স্যার, নানুর বিধানসভা এলাকার ৪টি গ্রাম পঞ্চায়েত এলাকায় বিদ্যুৎ যায় বোলপুর সাব-স্টেশান থেকে যার দূরত্ব হচ্ছে ২৯ কিলোমিটার। ফলে স্যার চাষীরা বিদ্যুৎ পাচ্ছে না, স্কুল-কলেজের ছেলে-মেয়েরা পড়াশোনা করতে পারছে না এত লো-ভোলটেজ সেখানে। আমি বার বার বলেছি এখানে একটা সাব-স্টেশান করা হোক। এই ব্যাপারে সরকারের কাছে অনুমোদন চাওয়া হয়েছে। এই সাব-স্টেশানের জন্য টাকা বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের টাকা থেকে বিধায়ক দিতে চায়, আমাদের এম.পি. সাব-স্টেশানের টাকা দিতে চায়। কিন্তু আজ পর্যন্ত সেই অনুমোদন পাওয়া যায়নি। আমি আবারও অনুরোধ করছি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে এখানে যাতে একটা সাব-স্টেশান করা হয় তার জন্য তিনি যেন ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রীমতী সোনালী গুহ :** স্যার, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কিছুক্ষণ আগে আমাদের মাননীয়া সদস্যা বাংলার আইন-শৃঙ্খলা নিয়ে উল্লেখ করলেন। ভূতের মুখে রাম নাম। স্যার, নির্বাচনের আগে গোটা যাদবপুর কেন্দ্র থেকে শুরু করে বিষ্ণুপুর কেন্দ্র পর্যন্ত উত্তপ্ত। কেয়াপুর, সাংরাই, পানাকুয়া ঝাঁঝরা এই সমস্ত গ্রামে তৃণমূল কর্মীদের উপর সি.পি.এম কর্মী এবং পুলিশ বাহিনী যৌথভাবে অত্যাচার চালাচ্ছে। যারা অত্যাচারিত হচ্ছে তাদের আবার গ্রেপ্তার করে কোর্টে চালান করা

হচ্ছে। কৃষ্ণচন্দ্র মণ্ডল, তৃণমূল কংগ্রেসের একজন সক্রিয় সদস্য, দু-দিন আগে তাকে কে বা কারা অপহরণ করে নিয়ে গেল প্রশাসন তার জবাব দিতে পারেনি। ঔষধের দোকান লুট করা হচ্ছে। গরীব লোকেদের উপর অত্যাচার করা হচ্ছে, জেলেদের ২০০ ঘুনি পুড়িয়ে দেওয়া হল। মহিলারাও এই অত্যাচারের হাত থেকে রেহাই পাচ্ছে না। এলাকার মানুষ আজ আতঙ্কিত, এলাকার মানুষ ভয়ে দিন গুনছে, ছেলেরা আজকে ঘরে নেই। অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়, আমাদেরই বিধানসভার সদস্য, বিষ্ণুপুর (পূর্ব)-এর দিলীপ মণ্ডল যে কোনো সময় শাসক দলের লোকেদের হাতে প্রাণহানি হতে পারে। তার পুরোপুরি প্রোটেকশানের জন্য, এলাকার মানুষের প্রোটেকশানের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবন উন্নয়ন পর্ষদ ১৯৭৩ সালে গঠিত হয়েছিল। শ্রীমতী ইন্দিরা গান্ধী সুন্দরবন পরিদর্শন করার পর সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠন করা হয়েছিল। উত্তর ২৪-পরগনার ৬টি ব্লক এবং দক্ষিণ ২৪-পরগনার ১৩টি ব্লক, এই ১৯টি ব্লক নিয়ে সুন্দরবন উন্নয়ন পর্ষদ গঠিত হয়। এই ব্লকগুলির মানুষের আর্থ-সামাজিক কাঠামোর উন্নয়ন করে উন্নয়নমূলক কাজ যাতে তৎপরতার সঙ্গে হতে পারে তার জন্য এই পর্ষদ গঠিত হয়েছিল। আজকে দেখতে পাচ্ছি সুন্দরবন উন্নয়নের জন্য পর্ষদের তরফ থেকে রাস্তাঘাট, জেটি, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্যব্যবস্থা উন্নয়নের জন্য তৎপর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। অর্থাভাবে দপ্তরটি ভুগছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, দক্ষিণ ২৪-পরগনা এবং উত্তর ২৪-পরগনায় সুন্দরবনের অবহেলিত এলাকার সমস্ত নিরন্ন ও বুভুক্ষু মানুষের সুবিধার্থে 'নদীপথ'-এর রাস্তাঘাটের ব্যবস্থাটাকে ভালোভাবে করা হোক। ওখানে বিদ্যুৎ এবং রাস্তার যে অভাব রয়েছে তা যাতে দূর হয় এবং বদ্বীপ এলাকাগুলিতে যাতে উন্নয়ন বৃদ্ধি পায় তার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[ 1.10—1.20 p.m. ]

**শ্রী বাঁশরি মোহন কাঞ্জি :** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার এলাকায় জামতলা টু আমতলা, ধানপোতা টু মগরাহাট স্টেশন এবং ধোসাহাট টু উস্তি রাস্তার একমাত্র সংযোগস্থল হচ্ছে মগরাহাট ইরিগেশন খালের ওপরে একটি ব্রীজ। ব্রীজটি গত ছ-মাস ধরে ভেঙে পড়ে আছে। তার ফলে সংশ্লিষ্ট এলাকার যানবাহন চলাচল বন্ধ হয়ে গেছে। আমি যতদূর জানি, ব্রীজটি সারাবার জন্য ওয়ার্ক অর্ডার হয়ে গেছে। কিন্তু এখন পর্যন্ত কোনো কাজ আরম্ভ হচ্ছে না। ওই ব্রীজটি যদি অবিলম্বে মেরামত করা না হয় তাহলে মানুষের যাতায়াতের ক্ষেত্রে খুবই অসুবিধা হবে এবং আগামী দিনে লোকসভা নির্বাচনের কাজও ব্যাহত হবে। কারণ ওই এলাকার বুথগুলিতে যথাযথভাবে কমিউনিকেট করা যাবে না। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, কারণ আমি জানি না কারা এই ব্রীজটি করবে। এই ব্রীজ-এর মেরামতির কাজ অবিলম্বে করুন, তা না হলে আগামীদিনে লোকসভার নির্বাচনে মগরাহাট কেন্দ্রে নির্বাচন বিঘ্নিত হবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গণতন্ত্রপ্রিয় মানুষের কাছে একটা সুসংবাদ, গতকাল আমাদের রাজ্যে ইলেকশন কমিশন এসেছিলেন তাঁর দুই সদস্যকে নিয়ে। তিনি বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে দেখাও করেছিলেন। আমরা যেটা চাইছিলাম— এখানে সরকারি কর্মচারীকে রাজনীতিকরণ করে শাসকদল তাদের নিজেদের পক্ষে নিয়ে আসে এবং সেইভাবে ইলেকশন হয়, সেটা যেন তিনি লক্ষ রাখেন। ইলেকশন কমিশন বলেছেন, এবারে বাইরের রাজ্য থেকে ভোটকর্মীদের নিয়ে আসবেন। এটা গণতন্ত্রপ্রিয় মানুষের কাছে আনন্দের খবর। শুধু তাই নয়, আমাদের রাজ্যে ইলেকশন অফিসার যিনি আছেন, তাঁর সঙ্গে আরও একজন অফিসারকে দিল্লী থেকে এখানে নিয়ে আসবেন। যে সমস্ত ভোটদাতারা ভোট দিতে ভোটকেন্দ্রে যেতে পারেন না, যাদের ভোট গুণ্ডাবাহিনীর মাধ্যমে দিয়ে দেওয়া হয়, সেটা বন্ধ করতে ইলেকশন কমিশন এই বন্দোবস্ত করেছেন। এই সাথে সাথে আমি এও বলতে চাই, রাজ্যের অর্থমন্ত্রী তিনি কিন্তু ইলেকশন বিধি ভঙ্গ করেছেন। তিনি বাজেট প্রেস করতে গিয়ে বলেছেন পাঁচ লক্ষ মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করবেন। কিন্তু নির্বাচনের আগে এই রকম প্রতিশ্রুতি দেওয়া যায় না। আইনে এটা আছে। আমি এই বিষয়ে ইলেকশন কমিশনের দৃষ্টি আকর্ষণ করছি, সেটা জানিয়ে রাখলাম।

**মিঃ ডেপুটি স্পীকার :** শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী, আপনারটা সেন্ট্রাল গভর্নমেন্টের ব্যাপার। এটা হবে না।

**শ্রী বিপ্লব রায় চৌধুরী :** স্যার, গতকাল কলকাতা হাইকোর্ট একটা গুরুত্বপূর্ণ রায় দিয়ে বলেছেন যে, পশ্চিমবঙ্গে মাধ্যমিক স্তরের শিক্ষকরা এক স্কুল থেকে আর এক স্কুলে মিউচুয়াল ট্রান্সফার করতে পারবেন, তাঁরা বদলীর অনুমোদন চাইতে পারেন। হাইকোর্টের এই সিদ্ধান্ত অভিনন্দনযোগ্য। সনৎ কুমার বিশ্বাস, যিনি হাওড়া জোত কল্যাণ পুষ্পরানী বিদ্যামন্দির-এর শিক্ষক এবং আর একজন হাওড়া শিক্ষালয়ের শিক্ষক প্রবীর কোলে, এঁরা দুজন সমাজ শিক্ষার শিক্ষক। এঁরা দুজনে মিউচুয়াল ট্রান্সফার চেয়েছিলেন। কিন্তু ডি.পি.আই. অনুমোদন দেননি। হাইকোর্ট পরিষ্কার করে বলে দিয়েছেন, যেহেতু এখানে অন্য কিছু নেই, সেজন্য এটা করা যাবে। আমি এই প্রসঙ্গে জানাই, আমাদের হাউসের প্রয়াত সদস্য মাননীয় সুকুমার দাস তিনি যখন মারা যান তখন আমরা মাননীয় শিক্ষামন্ত্রী কান্তি বিশ্বাসের কাছে গিয়ে বলেছিলাম। সুকুমার দাসের স্ত্রীকে পুরুলিয়া থেকে বদলি করে তমলুকে আনার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী কান্তি বিশ্বাসের কাছে আবেদন করেছিলাম, মাননীয় শিক্ষামন্ত্রী কান্তি বিশ্বাস তাঁর কেরানিগিরি মানসিকতা বন্ধ করতে পারেননি বলে তিনি তাঁর স্ত্রীর বদলিতে রাজি হননি। কিন্তু হাইকোর্টের রায় যা দিয়েছে তাতে মাধ্যমিক শিক্ষকরা ইচ্ছা করলে মিউচুয়ালি ট্রান্সফার হতে পারবেন। এবং এতে শিক্ষাক্ষেত্রে একটা বড়ো ধরনের পরিবর্তন আসবে। অসংখ্য শিক্ষক হাইকোর্টের রায় অনুসারে মিউচুয়াল ট্রান্সফার করতে পারবে এবং শিক্ষাব্যবস্থাতে একটা উন্নতি হবে। এতদিন ধরে যে কেরানিগিরি মনোভাব চালিয়ে যাচ্ছিলেন শিক্ষামন্ত্রী, তার বিরুদ্ধে হাইকোর্ট রায় যে দিয়েছে তাতে একটা বিরাট পরিবর্তন আসবে। এবং মাধ্যমিক শিক্ষকরা মিউচুয়ালি ট্রান্সফার হওয়ার সুযোগ পাবে এবং এই যে একটা বিরাট পরিবর্তনের সুযোগ পাচ্ছেন এতে অনেক উপকার হবে।

**শ্রী অশোক কুমার দেব :** স্যার, আমি আপনার মাধ্যমে বিভিন্ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মুখ্যমন্ত্রী হাউসে বলেছিলেন রাজ্য সরকারের দপ্তরগুলোর কাজ যে সময়ে হওয়ার দরকার সেই সময়েই হওয়া উচিত। ডু ইট নাও এই কথাটি বলেছিলেন। মুখ্যমন্ত্রী যে কথাটি বলেছিলেন কাজে কিন্তু তা হচ্ছে না। দূর-দূরান্ত থেকে এসে রাইটার্স বিল্ডিংসের বিভিন্ন দপ্তর ঘুরে তারা দপ্তরের কাছ থেকে কাজ পাচ্ছে না। সকাল সাড়ে দশটা, এগারোটায় এলে দপ্তরের কর্মীদের সীটে পাওয়া যায় না আবার বিকেল সাড়ে ৪টের সময়ে এলেও তাই অবস্থা। এর ফলে এম.এল.এ.-দের কাছে এসে তারা অভিযোগ করছেন যে বারবার রাইটার্স বিল্ডিংসে ঘুরে ঘুরেও কাজ পাচ্ছেন না। এবং দূর-দূরান্ত থেকে এসে হ্যারাস হচ্ছে, পয়সা খরচ হচ্ছে। তারা কলকাতায় আসেন বিভিন্ন কাজ নেবার জন্য, তার থেকে বঞ্চিত হচ্ছেন। যদি কাজটা সময়ের মধ্যে না হয়ে থাকে তাহলে তার জন্য কার কাছে তারা কৈফিয়ত চাইবে তাও তারা জানতে পারছে না। সুন্দরবন থেকে একজন ভদ্রলোক আমার কাছে এসে বললেন যে তিনি ৭দিন ধরে ঘোরাঘুরি করেও কারুর কাছ থেকে কোনো সাহায্য পেলেন না, একটা চিঠি দেবার যে দপ্তরের প্রয়োজন সেটাও তারা মনে করেন না। এই যে সব ঘটনা ঘটছে এগুলো বন্ধ করে সত্বর যাতে কাজ হয় তার ব্যবস্থা করুন। টাইমের কাজ যাতে টাইমে হয়। ইউনিয়ন নিশ্চয় করবেন কিন্তু ইউনিয়ন করা মানে কিছু কর্মচারীদের জন্য সাধারণ মানুষ সাফার করবে সেটা ঠিক নয়। মানুষ যাতে কাজ পায় এবং দলমতনির্বিশেষে কোনো মানুষ যাতে হ্যারাস্ড না হয় সেটা ভাবা দরকার এবং সেই বিষয়ে চিন্তা করা দরকার।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। [***]

## ZERO HOUR

[ 1.20—1.30 p.m. ]

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের রাজ্যের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গতকাল উত্তরপাড়া থানা এলাকায় কোতরং ২ নম্বর গভর্নমেন্ট কলোনিতে দুই দল সমাজবিরোধী তাদের নিজেদের বখরার লড়াই নিয়ে ভীষণ বোমাবাজি করেছে। তাদের এই বোমাবাজিতে শান্তিপ্রিয় নাগরিকরা সন্ত্রস্ত। নানানভাবে এখানে সমাজবিরোধীরা অত্যাচার করছে এবং দুঃখের বিষয় দুইদল সমাজবিরোধী এলাকা দখলের লড়াই করছে। দুঃখের বিষয়, আমাদের ওখানকার যে তৃণমূল কংগ্রেস তাদের এরা আশ্রিত ও মদতপুষ্ট। স্যার, অবিলম্বে এই সমাজবিরোধী কার্যকলাপ উত্তরপাড়া থানা এলাকার কোতরং ২ নম্বর গভর্নমেন্ট কলোনিতে কাঁসারিপুকুর অঞ্চলে যে বোমাবাজি করেছে তাতে নিরীহ মানুষরা সন্ত্রস্ত। তাই এই

[***] Expanged as ordered by the Chair.

সমাজবিরোধী কার্যকলাপ যাতে অবিলম্বে বন্ধ হয় এবং তৃণমূল কংগ্রেসের আশ্রিত সমাজবিরোধীদের গ্রেপ্তার করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি যে কথাটা উল্লেখ করছি এটা কোনো রাজনীতির বিষয় নয়। আমাদের দেশের ক্রিকেট প্লেয়াররা পাকিস্তানে গিয়েছে খেলতে, আজকে সকালবেলায় বিভিন্ন সংবাদপত্রে যে ছবি দেখেছি তাতে আমাদের সত্যিই ভালো লেগেছে। ভারতবর্ষের ক্রিকেট প্লেয়ারদের ডেকেছিলেন পাকিস্তানের প্রেসিডেন্ট মোশারফ। ক্রিকেট প্লেয়াররা সেখানে দেখা করতে গিয়েছিলেন, মোশারফ-এর আমন্ত্রণে। কোনো দেশের প্লেয়ারদের যখন সেই দেশের প্রেসিডেন্ট চা-চক্রে নিমন্ত্রণ করেন, সেটা যেমন সম্মানের, তেমনি গর্বের। এর মধ্যে দিয়ে দুই দেশের মধ্যে একটা সুস্থ বাতাবরণ তৈরি হোক এটা আমরা চাই। দুই দেশের মধ্যে যুদ্ধের জন্য যে অর্থ খরচ হয়, সেই অর্থ বহু গরীব মানুষের উপকারে লাগতে পারে, যুদ্ধের উন্মাদনাকে যদি কমানো যায়, তাহলেই আমরা এই টাকা খরচ করতে পারি দরিদ্র মানুষের তাতে উপকার হবে। এই যে পরিবেশ সৃষ্টি হয়েছে, এতে আমার মনে হয় আপনাদের সকলের ধন্যবাদ জানানো উচিত। আমাদের দেশের প্রধানমন্ত্রী এন.ডি.এ. সরকারের—অটল বিহারী বাজপেয়ী দুই দেশের মধ্যে যে সুন্দর সম্পর্ক গড়ে তুলেছেন, তাতে আমাদের দেশের ও ভারতবর্ষের নাগরিক হিসাবে, কি সি.পি.এম., কি কংগ্রেস মনে করে নয়, ভারতবর্ষের দরিদ্র মানুষের কথা মনে রেখে এই সুস্থ পরিবেশ যাতে ফিরে আসে তার জন্য ধন্যবাদ জানানো উচিত, অভিনন্দন জানানো উচিত অটল বিহারী বাজপেয়ীকে।

**শ্রী গোবিন্দ রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এই সভায় উত্থাপন করতে চাই। এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ১৩ই মার্চ জলপাইগুড়ি জেলায় ময়নাগুড়ি এলাকায় অতর্কিত হানায়—জঙ্গী হানায় ২-জন-এর মৃত্যু হয়েছে, ৬-জন আহত হয়েছেন। এই জঙ্গীরা কে.এল.ও. জঙ্গী বলে সন্দেহ করা হচ্ছে। ভুটানের অপারেশান হওয়ার পরে জঙ্গীরা শেষ হয়ে গিয়েছে বলে মানুষের ধারণা হয়েছিল। কোচবিহার জেলার মাথাভাঙায় কয়েকদিন আগে তারা একটা অপারেশান করে, জলপাইগুড়ির ময়নাগুড়িতে তারা একই ধাঁচে নির্মম হত্যাকাণ্ড সংঘটিত করেছে। এই হত্যাকাণ্ডের পরে আহতদের হাসপাতালে দেখতে আমরা ছুটে যাই এবং যারা মারা গিয়েছেন তাদের পরিবারকে সাহায্য করার জন্য জলপাইগুড়ি থেকে বিভিন্ন নেতৃবৃন্দরা ছুটে যান। সকলে মিলে এই উগ্রপন্থার বিরুদ্ধে যেখানে রুখে দাঁড়ানো দরকার, সেখানে উদ্বেগজনকভাবে দেখা যাচ্ছে জলপাইগুড়ি জেলার কংগ্রেস দলের সভাপতি তিনি রাজনীতির গন্ধ পাচ্ছেন। এর মধ্যেও তারা রাজনীতির গন্ধ পাচ্ছে। এই নির্মম ঘটনায় যারা আহত তাদের পাশে দাঁড়ানো তো দূরের কথা, এই ব্যাপারে কোনো বিবৃতিও কংগ্রেস দলের পক্ষ থেকে দেওয়া হয়নি এবং হাসপাতালেও আহতদের দেখতে যায়নি। আর যারা সহায়তা করছে তাদের নামে কুৎসা রটানোর চেষ্টা করা হচ্ছে। এই রকম একটা ভয়ঙ্কর ঘটনায় উত্তরবঙ্গের মানুষ উদ্‌বিগ্ন। নির্বাচনের আগে সেখানে সশস্ত্র বাহিনী মোতায়েন করে মানুষের

মনোবলকে ফিরিয়ে আনার জন্য আমি দাবি জানাচ্ছি। আর মাননীয় মুখ্যমন্ত্রী যখন জলপাইগুড়িতে যাবেন, তখন কে.এল.ও.-র সঙ্গে যারা যুক্ত তাদের বিরুদ্ধে আমাদের রাজ্য সরকারের বক্তব্য জানিয়ে আসবেন। এই আহ্বান জানাতে চাই।

**শ্রী সৌগত রায় :** স্যার, নির্বাচনের আগে সবাই বলছেন কিভাবে, সুষ্ঠুভাবে নির্বাচনটা করা যায়। নির্বাচনের একটা নিয়ম হচ্ছে, সরকারি বাড়ির দেওয়ালে কখনোই দেওয়াল লিখন চলে না। কিন্তু শাসকদল সি.পি.এম. সর্বত্র, সরকারি বাড়িতে, রেলওয়ে স্টেশান, হাসপাতালের দেওয়ালে দেওয়াল লিখন করছে। এই ব্যাপারে প্রশাসন কোনো ব্যবস্থা নিচ্ছে না। আমরা নিশ্চয় এই ব্যাপারে নির্বাচন কমিশানের কাছে অভিযোগ করব। রাজ্যের মন্ত্রীদের কাছে আমি অনুরোধ করব তাদের দপ্তরের, সরকারি বাড়ির দেওয়ালের যে দেওয়াল লিখন হয়েছে সেগুলো মুছে দেবার ব্যবস্থা করবেন। আর সাধারণ নাগরিকদের বাড়ির দেওয়ালে লিখতে গেলেও তাদের অনুমতি নেবার প্রয়োজন আছে। কিন্তু সি.পি.এম. সেই অনুমতিও নিচ্ছে না। ফলে বহু জায়গায় মানুষের সঙ্গে তাদের সংঘর্ষ হচ্ছে, ঝগড়া হচ্ছে। জোড়াসাঁকোয় এই নিয়ে একটা গণ্ডগোল হয়ে গেছে। আমরা চাই সরকার এই ব্যাপারে উদ্যোগ নিন এবং সরকারি বাড়ির দেওয়াল থেকে লিখন মুছে দিন। আর নির্বাচনটা যাতে শান্তিপূর্ণ এবং নিরুদ্বিগ্নভাবে কাটে তার ব্যবস্থা করুন।

**Shri Badal Zamadar :** Hon'ble Deputy Speaker, Sir, I draw the kind attention of our Speaker and Small Scale Cottage Industry Minister to the effect that the Weavers' Cooperatives throughout West Bengal are in a mobibund condition losing their markets to the globalisation. They may be rejuvenated by purchasing bed sheets and other clothes for our MLA Hostel and other Govt. abodes to save them from onslaught of Biswayan. Though it is small in size yet it would be a boon to them and thus it ends here.

**শ্রী কমলেন্দু সান্যাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অবসরপ্রাপ্ত জীবনকে চরম অনিশ্চয়তার মধ্যে ঠেলে দিয়েছে কেন্দ্রীয় সরকার। তাই প্রতিবাদ হিসাবে আজকে এই ছড়া বিধানসভায় উপস্থাপিত হচ্ছে—

অবসরপ্রাপ্ত জীবন শেষের
  নিশ্চিন্ততায় দিয়ে ছাই
বার্ধক্যের সঞ্চয়টুকুর
  যারা নিয়মিত সুদ কমায় ?
কারা বলে, শেয়ারে ঢালো—
  ঘোড়ার লেজে বাঁধো টাকা,
কাদের পক্ষে শেষ জীবনে
  জুয়াড়ি বানাতে নিত্য ডাকা ?

হর্ষদ আর চেতন পারেখের
ভারত উদয় মানি !
প্রচারের এ অমানবিকতায়
শত ধিক্কার হানি।

**শ্রী বিপ্লব রায়চৌধুরী** : স্যার, গরম পড়তে আরম্ভ করেছে, কিন্তু রাজ্যজুড়ে আমরা দেখছি চতুর্দিকে লোডশেডিং আরম্ভ হয়েছে। আমার এলাকা কোলাঘাট, সেখানে এত বিদ্যুৎ তৈরি হয় যে সারা পশ্চিমবাংলায় সাপ্লাই হয়। কিন্তু অত্যন্ত বেদনার কথা কোলাঘাটে দু-তিন ঘন্টা ধরে লোডশেডিং চলছে। তাই সেখানকার লোকেরা ছড়া বেঁধেছে—

'দিলাম জমি পেলাম ছাই, বামফ্রন্টের তুলনা নাই'।

সেখানকার লোকেরা জমি দিল, কিন্তু চাকরি পেল না। তারা বলছে আমরা এত কষ্ট করে জমি দিলাম, কিন্তু তার বিনিময়ে কি পেলাম। তাই স্যার আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি, লোডশেডিং যদি হতেই হয়, তাহলে যেন সারা পশ্চিমবঙ্গে সমহারেই হয়। আপনারা তো আমাদের চাকরি বা অন্য কিছু দেননি, ছাই দিয়েছেন। আপনাদের এই কলঙ্ক আমরা মাথায় নিয়েছি তার বিনিময়ে অন্তত লোডশেডিংমুক্ত কোলাঘাট আমাদের উপহার দিন।

[ 1.30—1.40 p.m. ]

**শ্রী কাশীনাথ মিশ্র** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। চার বছর প্রায় অতিক্রান্ত হয়ে গেল, রাজ্য সরকারের ১৮ লক্ষ টাকা এবং সাংসদের তরফ থেকে ৮ লক্ষ টাকা ব্যয়ে বাঁকুড়া জেলার সিমলিপাল ব্লকে একটি কৃষি প্রশিক্ষণ কেন্দ্র গড়ে উঠেছে। তার নাম 'বীরেন্দ্র মোহান্তি কৃষি প্রশিক্ষণ কেন্দ্র'। পাঁচ বছরের উপর তার ঘরবাড়ি হয়ে গেছে। কিন্তু কেন জানি না শিক্ষা দপ্তর এবং কৃষি দপ্তরের অনীহার জন্য সেখানে প্রশিক্ষণ শুরু করা গেল না এবং সেখানকার ছেলেমেয়েরাও প্রশিক্ষণ নিয়ে যে অ্যাগ্রোবেসড ইন্ডাস্ট্রিতে কিছু করতে পারত তাও পারছে না। এটা ওখানকার মানুষের দীর্ঘদিনের চাহিদা। অবিলম্বে সেখানে প্রশিক্ষণ দান শুরু করা হোক, এই দাবি রাখছি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে।

**শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দক্ষিণ ২৪-পরগনা জেলার বিভিন্ন থানাতে পুলিশি নির্যাতন শুরু হয়েছে, বিশেষত তৃণমূল কংগ্রেস কর্মীদের মিথ্যে কেসে অ্যারেস্ট করা হচ্ছে। তাম্বুলদা অঞ্চলে প্রাক্তন প্রধান মানিক পাইক এবং নজরুল ইসলাম, হাসান ইসলাম, এই তিনজনকে অ্যারেস্ট করেছে এবং তাদের বিরুদ্ধে কোনো অভিযোগ নেই, শুধুমাত্র তৃণমূল কংগ্রেস করার অপরাধে গ্রেফতার করা হয়েছে। কারখানাচক গ্রামের শ্যামাপদ মণ্ডলকেও অ্যারেস্ট করা হয়েছে। মগরা থানার আলিদা গ্রামের বসন্ত দাস তৃণমূল কংগ্রেস কর্মী, তাকে ডেকে নিয়ে গিয়ে সি.পি.এম.-এর সমাজবিরোধীরা মস্তক মুণ্ডন করে দেয়। তার প্রতিবাদে আর এক দল তার মস্তক মুণ্ডন করতে গেলে সেখানে পুলিশ যায় এবং পুলিশের সঙ্গে সংঘর্ষ হয় এবং ৬০-৭০ জন তৃণমূলের লোক গ্রামছাড়া হয়। গত

কদিন ধরেই সেখানে পুলিশি তাণ্ডব চলছে। এখন মাধ্যমিক পরীক্ষা, কিন্তু মগরা থানার আলিদা গ্রামে গিয়ে পুলিশ নির্যাতন চালাচ্ছে, নিরীহ লোককে অ্যারেস্ট করছে। শীঘ্র এর প্রতিকার করুন।

**শ্রী অশোক কুমার দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতার বিভিন্ন জায়গায় ফ্লাইওভার তৈরি করা হচ্ছে। তৈরির আগে তো একটা টার্মস অ্যান্ড কন্ডিশন থাকে কবে নাগাদ শেষ হবে, ইত্যাদি। কিন্তু অনেক জায়গায় দেখা যাচ্ছে কাজ আটকে যাচ্ছে, কাজ শেষ হচ্ছে না, ফলে মানুষের প্রচণ্ড হয়রানি হচ্ছে। অনেক জায়গায় যারা কন্ট্র্যাক্ট নিয়েছে তারা বলে বেড়ায়, টাকা পাচ্ছি না বলে কাজ করতে পারছি না। আবার কেউ বলে এই টার্মস অ্যান্ড কন্ডিশনে কাজ করতে পারছি না, এইভাবে করতে গেলে খুব অসুবিধা হবে। যারা দায়িত্বে আছে তাদের কাছে বলছি, টার্মস অ্যান্ড কন্ডিশন মেনে সময়মতো কাজটা শেষ করা দরকার। যারা সেইভাবে কাজ করতে পারবে না, আগামী দিনে যাতে তাদের আর কাজ দেওয়া না হয়। আমাদের তারাতলায় আমাদের খুব অসুবিধা হচ্ছে। সেখানে কখনও কাজ হয়, কখনও বন্ধ থাকে। এইভাবে আমাদের ক্ষতি হচ্ছে, যারা কাজ করছে তাদেরও ক্ষতি হচ্ছে। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য, অ্যাকশন নেওয়ার জন্য অনুরোধ করছি।

**শ্রী মুস্তাক আলম :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা উদ্বেগজনক বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মুখ্যমন্ত্রীর মরূদ্যান কিভাবে দুষ্কৃতীদের বিচরণভূমিতে পরিণত হয়েছে সেই কথা বলছি। জলপাইগুড়ির ফুলবাড়িতে সি.পি.এম.-এর লোকাল কমিটির সদস্যর বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ করায় ১৫-১৬ জন মিলে সেই গৃহবধূকে চুল কেটে নিয়ে মারধর করা হয় এবং ২০ জনের নামে এফ.আই.আর. করলেও পুলিশ এখনও তাদের গ্রেপ্তার করেনি। এদের সকলেই সি.পি.এম.-এর লোক। এই ব্যাপারে জেলা কমিটির সদস্য উদ্বিগ্ন। পঞ্চায়েত সমিতির সহসভাপতি এখন মহিলাকে দুশ্চরিত্র বলছেন। এই ঘটনা যদি ঘটতেই থাকে তাহলে উত্তরবঙ্গে এরাই কে.এল.ও., কে.পি.পি., পি.ডব্লু.জি.-তে নাম লেখাবে। এই ব্যাপারে আমি দাবি করছি মাননীয় মুখ্যমন্ত্রী অবিলম্বে ব্যবস্থা নিন। আমি তাঁর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী বিনয় দত্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বছর আলুচাষীরা আলুর দাম পায়নি। এই বছর আলুর ফলন কম হয়েছে। আমাদের দেশেরও আলু বিদেশে রপ্তানি হচ্ছে। চাষীরা কিছু কিছু দাম পাচ্ছে। এই সময় দেখা গেল একদল অসাধু ব্যবসায়ী হুগলী, বর্ধমানের বিস্তীর্ণ অঞ্চলে আলুর বস্তার দাম ব্যাপকভাবে বাড়িয়ে দিয়েছে। ৯ টাকার ১৭ টাকায় বিক্রি হচ্ছে। এমনকি তারা এই বস্তা নিয়ে তারা ফাটকা করছে। বস্তাগুলো গোডাউনজাত করে রেখে, চাষীদের হয়রানি করছে। তাই আমি মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে এই ফাটকাবাজি বন্ধ করা দরকার। পাশাপাশি চাষীরা যাতে ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করা দরকার। এই বছর চাষীরা যেভাবে আলুর দাম পাচ্ছে তাতে একদল অসাধু ব্যবসায়ী চক্রান্ত করে এটা ব্যর্থ করার চেষ্টা করছে। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি এই চক্রান্তের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী আবু হাসনাৎ :** স্যার, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় বেশ কিছুদিন ধরে লোডশেডিং দারুণভাবে বেড়ে গেছে। সেখানে হাজার হাজার বিঘা জমির বোরো ধান মার খাচ্ছে বিদ্যুতের অভাবে এবং বারবার অফিসারদের সঙ্গে যোগাযোগ করেও কোনো সুরাহা হয়নি। জেলা পরিষদের পক্ষ থেকেও বারবার বিদ্যুৎ পর্ষদের অফিসারদের সঙ্গে এই বিভ্রাটের জন্য বলা হয়েছে। আজ পর্যন্ত কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ব্যাপকভাবে বিদ্যুৎ ঘাটতি দেখা দিচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এই ঘাটতি বন্ধ করার জন্য ব্যবস্থা অবলম্বন করা হোক।

[ 1.40—2.30 p.m. ] (including adjournment)

**শ্রীমতী মঞ্জু বসু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। এ বছরের মাধ্যমিক পরীক্ষায় শুরু থেকে শেষ পর্যন্ত কিছু না কিছু কেলেঙ্কারি প্রতিদিনই হয়েছে, যার শিকার এই বাংলার ৬ লক্ষের বেশি ছাত্র-ছাত্রীর জীবনের উপর দিয়ে বয়ে গেছে। তাদের প্রতি সহানুভূতিশীল হয়ে এই ঘটনাগুলি অনুধাবন করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সবাই নিজেদের অভিজ্ঞতায় জানি জীবনের প্রথম রাজ্যস্তরের পরীক্ষা হল এই মাধ্যমিক পরীক্ষা, যে পরীক্ষায় মানসিক টেনশন থাকে অন্য যে কোনো রকম পরীক্ষার থেকে অনেক বেশি। এই অবস্থায় এই ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ একাডেমিক কেরিয়ারের পথে যে বাধা সেটাকে দূর করার জন্য আবেদন রাখছি। প্রথমেই বলি ইংরেজি পরীক্ষা কঠিন হয়েছে। আমরা জানি মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য কিছু পারসেন্ট কোশ্চেন থাকে, কিন্তু তার সঙ্গে অলটারনেটিভ একটা কোশ্চেন দেওয়া আবশ্যিক। যারা এই কোশ্চেন সেটার তারা বিশেষজ্ঞ কিন্তু তাঁরা নিজেদের লেভেলে চিন্তা করে এই কোশ্চেন করেছেন। এখানে রিপোর্ট-রাইটিং যে কোশ্চেন সেটা অলটারনেটিভ কোশ্চেন ছিল না, সেটা কমপালসারি কোশ্চেন ছিল। অর্থাৎ সাধারণ ছাত্র-ছাত্রীদের কথা এখানে ভাবা হয়নি। এই পরীক্ষা খারাপ হওয়ার ফলে অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে কয়েকটি আত্মহত্যার ঘটনা ঘটেছে, যদিও মাননীয় শিক্ষামন্ত্রী দুঃখ প্রকাশ করেছেন, আমি তাঁর এই মানসিকতার জন্য তাঁকে অজস্র ধন্যবাদ জানাচ্ছি। যদিও শিক্ষামন্ত্রী অঙ্ক প্রশ্ন ফাঁসের কথা অস্বীকার করেছেন তথাপি মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি দিব্যেন্দু হোতা বলেছেন ইংরাজি এবং অঙ্ক পরীক্ষার খাতা সহানুভূতির সঙ্গে দেখা হবে। এতে এই ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা কিছুটা আশ্বস্ত হন। কিন্তু এক্ষেত্রে মাননীয় মন্ত্রীর সঙ্গে তার পর্ষদের সভাপতির পরস্পরবিরোধী কথা আমরা দেখতে পাচ্ছি। এর পরে অঙ্ক পরীক্ষার দিন ওয়াটগঞ্জ থানার অন্তর্গত খিদিরপুর অ্যাকাডেমি স্কুলে নকল পরীক্ষার্থী রঞ্জিত পাসোয়ানের দাদা চন্দন পাসোয়ান পরীক্ষা দিতে গিয়ে ধরা পড়ল। তার অ্যাডমিট কার্ডে ছবি থাকা সত্ত্বেও প্রথমদিন কেন সে ধরা পড়ল না, এতে কি মনে হয় না ওই স্কুলের শিক্ষকদের আরও দায়িত্বশীল হওয়া উচিত ছিল। এর পরে উত্তর ২৪-পরগনা জেলার একই বিদ্যালয়ে উভয় ছাত্রীর বক্তব্য—একজনের ভৌতবিজ্ঞানের পরীক্ষার খাতা পরের দিন জীবন বিজ্ঞান পরীক্ষায় লেখার জন্য অপর ছাত্রীকে দেওয়া হয়। এ ক্ষেত্রে পরীক্ষার পরে খাতা জমা পড়ার পরে শর্টিং যখন করা হল তখন কি কারোর নজরে এল না যে খাতা কম জমা পড়েছে। এ ক্ষেত্রেও স্কুল কর্তৃপক্ষ দায়িত্বহীনের মতো কাজ করেছে। এর পরের ঘটনা এক ছাত্র শিক্ষকের কাছে প্রশ্নটা বুঝতে

যায় তখন শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী মিলে তাকে এমন প্রহার করে যে তাকে হসপিটালের বেডে শুয়ে পরীক্ষা দিতে হয়। এই রকম অবস্থা যখন চলছে, তখন মুখ্যমন্ত্রী বলতে পারেন মধ্যশিক্ষা পর্ষদ স্বশাসিত সংস্থা, এর দায়িত্ব কি মাননীয় শিক্ষামন্ত্রীর উপরে বর্তায় না। তাই আমার বিনীত অনুরোধ এইসব ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয় সেইদিকে সঠিকভাবে নজর দেবেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসিত মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন ধরে বিভিন্ন সদস্য তাঁদের উদ্বেগের কথা জানিয়েছেন এই বিষয়ে, বিষয়টি হল বর্ধমান, হুগলী এবং হাওড়ার কিছু অংশে আলু ব্যাপকভাবে চাষ হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী সেদিন জবাবী ভাষণে বলেছিলেন গতবারের চেয়েও এবারে আলু কম হলেও এবারেও উৎপাদন ভালোই হয়েছে। দেখা যাচ্ছে ইতিমধ্যেই আলুর দাম ভীষণভাবে পড়তে শুরু করেছে। এবং যার ফলে অনেকে তার জন্য ক্ষতিগ্রস্ত হচ্ছে। সবচেয়ে বড়ো কথা হচ্ছে বর্ধমানে দুটো আত্মহত্যার ঘটনা ঘটেছে। একটা আত্মহত্যার ঘটনা ঘটেছে এবং আরেকজন রেল দুর্ঘটনায় প্রাণ হারিয়েছে। দুটোই চাষ সংক্রান্ত ঘটনা। বিরোধী দলের বন্ধুরা শাসক দলের দালালি করতে গিয়ে ভুলে গেছেন কৃষকদের স্বার্থ কিভাবে সংরক্ষিত রাখতে হয়। আমাদের রাজ্য সরকার চেষ্টা করছে ভারতবর্ষের বাইরে কোথাও কোথাও আলু রপ্তানি করে যাতে আলুর দাম বাড়ানো হয়। সিঙ্গাপুরের কথা ভেবেছেন, অন্যান্য দেশের কথা ভেবেছেন। যখন বিভিন্ন দেশে আলু রপ্তানির কথা ভাবা হচ্ছে, আলুর দাম বাড়ানোর কথা বলা হচ্ছে তখন দেখা যাচ্ছে আলুর দাম কিন্তু বাড়ছে না, ডিসট্রেস সেল হচ্ছে। অথচ আমাদের পাশের একটা রাজ্য আলুর ন্যূনতম দাম বেঁধে দিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে সংবাদপত্রে দেখলাম বাংলার পাশের একটা রাজ্য তারা বলেছে 'এর কমে আলু বিক্রি করা চলবে না।' উর্ধ্বসীমা ঠিক করেননি। তাই আমি বলছি ৫০ কে.জি.-র বস্তার দাম নির্ধারিত করে দেওয়া হোক এবং আলুচাষীদের যাতে অকালে আত্মহত্যা করতে না হয়, বিপদের মধ্যে পড়তে না হয় তার দাবি জানাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পীকার :** মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় মেনশনের সময় 'কোড অফ কন্ডাক্ট' নিয়ে যে বক্তব্য রেখেছেন তা পুরোটাই বাদ যাবে।

এখন বিরতি। আমরা আবার ২-৩০ মিনিটে মিলিত হব।

(বিরতির পর)

[ 2.30 – 2.40 p.m. ] (after adjournment)

**শ্রী সামসুল ইসলাম মোল্লা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে এই সভায় উত্থাপন করতে চাই। গত বছর ৮ই ডিসেম্বর বিরোধী দলের আনীত অনাস্থা প্রস্তাবের উপর আলোচনা করতে গিয়ে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী নির্বেদ রায় মহাশয় উল্লেখ করেন যে, চাপড়ার সি.পি.এম. বিধায়ক শ্রী সামসুল ইসলাম মোল্লা আই.এস..আই. লোকেদের পরিষ্কারভাবে রেসিডেনসিয়াল সার্টিফিকেট দিয়েছেন এবং গত ১১ই মার্চ মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর ধন্যবাদসূচক আলোচনার পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্য শ্রী নির্বেদ রায় মহাশয় সেই একই ধরনের অভিযোগ করেন।

বিষয়টা নিয়ে আমরা আলোচনা করেছি এবং দেখা যাচ্ছে যে, এই ধরনের অভিযোগ সম্পূর্ণ অসত্য, বানানো, ভিত্তিহীন এবং এই সভাকে বিভ্রান্ত করার জন্য এটা বলা হয়েছে। এই অভিযোগের বিষয়ে আলোচনা করার জন্য আমাকে সুযোগ দেওয়ার জন্য আমি আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। প্রকৃত বিষয় হচ্ছে, গত বছর ডিসেম্বর মাসে হরিয়ানা কোর্ট থেকে আমার নামে একটা সমন আসে—সাক্ষীর সমন। সেই সমনের ভিত্তিতে হরিয়ানা কোর্টের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের রিওয়ারি আদালতে আমি হাজির হই এবং আমার সঙ্গে চাপড়ার বি.এল. অ্যান্ড এল.আর.ও. সেখানে হাজির হন। সেখানে দেখা যায়, হরিয়ানার রিওয়ারি থানার পুলিশ বাংলাভাষী মানুষের বিরুদ্ধে অনেকগুলো কেস করেছে, ৭জন বাংলাভাষী মানুষকে সেখানকার বস্তি এলাকা থেকে অ্যারেস্ট করেছে—তারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গার মানুষ। চাপড়ার ২জন লোক অ্যারেস্ট হয়—চাপড়ায় তাদের আত্মীয়স্বজন আছেন। সেখানে আমি বিভিন্ন কেস রেকর্ড দেখে এবং সরকারি উকিলের সঙ্গে এবং আসামী পক্ষের উকিলের সঙ্গে কথা বলে জানতে পারি যে, ১৫ই মার্চ, ২০০৩ তারিখে তাদের রিওয়ারি বস্তি থেকে অ্যারেস্ট করা হয়েছে। তাদের বিরুদ্ধে অভিযোগ যে, তাদের কাছে কোনো বৈধ কাগজপত্র ছিল না, উইদাউট পাসপোর্টে তারা এদেশে ঢুকে বসবাস করছে। তাদের আত্মীয়-পরিবার সেখানে আছে। আসামীদের সঙ্গে কথা বলে এবং স্থানীয় লোকেদের সঙ্গে কথা বলে জানতে পারি, তারা ভাঙাচোরার ব্যবসা করে এবং তারা সেখানে ১৫-১৬ বছর ধরে বসবাস করছে। বাংলাভাষী মানুষদের নানা সময়ে হয়রানি করার জন্য উইদাউট পাসপোর্ট কেসে সেখানে তাদের হয়রানি করা হয়। আই.এস.আই.-এর কোনো অভিযোগ তাদের বিরুদ্ধে নেই। চাপড়া অঞ্চলের প্রধান আসামীদের সার্টিফিকেট দিয়েছিলেন এবং বি.এল. অ্যান্ড এল.আর.ও. তাদের ফটো আইডেনটিফাই করেন এবং আমি দুটো সার্টিফিকেট দিই, ২জন আসামীর পক্ষে সার্টিফিকেট দাখিল করা হয়। সরকার পক্ষের সাক্ষী হওয়ার পর আসামী পক্ষ ওই সার্টিফিকেটগুলো আদালতে দাখিল করে আমাদের সাক্ষী মানে। সেখানে আই.এস.আই.-এর কোনো অভিযোগ নেই, আই.এস.আই. সংক্রান্ত কোনো অ্যাকটিভিটিস নেই। কিন্তু এখানে একজন মাননীয় সদস্য বললেন যে, 'আই.এস.আই. লোকেদের আমি সার্টিফিকেট দিয়েছি।' কিছু না জেনেই তিনি এই কথা বলেছেন এবং কেন বলেছেন জানি না। উনি ওনার বক্তব্যে আমার বিরুদ্ধে দেশদ্রোহিতার অভিযোগ এনেছেন। তবে আমরা জানি বর্তমানে কে.এল.ও. এবং জনযুদ্ধর সঙ্গে কারা হাত মিলিয়ে পশ্চিমবঙ্গের স্থিতিশীল অবস্থাকে ধ্বংস করতে চায় এবং এই অভিযোগ এসেছে, প্রশ্ন উঠেছে।

**মিঃ স্পীকার :** আপনি আপনার এক্সপ্ল্যানেশন দিন।

**শ্রী সামসুল ইসলাম মোল্লা :** স্যার, যে অভিযোগ করেছে সেটা সম্পূর্ণ অসত্য, আমি তার বিরোধিতা করছি। আমি কোর্ট থেকে কাগজপত্র নিয়ে এসেছি সেটা আপনাকে দিচ্ছি। আমি যে সমস্ত কাগজপত্র নিয়ে এসেছি সেগুলি হল সার্টিফিকেট, অ্যারেস্ট মেমো, চার্জশিটের সার্টিফায়েড কপি—এই সমস্ত কাগজপত্রের কপি আপনাকে দিয়ে দিচ্ছি, মাননীয় সদস্যরা যদি মনে করেন আপনার কাছ থেকে নিতে পারেন।

**শ্রী অশোক কুমার দেব :** স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাইছি—স্বরাষ্ট্রমন্ত্রী থাকলে ভালো হত—আপনি জানেন যে, ডি.সি. (পোর্ট) বিনোদ মেহেতো মারা গিয়েছিলেন

আজকে—আজকে খুন হয়েছিলেন, আজকে তার মৃত্যু দিবস। কিন্তু এই মাত্র খবরে দেখলাম যারা তার মৃত্যু দিবস পালন করার জন্য সভার আয়োজন করেছিলেন, পুলিশ তাদের সভা করতে দিচ্ছে না এটা খুবই দুঃখজনক। একজন পুলিশ অফিসারের শোকসভা পুলিশই করতে দিচ্ছে না। এর থেকে আমরা কি আশা করতে পারি। তিনি মারা যাবার পর, খুন হবার পর সবাইকে নিয়ে যে শোকসভা করা সেটা করতে পারছে না। তাই স্যার, আপনার মাধ্যমে বলছি যে যাতে এই শোকসভা করতে দেওয়া হয়, পুলিশ যেন তার পারমিশান দেয় এবং যদি না দেয় তাহলে গণতন্ত্রকে হত্যা করা হয় বলে আমি মনে করি।

শ্রী অরুণাভ ঘোষ : স্যার, আমি নির্বেদ রায়ের ব্যাপারটা সম্বন্ধে বক্তব্য রাখতে চাই।

**Mr. Speaker :** No, not allowed. Shri Samsul Islam Mollah has explained his own stand. It does not call for your reply. He has explained his own stand. He has given the papers and documents; that's part of the record. He has referred to the proceedings of the House. He has given a personal explanation. Please take your seat, Mr. Ghosh.

## LEGISLATION

### The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2004

**Mr. Speaker:** Now we shall take up the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2004. There will be no debate on the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2004. It will be passed straightaway.

Now I call upon Dr. Asim Kumar Dasgupta to introduce the Bill.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2004.

(Secretary then read the Title of the Bill).

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2004 be taken into consideration.

The motion was then put and agreed to.

### Clauses 1-3 and Schedule

The question that clauses 1-3 and Schedule do stand part of the Bill, was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2004, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Appropriation Bill, 2004**

**Mr. Speaker :** Now before we take up the West Bengal Appropriation Bill, 2004 I would like to mention that a request has been made for extending the time of debate. I'll not extend the time as such. But the opposition members speaking on this Bill may be given some more time.

Now I call upon Dr. Asim Kumar Dasgupta to introduce the Bill.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 2004.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2004 be taken consideration.

[ 2.40—2.50 p.m. ]

**শ্রী কাশীনাথ মিশ্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম কুমার দাশগুপ্ত মহাশয় 'দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিল, ২০০৪' নিয়ে এসেছেন। এর আগে উনি আগামী কয়েক মাসের ভোট অন অ্যাকাউন্ট পাশ করিয়ে নিয়েছেন। এখন সেই টাকা খরচের অনুমতি চাইছেন তার জন্য এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন। তিনি যে টাকা খরচ করার অনুমতি চাইছেন তার বেশির ভাগই আমরা দেখছি ইন্টারেস্ট পেমেন্ট করতে খরচ হবে। দুঃস্থ অসহায় মানুষের উপকারে বিশেষ কোনো টাকা ব্যয়িত হবে না। বিগত বন্যায় বা বিভিন্ন রকম প্রাকৃতিক দুর্যোগে যে সমস্ত মানুষদের ঘরবাড়ি পড়ে গেছে তাদের সাহায্যে মাননীয় অর্থমন্ত্রী বিশেষ কোনো অর্থই ধার্য করতে পারেননি। স্যার, আপনি দেখুন রিলিফ অ্যাকাউন্টস ফর ন্যাচারাল ক্যালামিটিস অ্যান্ড সোস্যাল সার্ভিস, ২২ নং ডিমান্ডে যেটা আছে, সেটার থেকে এখানে কোনো টাকা ধার্য করা হয়নি এবং সে বাবদ কোনো টাকা খরচের অনুমতিও চাওয়া হচ্ছে না। তারপর ফরেস্ট অ্যান্ড ওয়াইল্ড লাইফ খাতে ৪৬ কোটি ৩৩ লক্ষ ৯২ হাজার টাকা বরাদ্দ করেছেন। তারপর স্যার, গোটা রাজ্যে রোড এবং ব্রিজ, সড়ক এবং সেতুর দাবিতে মানুষের মধ্যে বিক্ষোভ আছে, সেখানে আপনি

দেখুন ২৫ নং ডিমান্ডে ১৮৮ কোটি ৯২ লক্ষ ৫৭ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এই টাকা দিয়ে কটা রাস্তা হবে, কটা সেতু হবে, কতটুকু মানুষের অভাব-অভিযোগ পূরণ করা সম্ভব হবে ? তারপর স্যার, বিগত ৪ মাস ধরে আমরা গোটা রাজ্যে হাসপাতাল নিয়ে বিভিন্ন সমস্যার কথা শুনছি। সে বাবদ উনি বাজেট বরাদ্দ যা করেছেন তা দিয়ে কতটুকু কি হবে ? যদিও ৩৯৪ কোটি ৯৯ লক্ষ ৬৩ হাজার টাকার বরাদ্দ পেশ করেছেন তথাপি আমরা জানি না এর কতটা শেষ পর্যন্ত মাননীয় অর্থমন্ত্রী রিলিজ করতে পারবেন। বিভিন্ন স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে যে সমস্যাগুলি আছে সেগুলির কতদূর সুরাহা হবে তা আমরা জানি না। তারপর আমরা দেখছি ৪৩ নং ডিমান্ডে ক্যাপিটাল আউটলে অন পাওয়ার প্রোজেক্টস ৪৭ কোটি ২৮ লক্ষ টাকা ধরা হয়েছে। সেখানে লোনস ফর পাওয়ার প্রোজেক্টস ৬১৫ কোটি ২৭ লক্ষ ৩৩ হাজার টাকা। তার বাজেট বিবৃতি তিনি এবারে যা রেখেছেন তাতে আমরা দেখছি বিভিন্ন ক্ষেত্রে তিনি নমঃ নমঃ করে কিছু কিছু বরাদ্দ করেছেন। হয়তো এখন ভোট অন অ্যাকাউন্টস পাশ করিয়ে নিচ্ছেন, পরে পূর্ণাঙ্গ বাজেটের মধ্যে বরাদ্দ বৃদ্ধি করবেন। কিন্তু তা কি সম্ভব হবে। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বিবৃতির মধ্যে দিয়ে আমাদের কিছু কিছু আশ্বাস দেবার চেষ্টা করেছেন। কিন্তু তিনি রাজ্যবাসীদের কি আশ্বাস দিচ্ছেন ? কোনো আশ্বাসই দিতে পারেননি। তিনি বলেছেন আগামী আর্থিক বছরে ৫ লক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। বিগত কয়েক বছর ধরেই তিনি তাঁর বাজেট বিবৃতিতে এই কথা বলে আসছেন। অর্থমন্ত্রী প্রতি বছরই হিসাব-নিকাশের মধ্যে দিয়ে কর্মসংস্থানের খুড়োর-কল দেখান। কোনো বছর ৫ লক্ষ, কোনো বছর ৬ লক্ষ, কোনো বছর ৭ লক্ষ স্বনিযুক্ত প্রকল্পের কথা বলেন। এগুলি বেশির ভাগই হচ্ছে স্বনিযুক্তি প্রকল্প। কিন্তু লক্ষ্য পূরণ হল কিনা তার সুস্পষ্ট হিসাব পাওয়া গেছে কি ? স্বনিযুক্তি প্রকল্পে সুস্পষ্ট হিসাব কখনও দেখতে পাই না। এর লক্ষ্য পূরণ হয়েছে কিনা তাও বলতে পারবেন না। স্বনিযুক্তি প্রকল্পে সরকার গলা ফাটিয়ে বলেন এতজন লোককে এমপ্লয়মেন্ট দিলাম, এত ম্যানডেজ তৈরি করলাম, কিন্তু প্রকৃত হিসাবটা পাওয়া যায় না। আজকে যে কোনো কাজই স্ব-নিযুক্তি প্রকল্পে চলে আসতে পারে, এর জন্য সরকারের কৃতিত্ব কোথায় তা তো বুঝতে পারছি না। পরিকল্পিত কর্মসংস্থান কতটা করতে পারলেন সেটাই আসল প্রশ্ন। আমরা এখানে দেখতে পাচ্ছি, ইন্ডাস্ট্রিতে ৪ মাসের জন্য যে টাকা বরাদ্দ চেয়েছেন তাতে কটা শিল্প স্থাপন করতে পারবেন, কটা পুরনো শিল্পকে পুনরুজ্জীবিত করতে পারবেন সেটা তো বুঝতে পারছি না। গত এক বৎসর যাবৎ রাজ্যে শিল্পায়ন নিয়ে বহু হইচই হচ্ছে, গ্রামে-গঞ্জে শিল্প তৈরি হবে এবং গত ১ বৎসর আগে থেকে বড় অঙ্কের লগ্নীর কথা শোনা যাচ্ছে এবং রাজ্যবাসীকে শোনানো হচ্ছে, কিন্তু তার জন্য কর্মসংস্থানের পরিমাণ কত, কত কর্মসংস্থান সৃষ্টি করেছেন একথা মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলতে পারলেন না। একথা মাননীয় শিল্পমন্ত্রী বা মাননীয় শ্রমমন্ত্রীও বলতে পারেননি। কর্মসংস্থান না হলেও শিল্পের বিকাশ প্রকৃতভাবে কতটা হচ্ছে সেটা আজকে সবারই প্রত্যাশা। আজকে নতুন যুবক-যুবতীরা চাকরির জন্য হন্যে হয়ে ঘুরছেন। তাদের জন্য আশার কথা মাননীয় অর্থমন্ত্রী শোনাতে পারেননি। মাননীয় অর্থমন্ত্রী আগামী আর্থিক বৎসরের জন্য যে বাজেট পেশ করেছেন তাতে কর্মসংস্থান ক্ষেত্রগুলি চিহ্নিত করেননি,

সেখানে পুরনো এবং নতুন শিল্পের নাম-গন্ধও নেই। মাননীয় অর্থমন্ত্রী যেগুলি চিহ্নিত করেছেন তার সবগুলিই হচ্ছে স্ব-নিযুক্তি ঘেঁষা। উনি বলেছেন, সমবায়ের মাধ্যমে কর্মসংস্থান হবে ৭০ হাজার মানুষের। প্রাণী বিকাশের মাধ্যমে কর্মসংস্থান হবে ৫১ হাজার মানুষের। আর কৃষিক্ষেত্রে বিকাশের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি হবে ১.৬ লক্ষ মানুষের। কিন্তু কতদিন লাগবে এবং এর জন্য কত ম্যানডেজ তৈরি করবেন ? আপনি হয়তো ৩ মাস বা ৬ মাসের জন্য করলেন। কিন্তু বছরের পর বছর ধরে ছেলেরা কি করবে ? একটি ছেলে ১৮ বছরের পর থেকে ৬০ বছর বয়স অবধি সে কি চাকরি পাবে ? এই আশা তাদের কি আপনি দিতে পারবেন ? আপনি কি বলতে পারবেন, এই আশা তাদেরকে দিতে পারছেন। সেগুলি সমস্তই স্ব-নিযুক্ত প্রকল্পের মধ্যে পড়ছে।

[ 2.50—3.00 p.m. ]

এছাড়া অন্য স্বনিযুক্তি প্রকল্পে ২ লক্ষ কর্মসংস্থানের কথা বলেছেন। তাহলে আমাদের ধরে নিতে হয় শিল্পোন্নয়ন নিয়ে আমাদের রাজ্যে এত যে হইচই হচ্ছে, সেখানে কর্মসংস্থানের বিশেষ কোনো সুযোগ নেই, বিশেষ কোনো সুযোগ তৈরি হচ্ছে না, বিশেষ সুযোগ পাওয়া যাবে না। সেখানে দেখতে পাচ্ছি শ্রমিক শ্রেণির কিছু মানুষ যারা মাটি কাটতে পারে, যারা ছোটোখাটো কাজ করতে পারে তারা সামান্য কিছু সুযোগ পাবে। কিন্তু প্রকৃতপক্ষে শিক্ষিত বেকার যুবক-যুবতী যারা আজকে বিভিন্ন শিক্ষা গ্রহণ করে নিজেদের প্রতিষ্ঠিত করেছে সেইসব ছেলে-মেয়েদের ভবিষ্যৎ চিন্তা করে মাননীয় অর্থমন্ত্রী তাদের স্থায়ী কর্মসংস্থানের কথা বলতে পারেননি। শিল্প সম্পর্কে এই রাজ্যে হতাশা রয়ে গিয়েছে। শিল্পগুলো একটার পর একটা বন্ধ হয়ে যাচ্ছে। এই ব্যাপারে শুধু কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করলে হবে না, রাজ্য সরকারেরও দোষ আছে। এই শিল্পগুলো বন্ধ রেখে বিলগ্নীকরণের পথে নিয়ে গিয়েছেন। সেই জায়গায় কেন্দ্রের বিরুদ্ধে দোষারোপ করে লাভ নেই। অন্য রাজ্যগুলি যদি শিল্পে উন্নতি ঘটাতে পারে আপনারা কেন পারবেন না ? তারা যদি সর্বতোভাবে নিজেরা স্বনির্ভর হতে পারে, সবদিক থেকে উন্নতি করতে পারে, স্থানীয়ভাবে চাকুরির ব্যবস্থা করতে পারে তাহলে আপনারা করতে পারবেন না কেন ? এটা যদি অসীমবাবু করতে পারতেন তাহলে ধন্যবাদ পাবার, প্রশংসা পাবার যোগ্য হতেন। অসীমবাবু তাঁর বাজেট ভাষণে কর্মসংস্থানের বিষয়ে, শিল্প স্থাপন করার বিষয়ে হতাশা সৃষ্টি করেছেন। কর্মসংস্থান এবং শিল্পোন্নয়ন দেখে আমরা আশান্বিত হতে পারিনি। আজকে বাজেট বরাদ্দে যে সব কথা বলেছেন সেই ব্যাপারে আমরা যদি একটার পর একটা খাতে চলে যাই, তাহলে দেখতে পাব পুলিশের ক্ষেত্রে উনি টাকা চেয়েছেন। রিলিফ অন অ্যাকাউন্ট অফ ন্যাচারাল ক্যালামিটিজ ক্ষেত্রে কোনো টাকা উনি নেননি। আজকে যদি এই ব্যাপারে কোনো প্রবলেম হয় তাহলে প্রবলেম সমাধান কি করে করবেন আমি জানি না। রোড অ্যান্ড ব্রীজ, স্বাস্থ্য পরিবার কল্যাণ এইসব একই ব্যাপার হয়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় প্রকৃতপক্ষে যেখানে কর্মসংস্থানের সুযোগ রয়েছে যেমন মাঝারি এবং ক্ষুদ্র এবং কুটিরশিল্পের ক্ষেত্রে সেটা সম্প্রসারণের কোনো কথা বলা হয়নি, সেখানে বরাদ্দ কমে গিয়েছে। আজকে শিল্পে লগ্নীর পরিমাণ ২৪০০০ কোটি টাকার উপর বলা হচ্ছে। সেই পরিপ্রেক্ষিতে যে

নূতন কর্মসংস্থানের কথা বলা হয়েছে সেটা আশাব্যঞ্জক নয়। কিন্তু স্বনির্ভরতার প্রশ্নে মাঝারি শিল্প এবং ক্ষুদ্র এবং কুটির শিল্পের অনেক ভূমিকা আছে। সাধারণভাবে অনেক কর্মসংস্থানের সৃষ্টি হয়। আসলে পরিকল্পনা নেই। সমস্ত দিক বিচার-বিবেচনা না করে যদি পরিকল্পনা নেওয়া না হয় তাহলে কর্মসংস্থান হবে না। কিছুটা আবেগে কিছুটা হুজুকে যদি পরিকল্পনা করা হয় তাহলে সেটার বাস্তব রূপ দেওয়া যায় না। আমরা বারে বারে এই কথা বলেছি। প্রকৃত পরিকল্পনা গ্রহণ করুন। জেলাস্তর থেকে যে পরিকল্পনাগুলো গ্রহণ করা হয় সেইগুলো বিস্তারিত আকার ধারণ করে না। আজকে যে বিল আনা হয়েছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মনোরঞ্জন পাত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিল, ২০০৪' যেটি এই সভায় পেশ করেছেন, তাকে আমি সমর্থন করছি। মাননীয় বিরোধী দলের সদস্য কাশীনাথ মিশ্র বললেন, আগামী প্রজন্ম, তার ভূত, ভবিষ্যৎ নিয়ে কিছু বলা হয়নি। তিনি রাস্তাঘাট, বন্যা ইত্যাদি নিয়ে অনেক সমস্যার কথা বলেছেন। এই সমস্ত সমস্যাগুলির সঙ্গে আমি একমত। কিন্তু একটা রাজ্য সরকার, ভারতীয় যুক্তরাজ্যের মধ্যে এটি একটি অঙ্গরাজ্য। তার কতটুকু ক্ষমতা ? আর আমাদের ওপরে যে সরকার আছে, যারা গোটা রাষ্ট্রীয় ব্যবস্থা পরিচালনা করছে, তারা কি নীতি নিয়ে চলছে ? আজকে দেশে ব্যাপক উদারীকরণ, বেসরকারিকরণের ফলে সমস্ত রাজ্যগুলিতে যে সঙ্কট তৈরি হয়েছে, তার বিরুদ্ধে কাশীদা একটা কথাও বললেন না। উনি আগামী প্রজন্মের কথা বললেন। কি নীতি নিয়ে চলছে কেন্দ্রীয় সরকার ? ১৯৯০-'৯১ সালে কংগ্রেস আমাদের দেশে প্রথম উদারীকরণ নীতি চালু করেছিল। কংগ্রেস প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ঘোষণা করেছিল যে, আমরা শিল্প এবং কৃষিতে স্বনির্ভর হব। আজকে এন.ডি.এ. সরকার বলছে, আমরা স্বদেশী। আমাদের দেশে শিল্প এবং কৃষি মিলিয়ে ১৪২৯টি পণ্য দেশের মধ্যে ঢুকছে। আমদানি শুল্ক তিনশো গুণ ধার্য ছিল তা কমিয়ে দিয়ে অবাধ বাণিজ্য করে দিয়েছেন। কোনো কোনো ক্ষেত্রে ২০ পার্সেন্ট, কোনো কোনো ক্ষেত্রে ৬ পার্সেন্ট ট্যাক্স ধার্য করেছেন। তার ফলে আমাদের দেশের শিল্প এবং কৃষি আক্রান্ত। আমি কাশীদাকে বিনীতভাবে জিজ্ঞাসা করছি, আজকের 'প্রতিদিন' কাগজটা কি আপনি পড়েছেন ? তারা বলছে, গত চার বছরে পাঁচ হাজার কৃষক আত্মহত্যা করেছে সারা দেশে। আর পশ্চিমবাংলায় একটা ঘটনা ঘটলে আপনারা হইচই করছেন। ২.৯০ টাকার কেরোসিন ১১ টাকা হল, কে করল ? ৭.৭৫ টাকার ডিজেল ২১ টাকা হল, ১১২ টাকার ডি.এ.পি. ৪৯০ টাকা হয়ে গেল। তাহলে কারা কৃষকদের আত্মহত্যার পথে ঠেলে দিয়েছে ? আপনি বলছেন, আগামী প্রজন্মের কি হবে, আগামী প্রজন্মের ভবিষ্যৎ কি ? যারা প্রেসক্রিপশন করছে, আমেরিকা গত বছর ১৫ লক্ষ কোটি টাকা ভর্তুকি দিয়েছে। তারা এবারে এর জন্য ২৩ লক্ষ কোটি টাকা বাজেটে ধরেছে। আর তারা আমাদের প্রেসক্রিপশন করছে ভর্তুকি কমাতে হবে। আপনি কি জানেন, কেন্দ্রীয় সরকারের বৃহৎ সেচের জন্য কোনো পরিকল্পনা নেই ? কেন্দ্রীয় সরকার ছত্তিশগড়ের সেউনাথ নদী, তামিলনাড়ুর ভবানী নদী এবং কেরালার পেরিয়ার নদী, এই তিনটে নদী ব্রিটেনের বহুজাতিক কোম্পানিকে বিক্রি করে দিয়েছে। আমাদের দেশের সম্পদ কয়লা, সমস্ত

কিছু জলের দরে বিক্রি করে দিচ্ছে। আপনি কি জানেন, বাল্‌কোকে বিক্রি করে দেওয়া হয়েছে ? গত চার বছরে কেন্দ্রীয় সরকারের নীতির জন্য চার লক্ষ আশি হাজার ছোটো-বড়ো কলকারখানা বন্ধ হয়েছে এবং ৮৪ লক্ষ লোক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কাজ হারিয়েছে ? এইজন্য অনুশোচনা আছে আপনাদের ? পশ্চিমবাংলায় বার্ন স্ট্যান্ডার্ড, ব্রেথওয়েট, দুর্গাপুরের এম.এম.সি, ভারত অপথালমিক কেন বন্ধ হয়ে গেল ?

[ 3.00 – 3.10 p.m. ]

লক্ষ লক্ষ মানুষ যে কাজ হারিয়েছে তার জন্য কোনো অনুশোচনা আছে আপনাদের ! সুতরাং এইরকম একটা পটভূমিকায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকার একটা বিকল্প নীতি কার্যকর করার চেষ্টা করছে। আমরা কখনো এই কথা বলিনি যে পশ্চিমবঙ্গ সরকার সব সমস্যার সমাধান করে দিয়েছে। একটা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে বিকল্প পথে কার্যকর করার চেষ্টা করা হচ্ছে। পঞ্চম বেতন কমিশনের সুপারিশ অনুসারে সমস্ত রাজ্যগুলোকে আর্থিক সহায়তা কেন্দ্রীয় সরকার দেবে এই কথা বলা হয়েছে। কিন্তু দু-বছরে একটি টাকাও দেয়নি। ইলেভেন্থ ফিনান্স কমিশনের সুপারিশ অনুসারে ৩ হাজার ৭৬৯ কোটি টাকা দেওয়ার কথা, কিন্তু তা তারা দেয়নি। এতে আপনাদের অনুশোচনা নেই। আপনারা তো কর্মচারীদের কথাবার্তা বলেন, অবসরকালীন লোকেদের কথাবার্তা বলেন। সেখানে স্বল্প সঞ্চয়ের সুদের হার ১৩ পার্সেন্ট থেকে কমিয়ে ৮ পার্সেন্ট করা হল। এর কি কৈফিয়ত দেবেন, কি জবাব দেবেন ? এইরকম একটা আর্থিক সঙ্কটের মধ্যে দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকারের নীতির ফলে সমস্ত রাজ্যগুলো আর্থিক দিক থেকে বিভিন্ন সঙ্কটের মধ্যে পড়েছে। সেই পটভূমিকায় দাঁড়িয়ে তার যে বিকল্প নীতি, তার মূল কথা হচ্ছে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটি রাজ্য, যেখানে দেশের ১০০ ভাগ মানুষের ৮০ ভাগ মানুষ গ্রামে থাকে এবং প্রায় ৭০ থেকে ৭২ শতাংশ লোক কৃষির উপরে নির্ভরশীল। সেই পটভূমিকায় দাঁড়িয়ে আইনী চৌহদ্দির মধ্যে থেকে ১০ লক্ষ ৮৮ একর জমিতে ২৭ লক্ষ পরিবারকে পাট্টা দিয়ে চাষ করার অধিকার দিয়েছে। তাতে গোটা ভারতবর্ষের ৫২ লক্ষ চাষযোগ্য জমি ভেস্টেড এবং তার মধ্যে পশ্চিমবঙ্গে হচ্ছে ২০ পার্সেন্ট এবং সেখানে গরীবরা পাট্টা পায়। আর অন্য রাজ্যে কিন্তু অন্য চিত্র। আপনাদেরই দলের সভাপতি ভেঙ্কাইয়া নাইডু পাট্টা পেয়েছেন, এটা সারা পৃথিবীর মানুষ জেনে গেছে। সেখানে পশ্চিমবঙ্গ ভূমিসংস্কারের উপরে দাঁড়িয়ে উন্নতি করতে পেরেছে। আপনাদের আমলে, আপনারা যখন ক্ষমতায় ছিলেন তখন ১২ ভাগ ১৩ ভাগ জমিতে সেচের ব্যবস্থা হয়েছিল। এখন সেখানে ৬৫ ভাগ জমিতে সেচের ব্যবস্থা করা হয়। আজকে প্রোডাক্টিভিটিতে খাদ্যশস্য উৎপাদনে ১ কোটি ৬০ লক্ষ টনে পৌঁছেছে। উৎপাদনে হরিয়ানার পরেই পশ্চিমবঙ্গ, হরিয়ানার ৩.৮ শতাংশ, পশ্চিমবঙ্গের ৩.৫ শতাংশ। গ্রামে কৃষির অগ্রগতির ফলে গ্রামাঞ্চলে প্রতি বছরে ১৫০০ কোটি টাকার শিল্পপণ্য ক্রয় করছে। এখন পশ্চিমবঙ্গের গ্রামে গ্রামে শিল্পপণ্য তৈরি হচ্ছে এবং সেগুলো কেনাও হচ্ছে, এর জন্য কি আপনাদের গর্ববোধ হয় না ? আগামী প্রজন্মের ভূত-ভবিষ্যৎ গড়ে তোলার জন্য উৎপাদনের মধ্যে দিয়ে কর্মসংস্থানের যে সুযোগের কথা মাননীয় অর্থমন্ত্রী বাজেটে বলেছেন এবং তা অনুমোদনের জন্য বিল পেশ করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে এবং

আপনাদের সকলকে সমর্থন করে, ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মেহেবুব মণ্ডল :** স্যার, মাননীয় অধ্যক্ষ, মন্ত্রী যে বিল এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। বিরোধী বন্ধুরা যা বলে গেলেন তাতে মনে হল যে সরকার যে বিকল্প অর্থনীতি নিয়ে চিন্তা-ভাবনা করছেন সেই সম্পর্কে তাদের কোনো জ্ঞানই নেই। সরকার যে বিকল্প অর্থনীতির মধ্যে দিয়ে চলেছে তাতে পশ্চিমবঙ্গের কৃষিনীতি, শিক্ষানীতি এবং স্বাস্থ্যের ক্ষেত্রে যে নীতি এবং যে দৃষ্টিভঙ্গি, সেই দৃষ্টিভঙ্গির সঙ্গে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গির একটা ফারাক দেখা যাচ্ছে। আমরা বিভিন্ন ক্ষেত্রে দেখতে পাচ্ছি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলোর আর্থিক কাঠামো সেইভাবে সুদৃঢ় নয়। সেখানে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলোকে উন্নত করতে গেলে তার আর্থিক কাঠামোকে আরো সুদৃঢ় করতে হবে এবং গ্রামীণ স্বনিযুক্তি প্রকল্পকে আরো উন্নত করতে পারলে কর্মসংস্থান বাড়বে। আমাদের যে চিন্তা-ভাবনা, নিজের পায়ে দাঁড়িয়ে স্বনিযুক্তি কর্মসংস্থান প্রকল্পের মাধ্যমে আমাদের এখানে কর্মসংস্থান বাড়াতে হবে। আমাদের কৃষিক্ষেত্রে শ্রমদিবস বাড়বে, কৃষিক্ষেত্রে ইনভেস্টমেন্ট পশ্চিমবঙ্গ সরকার যা করছেন সেখানে কর্মসংস্থান নিশ্চয় বাড়বে। শিল্পক্ষেত্রে কর্মসংস্থান বাড়বে। এবং এটা পরিকল্পনা করতে গিয়ে স্বাভাবিকভাবে এখানে আমাদের দৃষ্টি রাখতে হবে যে বিকল্প অর্থনীতির কথা আমরা চিন্তা-ভাবনা করছি, যেখানে আমাদের নিজস্ব কর্ম পরিকল্পনার উপর দাঁড়িয়ে থাকার মতো অবস্থা, যেখানে আমরা প্রতিটি ক্ষেত্রে দেখতে পাচ্ছি, আমাদের এখানে যদি কর্মসংস্থান বাড়াতে হয়, সেখানে—কেন্দ্রীয় সরকারের—যে ব্যাঙ্কগুলি আছে, তাদের যে অর্থ দিতে হয়, সেখানে পশ্চিমবাংলার ক্ষেত্রে যে ঋণ দেবেন, সেখানে ঋণের পরিমাণ ৪৪ শতাংশ করে দিয়েছে। অর্থাৎ পশ্চিমবাংলাকে এখানে ঋণ কমিয়ে দিয়েছে। শুধু তাই নয়, আমরা দেখতে পাচ্ছি, প্রত্যেকটি ক্ষেত্রে, বিভিন্ন ক্ষেত্রে কৃষিক্ষেত্রে কর্মসংস্থান বৃদ্ধি করার কথা বলছিলেন বিরোধী বন্ধুরা। যেখানে এই রকম হচ্ছে, কর্মসংস্থানের ক্ষেত্রে সেখানে কর্মসংস্থান হবে কোথা থেকে ? এখানে কর্মসংস্থানের চেষ্টা করা হচ্ছে, কৃষিক্ষেত্রে যে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি আছে, সেখানে কৃষিক্ষেত্রে যদি উৎপাদন বাড়ানো যায় তাহলে বিভিন্ন শ্রমিকরা সেখানে কাজ পাবে। সেখানে দেখতে হবে যে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলি আছে, যাদের কৃষিক্ষেত্রের ঋণের পরিমাণ কমিয়ে দিয়ে ১২ শতাংশ করেছেন। সেখানে কৃষির যে সরঞ্জাম, সেচের ক্ষেত্রে যে উপকরণ এর দাম বৃদ্ধি পাচ্ছে, সেখানে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির কৃষিঋণ-এর পরিমাণ কমিয়ে দিচ্ছে। শুধু তাই নয়, আমরা দেখতে পাচ্ছি, অবাধ একটা বাণিজ্য নীতির ফলে ১৪২৯টি বিদেশী পণ্য আমাদের দেশে প্রবেশ করছে। তার ফলে কি হচ্ছে, আমাদের দেশের বাণিজ্যিক ক্ষেত্রে অঙ্কের পরিমাণগতভাবে অসুবিধাটা হয়ে যাচ্ছে। তাতে আমরা দেখতে পাচ্ছি, ২০০০-০১ সালে আমাদের দেশে কৃষিপণ্যর আমদানি বেড়েছে এবং ১৮৫ কোটি ডলার যেটা ছিল, ২০০১-০২ সালে সেটা বেড়ে হয়েছে ২২৯.৪৪ কোটি ডলার অর্থাৎ কৃষিপণ্য আমাদের দেশে প্রবেশ করছে। অথচ আমাদের যে প্রোডাকশান, উৎপাদিত ফসল আছে সেই ক্ষেত্রে আমাদের গোটা ভারতবর্ষের ক্ষেত্রে তা হচ্ছে .৬ শতাংশ। পৃথিবীর বাণিজ্যিক ক্ষেত্রে আমাদের ভারতবর্ষের বাইরে যা যাচ্ছে, সেখানে দেখা যাচ্ছে আমাদের এখানে যে পণ্য উৎপাদন হচ্ছে, যেমন চিংড়ি মাছের চাষ হচ্ছে, তা যখন বাইরে পাঠাচ্ছে, সেখানে আমেরিকা বলছে, আমাদের এখান থেকে তোমাদের চিংড়ি মাছ নেব না। কারণ চিংড়ি মাছ

ধরতে গিয়ে তোমরা কচ্ছপ মারছ, এতেইতো সিস্টেম নষ্ট হচ্ছে। ফলে তারা বলছে, তোমাদের ওখানের থেকে এই পণ্য আমরা নেব না। আমাদের দেশের বস্ত্রশিল্প হচ্ছে ঘাগড়া, তারা বলছে, আমাদের দেশ থেকে এই বস্ত্র নেবে না, কারণ সেটা দাহ্য পদার্থ। হল্যান্ডের ক্ষেত্রে যেমন টুনা মাছ যায়, সেখানে তারা বলছে, ওইটা আমাদের দেশে প্রবেশ করবে না। কারণ তোমরা সেটা ধরতে গিয়ে ডলফিন মারছ, এতে ইকো-সিস্টেম নষ্ট হচ্ছে। আমাদের দেশের অর্থনৈতিক কাঠামোকে তারা ভেঙে দিচ্ছে, এবং তাদের দেশে পণ্য রপ্তানীর ক্ষেত্রে সেখানে আমদানী শুল্ক বাড়িয়ে দিচ্ছে। ফলে আমাদের কৃষিক্ষেত্রে, শিল্প ক্ষেত্রে, বিভিন্ন রাষ্ট্রায়ত্ত শিল্পগুলি বন্ধ হয়ে যাচ্ছে। কমপিটিশানে তারা টিকতে পারছে না। আমাদের নদীগুলি বিক্রি করে দিচ্ছে কেন্দ্রীয় সরকার। এর ফলে বিভিন্ন কর্মসংস্থানের যে সুযোগ সেটাও কমে আসছে। এই অবস্থায় দাঁড়িয়ে আমাদের পশ্চিমবাংলায় যে বাজেট এখানে উপস্থাপিত করা হয়েছে বিকল্প অর্থনীতির জন্য যে চিন্তা-ভাবনা করছেন তাকে সমর্থন করে আমি এই বিলটাকে পুনরায় সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[ 3.10—3.20 p.m. ]

**শ্রী মুস্তাক আলম** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে অ্যাপ্রোপ্রিয়েশন বিলের অনুমোদন মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই হাউসের কাছে চেয়েছেন আমি তার বিরোধিতা করছি এবং আমার বক্তব্য রাখছি। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, পশ্চিমবাংলায় হঠাৎ এমন কোনো দুর্যোগ বা ঝড় আসেনি, যাকে কেন্দ্র করে এই সাপ্লিমেন্টারি গ্র্যান্টের উপরে এই বিলটা আনতে হয়েছে। ১৯৮৭ সাল থেকে ২০০২ সাল পর্যন্ত মাননীয় অর্থমন্ত্রী এই পবিত্র হাউসকে এবং সারা পশ্চিমবাংলার মানুষের সঙ্গে প্রতারণা করে এসেছেন। প্রত্যেকবারই তিনি ঘাটতিশূন্য বাজেট পেশ করেছেন এবং পরে কোটি কোটি টাকা সাপ্লিমেন্টারি গ্র্যান্ট এনে পাশ করিয়ে নিয়েছেন। অনেকদিন পরে ২০০৩ সালে তিনি ঘাটতিযুক্ত বাজেট পেশ করেছিলেন এবং ঘাটতিশূন্য বাজেট যে ঠিক ছিল না সেটা স্বীকার করেছেন। আপনাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী স্বীকার করেছিলেন ঐতিহাসিক ভুল হয়েছে। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী একবার ডাক্তারদের ঘাড় ধাক্কা দেন, মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে বিরূপ মন্তব্য করেন, পরে আবার ভুল স্বীকার করেন। আপনি যদি এই হাউসে বলেন ১৯৮৭ সাল থেকে অদ্যাবধি এই হাউসে যে তথ্য পেশ করেছেন সেটা সঠিক নয়, নিশ্চয় আমরা এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সাপোর্ট করব। এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলে আপনারা সুন্দরবনের জন্য টাকা চেয়েছেন, এত বছর ধরে আপনারা ক্ষমতায় থেকে আপনারা জানেন না যে সুন্দরবনের উন্নতি হয়নি, সেখানে টাকার দরকার আছে। কেন আপনারা মানুষের সঙ্গে চালাকি করছেন ? যখন আজকে উত্তরবঙ্গের চা-শিল্প ধুঁকছে, শ্রমিকরা মারা যাচ্ছে, তার জন্য আপনি কোনো জায়গায় কিন্তু টাকা চাননি। অথচ শাসকদলের বন্ধুরা এখানে বড়ো বড়ো কথা বলছেন। সব দোষ, ওই নন্দ ঘোষের, সব দোষ ওই কেন্দ্রীয় সরকারের ঘাড়ে চাপাচ্ছেন। এখানে রাজ্য সরকারের দায়িত্বও তো আছে, তাদের কর্তব্য সম্বন্ধেও এখানে আলোচনা হওয়া দরকার। কেন উত্তরবঙ্গের চা-শিল্পের জন্য আপনারা টাকা চাইলেন না ?

মালদহ এবং মুর্শিদাবাদে নদী ভাঙন একটা বিরাট সমস্যা। কিন্তু সে সম্বন্ধে একটি কথাও আপনি বলেননি। যোজনা কমিশান বলা সত্ত্বেও এর জন্য আপনারা টাকা রাখেননি এবং তার জন্য কোনো মাস্টার প্ল্যান করেননি। আপনারা বার বার মানুষকে প্রতারণা করে, এই সভাকে প্রতারণা করে এই গ্র্যান্টের অনুমোদন চাইছেন। আপনি শিল্পক্ষেত্রের কথা বলেছেন, কিন্তু আপনার সত্যকে স্বীকার করতে দ্বিধা থাকা উচিত নয়। আজকে বলছেন কেন্দ্রীয় সরকারের দোষে শিল্প বন্ধ হয়ে যাচ্ছে, কিন্তু রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত শিল্পগুলো কেন বন্ধ হয়ে যাচ্ছে, সেই সম্বন্ধে কিছু বললেন না। সিটুর জন্ম হয়েছে বন্‌ধ ডেকে এবং সেইজন্যই এখানকার শিল্প বাইরে চলে যাচ্ছে এবং এখানকার শ্রমিকরা পেটে গামছা বেঁধে মরছে। আগে স্লোগান দিয়ে বলতেন—কমরেড তুমি এগিয়ে চল শ্রমিক তোমার পাশে আছে, কৃষক তোমার পাশে আছে। সেই স্লোগান আর আপনাদের নেই এখন। আজকে যখন শ্রমিকরা আন্দোলন করছে, তখন বলছেন তুমি এগিয়ে চল পুলিশ তোমার সাথে আছে। মাননীয় অর্থমন্ত্রী মনে করেন তাঁর মতো বিচক্ষণ কেউ নেই, কেননা ভারতবর্ষে কেউ পারেননি সেটা আপনি করেছেন—বিকল্প পথের কথা বলেছেন। আপনি মানুষকে ভ্রান্ত পথ দেখিয়েছেন। বলছেন বিকল্প পথেই নাকি ভূমিসংস্কার হয়েছে। অদ্ভুত কথা! ১৯৭৩ সালেই তো কংগ্রেস ভূমিসংস্কার শুরু করেছিল। ভূমিসংস্কার যদি বিকল্প পথের জন্যই হয়, তাহলে আমাকে বলতে হয় আপনার এই স্পিচ নাথিং বাট ইডিওটিক। আর কিছু হতে পারে না। এটাই কি আপনার বিকল্প পথের, উন্নততর বামফ্রন্টের নমুনা ? গঙ্গা-পদ্মা ভাঙনে লক্ষ লক্ষ মানুষ মরছে, ভারতবর্ষের মানচিত্র থেকে ৬০০ বর্গকিলোমিটার উধাও হয়ে গেল। এখানে ২৯৪ জন এম.এল.এ.-র মধ্যে ২১৭ জনই গ্রাম থেকে আসে, তাদের কথা আপনার বক্তব্যে নেই। আজকে সাধারণ মানুষের উপর যে করের বোঝা চাপিয়েছেন, সেটা তারা বইতে পারবে কিনা বলেননি। এতদিন আপনাদের আন্দোলন ছিল কৃষক, মজুরদের স্বার্থে, বলতেন আমরা তোমাদের সাথে আছি। এখন কোর্টে গেলে বেশি চার্জ লাগে, জমি থাকলে সেস নেবেন, আবার বলছেন জলের কর দিতে হবে। দ্বাদশ শ্রেণী পর্যন্ত বেতন উঠিয়ে দিয়েছিলেন, কিন্তু বলছেন এখন চার্জ লাগবে, হাসপাতালে গেলে চার্জ লাগবে। সাধারণ মানুষ তাহলে কোথায় যাবে ? আপনাদের ২৭ বছরের রাজত্বে মানুষ করের বোঝা বইতে বইতে এমন জায়গায় চলে গেছে যে, সে আর ফিরে আসতে পারবে কিনা সেটা বলেননি। শাসক দলের বন্ধুরা বলছেন দিল্লী অর্থ দিচ্ছে না। আমরাও দিল্লীর বিরোধিতা করতে চাই। বলছেন আজকে শিক্ষাকে বি.জে.পি. গৈরিকীকরণ করছে, আর আপনি যে বিকল্প পথ দেখাচ্ছেন তাতে মার্কসীয় দর্শন দেখাতে চাইছেন। দিল্লী যখন এক কোটি বেকারের কাজের কথা বলতে যাবে, তখন বলছেন সন্ত্রাসবাদ। যখন পশ্চিমবাংলার ৬২ লক্ষ বেকার বলছে কোথায় কর্মসংস্থান, তখন বলছেন হলদিয়ার জন্য রক্ত দেব, বুকের পাঁজরা দিয়ে হলদিয়া গড়ব। সেখানে ৬৫১টি অনুসারী শিল্পের কথা বলছেন, কিন্তু কর্মসংস্থানের কথা নেই। বেকারদের দিন শেষ। পি.ডব্লু.জি.-র কথা উঠলে বলছেন দিল্লীর কথা।

[ 3.20 – 3.30 p.m. ]

তখন বলছেন এম.সি.সি., তখন বলছেন কে.পি.পি., তখন বলছেন কে.এল.ও. এইসব বলে মানুষের মনটাকে অন্যদিকে ঘুরিয়ে দিতে চাইছেন। শিক্ষিত মানুষ এমন একটা পর্যায়ে

পৌঁছে গেছে যে বাংলার মাটিতে তাদের আর কোথাও যাওয়ার জায়গা নেই। কোথায় গিয়ে তারা দাঁড়াবে একথা জানা নেই। তারপরও আপনারা বলছেন আমাদের সরকার চলছে চলবে। শিল্পের ক্ষেত্রে সমস্ত অন্ধকার হয়ে যাচ্ছে। আজকে বন্ধ কারখানার শ্রমিকরা আন্দোলন করছে সেই শ্রমিকদের উপর হামলা হচ্ছে। প্রতিবাদ করার কোনো ভাষা নেই। প্রতিবাদ জানানোর জায়গা কোথায়। বলেছিলেন শিল্পে ছাড় দেব, আর এখন বলছেন যে ছাড় দিতে আমাদের মুশকিল হয়ে যাবে। এরপরও বলতে হবে পশ্চিমবঙ্গ বিকল্প পথে এগিয়ে যাচ্ছে। আজকে মানুষ যখন কোনো অন্যায়ের প্রতিবাদ করতে যাচ্ছে পুলিশ প্রশাসনকে কাজে লাগিয়ে বিরোধীদের খতম করার চেষ্টা করছেন আপনাদের বিকল্প পথে। বিকল্প পথ যদি কিছু করতে পারেন এটাই আপনাদের বিকল্প পথ। এই বিকল্প পথে আমাদের পশ্চিমবাংলা যা করেছে অন্য রাজ্য কিন্তু করতে পারেনি। আদবানি উদয়যাত্রা করছেন। এই উদয়যাত্রাকে মনে করি দাঙ্গা যাত্রা, আর আপনারা সায়েন্টিফিক ওয়েতে নির্বাচনে রিগিং করছেন বিকল্প পথে। থানায় লোকাল কমিটিগুলোকে বসিয়ে রেখেছেন, এটাই আপনাদের বিকল্প পথ, মুখ্যমন্ত্রীর উন্নততর বামফ্রন্ট সরকার। ওরা শিক্ষার গৈরিকীকরণে, গৈরিকীকরণের কথা বলছেন আর আপনারা মার্কসীয় দর্শন পড়াচ্ছেন। ধর্মঘটের জেরে কারখানার মালিক কারখানা বন্ধ করে অন্য রাজ্যে চলে যাচ্ছে। কেন্দ্রীয় সরকার এক কোটি বেকারের চাকরি দেবেন বলেছেন কিন্তু দেননি, অনুরূপভাবে পশ্চিমবাংলায় দেখা যাচ্ছে কর্মসংস্থানের কোনো কিছু নেই অথচ অর্থমন্ত্রী বলেছেন যে ৫ লক্ষ বেকারের কর্মসংস্থান আমরা করব। আজকে মানুষের পাওনা বুঝিয়ে দিতে পারছেন না। যে কোনো আন্দোলনকে বলে দিচ্ছেন যে কে.পি.পি., পি.ডব্লু.জি.-র আন্দোলন। আজকে পরিষ্কারভাবে জেনে রাখা দরকার পশ্চিমবঙ্গে একটা অরাজকতা সৃষ্টি হয়েছে। আজকে অর্থমন্ত্রী হাউসকে বারবার প্রতারণা করেন। সত্যিটা বলুন। বলুন আমরা পশ্চিমবাংলার বেকার যুবকদের চাকরির ব্যবস্থা করতে পারিনি। শ্রমিকরা আজকে মার খাচ্ছে, আজকে মানুষের চাহিদা আপনারা পূরণ করতে পারছেন না। আপনি অর্থনীতিবিদ আপনার নাম হয়তো অর্থনীতিবিদ হিসাবে লেখা থাকবে কিন্তু মানুষের জন্য কাজ করতে হয় আন্তরিকতা দিয়ে, বক্তৃতা দিয়ে হয় না। এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বাচ্চামোহন রায় :** স্যার, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের সমর্থন করছি, কারণ এটা আমাদের সকলেরই জানা আমাদের দেশের সরকার, কেন্দ্রীয় সরকার বর্তমানে যে নীতি গ্রহণ করেছেন উদারীকরণ, বিলগ্নীকরণ নীতি যে নীতির ফলে শুধু পশ্চিমবঙ্গ নয়, ভারতবর্ষের কোনো রাজ্যের পক্ষে অর্থনৈতিক উন্নয়ন করা সম্ভব নয়। একটা বিরাট প্রতিবন্ধকতা আমরা লক্ষ করছি। কৃষিক্ষেত্রে, শিল্প-বাণিজ্য ক্ষেত্রে এবং কর্মসংস্থানের ক্ষেত্রে প্রত্যেকটি রাজ্যেই নানা ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে, এটা শুধু পশ্চিমবঙ্গেই নয়। আমাদের বিরোধী দলের বন্ধুরা যাই বলুন এটা বাস্তব, আজকে কেন্দ্রীয় সরকারের নীতির ফলেই পশ্চিমবঙ্গে কতগুলি প্রকল্প সঠিক সময়ে রূপায়ণ করা যাচ্ছে না। উত্তরবঙ্গে যে চা-শিল্প সেটা আমাদের দেশের উদারীকরণ নীতির ফলে আস্তে আস্তে পঙ্গু হয়ে যেতে বসেছে এবং এর পুনরুজ্জীবনের ব্যাপারে সঠিকভাবে আজকে কিছু এখনও পর্যন্ত সম্ভব হচ্ছে না। অন্যদিকে কর্মসংস্থানের ব্যাপারে নানা ধরনের প্রতিবন্ধকতা আমরা লক্ষ করছি।

শুধু পশ্চিমবঙ্গই নয়, সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় নানান ধরনের জঙ্গী কার্যকলাপ শুরু হয়ে গেছে। আমাদের পশ্চিমবঙ্গ সেখানে রেহাই পায়নি। একদিকে জনযুদ্ধ আরেক দিকে কে.এল.ও. জঙ্গীগোষ্ঠীর অত্যাচার আমরা দেখতে পাচ্ছি। এর ফলে পশ্চিমবাংলাতেও কিছু কিছু ক্ষেত্রে উন্নয়নে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে। এখানে উল্লেখ করা প্রয়োজন আমাদের উত্তরবঙ্গে যে তিস্তা প্রকল্পের কাজ দীর্ঘদিন শুরু হয়েছে সেটা আজ পর্যন্ত শেষ করা যায়নি। কেন্দ্রীয় সরকারের এই বাবদ যে দেয় অর্থ সেটা তারা দিচ্ছেন না। আমি অনুরোধ করব কেন্দ্রীয় সরকারের মুখাপেক্ষী হয়ে থাকলে উত্তরবঙ্গের তিস্তা প্রকল্প কোনোদিনই সমাধা হবে না। পাশাপাশি আজকে কর্মসংস্থানের অভাব এবং বিভিন্ন পরিকল্পনা সঠিকভাবে রূপায়িত হচ্ছে না এবং না হওয়ার জন্য কর্মসংস্থানের অভাবে আজকে উত্তরবঙ্গে একটা অশান্তির পরিবেশ সৃষ্টি হয়েছে। আপনারা নিশ্চয়ই খবরের কাগজে পড়ে থাকবেন গত ১৩ই মার্চ ময়নাগুড়ি বাংলাঝাড় ব্লকে রাত্রি পৌনে ৮টার সময় সশস্ত্র আততায়ী জঙ্গীরা এসে তিনটি দোকানে এলোপাথাড়ি গুলি চালায়, তাতে ৬ জন লোক আহত হয়। তার মধ্যে ২ জন নাবালক, তাদের বয়স ১৬, ১৭ বছর, আর ৪ জন হাসপাতালে ধুঁকছে, এদের অবস্থা কি হবে বলা যাচ্ছে না। এই ধরনের কাজকর্মের ফলে সেখানকার মানুষের মনে ভীতির সঞ্চার হয়েছে। এই জঙ্গী কার্যকলাপের ফলে রাজ্য সরকারের তরফ থেকে পঞ্চায়েতের মাধ্যমে যে সমস্ত উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করেছে সেখানে প্রতিবন্ধকতা দেখা দিয়েছে। জঙ্গী কার্যকলাপগুলিকে যদি বন্ধ করতে হয় তাহলে উত্তরবঙ্গের প্রতি বিশেষ নজর দেওয়া প্রয়োজন। বিশেষ করে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাধ্যমে উত্তরবঙ্গের পরিকাঠামো উন্নয়ন এবং কর্মসংস্থানের ক্ষেত্রে যে গতি আনা প্রয়োজন সেই গতি কিন্তু এখনও আসেনি। কাজেই এইদিকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে বলব। এবং উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের জন্য বিশেষভাবে অর্থ বরাদ্দ করে ওই এলাকার কর্মসংস্থানের ব্যবস্থাকে আরও জোরদার অগ্রগতি ঘটানোর জন্য বলব। আমাদের রুর‍্যাল ডেভেলপমেন্টের কিছু কিছু অসুবিধা দেখতে পাচ্ছি। কোনো কোনো জায়গায় রুর‍্যাল ডেভেলপমেন্ট সঠিক সময়ে হচ্ছে না। এর অনেক কারণ আছে, প্রতিবন্ধকতা আছে। পঞ্চায়েতকে যে কাজের দায়িত্ব দেওয়া হয়েছে সেটা সঠিকভাবে তারা করতে পারছে না। অনেক ক্ষেত্রে পঞ্চায়েতের বরাদ্দ টাকা সঠিক সময়ে ব্যয় করতে পারছে না এই ধরনের প্রতিবন্ধকতা থাকার জন্য।

[ 3.30—3.40 p.m. ]

এটা খোঁজ-খবর নেওয়ার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। দেখবেন পঞ্চায়েতের পক্ষে যে কাজ যে সময়ে করা দরকার তা কেন করা যাচ্ছে না।

আমি পুনরায় উত্তরবঙ্গে এই ধরনের কার্যকলাপের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের কাজ-কর্মের ব্যাপ্তির আহ্বান রেখে এবং আজকের উত্থাপিত বিলের অর্থাৎ 'পশ্চিমবঙ্গ উপযোজন (ভোট অন অ্যাকাউন্ট) বিধেয়ক, ২০০৪'-কে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন দেব :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার অনুমতি নিয়ে একটা পয়েন্ট অফ

অর্ডার রাখছি। দক্ষিণ কলকাতার হেরম্বচন্দ্র কলেজের স্টুডেন্টস ইউনিয়নের ইলেকশন হয়েছিল। এখানে বামপন্থী ছাত্র সংগঠন যুক্তভাবে অংশ নিয়েছিল এবং তাতে দেখা যাচ্ছে ৩৬টা আসনের মধ্যে ৩৩টা আসনেই বামপন্থী ছাত্ররা জয়যুক্ত হয়েছে।

**শ্রী সৌগত রায় :** স্যার, আপনার অনুমতি নিয়ে একটা পয়েন্ট অফ অর্ডার রাখছি। মাননীয় রবীনবাবু একটা ছাত্র ইউনিয়নের কথা বললেন, আমিও একটা বলতে চাই। আমি যে কলেজে পড়তাম সেই প্রেসিডেন্সি কলেজে সম্প্রতি স্টুডেন্টস ইউনিয়নের নির্বাচন হয়ে গেল। প্রেসিডেন্সি কলেজ সবচেয়ে ভালো কলেজ এবং এক সময় মাননীয় অসীমবাবুও এই কলেজে পড়তেন। এতদিন সেখানকার ছাত্র সংসদ সি.পি.এম.-এর ছাত্র সংগঠন এস.এফ.আই. দখল করে রেখেছিল। মুখ্যমন্ত্রী মহাশয়ের মেয়ে ওদের সেক্রেটারি ছিলেন। কিন্তু এবারের ছাত্র-সংসদের নির্বাচনে প্রেসিডেন্সি কলেজে এস.এফ.আই.-এর ভরাডুবি হয়েছে। ওখানে ইনডিপেনডেন্ট কনসোলিডেশন জিতেছে। আরো উল্লেখ্য যে, এবারেই প্রথম প্রেসিডেন্সি কলেজে 'অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ' দুটো সিট পেয়েছে। ওরা এখন হারতে শুরু করেছে।

**শ্রী অসিত মিত্র :** স্যার, মাননীয় রবীনবাবু হেরম্বচন্দ্র কলেজের ছাত্র-সংসদের নির্বাচনের কথা বললেন। উনি দক্ষিণ কলকাতা লোকসভা কেন্দ্রে নির্বাচনের প্রার্থী হয়েছেন। যাকে কলেজ ইলেকশনের ইনফরমেশন এই হাউজকে দিতে হচ্ছে তিনি লোকসভা নির্বাচনের প্রার্থী হিসাবে কতখানি যোগ্য সেটা নিয়ে নিশ্চয় ভোটারদের মনে প্রশ্ন জাগবে। এটা ঠিক এবং সৌগতবাবু বলেছেন যে, প্রেসিডেন্সি কলেজে ইনডিপেনডেন্ট কনসোলিডেশন জিতেছে। সেখানে দীর্ঘদিন ধরে এস.এফ.আই. ইউনিয়ন গায়ের জোরে ছাত্র সংসদ দখল করে রেখেছিল, এই রকম অভিযোগ আসছিল। রবীনবাবুর বক্তব্যের পরিপ্রেক্ষিতে এই যে বলার সুযোগ পেলাম তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী জ্যোতির্ময় কর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল বিধানসভায় ২০০৩-০৪ সালে সাপ্লিমেন্টারি গ্রান্টের আলোচনা হয়েছে, অনুমোদিত হয়েছে। আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিলের আলোচনা চলছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে সরাসরি কয়েকটা প্রশ্ন রাখতে চাই। মাননীয় অর্থমন্ত্রী পশ্চিমবঙ্গে এই মুহূর্তে অর্থনৈতিক সঙ্কট আছে কি ? আপনারা এখানে কতগুলো কথা বলেছেন। কালো টাকা উদ্ধারের ব্যাপারে বলেছেন। যারা বড়োলোক তাদের কাছ থেকে অর্থ এনে ব্যয় করার কথা বলেছেন। যারা ইচ্ছাকৃত ঋণ পরিশোধ করেনি—সরকারি বা সমবায় বা বিভিন্ন প্রতিষ্ঠান, কর্পোরেশনের ঋণ শোধ করেনি তাদের শুধু নাম প্রকাশ হবে না, সম্পত্তিও বাজেয়াপ্ত করা হবে এবং সুপ্রিম কোর্ট এইসব ক্ষেত্রে তাদের সম্পত্তি ক্রোক করে সেল করার সপক্ষে রায় দিয়েছেন। পশ্চিমবঙ্গের দায়িত্বশীল অর্থমন্ত্রী হিসাবে স্টেট সিকিউরিটাইজেশন অ্যাক্টে এইসব ব্যাপারে আপনি কি ব্যবস্থা করেছেন? একের পর এক কর্পোরেশনকে আপনি ভর্তুকি দিয়ে যাচ্ছেন—স্টেট কর্পোরেশন, ফিন্যান্স কর্পোরেশনকে। আজকে উইভার্স, আজকে তন্তুজ, তন্তুশ্রীর কথা কালকে আপনি শুনলেন। সমস্ত কর্পোরেশনগুলো যখন অর্থনৈতিকভাবে মন্দায় ভুগছে—সেক্ষেত্রে সিকিউরিটাইজেশন-এর

মতো অর্থনৈতিক দাওয়াই দিতে আপনি কি চিন্তা করছেন তা সভাকে আপনি অবহিত করলেন না। অতিরিক্ত ব্যয়বরাদ্দ করিয়ে নিলেন স্টেট কর্পোরেশন ফান্ডে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যেটা বিবেচ্য, আপনি অর্থমন্ত্রী হিসেবে জানেন, ৫ পারসেন্ট থেকে ৬ পারসেন্ট সুদ কমানো সত্ত্বেও ব্যাঙ্কগুলোর ক্রেডিট ডিপোজিট রেশিও কি ? ব্যাঙ্কগুলোর টাকা আজকে লগ্নী করতে পারছে না। নিশ্চয় ষড়যন্ত্র করছে না আপনার রাজ্য সমবায় ব্যাঙ্ক, নিশ্চয় আপনার জেলা সমবায় ব্যাঙ্কগুলো আপনার বিরুদ্ধে ষড়যন্ত্র করছে না। কেন ৬ পারসেন্ট সুদ, ৭ পারসেন্ট সুদ কমানো সত্ত্বেও ক্রেডিট ডিপোজিট রেশিও ৫০-এর উপরে উঠছে না। মাননীয় অর্থমন্ত্রী বিদগ্ধ শিক্ষক হিসেবে আপনি জানেন যে, Money is a hard drink which stimulates limbs provided it pervades. কিন্তু আজকে যদি অর্থ পারভেড না করে, বাজারে না চলাচল করে, তাহলে তো শুকিয়ে যাবে, মুড়িয়ে যাবে, গুঁড়িয়ে যাবে কত অফিস। চার্জড্ এক্সপেন্ডিচার দিয়ে অর্থনীতিকে চালাতে পারবেন কিনা তা আপনাকে ভাবতে হবে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই পশ্চিমবাংলায় এককালে বলা হত যে, অতিরিক্ত সুদের হার নিয়ে কেন্দ্র বঞ্চনা করছে। কালকে আপনি অবশ্য একটা পরিবর্তিত পরিস্থিতিতে বলেছেন যে চার্জড এক্সপেন্ডিচারের ক্ষেত্রে এখানে আলোচনা হওয়ার কথা নয়—আপনি একটা ব্যাখ্যা দিলেন। কিন্তু যে ডিসপ্রোপরশন পশ্চিমবাংলায় ব্যাঙ্ক টু ব্যাঙ্ক, গভর্নমেন্ট ইনস্টিটিউশন থেকে যাচ্ছে, সেক্ষেত্রে একটা সুস্পষ্ট দিক নির্দেশ করা বা একটা সুস্পষ্ট চিত্র বা মানচিত্র পশ্চিমবাংলার বিধানসভার সদস্যদের সামনে তুলে ধরার প্রত্যাশা রাখা কি অন্যায় ? মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনি জানেন যে, আজকে ক্যাপিটাল অ্যাডিকোয়েসি যেটা ব্যাঙ্কের হার্ট অ্যান্ড লাংস—একটা অর্থনৈতিক প্রতিষ্ঠানের, আপনি একের পর এক বলতে পারবেন পশ্চিমবাংলার গভর্নমেন্ট, নন-গভর্নমেন্ট—কারণ আপনি বিকল্প অর্থনীতির কথা বলেন—যে, ওই কেন্দ্রের মতো আমরা লাভজনক সংস্থা বিক্রি করি না। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী হিসেবে না হোক, অর্থনীতির বিদগ্ধ শিক্ষক হিসেবে আপনি জানেন যে, আজ যা লাভের, কাল তা লোকসানের হতে পারে, আজ যা লোকসানের কাল তা লাভের হতে পারে। কিন্তু লাভ-লোকসানের যে মার্কেটিং অ্যান্ড ইকোনমিক টেকনিকাল ফিজিবিলিটি, ইকোনমিক ভায়াবিলিটির কোনো খতিয়ান আপনার দপ্তরের অথবা যারা প্রতিষ্ঠানগতভাবে চালায় তার দিক নির্দেশিকা, সেই ধরনের কোনো উদ্দীপক সংগঠনমূলক, কনস্ট্রাকটিভ কোনো রূপরেখা পশ্চিমবাংলার অর্থমন্ত্রী হিসেবে, আমরা কি আপনাদের কাছ থেকে পেয়েছি ? আপনার আলোচনায় ক্যাপিটাল অ্যাডিকোয়েসি যেটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ম্যাটার, অর্থনীতির একটা প্রতিষ্ঠানের মূল কথা—দয়া করে সে ব্যাপারে যদি আলোকপাত করতে পারেন তাহলে ভালো হয়। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আমি এই সভাকে জানাতে চাই, এটা আমার বা কেন্দ্রীয় সরকারের কোনো তথ্য নয়, আপনি বলেছেন যে, Statement showing financial results of important schemes of Government involving transaction of a commercial or semi commercial nature for the year 2004-2005. এটা আপনার ছাপানো বই, প্রথম পৃষ্ঠা থেকে শেষ পৃষ্ঠা যতগুলো প্রতিষ্ঠানের নাম পড়ব, সবগুলোই লস ? মাননীয় অর্থমন্ত্রী, আপনি কি একবার ভেবে দেখেছেন—ট্রান্সপোর্টের একজন ব্যক্তিমালিক, সে যদি লাভ করে দুটো

বাস করতে পারে, আপনার স্টেট গভর্নমেন্টের ট্যুরিজম, স্টেট গভর্নমেন্টের ট্যাক্সি— যেটা লাভে ছিল, সেটাও লোকসানের পথে চলে গেল কেন ? তার জন্য আমার, আপনার, গরীবের ট্যাক্স থেকে কেন অর্থ ভর্তুকি দিতে হবে ? মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আপনি কি ভেবে দেখেছেন যে, কমার্শিয়াল ব্রীক ফিল্ড, যেটা ম্যানুয়াল ব্রীক ফিল্ড নয়, কমার্শিয়াল ব্রীক ফিল্ড—সেগুলো কেন লসে যাচ্ছে ? তবে কেন আজকে গভর্নমেন্টকে পুষতে হবে ? আপনি বলছেন, 'বিকল্প অর্থনীতিতে আমরা সম্ভবনাকে দেখিয়ে রাখব না।' গ্রেটার কলকাতা মিল্ক সাপ্লাই, দুর্গাপুর মিল্ক সাপ্লাই, কৃষ্ণনগর মিল্ক সাপ্লাই, ম্যানুয়াল ব্রীক প্রোডাকশন—তার সার্ভিস স্টেশন, সেন্ট্রাল ইঞ্জিনিয়ারিং উড ইন্ডাস্ট্রি, উড ইন্ডাস্ট্রি দুর্গাপুর, সমস্ত ট্যুরিজম—সমস্ত যদি একের পর এক খতিয়ান মাইনাসের ঘরে যায়, তাহলে পশ্চিমবাংলায় আগামীদিনে কাকে কি উপহার আপনি দিয়ে যাবেন ? রাজনীতিজ্ঞ অসীমবাবুকে নয়, অর্থনীতিবিদ অসীমবাবুর কাছে আমার বিনীত জিজ্ঞাসা—এই হাউসে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনারা দয়া করে জেনে রাখুন, রাজনৈতিক বিরোধিতা কেন্দ্রের বিরুদ্ধে করতে হয় করুন, তাতে বিন্দুমাত্র আমি আপত্তি করছি না। কিন্তু অর্থনীতির বিদগ্ধ অধ্যাপক হিসেবে আপনি জানেন যে—এই পুস্তক আপনার দেওয়া, আমাদের পড়ার জন্য—আপনি বলেছেন, সেন্ট্রালি স্পনসর্ড স্কীম-কেন্দ্রীয় সরকার কি কি দেয়, কোন জায়গায় দেয়নি। আপনি বলুন—আজকে পুলিশের আধুনিকীকরণ—কেন্দ্রীয় স্কীম, প্রশাসনিক সংস্কার—কেন্দ্রীয় স্কীম, অর্থনৈতিক সংস্কার-কেন্দ্রীয় স্কীম, মহিলা, শিশু—আজকে প্রত্যেকটা কেন্দ্রীয় স্কীম, আমি পড়ে যাচ্ছি—এটা আমার বই নয়, এটা বিধানসভায় আপনার দেওয়া বই।

[ 3.40 – 3.50 p.m. ]

ল্যান্ড রেভিনিউয়ের ক্ষেত্রে আজকে রাজনৈতিক বিরোধিতার ক্ষেত্রে নিন, আমার আপত্তি নেই। সমাজ কল্যাণ, ল্যান্ড রিফর্মস, রুর‍্যাল ডেভলপমেন্ট, ইরিগেশান, ট্রান্সপোর্ট, এনার্জি ইন্ডাস্ট্রি, হেল্‌থ, ফ্যামিলি প্ল্যান অ্যান্ড ওয়েলফেয়ার, ওয়াটার সাপ্লাই—কোন্ জায়গা নেই, কোন্ দপ্তরে এইরকম নেই, যেখানে কেন্দ্রীয় সরকারের অর্থ অনুদান বরাদ্দ নেই ? এটা আপনার বাজেট অ্যাট এ গ্ল্যান্সে সুস্পষ্টভাবে অস্বীকার করতে পারেননি। রাজনৈতিক বিরোধিতা করতে হয় করুন, মাঠে-ময়দানে কিন্তু অর্থনৈতিক তথ্য, তত্ত্বকে উপস্থাপিত করতে গিয়ে আমি কেন্দ্রের সাফাই গাইছি না, কেন্দ্রের অর্থনীতিক যে দিক আজকে আমরা কোনো জায়গায় নিয়ে যেতে পারিনি—তবুও কেন মাননীয় অর্থমন্ত্রী মহিলারা যখন শিশু প্রসব করে তার ৪৮ শতাংশ যা থাকা দরকার তার থেকে কম ওজন নিয়ে জন্মায়, আজকে তবু কেন মাননীয় অর্থমন্ত্রী আমাদের ভাবতে হবে শিশু প্রসবের পর তার মাতার যে স্বাস্থ্য থাকে তার শতকরা ৫০ শতাংশের বেশি কেন রুগ্ন থাকে ? তবুও আমাদের ভাবতে হবে, আজকে কেন আমাদের—আপনি বলুন আলু বেশি চাষ হল, আলু বেশি থাকলে, ভালো থাকলে ভালো হয় নাকি, চাষীরা চাষ করেছে তাই হয়েছে, কেন আমরা সেই পরিকাঠামো আগে তৈরি করতে পারলাম না, কেন আমরা ভাবতে পারলাম না আগামীতে বেশি আলু চাষ হবে, বেশি ধান চাষ হবে, কেন আমরা সেই প্রোজেক্ট তৈরি করতে পারিনি ? অর্থনীতির অর্থ কি ? মাননীয় অর্থমন্ত্রী

আগামী ১০ বছরে প্ল্যান বাজেট মানে কি ? প্ল্যান এক্সপেন্ডিচার মানেটা কি ? ওভার দি প্ল্যান, ওভার দি বাজেট—বাজেট মানে কি ? আগামী ১০ বছরে আমার রাজ্যে, আমার রাষ্ট্রে, আমার দেশটা, আমার মানুষটা কোন জায়গায় যাবে আজকে তা যদি আমরা নিরীক্ষণ করতে না পারি তাহলে হ্যান্ড টু মাউথ—অনেক কিছুকে উপেক্ষা করে একটা রুগ্ন স্টেটকে চালানো যেতে পারে, কিন্তু একটা শক্তিশালী, উজ্জ্বল, উচ্ছল, গতিশীল, জীবন্ত রাজ্যকে উপহার দেওয়া যায় না। এটা আমাদের ভাবতে হবে। তাই আমরা আজকে এই পরিস্থিতিতে দাঁড়িয়ে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি যে বাঁকুড়ায় হতাশা আছে, পুরুলিয়ায় হতাশা আছে, মেদিনীপুরের পশ্চিমে হতাশা আছে, তাই আজ এই হতাশাকে কেন্দ্র করে কিছু যুবককে আজকে বিভ্রান্ত করার চেষ্টা হচ্ছে। এটা আমার কথা নয়, মুখ্যমন্ত্রীর কথা। কেন আপনি হতাশা কাটাতে পারেননি ? আপনি রাজনীতিবিদ অসীম দাশগুপ্ত হিসাবে বিবৃতি দেবেন আমাদের আপত্তি নেই, কিন্তু অর্থনীতিবিদ হিসাবে এই উদ্দেশ্যে করবেন—স্টিমুলেন্ট এবং স্যালয়েন্ট পয়েন্টগুলিকে, আজকে অর্থনীতিকে স্তব্ধ করে দিয়েছেন, তাকে কেন করতে পারবেন না ? কিন্তু আমার প্রশ্ন যে লাভজনক সংস্থা আজকে আপনারা বলতে পারছেন না যে আগামী ১০ বছরও লাভজনক থাকবে, তার জন্য আমরা এই পরিকল্পনা নিয়েছি, যেগুলি অলাভজনক সংস্থা সেগুলি আপনারা শুধু শতকরা একটা অর্থনৈতিক হেল্‌দি ইকনমি, টেকনিক্যাল, ইকনোমিক্যাল ফিজিবিলিটি আপনারা হাতের তালুর রেখা যেমন দেখা যায়, সেইরকম শ্বেতপত্রে আমরা যেন দেখতে পাই এটা আছে, এটা নেই। ক্ষমতায় কে থাকল, না থাকল সেটা বড়ো কথা নয়, কে কতদিন থাকল, সেটা বড়ো কথা নয়, কে কি দিয়ে গেল সেটাই বড়ো কথা। আজকে আমি বলতে চাই, আপনি যেমন ক্লাসে ছাত্রদের উদ্দীপ্ত করেন, তেমনি পশ্চিমবঙ্গের মানুষ আপনার কাছ থেকে ভেট চায় না, ভোট চায় না, উদ্দীপ্ত হতে চায়—আগামী দিনে বাঁচতে চায়। আশা করি আজকে অর্থমন্ত্রী আজকে যে অতিরিক্ত বাজেট—যে অতিরিক্ত ব্যয় করেছেন, যে টাকা ব্যয় করেছেন, যেটা খরচ হয়ে গেছে, কিন্তু আগামী দিনে টাকাটা খরচ করার ব্যাপারে আপনি যাতে বাস্তবসম্মত সিদ্ধান্ত নেবেন। অ্যাপ্রোপ্রিয়েশান করবেন কিন্তু মিস অ্যাপ্রোপ্রিয়েশান আমি বলব না, কিন্তু ম্যাল অ্যাপ্রোপ্রিয়েশান যেন না হয়, আগামী দিনে এটাই এই সতর্ক বার্তা। তাই এটার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অসীম কুমার দাশগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই আলোচনা বর্তমান আর্থিক বছরে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ সংবলিত যে বাজেট ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান বিল ২০০৪ এটা নিয়ে। এর সমর্থনে এবং বিরোধী দলের মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন—তার যেগুলি এই বাজেটের ক্ষেত্রে প্রাসঙ্গিক তার উপর আমার বক্তব্য রেখে এবং দু-একটি সাধারণ কথা বলে শেষ করব। আমি আগের দিন বলেছি তাই খুব সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। মোট যে অতিরিক্ত ব্যয় মঞ্জুরি প্রস্তাব এই বিলে সম্মিলিত আছে তা ৫২১১ কোটি টাকা। তার মধ্যে ৩৫৫৫ কোটি টাকা চার্জড আইটেমের ওপর, আর ১৬৫৬ কোটি টাকা ভোটেড আইটেমস-এর ওপর। এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দের সবচেয়ে বড়ো অংশ, প্রায় ৭০ শতাংশই চার্জড আইটেমের ক্ষেত্রে। মাননীয় সদস্য মোস্তাক আলম একটা প্রশ্ন রেখেছেন, 'এটা নিয়ে আসার দরকার হল কেন ?' সর্বভারতীয় ক্ষেত্রে একটা কেন্দ্রীয় প্রকল্প, ঋণ রূপান্তর প্রকল্প

প্রত্যেকটি রাজ্যের ক্ষেত্রেই লাগু হয়েছে। রাজ্যগুলির মারফত এই অতিরিক্ত অর্থ বাজার থেকে ঋণ নিয়েছেন, এর থেকে রাজ্যগুলি আগামী দিনে কিছু সুবিধা পেতে পারে এটা ধরে নিয়ে। আমরা এ বছর খুব কম সুবিধা পাব, ২০০ কোটি টাকা। কিন্তু প্রতিদানে আমাদের ২৮৩১ কোটি টাকা স্বল্প সঞ্চয় থেকে কেটে নেয়া হবে। ২,৬০০ কোটি টাকা আমাদের ক্ষতি। এই ৬০০টা কমানো যায় কিনা তা আলোচনার মাধ্যমে স্থির করেছি—মোস্তাক আলম সাহেব বোধহয় চলে গেছেন—এই ৩৫৫৫ কোটি টাকাটা একবার আমাদের জমার খাতে ঢোকাতে হচ্ছে, আর একবার আমাদের ব্যয়ের খাতে ঢোকাতে হচ্ছে। এর জন্যই এটা এতটা বাড়ল। বাকি পড়ে থাকছে ১,৬৫৬ কোটি টাকা। প্রশ্ন উঠেছে, 'কোন্ গুরুত্বপূর্ণ বিষয়ে এগুলি করা হয়েছে ?' বিশেষ করে মাননীয় সদস্য জ্যোতির্ময় কর যে বক্তব্যগুলি রেখেছেন সেগুলিকে আমি একত্রিত করে ফেলছি। এর মধ্যে সবচেয়ে বড়ো যে বিষয়টা, তা হচ্ছে ৮৫৬ কোটি টাকার রাজ্য বিদ্যুৎ পর্ষদের ঋণের বোঝাটা কমাবার জন্য তাদের একটু সহায়তা করা। সেটা এইভাবে করা হয়েছে, তাদের সমস্ত ঋণ রাজ্য সরকার ধারণ করে নিয়েছে। তার দায়ভারটা রাজ্য সরকার নিয়ে নিয়েছে। এটা করে একটা বন্ড আমরা বাজারে ছেড়েছি। একটা বন্ড কেন্দ্রীয় সরকারের অর্থ সংস্থাগুলি কিনে অর্থ তুলে দিয়েছে একটা কারণে যে তা আমরা সুদে-আসলে ফেরত দেব। এই টাকাটা পাবার পরে আর ওই দায় রাজ্য বিদ্যুৎ পর্ষদের ঘাড়ে চাপছে না। তাদের শুধু এইটুকু সহায়তা করা হয়েছে। কেন ? তার কারণ, আপনারা যে সংস্থাগুলির নাম করেছেন তাদের মধ্যে সবচেয়ে বড়ো লোকসানে চলা সংস্থা ছিল রাজ্য বিদ্যুৎ পর্ষদ। এই ঋণের বোঝা থেকে যে মুহূর্তে তাকে মুক্তি দেওয়া হয়েছে সেই মুহূর্তেই সে কার্যকরী বা অপারেটিং প্রফিট করতে শুরু করল। এ বছরই প্রথম তারা অপারেটিং প্রফিট দেখতে শুরু করল। এ বিষয়ে এই উত্তর আমি আপনাদের দিলাম। দ্বিতীয়ত একইভাবে বক্রেশ্বর থার্মাল পাওয়ার প্রোজেক্ট, তাদেরও আমরা রাজ্য সরকার থেকে ঋণ দিয়েছিলাম। আমরা ঠিক করেছি ওই একই ভাবে তারাও লাভজনকভাবে চলুক। পি.ডি.সি.এল. একটু লাভজনকভাবে চলুক। তার জন্য রাজ্য সরকার কিছুটা ক্ষতি স্বীকার করে তাদের ঋণের ৩০ শতাংশ ইক্যুইটিতে কনভার্ট করেছে—১৩৬ কোটি টাকা। আপনাদের বক্তব্যের পরিপ্রেক্ষিতে আমি এটা বললাম। নীতিগতভাবে আপনারা যা বলেছেন, ভালোই বলেছেন। তবে প্রকাশ্যে না বললেও মনের দিক দিয়ে এগুলি আপনাদের সমর্থন করা উচিত। তারপর একাদশ অর্থ কমিশনের ব্যাপারটা গতকাল আমি বলেছি। এর আগের বছর পর্যন্ত পঞ্চায়েতের ক্ষেত্রে যে অনুদানগুলো দিচ্ছিলেন, সে সম্বন্ধে ওঁরা তখন বলেছিলেন এগুলি সব পরিকল্পনা খাতে যাবে। কিন্তু এ বছরই প্রথম ওঁরা সব রাজ্যগুলিকে বললেন—না, এগুলো আপনারা পরিকল্পনা-বহির্ভূত খাতে দেখান। ফলে আমাদের কেন্দ্রের নির্দেশে একটা খাত থেকে আর একটা খাতে স্থানান্তর করতে হল। এটা করতে নিয়ম অনুযায়ী এতে অতিরিক্ত ব্যয় দেখাতে হয়, ওতে অতিরিক্ত সঞ্চয় দেখাতে হয়। তা হল। ১১৫ কোটি টাকার বড়ো অংশটা প্রবেশ করল। কলকাতা এবং হাওড়া পৌর নিগম ১৯৯৬ সাল থেকে বিদ্যুতের বিল দিচ্ছিলেন না। তাঁরা দিচ্ছিলেন না বলে সি.ই.এস.সি.-ও আমাদের ইলেকট্রিসিটি ডিউটি দিচ্ছিলেন না। আমাদের মনে হয় ওটা ঠিক হচ্ছিল না। এই বিষয়টা পাবলিক অ্যাকাউন্টস কমিটিতে আলোচিত হয়েছে। আমরা ঠিক করেছিলাম গত

বছরের ৩১শে মার্চের মধ্যে ওদের যা বকেয়া আছে তা এককালীন একেবারে সেটেল করে দেব। তারপর থেকে ওরা ওদের যার যা বিল তা দেবেন। পৌর নিগমগুলি তাদের দেয় বিল সি.ই.এস.সি.-কে দেবেন। আর সি.ই.এস.সি.-র যা দেয় টাকা তা তারা আমাদের দেবেন। ওদের যে বকেয়া বিল ছিল সেটা মকুব করার জন্য এই অতিরিক্ত অর্থ, ১০৮ কোটি টাকা আমরা দিয়েছি। এর ফলে আমাদের একটা লাভ হয়েছে, সি.ই.এস.সি.-র কাছ থেকে যে টাকা আমরা পাচ্ছিলাম না সেই টাকা—আগের বছরের ২০০২-২০০৩ সালের ১৪৫ কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৪৩৭ কোটি টাকা হয়েছে এবং সেটা আমরা পেয়েছি। এর পরের বড়ো অংশটা মাননীয় সদস্য জ্যোতির্ময়বাবুর বক্তব্যের সঙ্গে যুক্ত। সেটা কেন্দ্রীয় প্রকল্পগুলি সংক্রান্ত। কেন্দ্রীয় সরকার যখন বাজেট পেশ করেন তখন গোটা দেশের জন্য কি অর্থাঙ্ক বরাদ্দ করছেন, সেটা বলেন। তারপর আমরা আমাদের বাজেট পেশ করতে পারি। প্রত্যেক রাজ্যের ক্ষেত্রেই এটা হয়। মোট অর্থাঙ্কটি ওঁরা জানাতে শুরু করেন।

[ 3.50—4.00 p.m. ]

একটা অংশ থাকে কেন্দ্রের আর একটা অংশ থাকে রাজ্যের, রাজ্যের অংশটা দিতে হবে আমাদের। এর মধ্যে যেটা এস.জে.আর.ওয়াই. প্রকল্প—এটা জানেন আপনারা—ওরা ৭৫ শতাংশ দেন আর আমরা ২৫ শতাংশ দিই, তাই আমাদের অতিরিক্ত ৭৫ কোটি টাকা দিতে হয়েছে এখানে যেটা আগে জানার উপায় ছিল না। এর পরে একটা বিষয় এসেছে যেটা আপনারা জিজ্ঞাসা করলেন, কি করে লাভজনক করা যায় ? আমাদের শিল্প পুনর্গঠন দপ্তরের অধীনে যে ২৩টি সংস্থা আছে তার মধ্যে ৫টি ইতিমধ্যেই লাভ করতে শুরু করেছে যদি খেয়াল করে পড়েন। এই ৫টিকে আমরা একেবারেই বিলগ্নীকরণ করব না, কেন্দ্রীয় সরকারের সঙ্গে এটাই আমাদের তফাত। আর ৪টি যাদের নাম আগের দিনে আমি বলেছি, যাদের সম্ভাবনা আছে, বাজারে অংশ আছে, আমরা নিজেরাই সরকার থেকে সাহায্য করি যাতে তারা লাভজনক জায়গায় যায়। বাকি ১০টির ক্ষেত্রে আমরা যৌথ উদ্যোগে যাব। সেখানে অবসর এবং তার সঙ্গে সামাজিক সুরক্ষা নিয়ে—শুধু ডি.এফ.আই.ডি. নয়—তারা ২৫ শতাংশ, আমরা ১৫ শতাংশ দিই—৭১ কোটি টাকা এখানে দিতে হচ্ছে। তার মধ্যে ৬৪ কোটি টাকা ওরা দিচ্ছে আর ৭ কোটি টাকা আমরা—এই ৭১ কোটি টাকা এখানে আনতে হল। আমি অর্থাঙ্ক ধরে-ধরে যাচ্ছি। তারপরে প্রশ্ন করলেন কেন এখানে তফাত হল পানীয় জল প্রকল্পে ? আপনারা জানেন, অ্যাক্সিলারেটেড ওয়াটার সাপ্লাই প্রোজেক্টে ৫০ শতাংশ কেন্দ্রীয় সরকার দেন আর আমরা ৫০ শতাংশ দিই। ওরা ওদের যেটা দেবেন এ বছরে সেটা পরে জানান। তার জন্য বাড়তি ৪৪ কোটি টাকার বরাদ্দ আমাদের করতে হয়েছে। এ ছাড়া আর একটি কেন্দ্রীয় প্রকল্পের কথা আপনি বললেন। হ্যাঁ, আমরা মনে করি কতকগুলি ভালো প্রকল্প আছে। মা এবং শিশুদের জন্য যে পুষ্টিকর খাবার প্রকল্প, যেটা বছরের মাঝামাঝি দেওয়াও হয়েছে তার আমাদের অংশটা দেওয়ার জন্য আমাদের ২২ কোটি টাকা দিতে হচ্ছে। সুন্দরবন উন্নয়নের জন্য আগাম টাকা ধরা ছিল, তাই ১৪ কোটি টাকা বেশি দিতে হয়েছে। বন্ধ কলকারখানার শ্রমিকদের জন্য—ভারতবর্ষের মধ্যে আমরাই

দিই, এর থেকে বেশি বন্ধ কলকারখানা মহারাষ্ট্রে—এক বছর বেশি বন্ধ থাকলে—৫০০ টাকা করে দিই। আমাদের হিসাবে একটু কম ছিল, আমি তাই লাস্ট কোয়ার্টারে বাড়িয়ে দিয়ে ১৩ কোটি টাকা দিয়েছি যাতে ঠিকমতো তারা পান সেই হিসাবে করেছি। বানতলা চর্ম প্রকল্প নিয়ে একটা প্রশ্ন এখানে আগে উঠেছিল যে আমরা এর জন্য ১৩ কোটি টাকা খরচ করতে গেলাম কেন ? কারণ সুপ্রিম কোর্টের একটা নির্দেশ আছে, সেইজন্য আমরা করি ২টি ইউনিট, ১ এবং ২ ইউনিটের জন্য। ৩ এবং ৪ নম্বর ইউনিট নিয়ে একটা প্রশ্ন উঠেছিল একটা বেসরকারি উদ্যোগীকে ছেড়ে দিলেন কেন ? ৩ এবং ৪ তাকে করতেই হবে, তাকে বেঁধে রেখেছি, ৩ এবং ৪ তাকে দিয়ে করাবই। সৌগতবাবু চলে গেলেন, একদিক থেকে আপনারাই বলছেন হাসপাতালে স্বাস্থ্যের পরিষেবার উন্নয়ন করা নিয়ে, সেইজন্য এখানে ৮ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ করা হয়েছে। প্রশ্ন উঠেছিল, বিশ্বব্যাঙ্ক প্রকল্পের টাকা পেয়েও আপনারা এটা কেন করতে গেলেন ? আমরা বলেছি, বিশ্বব্যাঙ্কের টাকা টিচিং হসপিটালের ক্ষেত্রে এটা প্রযোজ্য নয়, এটা জেলা, মহকুমা স্তরের হাসপাতাল এবং কোনো কোনো ক্ষেত্রে ব্লকস্তরে যে স্বাস্থ্যকেন্দ্র আছে তাদের জন্য। এগুলির ক্ষেত্রে যখন প্রশ্ন উঠল, চট করে একটা মেডিক্যাল কলেজ পাবেন বলে করলেন ? না, এর থেকে সবথেকে উপকৃত হয়েছে আর.জি. কর, যার মেডিক্যাল কলেজ স্থাপন করার কিছুই দরকার ছিল না, তার কার্ডিওলজি ডিপার্টমেন্টের ক্যাথল্যাবটি বসানোর জন্য এবং প্রায় ১৮টি হাসপাতালের ক্ষেত্রে, এই প্রকল্পগুলি প্রত্যেকটি আমাদের ক্যাপিটাল এক্সপেন্ডিচারে গেছে। আপনারা আর একটি প্রশ্ন ভালোই করেছেন। বৃহত্তর কলকাতায় গ্যাস জোগান দেওয়ার যে সংস্থা তাকেও আমরা লাভজনক করতে চাই। ভালোই হয়েছে, ওদের আই.ডি.বি.আই.-এর একটা ঋণের বোঝা মাথায় চেপে বসেছিল। তাই একটা ওয়ান টাইম সেটেলমেন্ট করার জন্য—আই.ডি.বি.আই. আগে বলেননি—তার জন্য ১০ কোটি টাকা দিয়ে ওদের আমরা মকুব করে দিয়েছি যাতে ওরা লাভের মুখ দেখতে পারে। আপনি বলে আমার সুবিধা হয়েছে, এই সুযোগে একটু বলে রাখি, আপনি ব্যাঙ্কের যে কথা বললেন এটা তো আমাদের মনের কথা, এই যে ৪৪ শতাংশ ঋণের আমানতের হার করে রেখেছেন এটার জন্যই আমরা সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লী গিয়েছিলাম। আমরা গিয়ে কি বললাম ? আমরা মনে করছি যে আমাদের রিজিওনাল রুর‍্যাল ব্যাঙ্কস এবং কো-অপারেটিভ ব্যাঙ্কস তারা অনেক ভালো কাজ করছেন, তাই আমি একটা প্রস্তাব রেখেছিলাম—কারণ, আর.আর.বি.-তে আপনারা জানেন, কেন্দ্রীয় সরকারের টাকা আছে, রাজ্য সরকারেরও টাকা আছে—ওরা ওদের টাকা তুলে নিতে চাইছে, তাই আমরা সর্বদলীয় স্তরে আলোচনা করে বলেছিলাম যে, যদি আপনারা টাকা তুলেই নিতে চান তার একটা অংশ আমরা দেব যেটা আপনারা দিচ্ছেন না আর একটা নাবার্ডকে এখানে যুক্ত করুন, কারণ, নাবার্ডের ভূমিকাটা এখানে আমাদের ইতিবাচক মনে হচ্ছে, তারা রিজার্ভ ব্যাঙ্কের সঙ্গে প্রথমদিকে যুক্ত ছিল। আপনারা তো জানেনই, এই নিয়ে যদি আমরা একটা ঋণ-দানকারী সংস্থা তৈরি করতে পারি যেটা মূলত রিটেল ব্যাঙ্কিংটা আর.আর.বি. করবে। এই সংস্থা কিন্তু মধ্যমেয়াদী, দীর্ঘমেয়াদী ঋণ করে এবং সমবায় ব্যাঙ্কগুলি গড়তে পারে। এই প্রস্তাব আমরা কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে দিয়ে এসেছি। আমার মনে হয়, এটা দিয়ে একটা ভালোই

হয়েছে, কারণ উনি আমাদের বললেন, যেভাবে ওরা ভেবেছিলেন আর.আর.বি.গুলির দিকে যাবেন—সেটা উনি পরিষ্কার বলেননি, কিন্তু মনে হয়েছে থমকেছে। আমরা একটু লেগে থাকতে চাইছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেহেতু আপনার নির্দেশে আমরা ওখানে গিয়েছিলাম। এর পরে একটা আছে, আমাদের বন্ধ, রুগ্ন কলকারখানা খোলার জন্য ১৯৯৮ সাল থেকে একটা প্রকল্প আছে। তাদের যদি বিক্রয় কর বকেয়া থেকে থাকে সেটা আমরা ঋণে রূপান্তর করে দিই। তার জন্য এখানে আমরা অতিরিক্ত ৩ কোটি টাকা দিয়েছি। অনেক সংস্থা কিন্তু সাহায্য পেয়েছে, এমনকি কেন্দ্রীয় সরকারি সংস্থাও সাহায্য পেয়েছে। আর সূতিবস্ত্র কারখানাগুলো, এইগুলো কিন্তু ক্ষুদ্রশিল্প, তার আধুনিকীকরণ করবার জন্য এন.সি.ডি.সি. ৫০ শতাংশ এবং আমাদের ৫০ শতাংশ দিতে হয়েছে। এন.সি.ডি.সি. টাকাটা পরে দিয়েছিল। তাই ২ কোটি ৪০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। আমাদের কিছু সরকারি সংস্থা তার মধ্যে আছে আপনারা জানেন, আমি আলাদা করে নাম করতে চাইছি না। সেই সংস্থাগুলোকে লাভজনক করাই উদ্দেশ্য। এরপর পড়ে থাকছে সিডিউল কাস্ট অ্যান্ড সিডিউল ট্রাইব করপোরেশান। তারা কিন্তু স্ব-নিযুক্তি প্রকল্পে ভালো কাজ করছে, তাদের ইকুইটি টার্ম বাড়িয়ে দেবার জন্য করা হয়েছে পারফরমেন্সের ভিত্তিতে। কম ধরা ছিল। আর এই তথ্য-সংস্কৃতি দপ্তর নিয়ে আপনারা প্রশ্ন তুলেছেন যে ১ কোটি ৮০ লক্ষ টাকা কেন দেওয়া হল। আমরা কি বাংলা উদয়ন করছি ? কালকেই বলেছি, না। আমাদের যদিও 'উদয়' বলার অনেক কিছু কথা আছে। এটা গত বছরের বকেয়া ছিল তার জন্য। আর একটা প্রশ্ন যেটা খুবই গুরুত্বপূর্ণ প্রশ্ন, এটা কাশীনাথবাবু বলেছেন যে দপ্তরগুলো আপনি উল্লেখ করেছেন। সেই দপ্তরগুলোকে কেন দিয়েছেন ? প্রশ্নটা এইরকম যে কেন কর্মীদের ভাতা-টাতা এইগুলো এর মধ্যে ঢুকলো ? ঢুকলো এই কারণে, বেতনের ক্ষেত্রে যখন আমরা একটা বছরের হিসাব করি তখন তার আগের বছরের এ.জি. অ্যাকচুয়াল্‌স যা পাই তার ভিত্তিতে কিন্তু আমরা আগামী বছরের করি। এ.জি.-র বুকিং কিন্তু কোথাও কোথাও ওভার কোথাও কোথাও আন্ডার বুকিং হয়। তার জন্য আমাদের এই সংশোধনটা পথচলতি করতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ওনাদের জ্ঞাতার্থে জানাচ্ছি, এই বছরের বাজেটে এই বেতন বাবদ ধরা ছিল ১০,১০০ কোটি টাকা। আমাদের কিন্তু ব্যয় হয়েছে ৯৭০০ কোটি টাকা। কমেছে। কারণটা বলে রাখি। কারণ হচ্ছে কোথাও কোথাও ওভার বুকিং, কোথাও কোথাও আন্ডার বুকিং ছিল। যেখানে আন্ডার বুকিং হয়েছিল সেখানে বাড়িয়ে দিলাম। তাই দেখবেন স্যালারিগুলো বেড়েছে কোন কোন জায়গায়। কালকে একটা প্রশ্ন করেছিলেন—কালকেরটা এখানে আনা উচিত নয়—কেন আপনারা স্যালারিটা বাড়াতে গেলেন ? এই কারণে আমি বাড়ালাম। আর এর সঙ্গে বলে রাখি, এটা মুস্তাক আলমের প্রশ্ন ছিল, এর মাধ্যমে কি পেছনের দরজা দিয়ে আপনি ঘাটতি বাড়াচ্ছেন ? না। এই যে ৫২১১ কোটি টাকা যার একটা বড়ো অংশ কেন্দ্রের ঋণ তার সমপরিমাণ অর্থ নিয়ে ঋণ ফেরত দিতে হয়েছে। এই ৫২১১ কোটি টাকা আমরা যখন করছি তখন দপ্তরগুলোর মধ্যে একটু সঞ্চয় হয়েছে। তার কয়েকটি উদাহরণ আমি দিলাম, ১১৮৬ কোটি টাকা। তাই ঠিক অতিরিক্ত ব্যয়টা বিয়োগ করলে ৪০২৫ কোটি থাকে। কিন্তু আমাদের মোট আয় এবারে বাজেটের থেকে বৃদ্ধি পেয়েছে একাধিক কারণে। সেটা আমাদের বাজেট অ্যাট এ গ্লান্সে আছে। সেখানে বৃদ্ধি অতিরিক্ত হয়েছে ৪৬১৯ কোটি টাকা। তার

থেকে অতিরিক্ত ব্যয় বাদ দিলে একটা উদ্বৃত্ত আসছে ৫৯৪ কোটি টাকা। আমাদের কিন্তু ১০৭ কোটি টাকা প্রারম্ভিক তহবিলে উদ্বৃত্ত ছিল, গত বছর যা দিয়ে শেষ হয়, যেটা এ.জি. অ্যাকচুয়ালসে আছে। প্রশ্ন ছিল ছোটো একটা উদ্বৃত্ত নিয়ে, তাই বললাম। মোট ৭০১ কোটি টাকা উদ্বৃত্ত হয়। কিন্তু ঘাটতি আমাদের ৭৯৩ কোটি টাকা। তাই বাদ দিলে হচ্ছে ৯২ কোটি টাকা ঘাটতি। যেটা আপনারা বলেছেন সেটা দিয়ে আমি শেষ করছি। ঘাটতি কোথাও এতটুকু বাড়েনি, আর এই যে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ, এটা প্রতিটি গুরুত্বপূর্ণ ছিল। এবারে বলছি ১৯৮৬-৮৭ সালে রাজ্যের মোট বাজেট ছিল ৮৪২ কোটি টাকা, সেখানে অতিরিক্ত ব্যয়-বরাদ্দ ২১৪ কোটি টাকা। ২৫.৪ শতাংশ ছিল অতিরিক্ত ব্যয়বরাদ্দ। সেটাকে আমি অর্ধেক করে ১৩.২ শতাংশে কমিয়ে আনতে পেরেছি। আপনারা বলেছেন উচ্ছৃঙ্খলা। উচ্ছৃঙ্খলা যদি হয় তাহলে আপনারা সেটা করেছিলেন। আমি সেটা অর্ধেক করে দিলাম।

( গোলমাল )

পাঁচের নিচে গেলে তাই হয়। কেন্দ্রীয় সরকারের ঋণ প্রথম ঢুকলো, পরে আবার বাদ দিয়ে দিলাম। সেটা বাদ দিলে ঠিক ৪.৯ শতাংশ হচ্ছে। তাই এই জায়গায় আমরা চলে গেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর ভিত্তিতে দাঁড়িয়ে এই প্রশ্নগুলো এসেছে বলে বলছি। উদয়ের প্রশ্ন আসলো বলেই বলছি। এসে গেল এখানে যে ভারত সরকারের উদয় বলার হক আছে। ৫ বছরে এই যে ৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে, আপনি তো ভালো ছাত্র পদার্থবিদ্যায় এবং গণিতও নিশ্চয়ই পাশ সাবজেক্ট ছিল, আগের বছরে বৃদ্ধির হারটা ৪ শতাংশ ছিল, কমে এসেছিল, তাই ৮ শতাংশ হচ্ছে, পাটিগণিতিক বৃদ্ধি। সাধারণত এই বৃদ্ধির গড় ৫ বছরের করা হয়। সেটা ৫.৬ শতাংশ ওদের এবং আমাদের ৭.১ শতাংশ। এবারে আপনারা বলেছেন মূল্যবৃদ্ধির হার সম্পর্কে। আপনারা জানেন এটা শ্রম-মন্ত্রক প্রকাশ করেন। সর্বশেষ প্রকাশিত হয়েছে ডিসেম্বর মাস পর্যন্ত। সেখানে কনজিউমার প্রাইস ইনডেক্স ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার্স সারা দেশে হচ্ছে ৫ শতাংশ মতো, ঠিকই বলেছেন। আমাদের এটা ২ শতাংশ। মানে আরো কম। যে দুটো আপনারা বলেছিলেন কেন্দ্রের থেকে আমাদের অনেক ভালো। আমাদের উদয় বলার অনেক সুযোগ ছিল, আমরা বললাম না কিন্তু। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কতকগুলো কথা বলে তাই আমি আবার বলছি ঠিক এর মধ্যে ঘাটতি কমিয়ে এবং যেগুলো আমরা বলি ফিজিক্যাল পারফরমেন্স বিকল্প নীতির ভিত্তিতে আমরা অনেক উন্নততর জায়গায় গিয়েছি। আমি এটা সমর্থন করে শেষ করছি।

[ 4.00 – 4.10 p.m. ]

একটা জায়গায় সৌগতবাবু, আপনাদের সিদ্ধান্ত নিতে হবে। দেখুন, বিকল্প নীতির মূল কথা কি— আমরা আর্থিক দিকটা সামাল দেবার চেষ্টা করছি। মূল কথা হচ্ছে, সমান সুযোগের সৃষ্টি করা। উদারনীতি নিয়ে যাঁরা বলছেন, মনমোহন সিং মহাশয় শুরু করেছিলেন। কংগ্রেসকে কিন্তু মানুষ ছেড়ে চলে গেছে। বি.জে.পি. যাদের সঙ্গে আপনারা আছেন, তারা উদারনীতির বিরোধিতা করেছিলেন। বিরোধিতা করে ক্ষমতায় আসার পর কিন্তু তাঁরা করছেন—তাঁরা উদারনীতি করলেন। যারা যারা উদারনীতি করেছেন, মানুষ তাদের ছেড়ে যাচ্ছে। আমরা মানুষকে সুযোগ

দেবার জন্য করছি। এতে আপনাদের বিরোধিতা থাকতে পারে। কিন্তু এই নীতিতে আপাতত উন্নততর জায়গায় নিয়ে গিয়ে ঘাটতি কমিয়ে—অতিরিক্ত ঘাটতি হয়নি—পুনরায় আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Appropriation Bill, 2004 be taken into consideration was then put and agreed to.

**Clauses 1,2,3 and Schedule**

The question that clauses 1,2,3 and Schedule do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta:** Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2004, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

## BUSINESS TRANSACTED DURING THIRTEENTH SESSION

**Mr. Speaker:** Today, the 18th March, 2004 is the last day of the Seventh Session of the Thirteenth Assembly. Before I adjourn the House Sine-die, I would like to narrate in brief the business transacted during the Seventh Session of the Thirteenth Assembly.

(Position as on the 18th March, 2004)

1. **QUESTIONS:**

| | | | |
|---|---|---|---|
| (A) | Total number of Notices of Questions received | - | 1173 |
| (B) | Number of Question allotted | - | 763 |
| | (i) Short Notice | - | Nil |
| | (ii) Starred | - | 681 |
| | (iii) Un-Starred | - | 82 |

| | | | |
|---|---|---|---|
| (C) | Total number of Questions admitted | - | 553 |
| | (i) Short Notice | - | Nil |
| | (ii) Starred | - | 442 |
| | (iii) Un-Starred | - | 111 |
| (D) | Total number of Question disallowed | - | 27 |
| (E) | Total number of Questions replied | - | 135 |
| | (i) Short Notice | - | Nil |
| | (ii) Starred | - | 120 |
| | (iii) Un-Starred | - | 15 |
| (F) | (i) Total number of replies to Questions received from the Department but not yet placed in the order paper (Starred & Un-Starred) | - | 40 |
| | (ii) Number of Questions pending with the Departments | - | 67 |
| | (iii) Number of Questions Under Process | - | 76 |

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but not answered in the House would be treated as Un-Starred ones and replies thereto would be circulated to the Members.

2. **GOVERNMENT BILLS :**

| | | | |
|---|---|---|---|
| (i) | No. of Bills introduced | .. | 4 |
| (ii) | No. of Bills Passed | .. | 4 |

3. **ADJOURNMENT MOTION :**

| | | | |
|---|---|---|---|
| (i) | Notices received | .. | 51 |
| (ii) | Consent withheld | .. | 49 |
| (iii) | Out of Order | .. | 2 |

4. **CALLING ATTENTION NOTICE :**

| | | | |
|---|---|---|---|
| (i) | Notices received | .. | 35 |

| | | | |
|---|---|---|---|
| | (ii) Notices admitted | .. | 8 |
| | (iii) Statements made | .. | 4 |
| | (iv) Statement to be sent direct to the Members concerned | .. | 4 |
| 5. | **MOTION UNDER RULE 185 :** | | |
| | (i) Notice received | .. | 1 |
| | (ii) Notice Disallowed | .. | 1 |
| 6. | **LAYING OF RULES, NOTIFICATION, ETC. :** | | |
| | (i) Notices received | .. | 7 |
| | (ii) Rules laid | .. | 7 |
| 7. | **LAYING OF ANNUAL REPORTS & ACCOUNTS OF GOVERNMENT COMPANIES AND UNDERTAKINGS ETC.** | | |
| | (i) Reports & Accounts laid | .. | 12 |
| 8. | **PRIVILEGE ISSUES :** | | |
| | (i) Notice received | .. | 1 |
| | (ii) Notice disallowed | .. | 1 |
| 9. | **STATEMENT OF THE MINISTER UNDER RULE 346** | | |
| | Statement made | .. | 1 |
| 10. | **MENTION CASES** | .. | |
| 11. | **ZERO HOUR** | .. | 75 |
| 12. | **NUMBER OF SITTINGS** | .. | 11 |
| 13. | **TOTAL HOUR OF SITTINGS** | .. | 51 hours 24 minutes (upto 4 p.m.) |

Gentlemen, before I adjourn the House sine die I convey my thanks to the Hon'ble Chief Minister and his cabinet colleagues, Hon'ble finance minister, Leader of the Opposition, Chief Whip of the Government, Whips from the other parties, the Hon'ble Deputy Speaker, each and every member, the Assembly Secretariat

staff, members of the Press for their co-operation. This has been a very short session at a very peculiar juncture in the history of our Assembly as the elections of the national Parliament have been notified and we have been sitting through this period. This session has by and large been one of the better sessions of the House as all the sides have co-operated to ensure that the business has been got through and it has been possible to maintain the time schedule and get the business done for which I am thankful to all the members, specially the members of the Opposition for their co-operation and support.

I might be going to UK and Kampala in mid-April as Vice-Chairman of the Commonwealth Parliamentary Association and I am supposed to Chair the Committee Meeting in Kampala this time because the Chairman has now become the Minister of Agriculture in Canada and I am requested to attend and chair that meeting. So, I don't know, as the election process is going on, but I agreed to go at the present moment. I might change my programme later on as the situation develops. But for the present moment of time I am making my programme to go. I hope I won't have to go. But if I do go I will be carrying with me your goodwill and your good wishes to the people of Kampala and to the Committee members of the Commonwealth Parliamentary Association. I want to remind members once again that this Assembly of West Bengal has a very good image all over India and also in the Commonwealth. They have great regard for this House, this Parliament, and each and every member of this Parliament. I am sure that those who have interacted with members of Commonwealth parliamentary Association who have come here or who have opportunity to go abroad, will agree with me that we have special respect and I will request you to see that this is maintained and that respect is there in the coming years.

Now many among us are contesting in the national elections. I wish each and everyone of them all the best during the contest and I hope the election would be peaceful, free and fair. People will decide their nominees to the National Parliament and that India will get a good Government after the election.

Now Hon'ble Chief Minister, please.

## VOTE OF THANKS

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এই সংক্ষিপ্ত বিধানসভার অধিবেশন শেষ হচ্ছে। গত মাসে ২৬ তারিখে শুরু হয়েছিল আজকে তার সমাপ্তি। আমি প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই। আপনি প্রতিবারের মতো এইবারেও সভা পরিচালনা করেছেন এবং আপনার যাত্রা শুভ হোক। আপনি কামপালা, ইউ কে যাবেন। এসব সংসদীয় পরিস্থিতিতে আমাদের রাজ্যের সম্মান বাড়ে, আপনার যাত্রা শুভ হোক। উপাধ্যক্ষ মহাশয় তাঁকেও অভিনন্দন জানাই, আপনার অনুপস্থিতিতে তিনি যেভাবে সভা পরিচালনা করেছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাই। সংসদীয় মন্ত্রী এবং আমাদের মুখ্যসচেতক তাঁকে ধন্যবাদ জানাই। বিশেষ করে ধন্যবাদ জানাই বিরোধী দলনেতা এবং সদস্যদের। পঙ্কজবাবুকে ধন্যবাদ জানাই। অতীশ সিন্‌হা বিরোধী দলে থেকে তিনি যেভাবে সভা পরিচালনা করতে সাহায্য করেছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাই। আমাদের ইচ্ছা ছিল এটাই বাজেটের গুরুত্ব পাবে, কিন্তু নির্বাচন ঘোষিত হবার পরে সংক্ষিপ্তভাবে ভোট অন অ্যাকাউন্টে এই বিধানসভার অধিবেশন শেষ করতে হবে, এটাই নির্বাচন কমিশনের নির্দেশ। সব রাজ্যেই তাই হচ্ছে। আমরা আজ থেকে বেরিয়ে পড়ব, আগামী নির্বাচন কঠিন নির্বাচন। সেই নির্বাচন সারা ভারতবর্ষের সামনে সবচেয়ে বড়ো প্রশ্ন এটাই যে কার জয় হবে—ধর্মনিরপেক্ষতার, নাকি সাম্প্রদায়িকতার। এই কঠিন প্রশ্নের সামনে দাঁড়িয়ে নির্বাচনে নামতে হবে। আশা করব আমাদের দেশের মানুষ ভুল করবেন না, তারা সঠিক পথ জেনে নেবেন। তারপরে আমরা বিধানসভায় আসব। আপনাকে, উপাধ্যক্ষ মহাশয়কে, সংসদীয় মন্ত্রী এবং মুখ্যসচেতক এবং বিধানসভার সচিব এবং তার যে সমস্ত কর্মচারীবৃন্দ অক্লান্ত পরিশ্রম করেছেন এবং মিডিয়ার যাঁরা আছেন তাঁদেরকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[ 4.10—4.20 p.m. ]

**শ্রী পঙ্কজ ব্যানার্জী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে আমাদের সংক্ষিপ্ততম বাজেট অধিবেশন। আজকে আমরা সেই শেষদিনে এসে উপস্থিত হয়েছি। এই অধিবেশনে এবারে ভোট অন অ্যাকাউন্ট-এর বাজেট প্লেস হয়েছে। আমরা প্রতিটি ক্ষেত্রে দীর্ঘ আলোচনা করেছি, বাগ্‌-বিতণ্ডা করেছি, তর্ক করেছি, গুরুতর বিষয়গুলি নিয়ে সহমত হয়েছে এবং আমরা পশ্চিমবাংলার বিভিন্ন ক্ষেত্র নিয়ে আলোচনা করেছি। এটা ঠিকই যে, আর কয়েকদিন পরে চতুর্দশ লোকসভা নির্বাচন হবে। আমি আশা করব, পশ্চিমবাংলার সরকার আগামী নির্বাচনে এমন ব্যবস্থা করবেন প্রশাসনিক ক্ষেত্রে, সেই প্রশাসনিক ব্যবস্থার মধ্যে দিয়ে যাতে সাধারণ মানুষ বিনা বাধায় নির্ভয়ে নির্বাচনে অংশগ্রহণ করতে পারেন, কে কাকে ভোট দেবেন সেটা তার ব্যাপার, গণতান্ত্রিক পদ্ধতিতে নিজস্ব চিন্তা-ভাবনায় ও চিন্তাধারাকে প্রয়োগ করবেন—কিন্তু অনেক সময় দেখেছি সেটা ঠিক ঠিক সময়ে প্রতিফলিত হতে দেওয়া হয় না। আমি আশা করব, প্রতিটি মানুষ নির্ভয়ে, নির্ভীকভাবে নির্বাচনে অংশগ্রহণ করবেন। এটা ঠিকই যে আগামী নির্বাচন ঠিক করবে ভারতের প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর এন.ডি.এ. সরকার, এরা নির্বাচিত হয়ে উন্নয়নের রথকে এগিয়ে নিয়ে যেতে পারবে, নাকি এটা থমকে যাবে। এই দুইয়ের মধ্যে তারা

বেছে নেওয়ার চেষ্টা করবেন, কারা সরকারে আসবে। প্রতিবারের মতোন এবারেও আমরা আপনাকে কৃতিত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি। আপনি আবার বিদেশে যাচ্ছেন, অনেকবার বিদেশে আমাদের প্রতিভূ হয়ে গিয়েছেন, আপনি আমাদের হয়ে প্রতিনিধিত্ব করছেন, এবারে আপনার যাত্রা শুভ হোক, আপনার প্রতিনিধিত্বে ভারতবর্ষের গণতান্ত্রিক কার্যক্রমে ১০২ কোটি দেশের মানুষের প্রতিনিধি হয়ে যাচ্ছেন, তাদের আশা-আকাঙ্ক্ষা আপনার মাধ্যমে প্রতিফলিত হোক। আর যে পরিচালনা, যে দক্ষতা, তা শুধু কথার মধ্যে সীমাবদ্ধ নয়, তা সমস্ত ভারতবর্ষের সংসদীয় গণতন্ত্রে অংশগ্রহণকারী যারা নেতৃত্ব পরিচালনা করেন, তারা সকলেই আপনার প্রশংসায় পঞ্চমুখ। আপনাকে আমি তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। আপনার অনুপস্থিতিতে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যখন সভা পরিচালনা করেছেন, তখন তিনিও দক্ষতার পরিচয় দিয়েছেন। সংসদীয় মন্ত্রী তিনিও সাহায্য করেছেন, আমরা যখন যা জানতে চেয়েছি তিনি তখনই সাহায্য করেছেন। আপনার বিধানসভার সচিব সহ প্রতিটি কর্মচারী সব সময় আমাদের সহযোগিতা করেছেন। অনেক বিলম্ব পর্যন্ত সভা চলেছে, তারা ধৈর্য ধরে সভার কাজ চালাতে সহযোগিতা করেছেন। সরকার পক্ষে মন্ত্রী বা সরকার পক্ষের সদস্যারা তাঁরা প্রতিনিয়ত উপস্থিত থেকে আমাদের সাহায্য করার চেষ্টা করেছেন। প্রথমদিকে প্রশ্ন নিয়ে আমাদের আপত্তি ছিল, আপনার হস্তক্ষেপে, সংসদীয়মন্ত্রীর হস্তক্ষেপের ফলে মন্ত্রীদের উপস্থিতি বেড়েছে। আমরা কয়েকদিনের জন্য হাউস থেকে বিদায় নিচ্ছি। আমরা আবার লোকসভা নির্বাচনের পরে হাউসে মিলিত হব, আমরা আবার আপনাকে আমাদের সকলের তরফ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি এবং আপনার দক্ষতার প্রতি আপনাকে আর একবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন দেব** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ২৬শে ফেব্রুয়ারী থেকে আজকে এই ২২ দিনে ১১টি কার্যকরী অধিবেশন হয়েছে। আপনি একটু আগে আলোচনা করেছেন প্রায় ৫৪ ঘন্টা এই অধিবেশন হয়েছে। তাতে আপনি যেভাবে সুন্দরভাবে দক্ষতার সঙ্গে সভা পরিচালনা করেছেন তার জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এবং সাথে সাথে আপনি যে আবার কমনওয়েলথ্ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশান-এর ভাইস প্রেসিডেন্ট হিসাবে ইউ. কে. এবং কামপালাতে যাচ্ছেন তার জন্য আপনার যাত্রা যাতে শুভ হয় সেই কামনা করছি। সাথে সাথে ধন্যবাদ জানাচ্ছি, আপনার অনুপস্থিতিতে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যেভাবে সভা পরিচালনা করেছেন তার জন্য। ধন্যবাদ জানাচ্ছি মাননীয় মুখ্যমন্ত্রীকে। তিনি তার নির্দিষ্ট দিনগুলিতে এই হাউসে উপস্থিত থেকেছেন এবং রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব নিয়ে যখন আলোচনা হয়েছে তখন তিনি অতি ব্যস্ততা সত্ত্বেও আলোচনার প্রথম থেকে শেষ পর্যন্ত হাউসে উপস্থিত থেকে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের বক্তব্য মন দিয়ে শুনেছেন। আমি ধন্যবাদ জানাচ্ছি বিরোধী দলনেতাকে এবং কংগ্রেস দলের নেতাকে। তারা এই অধিবেশন চালানোর কাজে সম্পূর্ণরূপে সহযোগিতা করেছেন। আমি ধন্যবাদ জানাচ্ছি সরকার পক্ষের বিভিন্ন দলের চিফ হুইপদের। এই স্বল্পকালীন অধিবেশনে মোট ১৩৫টি প্রশ্ন এসেছে এবং মন্ত্রিসভার সদস্যরা এখানে উপস্থিত থেকে তার উত্তর দিয়েছেন। তবে প্রথম দু-এক দিন একটু অসুবিধা দিয়েছিল এবং আমরা

একদিন দেখেছি প্রশ্নকর্তারাই অনুপস্থিত ছিল। কিন্তু পরবর্তীকালে মন্ত্রিমহাশয়রা উপস্থিত হয়ে সাহায্য করেছেন তার জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। বিধানসভার সচিব, আধিকারিকবৃন্দ এবং কর্মীবৃন্দ তারা এই অধিবেশনকে সফল করার জন্য পরিশ্রম করেছেন, সেইজন্য তাদের ধন্যবাদ জানাই। সংবাদমাধ্যমের প্রতিনিধিদের ধন্যবাদ জানাই, তারা এই অধিবেশনের বার্তা জনগণের কাছে পৌঁছে দেওয়ার কাজে সাহায্য করেছেন। আমাদের রাজ্যে শেষ পর্যায়ে, অর্থাৎ আগামী ১০ই মে চৌদ্দতম লোকসভার নির্বাচন হবে। বামফ্রন্টের রাজত্বকালের মধ্যে এটা হচ্ছে আমাদের রাজ্যে অষ্টম পার্লামেন্টারি ইলেকশান। আমাদের রাজ্যে এই সরকার ক্ষমতায় আসার পরে পাঁচবার বিধানসভার নির্বাচন, ছয়বার পৌরসভার নির্বাচন এবং ছয়বার পঞ্চায়েতের নির্বাচন হয়েছে। আমরা দেখেছি প্রত্যেকটি নির্বাচনের আগেই অনেকে অনেক কথা বলেছেন নির্বাচন সম্পর্কে এবং এই রাজ্যের কর্মচারী, অফিসার, পুলিশ এবং ভোটারদের সম্পর্কে সন্দিহান প্রকাশ করেছেন। কিন্তু প্রত্যেকটি ক্ষেত্রেই এই রাজ্যে অবাধ, সুষ্ঠু এবং শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে এবং তার জন্য কেন্দ্র থেকে বার বার এই রাজ্য সরকারকে অভিনন্দন জানানো হয়েছে। আগামী চৌদ্দতম লোকসভার নির্বাচনও সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে হবে এবং মানুষ ধর্মনিরপেক্ষ শক্তিকেই বেছে নেবে
এই আশা আমরা রাখি। আপনাকে আরেকবার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশ চন্দ্র সিন্হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্পকালীন বাজেট অধিবেশনের আজকে শেষ দিন। গত ২৬শে ফেব্রুয়ারী থেকে এই অধিবেশন শুরু হয়েছিল, আমরা সকলে মিলে বিভিন্ন বিতর্কে অংশগ্রহণ করেছি আপনার সুযোগ্য নেতৃত্বে এবং আপনার অনুপস্থিতিতে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের নেতৃত্বে। সেইজন্য আপনাদের দুজনকে আন্তরিক ধন্যবাদ জানাই সুষ্ঠুভাবে সভা পরিচালনা করার জন্য। আমরা শুনে খুব খুশি হলাম যে আপনি এবারে কামপালা এবং ইউ.কে. সফরে যাবেন। আমরা সকলে আপনার শুভাকাঙ্ক্ষী, তাই আপনার বিদেশ যাত্রা সাফল্যমণ্ডিত হোক, এই কামনা করি। আমাদের দেশের এবং আমাদের রাজ্যের পক্ষ, থেকে সমস্ত মানুষের পক্ষ থেকে আপনি আমাদের বার্তা তাদের কাছে পৌঁছে দেবেন এই আশা করি। আমি ধন্যবাদ জানাই মাননীয় মুখ্যমন্ত্রী এবং তার মন্ত্রিসভার সকল সদস্যকে।

[ 4.20 – 4.30 p.m. ]

ধন্যবাদ জানাই মাননীয় মুখ্যমন্ত্রীকে, তাঁর মন্ত্রিসভার সকল সদস্যকে বিশেষ করে সংসদীয় মন্ত্রীকে, সরকারের মুখ্যসচেতককে, তাঁর সহযোগিতা ছাড়া সুন্দরভাবে এই হাউস পরিচালনা সম্ভব হত না। ধন্যবাদ জানাই বিরোধী দলনেতা শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায়কে, বিতর্কে অংশগ্রহণ করে সহযোগিতা করেছেন। আমাদের দলের তরফ থেকে যারা বিতর্কে অংশগ্রহণ করেছেন, তাদেরও ধন্যবাদ জানাই, সরকার পক্ষের যারা বিতর্কে অংশগ্রহণ করেছেন তাদেরও ধন্যবাদ জানাই। যে কথাটা মাননীয় মুখ্যমন্ত্রী এবং আপনি দুজনেই বলেছেন, আগামী ১০ই মে আমরা খুব দায়িত্বপূর্ণ লোকসভা নির্বাচনে অংশগ্রহণ করতে চলেছি।

আমরা আশা করব সেই লোকসভা নির্বাচন যাতে গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় এবং যাতে সকল মানুষ ভয়, দ্বিধা অতিক্রম করে নিজেদের ইচ্ছামতো তাদের ভোটাধিকার প্রয়োগের সুযোগ পায় এবং যে কথাটা আপনি বলেছেন, এই নির্বাচনের মধ্যে দিয়ে স্থির হবে ভারতবর্ষে সাম্প্রদায়িকতা জয়লাভ করবে অথবা অসাম্প্রদায়িক শক্তি যারা ভারতবর্ষে আছে তারা জয়লাভ করবে। নিশ্চয় এটা খুব গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হবে। আমরা সকলেই আশা করব, ভারতবর্ষকে চিরকাল যে ধর্মনিরপেক্ষতার আসনে দেখে এসেছি, সেই আসনেই দেখব। আমি ধন্যবাদ জানাই আমাদের বিধানসভা সচিবালয়ের সমস্ত কর্মচারীদের, বৈদ্যুতিন মাধ্যম এবং সংবাদপত্রের সাংবাদিকদের, তাদের সকলের আন্তরিক সহযোগিতা ছাড়া আমাদের বিতর্ক সাধারণ মানুষ জানতে পারতেন না। আমি আবার সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে, কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্পকালীন বিধানসভার যে অধিবেশন, যথার্থ একটা সঙ্কটজনক পরিস্থিতির মধ্যে গোটা দেশের এই পরিস্থিতির মধ্যে এই বিধানসভা সমাপ্ত হল। সবাইকে নিয়ে সুষ্ঠুভাবে এই সভা পরিচালনা করার জন্য প্রথমেই আপনাকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই ডেপুটি স্পীকারকে, প্যানেল অফ চেয়ারম্যানদের, আপনার অনুপস্থিতিতে যাঁরা এই সভা সুষ্ঠুভাবে পরিচালনা করেছেন। সরকার পক্ষের সকলকে, বিরোধী দলনেতা এবং অন্যান্য সদস্যদের ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই বিধানসভার সচিব থেকে সমস্ত কর্মচারীবৃন্দকে, যারা এই কাজ পরিচালনার ক্ষেত্রে সহযোগিতা করেছেন, তাদের সাহায্য না পেলে এই কাজ সুসম্পন্ন হতে পারত না। ধন্যবাদ জানাই মিডিয়ার সবাইকে। আপনার বিদেশ সফরের সাফল্য কামনা করি। আগামী লোকসভা নির্বাচনের পর আবার আমরা মিলিত হব। কনজেনিয়াল অ্যাটমোসফিয়ারে প্রত্যেকেই যাতে তাদের ভোট স্বাধীনভাবে দিতে পারে তা দেখতে হবে। জনগণের ফিলিংস যাতে খানিকটা হলেও পূরণ হয়, নিশ্চিত করা দরকার। জনসাধারণের সচেতন জনমতের মধ্যে দিয়ে সেই আশা পূর্ণ হতে পারে। এইটুকু বলে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পীকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই স্বল্পকালীন অধিবেশনে আপনি যেভাবে সভা পরিচালনা করেছেন তার জন্য আজকে আপনাকে ধন্যবাদ জানাই। বিদেশে যেভাবে নিজেকে প্রতিষ্ঠা করেছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই। আমাদের মুখ্যমন্ত্রী বিভিন্ন কাজে ব্যস্ত থেকেও এই সভাকে সময় দিয়েছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি। পরিষদীয় দলের নেতা, সরকারি চীফ হুইপ, আমাদের বিরোধী দলের নেতা, কংগ্রেস দলের নেতা মাননীয় অতীশ সিনহা মহাশয়, এঁদের সকলকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বিভিন্ন দলের নেতা এবং প্যানেল অব চেয়ারম্যান তাঁদেরও ধন্যবাদ জানাচ্ছি। বিধানসভার প্রধান সচিবকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। সচিবালয়ের সমস্ত আধিকারিক সমস্ত কর্মচারীদের ধন্যবাদ জানাচ্ছি। যে সমস্ত সাংবাদিকরা দিনের পর দিন বিধানসভার সংবাদ সারা ভারতবর্ষে প্রচার করেছেন তাঁদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার বিদেশ যাত্রা সফল হোক এই আশা রেখে

আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভার শেষ দিন। এই স্বল্প সময়ে যে রকম সুস্থভাবে আপনি সভা পরিচালনা করলেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আপনি দক্ষ পরিচালক হিসেবে কাজ করেন সেজন্য আমরা গর্ববোধ করি। আপনার অনুপস্থিতিতে অনারেবল ডেপুটি স্পীকার দক্ষতার সঙ্গে এই সভা পরিচালনা করেছেন, সেজন্য তাঁকে ধন্যবাদ জানাই। গভর্নমেন্ট চীফ হুইপ, আমাদের বিরোধী দলের নেতাগণকে আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করি। হাউসের সকল মাননীয় সদস্যগণকে ধন্যবাদ জানাই। সবশেষে বিধানসভার সচিব এবং কর্মচারীদের আমার ধন্যবাদ জানাচ্ছি। আপনার বিদেশ যাত্রা সফল হোক, কর্মময় হোক, এই কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker:** Thank you. Hon'ble members, I once again take the opportunity to wish you all good health and those who are contesting wish you all the best and look forward to meet you in the next session. The House is adjourned sine die.

**Adjournment**

Accordingly, the House was then adjourned sine die at 4.30 P.M. in the Assembly House, Kolkata.)

# INDEX TO THE
## West Bengal Legislative Assembly Proceedings

**Vol. : 124**

**(Budget Session, 2004)**

(From 26th February to 18th March, 2004)

[ The 26th, 27th Feb., 8th, 9th, 10th, 11th, 12th, 15th, 16th, 17th and 18th March, 2004 ]

## Date : 26th February, 2004

### REPORT OF THE GOVERNOR'S SPEECH

by—The Governor / PP-1-16

### MOTION OF THANKS

by—শ্রী পদ্মনিধি ধর / P-17

## Date : 27th February, 2004

### OBITUARY REFERENCES

by—Mr. Speaker / PP-19-26

## Date : 8th March, 2004

### OBITUARY REFERENCES

by—Mr. Speaker / PP-27-28

### REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

by—Mr. Speaker / P-28

### MOTION

by—Shri Probodh Chandra Sinha / PP-28-29

## STARRED QUESTIONS
### (to which oral answers were given)

*১ —শ্রী জ্যোতির্ময় কর
—শ্রী নির্মল দাস
—শ্রী অরুণাভ ঘোষ
—শ্রীমতী সোনালী গুহ
—শ্রী তপন হোড়
—শ্রী কমল মুখার্জী
—শ্রী কাশীনাথ মিশ্র
—শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা
replied by—শ্রী কান্তি বিশ্বাস / PP-29-34

*২ —শ্রী আবু আয়েশ মণ্ডল
—শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা
—শ্রী ইউনুস সরকার
—শ্রী আব্দুল মান্নান
—শ্রী রবীন্দ্র ঘোষ
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়
—শ্রী সমর হাজরা
—ডাঃ রত্না দে (নাগ)
—শ্রী গোবিন্দ রায়
—শ্রী বিমান চক্রবর্তী
—শ্রী অসিত মিত্র
—শ্রী আবুল হাসনাৎ
replied by—শ্রী প্রতীম চ্যাটার্জী / PP-34-40

*৭ —শ্রী কমল মুখার্জী
—শ্রী আব্দুল মান্নান
—শ্রী পঙ্কজ ব্যানার্জী
replied by—শ্রী কান্তি বিশ্বাস / PP-41-47

## STARRED QUESTIONS
### (to which answers were laid on the 'Table')

*৪ —শ্রী ধনঞ্জয় মোদক / PP-47-48
*৬ —শ্রী তাপস চট্টোপাধ্যায় / P-48

*১০ —শ্রী সৌগত রায় / P-48

*১১ —শ্রী জ্যোতির্ময় কর / PP-48-49

*১২ —শ্রী পঙ্কজ বন্দ্যোপাধ্যায় / P-49

*১৩ —শ্রী সৌগত রায় / PP-49-50

## ADJOURNMENT MOTION

by —শ্রী দেবপ্রসাদ সরকার / PP-50-51

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-51

—শ্রী অসিত মিত্র / P-51

## CALLING ATTENTION

by— (i) Shri Asit Mitra
Shri Nepal Mahato
Shri Gyan Singh Sohanpal
Shri Somendra Nath Mitra
Shri Asit Kumar Mal
Shri Abdul Mannan
Shri Kashinath Mishra
Shri Manturam Pakhira
Shri Ajit Bhunia and
Shri Jyoti Krishna Chattopadhyay (Selected)
(ii) Shri Ashok Kumar Deb
(iii) Shri Gobinda Chandra Naskar
(iv) Shri Saugata Roy / P-52

## PRESENTATION OF COMMITTEE REPORT

**Presentation of the 6th Report of the Standing Committee on Power and Non-Conventional Energy Sources, Science and Technology and Information-Technology (2003-2004)**

by—Shri Abu Ayes Mondal / PP-52-53

## LAYING OF RULES

**(A) Amendments in the West Bengal Consumer Protection Rules, 1987.**

by—Shri Narendra Nath Dey / P-53

**(B) The West Bengal Municipal (Duties and Responsibilities of the Executive Officer) Rules, 2003.**

by—Shri Asok Bhattacharya / P-53

**(C) The West Bengal Municipal (Employee's Death-cum-Retirement Benefits) Rules, 2003.**

by—Shri Asok Bhattacharya / P-53

## LAYING OF REPORT

**28th Annual Report and Audited Accounts of the West Bengal Dairy and Poultry Development Corporation Limited for the year 1996-97.**

by—Shri Probodh Chandra Sinha / P-53

## MENTION CASES

by —শ্রী নেপাল মাহাত / P-54
—শ্রী সমর হাজরা / PP-54-55
—শ্রী আব্দুল মান্নান / P-55
—শ্রী ভক্তরাম পান / PP-55-56
—শ্রী কাশীনাথ মিশ্র / P-56
—শ্রী শেখ ইলিয়াস মহম্মদ / P-56
—শ্রী আবুল হাসনাৎ / PP-56-57
—শ্রীমতী রত্না দে (নাগ) / P-57
—শ্রী অসিত মিত্র / P-57
—শ্রী মুজিবর রহমান / PP-57-58
—শ্রী মন্টুরাম পাখিরা / P-58
—শ্রী সৌগত রায় / PP-58-59
—শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর / P-59
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-60
—শ্রী অশোক কুমার দেব / P-60

## ZERO HOUR

by—শ্রী কাশীনাথ মিশ্র / PP-60-61
—শ্রী সৌগত রায় / P-61

—শ্রী অশোক কুমার দেব / PP-61-62
—শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় / P-62
—শ্রী গোবিন্দ চন্দ্র নস্কর / PP-62-63
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-63
—শ্রী রবীন্দ্র ঘোষ / PP-63-64
—শ্রী নেপাল মাহাত / P-64
—শ্রী নির্মল দাস / P-64-65
—শ্রী রবীন দেব / P-65
—শ্রী অসিত মিত্র / PP-65-66

## DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

discussed by—শ্রী পঙ্কজ ব্যানার্জী / PP-66-72
—শ্রী মুস্তাফা বিন কাশেম / PP-72-77
—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / PP-78-80
—শ্রী মেহবুব মণ্ডল / PP-80-82
—শ্রী অরুণাভ ঘোষ / PP-82-86
—শ্রী তপন হোড় / PP-86-89
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-89-93
—শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত / PP-93-95
—শ্রী আবু হাসেম খান চৌধুরী / PP-95-97
—শ্রী লগন দেও সিং / PP-97-100
—শ্রী জ্যোতির্ময় কর / PP-100-104
—ডঃ দেবেশ দাস / PP-104-107
—শ্রী নেপাল মাহাত / PP-107-111
—শ্রী নিশিকান্ত মেহেতা / PP-111-113
—শ্রীমতী মাফুজা খাতুন / PP-113-114
—ডঃ আশীষ ব্যানার্জী / PP-114-117

## POINT OF ORDER

by—শ্রী সৌগত রায় / P-87

# Date : 9th March, 2004

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

*১৪ —শ্রী জ্যোতির্ময় কর
—শ্রী কল্লোল খাঁ
